২৭ ধারা। যে আইন কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের যে নোটিস যৎকালে প্রচলিত থাকে তৎক্রমে যে দ্রব্যের আমদানী কি রপ্তানী করা সম্যকপ্রকারে কি নিয়মাধীনে নিষিদ্ধ না হয় এমত কোন দ্রব্য জাহাজে মাল তুলিবার ও জাহাজহইতে নামাইবার বন্দর বলিয়া ১০ ধারার নির্দ্দিষ্ট কোন স্থানে আমদানী কি তথা হইতে রপ্তানী করা যাইতে পারিবে ইতি।

Owner &c to declare real value of goods in bill of entry or clearance and if necessary to produce invoice &c

28. On the importation into, or exportation from, any Port in British India of any goods not liable to duty or liable to fixed duties according to weight or quantity only, or to duties on fixed Tariff valuations the owner, consignee importer, exporter or agent of such goods shall in his bill of entry or shipping bill truly declare their real value to the best of his knowledge and belief.

আমদানী কি রপ্তানী করা দ্রব্যের মূল্য স্বামী প্রভৃতির বৃত্তান্তপত্রে নির্দ্দিষ্ট করিবার ও আবশ্যক হইলে তাহার বিজক প্রভৃতি দেখাইতে হইবার কথা।

২৮ ধারা। যে দ্রব্যের উপর মাস্থল না লাগে কিম্বা কেবল ওজন কি পরিমাণানুসারে যে দ্রব্যের নিদ্ধারিত মাস্থল লাগে কি তারিফ অনুসারে নির্দ্ধারিত মূল্যের উপর যে দ্রব্যের মাস্থল লাগে এমত কোন দ্রব্য ব্রিটীষ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে আমদানী হইলে কি তথাহইতে রপ্তানী হইলে ঐ দ্রব্যের স্বামী কি কান্সাইনী কি আমদানী কারক কি রপ্তানীকারক কিম্বা তৎপক্ষে কর্ম্মকারক আপনার বিল অব এণ্টরীতে (অর্থাৎ কষ্টম হৌসে আনীত মালের ফর্দ্দে) কিম্বা শিপিং বিলে (অর্থাৎ জাহাজে তোলনীয় মালের ফর্দ্দে) আপনাব জ্ঞান ও বিশ্বাস অনুসারে ঐ দ্রব্যের প্রকৃত মূল্য সরলভাবে প্রকাশ করিবেন।

In case of doubt the officer in charge of the Custom House may require any such person or any other person in possession of any invoice, broker's note, policy of insurance, or other document, whereby the value of any such goods can be ascertained, to produce the same, and to furnish any information relating to the value of such goods which it is in his power to furnish

সন্দেহ থাকিলে কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারক ঐ ব্যক্তিকে কিম্বা কোন বিজক কি দালালি পত্র কি বিমাপত্র কিম্বা যদ্দ্বারা তদ্রূপ কোন দ্রব্যের মূল্য নিশ্চয়মতে জানা যাইতে পারে এমত পত্র অন্য যে ব্যক্তির অধিকারে থাকে তাঁহাকে তাহা দেখাইতে, এবং সেই দ্রব্যের মূল্যসম্পর্কীয় অন্য যে সন্ধান জানা ইতে পারেন তাহা তাঁহাকে জানাইতে আজ্ঞা করিতে পারিবেন।

And thereupon such person shall produce any such document or furnish any such information so required by such officer

তাহা হইলে উক্ত ব্যক্তি ঐ কার্য্যকারকের আজ্ঞামতে ঐ দলীল দেখাইবেন কিম্বা তদ্রূপ সন্ধান জানাইবেন।

Whenever the value of any goods is required to be stated in the entry, the importer, owner, or consignee, or his agent, shall subscribe a declaration of the truth of such value at the foot of such entry

এণ্টরীপত্রে কোন মালের মূল্য দেখাইবার আদেশ থাকিলে ঐ আমদানীকারক কি স্বামী কি কান্সাইনী কি তৎপক্ষে কর্ম্মকারক ঐ মূল্য ঠিক বলিয়া ঐ এণ্টরীপত্রের তলভাগে নির্দ্দেশ বাক্যে স্বাক্ষর করিবেন।

Provided that, if the importer, owner or consignee, or his agent makes a declaration before the Officer in charge of the Custom House to the effect that he is unable, from want of full information, to state the value or contents of any case, package, or parcel of goods then the officer in charge shall permit him previous to the entry thereof to open such case, package, or parcel, and examine the contents in presence of an officer of Customs

No re valuation of goods assessed for duty on the declared value thereof shall be allowed after such goods have been removed from the Custom House

Assessment of goods liable to duty according to value

In all cases in which goods are liable to duty according to the value thereof, and in which no value has been fixed by law for the purpose of levying duties thereon, the value shall be assessed at the wholesale cash price less trade discount, for which goods of the like kind and quality are sold, or are capable of being sold at the time and place of importation or exportation respectively, without any abatement or deduction whatever, except of so much as the duties payable on the importation thereof amount to

Nothing in this section applies to opium, salt or spirits

Under valued goods how dealt with

29 If, upon the examination of any goods chargeable with duty upon the value thereof, but for which a specific value is not fixed by law for the purpose of levying duties thereon it appears to an Officer of Customs that such goods are properly chargeable with a higher rate or amount of duty than that to which they would be subject according to the value thereof as stated in the bill of entry or shipping bill, such officer may detain such goods

In every such case the detaining officer shall forthwith give notice in writing to the person entering the goods, of their detention and of the value thereof as estimated by him, and the Officer in charge of the Custom House shall, within two clear working days after such detention, or within such reasonable period as may with the consent of the parties be arranged, determine either to deliver such goods on the entry of such person or to retain the same for the use of Government

If the goods be retained for the use of Government, the Officer in charge of the Custom House shall cause the full value at which they were

কিন্তু সম্পূর্ণ সন্ধান না থাকাপ্রযুক্ত আমদানী কারক কি স্বামী কি কান্সাইনী কি তৎপক্ষে কর্ম্মকারক মালের কোন বাক্সের কি বস্তার কি পুলিন্দার মূল্য কি তদন্তর্গত দ্রব্য জানাইতে পারেন না, কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারকের সম্মুখে এই মর্ম্মের কথা কহিলে, ঐ অধ্যক্ষ তাঁহাকে ঐ মালের এণ্টরী করিবার পুর্ব্বে কষ্টমের কোন কার্য্যকারকের সাক্ষাৎ ঐ বাকস কি বস্তা কি পুলিন্দা খুলিয়া তদন্তর্গত দ্রব্য দেখিবার অনুমতি দিবেন।

মালের মূল্য নির্দ্দেশ করিয়া কহা গেলে তাহার উপর মাস্থল ধার্য্য হইয়া কষ্টম হৌসহইতে সেই মাল স্থানান্তর করি বার পরে ঐ মালের মূল্য পুনশ্চ নিরূপণ করিবার অনুমতি হইবে না।

যে মালের মূল্যানুসারে মাস্থল দেয় হয় তাহার মাস্থল ধার্য্য করিবার কথা।

যে২ স্থলে দ্রব্যের মূল্যানুসারে মাস্থল লওয়া যাইতে পারে, ও তাহার উপর মাস্থল আদায় করিবার জন্যে যদি আইনঅনুসারে ঐ দ্রব্যের মূল্য নির্দ্ধারিত না থাকে, তাহা হইলে আমদানী কি রপ্তানী হওয়ার সময়ে ও স্থানে সেই প্রকারের ও সেই গুণের দ্রব্য মোটে বিক্রয় হইলে নগদ যে মূল্যে বিক্রয় হইয়া থাকে কি বিক্রয় হইতে পারে বণিকদের ডিসকৌণ্ট বাদ দিয়া, ও তাহার আমদানী হইলে যত টাকা মাস্থল দেয় হয় তাহা ছাড়, ঐ মূল্যহইতে কিছু ন্যূনতা না ধরিয়া কি বাদ না দিয়া সেই দ্রব্যের সেই মূল্য ধরিতে হইবে।

এই ধারার কোন কথা আফীমের কি লবণের কি মদিরার প্রতি খাটিবে না ইতি।

দ্রব্যের ন্যূন মূল্য ধরা গেলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

২৯ ধারা। যে দ্রব্যের উপর মূল্যানুসারে মাস্থল লাগে কিন্তু আইন দ্বারা যাহার বিশেষ মূল্য নির্দ্ধারিত হয় নাই মাস্থল আদায় করিবার জন্যে কষ্টমের কোন কার্য্যকারক তাহা দৃষ্টি করিয়া, বিল অফ এণ্ট্রিতে কি শিপিং বিলে ঐ দ্রব্যের যে মূল্য লিখিত হইল তদনুসারে যে হারে মাস্থল লওয়া উচিত, ঐ দ্রব্যের উপর প্রকৃতরূপে তদধিক হারে কি তদধিক টাকার মাস্থল লাগিতে পারে এমত বোধ করিলে তিনি ঐ দ্রব্য আটকাইয়া রাখিতে পারিবেন।

উক্ত প্রত্যেক স্থলে যে কার্য্যকারক ঐ দ্রব্য আটকাইয়া রাখিলেন তিনি, যে ব্যক্তি ঐ মাল এণ্টরি করিলেন তাঁহার নামে তৎক্ষণাৎ নোটিস লিখিয়া ঐ দ্রব্য আটকাইয়া রাখণের কথা ও আপনার বিবেচনামতে সেই দ্রব্যের মূল্য জ্ঞাত করিবেন, এবং কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারক ঐ দ্রব্য আটকাইয়া রাখণের পর কার্য্য চলনের সম্পূর্ণ দুই দিবসের মধ্যে অথবা উভয় পক্ষের সম্মতিক্রমে উপযুক্ত অন্য যে সময় নির্দ্ধারিত হয় সেই সময়ের মধ্যে ঐ ব্যক্তির এণ্টরীমতে তাঁহাকে ঐ দ্রব্য দিতে অথবা তাহা গবর্ণমেণ্টের ব্যবহারার্থ রাখিতে নির্ণয় করিবেন।

গবর্ণমেণ্টের ব্যবহারার্থ ঐ দ্রব্য রাখা গেলে কষ্টম হৌসের অধ্যক্ষতা ভার প্রাপ্ত কার্য্যকারক সাধারণমতে ক্রয় বিক্রয় করিয়া লওনের ন্যায়, ঐ দ্রব্য যে

entered to be paid to the person entering the same in full satisfaction for such goods, in the same manner as if they had been transferred by ordinary sale, and shall then cause them to be sold by public auction after due notice in the official Gazette

মূল্য ধরিয়া এণ্টর করা গেল সেই দ্রব্যের উপস্থিত কারককে সেই মূল্য দিয়া রাজকীয় গেজেটে রীতিমতে নোটিস প্রকাশ করিয়া ঐ দ্রব্য নীলাম করাইবেন।

If the proceeds arising from such sale shall exceed the sum paid to the person entering the goods, together with the duty to which the goods are liable, and all charges incurred by Government in connection with them a portion not exceeding one half of the overplus shall, at the discretion of the Chief Officer of Customs be payable to the officer who detected the under valuation of the goods

ঐ দ্রব্য উপস্থিতকারি ব্যক্তিকে যত টাকা দেওয়া গেল এবং ঐ দ্রব্যের উপর যত মাসুল লাগে ও তৎসম্পর্কে গবর্ণমেণ্টের যত খরচ লাগিল এই সকল হইতে অধিক টাকা ঐ নীলামে পাওয়া গেলে যে কর্ম্মকারক ঐ দ্রব্যের মূল্যের ন্যূনতা প্রকাশ করিলেন কষ্টমের প্রধান কার্য্যকারকের বিবেচনামতে তাঁহাকে ঐ অতিরিক্ত টাকার অর্দ্ধেকের অনধিকাংশ দেওয়া যাইতে পারিবে।

Nothing in this section shall prevent the Chief Officer of Customs, when he has reason to believe that any such under valuation was solely the result of accident, from permitting the person entering the goods on his application for that purpose to amend such entry on payment of such increased rate of duties or on such other terms as he may determine

ঐ দ্রব্যের ন্যূন মূল্য ধরা কেবল অকস্মাৎ হইয়াছে কষ্টমের প্রধান কার্য্যকারক কোন কারণে এমত বোধ করিলে, ঐ দ্রব্য উপস্থিতকারকের প্রার্থনামতে তিনি দ্রব্যের যে মূল্য ধরেন তদনুসারে ও অধিক যত মাসুল নির্দ্ধার্য্য করেন তাহা দেওনের নিয়মে কিম্বা অন্য যে নিয়ম নির্দ্ধার্য্য করেন তদনুসারে তাঁহাকে ঐ এণ্টরী সংশোধন করিবার অনুমতি দিতে পারিবেন, এই ধারার কোন কথায় ইহার বাধা নাই ইতি।

Duties on goods retained under section 29 for use of Government

30 When goods are retained under section 29 for the use of Government, the duties payable thereon shall in no case be levied from the person entering such goods

২৯ ধারামতে গবর্ণমেণ্টের ব্যবহারার্থে যে দ্রব্য রাখা যায় তাহার উপর মাসুলের কথা।

৩০ ধারা। কোন দ্রব্য ২৯ ধারামতে গবর্ণমেণ্টের ব্যবহারার্থে রাখা গেলে যে ব্যক্তি ঐ দ্রব্য এণ্টর করিলেন তাঁহার স্থানে কোন ক্রমেই ঐ দ্রব্যের উপর মাসুল আদায় করা যাইবে না ইতি।

Date of importation how to be determined

31 If upon the first levying, repealing, enhancement or reduction of any duty

আমদানী করিবার তারিখ নিরূপণের কথা।

৩১ ধারা। কোন মাসুল প্রথমে ধার্য্য করণ কি রহিত কি বৃদ্ধি কি ন্যূন করণ সময়ে,

or upon any change of any valuation for duty

কিম্বা মাসুলের নিমিত্ত কোন নিরূপিত মূল্য কোন প্রকারে পরিবর্ত্তন করণ সময়ে,

or upon the first permitting, prohibiting or restricting of any importation

কিম্বা কোন দ্রব্য আমদানী করণের প্রথম অনুমতি হওন কিম্বা সম্যক প্রকারে কি নিয়মাধীনে নিষিদ্ধ হওন সময়ে,

it becomes necessary to determine the exact date on which an importation of goods had effect

দ্রব্যের আমদানী হওয়ার যে তারিখ ধরিতে হইবে ইহা নিশ্চিতমতে নির্দ্ধার্য্য করা আবশ্যক হইলে

such date shall be deemed to be that on which the goods were actually entered for home consumption at the Custom House

ঐ দ্রব্য যে তারিখে দেশে ব্যবহার হওনার্থে কষ্টম হৌসে এণ্টর করা যায় তাহাই সেই তারিখ বলিয়া জ্ঞান হইবে।

For the purpose of this section goods shall be deemed to be entered when the bill of entry thereof is delivered to the officer in charge of the Custom House

কোন মালের বিল অফ এণ্টরী যে সময়ে কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারককে দেওয়া যায় এই ধারার কার্য্যপক্ষে সেই মাল সেই সময়ে এণ্টর করা গেল বলিয়া জ্ঞান হইবে ইতি।

Date of exportation how determined

32 If, in like manner, it becomes necessary to determine the exact date on which an exportation of goods had effect, such date shall be deemed to be that on which the goods were actually entered outwards at the Custom House

রপ্তানী করিবার তারিখ নির্ণয়ের কথা।

৩২ ধারা। উক্তরূপে কোন দ্রব্য রপ্তানী করিবার তারিখ নিশ্চিতমতে নির্ণয় করা আবশ্যক হইলে, ঐ দ্রব্য রপ্তানী হইবার জন্যে যে তারিখে কষ্টম হৌসে এণ্টর করা যায় তাহাই সেই তারিখ বলিয়া জ্ঞান হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ৯ জানুয়ারি।]

33 When a contract is entered into for the sale of any dutiable goods at a fixed price including the duty leviable in British India at the date of the contract and subsequently thereto, and before the contract is fully performed, the duty on such goods is raised or lowered, and levied accordingly, the amount to be paid to or received by the parties to the contract shall be increased or diminished, as the case may be, by the amount by which such duty is raised or lowered

Contracts for sale of goods, duty on which is raised or lowered before performance

Illustrations

(*a*) A a merchant in Calcutta, contracts with B a merchant in Liverpool, to sell him 100 maunds of indigo at Rs 200 per maund including the export duty at the rate of 3 rupees per maund Before the contract is fully performed the duty on indigo is reduced to 1 rupee per maund B is entitled to deduct from the price agreed on Rs 200 being Rs 2 per maund

(*b*) A a wine merchant in Bombay contracts with B a merchant in Bordeaux, for a thousand gallons of claret at Rs 5 per gallon including the import duty of 1 rupee per gallon Subsequently and before the contract is fully performed the duty is raised to Rs 2 per gallon levied at that rate B is entitled to be paid at the rate of Rs 6 per gallon

34 When during the transit by sea to British India of any dutiable goods, the duty on such goods is raised, the duty leviable on such goods on arrival in British India shall be the duty which is in force in respect of such goods when such transit commenced, and when the duty on such goods is reduced the duty leviable thereon shall be such reduced duty

Duty leviable on sea borne goods, duty on which has been altered during transit

35 If goods produced or manufactured in British India be imported into any Customs Port from any Foreign Port or place, such goods shall be treated as Foreign goods, and shall be liable to all the duties, conditions and restrictions to which Foreign goods of the like kind and value are liable on the first importation thereof

Re-imported articles of country produce to be deemed Foreign

Provided that, if such importation takes place within three years after the exportation of such goods, and it is proved to the satisfaction of the Officer in charge of the Custom

Proviso.

৩৩ ধারা। কোন মাস্থলী দ্রব্য বিক্রয় করিবার চুক্তি হইলা ঐ চুক্তির তারিখে ব্রিটনীয় ভারতবর্ষে যে মাস্থল আদায় হইতে পারে তাহা ধরিয়া নির্দ্ধারিত মূল্যে ঐ দ্রব্য বিক্রয় করিবার চুক্তি হইলে যদি তৎপরে ও সেই চুক্তিমত কার্য্য সম্পূর্ণরূপে সাধন হইবার পূর্ব্বে ঐ দ্রব্যের উপর মাস্থল হ্রাস কি বৃদ্ধি হইয়া তদনুসারে আদায় করা যায় তবে ঐ চুক্তি পত্রের উভয় পক্ষ তদনুসারে তাহার অধিক কি কম মূল্য দিবেন ও লইবেন ইতি।

মাল বিক্রয়ের চুক্তি নিষ্পন্ন হইবার পূর্ব্বে ঐ মালের মাস্থল বৃদ্ধি কি হ্রাস করা গেলে সেই চুক্তি বিষয়ক কথা।

(ক) কলিকাতাবাসি আনন্দ নামক সওদাগর লিবরপুল নিবাসি বলরাম নামক সওদাগরের নিকট মণপ্রতি ৩ টাকার হারে রপ্তানীর মাস্থল ধরিয়া মণপ্রতি ২০০ টাকার হিসাবে ১০০ মণ নীল বিক্রয় করিতে চুক্তি করেন। সেই চুক্তিমত কার্য্য সম্পূর্ণরূপে সাধন হইতে না হইতেই নীলের উপর মণ প্রতি এক টাকা পর্য্যন্ত মাস্থল কমিয়া গেল। এমত স্থলে বলরাম মণ প্রতি যে ২০০ টাকা দিতে করার করিলেন তাহাহইতে মণপ্রতি ঐ ২ টাকা বাদ দিতে স্বত্ববান।

(খ) বোম্বাইয়ে আনন্দ নামক শুঁড়ি বর্ডো নিবাসি বলরাম নামক শুঁড়ির স্থানে গ্যালন প্রতি আমদানীর এক টাকা মাস্থল ধরিয়া গ্যালন প্রতি ৫ টাকার হিসাবে এক হাজার গ্যালন ক্লারেট ক্রয় করিতে চুক্তি করিলেন। তৎপরে ও চুক্তি মত কার্য্য সম্পূর্ণ রূপে সাধন হইতে না হইতে গ্যালন প্রতি দুই টাকা পর্য্যন্ত মাস্থল বৃদ্ধি হইয়া সেই হিসাবে আদায় হয়। এমন স্থলে বলরাম গ্যালন প্রতি ছয় টাকার হিসাবে মূল্য পাইবার স্বত্ববান।

৩৪ ধারা। কোন মাস্থলী মাল সমুদ্র পথে ব্রিটনীয় ভারতবর্ষে প্রেরণ সময়ে যদি সেই দ্রব্যের উপর মাস্থল বৃদ্ধি করা যায় তবে সেই দ্রব্য প্রেরণের আরম্ভকালে তাহার উপর যে মাস্থল লাগিত ব্রিটনীয় ভারতবর্ষে পঁহুছিলে সেই মাস্থল আদায় হইবে, ও যদি সেই দ্রব্যের উপর মাস্থল কমিয়া যায় তবে তাহার উপর ঐ হ্রাস মাস্থল আদায় হইবে ইতি।

সমুদ্রপথে যে মাল চালান হয় চালান সময়েই মাস্থল পরিবর্ত্তন হইলে তাহার উপর যে মাস্থল লওয়া যাইবে তদ্বিষয়ক কথা।

৩৫ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের উৎপন্ন কি প্রস্তুত কোন দ্রব্য ভিন্নদেশীয় কোন বন্দর কি স্থানহইতে কষ্টমের কোন বন্দরে আনীত হইলে ভিন্নদেশীয় দ্রব্য বলিয়া সেই দ্রব্য লইয়া কার্য্য হইবে, ও সেই প্রকারের ও সেই মূল্যের ভিন্নদেশীয় দ্রব্য প্রথম আমদানী হইলে তাহার উপর যে মাস্থল লাগে ও যে নিয়ম ও সীমাবিষয়ক যে নিষেধ বর্ত্তে ঐ দ্রব্যেরও উপর সেই মাস্থল লাগিবে ও তাহার প্রতি সেই নিয়ম ও নিষেধ বর্ত্তিবে।

দেশোৎপন্ন দ্রব্য পুনরায় আমদানী হইলে ভিন্নদেশীয় দ্রব্য বলিয়া জ্ঞান হইবার কথা।

কিন্তু সেই দ্রব্য রপ্তানী হইবার পর তিন বৎসরের মধ্যে তদ্রূপে আমদানী করা গেলে, ও যাঁহার দ্বারা কি যাঁহার পক্ষে রপ্তানী হইয়াছিল সেই দ্রব্যে তাঁহার স্বামিত্ব অবিচ্ছেদে রহিয়াছে কষ্টম হৌসের অধ্যক্ষ

উপবিধি।

House that the property in such goods has continued in the person by whom or on whose account they were exported the goods may be entered as Indian goods, in such manner as the Chief Customs Authority from time to time directs

Goods for which any drawback of Excise has been received on exportation shall in all cases be treated as Foreign goods, unless the Chief Customs Authority in any case otherwise directs by special order

Officer in charge of Customs House may require goods to be weighed or measured on board before landing

36 The Officer in charge of the Custom House, whenever he sees fit may require that goods stowed in bulk, and brought by sea or intended for exportation shall be weighed or measured on board ship before landing or after shipment and may levy duty according to the result of such weighing or measurement

Customs Officer may open package and examine goods shipped

37 Any Officer of Customs may open any package and fully examine any goods brought by sea, or shipped or brought for shipment at any place in British India

Stations for Customs Officers to board and land from ship

38 The Chief Customs Authority may from time to time appoint in any Customs Port stations or places at which vessels arriving at or departing from such Port shall bring to for the boarding or landing of Officers of Customs and may direct at what particular place in any such Port small vessels not brought into Port by Pilots shall be required to anchor or moor

The Chief Officer of Customs may at any time station Officers of Customs on board of any vessel while such vessel remains within the limits of the Port

Power to depute Officer of Customs to board ships

39 The Officer in charge of the Custom House at any Port in British India, may at any time depute at his discretion one or more Officers of Customs to board any vessel arriving at such Port

ভারপ্রাপ্ত কার্য্যকারকের হৃদ্বোধমতে ইহার প্রমাণ করা গেলে, কষ্টমেব প্রধান কর্ত্তৃপক্ষ সময়ে২ যেরূপে নির্দ্দিষ্ট করেন, ঐ দ্রব্য সেইরূপে ভারতবর্ষীয় দ্রব্য বলিয়া এন্টর হইতে পারিবে।

রফ্তানী হওন সময়ে যে মালের উপর আবকারী মাস্থুলের কোন অংশ ফিরিয়া পাওয়া গেল কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ বিশেষ আজ্ঞাক্রমে অন্যরূপ আদেশ না করিলে ভিন্নদেশীয় দ্রব্য বলিয়া সর্ব্বদাই সেই দ্রব্য লইয়া কার্য্য হইবে ইতি।

জাহাজহইতে মাল নামাইবার পূর্ব্বে তাহার ওজন কি মাপ করিবার আজ্ঞা করিতে কষ্টম হৌসের কার্য্যাধ্যক্ষের ক্ষমতার কথা।

৩৬ ধারা। যে মাল বদ্ধ না হইয়া জাহাজে দেওয়া যায় এবং সমুদ্রপথে আনীত হয় বা রফ্তানী করিবার কল্পনা থাকে সেই মাল জাহাজহইতে নামাইবার পূর্ব্বে কিম্বা জাহাজে তুলিয়া দিবার পর ওজন কি মাপ করা যায় কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক উচিত বোধ করিলে এমত আজ্ঞা করিতে পারিবেন, ও সেই ওজন কি পরিমাণের ফলানুসারে মাস্থল আদায় করিতে পারিবেন ইতি।

মাল জাহাজে তোলা গেলে কষ্টমের কার্য্যকারকের বস্তা খুলিয়া দেখিতে পারিবার কথা।

৩৭ ধারা। কষ্টমের কোন কর্ম্মকারক কোন বাক্সপ্রভৃতি খুলিয়া সমুদ্র দ্বারা আনীত দ্রব্য কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে জাহাজে তোলা কি তুলিবার নিমিত্তে আনীত দ্রব্য সম্পূর্ণরূপে দেখিতে পারিবেন ইতি।

কষ্টমের কার্য্যকারকদের জাহাজে উঠিবার ও নামিবার স্থানের কথা।

৩৮ ধারা। কোন জাহাজ কষ্টমের কোন বন্দরে পহুছিলে কিম্বা তথাহইতে চলিয়া গেলে কষ্টমের কর্ম্মকারকদের সেই জাহাজে উঠিবার কি তথাহইতে নামিয়া আসিবার জন্যে যে২ মোকামে কি স্থানে থামিবে কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সময়ে২ কষ্টমের বন্দরের অন্তর্গত এমত কোন মোকাম কি স্থান নিরূপণ করিতে পারিবেন এবং ক্ষুদ্র২ যে জাহাজ আড়কাটি দ্বারা বন্দরে আনা না যায় ঐ বন্দরের যে বিশেষ স্থানে তাহার লঙ্গর করিতে কি বয়াতে বাঁধা থাকিতে হইবে এমত স্থান নিরূপণ করিতে পারিবেন।

কোন জাহাজ বন্দরের সীমার মধ্যে যত দিন থাকে কষ্টমের প্রধান কার্য্যকারক কোন সময়েই ঐ জাহাজে তত দিন থাকিবার নিমিত্ত কষ্টমের কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

জাহাজে উঠিবার নিমিত্ত কষ্টমের কর্ম্মকারককে পাঠাইবার ক্ষমতার কথা।

৩৯ ধারা। কোন জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে পঁহুছিলে ঐ বন্দরের কষ্টম হৌসের অধ্যক্ষতা ভার প্রাপ্ত কার্য্যকারক কোন সময়ে সেই জাহাজে উঠিবার জন্যে স্বীয় বিবেচনামতে কষ্টমের এক কি কএক জন কর্ম্মকারককে প্রেরণ করিতে পারিবেন।

Every such Officer of Customs so sent shall remain on board of such vessel by day and by night until it be otherwise ordered by the officer in charge of the Custom House

কষ্টমের যে প্রত্যেক কর্ম্মকারককে উক্তরূপে প্রেরণ করা যায় তিনি কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের অন্যরূপ আজ্ঞা না পাওনপর্য্যন্ত দিবা রাত্রি সেই জাহাজে থাকিবেন।

Proviso

Provided that the Officer in charge of the Custom House may direct whenever he sees fit so to do, and on such conditions as he sees fit to impose, that the discharge of cargo may take place without the presence of an Officer of Customs

উপবিধি।

পরন্তু কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত উক্ত কার্য্যকারক উপযুক্ত বোধ করিলে, ও যে নিয়ম উচিত বোধ করেন এমত নিয়ম অবধারণ করিয়া কষ্টমের কর্ম্মকারক উপস্থিত না থাকিলেও মাল নামাইয়া দিবার আদেশ করিতে পারিবেন ইতি।

*

Servant to be received with Officer

Accommodation of Officer and servant.

40 Every Master of a vessel who is bound to receive on board an Officer of Customs shall also be bound to receive on board one servant of such Officer and to provide such officer and servant with suitable shelter and accommodation, and likewise with a due allowance of fresh water, and with the means of cooking on board

কর্ম্মকারকের সঙ্গে চাকর ও লইবার কথা।

ও কর্ম্মকারকের ও চাকরের থাকিবার স্থান দেওয়ার কথা।

৪০ ধারা। জাহাজের যে প্রত্যেক কাপ্তান কষ্টমের কর্ম্মকারককে জাহাজে গ্রহণ করিতে বদ্ধ হন তিনি ঐ কর্ম্মকারকের এক জন চাকরকেও গ্রাহ্য করিতে ও ঐ কর্ম্মকারককে ও চাকরকে উপযুক্ত আশ্রয় ও থাকিবার স্থান দিতে ও উপযুক্ত পরিমাণে মিষ্ট জল দিতে ও জাহাজে পাকশাক করিবার উপায় করিয়া দিতে বদ্ধ থাকিবেন ইতি।

Officers of Customs to have free access to every part of the ship and may seal and secure goods

41 Every officer of Customs, deputed as above provided on board of any vessel, shall have free access to every part thereof and may fasten down any hatchway or entrance to the hold and mark any goods before landing and lock up seal, mark or otherwise secure any goods on board of such vessel

কষ্টমের কর্ম্মকারকদের জাহাজের সকল স্থানে যাইতে পারিবার ও মালে মোহর বসাইয়া রক্ষা করিতে পারিবার কথা।

৪১ ধারা। কষ্টমের যে প্রত্যেক কর্ম্মকারককে পূর্ব্বোক্ত বিধানমতে কোন জাহাজে প্রেরণ করা যায় তিনি অবাধে জাহাজের সকল স্থানে যাইতে এবং কোন ফলকা কিম্বা খোলে নামিয়া যাইবার কোন পথ বন্ধ করিয়া রাখিতে ও জাহাজের কোন মাল নামান যাইবার পূর্ব্বে তাহাতে চিহ্ন দিতে ও কোন মাল বন্ধ করিতে কি তাহাতে মোহর বসাইতে কি চিহ্ন দিতে কি অন্য প্রকারে রক্ষা করিতে পারিবেন।

Officer in charge of Custom House may authorize search and opening of locks

If any box place, or closed receptacle in any such vessel be locked, and the keys be withheld, such officer shall report the same to the officer in charge of the Custom House, who may thereupon issue to the officer on board, or to any other officer under his authority, a written order to search

কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের কোন স্থানে অন্বেষণ করিতে ও কুলুপ খুলিয়া দিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

ঐ জাহাজের অন্তর্গত কোন বাক্সে কি স্থানে কি বন্ধ আধারে কুলুপ দেওয়া থাকিলে ও উক্ত কর্ম্মকারকের হাতে চাবি দিতে অসম্মতি হইলে তিনি কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের নিকট তাহা রিপোর্ট করিবেন। তাহা হইলে তিনি জাহাজের ঐ কর্ম্মকারককে কিম্বা আপনার আজ্ঞাধীন অন্য কোন কর্ম্মকারককে সেই স্থানের অন্বেষণ করিবার লিখিত আজ্ঞা দিতে পারিবেন।

On production of such order, the officer bearing the same may require that any place, box, or closed receptacle in such vessel be opened in his presence, and, if it be not opened upon his requisition, he may break the same open

যে কর্ম্মকারক ঐ আজ্ঞাপত্র প্রাপ্ত হন তিনি তাহা দেখাইয়া ঐ জাহাজের অন্তর্গত কোন স্থান কি বাক্স কি বন্ধ আধার আপনার সম্মুখে খুলিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ও তাঁহার আদেশমতে খুলিয়া দেওয়া না গেলে তাহা ভাঙ্গিয়া খুলিতে পারিবেন ইতি।

42 Except with the written permission of the Officer in charge of the Custom House, no goods, with the exception of passengers' baggage, shall on any Sunday or on any holiday or day on which the discharge of cargo is prohibited by the Chief Customs Authority of the Presidency or place, be discharged from any vessel arriving at any Customs Port or be shipped or water borne for exportation or for carriage coastwise

Goods not to be landed on Sundays holidays &c without permission nor except within fixed hours, &c

nor except with such written permission, shall any goods be so discharged shipped or water borne on any day except between such hours as the Chief Customs Authority from time to time appoints by notification in the official Gazette nor without the presence or authority of an officer of Customs

nor in the case of goods so shipped or water borne from any place in any such Port except a wharf duly appointed for such purpose

nor without the presence of the proper officer of Customs

nor before due entry outwards of the exporting vessel and of the goods

nor before such goods shall have been duly cleared for shipment

৪২ ধারা। কষ্টমের বন্দরে যে জাহাজ পঁহুছে কষ্টম হৌসের অধ্যক্ষতা ভার প্রাপ্ত কার্য্যকারকের লিখিত অনুমতি না থাকিলে সেই জাহাজহইতে চড়নদারদের ব্যবহার্য্য দ্রব্যভিন্ন কোন মাল রবিবার কি কোন বন্দের দিনে কিম্বা রাজধানীর কি স্থানের কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সাহেব অন্য যে দিনে মাল নামাইয়া দিতে নিষেধ করেন সেই দিনে নামাইয়া দেওয়া যাইবে না ও জাহাজে তুলিয়া দেওয়া যাইবে না ও রফ্তানী করিবার জন্যে কিম্বা সমুদ্র কূলে২ লইয়া যাইবার জন্যে নৌকাদিতে দেওয়া যাইবে না।

অনুমতিবিনা রবিবারে কি বন্দের দিনে কিম্বা নির্দ্ধারিত ঘণ্টাভিন্ন কোন সময়ে মাল নামাইয়া না দিবার কথা।

এবং কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সাহেব সময়ে২ রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে২ ঘণ্টা নিরূপণ করেন পূর্ব্বোক্ত লিখিত অনুমতি না থাকিলে কোন দিনেই সেই২ ঘণ্টার মধ্য সময় ভিন্ন কোন সময়ে কিম্বা কষ্টমের কর্ম্মকারক উপস্থিত না থাকিলে কি অনুমতি না দিলে কোন মাল নামাইয়া দেওয়া যাইবে না কি নৌকাদি করিয়া লইয়া যাওয়া যাইবে না।

এবং উক্ত কোন বন্দরের অন্তর্গত কোন স্থানহইতে কোন মাল তদ্রূপে জাহাজে তোলা গেলে কি নৌকাদি করিয়া লইয়া যাওয়া গেলে তৎকার্য্যের নিমিত্তে নিয়ম মতে নিরূপিত ঘাট ভিন্ন কোন স্থানহইতে

বা কষ্টমের উপযুক্ত কর্ম্মকারকের অনুপস্থানে,

কিম্বা যে জাহাজদ্বারা রফ্তানী করা যাইবে সেই জাহাজ ও সেই মাল সমুদ্র পথে যাইবে বলিয়া এন্টর করা না গেলে

কিম্বা জাহাজে তুলিয়া দিবার নিমিত্ত সেই মালের নিয়মিত ছাড়পত্র না থাকিলে ঐ মাল জাহাজে তোলা যাইবে না ইতি।

CHAPTER VI

Importation

43 The Local Government may by notification in the official Gazette fix a place in any River or Port beyond which place it shall not be lawful for any vessel whether laden or in ballast arriving from any Foreign Port or place to pass until the Master thereof has delivered to the Pilot, Officer of Customs or other person duly authorized to receive the same, a manifest signed by the Master containing a true specification of all goods imported in such vessel, with such particulars and made out in such form as is from time to time directed by the Chief Customs Authority

Power to fix places beyond which inward bound vessels are not to proceed until manifest delivered

---

৬ ষষ্ঠ অধ্যায়।

আমদানী বিষয়ক বিধি।

৪৩ ধারা। কোন জাহাজ বোঝাই দ্রব্য লইয়া কম্বা নিলম বোঝাই করিয়া ভিন্ন দেশীয় কোন বন্দর কি স্থান হইতে পঁহুছিলে ঐ জাহাজের কাপ্তান আড়কাটী সাহেবকে কি কষ্টমের কর্ম্মকারককে কিম্বা মানিফেষ্ট গ্রহণ করিবার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তিকে ঐ জাহাজ দ্বারা আমদানী করা সকল মালের যথার্থ নির্দ্দেশ পত্র সূচক ও কাপ্তানের স্বাক্ষরিত মানিফেষ্ট না দিলে কোন নদীর কি বন্দরের অন্তর্গত যে স্থান ছাড়িয়া যাইতে না পারিবে স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় জ্ঞাপন পত্র প্রকাশ করিয়া এমত স্থান নিরূপণ করিতে পারিবেন। কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সময়ে২ যে পাঠে যে২ বৃত্তান্ত লিখিতে আদেশ করেন ঐ মানিফেষ্ট সেই পাঠে ও সেই২ বৃত্তান্ত ধরিয়া লেখা যাইবে।

বন্দরাগত জাহাজ মানিফেষ্ট না দিলে যে স্থান ছাড়িয়া যাইতে না পারিবে এমত স্থান নিরূপণ করিবার ক্ষমতার কথা।

Delivery of manifest when vessel anchors below reporting station

If in any River or Port wherein a place has been fixed by the Local Government under this section, the Master of any vessel arriving from any Foreign Port or place remains outside or below the place so fixed such Master shall nevertheless, within twenty four hours after the vessel anchors, deliver to the Pilot, Officer of Customs or other person authorized to receive the same, a manifest as provided in the same section

Power of Master of steamer to enter ship's agent as consignee

44 In the case of a steamer the Master may enter in the manifest the name of the ship's agent as that of the consignee of any cargo, and the Chief Customs Authority may treat him as such consignee provided he gives sufficient security to pay all claims for damage or short delivery which may be established by the owner of such cargo

Duty of person receiving manifest

45 The Pilot, officer or other person so receiving the said manifest shall countersign the same and enter thereon such particulars as the said Chief Customs Authority from time to time directs in this behalf

Bulk not to be broken until manifest &c. delivered, and ship entered at Custom House

46 No vessel arriving in any Customs Port from any Foreign Port or place, shall be allowed to break bulk until a manifest has been delivered as herein before provided, nor until a copy of such manifest together with an application for entry inwards, has been presented to the officer in charge of the Custom House and order has been given thereon by such officer for the discharge of the cargo

The officer in charge of the Custom House may refuse to give such order, until any port-clearance, cockett, or other paper, which he knows or has reason to believe had been granted at the place from which the vessel is stated to have come, shall likewise have been delivered to him

Nothing in this section shall prevent an officer in charge of a Custom House from granting, prior to receipt of the original manifest and prior to the entry of the vessel at the Custom House, a special pass, permitting bulk to be broken The granting

উক্ত স্থানে পঁহুছিবার পূর্ব্বে জাহাজ লঙ্গর করিলে মানিফেষ্ট দিবার কথা।

স্থানীয় গবর্ণমেন্ট এই ধারামতে কোন নদীর কি বন্দরের অন্তর্গত স্থান নিরূপণ করিলে, যদি ভিন্ন দেশীয় বন্দর কি স্থান হইতে আগত কোন জাহাজের কাপ্তান সেই নির্দ্ধারিত স্থানের ওদিগে থাকেন তাহা হইলেও জাহাজের লঙ্গর করিবার পর চব্বিশ ঘণ্টার মধ্যে তিনি আড়কাটী সাহেবকে কি কষ্টমের কর্ম্মকারককে কিম্বা ঐ মানিফেষ্ট গ্রহণ করিবার ক্ষমতাপন্ন অন্য ব্যক্তিকে ঐ ধারার নির্দ্দিষ্ট মানিফেষ্ট দিবেন ইতি।

জাহাজের এজেন্টকে কানসাইনী বলিয়া লিখিতে ষ্টীমরের কাপ্তানের ক্ষমতার কথা।

৪৪ ধারা। ষ্টীমর হইলে কাপ্তান সাহেব মানিফেষ্টে কোন মালের কানসাইনী বলিয়া জাহাজের এজেন্টের নাম লেখাইতে পারিবেন, ও ঐ মালের স্বামী হানির নিমিত্ত কিম্বা অপেক্ষাকৃত অল্প দ্রব্য দেওনের নিমিত্ত যে সকল দাওয়া স্থাপন করেন ঐ এজেন্ট সেই সকল দাওয়া শোধ করিবার যথোচিত জামিন দিলে কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ তাঁহাকে তদ্রূপ কানসাইনী বলিয়া তাঁহার সহিত কার্য্য করিতে পারিবেন ইতি।

যে ব্যক্তি মানিফেষ্ট গ্রহণ করেন তাঁহার কর্ত্তব্য কর্ম্মের কথা।

৪৫ ধারা। আড়কাটী সাহেব কি কর্ম্মকারক কি উক্ত অন্য ব্যক্তি উক্ত মানিফেষ্ট প্রাপ্ত হইলে তাহাতে ক্রোড় স্বাক্ষর করিবেন এবং কষ্টমের উক্ত প্রধান কর্ত্তৃপক্ষ তন্মধ্যে সময়ে২ যে২ কথা লিখিতে আদেশ করেন তাহা লিখিয়া দিবেন ইতি।

মানিফেষ্ট প্রভৃতি দেওয়া না গেলে ও জাহাজ কষ্টম হৌসে এণ্টর করা না গেলে বোঝাই কোন মাল নামাইতে না হইবার কথা।

৪৬ ধারা। ভিন্নদেশীয় কোন বন্দর কি স্থানহইতে কোন জাহাজ কষ্টমের কোন বন্দরে পঁহুছিলে যত কাল পূর্ব্বোক্ত বিধানমতে মানিফেষ্ট না দেওয়া যায় ও সেই মানিফেষ্টের নকল ও তৎসহিত আমদানী মাল এণ্টর করণের প্রার্থনাপত্র যত কাল কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারককে না দেওয়া যায় ও তৎসম্পর্কে তিনি যতকাল মাল নামাইয়া দিবার আজ্ঞা না করেন ততকাল মাল নামাইয়া দিতে আরম্ভ করিবার অনুমতি হইবে না।

জাহাজ যে স্থানহইতে আইল বলিয়া কথিত হয় সেই স্থানের বন্দরহইতে খুলিয়া যাইবার অনুমতিপত্র কি কাকেট (অর্থাৎ সওদাগরী মাল কষ্টম হৌসে এণ্টর হইয়াছে ইহার মোহরাঙ্কিত নিদর্শনপত্র) কি অন্য পত্র দেওয়া গিয়াছে কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক ইহা জানিলে কি তাঁহার এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, তাঁহাকে সেই২ পত্র না দেওয়া গেলে তিনি পূর্ব্বোক্ত আজ্ঞা দিতে অসম্মত হইতে পারিবেন

কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারক আসল মানিফেষ্ট পাইবার ও কষ্টম হৌসে জাহাজে এণ্টরী হইবার পূর্ব্বে মাল নামাইয়া দিতে আরম্ভ করিবার বিশেষ ছাড়পত্র যে দিতে না পারেন এই ধারার এমন অর্থ করিতে হইবে না। কষ্টমের প্রধান কর্ত্তৃ

of such pass shall be subject to such rules as may from time to time be prescribed by the Chief Customs Authority

পক্ষ সাহেব সময়ে২ যে২ বিধি করেন তাহা মানিয়া ঐ ছাড়পত্র দেওয়া যাইবে ইতি।

Master if required to deliver bill of lading &c to Officer in charge of Custom House

47 The Master of every vessel arriving from any Foreign Port or place shall at the time of applying for entry inwards at any Customs Port deliver to the Officer in charge of the Custom House if required so to do, the bill of lading or a copy thereof for every part of the cargo laden on board, and shall answer all such questions relating to the vessel cargo crew and voyage as are put to him by such officer

কাপ্তানের প্রতি আদেশ হইলে বোঝাই মালের চালান প্রভৃতি কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারককে দিতে হইবার কথা।

৪৭ ধারা। যে জাহাজ ভিন্নদেশীয় কোন বন্দর কি স্থানহইতে পঁহুছে, কোন কষ্টমের বন্দরের আম দানী মাল এন্টরী করিবার প্রার্থনা করণ সময়ে ঐ জাহাজের কাপ্তান সাহেবের প্রতি আদেশ হইলে তিনি কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারককে ঐ জাহাজের বোঝাই মালের প্রত্যেক অংশের চালান কিম্বা তাহার নকল দিবেন ও ঐ কার্য্যকারক তাঁহার নিকট জাহাজের কি মালের কি নাবিকগণের কি যাত্রার বিষয় যাহা জিজ্ঞাসা করেন তাহার উত্তর দিবেন ইতি।

Goods not to leave ship unless entered in manifest

48 No goods shall be allowed to leave any vessel, unless they be duly entered in the manifest of such vessel

মাল মানিফেষ্টে লেখা না গেলে জাহাজহইতে নামাইতে না হইবার কথা।

৪৮ ধারা। জাহাজের মানিফেষ্টে মাল নিয়মমতে লেখা না গেলে তাহা জাহাজহইতে নামাইয়া দিবার অনুমতি হইবে না ইতি।

Amendment of errors in manifest

49 Nothing contained in section 48 shall prevent any officer in charge of a Custom House from permitting the Master of any vessel to amend any obvious error in the manifest or to supply any omission resulting from accident or inadvertence by furnishing an amended or supplementary manifest

মানিফেষ্টের ভ্রম সংশোধনের কথা।

৪৯ ধারা। মানিফেষ্টে স্পষ্ট ভ্রম থাকিলে, ৪৮ ধারার কোন কথার দ্বারা ঐ জাহাজের কাপ্তানকে কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কোন কার্য্যকারকের সেই ভ্রম সংশোধন করণের অনুমতি দেওয়ার কিম্বা অকস্মাৎ কি অমনোযোগে কোন কথা ছাড়া গেলে সংশোধিত মানিফেষ্ট কি মানিফেষ্টের ক্রোড়পত্র লিখিয়া সেই দোষের প্রতিকার করণের অনুমতি দেওয়ার নিষেধ হইল না।

But the receiving of such amended or supplementary document shall always be discretionary with the Officer in charge of the Custom House and if he decide to receive any such amended or supplementary manifest he may levy thereon such fee as the Chief Customs Authority from time to time directs

কিন্তু কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারক আপনার বিবেচনামতে ঐ সংশোধিত দলীল কিম্বা ঐ দলীলের ক্রোড়পত্র গ্রাহ্য করিবেন বা না করিবেন। সেই সংশোধিত মানিফেষ্ট কিম্বা তাহার ক্রোড়পত্র গ্রাহ্য করিতে স্থির করিলে, তাহার উপর কষ্টমের প্রধান কর্তৃপক্ষ সময়ে২ যত টাকা ফী লইতে আদেশ করেন তিনি তত টাকা ফী আদায় করিতে পারিবেন ইতি।

Period to be allowed for landing import cargo

50 A period of fifteen working days after the entry of a vessel not exceeding six hundred tons or such other period as the Officer in charge of the Custom House directs, shall be allowed for the landing of import cargo from such vessel

আমদানী মাল নামাইতে যত দিন দেওয়া যাইবে তাহার কথা।

৫০ ধারা। যে জাহাজে ছয় শত টনের অধিক না ধরে এমত জাহাজে যে মালের আমদানী হয়, সেই মাল নামাইবার জন্য ঐ জাহাজের এণ্টরী হইবার পর কার্য্য চলনের পঞ্চদশ দিন কিম্বা কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক অন্য যে মিয়াদের আজ্ঞা করেন, সেই মিয়াদ দেওয়া যাইবে।

One additional day shall in like manner be allowed for every fifty tons in excess of six hundred

ছয় শতের উপর পঞ্চাশ২ টনের নিমিত্ত তদ্রূপে আর এক২ দিন দেওয়া যাইবে।

No charge shall be made for the services of a single Officer of Customs for such period of fifteen working days, or for the services of several such officers for respective periods the aggregate of which does not exceed fifteen working days

কার্য্য চলনের ঐ পঞ্চদশ দিনের নিমিত্ত কষ্টমের এক জন কর্ম্মকারকের কর্ম্মের নিমিত্ত, কিম্বা তদ্রূপ নানা কর্ম্মকারক নানা সময়ে কর্ম্ম করিয়া সর্ব্বশুদ্ধ কার্য্য চলনের পঞ্চদশ দিনের অধিক কর্ম্ম না করিলে তাঁহাদের কর্ম্মের নিমিত্ত কোন খরচ লওয়া যাইবে না।

If the period occupied in the landing of import cargo be in excess of that so allowed the vessel shall be charged with the expense of the Officer of Customs at a rate not exceeding five rupees per diem (Sundays and holidays excepted) to such excess period

Consequence of exceeding same

51 If the importer, owner or consignee of any goods (except such as have been declared by the Master as not to be landed) or the agent of such importer owner or consignee does not land such goods within such number of working days not exceeding fifteen, after the entry of the vessel importing the same as the Local Government from time to time appoints by notification in the official Gazette or within such further period as the bill of lading of such vessel specifies, the Master of the vessel or the Officers of Customs on his application may then carry such goods to the Custom House

Procedure in respect of goods not landed within time allowed

The Officer in charge of the Custom House shall thereupon take charge of and grant receipts for such goods

and if notice in writing has been given that the goods are to remain subject to a lien for freight primage general average, or other charges of a stated amount, he shall hold such goods until he shall have received notice in writing that the said charges are paid

52 If any period earlier than the number of working days so appointed is specified in the bill of landing of such vessel for the discharge of her cargo or any part thereof and if the importer owner or consignee of such cargo or his agent doe not land the same within such specified period the Master of such vessel or the Officers of Customs on his application may then carry such goods to the Custom House

Effect of not discharging cargo in any earlier period specified in bill of lading

The Officer in charge of the Custom House shall thereupon take charge of and grant receipts for such goods,

and, if notice in writing has been given that the goods are to remain subject to a lien for freight, primage general average, or other charges of a stated amount he shall hold such goods until the said charges are paid

উক্ত প্রকারে যত দিনের অনুমতি হইল আমদানী মাল নামাইবার জন্যে তাহার অধিককাল লাগিলে রবিবার ও বন্দের দিন ছাড়া সেই অধিক দিনের নিমিত্তে জাহাজের স্থানে কষ্টমের কর্ম্ম কারকের খরচ বলিয়া দিন প্রতি পাঁচ টাকার হিসাবে খরচ লওয়া যাইবে ইতি।

ঐ মিয়াদের অধিককাল লাগিলে তাহার ফলের কথা।

৫১ ধারা। কাপ্তান যে মাল নামাইয়া দিতে হইবে না বলিয়া প্রকাশ করেন, তদ্ভিন্ন কোন মাল যে জাহাজে আমদানী করা যায়, স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে সময়েং জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কার্য্য চলিবার পঞ্চদশ দিনের অনধিক যত দিন নির্দ্ধার্য্য করেন কিম্বা ঐ জাহাজের বোঝাই মালের চালানপত্রে আর যত দিন নির্দ্ধার্য্য থাকে সেই জাহাজের এণ্টরী হইবার পর তত দিনের মধ্যে ঐ মালের আমদানীকারক কি স্বামী কি কানসাইনী, কিম্বা ঐ আমদানীকারকের কি স্বামির কি কানসাইনীর পক্ষে কর্ম্মকারক ঐ মাল নামাইয়া না লইলে, জাহাজের কাপ্তান কিম্বা তাঁহার প্রার্থনামতে কষ্টমের কর্ম্মকারকেরা কষ্টম হৌসে সেই মাল আনাইতে পারিবেন।

ঐ মিয়াদের মধ্যে যে মাল নামাইয়া দেওয়া না যায় তদ্বিষয়ক কার্য্যপ্রণালীর কথা।

তাহা হইলে কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক ঐ মাল জিম্মা করিয়া লইয়া তাহার রসীদ দিবেন।

ও ভাড়া কিম্বা কাপ্তানের প্রাপ্য শুল্ক পাওনা থাকাতে কিম্বা ঝড়ে জাহাজ রক্ষা করিবার জন্যে কতক মাল সমুদ্রে ফেলা যাওয়াতে সেই হানিপূরণার্থে অন্য মালের স্বামিদের যত টাকা দেয় হয় তাহার নিমিত্ত কিম্বা নির্দ্ধারিত অন্য খরচের নিমিত্ত ঐ মাল বন্ধকস্বরূপ রাখিতে হইবে এই মর্ম্মের নোটিস লিখিয়া দেওয়া গেলে তিনি যত দিন সেই সকল টাকা দেওয়ার লিখিত নোটিস না পান তত দিন সেই মাল রাখিবেন ইতি।

৫২ ধারা। পূর্ব্বোক্তমতে কার্য্য চলনের যত দিন ধার্য্য হইল ঐ জাহাজের মালের চালানপত্রে ঐ মাল কিম্বা তাহার কোন অংশ নামাইয়া দিবার জন্যে তাহাহইতে অল্প দিন নির্দ্ধারিত থাকিলে ও ঐ মালের আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কিম্বা তৎপক্ষ কর্ম্মকারক ঐ নির্দ্ধারিত সময়ের মধ্যে মাল নামাইয়া না লইলে, ঐ জাহাজের কাপ্তান কিম্বা তাঁহার প্রার্থনামতে কষ্টমের কর্ম্মকারকেরা কষ্টম হৌসে সেই মাল আনাইতে পারিবেন।

মালের চালানপত্রে ত পূর্ব্বের দিন নির্দ্দিষ্ট থাকিলে তন্মধ্যে মাল নামাইয়া না দিবার ফলের কথা।

তাহা হইলে, কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারক ঐ মাল জিম্মা করিয়া লইয়া তাহার রসীদ দিবেন।

ও ভাড়া কিম্বা কাপ্তানের প্রাপ্য শুল্ক পাওনা থাকাতে কিম্বা ঝড়ে জাহাজ রক্ষা করিবার জন্যে কতক মাল সমুদ্রে ফেলা যাওয়াতে সেই হানিপূরণার্থে অন্য মালের স্বামিদের যত টাকা দেয় হয় তাহার নিমিত্ত কিম্বা নির্দ্ধারিত অন্য খরচের নিমিত্তে ঐ মাল বন্ধকস্বরূপে রাখিতে হইবে এই মর্ম্মের নোটিস লিখিয়া দেওয়া গেলে, তিনি যত দিন সেই সকল টাকা দেওয়ার লিখিত নোটিস না পান তত দিন সেই মাল রাখিবেন ইতি।

53 At any time after the arrival of any vessel the Officer in charge of the Custom House may with the consent of the Master of such vessel cause any small package or parcel of goods to be carried to the Custom House there to remain for entry in charge of the Officers of Customs during the remainder of the working days allowed under the provisions of this or any other Act relating to Customs for the landing of such package or parcel

Goods may be landed at any time after arrival with consent

If any package or parcel so carried to the Custom House remains unclaimed on the expiration of the number of working days so allowed for its landing or at the time of the clearance outwards of the vessel from which it was landed the Master may give such notice as is provided in section 51 and the Officer in charge of the Custom House shall thereupon hold such package or parcel as provided in the said section

54 If the duties chargeable upon any goods carried to the Custom House under the provisions of any of the three sections last preceding, together with the freight primage charges of landing and removal rent and other charges to which such goods are liable are not paid within four months from the date of entry of the vessel

Proceedings in case of non payment of duties within four months after entry of vessel

or if such goods are not duly warehoused within such period

such goods may after due notice in the official Gazette be sold by public auction and the proceeds thereof shall then be applied first to the payment of freight primage and general average next to the payment of duties and then to the payment of other charges

The overplus, if any, shall be paid to the importer, owner or consignee of the goods or to his agent, on his application for the same provided that such application be made within one year from the sale of the goods or that good reason be shown why such application was not so made

If any such goods be of a perishable nature, the Officer in charge of the Custom House may at any time direct the sale thereof, and shall apply the proceeds in like manner

৫৩ ধারা। কোন জাহাজের পঁহুছিবার পর কোন সময়েই কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক ঐ জাহাজের কাপ্তান সাহেবের অনুমতিক্রমে মালের কোন ছোট২ বাক্সপ্রভৃতি কি পুলিন্দা কষ্টম হৌসে আনাইতে পারিবেন, ও তদ্রূপ বাক্সপ্রভৃতি কি পুলিন্দা নামাইয়া দিবার জন্যে কষ্টমবিষয়ক এই কি অন্য কোন আইনের যে বিধান থাকে সেই বিধানমতে কার্য্যচলনের অবশিষ্ট যত দিনের অনুমতি থাকে তত দিন ঐ বাক্স প্রভৃতি কি পুলিন্দা এণ্টর করিবার নিমিত্ত কষ্টমের কর্ম্মকারকদের জিম্মায় থাকিবে।

পঁহুছিবার পর অনুমতি পাইলে মাল কোন সময়েই নামাইয়া দিবার কথা।

ঐ বাক্সপ্রভৃতি কি পুলিন্দা নামাইয়া দিবার জন্যে কার্য্যচলনের পূর্ব্বোক্ত যত দিনের অনুমতি থাকে তত দিন গত হইলেও কিম্বা যে জাহাজহইতে নামাইয়া দেওয়া গেল সেই জাহাজের দেশ ছাড়িয়া যাওনের সময়েও যদি কষ্টম হৌসে আনীত সেই বাক্সের কি পুলিন্দার উপর কোন দাওয়া না হইয়া থাকে তবে কাপ্তান ৫১ ধারার বিধানমতে নোটিস দিতে পারিবেন ও কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারক ঐ ধারার বিধানমতে ঐ বাক্সপ্রভৃতি কি পুলিন্দা রাখিবেন ইতি।

৫৪ ধারা। ইহার পূর্ব্ব তিন ধারার মধ্যে কোন ধারার বিধানমতে যে মাল কষ্টম হৌসে আনা যায় তাহার উপর যে মাস্তল লাগে ও জাহাজের ভাড়া ও কাপ্তানের প্রাপ্য শুল্ক ও মাল নামাইবার ও স্থানান্তর করিবার খরচ ও গুদামের ভাড়া ও ঐ মালের উপর অন্য যে খরচের দায় বর্ত্তে তাহা জাহাজের এণ্টরী হইবার তারিখ অবধি চারি মাসের মধ্যে দেওয়া না গেলে

জাহাজের এণ্টরী হইবার পর চারি মাসের মধ্যে মাস্তুল না দেওয়া গেলে কার্য্য প্রণালীর কথা।

কিম্বা ঐ মাল ঐ সময়ের মধ্যে নিয়মমতে গুদামে রাখা না গেলে

রাজকীয় গেজেটে উপযুক্ত নোটিস প্রকাশ করা গেলে পর ঐ মাল নীলামদ্বারা বিক্রয় করা যাইতে পারিবে। তাহা হইলে সেই বিক্রয়োৎপন্ন টাকা এই২ প্রকারে প্রয়োগ হইবে, প্রথমে ভাড়া ও কাপ্তানের প্রাপ্য শুল্ক ও ঝড়ে জাহাজ রক্ষা করিবার জন্যে কতক মাল সমুদ্রে ফেলিয়া দেওয়া প্রযুক্ত সেই হানিপূরণার্থে অন্য মালের স্বামিদের যত টাকা দেয় হয় তাহা প্রথমে দেওয়া যাইবে পরে মাস্তুল দেওয়া যাইবে ও তৎপরে অন্য খরচ দেওয়া যাইবে।

তাহার পর উদ্বর্ত্ত থাকিলে ঐ মালের আমদানীকারকের কি স্বামির কি আটসনীর বা তৎপক্ষ কর্ম্মকারকের প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবে। কিন্তু ঐ মাল বিক্রয় হইবার তারিখঅবধি এক বৎসরের মধ্যে ঐ টাকা পাইবার প্রার্থনা করিতে হইবে কিম্বা তৎকালের মধ্যে প্রার্থনা না করিবার বিশিষ্ট কারণ দেখাইতে হইবে।

তদ্রূপ কোন মাল কাঁচা হইলে কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক কোন সময়েই তাহার বিক্রয় হইবার আজ্ঞা করিয়া ঐ বিক্রয়োৎপন্ন টাকা সেই প্রকারে প্রয়োগ করিবেন।

Nothing in this section shall authorize the passing for home consumption of any dutiable goods without payment of duties of Customs thereon provided that such goods may be so passed where the importer, owner or consignee furnishes security, to the satisfaction of the officer in charge of the Custom House, for the payment of the duties to which such goods are liable

Goods not cleared within two months from date of landing to be sold.

55 If any goods be not cleared for home consumption or for warehouse within two months from the date of landing of such goods or within such further period as the Officer in charge of the Custom House directs such goods may, after due notice in the official Gazette be sold by public auction, and the proceeds thereof shall then be applied to the payment of duties and other charges

Disposal of proceeds

The overplus, if any, shall be paid to the importer owner or consignee of the goods or to his agent on his application for the same, provided that such application be made within one year from the sale of the goods or that good reason be shown why such application was not so made

Proviso

Provided also that where such goods are arms ammunition or military stores they may be sold or otherwise disposed of at such place (whether within or without British India) and in such manner as the Local Government may from time to time direct

Goods removed from ship to be forthwith landed

56 All goods removed from one boat of any vessel for the purpose of being landed and passed for importation shall be forthwith landed at the wharf or other place appointed for the landing of such goods

Goods not to be landed elsewhere than at appointed wharf or place.

57 No goods discharged from any vessel under the authority of an officer of Customs shall be landed except at the wharf or other place appointed for the landing of such goods

No goods discharged into any boat for the purpose of being landed shall, previously to their being landed, be transhipped into any other boat without the permission of an Officer of Customs.

Boat-note

58. When any goods are sent from on board of any vessel for the purpose of being landed and passed for importation, there shall be sent, with each

যে মালের উপর কষ্টমের মাস্থল লাগে তাহার উপর মাস্থল না দিলে এই ধারার কোন কথাক্রমে দেশে ব্যবহার হইবার নিমিত্ত তাহা ছাড়িয়া দিবার অনুমতি নাই। কিন্তু ঐ মালের উপর যে মাস্থল লাগে আমদানীকারক কি স্বামী কি কানুসাইনী কষ্টম হৌসের অধ্যক্ষতাভাবপ্রাপ্ত কার্য্যকারকের হৃদ্বোধমতে সেই মাস্থল দিবার জামিন দিলে, তাহা সেই প্রকারে ছাড়িয়া দেওয়া যাইতে পারিবে ইতি।

মাল নামাইয়া লইবার পর দুই মাসের মধ্যে ছাড়াইয়া না লওয়া গেলে তাহা বিক্রয় করিবার কথা।

৫৫ ধারা। জাহাজহইতে মাল নামাইয়া লইবার তারিখঅবধি দুই মাসের মধ্যে কিম্বা কষ্টম হৌসের অধ্যক্ষতা ভাব প্রাপ্ত কার্য্যকারক অন্য যে মিয়াদের আজ্ঞা করেন সেই মিয়াদের মধ্যে ঐ মাল দেশে ব্যবহার কিম্বা গুদামজাৎ করিবার নিমিত্ত ছাড়াইয়া আনা না গেলে রাজকীয় গেজেটে উপযুক্ত নোটিস দেওয়া গেলে পর তাহা নীলামে বিক্রয় হইতে পারিবে ও বিক্রয়োৎপন্ন টাকাহইতে ঐ মাস্থল ও অন্য২ খরচ দেওয়া যাইবে।

উদ্বর্ত্ত টাকা যদ্রূপে প্রয়োগ হইবে তাহার কথা।

উদ্বর্ত্ত থাকিলে, মালের আমদানীকারকের কি স্বামির কি কানসাইনীর বা তৎপক্ষ কর্ম্মকারকের প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবে। কিন্তু ঐ মাল নীলাম হইবার পর এক বৎসরের মধ্যে ঐ প্রার্থনা করিতে হইবে, কিম্বা তৎকালের মধ্যে প্রার্থনা না করিবার বিশিষ্ট কারণ দেখাইতে হইবে।

উপবিধি।

পরন্তু অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সরঞ্জাম লইয়া ঐ মাল হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কি বহির্ভূত যে স্থানে যে প্রকারে আদেশ করেন তাহা সেই স্থানে সেই প্রকারে বিক্রয় করা কিম্বা প্রকারান্তরে হস্তান্তর করা যাইতে পারিবে ইতি।

জাহাজহইতে মাল তোলা গেলেই একেবারে স্থলে আনিতে হইবার কথা।

৫৬ ধারা। কোন মাল স্থলে আনিবার ও আমদানী করণার্থে ছাড়াইয়া লইবার নিমিত্ত জাহাজহইতে নামাইয়া দেওয়া গেলে, তাহা একেবারে ওয়াফে কিম্বা ঐ মাল উৎরাইবার নিরূপিত অন্য স্থলে নামাইয়া দেওয়া যাইবে ইতি।

নির্দ্ধারিত ওয়াফ কি স্থান ভিন্ন কোন স্থানে মাল নামাইতে না হইবার কথা।

৫৭ ধারা। কষ্টমের কোন কর্ম্মকারক কোন জাহাজহইতে মাল লইয়া যাইবার অনুমতি দিলে, ঐ মাল ওয়াফ কিম্বা মাল নামাইবার নির্দ্ধারিত স্থানভিন্ন অন্য স্থানে নামাইয়া দেওয়া যাইবে না।

কোন মাল স্থলে আনিবার নিমিত্ত নৌকায় নামাইয়া দেওয়া গেলে তাহা স্থলে আনিবার পূর্ব্বে কষ্টমের কোন কর্ম্মকারকের অনুমতি বিনা অন্য নৌকায় তুলিয়া দেওয়া যাইবে না ইতি।

নৌকার কথা।

৫৮ ধারা। কোন মাল স্থলে আনিবার ও আমদানীর নিমিত্ত ছাড়াইয়া লইবার জন্যে কোন জাহাজহইতে চালান হইলে, একং বোঝাই নৌকার কি স্বতন্ত্র

boat-load or other separate dispatch, a boat-note specifying the number of packages so sent, and the marks and numbers or other description thereof

চালানের সঙ্গে একং খানি রোকা দিতে হইবে। যত খানি বস্তাপ্রভৃতি চালান হইল ও তাহার উপর যেং চিহ্ন ও নম্বর ও অন্য বর্ণনা থাকে তাহা ঐ রোকায় লেখা যাইবে।

Each boat note shall be signed by an officer of the vessel, and likewise by the Officer of Customs on board, if any such officer be on board

প্রত্যেক রোকায় জাহাজের এক জন মালিম ও কষ্টমের কর্ম্মকারক জাহাজে থাকিলে তিনিও স্বাক্ষর করিবেন ইতি।

Entry for home-consumption

59 The importer, owner, or consignee of any dutiable goods intended to be delivered for home consumption, on the landing thereof from the importing ship or the agent of such importer, owner or consignee, shall make entry of such goods by delivering to the Officer in charge of the Custom House a bill of entry thereof in such form and containing such particulars as may from time to time be directed by the Chief Customs Authority

দেশে ব্যবহার করিবার জন্যে এণ্টর করিবার কথা।

৫৯ ধারা। মাসুলীমাল যে জাহাজদ্বারা আমদানী হয় সেই জাহাজহইতে নামাইয়া দেশের ব্যবহারের জন্যে সমর্পণ করিবার কল্পনা থাকিলে আমদানীকারক কি স্বামী কি কানসাইনী বা তাঁহার সপক্ষকর্ম্মকারক কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারকের প্রতি বিল অফ এণ্টরী (অর্থাৎ মালের ফর্দ্দ) দিয়া ঐ মালের এণ্টরী করিবেন। কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সাহেব সময়েং যে পাঠ ও তন্মধ্যে যে বর্ণনা লিখিতে আজ্ঞা করেন ঐ ফর্দ্দ তদনুসারে লেখা যাইবে।

The particulars of such entry shall correspond with the particulars given of the same goods and packages in the manifest of the ship

জাহাজের মানিফেস্টে ঐং মালের ও বস্তাদির যেং বর্ণনা থাকে ঐ ফর্দ্দের লিখিত বর্ণনা তাহার সঙ্গে মিলিবে ইতি।

Claims to abatement of duty on account of damage how to be treated

60 No claim for any abatement or refund of duty, on account of damage alleged to have been sustained before entry shall be allowed in respect of any goods imported into any Customs Port, unless such claim be made in writing and the damaged condition of such goods be ascertained and certified on the first examination thereof by a Custom House Appraiser or by such other person as the Officer in charge of the Custom House appoints for the purpose

হানিহেতুক মাসুল কম করিয়া লইবার দাওয়া হইলে যাহা করিতে হইবে তাহার কথা।

৬০ ধারা। কষ্টমের কোন বন্দরে যে মালের আমদানী হয় এণ্টরী হইবার পূর্ব্বে তাহার হানি হইয়াছে বলিয়া মাসুলের কোন অংশ কমাইয়া দিবার কি ফিরিয়া পাইবার দাওয়া থাকিলে সেই দাওয়া লিখিয়া না দেওয়া গেলে ও কষ্টম হৌসের যাচনদার, কিম্বা এতৎকার্য্যপক্ষে কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি ঐ মাল প্রথম দেখিবার সময়ে তাহার হানির অবস্থা নিশ্চিতমতে না জানিলে ও তাহার সর্টিফিকট না দিলে ঐ দাওয়া গ্রাহ্য হইবে না ইতি।

Disposal of damaged goods and levy of duty thereon

61 Goods the damaged condition of which is ascertained and certified to the satisfaction of the Officer in charge of the Custom House may after notice in the official Gazette, or some mercantile newspaper circulating in the place, be sold by public auction at such time (within thirty days from the date of entry), and at such place as the Officer in charge of the Custom House appoints

হানিগ্রস্ত দ্রব্য লইয়া যাহা করিতে হইবে তাহার ও তদুপরি মাসুল আদায়ের কথা।

৬১ ধারা। যে দ্রব্যের হানির অবস্থা নিশ্চিতরূপে জানা গেল ও কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের হৃদ্বোধমতে যাহার সর্টিফিকট দেওয়া গেল, রাজকীয় গেজেটে কিম্বা তৎস্থানে বাণিজ্য সম্পর্কীয় যে সম্বাদপত্র প্রকাশ হইয়া থাকে সেই পত্রে নোটিস প্রকাশ করিয়া কষ্টমহৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারক যে স্থান ও ঐ মাল এণ্টরী করিবার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্য যে সময় নিরূপণ করেন ঐ মাল সেই সময়ে ও সেই স্থানে নীলামে বিক্রয় করা যাইবে।

The duty on such goods shall be adjusted on the gross amount realized by their *bonâ fide* sale, as proved by the original account sales, without any abatement or deduction, except of so much as represents the duties payable on the importation thereof

বিক্রয়ের হিসাবমতে প্রমাণীকৃত যে মূল্যে ঐ দ্রব্য প্রকৃতপ্রস্তাবে মোটে বিক্রয় হইল, ঐ মালের আমদানী করণে মাসুল বলিয়া যত টাকা দেনা হয় তদ্ভিন্ন ঐ বিক্রয়ের টাকাহইতে কিছু না কমাইয়া কি বাদ না দিয়া সেই মূল্যের উপর ঐ মাসুলের হিসাব নিষ্পত্তি হইবে।

On goods the value of which has been fixed by law for the purpose of levying duties thereon,

কোন মালের উপর মাসুল আদায় করিবার জন্যে আইনমতে ঐ মালের মূল্য নিদ্ধারিত হইয়া থাকিলে

no abatement of duties shall be allowed, unless they be deteriorated to the extent of one fifth of their value.

তাহার মূল্যের পঞ্চমাংশ পর্য্যন্ত হানি না হইলে মাস্থল কমাইয়া দিবার অনুমতি হইবে না।

No abatement of duty on account of damage shall be allowed on wines, spirits, or beer, or on any other articles on which duties are levied on quantity and not on value

ওয়াইন কি উগ্র শরাব কি বীর শরাব কি অন্য যে দ্রব্যের মূল্যানুসারে না হইয়া পরিমাণানুসারে মাস্থল আদায় হইয়া থাকে হানির নিমিত্ত তাহার উপর মাস্থল কমাইযা দেওয়া যাইবে না ইতি।

Goods derelict and wreck to be treated as Foreign goods

62 All goods derelict, jetsam, flotsam, and wreck brought or coming into any Customs Port shall at all times be subject to the same duties to which goods of the like kind are subject on importation at such Port, unless it be shown to the satisfaction of the Officer in charge of the Custom House that such goods are the produce or manufacture of any country or place, by virtue whereof they are entitled to be admitted duty free

ত্যক্ত বা জাহাজ ভঙ্গ হওন দ্বারা ভ্রষ্ট যে মাল পাওয়া যায় তাহা ভিন্নদেশীয় মাল বলিয়া জ্ঞান করিবার কথা।

৬২ ধারা। কোন জাহাজ ভঙ্গ হইলে যে মাল সমুদ্রে পাওযা যায কি ডাঙ্গায় লাগে কি ভাসিয়া যায কি ভ্রষ্ট হয সেই প্রকারের দ্রব্য কষ্টমের কোন বন্দরে আমদানী হইলে তাহার উপর যে মাস্থল লাগিত, ঐ দ্রব্য বন্দরে আনা গেলে তাহার উপর সর্ব্বদাই সেই মাস্থল লাগিবে। কিন্তু কোন দেশের কি স্থানের উৎপন্ন কি সৃষ্ট দ্রব্য হওয়াপ্রযুক্ত তাহা বিনা মাস্থলে গ্রাহ্য হইতে পারে কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারকের হৃদ্বোধমতে ইহার প্রমাণ হইলে, তাহার উপব মাস্থল লাগিবে না ইতি।

No duty on portion of import cargo intended for another Port, ship's stores &c

63 Any portion of an import cargo intended for another Port, or any ship's stores intended for the home voyage, may be declared by the Master of any vessel as not to be landed, and may thereupon, with the special sanction of the Officer in charge of the Custom House, be retained on board, and such cargo or ship's stores so retained shall not be subject to the payment of duty

যে মাল আমদানী হয় তাহা অন্য বন্দরে পাঠাইবার উদ্দেশে কিম্বা জাহাজের ব্যবহার্য্য বলিয়া আনা গেলে তাহার মাস্থল না লাগিবার কথা।

৬৩ ধারা। আমদানী মালের কোন অংশ অন্য বন্দরে লইয়া যাইবার কল্পনা আছে কিম্বা জাহাজীয লোকদের স্বদেশে প্রত্যাগমন কালীন ব্যবহারার্থ দ্রব্য বলিযা তাহা নামাইয়া দিতে হইবে না কাপ্তান ইহা নির্দ্দেশ করিযা জানাইতে পারিবেন। তাহা হইলে কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের বিশেষ অনুমতিক্রমে তাহা জাহাজেই রাখা যাইতে পারিবে, ও তদ্রূপে যে মাল কি জাহাজের ব্যবহার্য্য যে দ্রব্য রাখা যায় তাহার উপর মাস্থল দিতে হইবে না।

Provided that all such cargo and ship's stores shall be entered in the export manifest of the vessel as cargo or ship's stores not landed, and on which no duty has been paid

পরন্তু সেই সকল মাল ও জাহাজের ব্যবহার্য্য দ্রব্য নামাইযা দেওযা যায নাই ও তাহার উপর মাস্থল দেওয়া যায নাই জাহাজের রপ্তানী মালের মানিফেষ্টে এই কথা লিখিতে হইবে।

Nothing in this section shall prevent the Officer in charge of the Custom House from sealing up, or otherwise securing, if he see reason for so doing, any portion of such cargo or ship's stores during the vessel's stay in Port

ঐ জাহাজ যত দিন বন্দরে থাকে, কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারক তত দিন উক্ত মালের কি জাহাজের ব্যবহার্য্য দ্রব্যের কোন অংশে মোহর দিযা রাখিবার কি অন্য প্রকারে রক্ষা করিবার কারণ জানিলে, এই ধারার কোন কথাক্রমে তাঁহার সেই কর্ম্ম করিতে বাধা হইবে না ইতি।

CHAPTER VII

Warehousing

৭ সপ্তম অধ্যায।

গুদামজাত করণ বিষয়ক বিধি।

Deposit of goods in warehouse without payment of duty

64 Any person who has imported any dutiable goods into any warehousing Port may deposit such goods, without payment of duty on the first entry thereof, in any public or private warehouse approved, appointed, or licensed under this Act

মাস্থল না দিয়া গুদামে মাল রাখিবার কথা।

৬৪ ধারা। যে বন্দরে মাল রাখিবার গুদাম থাকে কোন ব্যক্তি মাস্থলী কোন দ্রব্য আমদানী করিলে, ঐ মালের এণ্টরীকরণ সময়ে মাস্থল না দিয়া, এই আইনমতে অনুমোদিত কি নির্দ্ধারিত কি লাইসেন্সপ্রাপ্ত রাজকীয় কি ব্যক্তি বিশেষের কোন গুদামে গচ্ছিত করিয়া রাখিতে পারিবেন ইতি।

65 Every public warehouse appointed under section 13 shall be under the lock and key of a warehouse keeper appointed by the Chief Officer of Customs

Warehouse-keeper

৬৫ ধারা। ১৩ ধারামতে রাজকীয় যে প্রত্যেক গুদাম নির্দ্ধারিত হয় তাহার কুলুপচাবি কষ্টমের প্রধান কার্য্যকারকের নিযুক্ত গুদামরক্ষকের জিম্মায় থাকিবে।

গুদামরক্ষকের কথা।

The warehouse keeper shall to the extent provided in sections 70 and 82 and not otherwise, be responsible for the charge of all goods deposited in his warehouse and for their due reception therein and delivery therefrom

Responsibility of keeper

কোন গুদামরক্ষকের গুদামে যে সকল মাল গচ্ছিত থাকে ৭০ ও ৮২ ধারায় যত দূর বিধান হইয়াছে তিনি কেবল তত দূর পর্য্যন্ত ঐ মাল জিম্মা করিয়া লইবার ও তাহা উপযুক্তমতে গ্রহণ করিবার ও বাহির করিয়া দিবার নিমিত্ত দায়ী হইবেন প্রকারান্তরে নয় ইতি।

গুদামরক্ষকের দায়ের কথা।

66 The Chief Customs Authority, or such Officer of Customs as such Authority from time to time appoints in this behalf, may from time to time determine in what division of any public warehouse and in what manner, and on what terms, including rates of rent any goods and what sort of goods may be deposited without payment of duty on the first entry thereof

Chief Customs Authority to decide what goods may be deposited in public warehouse and on what terms

৬৬ ধারা। প্রথম এণ্টরী করণ সময়ে মাসুল না দিয়া যেং মাল ও যেং প্রকারের মাল রাজকীয় কোন গুদামের যে ভাগে ও যে প্রকারে ও যে হারের ভাড়া দিয়া যে নিয়মমতে গচ্ছিত করিতে হইবে কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সাহেব কিম্বা এতৎকার্য্যাপেক্ষে তিনি সময়েং কষ্টমের যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি ঐ সকল কথা স্থির করিবেন।

রাজকীয় গুদামে যে প্রকারের মাল যে নিয়মমতে গচ্ছিত হইবে কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সাহেবের তাহা নির্দ্ধার্য্য করিবার কথা।

A table of the rates of rent so fixed for every public warehouse shall be placed in a conspicuous part thereof

Table of rate of rent

প্রত্যেক রাজকীয় গুদামের নিমিত্ত ভাড়ার যে হার নির্দ্ধারিত হয় তাহার ফর্দ্দ ঐ গুদামের কোন প্রকাশ স্থানে রাখিতে হইবে ইতি।

যে হারে ভাড়া দিতে হইবে তাহার ফর্দ্দের কথা।

67 At any warehousing Port or place, the Chief Officer of Customs may license private warehouses for the reception of dutiable goods under this Act without payment of duty on the first entry thereof

Power to license private warehouses

৬৭ ধারা। যে বন্দরে কি স্থানে মাল রাখিবার গুদাম থাকে তথায় মাসুলী মাল প্রথম এণ্টরী করিবার সময়ে মাসুল না দিয়া যে গুদামে এই আইনমতে গ্রাহ্য হইতে পারে কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ কোন ব্যক্তির স্বকীয় এমত গুদামের লাইসেন্স দিতে পারিবেন।

ব্যক্তিবিশেষের গুদামের লাইসেন্স দিবার কথা।

Every license for a private warehouse so granted shall, unless it be otherwise provided in the license be liable to be revoked after one month's notice by the Chief Officer of Customs

Revocation of license

কোন ব্যক্তির স্বকীয় গুদামের নিমিত্ত যে লাইসেন্স দেওয়া যায় তন্মধ্যে প্রকারান্তরের বিধান না থাকিলে কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব এক মাস নোটিস দিয়া তাহা নিরস্ত করিতে পারিবেন ইতি।

লাইসেন্স রহিত করিবার কথা।

68 Every application for a license for a private warehouse shall be in writing, and shall be drawn up in the Form marked A hereto annexed or in such other form as is from time to time prescribed by the Chief Customs authority, and shall be signed by the applicant

Form of application for license

৬৮ ধারা। কোন ব্যক্তির স্বকীয় গুদামের নিমিত্ত লাইসেন্স পাইবার প্রার্থনা পত্র লিখিয়া দিতে হইবে। ও এই আইনের A চিহ্নিত পাঠানুসারে কিম্বা কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সময়েং অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন তাহা সেই পাঠে লেখা ও প্রার্থকের দ্বারা স্বাক্ষর করা যাইবে ইতি।

লাইসেন্স পাইবার নিমিত্ত প্রার্থনাপত্র লিখিবার পাঠের কথা।

69 Every application for the admission of goods into any public or private warehouse shall be in writing, and shall be drawn up in the Form marked B hereto annexed, or in such other form as is from time to time

Form of application for admission of goods into warehouse

৬৯ ধারা। রাজকীয় কি স্বকীয় গুদামঘরে মাল আনিয়া রাখিবার প্রার্থনা-পত্র লিখিয়া দেওয়া যাইবে। ও এই আইনের B চিহ্নিত পাঠানুসারে কিম্বা কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সময়েং অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন

গুদামে মাল আনিতে পাইবার প্রার্থনাপত্রের পাঠের কথা।

prescribed by the Chief Customs Authority, and shall be signed by the applicant

No goods to be warehoused without payment of duty unless assessed for Customs duty

70 No goods shall be warehoused unless they have been assessed for Customs duty in like manner as goods intended to be passed for home consumption

Public warehouse-keeper or license holder of private warehouse to be answerable for weight or gauge

The warehouse keeper in respect of goods lodged in a public warehouse, and the person who obtained the license in respect of goods lodged in a private warehouse, shall be answerable for the weight or gauge reported by the Custom House Officer who has assessed such goods allowance being made if necessary, for ullage and wastage as provided in section 84

Saving of re assessment of warehoused goods on clearance for home consumption.

Nothing in this section shall interfere with the re assessment for duty of warehoused goods on their clearance for home consumption, should an alteration of any duty or of any valuation for duty under such re assessment requisite with reference to the provisions of section 31

Bond under what circumstances to be taken Form and conditions of bond

71 When an application has been made for the warehousing of any goods under this Act, and when such goods have been assessed for duty as directed in section 70, the importer, owner, or consignee, or his agent shall execute a bond for the amount of such duty in the Form marked C hereto annexed or in such other form as is from time to time prescribed by the Chief Customs Authority

Every such bond shall relate to the duties chargeable on the cargo or portion of the cargo of one vessel only

Terms of bond to be executed

72 Every bond shall be for twice the amount of duty assessed on the goods to which it relates, and shall stipulate for the payment, on demand, of any sum due on account of any such goods, together with interest on such sum from the date of demand, at such rate, not exceeding six per cent per annum, as is fixed by the Chief Customs authority

সেই পাঠে লেখা ও প্রার্থকের দ্বারা স্বাক্ষর করা যাইবে ইতি।

কষ্টমের মাসুল ধার্য্য না হইলে মাসুল না দিয়া কোন মাল গুদামজাৎ করিতে না হইবার কথা।

৭০ ধারা। দেশে ব্যবহার হইবার নিমিত্ত যে মাল ছাড়াইয়া দিবার কল্পনা থাকে তাহার উপর কষ্টমের মাসুল যেরূপে ধার্য্য হইয়া থাকে, কোন মালের উপর সেইরূপে মাসুল ধার্য্য না হইলে তাহা গুদামজাৎ করা যাইতে পারিবে না।

পরিমাণের কি মাপের নিমিত্ত রাজকীয় গুদামরক্ষকের কিম্বা বিশেষ গুদামের লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির দায়ী হইবার কথা।

কষ্টম হৌসের কর্ম্মকারক যে মালের মাসুল ধার্য্য করেন তিনি সেই মালের যে পরিমাণের বা যে মাপের রিপোর্ট করিলেন, প্রয়োজনমতে ৮৪ ধারার বিধানানুসারে ঝড়তি ও পড়তি ধরিয়া, রাজকীয় গুদামজাৎ সেই মালের সেই পরিমাণের ও মাপের নিমিত্ত গুদামরক্ষক দায়ী ও কোন ব্যক্তির স্বকীয় গুদামজাৎ সেই মালের সেই পরিমাণের ও মাপের নিমিত্ত লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি দায়ী হইবেন।

গুদামজাৎ মাল দেশে ব্যবহার হইবার নিমিত্ত বাহির করিয়া লওয়া গেলে তাহার উপর পুনরায় মাসুল ধার্য্য করিবার কথা

কোন মাসুল পরিবর্ত্তন হওয়াতে কিম্বা মাসুলের নিমিত্ত দ্রব্যের নিরূপিত মূল্য পরিবর্ত্তন হওয়াতে যদি ৩১ ধারার বিধান লক্ষ করিয়া মাসুল পুনরায় ধার্য্য করিবার প্রয়োজন থাকে, তবে দেশে ব্যবহার হইবার জন্যে গুদামজাৎ মাল বাহির করিয়া লওনসময়ে এই ধারার কোন কথাতে তাহার উপর মাসুল পুনরায় ধার্য্য করিবার বাধা হইবে না ইতি।

যে ভাবগতিকে প্রতিজ্ঞাপত্র লওয়া যাইবে তাহার কথা ও ঐ পত্র লিখিবার পাঠের ও তাহার নিয়মের কথা।

৭১ ধারা। এই আইনমতে কোন মাল গুদামজাৎ করিবার প্রার্থনা হইলে, ও ৭০ ধারার আদেশমতে ঐ মালের মাসুল ধার্য্য হইলে পর আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কিম্বা তৎপক্ষে কর্ম্মকারক এই আইনের C চিহ্নিত পাঠে কিম্বা কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সময়ে২ অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে ঐ মাসুলের টাকার নিমিত্ত প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিবেন।

এক২ জাহাজের বোঝাই মালের কি মালের একাংশের উপর যে মাসুল লাগে তাহার নিমিত্ত এক২ প্রতিজ্ঞাপত্র লিখিয়া দেওয়া যাইবে ইতি।

প্রতিজ্ঞাপত্রের নিয়মের কথা।

৭২ ধারা। যে মালের সম্পর্কে প্রতিজ্ঞাপত্র কর যায় তাহার যত টাকা মাসুল ধার্য্য হইল, তাহার দ্বিগুণের নিমিত্ত প্রতিজ্ঞাপত্র লেখা যাইবে। তন্মধ্যে এই প্রতিজ্ঞা থাকিবে যে, উক্ত কোন মালের উপর যত টাকা পাওনা থাকে তাহার দাওয়া হইবামাত্র দেওয়া যাইবে, ও কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ বৎসর শত করা ছয় টাকার অনধিক হিসাবে যে সুদ ধার্য্য করেন ঐ দাওয়ার তারিখঅবধি ঐ টাকার উপর সেই হিসাবে সুদ চলিবে।

Every person executing any such bond shall be bound thereby for the payment of all duties, interest, and charges claimable on account of the goods, and of penalties incurred for violation of the Customs law in respect to the same

Period for which goods may remain warehoused under bond

73 When any such bond has been executed, the goods to which such bond relates shall be allowed to remain in warehouse for a period not exceeding three years, without being liable to the demand of import duty

Procedure in respect of goods to be warehoused

74 When the provisions of sections 69, 70, 71 and 72 have been complied with in respect to any goods, such goods shall be forwarded in charge of an Officer of Customs to the warehouse in which they are to be deposited

There shall be sent with the goods a pass in which the name of the importing vessel and of the bonder, the marks, numbers and contents of each package, and the warehouse or place in the warehouse wherein they are to be deposited, shall be specified

On receipt of the goods into the warehouse, the correctness of the pass, if it be correct, shall be duly certified by the proper officer, and the pass shall be returned to the Officer in charge of the Custom House, after which the warehousing of such goods shall be deemed to have been completed.

Packages, &c to be marked and numbered before admission into warehouse.

75. No package, butt, cask, or hogshead shall be admitted into any public or private warehouse unless it bear the marks and numbers specified in the pass for its admission.

Goods how warehoused.

76 All goods shall be warehoused in the packages, butts, casks, or hogsheads in which they have been imported, except as provided in section 81.

Power to cause packages lodged in warehouse to be opened and examined

77 The Officer in charge of the Custom House may at any time issue his written order to cause any goods or packages lodged in any public or private warehouse to be opened, weighed, or otherwise examined as he directs; and after any goods have been so opened or examined, may cause the same to be sealed or marked in such manner as he thinks fit

যে ব্যক্তি তদ্রূপ কোন প্রতিজ্ঞাপত্র লিখিয়া দেন, সেই মালের উপর যত মাসুলের ও সুদের ও খরচের দাওয়া হয় ও সেই মাল সম্পর্কে কষ্টমের কোন আইন লঙ্ঘন হওয়াতে যে অর্থদণ্ড দিতে হইবে, তিনি তাহা দিতে বদ্ধ হইবেন ইতি।

প্রতিজ্ঞাপত্রক্রমে বদ্ধ মাল যত দিন গুদামজাৎ হইয়া থাকিবে তাহার কথা।

৭৩ ধারা। তদ্রূপ কোন প্রতিজ্ঞাপত্র লিখিয়া দেওয়া গেলে পর, তাহা যে মাল সম্পর্কীয় হয় সেই মালের উপর আমদানীর মাসুলের দাওয়া না হইয়া তাহা তিন বৎসরের অনধিক কাল গুদামে থাকিতে পাইবে ইতি।

যে মাল গুদামজাৎ করা যাইবে তদ্বিষয়ের কার্য্যপ্রণালীর কথা।

৭৪ ধারা। কোন মালের বিষয়ে ৬৯, ৭০, ৭১ ও ৭২ ধারার বিধানমতে কার্য্য করা গেলে পর, সেই মাল যে গুদামে রাখিতে হইবে কষ্টমের কোন কর্ম্মকারকের জিম্মায় সেই গুদামে চালান করা যাইবে।

সেই মালের সঙ্গে ছাড়পত্রও পাঠাইতে হইবে। যে জাহাজদ্বারা ঐ মালের আমদানী হয় তাহার নাম ও প্রতিজ্ঞাপত্রকারকের নাম, ও প্রত্যেক বাক্স প্রভৃতির উপর যে চিহ্ন ও নম্বর থাকে ও তন্মধ্যে যে প্রকারের মাল আছে ও তাহা যে গুদামে ও গুদামের যে স্থানে রাখিতে হইবে এই সকল কথা ঐ ছাড়পত্রে লেখা থাকিবে।

মাল গুদামে পঁহুছিলে ঐ ছাড়পত্রের কথা ঠিক হইলে উপযুক্ত কর্ম্মকারক রীতিমতে ঠিক বলিয়া তাহার সর্টিফিকট লিখিবেন ও ঐ ছাড়পত্র কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারকের নিকট ফিরিয়া পাঠান যাইবে। তাহার পর ঐ মাল গুদামজাৎ করণকার্য্য সম্পাদন হইল বলিয়া জ্ঞান হইবে ইতি।

গুদামে লইবার পূর্ব্বে বাক্সপ্রভৃতিতে চিহ্ন ও নম্বর দিবার কথা।

৭৫ ধারা। মাল গ্রাহ্য করিবার ছাড়পত্রে যে২ চিহ্ন ও নম্বর নির্দ্দিষ্ট থাকে, কোন বস্তাদিতে কি পিপায় সেই চিহ্ন ও নম্বর না থাকিলে তাহা রাজকীয় কি কোন ব্যক্তির স্বকীয় গুদামে গ্রাহ্য হইবে না ইতি।

মাল যে প্রকারে গুদামজাৎ করা যাইবে তাহার কথা।

৭৬ ধারা। যে বাক্সপ্রভৃতিতে কি যে২ পিপা করিয়া মালের আমদানী হইল, ৮১ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন, তাহা সেই২ বাক্স প্রভৃতিতে গুদামজাৎ করা যাইবে ইতি।

গুদামে যে বাক্সপ্রভৃতি রাখা গেল তাহা খুলিয়া দেখিবার ক্ষমতার কথা।

৭৭ ধারা। রাজকীয় কি কোন ব্যক্তির স্বকীয় গুদামে যে কোন মাল কি বাক্সপ্রভৃতি রাখা যায়, কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক কোন সময়ে আপনার আদেশমতে সেই বাক্সপ্রভৃতি খুলিবার বা ওজন করিবার বা প্রকারান্তরে দেখিয়া লইবার আজ্ঞাপত্র প্রচার করিতে পারিবেন। ও কোন মাল তদ্রূপে খুলিয়া দেখা গেলে পর যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপেই তাহা মোহরাঙ্কিত করাইবেন কি তাহাতে চিহ্ন দেওয়াইবেন।

When any goods have been so sealed and marked after examination, they shall not be again opened without permission from the Officer in charge of the Custom House, and when any such goods are opened with the permission of such Officer, the packages shall if it seems fit to such Officer, again be sealed or marked as before

Access of Customs Officer to private warehouse

78 The Officer in charge of the Custom House, or any Officer deputed by him for the purpose shall have access to any private warehouse licensed under this Act

When bond for duty on goods in private warehouse may be sued on

79 Every bond executed for duty chargeable on goods deposited in any private warehouse shall become due and may be put in suit for the levy of such duties and other demands of Customs after seven days have passed from the date on which the Officer in charge of the Custom House has given notice that the license for such warehouse is withdrawn

Access of owners to warehoused goods

80 Any importer, owner, or consignee of goods lodged in a public or private warehouse under this Act, or the agent of any such importer, owner, or consignee shall, at any time within the hours of business, have access to his goods in presence of an Officer of Customs, and an Officer of Customs shall be deputed to accompany any such person upon application for the purpose being made in writing to the Officer in charge of the Custom House

When an Officer of Customs is deputed as above, the person making the application shall, if required so to do, pay into the hands of the Officer in charge of the Custom House a sum sufficient to meet the expense of employing a special Officer for this purpose, whenever the Officer in charge of the Custom House finds it expedient to employ such special Officer

Goods in warehouse may be sorted, repacked, &c. by owner, &c.

81 With the sanction of the Officer in charge of the Custom House, and after such notice given, and under such rules and conditions as the Chief Customs Authority from time to time prescribes, it shall be lawful for any

কোন মাল দেখিয়া লইবার পরে তদ্রূপে মোহরাঙ্কিত করা ও তাহাতে চিহ্ন দেওয়া গেলে পর, কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারকের অনুমতি বিনা তাহা আবার খোলা যাইবে না। ঐ কার্য্যকারকের অনুমতি মতে খোলা গেলেও তিনি উচিত বোধ করিলে পূর্ব্ববৎ তাহা মোহরাঙ্কিত করা যাইবে ও তাহাতে চিহ্ন দেওয়া যাইবে ইতি।

কোন ব্যক্তির স্বকীয় গুদামে কষ্টমের কার্য্যকারকদের যাইতে পারিবার কথা।

৭৮ ধারা। এই আইনমতে কোন ব্যক্তির স্বকীয় যে গুদামের লাইসেন্স দেওয়া যায়, কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক কিম্বা এতৎ কার্য্যপক্ষে তাঁহার প্রেরিত কোন কর্ম্মকারক সেই গুদামে যাইতে পারিবেন ইতি।

কোন ব্যক্তির স্বকীয় গুদামে রাখা মালের উপর মাস্থুলের প্রতিজ্ঞাপত্র ধরিয়া যে স্থলে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে তাহার কথা।

৭৯ ধারা। কোন ব্যক্তির স্বকীয় যে গুদামে মাল রাখা যায়, কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক সেই গুদামের লাইসেন্স রহিত হওয়ার নোটিস দিলে, সেই নোটিসের তারিখ অবধি সাত দিন গত হইলে পর সেই মালের উপর মাস্থুলের প্রত্যেক প্রতিজ্ঞাপত্রের উল্লিখিত টাকা দেনা পড়িবে, ও ঐ মাস্থুল ও কষ্টমের অন্যং দাওয়াব আদায়ের নিমিত্ত ঐ প্রতিজ্ঞাপত্রের উপর মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

গুদামজাৎ মালের স্বামীদের ঐ গুদামে যাইতে পারিবার কথা।

৮০ ধারা। এই আইনমতে রাজকীয় কি কোন ব্যক্তির স্বকীয় গুদামে যে মাল রাখা যায়, সেই মালের আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কিম্বা তাঁহার সপক্ষ কর্ম্মকারক কার্য্যচলনের সময়ের মধ্য কোন সময়ে কষ্টমের কোন কর্ম্মকারকের সাক্ষাৎ আপন মালের কাছে যাইতে পারিবেন। ও কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারকের নিকট এতদ্বিষয়ের প্রার্থনাপত্র লিখিয়া দেওয়া গেলে তাঁহার সঙ্গে যাইবার নিমিত্ত কষ্টমের কোন কর্ম্মকারককে নিযুক্ত করা যাইবে।

কষ্টমের কোন কর্ম্মকারককে তদ্রূপে নিযুক্ত করিতে হইলে যদি কষ্টমহৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক বিশেষ কোন কর্ম্মকারককে নিযুক্ত করা বিহিত বোধ করেন, তবে সেই কার্য্যে বিশেষ কর্ম্মকারককে নিযুক্ত করিবার যত খরচ কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারকের বিবেচনায় উপযুক্ত হয়, ঐ প্রার্থকের নিকট আদেশ হইলে তিনি তাঁহার হস্তে ঐ খরচ দিবেন ইতি।

মালের স্বামী প্রভৃতির গুদামজাৎ মাল সাজাইতে বা পুনরায় বস্তাদিতে বাঁধিতে পারিবার কথা।

৮১ ধারা। কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারকের অনুমতি পাওয়া গেলে, ও কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সময়েং যে নোটিস দিবার আজ্ঞা করেন সেই নোটিস দেওয়া গেলে, ও

,mporter, owner or consignee of goods, or his agent, either before or after warehousing,

(*a*) to sort, separate pack, and repack any goods, and to make such alterations therein as may be necessary for the preservation, sale ship ment or disposal thereof (such goods to be re packed in the packages in which they were imported or in such other packages as the Officer in charge of the Custom House permits),

(*b*) to fill up any casks of wine, spirits, or beer from any casks of the same secured in the same warehouse

(*c*) to mix any wines of the same sort, erasing from the cask all import brands, unless the whole of the wine so mixed be of the same brand,

(*d*) to take such samples of goods as may be allowed by the Officer in charge of the Custom House, with or without entry, and with or without payment of duty, except as the same may even tually become payable on a deficiency of the original quantity

and after such goods have been so separated and repacked in proper or approved packages, the Officer in charge of the Custom House may, at the request of the importer, owner, or consignee of such goods or his agent, cause or permit any refuse, damaged, or surplus goods remaining after such separation or repacking (or, at the like request, any goods which may not be worth the duty) to be destroyed, and may remit the duty payable thereon

যেং বিধির ও নিযমের বিধান করেন, মালের কোন আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কি তৎপক্ষ কর্ম্মকারক ঐ মাল গুদামজাৎ করিবার পুর্ব্বে বা পরে সেইং বিধি ও নিযমানুসারে এইং কার্য্য কবিতে পারিবেন,

(ক) ঐ মাল সাজাইযা রাখিতে কি স্বতন্ত্র করিতে কি বস্তাদিতে বাঁধিতে কি পুনরায বাঁধিতে কিম্বা মাল রক্ষা কি বিক্রয করিবার কিম্বা জাহাজে তুলিবার কি হস্তান্তর কবিবাব জন্যে তাহার যেরূপ পরিবর্ত্তন করা আবশ্যক তাহা কবিতে পারিবেন। (ঐ মাল যে বাক্সপ্রভৃতি করিযা আমদানী হইয়াছিল তাহার মধ্যে কিম্বা কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক অন্য যে বাক্সাদিতে বদ্ধ করিতে দেন তন্মধ্যে পুনবায বদ্ধ করিয়া রাখিতে হইবে।)

(খ) সেই গুদামে গচ্ছিত কোন পীপাহইতে ওয়াইন কি উগ্র শবাব কি বীর শবাব বাহির করিয়া অন্য পীপায ভরিয়া দিতে পাবিবেন।

(গ) আমদানীব সকল চিহ্ন উঠাইযা একি প্রকারের ওযাইন মিশ্রিত কবিতে পারিবেন। কিন্তু তদ্রূপে যেং ওযাইন মিশ্রিত হয তাহা একি প্রকারের চিহ্নযুক্ত হইলে ঐ আমদানীর চিহ্ন তুলিয়া ফেলিতে হইবে না।

(ঘ) কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক মালেব যেং নমুনা লইতে দেন, এণ্টরী কবিযা বা না কবিযা ও মাস্থল দিয়া বা না দিযা সেই নমুনা লইতে পারিবেন, কিন্তু প্রথমে যে পরিমাণের দ্রব্য গুদামে রাখা গেল তাহাব ন্যূনতাহেতুক যে মাস্থল দেনা পড়ে তাহা দিবেন।

ও সেই মাল তদ্রূপে পৃথক করা গেলে, ও উপযুক্ত কিম্বা অনুমোদিত বাক্সপ্রভৃতিতে পুনরায বদ্ধ করা গেলে পর, ঐ পৃথককরণ কি পুনরায বদ্ধ করণের পব ঐ মালের যে উচ্ছিষ্ট ভাগ পড়িয়া থাকে কিম্বা তাহার যে অংশ নষ্ট হইল কি অবশিষ্ট থাকে ঐ মালেব আমদানীকারকের কি স্বামিব কি কানসাইনীর কিম্বা তৎপক্ষ কর্ম্মকারকের অনুরোধে কষ্টম হৌসেব অধ্যক্ষতা ভাবপ্রাপ্ত কার্য্যকারক সেই উচ্ছিষ্ট কি নষ্ট করা কি অবশিষ্ট ভাগ কিম্বা তুচ্ছ বলিয়া আর যে দ্রব্যের উপব মাস্থল লওযার প্রয়োজন নাই উক্ত ব্যক্তির অনুরোধে তাহাও নষ্ট করাইতে কি করিবার অনুমতি দিতে পারিবেন ও তাহাব উপর যে মাস্থল দেনা থাকে তাহা ক্ষমা করিতে পারিবেন ইতি।

Compensation for loss or injury not admissible, except in case of proved wilful neglect &c

82 No importer, owner or consignee of goods shall be entitled to claim from the Officer in charge of the Custom House, or from any keeper of a public warehouse, compensation for any loss or injury occurring to such goods while they are being passed into or out of such warehouse, or while they remain therein, unless it be proved that such loss or injury was occasioned by the wilful act or neglect of the warehouse-keeper or of an Officer of Customs

ইচ্ছাপূর্ব্বক তাচ্ছল্যাদির প্রমাণ না হইলে হানি কি ক্ষতি পূরণার্থ টাকা না দিবার কথা।

৮২ ধারা। মাল গুদামে লইয়া যাওন কি গুদামহইতে বাহির করণ কিম্বা তথায় থাকন সময়ে তাহার কোন ক্ষতি কি হানি হইলেও গুদামরক্ষকের কিম্বা কষ্টমের কোন কর্ম্মকারকের স্বেচ্ছাপূর্ব্বক কোন কার্য্য কিম্ব তাচ্ছল্যহেতুক সেই ক্ষতি কি হানি হওয়ার প্রমাণ করা না গেলে ঐ মালের আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারকের নিকটে কিম্বা রাজকীয় গুদামের রক্ষকের নিকটে ঐ ক্ষতি কি হানিপূরণের দাওয়া করিতে পারিবেন না ইতি।

83 If any goods warehoused or entered to be warehoused, or entered to be delivered from a warehouse are lost or destroyed by unavoidable accident or delay either on board of any vessel, or in landing or during receipt into the warehouse, or in the warehouse, the Chief Customs Authority may remit the duties due thereon, or return them if paid

Power to remit duties on warehoused goods lost or destroyed

Provided that, if any goods be so destroyed in a private warehouse notice thereof be given to the Officer in charge of the Custom House within forty eight hours after the discovery of such destruction

If goods lodged in a warehouse receive damage through unavoidable accident, they shall be reassessed for duty according to their actual value, and a new bond for the same shall be executed for the unexpired term of warehousing

and if goods are damaged duty to be levied on actual value

84 The import duty on all goods shall be settled on the quantity or value thereof, as the case may be, registered at the time of importation, without any deduction whatever

Import duty to be on quantity or value registered at time of importation

Provided that, if it appear, at the time of clearing any wines, spirits, beer or salt from any warehouse, that a deficiency exists, an allowance (on account of ullage and wastage) shall be made in adjusting the duties thereon to an extent not exceeding the rates specified below, or in such table as may from time to time be prescribed in this behalf by the Local Government and notified in the official Gazette.

Proviso as to wines spirits beer or salt

Rates of ullage or wastage in respect to Wines Spirits and Beer in cask

For any time not exceeding			6 months	2½ per cent.
Exceeding 6 months and not exceeding			12 ,,	5
Ditto	12 ditto	ditto	18	7½
Ditto	18 ditto	ditto	2 years	10
Ditto	2 years and	ditto	3	12½

When salt is warehoused in a Government gola or store-house under charge of a Government Officer duty of Customs shall be chargeable only on the amount actually cleared

[*Government Gazette, 9th January* 1877]

৮৩ ধারা। কোন মাল গুদামজাৎ করা গেলে, কিম্বা গুদামজাত করিবার নিমিত্ত এন্টর করা গেলে কিম্বা গুদামহইতে বাহির করিয়া দিবার নিমিত্ত এন্টর করা গেলে, যদি জাহাজে কি নৌকায় থাকিতে কিম্বা নামাইয়া দেওন কিম্বা গুদামে লওন সময়ে কি গুদামে থাকিতে অনিবার্য্য কোন ঘটনাদ্বারা কি বিলম্বের দ্বারা তাহা হারাণ যায় কি নষ্ট হয়, তবে তাহার উপর যে মাস্থল পাওনা থাকে, কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ তাহা ক্ষমা করিতে পারিবেন কিম্বা পূর্ব্বে দেওয়া গিয়া থাকিলে ফিরিয়া দিতে পারিবেন।

গুদামজাৎ মাল হারাণ কি নষ্ট হইলে মাস্থল ক্ষমা হইতে পারিবার কথা।

পরন্তু কোন ব্যক্তির স্বকীয় গুদামে কোন মাল তদ্রূপে নষ্ট হইলে তাহা নষ্ট হওযার সন্ধান জানিবার পর আট চল্লিশ ঘণ্টাব মধ্যে কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারককে তদ্বিষয়ের নোটিস দিতে হইবে।

অনিবার্য্য কোন ঘটনার দ্বাবা গুদামজাৎ মালের হানি হইলে, তাহার যথার্থ মূল্য ধরিয়া তাহার উপর মাস্থল পুনরায় ধার্য্য হইবে, ও গুদামজাৎ থাকিবার অবশিষ্ট কালের নিমিত্ত ঐ মাস্থলের নূতন প্রতিজ্ঞাপত্র লেখা যাইবে ইতি।

মালের হানি হইলে তাহার প্রকৃত মূল্যের উপর মাস্থল লওয়ার কথা।

৮৪ ধাবা। আমদানী করণ সময়ে মালের যে পরিমাণ কিম্বা বিষয়বিশেষে যে মূল্য রেজিষ্টরী করা যায় তাহাহইতে কিছু মাত্র বাদ না দিয়া তাহার উপর আমদানীর মাস্থল ধরা যাইবে।

আমদানী করণ সময়ে মালের যে পরিমাণ কি যে মূল্য রেজিষ্টরী করা যায় তদনুসারে আমদানীর মাস্থল ধরিবার কথা।

কিন্তু কোন গুদামহইতে ওয়াইন কি উগ্র শরাব কি বীর শরাব কি লবণ বাহির করিয়া লওনসময়ে যদি তাহার কিছু ন্যূনতা দেখা যায়, তবে তাহার উপর মাস্থলের হিসাব নিষ্পত্তি করিতে গেলে ঝড়তি ও পড়তি বলিয়া নিম্নলিখিত হারের অনধিক হারে, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ এতৎপক্ষে যে ফর্দ্দ নির্দ্দিষ্ট করিয়া স্থানীয় গেজেটে প্রকাশ করেন তাহার অনধিক হারে, বাদ দেওযা যাইবে।

ওয়াইন ও উগ্র শরাব ও বীর শরাব ও লবণের বিষয়ে উপবিধি।

পিপাতে বদ্ধ ওয়াইন ও উগ্র শরাব ও বীর শরাবের ঝড়তির ও পড়তির হার।

৬ মাসের অনধিক কোন সময়ের নিমিত্ত	শতকরা	২॥	অংশ।
৬ মাসের অধিক ও ১২ মাসের অনধিক সময়ের নিমিত্ত	ঐ	৫	ঐ।
১২ মাসের অধিক ও ১৮ মাসের অনধিক সময়ের নিমিত্ত	ঐ	৭॥	ঐ।
১৮ মাসের অধিক ও ২ বৎসরের অনধিক সময়ের নিমিত্ত	ঐ	১০	ঐ।
২ বৎসরের অধিক ও ৩ বৎসরের অনধিক সময়ের নিমিত্ত	ঐ	১২॥	ঐ।

গবর্ণমেণ্টের গোলায় কিম্বা গবর্ণমেণ্টের কার্য্যকারকের জিম্মায় থাকা কোন গোলায় লবণ গোলাজাৎ থাকিলে প্রকৃতই যত লবণ বাহির করিয়া লওয়া যায় কেবল তাহারই উপর কষ্টমের মাস্থল লওয়া যাইবে।

The rate of wastage to be allowed in adjusting the duties on salt warehoused in a private gola or store house shall be prescribed from time to time by the Local Government and notified in the official Gazette

কোন ব্যক্তির স্বকীয় গোলায় যে লবণ রাখা যায় তাহার মাস্তুলের হিসাব নিষ্পত্তি করিতে গেলে শুক্তি বলিয়া যত বাদ দিতে হইবে তাহা স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং নির্দ্দিষ্ট করিয়া রাজকীয় গেজেটে প্রকাশ করিবেন ইতি।

85 When any Wines, Spirits, Beer or Salt lodged in a private ware house are found to be deficient at the time of the delivery therefrom and if such deficiency is proved to be due solely to ullage or wastage the Chief Customs Authority may direct, in respect to any such article and for the purposes of this section that allowance be made in any special case for a rate of ullage or wastage exceeding that contemplated in section 84

Allowance for ullage or wastage in case of wines &c lodged in private warehouse

৮৫ ধারা। কোন ওয়াইন কি উগ্র শরাব কি বীর শরাব কি লবণ কোন ব্যক্তির স্বকীয় গুদামে রাখা গেলে, ও গুদামহইতে বাহির করণ সময়ে তাহার কিছু ন্যূনতা দেখা গেলে ও কেবল ঝাড়তি কি শুক্তি হেতুক ঐ ন্যূনতা হইল ইহার প্রমাণ করা গেলে, ৮৪ ধারায় ঝাড়তি ও শুক্তি বলিয়া যে হারে বাদ দিবার অনুমতি হইল কষ্টমের প্রধান কর্তৃপক্ষ ঐ দ্রব্যের বিষয়ে ও এই ধারার কার্য্যপক্ষে কোন বিশেষ স্থলে তদধিক হারে বাদ দিবার আদেশ করিতে পারিবেন ইতি।

ওয়াইন প্রভৃতি কোন ব্যক্তির স্বকীয় গুদামে রাখা গেলে ঝড়তির কি শুক্তির নিমিত্ত যাহা বাদ দেওয়া যাইবে তাহার কথা।

86 No goods shall be removed from any warehouse except after application to the officer in charge of the Custom House for permission to pass the goods for exportation by sea to some Foreign Port or place

or for home consumption in like manner as is prescribed by section 59 for goods entered for home consumption on the landing thereof

or for removal to another warehouse, as provided in sections 93 94 95 and 96

Goods are not to be removed from warehouse except after application to Officer in charge of Custom House

৮৬ ধারা। কষ্টমহৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের নিকট সমুদ্র পথে ভিন্নদেশীয় কোন বন্দরে কি স্থানে রপ্তানী করিবার জন্যে

কিম্বা মাল জাহাজহইতে নামাইবার সময়ে দেশে ব্যবহার হইবার জন্যে ৫৯ ধারায় এণ্টর করিবার যে বিধান আছে তদনুসারে দেশে ব্যবহার হইবার জন্যে

কিম্বা ৯৩ ৯৪ ৯৫ ও ৯৬ ধারার বিধানমতে অন্য গুদামে লইয়া যাইবার নিমিত্ত মাল ছাড়িয়া দিবার প্রার্থনা না হইলে তাহা কোন গুদামহইতে বাহির করিয়া লওয়া যাইবে না ইতি।

কষ্টমহৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের নিকট প্রার্থনা না করিলে গুদামহইতে মাল স্থানান্তর না করিবার কথা।

87 Application to remove goods from any warehouse shall be made in the Form marked D hereto annexed or in such other form as the Chief Customs Authority from time to time prescribes

Form of application for removal of goods

৮৭ ধারা। কোন গুদামহইতে মাল বাহির করিয়া লইবার প্রার্থনাপত্র এই আইনের তফসীলের D চিহ্নিত পাঠে কিম্বা কষ্টমের প্রধান কর্তৃপক্ষ সময়েং অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে লিখিতে হইবে।

মাল স্থানান্তর করিবার প্রার্থনাপত্রের পাঠের কথা।

Such application shall ordinarily be made to the Officer in charge of the Custom House twenty four hours before it is intended so to remove such goods

Twenty four hours notice to be given

ঐ মাল যে সময়ে বাহির করিয়া লইবার কল্পনা থাকে সচরাচর তৎপূর্ব্বে চব্বিশ ঘণ্টা থাকিতে কষ্টমহৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারককে ঐ প্রার্থনাপত্র দিতে হইবে ইতি।

চব্বিশ ঘণ্টার নোটিস দিতে হইবার কথা।

88 If any goods are taken out of any warehouse otherwise than as is provided in this Act the bonder shall forthwith pay the duties due upon such goods

Immediate payment of duty on goods improperly taken out of warehouse

৮৮ ধারা। এই আইনে গুদামহইতে বাহির করিয়া লইবার যে বিধান আছে তদ্ভিন্ন কোন প্রকারে বাহির করিয়া লওয়া গেলে ঐ মালের উপর যে মাস্তুল দেনা থাকে প্রতিজ্ঞাপত্রকারী তৎক্ষণাৎ সেই মাস্তুল দিবেন ইতি।

মাল অনুপযুক্তমতে গুদামহইতে বাহির করিয়া লওয়া গেলে তৎক্ষণাৎ মাস্তুল দিতে হইবার কথা।

89 The expenses of carriage packing, and stowage of goods on their reception into or removal from a warehouse shall if paid by the Officer in charge of the Custom House or by the warehouse keeper, be chargeable on

Expenses of carriage, packing &c. to be borne by owners.

৮৯ ধারা। কোন মাল গুদামে গ্রাহ্য হওন কি গুদামহইতে বাহির করিয়া লওন সময়ে তাহার বহনের ও বস্তাবন্দীর ও রাখণের যে খরচ হয়, কষ্টমহৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারক কিম্বা গুদাম

মাল বহন ও বস্তাবন্ধন প্রভৃতির খরচ স্বামির দিতে হইবার কথা।

the goods, and be defrayed by the importer, owner, or consignee, in like manner as the duties of Customs

90 If goods be lodged in a public warehouse, the importer owner or consignee shall further pay monthly on receiving a bill or written demand for the same from the ware house keeper, the rent and warehouse dues

Payment of rent and warehouse dues.

If any such bill for rent or warehouse dues be not discharged within ten days from the date of presentation the Officer in charge of the Custom House may in liquidation of such demand (any transfer or assignment of the goods notwithstanding), cause to be sold by public auction after due notice in the official Gazette such sufficient portion of the goods as he may select

In case of failure goods may be sold &c

Out of the proceeds of such sale the Officer in charge of the Custom House shall first satisfy the demand for the liquidation of which the sale was ordered and shall then pay over the surplus, if any, to the importer owner or consignee

Disposal of proceeds.

Provided that application for the same be made within one year from the sale of the goods or that good reason be shown why such application was not so made

91 If any goods warehoused as provided in this Act are removed or taken from the warehouse otherwise than for removal to another warehouse as provided in sections 93, 94 95 and 96, or for exportation by sea to some Foreign Port or place

On goods being removed otherwise than for export &c full duty to be paid

or if any goods have not been cleared from the warehouse and so exported at the expiration of the time during which such goods are permitted by this Act to remain in warehouse

the Officer in charge of the Custom House shall thereupon demand the full amount of import duty which is chargeable on account of such goods, together with all charges or penalties due on account of them

But if any goods so warehoused are before the expiration of the time last mentioned removed or taken from the warehouse for removal to another warehouse as provided in sections 93 to 96 inclusive or for exportation by sea to some Foreign Port or place, no duty shall be chargeable

রক্ষক ঐ খরচ দিয়া থাকিলে, ঐ মালের উপর ঐ খরচার দায় বর্ত্তিবে ও আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কষ্টমের মাসুলের ন্যায় ঐ খরচ দিবেন ইতি।

৯০ ধারা। রাজকীয় গুদামে মাল রাখা গেলে গুদামরক্ষক মাসে২ ভাড়ার ও গুদামের প্রাপ্যের বিল বা দাবীপত্র দিলে, আমদানীকারক কি স্বামী কি কানসাইনী সেই বিলের টাকা দিবেন।

ভাড়া ও গুদামের পাওনা দিবার কথা।

ভাড়ার কি গুদামের প্রাপ্যের ঐ বিল দেওযা গেলে পর দশ দিনের মধ্যে তাহার টাকা না দেওয়া গেলে, (ঐ মাল হস্তান্তর কি নিরূপণ করণপত্র থাকিলেও) কষ্টমহৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক রাজকীয় গেজেটে উপযুক্ত নোটিস প্রকাশ করিয়া ঐ দাওযার পরিশোধে মালের উপযুক্ত যে অংশ মনোনীত করেন তাহা নিলামে বিক্রয় করাইতে পারিবেন।

না দিলে মাল বিক্রয়াদি হইতে পারিবার কথা।

যে ঋণ শোধ করিবার নিমিত্ত মাল বিক্রয় করণের আজ্ঞা হয়, কষ্টম হৌসের অধ্যক্ষতা ভার প্রাপ্ত কার্য্যকারক ঐ বিক্রয়োৎপন্ন টাকাহইতে প্রথমে সেই ঋণ শোধ করিবেন ও উদ্বর্ত্ত থাকিলে আমদানীকারককে কি স্বামিকে কি কানসাইনীকে দিবেন।

বিক্রয়োৎপন্ন টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।

কিন্তু বিক্রয় হইবার পর এক বৎসরের মধ্যে ঐ উদ্বর্ত্ত টাকা পাইবার প্রার্থনা করিতে হইবে, কিম্বা সেই সময়ের মধ্যে প্রার্থনা না করিবার বিশিষ্ট কারণ দেখাইতে হইবে ইতি।

৯১ ধারা। কোন মাল এই আইনমতে গুদামজাৎ হইলে পর ৯৩ ৯৪ ৯৫ ও ৯৬ ধারার বিধানমতে অন্য গুদামে লইয়া যাওনের কিম্বা সমুদ্রপথে ভিন্নদেশীয় কোন বন্দরে কি স্থানে প্রেরণকরণের কারণভিন্ন কোন কারণে স্থানান্তর করা কি লওযা গেলে

রপ্তানী করণভিন্ন কোন কারণে মাল বাহির করিয়া লওয়া গেলে সম্পূর্ণ মাসুল দিতে হইবার কথা।

কিম্বা এই আইনমতে মাল যত দিন গুদামে রাখিতে অনুমতি থাকে তত দিন গত হইলেও কোন মাল গুদামহইতে বাহির করিয়া সেই প্রকারে ভিন্নদেশে পাঠান না গেলে

ঐ মালের উপর আমদানীর যত মাসুল লওয়া যাইতে পারে কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারক সেই সম্পূর্ণ মাসুলের ও ঐ মালের উপর দেয় সকল খরচের ও দণ্ডের দাওয়া করিতে পারিবেন।

কিন্তু তদ্রূপে গুদামজাৎ কোন মাল শেষোক্ত মিয়াদ গত হইবার পূর্ব্বে ৯৩ অবধি ৯৬ পর্য্যন্ত সকল ধারার বিধানমতে অন্য গুদামে রাখিবার জন্যে কিম্বা সমুদ্রপথে ভিন্নদেশীয় কোন বন্দরে বা স্থানে প্রেরণ করিবার জন্যে ঐ গুদামহইতে স্থানান্তর করা বা বাহির করা গিয়া থাকিলে, তাহার উপর কোন মাসুল লওয়া যাইবে না ইতি।

92 If any importer owner or consignee fails to pay any duty or penalty that falls due on account of goods warehoused under this Act the Officer in charge of the Custom House may either proceed upon the bond executed by such importer owner or consignee or may cause such portion as to him seems fit of the warehoused goods on account of which the duty or penalty is demanded to be detained in satisfaction thereof,

Procedure on failure to pay duty

and if the demand be not discharged within ten days from the date of such detention (due notice thereof being given to the importer owner or consignee), the goods so detained shall be liable to be sold by public auction in satisfaction of the demand, after due notice in the Official Gazette

The proceeds of any sale so made of goods so detained shall be written off upon the bond in discharge thereof to the amount received less the charges of the sale and if any surplus be obtained from such sale beyond the amount of the demand such surplus shall be paid over to the importer owner or consignee of the goods Provided that application for the same be made within one year from the sale or that good reason be shown why such application was not so made

No transfer or assignment of goods shall prevent the Officer in charge of the Custom House from proceeding against such goods in the manner above provided for any demand of Customs duties or penalty claimed thereon

93 Any importer owner or consignee of goods warehoused under this Act or any agent of such importer owner or consignee may with the permission of the Chief Officer of Customs and on such conditions and after giving such security as the Chief Customs Authority directs, remove goods from one public or private warehouse to another warehouse in the same Port

Power to remove goods from one warehouse to another

When any person desires so to remove any goods, he shall make application in the Form marked E hereto annexed or in such other form as the Chief Customs Authority from time to time prescribes

৯২ ধারা। এই আইনমতে যে মাল গুদামজাৎ করা যায় তাহার জন্যে মাসুলের কি দণ্ডের টাকা দিতে হইলেও, আমদানীকারক কি স্বামী কি কানসাইনী তাহা না দিলে, কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক ঐ আমদানীকারকের কি স্বামির কি কানসাইনীর লিখিত প্রতিজ্ঞাপত্রের উপর কার্য্যানুষ্ঠান করিতে পারিবেন কিম্বা গুদামজাৎ যে মালের নিমিত্ত ঐ মাসুলের কি দণ্ডের টাকার দাওয়া হয় তাহার যে অংশ বিহিত বোধ করেন ঐ টাকার পরিশোধার্থে সেই অংশ আটক করাইয়া রাখিতে পারিবেন।

মাসুল না দিলে কার্য্যপ্রণালীর কথা।

ও আমদানীকারককে কি স্বামিকে কি কানসাইনীকে ঐ আটক রাখিবার উপযুক্ত নোটিস দেওয়া গেলেও আটক রাখিবার তারিখ অবধি দশ দিনের মধ্যে ঐ দাওয়ার শোধ না হইলে রাজকীয় গেজেটে উপযুক্ত নোটিস দিয়া ঐ দাওয়ার পরিশোধে সেই আটক করা দ্রব্য নীলামে বিক্রয় হইতে পারিবে।

তদ্রূপে আটক করা মাল তদ্রূপে বিক্রয় হইলে যে টাকা পাওয়া যায় তাহাহইতে নীলামের খরচ বাদ দিয়া যত টাকা থাকে ঐ প্রতিজ্ঞাপত্রের উপর তত টাকা পরিশোধ হইল বলিয় লেখা যাইবে। বিক্রয় হইয়া ঐ দাওয়ার টাকার অধিক টাকা পাওয়া গেলে তাহা ঐ মালের আমদানীকারককে কি স্বামিকে কি কানসাইনীকে দেওয়া যাইবে। কিন্তু বিক্রয় হইবার পর এক বৎসরের মধ্যে ঐ টাকা পাইবার প্রার্থনা করিতে হইবে কিম্বা তৎকালের মধ্যে প্রার্থনা না করিবার বিশিষ্ট কারণ দেখাইতে হইবে।

মাল হস্তান্তর কি নিরূপণ করা গেলেও তাহার উপর কষ্টমের মাসুলের কি দণ্ডের টাকার কোন দাওয়া হেতুক কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারকের ঐ মাল লইয়া পূর্ব্বোক্ত বিধানমতে কার্য্য করিবার বাধা হইবে না। ইতি।

৯৩ ধারা। এই আইনমতে গুদামজাৎ মালের কোন আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কিম্বা সেই আমদানীকারকের কি স্বামীর কি কানসাইনীর সপক্ষ কর্ম্মকারক কষ্টমের প্রধান কার্য্যকারকের অনুমতি লইয়া, ও কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষের নির্দ্ধারিত নিয়মানুসারে ও তাঁহার আদেশমত জামিন দিয়া রাজকীয় কি কোন ব্যক্তির স্বকীয় কোন গুদামহইতে মাল লইয়া সেই বন্দরের অন্য গুদামে রাখিতে পারিবেন।

এক গুদামহইতে অন্য গুদামে মাল লইয়া যাইবার ক্ষমতার কথা।

কোন ব্যক্তি সেই প্রকারে কোন মাল স্থানান্তর করিতে ইচ্ছুক হইলে, এই আইনের E চিহ্নিত পাঠে কিম্বা কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সময়ে২ অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে তাঁহার প্রার্থনাপত্র দিতে হইবে ইতি।

94. Goods warehoused under this Act at any warehousing Port may from time to time be removed by sea or by inland carriage in order to be rewarehoused at any other warehousing Port

Bonded goods may be removed from one Port to another

৯৪ ধারা। গুদামজাৎ করিবার কোন বন্দরে এই আইনমতে যে মাল গুদামজাৎ করা যায় তাহা গুদামজাৎ করিবার অন্য কোন বন্দরে পুনরায় গুদামজাৎ করিবার নিমিত্ত সময়ে২ সমুদ্রপথে কিম্বা দেশের অন্তর্গত নৌকা কি গাড়ীপ্রভৃতি করিয়া স্থানান্তর করা যাইতে পারিবে।

প্রতিজ্ঞাবদ্ধ মাল এক বন্দর হইতে অন্য বন্দরে পাঠাইবার কথা।

When any person desires so to remove any goods he shall apply to the Chief Officer of Customs stating the particulars of the goods to be removed and the name of the Port or place to which it is intended that they shall be removed together with such other information and in such manner and form, as the Chief Customs Authority from time to time prescribes

Procedure

কোন ব্যক্তি সেই প্রকারে কোন মাল স্থানান্তর করিতে চাহিলে তিনি কষ্টমের প্রধান কার্য্যকারকের নিকট প্রার্থনা করিয়া যে২ মাল স্থানান্তর করিতে চাহেন তাহার বৃত্তান্ত ও যে বন্দর কি স্থানে তাহা লইয়া যাইবার কল্পনা থাকে তাহা জানাইবেন, ও কষ্টমের প্রধান কর্তৃপক্ষ সময়েং অন্য যে সন্ধান যে পাঠে ও যে প্রকারে জানাইবার বিধান করেন সেই প্রকারে ও সেই পাঠানুসারে সেই সন্ধান জানাইবেন ইতি।

কার্য্যপ্রণালীর কথা।

95 When permission is granted for the removal of any goods from one warehousing Port or place to another under section 94 an account containing the particulars thereof shall be transmitted by the proper Officer of the Port or place of removal to the proper Officer of the Port or place of destination

Officers at Port of removal to transmit account of goods to Officers at Port of destination

৯৫ ধারা। গুদামজাৎ করণের এক বন্দর কি স্থান হইতে অন্য বন্দরে কি স্থানে ৯৪ ধারামতে কোন মাল পাঠাইবার অনুমতি দেওয়া গলে, যে বন্দর কি স্থানহইতে প্রেরণ করা যায় সেই বন্দরের কি স্থানের উপযুক্ত কার্য্যকারক লক্ষিত বন্দরের কি স্থানের উপযুক্ত কার্য্যকারকের নিকট ঐ মালের বৃত্তান্তপত্র পাঠাইবেন।

যে বন্দরহইতে মাল স্থানান্তর করা যায় সেই বন্দরের কার্য্যকারকদের লক্ষিত বন্দরের কার্য্যকারকদের নিকট মালের হিসাব পাঠাইবার কথা।

and the person requiring the removal shall enter into a bond with one sufficient surety in a sum equal at least to the duty chargeable on such goods, for the due arrival and warehousing thereof at the Port or place of destination within such time as the Chief Customs Authority directs

Owner to execute bond for due arrival &c

এবং কষ্টমের প্রধান কর্তৃপক্ষ যে সময় ধার্য্য করেন ঐ মাল সেই সময়ের মধ্যে লক্ষিত বন্দরে কি স্থানে উপযুক্তরূপে পঁহুছাইয়া গুদামজাৎ করা যাইবে এতদর্থে যিনি ঐ মাল স্থানান্তর করিতে প্রার্থনা করেন তিনি এক জন উপযুক্ত জামিন দিয়া মালের উপর যত টাকা মাশুল লাগে ন্যূনকল্পে তত্তুল্য টাকার প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিবেন।

মালের নিয়মমতে পঁহুছন প্রভৃতির বিষয়ে স্বামির প্রতিজ্ঞাপত্র লিখিতে হইবার কথা।

Such bond may be taken by the proper Officer either of the Port or place of removal or of the Port or place of destination as best suits the residence or convenience of the persons interested in such removal

ঐ মাল স্থানান্তর করণপক্ষে যে ব্যক্তিদের স্বার্থ থাকে তাঁহাদের বাসস্থান ও সুবিধা লক্ষ করিয়া, যে বন্দর কি স্থানহইতে মাল স্থানান্তর করা যায় তথাকার কিম্বা লক্ষিত বন্দরের কি স্থানের উপযুক্ত কার্য্যকারক প্রতিজ্ঞাপত্র লেখাইয়া লইতে পারিবেন।

If such bond is taken at the Port or place of destination, a certificate thereof, signed by the proper Officer of such Port or place shall, at the time of the entering of such goods be produced to the proper Officer of the Port or place of removal, and such bond shall not be discharged unless such goods are produced to the proper Officer and duly rewarehoused at the Port or place of destination within the time allowed for such removal, or are otherwise accounted for to the satisfaction of such Officer nor until the full duties due upon

(d) omits to warehouse opium when bound to do so under section seven or
(e) transports opium from one place to another within British India or
(f) imports or exports opium into or out of British India or
(g) sells opium, or otherwise contravenes the said rules relating to sales

shall on conviction before a Magistrate be punished for each such offence with imprisonment for a term which may extend to one year or with fine which may extend to one thousand rupees or with both

and, where a fine is imposed the convicting Magistrate shall direct the offender to be imprisoned in default of payment of the fine for a term which may extend to six months and such imprisonment shall be in excess of any other imprisonment to which he may have been sentenced

11 In prosecutions under section ten it shall be presumed until the contrary is proved that all opium for which the accused person is unable to account satisfactorily is opium in respect of which he has committed an offence under this Act

Presumption as to opium

(ঝ) ও এই আইনমতে অর্থদণ্ড ও জব্দ করণদ্বারা যে টাকা পাওয়া যায় তাহাইতে কর্ম্মকারকদিগকে ও গোয়েন্দাদিগকে পুরস্কার দেওন বিষয়ের বিধি।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের অনুমোদনার্থে ঐ২ বিধি অর্পণ করা যাইবে ও তাঁহার অনুমতি হইলে তাহা স্থানবিশেষের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে তাহা হইলে আইনের তুল্য বলবৎ হইবে ইতি।

৯ ধারা। এই আইন কিম্বা আফীমবিষয়ক অন্য যে আইন যৎকালে প্রচলিত থাকে সেই আইন অনুসারে কিম্বা এই আইনমতে প্রণীত বিধি অনুসারে না হইলে কোন ব্যক্তি—

পোস্তের চাষ করার ও আফীম নিকট রাখা প্রভৃতির নিষেধের কথা।

(ক) পোস্তের চাষ করিবে না,
(খ) আফীম প্রস্তুত করিবে না
(গ) আফীম নিকট রাখিবে না
(ঘ) ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত এক স্থানহইতে অন্য স্থানে আফীম চালান করিবে না।
(চ) ব্রিটনীয় ভারতবর্ষে আফীম আমদানী কি তথা হইতে রফ্তানী করিবে না। ও
(ছ) আফীম বিক্রয় করিবে না ইতি।

১০ ধারা। কোন ব্যক্তি এই আইনের কিম্বা ৮ ধারামতে প্রণীত ও প্রকাশিত বিধির বিপক্ষতাচরণ করিয়া

বেআইনীমতে পোস্তের চাষ প্রভৃতি করণের দণ্ডের কথা।

(ক) পোস্তের চাষ করিলে কিম্বা
(খ) আফীম প্রস্তুত করিলে কিম্বা
(গ) আফীম নিকট রাখিলে কিম্বা
(ঘ) ৭ ধারামতে আফীম গুদামজাৎ করিতে আবদ্ধ হইলে না করিলে কিম্বা
(ঙ) ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত এক স্থানহইতে অন্য স্থানে আফীম চালান করিলে, কিম্বা
(চ) ব্রিটনীয় ভারতবর্ষে আফীম আমদানী কি তথাহইতে রফ্তানী করিলে কিম্বা
(ছ) আফীম বিক্রয় করিলে কিম্বা অন্য প্রকারে বিক্রয় বিষয়ক উক্ত বিধির বিপক্ষতাচরণ করিলে

কোন মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে এক বৎসরের অনধিক কাল কারাদণ্ড কিম্বা এক সহস্র টাকার অনধিক অর্থদণ্ড বা ঐ উভয় দণ্ড হইতে পারিবে।

অর্থদণ্ডের আজ্ঞা হইলেও না দেওয়া গেলে, ঐ অপরাধনির্ণেতা ম্যাজিষ্ট্রেট সাহেব তৎপ্রযুক্ত অপরাধির ছয় মাসের অনধিক কাল কারাদণ্ডের আজ্ঞা করিবেন। অন্য কারাদণ্ডের আজ্ঞা হইয়া থাকিলে অর্থদণ্ড না দেওয়া প্রযুক্ত ঐ কারাদণ্ড তদতিরিক্ত হইবে ইতি।

১১ ধারা। ১০ ধারামতে অভিযোগ হইলে অভিযুক্ত ব্যক্তি যে সকল আফীমের বিষয়ে হৃদ্বোধজনক উত্তর দিতে না পারেন, তদ্বিষয়েও এই আইনমত অপরাধ করা গিয়াছে ইহার বিপরীত প্রমাণ না হওন পর্য্যন্ত এই অনুমান হইবে ইতি।

আফীম বিষয়ক অনুমানের কথা।

12 In any case in which an offence under section ten has been committed—

Confiscation of opium

(*a*) the poppy so cultivated

(*b*) the opium in respect of which any offence under the same section has been committed

(*c*) where in the case of an offence under clause (*e*) or (*f*) of the same section, the offender is transporting importing or exporting any opium exceeding the quantity (if any) which he is permitted to transport import or export as the case may be the whole of the opium which he is transporting importing or exporting

(*d*) where in the case of an offence under clause (*g*) of the same section the offender has in his possession any opium other than the opium in respect of which the offence has been committed the whole of such other opium and

(*e*) the vessels packages and coverings in which any opium confiscated under the same section is found and the other contents (if any) of the vessel or package in which such opium may be concealed and the animals and conveyances used in carrying it

shall be liable to confiscation

13 When the offender is convicted or when the person charged with an offence in respect of any opium is acquitted, but the Magistrate decides that the opium is liable to confiscation such confiscation may be ordered by the Magistrate

Order of confiscation by whom to be [illegible]

Whenever confiscation is authorized by this Act the officer adjudging it may give the owner of the thing liable to be confiscated an option to pay, in lieu of confiscation such fine as the officer thinks fit

When an offence against this Act has been committed, but the offender is not known or cannot be found or when poppies or opium not in the possession of any person cannot be satisfactorily accounted for the case shall be inquired into and determined by the Collector of the District or Deputy Commissioner or by any other officer authorized by the Local Government in this behalf either personally or in right of his office who may order such confiscation Provided that no such order shall be made until the expiration of one month from the date of seizing the things intended to be confiscated or without hearing the persons (if any) claiming any right thereto and the evidence (if any) which they produce in support of their claims

১২ ধারা। কোন স্থলে ১০ ধারামত কোন অপরাধ করা গেলে,—

আফীন জব্দ করিয়া লওনের কথা।

(ক) তদ্রূপে চাষ করা পোস্ত

(খ) যে আফীন লইয়া উক্ত ধারামতে কোন অপরাধ করা গিয়াছে সেই আফীন,

(গ) ঐ ধারার (ঙ) কি (চ) প্রকরণমতে অপরাধ হইলে, অপরাধির প্রতি যত আফীন চালান করিবার কিম্বা বিষয়বিশেষে আমদানী কি রপ্তানী করিবার অনুমতি থাকে, তাহার অধিক চালান করিলে কিম্বা আমদানী কি রপ্তানী করিলে যত চালান কি আমদানী কি রপ্তানী করেন সেই সমুদয় আফীন

(ঘ) ঐ ধারার (ছ) প্রকরণমতে অপরাধ হইলে যে আফীন লইয়া অপরাধ হইয়াছে অপরাধির নিকট তদ্ভিন্ন আফীন থাকিলে ঐ অন্য সকল আফীন ও

(ঙ) ঐ ধারামতে জব্দ করা কোন আফীন যে নৌকাদিতে ও বস্তায় ও আবরণে পাওয়া যায় তাহা ও যে নৌকাদিতে কি বস্তায় আফীন গুপ্ত করিয়া রাখা যায় তন্মধ্যে অন্য দ্রব্য থাকিলে সেই দ্রব্য ও যে জন্তু দ্বারা ও যে গাড়ী করিয়া আফীন চালান হয় তাহাও

জব্দ হইতে পারিবে ইতি।

১৩ ধারা। অপরাধির অপরাধ নির্ণয় হইলে কিম্বা যে ব্যক্তির নামে আফীন সম্পর্কীয় অপরাধের অভিযোগ হয় তাহাকে নির্দ্দোষ করা গেলেও ঐ আফীন জব্দ হইবার যোগ্য মাজিষ্ট্রেট সাহেব এই নিষ্পত্তি করিলে তিনি উক্ত প্রকারে জব্দ করিবার আজ্ঞা করিতে পারিবেন।

জব্দ করিবার আজ্ঞা করিতে যাহার ক্ষমতা থাকে তাঁহার কথা।

এই আইনমতে জব্দ করিবার অনুমতি হইবে যে কর্তৃপক্ষ জব্দ করিবার নিষ্পত্তি করেন তিনি জব্দ করণ দণ্ডের পরিবর্ত্তে যত অর্থদণ্ড উচিত বোধ করেন জব্দ হইবার যোগ্য দ্রব্যের স্বামিকে স্বেচ্ছামতে ঐ অর্থদণ্ড দিবার অনুমতি দিতে পারিবেন।

এই আইনের বিপরীত অপরাধ করা গেলে যদি অপরাধিকে জানা না যায় কিম্বা তাহার উদ্দেশ পাওয়া না যায় কিম্বা পোস্ত কি আফীন কোন ব্যক্তির অধিকারে না থাকিলেও যদি তদ্বিষয়ের সন্তোষজনক সন্ধান পাওয়া যাইতে না পারে তবে জিলার কালেক্টর সাহেব কিম্বা ডেপুটী কমিশনর কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট এতৎকার্য্যপক্ষে অন্য যে কার্য্যকারককে ক্ষমতাপ্রদান করেন তিনি স্বয়ং কিম্বা আপন পদের স্বত্ব হেতুক সেই বিষয়ের অনুসন্ধান লইয়া নির্ণয় করিবেন, ও জব্দ করিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু যে বিষয় জব্দ করিবার কল্পনা থাকে তাহা ধৃত করণের তারিখ অবধি এক মাস গত না হইলে ও ঐ দ্রব্যের উপর কোন ব্যক্তিদের স্বত্বের দাওয়া থাকিলে তাহাদের কথা না শুনিয়া, ও তাঁহারা আপনাদের দাওয়ার পোষকতায় প্রমাণ উপস্থিত করিলে সেই প্রমাণ না শুনিয়া, জব্দ করিবার আজ্ঞা করিতে হইবে না ইতি।

14 Any officer of any of the departments of Excise, Police Customs Salt Opium or Rev nue, superior in rank to a peon or constable who mav in right of his office be authorized by the Local Government in this behalf, and who has reason to believe from personal knowledge or from information given by any person and taken down in writing that opium liable to confiscation under this Act is manufactured kept or concealed in any building vessel or enclosed place, may, between sunrise and sunset

Power to enter arrest and seize on information that opium is unlawfully kept in any enclosed place.

(a) enter into any such building, vessel or place

(b) in case of resistance, break open any door and remove any other obstacle to such entry

(c) seize such opium and all materials used in the manufacture thereof, and any other thing which he has reason to believe to be liable to confiscation under section twelve or any other law for the time being in force relating to opium, and

(d) detain and search and if he think proper arrest any person whom he has reason to believe to be guilty of any offence relating to such opium under this or any other law for the time being in force

15 Any officer of any of the said departments may

Power to seize opium in open places

(a) seize in any open place, or in transit, any opium or other thing which he has reason to believe to be liable to confiscation under section twelve or any other law for the time being in force relating to opium,

(b) detain and search any person whom he has reason to believe to be guilty of any offence against this or any other such law and if such person has opium in his possession arrest him and any other persons in his company

Power to detain search and arrest

16 All searches under section fourteen or section fifteen shall be made in accordance with the provisions of the Code of Criminal Procedure

Searches how made

১৪ ধারা। আবকারী কি পোলীস কি কষ্টম কি নিমক কি আফীন কি রাজস্ব-সংক্রান্ত কর্ম্মবিভাগের পেয়াদার কি কনষ্টাবলের শ্রেণীহইতে উচ্চ শ্রেণীর যে কার্য্যকারক স্বীয় পদের স্বত্ব-হেতুক স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক এতৎকার্য্যপক্ষে ক্ষমতাপ্রাপ্ত হন, এই আইনমতে জব্দ করিবার যোগ্য আফীন কোন ঘ'র কি নৌকাদিতে কি আবৃত স্থানে প্রস্তুত করা কি রাখা কি লুকাইয়া রাখা যাইতেছে নিজ জ্ঞানমতে কিম্বা অন্যের স্থানে প্রাপ্ত ও লিপিবদ্ধ সন্ধান ক্র ম তাঁহার এমত বিশ্বাস করিবার কারণ থাকিলে তিনি সূর্য্যের উদয় ও অস্ত হইবার মধ্য কোন সময়ে

কোন আবৃত স্থানে আফীন বেআইনীমতে রাখিবার সন্ধান পাওয়া গেলে প্রবেশ করিয়া ধরিয়া লইবার ক্ষমতার কথা।

(ক) সেই গৃহে কি নৌকায় কি স্থানে প্রবেশ করিয়া

(খ) ও বাধা পাইলে কোন দ্বার ভাঙ্গিয়া খুলিয়া ও তদ্রূপে প্রবেশ করিবার বাধাজনক অন্য বিষয় সরাইয়া দিয়া

(গ) ঐ আফীন ও তাহা প্রস্তুত করণার্থ সকল সরঞ্জাম ধরিয়া লইতে ও ১২ ধারামতে কিম্বা আফীনবিষয়ক অন্য যে আইন যৎকালে প্রবল থাকে তদনুসারে আর যেং বিষয় জব্দ করিবার যোগ্য বলিয়া জ্ঞান করিবার কারণ থাকে সেইং বিষয় ধরিয়া লইতে, ও

(ঘ) এই আইনমতে কিম্বা আফীনবিষয়ক অন্য যে আইন যৎকালে প্রবল থাকে সেই আইন অনুসারে যে ব্যক্তিকে ঐ আফীন বিষয়ক কোন অপরাধের অপরাধি বলিয়া জ্ঞান করিবার কারণ থাকে তাঁহাকে আটক করিয়া গাত্রে অন্বেষণ করিতে ও উচিত বোধ করিলে আসেধে রাখিতে পারিবেন ইতি।

১৫ ধারা। পূর্ব্বোক্ত কোন কর্ম্মবিভাগের কোন কার্য্য-কারক,

খোলা স্থানে আফীন ধরিয়া লইবার কথা।

(ক) কোন খোলা স্থানে কিম্বা এক স্থানহইতে অন্য স্থানে প্রেরণ সময়ে কোন আফীন ও ১২ ধারামতে কিম্বা আফীন বিষয়ক অন্য যে আইন যৎকালে প্রচলিত থাকে সেই আইনমতে অন্য যে দ্রব্য জব্দ করিবার যোগ্য বলিয়া জ্ঞান করেন তাহা ধরিয়া লইতে পারিবেন,

(খ) ও কোন ব্যক্তিকে এই আইনের কিম্বা এতদ্রূপ অন্য কোন আইনের বিপরীত কোন অপরাধের অপরাধী বলিয়া জ্ঞান করিবার কারণ থাকিলে তাঁহাকে আটক রাখিয়া তাহার গাত্রে অন্বেষণ করিতে পারিবেন ও তাঁহার নিকট আফীন থাকিলে তাঁহাকে ও তাঁহার সঙ্গি অন্য কোন ব্যক্তিদিগকে আসেধে রাখিতে পারিবেন ইতি।

আটক রাখিয়া তলাশ ও গ্রেপ্তার করিবার ক্ষমতার কথা।

১৬ ধারা। ১৪ কি ১৫ ধারামতে অন্বেষণের সকল কার্য্য ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানমতে করা যাইবে ইতি।

তলাশ যেরূপে করিতে হইবে তাহার কথা।

[Government Gazette, 16th January 1877]

17 The officers of the several departments mentioned in section fourteen shall, upon notice given or request made be legally bound to assist each other in carrying out the provisions of this Act

Officers to assist each other

১৭ ধারা। ১৪ ধারার উল্লিখিত নানা কর্ম্মবিভাগের কার্য্যকারকেরা নোটিস পাইলে কি তাঁহাদের নিকট আদেশ করা গেলে, তাঁহারা এই আইনের বিধান সফল করণার্থে পরস্পরের সাহায্য করিতে আইনমতে বদ্ধ ইতি।

কর্ম্মকারকদের পরস্পর সাহায্য করিতে হইবার কথা।

18 Any officer of any of the said departments who without reasonable ground of suspicion enters or searches or causes to be entered or searched any building vessel or place

Vexatious entries seizures and arrests

১৮ ধারা। উক্ত অন্যতর কর্ম্মবিভাগের কোন কার্য্যকারক সন্দেহ করিবার সঙ্গত কারণ না থাকিলেও কোন ঘরে কি নৌকাদিতে কি স্থানে প্রবেশ কি অন্বেষণ কবিলে কিম্বা অন্যদ্বারা প্রবেশ কি অন্বেষণ করাইলে,

ক্লেশজনকভাবে গৃহাদিতে প্রবেশ ও তলাশ করণের ও দ্রব্য ও ব্যক্তিকে ধৃত করণের কথা।

or vexatiously and unnecessarily seizes the property of any person on the pretence of seizing or searching for any opium or other thing liable to confiscation under this Act

কিম্বা আফীন কি এই আইনমতে জব্দ করিবার যোগ্য অন্য দ্রব্য ধরিবা লইবার কি অন্বেষণ করিবার ছলে ক্লেশজনকভাবে ও অনাবশ্যকমতে কোন ব্যক্তির দ্রব্য ধরিবা লইলে

or vexatiously and unnecessarily detains searches or arrests any person,

কিম্বা ক্লেশজনকভাবে ও অনাবশ্যকমতে কোন ব্যক্তিকে আটক রাখিলে কি তাঁহার গাত্রে অন্বেষণ করিলে কি তাহাকে আবদ্ধ রাখিলে

shall for every such offence be punished with fine not exceeding five hundred rupees

তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

Such fine or any part thereof may be paid to the person aggrieved

সেই অর্থদণ্ড কি তাহার কোন অংশ হানিগ্রস্ত ব্যক্তিকে দেওয়া যাইতে পারিবে ইতি।

19 The Collector of the District Deputy Commissioner or other officer, authorized by the Local Government in this behalf, either personally or in right of his office, or a Magistrate may issue his warrant for the arrest of any person whom he has reason to believe to have committed an offence relating to opium or for the search whether by day or night of any house boat or place in which he has reason to believe opium liable to confiscation to be kept or concealed

Issue of warrant

১৯ ধারা। কোন ব্যক্তি আফীন বিষয়ক অপরাধ করিয়াছে এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, জিলার কালেকটর সাহেব কিম্বা ডেপুটী কমিশ্যনর কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট কর্তৃক এতৎকার্য্যপক্ষে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক, স্বয়ং কিম্বা আপন পদের স্বত্বক্রমে কিম্বা কোন মাজিষ্ট্রেট সেই ব্যক্তিকে ধৃত করিবার পরওয়ানা দিতে পারিবেন, কিম্বা জব্দ করিবার যোগ্য আফীন কোন ঘরে কি নৌকায় কি স্থানে রাখা কি লুকাইয়া রাখা গিয়াছে তাঁহার এমত জ্ঞান করিবার কারণ থাকিলে তিনি দিনে বা রাত্রিতেও সেই গৃহাদিতে অন্বেষণ করিবার পরওয়ানা দিতে পারিবেন।

পরওয়ানা দিবার কথা।

All warrants issued under this section shall be executed in accordance with the provisions of the Code of Criminal Procedure

এই ধারামতে যে সকল পরওয়ানা দেওয়া যায় তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধান মতে জারী করা যাইবে ইতি।

20 Every person arrested and thing seized under section fourteen or section fifteen shall be forwarded without delay to the officer in charge of the nearest Police station, and every person arrested and thing seized under

Disposal of persons arrested or things seized

২০ ধারা। ১৪ কি ১৫ ধারামতে যে ব্যক্তি ধৃত হন তাঁহাকে ও যে দ্রব্য ধরিয়া লওয়া যায় সেই দ্রব্য অবিলম্বে অতি নিকট পোলীস থানার অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারকের নিকট চালান করিতে হইবে। ও ১৯

ধৃত ব্যক্তিকে কি দ্রব্য লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।

section nineteen shall be forwarded without delay to the officer by whom the warrant was issued

ধারামতে যে ব্যক্তি ধৃত হন তাঁহাকে ও যে দ্রব্য ধরিয়া লওয়া যায় তাহা যে কার্য্যকারক পরওয়ানা দিলেন তাঁহার নিকট অগৌণেই চালান করিতে হইবে।

Every officer to whom any person or thing is forwarded under this section shall with all convenient despatch take such measures as may be necessary for the disposal according to law of such person or thing

এই ধারামতে যে কার্য্যকারকের নিকট কোন ব্যক্তিকে কি কোন দ্রব্য চালান করা যায় সেই ব্যক্তিকে কি সেই দ্রব্য লইয়া আইনমতে কার্য্য হইবার জন্যে যে সকল উপায় করা আবশ্যক তিনি সুবিধামতে ত্বরায় সেই উপায় করিবেন ইতি।

Report of arrests and seizures

21 Whenever any officer makes any arrest or seizure under this Act, he shall within forty eight hours next after such arrest or seizure make a full report of all the particulars of such arrest or seizure to his official superior

ব্যক্তিকে ধৃত করিবার ও দ্রব্য ধরিয়া লইবার রিপোর্টের কথা।

২১ ধারা। কোন কার্য্যকারক এই আইনমতে কোন ব্যক্তিকে ধৃত করিলে কি কোন দ্রব্য ধরিয়া লইলে তিনি তৎপরে আটচল্লিশ ঘন্টার মধ্যে আপনার উপরিস্থ কার্য্যকারকের নিকট সেই ব্যক্তিকে ধরিবার কিম্বা সেই দ্রব্য ধরিয়া লইবার সবিশেষ বৃত্তান্তের সম্পূর্ণ রিপোর্ট করিবেন ইতি।

Procedure in case of illegal poppy cultivation

22 In the case of alleged illegal cultivation of the poppy the crop shall not be removed, but shall, pending the disposal of the case be attached by an officer superior in rank to a peon or constable who may in right of his office be authorized by the local Government in this behalf and such officer shall require the cultivator to give bail in a reasonable amount (to be fixed by such officer) for his appearance before the Magistrate by whom the case is to be disposed of and such cultivator shall not be arrested unless within a reasonable time he fails to give such bail

বেআইনীমতে পোস্তের চাষ হইলে কার্য্যপ্রণালীর কথা।

২২ ধারা। বেআইনীমতে পোস্তের চাষ হইতেছে এমত কথিত হইলে, ঐ ফসল কাটিয়া লইয়া যাইতে হইবে না কিন্তু পেয়াদার কি কনষ্টেবলের শ্রেণী অপেক্ষা উচ্চ শ্রেণীর যে কার্য্যকারক স্বীয় পদের স্বত্বহেতুক এবং কার্য্যপক্ষে স্থানীয় গবর্ণমেণ্টহইতে ক্ষমতা প্রাপ্ত হন তিনি ঐ মোকদ্দমার নিষ্পত্তি না হওনপর্য্যন্ত ঐ ফসল ক্রোক করিয়া রাখিবেন। ও যে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা ঐ মোকদ্দমার নিষ্পত্তি হইবে উক্ত কার্য্যকারক তাঁহার সম্মুখে ঐ চাষির উপস্থিত হওনের যত টাকা জামিন নির্দ্ধার্য্য করেন তাহাকে যুক্তিমত তত টাকার হাজিরজামিন দিতে আদেশ করিবেন। ঐ চাষি সঙ্গত কালের মধ্যে ঐ হাজিরজামিন দিবার ত্রুটি না করিলে তাহাকে ধৃত করিতে হইবে না।

Provided that wherever Act No XIII of 1857 (*An Act to consolidate and amend the law relating to the cultivation of the Poppy and the manufacture of Opium in the Presidency of Fort William in Bengal*) or any part thereof is in force nothing in this Act shall apply to such cultivation and manufacture

পরন্তু বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তর্দেশে পোস্তের চাষ ও আফীন প্রস্তুত করাবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধনার্থে ৮৫৭ সালের ১৩ আইন কি তাহার কোন অংশ যে২ স্থানে প্রচলিত আছে সেই২ স্থানে পোস্তের চাষ ও আফীন প্রস্তুত করণের প্রতি এই আইন খাটিবে না ইতি।

Recovery of arrears of taxes and opium revenue

23 Any arrear of tax fee or duty due under this Act or under any rule duly made under section eight

বাকী টাক্স ও আফীনের বাকী রাজস্ব আদায় করিবার কথা।

২৩ ধারা। এই আইনমতে কিম্বা ৮ ধারাক্রমে প্রণীত কোন বিধিমতে দাতব্য টাক্স কি ফী কি মাসুল বাকী পড়িলে,

and any arrear due from any farmer of opium revenue

ও আফীনের রাজস্বের কোন ইজারদারের স্থানে বাকী পাওনা হইলে

may be recovered as if it were an arrear of land revenue

তাহা ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

SCHEDULE

Acts of the Governor General in Council

Number and year	Subject	Extent of repeal
Act XI of 1849	Abkari Revenue of Calcutta	In section 5 the word opium In section 6 the word opium and the last thirty one words In section 15 from and including the word except in the case to the end of the section In section 33 from and including the words except opium down to and including the words each seer and the words or in the case of opium as aforesaid a reward of one rupee eight annas for each seer
Act III of 1852	Spirituous liquors Bombay	Section 10 so far as it relates to opium
Act XXI of 1856	Bengal Abkari Act	In section 28 the word opium Sections 34 51 52 53 and 87 In section 35 the words or opium In section 49 the words except opium Section 59 so far as it relates to opium In section 75 the words except opium and from and including the words opium seized down to the end In section 76 from and including the word except opium down to and including the words each seer and from and including the words or in down to and including the words each seer In paragraph 8 of section 90 the words and opium
Act XIII of 1857	Cultivation of the poppy and manufacture of opium	Section 2
Act X of 1871	The Northern India Excise Act	In paragraph 5 of section 3 the word opium Sections 18 65 66 67 and 87 In section 19 the words or opium Section 46 so far as it relates to opium In section 46 paragraph 3 from and including the words as well as down to and including the words dealings in opium In section 63 the words except opium

তফসীল।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবরনর জেনরল সাহেবের আইন।

সাল ও নম্বর	বিষয়	যত দূর রহিত হইল।
১৮৪৯ সা ১১ আ	কলিকাতার আবকারী রাজস্ব বিষয়ক আইন	৫ ধারায় বা আফীন শব্দ। ৬ ধারায় কি আফীন শব্দ এবং ঐ ধারার শেষ ভাগে কিম্বা যে আফীন এই অবধি বিক্রয়ের বিষয়ে পর্য্যন্ত সকল কথা। ১৫ ধারায় (আফীনের বিষয় ব্যতিরেকে) এই কথা ও এবং আফীনের বিষয়ে ই অবধি ধারার শেষ পর্য্যন্ত সকল কথা। ৩৩ ধারায় আফীন ছাড়া এই কথা ও এবং যে আফীন জব্দ এই অবধি আমলাদিগকে দেওয়া যাইবেক এই পর্য্যন্ত ও এবং পূর্ব্বোক্তমতে আফীনের বিষয় শেষ প্রতি ১॥ টাকা পুরস্কার এই কথা।
১৮৫২ সা ৩ আ	বোম্বাইয়ের তীব শরাব বিষয়ক আইন	১ ধারার আফীন সম্পর্কীয় বিধান।
১৮৫৬ সা ২১ আ	বঙ্গদেশীয় আবকারী আইন	২৮ ধারায় কি আফীন শব্দ। ৩৪ ৫১ ৫২ ৫৩ ও ৮৭ ধারা। ৩৫ ধারায় কিআফীন এই শব্দ। ৪৯ ধারায় আফীনভিন্ন এই শব্দ। ৫৯ ধারার আফীন সম্পর্কীয় বিধান। ৭৫ ধারায় আফীন ভিন্ন অন্য এই কথা এবং আফীন ক্রোক এই অবধি ধারার শেষ পর্য্যন্ত সকল কথা। ৭৬ ধারায় আফীন ভিন্ন এই শব্দ এবং ও আফীন জব্দ এই অবধি দেড় টাকা এই পর্য্যন্ত সকল কথা ও কিম্বা পূর্ব্বোক্তমতে এই অবধি পুরস্কার পর্য্যন্ত সকল কথা। ৯ ধারার ৮ প্রকরণে ও আফীন এই শব্দ।
১৮৫৭ সা ১৩ আ	পোস্তো চাষ ও আফীন প্রস্তুত করণ বিষয়ক আইন	২ ধারা।
১৮৭১ সা ১০ আ	ভারতবর্ষের উত্তরাংশের আবকারী আইন	৩ ধারার ৫ প্রকরণে আফীন শব্দ। ১৮ ৬৫ ৬৬ ৬৭ ও ৮৭ ধারা। ১ ধারায় or opium এই শব্দ। ৪৬ ধারায় আফীন বিষয়ক বিধান। ৪৬ ধারার ৩ প্রকরণে as well as এই অবধি dealings in opium পর্য্যন্ত সকল শব্দ। ৬৩ ধারায় except opium এই কথা।

ACTS OF THE GOVERNOR GENERAL IN COUNCIL —(Contd) | মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের আ (চলিতেছে।)

Number and year	Subject	Extent of repeal	সাল ও নম্বর	বিষয়	যত দূর রহিত হইল।
Act X of 1871 (Contd)	The Northern India Excise Act (Contd)	In section 78 the words except opium and paragraph 2 In section 79 from and including the words except opium down to and including the words each seer and from and including the words or in down to and including the words each seer	১৮৭১ সা ১০ আ	ভারতবর্ষের উত্তরাংশের আবকারী আইন	৭৮ ধারায় except opium এই কথা ও দ্বিতীয় প্রকরণ। ৭৯ ধারায় except opium এই অবধি each seer এই পর্য্যন্ত সকল কথা এবং or in এই অবধি each seer এই পর্য্যন্ত সকল কথা।
Act IV of 1872	The Punjab Laws Act	Section 49	১৮৭২ সা ৪ আ	পঞ্জাবের আইন বিষয়ক আইন	৪৯ ধারা।
Act XXVI of 1872	Punjab Opium Law Amendment	The whole Act	১৮৭২ সা ২৬ আ	আফীন বিষয়ক পঞ্জাবের আইন সংশোধনার্থ আইন	সম্পূর্ণ আইন।
Act VI of 1873	Transhipment of Goods	Section 7	১৮৭৩ সা ৬ আ	এক জাহাজ হইতে মাল নামাইয়া অন্য জাহাজে তুলিয়া দেওন বিষয়ক আইন	৭ ধারা।
Act XVI of 1875	The Indian Tariff Act	Section 9	১৮৭৫ সা ১৬ আ	ভারতবর্ষীয় তাশ্বিক বিষয়ক আইন	৯ ধারা।

BOMBAY REGULATIONS | বোম্বাইয়ের আইন।

Number and year	Subject	Extent of repeal	সাল ও নম্বর	বিষয়	যত দূর রহিত হইল।
Bom Reg XXI of 1827	Duty on opium	The preamble from and including the words with the combined down to and including the words be prohibited Chapters I II III and IV	বোম্বাইয়ের ১৮২৭ সা ২১ আ	আফীনের মাসুল বিষয়ক আইন	হেতুবাদের with the combined এই অবধি be prohibited এই পর্য্যন্ত সকল কথা। ১ ২ ৩ ৪ অধ্যায়।
Bom Reg XX of 1830	Malwa opium	So much as has not been repealed	বোম্বাইয়ের ১৮৩০ সা ২০ আ	মালওয়ার আফীন বিষয়ক আইন	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই

WHITLEY STOKES
Secy to the Govt of India

উইটলী ষ্টোক্‌স,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।
JOHN ROBINSON, *Bengalee Translator*

গবর্ণমেণ্ট্ গেজেট

TUESDAY, JANUARY 16, 1877

মঙ্গলবার ১৮৭৭ সাল ১৬ জানুয়ারি।

PART VII

Circular Orders of the High Court and Board of Revenue

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L P

DECEMBER 1876

Hon'ble V H Schalch, C S I

No 1

With a view to facilitate the preparation of register A, part II, prescribed in section 8 of Act VII (B C) of 1876, all Collectors are desired to send information to the Collectors of districts concerned of revenue-paying lands situated in their districts, but appertaining to estates borne on the revenue roll of other districts

No 2

It having been represented to the Board that there would be some difficulty in filling up sub-head (*c*) of column 5 of register A, part I, prescribed by sections 6 and 7 of Act VII (B C) of 1876, as there is no column provided for "serial number" in mouzahwar register C, the Member in charge directs that a column be now added to the latter register, with the heading "serial number," the remaining columns being altered to 2, 3, 4, and 5 (*vide* Appendix C of the Manual)

A Money, Esq, C B

No 3

The attention of divisional and district officers is drawn to the following circular issued by the High Court, directing the subordinate civil courts, when dealing with cases to which the provisions of section 20 of the General Stamp Act do not apply, to comply strictly with the requirements of section 18 of the Act —

Circular Order

'Issued by authority of the High Court of Judicature at Fort William in Bengal

Civil—No 13 *dated 4th September* 1876

In continuation of circular order No 5 dated the 25th March 1876 the annexed copy of a letter No 518B of the 15th July 1876 addressed by the Board of Revenue to the Government of Bengal is circulated for the information of all civil courts subordinate to the High Court

2 The Court directs that in dealing with cases to which the provisions of section 20 Act XVIII of 1869 do not apply (*vide* section 28) all officers concerned will strictly comply with the requirements of section 18 of the Act

From W H Grimley Esq Officiating Secretary to the Board of Revenue Lower Provinces to the Secretary to the Government of Bengal Revenue Department,—No 518B dated Fort William the 15th July 1876

Government order No 2504, dated 7th October 1875

Government order No 2857 dated 4th December 1875

With advertence to the orders of Government marginally cited I am directed to submit for the consideration and orders of Government the following case of evasion of stamp duty leviable under article 5, schedule II of Act XVIII of 1869

2 A vendor of lime in the district of Hooghly filed in the Court of Small Causes an account-book for the recovery of a debt The book shewed the goods delivered and money paid in excess of Rs 20 an account balanced and an outstanding money debt of over Rs 20

বঙ্গপ্রভৃতিদেশের রেবিনিউ বোর্ডের সবক্যুলর অর্ডর।

১৮৭৬ সাল ডিসেম্বর মাস।

মান্যবর শ্রীযুত বি, এচ, শক সাহেব সি, এস, আই।

১ নম্বর।

১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৮ ধারায় A চিহ্নিত যে রেজিষ্টর বিষয়ক বিধান হইয়াছিল তাহার দ্বিতীয় খণ্ড অল্পায়াসে প্রস্তুত করিবার নিমিত্ত সকল কালেক্টর সাহেবের প্রতি এই আদেশ হইল যে তাঁহাদের নিজ২ জিলার অন্তর্গত যে রাজস্বদাবি ভূমি অন্য জিলার তৌজীর লিখিত মহালের ভূমি হয় তদ্বিষয়ের সন্ধান ঐ অন্য২ জিলার কালেক্টর সাহেবদের নিকট প্রেরণ করেন।

২ নম্বর।

C চিহ্নিত মৌজাওয়ারী রেজিষ্টরীতে "ক্রমিক নম্বর" লিখিবার ঘর না থাকাতে, ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৬ ও ৭ ধারার নির্দ্দিষ্ট A চিহ্নিত রেজিষ্টরের প্রথম খণ্ডের ৫ ঘরের ( ) চিহ্নিত উপ শীর্ষকের কথা লিখিতে কঠিন হইবে, বোর্ডের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্বিষয়ের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত মেম্বর সাহেব এই আদেশ করিলেন, উক্ত রেজিষ্টরে নূতন ঘর করিয়া তাহার "ক্রমিক নম্বর" শীর্ষক লিখিতে হইবে, ও অন্য সকল ঘরের ক্রমশ ২ ৩, ৪, ৫ নম্বর দিতে হইবে। (বিবি পুস্তিকার C চিহ্নিত ক্রোড়পত্র দেখ।)

শ্রীযুত এ, মনি সাহেব, সি, বি।

৩ নম্বর।

হাই কোর্টের প্রচারিত নিম্নলিখিত সরকুলর অর্ডরের প্রতি দেশ২গুের ও জিলার কর্ত্তৃপক্ষদের মনোযোগ করিতে আদেশ হইল। তন্মধ্যে নিম্নতর দেওয়ানী আদালতের প্রতি এই আজ্ঞা হইল যে সাধারণ ইষ্টাম্প বিষয়ক আইনের ২০ ধারার বিধান যে২ মোকদ্দমায় না খাটে এমত মোকদ্দমা লইয়া কার্য্য হইলে, তাঁহারা অতিদৃঢ়মতে ঐ আইনের ১৮ ধারার আদেশানুসারে কার্য্য করেন।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞাক্রমে প্রচারিত
সরক্যুলর অর্ডর।

দেওয়ানী।—১৩ নম্বর। ১৮৭৬ সাল ৪ সেপ্টেম্বর।

১৮৭৬ সালের ২৫ মার্চের ৫ নম্বরের সরক্যুলর অর্ডর অবলম্বনে রেবিনিউ বোর্ডের সাহেবেরা বঙ্গ দেশের গবর্ণমেন্টের নামে ১৮৭৬ সালের ১৫ জুলাইর ৫১৮ B নম্বরের যে পত্র লিখিলেন তাহার নিম্ন লিখিত প্রতিলিপি হাই কোর্টের অধীন সকল দেওয়ানী আদালতের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

২। ১৮৬৯ সালের ১৮ আইনের ২০ ধারার বিধান যে সকল মোকদ্দমার প্রতি না খাটে (২৮ ধারা দেখ) তাহা লইয়া কার্য্য করিতে হইলে হাই কোর্টের সাহেবেরা তৎসম্পর্কীয় সকল কার্য্যকারকের প্রতি অতি আঁটাআঁটিরূপে ঐ আইনের ১৮ ধারার বিধানমতে কার্য্য করিতে আদেশ করেন।

রেবিনিউ ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্টের শ্রীযুত সেক্রেটরী সাহেবের নামে বঙ্গপ্রভৃতি দেশের রেবি নিউ বোর্ডের একটিং সেক্রেটরী শ্রীযুত ডবলিউ এম গ্রিমলি সাহেবের (ফোর্ট উলিয়মে লিখিত ১৮৭৬ সালের ১৫ জুলাইর ৫১৮B নং) পত্র।

গবর্ণমেন্টের ১৮৭৫ সালের ৭ অক্টোবরের ২৫০৪ নং আজ্ঞা।

গবর্ণমেন্টের ১৮৭৫ সালের ৪ ডিসেম্বরের ২৮৫৭ নং আজ্ঞা।

১৮৬৯ সালের ৮ আইনের দ্বিতীয় তফসীলের ৫ প্রকরণমতে ইষ্টাম্পের যে মাসুল আদায় হইতে পারে, গবর্ণমেন্টের পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে গবর্ণ মেন্টের বিবেচনার্থে ও তদ্বিষয়ে আজ্ঞা প্রকাশ করণার্থে সেই ইষ্টাম্পের মাসুল এড়াইবার নিম্নলিখিত বিবরণ আপনার সম্মুখে অর্পণ করিতে আদেশ পাইলাম।

২। হুগলী জিলায় চূণ ব্যবসারী কোন ব্যক্তি ঋণ আদায়ের জন্যে ক্ষুদ্র মোকদ্দমার আদালতে খাতাবহী অর্পণ করিলেন। ঐ খাতাবহীতে মাল দেওয়ার ও ২০৲ টাকার অধিক পাওয়ার কথা ও বাকীর হিসাব ও ২০৲ টাকার অধিক পাওনা থাকার কথা দেখা গেল। ও হিসাবের যে বাকী কাটা হইয়াছিল

The account so balanced was signed by the purchaser and had no stamp affixed to it The Judge of the Small Cause Court admitted the account book in evidence and has recorded an order as follows —

The plaintiff in the above case filed a hatchita executed by defendant without adhesive stamp of one anna as required by law He offered one anna for stamp duty and one rupee and four annas (Re 1 4) as penalty in all Re 1 5

ORDERED

"That the amount be received and a copy of the proceeding be sent to the Government Pleader for his information

3 The Member in charge desires to bring it to notice that the Small Cause Court Judge appears to have exceeded his powers in allowing the omission of stamp duty to be remedied by payment of the penalty duty under section 20 of Act XVIII of 1869 inasmuch as the document in question being chargeable with the duty of one anna the provisions of that section did not apply (*vide* section 28 of the General Stamp Act) and therefore the Court had no option but to hold the instrument inadmissible in evidence under section 18 of the Act Mr Money thinks that it would have some effect in checking evasions of the kind under notice if the attention of the subordinate civil courts were specially called to the requirements of the law as above pointed out and he suggests that the High Court may be addressed on the subject

---

No 4

IN order to ensure a stricter supervision over bundles of ganja when sealed in the producing districts than has generally been exercised hitherto, the Member in charge directs the following addition to rule 10 section XVII, chapter V, page 77, of the Board s Rules—

No small and detached twigs of ganja are to be inserted in the bundles of flat ganja but any such twigs as may be detached in the process of preparation should be made up separately into bundles of round ganja

2 The Collectors of Rajshahye, Bogra, and Dinagepore should give notice of the rule to the cultivators in their respective districts

3 District officers generally should intimate to wholesale purchasers, when they apply for ganja passes, the existence of the above rule so that they may be forewarned and prepared for the separation of attached twigs from the bundles they may purchase

---

No 5

THE Government of India consider it important to know how far the revenue levied by stamps for the service of processes corresponds with the cost of their establishments, the Member in charge, therefore, directs that a return in the following form for revenue processes may be obtained from each district by Commissioners, and that abstracts of these returns for the whole division may be appended to their future annual administration reports of the Stamp Department

Dr

	Rs
Process fees, gross	
Less share of charges in the Stamp Department	
Process fees, net	

Cr

Process serving establishments	
Add 12 per cent for estimated cost of pensions	
Other contingencies	
Total	

RESULT

Surplus	
Deficit	

[*Government Gazette*, 16*th January* 1877]

তাহাতে ক্রেতার স্বাক্ষর ছিল কিন্তু ইষ্টাম্প বসান যায় নাই। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ সেই খাতাবহী প্রমাণস্বরূপ গ্রাহ্য করিয়া নিম্নলিখিত আজ্ঞা লিপিবদ্ধ করিলেন,—

"বাদী উক্ত মোকদ্দমায় প্রতিবাদির স্বাক্ষরিত হাতচিটা অর্পণ করিলেন কিন্তু তাহাতে আইনমতে এক আনার যে আটাল ইষ্টাম্প দেওয়া উচিত ছিল তাহা দেওয়া যায় নাই। বাদী ইষ্টাম্পের মাসুল বলিয়া ৴০ এক আনা ও দণ্ডস্বরূপ ১।০ এক টাকা চারি আনা, মোটে ১।৴০ এক টাকা পাঁচ আনা দিতে চাহিলেন।

আজ্ঞা হইল যে—

"ঐ টাকা গ্রহণ করা যায় ও গবর্ণমেণ্টের উকীলের জ্ঞানার্থে এই রূবকারির নকল তাঁহার নিকট পাঠান যায়।"

৩। উক্ত বিষয়ে যে মেম্বর সাহেবের প্রতি কর্তৃত্ব ভার থাকে তিনি এই কথা জ্ঞাত করিতে চাহেন, ইষ্টাম্পের মাসুল না দেওয়ার প্রতিকারস্বরূপ ১৮৬৯ সালের ১৮ আইনের ২০ ধারামত দণ্ডরূপ মাসুল দেওনের অনুমতি দেওয়াতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ আপনার ক্ষমতার অতিরিক্ত কার্য্য করিয়াছেন, যেহেতুক উক্ত দলীলে এক আনা মাসুল লাগাতে ঐ ধারার বিধান খাটে না (সাধারণ ইষ্টাম্প-বিষয়ক আইনের ২৮ ধারা দেখ) অতএব ঐ আইনের ১৮ ধারামতে ঐ দলীল প্রমাণে অগ্রাহ্য বলিয়া জ্ঞান করণবিনা ঐ আদালতের অন্য কর্ম্ম করিবার অধিকার ছিল না। আইনের উক্ত আদেশের প্রতি অধীন সকল দেওয়ানী আদালতের বিশেষ মনোযোগ করাণ গেলে ইষ্টাম্পের মাসুল এড়াইবার পূর্ব্বোক্তরূপ উদ্যোগের কিঞ্চিৎ বাধা হইতে পারিবে বিবেচনায়, শ্রীযুত মণি সাহেব হাই কোর্টের নামে তদ্বিষয়ক পত্র লিখিবার পরামর্শ দিলেন।

---

৪ নম্বর।

গাঁজা যে২ জিলায় উৎপন্ন হয় সেই২ জিলায় আটি২ করিয়া বাঁধিয়া তাহাতে মোহর দেওয়া গেলে পর, তাহার উপর পূর্ব্বাবধি যদ্রূপ তত্ত্বাবধারণ হইয়া থাকে তদপেক্ষা দৃঢ়মতে তত্ত্বাবধারণ করা যায়, এই নিমিত্ত সেই বিষয়ের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত মেম্বর সাহেব বোর্ডের বিধিপুস্তকের ১২৪ পৃষ্ঠায় ৫ অধ্যায়ের ১৭ পরিচ্ছেদের ১০ প্রকরণে এই কথা সংযোগ করিবার আজ্ঞা দিয়াছেন।

"চেপটা গাঁজার আটির মধ্যে ক্ষুদ্র২ ও পৃথক২ ডাল দিতে হইবে না। প্রস্তুত করণ সময় যে ডাল পৃথক করা যায় তাহা স্বতন্ত্ররূপে গোল গাঁজার আটি করিয়া বাঁধিতে হইবে।'

২। রাজশাহী ও বগুড়া ও দিনাজপুর জিলার কৃষকদিগকে ঐ জিলার কালেক্টর সাহেবদের এই বিধি জ্ঞাত করা উচিত।

৩। যাঁহারা থোকে গাঁজা ক্রয় করিয়া থাকেন তাঁহারা গাঁজার নিমিত্ত ছাড়পত্র প্রার্থনা করিলে তাঁহাদিগকে উক্ত বিধি জ্ঞাত করা জিলার কর্তৃপক্ষদের কর্ত্তব্য। তাহা হইলে, যে২ আটি ক্রয় করেন তাহার মধ্যহইতে সকল ডাল পৃথক করিতে হইবার কথা পূর্ব্বে জ্ঞাত থাকিবেন।

---

৫ নম্বর।

পরওয়ানা জারী করণকার্য্যে ইষ্টাম্প দ্বারা যত রাজস্ব আদায় হয়, ও তৎসম্পর্কীয় সিরিশতায় যত টাকা খরচ হয়, ইহার পরস্পর যদ্রূপ সম্বন্ধ থাকে ইহা জ্ঞাত হওয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের বিবেচনায় অতি গুরুতর। এই কারণে এই বিষয়ের অধ্যক্ষতাভারপ্রাপ্ত মেম্বর সাহেব এই আদেশ করিতেছেন, কমিশ্যনর সাহেবেরা প্রত্যেক জিলাহইতে নিম্নলিখিত পাঠে রাজস্ব ক্রান্ত পরওয়ানার রিটর্ণ গ্রহণ করেন ও এইঅবধি ইষ্টাম্প কর্ম্মবিভাগের কার্য্যসাধন বিষয়ক বার্ষিক রিপোর্টের সঙ্গে সম্পূর্ণ দেশখণ্ডের পক্ষে ঐ রিটর্ণের চুম্বক সংযোগ করিয়া দেন।

জমা।	
পরওয়ানার ফী মোটে	টাকা।
ইষ্টাম্প কর্ম্মবিভাগে ঐ হিসাবে খরচ বাদে	,,
খরচবাদে পরওয়ানার ফী নিট	,,
খরচ।	
পরওয়ানা জারীর সিরিশতা	টাকা।
পেনশ্যনের আনুমানিক খরচ বলিয়া শতকরা ১২ টাকা	,,
নৈমিত্তিক অন্য২ খরচ	,,
মোট	,,
ফল।	টাকা।
উদ্বর্ত্ত	,,
ন্যূনতা	,,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১৬ জানুয়ারি।]

No 6

WITH reference to Government order No 2318, dated 24th July 1876, on the subject of the submission of indents for stationery, the following rules for the guidance of indenting officers have been provisionally sanctioned by the Member in charge —

1 Indenting officers are divided into two groups, viz those who submit their indents through the heads of their respective departments, and those who submit them independently to the Superintendent of Stationery This classification has been adopted in the list of officers under the Government of Bengal, which has been approved of by Government in the order above cited The list is not yet complete, and it will be necessary from time to time to alter or add to it

2 Indents should be submitted annually at the times named in paragraph 7, section I, chapter XXII, of the Board's Rules, and should be sufficient for a year's consumption This order of distribution is however incomplete, and requires to be revised with reference to the new classification of indenting officers

3 Indenting officers of the first group should submit their indents in duplicate to the head of their department in a printed form, to be supplied by the Superintendent of Stationery, showing the following particulars —

1 Names of articles
2 Opening balance of the past year
3 Quantity received during the year
4 Total of columns 2 and 3
5 Balance in hand on date of indent
6 Consumption of twelve months
7 Amount now indented for
8 Sanctioned allowance as per scale and rule
9 Amount allowed by Stationery Office
10 Amount supplied by Stationery Office
11 Items supplied, numbered consecutively
12 Items received by indenting officer (the number and quantity being expressed in words)
13 Remarks

4 The particulars of columns 1 and 8 are printed in the forms before they are issued from the Stationery Office, columns 2 to 7 should be filled in by the indenting officer

5 The head of a department, on receipt of the separate indents from subordinate officers, is required to fill up two forms of consolidated indents, A and B

6 Form A contains the following headings —

1 Names of articles
2 Opening balance of the past year
3 Total
4 Quantity received during the year
5 Total
6 Balance in hand on date of indent
7 Total
8 Consumption of the past twelve months
9 Total
10 Quantity now indented for
11 Total.

7 Form B contains the following headings —

1 Names of articles
2 Quantity allowed by head of department
3 Total
4 Rate
5 Amount

[*Government Gazette*, 16*th January* 1877]

৬ নম্বর।

কাগজ কলমাদি পাইবার ইণ্ডেণ্টপত্র প্রেরণ বিষয়ে গবর্ণমেণ্ট ১৮৭৬ সালের ২৪ জুলাইর ২৩১৮ নম্বরের যে আজ্ঞা প্রচার করিলেন, তদুপলক্ষে যে কার্য্যকারকেরা ইণ্ডেণ্ট করেন তাঁহাদের কার্য্যপদ্ধতি দর্শাইবার জন্যে এই বিষয়ের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত মেম্বর সাহেব কিয়ৎকালের নিমিত্ত এই২ বিধি প্রচলিত হওয়ার অনুমতি দিয়াছেন,—

১। যে কার্য্যকারকেরা ইণ্ডেণ্ট করিয়া থাকেন, তাঁহাদিগকে দুই শ্রেণীভুক্ত করা গেল, অর্থাৎ যাঁহারা আপন২ কর্ম্মবিভাগের প্রধান কর্ম্মকারকদের দ্বারা ইণ্ডেণ্টপত্র পাঠাইয়া থাকেন, ও যাহারা একেবারে ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে ঐ পত্র পাঠাইয়া থাকেন। বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন কর্ম্মকারকদের নির্ঘণ্টপত্রে এই দুই শ্রেণী অবধারিত হইয়াছে, ও পুর্ব্বোক্ত আজ্ঞাপত্রে গবর্ণমেণ্ট তাহা অনুমোদন করিয়াছেন। ঐ নির্ঘণ্টপত্র এখনও সম্পূর্ণরূপে প্রস্তুত হয় নাই। হইলেও সময়ে২ তাহা পরিবর্ত্তন করা ও তন্মধ্যে আর কএকটি নাম লিখিয়া দেওয়া আবশ্যক হইবে।

২। বোর্ডের বিধিপুস্তকের ২২ অধ্যায়ের ১ পরিচ্ছেদের ৭ ধারায় যে২ সময় নির্দ্ধারিত হইল বৎসর২ সেই২ সময়ে ইণ্ডেণ্টপত্র প্রেরণ করিতে হইবে। ও বৎসরে যত কাগজ প্রভৃতি খরচ হইবার সম্ভাবনা ঐ২ ইণ্ডেণ্টপত্রে ততই লিখিতে হইবে, কিন্তু কাগজপ্রভৃতি বিলি করণের এই আজ্ঞা পরিশুদ্ধ নয় ও যে কার্য্যকারকেরা ইণ্ডেণ্ট করেন তাঁহাদের নূতন শ্রেণীবদ্ধ হওন লক্ষ করিয়া তাহার সংশোধন করা প্রয়োজন।

৩। প্রথম শ্রেণীভুক্ত যে কার্য্যকারকেরা ইণ্ডেণ্ট করেন, তাঁহারা ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট প্রাপ্ত মুদ্রিত পাঠে আপন২ কর্ম্মবিভাগের প্রধান কার্য্যকারকের প্রতি দোকর ইণ্ডেণ্টপত্র অর্পণ করিবেন। তন্মধ্যে এই২ বিবরণ লেখা থাকিবে।

১। দ্রব্যের নাম।
২। গত বৎসরের আরম্ভে হাতে যত ছিল।
৩। বৎসরের মধ্যে যত পাওয়া গেল।
৪। ২ ও ৩ ঘরের মোট।
৫। ইণ্ডেণ্ট করিবার তারিখে হাতে যত আছে।
৬। গত বারো মাসের মধ্যে যত খরচ হইল।
৭। এইক্ষণে যত দ্রব্যের নিমিত্ত ইণ্ডেণ্ট হইল।
৮। হারানুসারে ও বিধিমতে যত দ্রব্য পাইবার অনুমতি হইল।
৯। ষ্টেশনরী আফিসে যত পাইবার অনুমতি হইল।
১০। ষ্টেশনরী আফিসহইতে যত দেওয়া গেল।
১১। যে২ দ্রব্য দেওয়া গেল তাহার ক্রমিক নম্বর।
১২। যে কার্য্যকারক ইণ্ডেণ্ট করিলেন তিনি যে২ দ্রব্য পাইলেন (সংখ্যা ও পরিমাণ অক্ষরে লিখিতে হইবে।)
১৩। মন্তব্য কথা।

৪। ষ্টেশনরী আফিসহইতে ইণ্ডেণ্টপত্রের পাঠ বাহির হইবার পূর্ব্বে উহার ১ ও ৮ ঘরের কথা মুদ্রিত হইয়া থাকে। যে কার্য্যকারক ইণ্ডেণ্ট করেন তিনিই ২ অবধি ৭ পর্য্যন্ত সকল ঘরের কথা লিখিবেন।

৫। কর্ম্মবিভাগের প্রধান কার্য্যকারক অধীন কার্য্যকারকদের স্থানে স্বতন্ত্র ইণ্ডেণ্টপত্র পাইলে, A ও B চিহ্নিত সংগৃহীত ইণ্ডেণ্টপত্রের দুই খানি পাঠ পূর্ণ করিয়া দিবেন।

৬। A চিহ্নিত পাঠের নানা ঘরের এই২ শীর্ষক।

১। দ্রব্যের নাম।
২। গত বৎসরের আরম্ভে হাতে যত ছিল।
৩। মোট।
৪। বৎসরের মধ্যে যত পাওয়া গেল।
৫। মোট।
৬। ইণ্ডেণ্ট করিবার তারিখে হাতে যত আছে।
৭। মোট।
৮। গত বারো মাসের মধ্যে যত খরচ হইল।
৯। মোট।
১০। এইক্ষণে যত দ্রব্যের নিমিত্ত ইণ্ডেণ্ট হইল।
১১। মোট।

৭। B চিহ্নিত পাঠের নানা ঘরের এই২ শীর্ষক,—

১। দ্রব্যের নাম।
২। কর্ম্মবিভাগের প্রধান কার্য্যকারক যত পাইবার অনুমতি দিলেন।
৩। মোট।
৪। যে হারে।
৫। যত।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১৬ জানুয়ারি।]

8 To each heading 2, 4, 6, 8, and 10 of form A, and heading 2 of form B, there are as many sub columns as there are indenting officers

9 The head of the department should incorporate in form A, each under its appro priate heading, the entries contained in columns 2, 3, 5, 6, and 7 of the separate indents, as soon as they are received in his office When all the several requisitions have been thus tabulated, including the indent of stationery required for his own office, and the totals struck, the head of the department should scrutinize them carefully and determine the quan tities to be allowed to each office, making his corrections in red ink, in column 10, form A, under the heading "Quantity now indented for" The quantities thus corrected should then be transferred to heading 2 of form B and the remaining columns—3, 4, and 5—of this form should then be filled in Column 3 shows the totals of the entries in column 2 column 4 shows the average rate of value of each article of stationery as fixed for the year These rates will be communicated by the Superintendent of Stationery to each head of a department and to each officer who indents independently on him, and from the infor mation thus supplied the total value should be calculated and entered in column 5

10 Forms A and B should be prepared in duplicate Both copies of form B and one of form A should be forwarded to the Superintendent of Stationery when completed, along with duplicate copies of the separate indents for each office, including the indent for the head of the department's office The other copy of form A should be retained by the head of the department for use in checking the indents of the next year The Superintendent of Stationery, after scrutiny of the indents, and making such retrenchments as he may think proper, should note his corrections in red ink in form A, and transfer them to both copies of form B A copy of form B thus corrected should be returned to the head of the department, and the Superintendent should fill up columns 9, 10 and 11 of the separate indents, and forward these indents along with the articles to the indenting officers who, after comparing the articles received with the indent, should sign it, after filling up column 12 in acknowledgment of the receipt of the articles, and return it to the Superintendent's office where it will remain as the voucher in support of the issue

11 Officers of the second group, who submit their indents directly to the Superintendent, should use the form of indent described in Rule 3 above, with two additional columns, as in form B of the consolidated indents, showing the rate and amount which they should fill up, in the same manner as heads of departments from information supplied by the Superintendent of Stationery Their indents will be subjected by the Superintendent of Stationery to the same scrutiny as the indents of other officers

12 There will be some delay in printing the revised forms, and until they are ready for issue the present practice of indenting directly on the Superintendent of Stationery should continue The Superintendent of Stationery should issue a notice to this effect

No 7

IT having been brought to the notice of the Board that in some cases license-holders under the excise laws carry on their business under color of time expired licenses paying no revenue to Government, the Member in charge directs that the following additions be made to clause 2, section II, chapter V, page 54, of Board's Rules —

2A —All old licenses should be called in at the end of the year, and steps should be taken to obtain them from such holders as do not bring them in voluntarily

2B —No new license should be granted to a previous license holder until he has returned his time-expired or cancelled license to the Collector, or satisfied the Collector that he cannot do so.

No 8

WITH reference to the Board's circular order No 1 of March 1876, the Member in charge directs that hundee stamps should be treated as coming under class II of general or non judicial stamps. Adhesive stamps for purposes of discount must be considered to be stamps bought by the public for affixing, and not stamps affixed before purchase, these latter are practically the same as impressed stamps

[*Government Gazette*, 16*th January* 1877]

৮। যত জন কর্ম্মকারক ইণ্ডেণ্ট করেন, A চিহ্নিত পাঠের ২ ৪ ৬, ৮, ও ১০ ঘরের ও B চিহ্নিত পাঠের ২ ঘরের নীচে আর তত ঘরও আছে।

৯। কর্ম্মবিভাগের প্রধান কার্য্যকারকের আফিসে স্বতন্ত্র সকল ইণ্ডেণ্টের ২ ৩ ৫ ৬, ৭ ঘরের কথা পাওয়া গেলে, তিনি A চিহ্নিত পাঠে উপযুক্ত শীর্ষকঅনুসারে ঐ সকল কথা সংগ্রহ করিয়া দিবেন। আপন আফিসের নিমিত্ত যত কাগজ কলমপ্রভৃতির ইণ্ডেণ্ট হইযাছে তাহাসুদ্ধ উক্ত নানা ব্যক্তির ইণ্ডেণ্ট মত কথা টেবিলে লেখা গেলে ও তাহার মোট ধরা গেলে পর কর্ম্মবিভাগের প্রধান কার্য্যকারক অতি মনোযোগপূর্ব্বক তাহা দেখিয়া এক২ আফিসে যে দ্রব্যের যত দিতে হইবে ইহা নির্ণয় করিয়া যাহা সংশোধন করিতে চাহেন লাল সেহাই দিয়া A চিহ্নিত পাঠের ০ ঘরে অর্থাৎ "এক্ষণে যত দ্রব্যের ইণ্ডেণ্ট হইল," এই শীর্ষকের নিম্নভাগে তাহা করিবেন। এই প্রকারে সংশোধিত হইলে পর যিনি যত পাইবেন তাহা B চিহ্নিত পাঠের ২ ঘরে লিখিতে হইবে। পরে এই পাঠের অবশিষ্ট ৩, ৪ ও ৫ ঘরের কথা লিখিতে হইবে। ৩ ঘরে ২ ঘরের উল্লিখিত কথার মোট লেখা যাইবে। বৎসরের নিমিত্ত নির্দ্ধারিত কাগজ কলমপ্রভৃতি প্রত্যেক দ্রব্যের মূল্য যে হারে ধরা গিয়াছে ৪ ঘরে তাহা দেখা যাইবে। যে হারে মূল্য ধরিতে হইবে ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব প্রত্যেক কর্ম্মবিভাগের প্রধান কার্য্যকারককে ও অন্য যে২ কার্য্যকারক স্বাধীনমতে তাঁহার নামে ইণ্ডেণ্টপত্র দিয়া থাকেন তাঁহাকে এই কথা জানাইবেন ও তদ্রূপ যে সন্ধান পান তদনুসারে মোট মূল্যের হিসাব করিয়া ৫ ঘরে লিখিবেন।

১০। A ও B চিহ্নিত পাঠ দোকর প্রস্তুত করিতে হইবে। প্রস্তুত হইলে ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে B চিহ্নিত পাঠের দুই কেতা ও A চিহ্নিত পাঠের এক কেতা সহিত প্রত্যেক আফিসের স্বতন্ত্র ইণ্ডেণ্টের দুই কেতা নকল ও কর্ম্মবিভাগের প্রধান কার্য্যকারকের ইণ্ডেণ্ট পঠাইতে হইবে। কর্ম্মবিভাগের প্রধান কার্য্যকারক A চিহ্নিত পাঠের অন্য কেতা রাখিয়া তাহার সঙ্গে আগামি বৎসরের ইণ্ডেণ্ট মিলাইয়া দেখিবেন। ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব সকল ইণ্ডেণ্ট উত্তমরূপে দেখিয়া যে স্থানে যাহা কমাইয়া দেওয়া উচিত বোধ করেন তাহা কমাইয়া দিয়া আপনি যে কথা সংশোধন করেন লাল সেহাই দিয়া A চিহ্নিত পাঠে তাহা লিখিয়া B চিহ্নিত পাঠের দুই কেতায় তাহা লিখিবেন। পরে B চিহ্নিত পাঠের এক কেতা তদ্রূপে সংশোধিত হইয়া কর্ম্মবিভাগের প্রধান কার্য্যকারকের নিকট ফিরিয়া পাঠান যাইবে ও সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এক২ ইণ্ডেণ্টপত্রের ৯ ১০ ১১ ঘর পূর্ণ করিয়া যে২ কার্য্যকারকেরা ইণ্ডেণ্ট করিলেন প্রার্থিত দ্রব্যের সহিত তাঁহাদের নিকট ঐ ইণ্ডেণ্টপত্র পাঠাইবেন। তাঁহারা যে সকল দ্রব্য পাইলেন ইণ্ডেণ্টপত্রের সঙ্গে তাহা মিলাইয়া ঐ২ দ্রব্যের রসীদস্বরূপ ১২ ঘর পূর্ণ করিয়া তাহাতে স্বাক্ষর করিয়া সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আফিসে ফিরিয়া পাঠাইবেন। ঐ পত্র সেই আফিসে ঐ প্রেরিত দ্রব্যের বৌচরস্বরূপ থাকিবে।

১১। দ্বিতীয় শ্রেণীর কার্য্যকারকেরা অর্থাৎ যাঁহারা একেবারে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে ইণ্ডেণ্টপত্র পাঠান, তাঁহারা পূর্ব্বোক্ত ৩ ধারার নির্দ্দিষ্ট ইণ্ডেণ্টের পাঠের ব্যবহার করিবেন। তৎসঙ্গে সংগৃহীত ইণ্ডেণ্টের B চিহ্নিত পাঠানুসারে হার ও মূল্যবিষয়ক নূতন দুই ঘর সংযোগ করিয়া কর্ম্মবিভাগের প্রধান কার্য্যকারকেরা যদ্রূপে করিয়া থাকেন ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের স্থানে সন্ধান জানিয়া তদ্রূপে ঐ২ ঘর পূর্ণ করিয়া দিবেন। ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যেমন অন্য কার্য্যকারকদের ইণ্ডেণ্টপত্র সূক্ষ্মরূপে দৃষ্টি করিয়া থাকেন তাহাদের পত্রও তদ্রূপে দৃষ্টি করিবেন।

১২। সংশোধিত পাঠ ছাপাইতে কিছু বিলম্ব হইবে। তাহা যত দিন প্রস্তুত না হয় তত দিন একেবারে ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট ইণ্ডেণ্ট করিবার প্রচলিত রীতি চলিতে থাকিবে। ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের এই মর্ম্মের নোটিস প্রচার করা উচিত।

---

৭ নম্বর।

যে ব্যক্তিরা আবকারী আইনমতে পাট্টাদার হন কোন২ স্থলে তাঁহারা মিয়াদের পাট্টা গত হইল বলিয়া গবর্ণমেণ্টে রাজস্ব না দিয়া কর্ম্ম চালাইয়া থাকেন বোর্ডের নিকট এই কথা জ্ঞাত করা যাওয়াতে সেই বিষয়ের অধ্যক্ষতাভার প্রাপ্ত কার্য্যকারক বোর্ডের বিধিপুস্তকের ৮৯ পৃষ্ঠায় ৫ অধ্যায়ের ২ পরিচ্ছেদের ২ ধারায় নিম্নলিখিত কথা সংযোগ করিবার অনুমতি দিয়াছেন —

২ক। বৎসরের অবসানে সকল পুরাতন পাট্টা আনাইয়া লইতে হইবে ও কোন পাট্টাদার ইচ্ছাপূর্ব্বক না আনিলে তাহা আনাইবার কোন সদুপায় করা উচিত।

২খ। যে পাট্টার মিয়াদ ফুরাইল কি যে পাট্টা রহিত করা গেল পাট্টাদার কালেক্টর সাহেবকে তাহা ফিরাইয়া না আনিলে, কিম্বা ফিরাইয়া দিতে পারেন না কালেক্টর সাহেব ইহা সদ্বোধমতে না জানিলে, তাঁহাকে নূতন পাট্টা দেওয়া যাইবে না।

---

৮ নম্বর।

বোর্ডের ১৮৭৬ সালের মার্চ মাসের ১ ম সরকুলের অর্ডর উপলক্ষে এই বিষয়ের কার্য্যাধ্যক্ষ মেম্বর সাহেব এই আদেশ করিলেন। হুণ্ডীতে যে ইষ্টাম্প দেওয়া যায় তাহা আদালতের ইষ্টাম্পছাড়া সাধারণ ইষ্টাম্পের দ্বিতীয় শ্রেণীর মধ্যে ধরিতে হইবে। ডিসকৌণ্ট সম্পর্কীয় কার্য্যের নিমিত্ত যে আটাল ইষ্টাম্প থাকে তাহা ক্রয় করিবার, পূর্ব্বে সংলগ্ন ইষ্টাম্প বলিয়া জ্ঞান না হইয়া লাগাইবার নিমিত্ত সাধারণ লোকদের ক্রয় করা ইষ্টাম্প বলিয়া জ্ঞান করা উচিত ঐ সংলগ্ন ইষ্টাম্প বাস্তবে মুদ্রিত ইষ্টাম্পের তুল্য।

JOHN ROBINSON, *Bengalee Translator*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১১ জানুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

TUFSDAY JANUARY 16 1877

মঙ্গলবার ১৮৭৭ সাল ১৬ জানুযাবি।

PART VIII

ADVERTISEMENTS

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

৮০ তোলার সেরের হি

জিলা।	গম।			যব।			ভাল চাউল।			সামান্য চাউল।			কঙ্গু ও বাজরা।			চোলম ও জোয়ার।			রাগী ... ও চীম	
	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ
ছোট নাগপুর।	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সে	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
দক্ষিণ পশ্চিমাঞ্চলের এজেন্টী।																				
হাজারীবাগ *																				
লোহারডগা	॥০	॥	॥০		৸০	।৮	।৮	॥৬	॥৪	৸২	৸২	৸২							১।	১।৫
সিংহভূম	॥৬ ও	॥২	।৮	৸২	৸২	৸২	॥০	॥০	।৪	১৴	১৴৮	৸২								
মানভূম	।৮	।৮	।৮	৸২	৸২	৸২	।৫	।৬	।৬	॥৬	॥৭	॥৬							১॥৪	১॥৪

* রিটর্ণ পাওয়া যায় নাই।

ঙ। মফঃসলে দর এই২।—গম ৴৮ সের অবধি ।৭ সের পর্য্যন্ত ভাল চাউল ।৩॥ অবধি ।৯ সের পর্য্যন্ত সামান্য চাউল ।৬ সের অবধি ॥৬ সের প ও ছোল, ।৬ সের অবধি ॥৬ সের পর্য্যন্ত।

To the section corresponding with section 105 of Bill No III, we have added a few illustrations and a clause expressly providing that where the defendant, for the purpose of bringing the sum to be set off within the pecuniary limits of the Court's jurisdiction, intentionally relinquishes any portion of his claim against the plaintiff, the provision in section 43, barring subsequent suits for sums so relinquished by plaintiffs, shall not apply

We have allowed (section 112) written statements to be received, with the permission of the Court, at any time for the purpose of answering written statements made by the opposite party at the first hearing And we think (section 115) that the Court should be expressly empowered to examine witnesses as to the signatures to written statements

We have provided (section 117) that allegations of fact in written statements shall, if not denied, or stated to be not admitted, by the opposite party, be taken to be admitted *for the*

পারিবেন ৫৮ ধারায় ইহার বিধান করিলাম, এবং ঐ২ নকল ও বর্ণনাপত্র ও আবেদনপত্রের সঙ্গে দলীলের যে স্মারকপত্র অর্পণ করা যায় তাহা ঠিক আছে, ঐ ধারায় ইহা জানিয়া লইবার বিধান করিলাম।

যে দলীল বাদির অধিকারে নাই তিনি তাহার উপর নির্ভর করিলে সেই দলীল কাহার অধিকারে আছে এই কথা জানাইবেন, ও মোকদ্দমায় যাঁহার সম্পর্ক নাই এমত ব্যক্তির অধিকারে থাকিলে তাহা আদালতে আনিয়া দিবার সমন বাহির করিয়া লইবেন ৬০ ধারায় ইহার বিধান করিলাম।

আবেদনপত্র অর্পণ করণ সময়ে যে দলীল উপস্থিত করা না যায় তাহা বাদির সপক্ষ প্রমাণস্বরূপে গ্রাহ্য নয় ৬৩ ধারায় এই মর্ম্মের যে বিধান আছে, প্রতিবাদির সাক্ষিদের পরীক্ষা লওনার্থে কিম্বা তাঁহার কোন প্রতিবাদের উত্তরস্বরূপ উপস্থিত করা দলীল সেই বিধানের বহির্ভূত করিলাম।

৬ অধ্যায়।—সমন বাহির করণ ও দেওন বিষয়ক বিধি।

আবেদনপত্র উপস্থিত করণ সময়ে প্রতিবাদী উপস্থিত হইয়া বাদির দাওয়া স্বীকার করিলে, ৬৫ ধারায় ঐ প্রতিবাদির নামে তাঁহার উপস্থিত হইয়া উত্তর দিবার সমন না দিবার বিধান করিলাম।

কোন পক্ষ আদালতঘরহইতে দুই শত মাইলের অধিক দূরে বাস করিলে রেলওয়ে দ্বারা যাতায়াত হইতে পারিলেও তাঁহার স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা না দেওয়া উচিত বিবেচনায় ৬৭ ধারায় ৩ নং পাণ্ডুলিপির ৬৪ ধারা পরিবর্ত্তন করিলাম।

প্রতিবাদিরা অংশী হইলে যে কোন ব্যক্তি অংশিত্ব ব্যবসায়ের কার্য্যাধ্যক্ষতা করেন ৭৪ ধারায় তাঁহার নামে সমন দিবার বিধান করিলাম।

প্রতিবাদী যে কর্ম্মকারকের দ্বারা কার্য্য চালান তাঁহার নামে সমন দেওন বিষয়ক ৭৬ ধারার কার্য্য পক্ষে জাহাজের কাপ্তানকে স্বামির কি যিনি জাহাজ ভাড়া করিয়া লন তাঁহার কর্ম্মকারক বলিয়া প্রকাশ করিলাম।

সমনের এক কেতা নকল প্রতিবাদির ঘরে লাগাইয়া দেওনের রীতি রহিত করা উচিত ও তিনি ঐ নকল গ্রহণ করিতে কিম্বা তাহা পাইবার স্বীকারপত্রে স্বাক্ষর করিতে সম্মত না হইলে ও যে আমলা সমন জারী করেন তিনি প্রতিবাদির সন্ধান পাইতে না পারিলে ও যাহাকে সমন দেওয়া যাইতে পারে এমত ব্যক্তি না থাকিলে, সমন জারী হইতে পারিল না এই মর্ম্মের পৃষ্ঠলিপিতে স্বাক্ষর করিয়া ঐ আমলার সেই সমন ফিরিয়া দেওয়া উচিত, ৮১ ধারায় এই মত প্রকাশ করিয়া সমন জারী না করণ বিষয়ে আদালত শপথ করাইয়া তাঁহার সাক্ষ্য লইতে পারিবেন ৮২ ধারায় এই বিধান করিলাম। সমন জারী করিবার নিমিত্ত অন্য আদালতে পাঠান গেলে ৮৫ ধারায় সেই প্রকারের বিধান করিলাম।

আদালতের আজ্ঞাক্রমে সমন জারী করিবার অন্য উপায় ধরা গেলে, ১৮৫৯ সালের ৮ আইনের ৫৮ ধারানুযায়ী ৮৩ ধারায় প্রতিবাদির উপস্থিত হইবার সময় নির্দ্ধার্য্য করিবার বিধান করিলাম।

৯৫ ধারায় নোটিস ও আজ্ঞা লিখিয়া দিবার বিধান করিলাম।

৭ অধ্যায়।—উভয় পক্ষের উপস্থিত হওন ও উপস্থিত না হওনের ফলবিষয়ক বিধি।

কোন পক্ষ উপস্থিত না হইলেও বিচারপতি মোকদ্দমা ডিসমিস না করিবার আজ্ঞা দিবার কারণ লিপিবদ্ধ করিয়া স্বাক্ষর করিলে সেই মোকদ্দমা ডিসমিস করিবার প্রয়োজন নাই ৯৮ ধারায় এই মত প্রকাশ করিলাম। বাদী উপস্থিত না হইলে ও প্রতিবাদী উপস্থিত হয়, বাদির দাওয়ার অংশ মাত্র স্বীকার করিলে, ঐ দাওয়ার অবশিষ্ট অংশ সম্পর্কে আদালত মোকদ্দমা ডিসমিস করিবেন ১০২ ধারায় এই বিধান করিলাম। প্রতিবাদী উপস্থিত হইলে এবং বাদির উপস্থিত না হওয়াপ্রযুক্ত সম্পূর্ণ মোকদ্দমা কিম্বা তাহার একাংশ ডিসমিস হইলে, ও বাদী সেই ডিসমিস করণের আজ্ঞা অসিদ্ধ করিতে প্রার্থনা করিলে ঐ ধারায় প্রতিবাদিকে সেই প্রার্থনার নোটিস দিবার বিধান করিলাম।

ত্রুটিহেতুক ও একপক্ষমাত্র উপস্থিত থাকিতে যে ডিক্রী করা যায় তাহা অসিদ্ধ করণ বিষয়ক ৩ নং পাণ্ডুলিপির ২৩ অধ্যায়ের অনুযায়ি কএকটি ধারা এই অধ্যায়ে দিলাম।

৮ অধ্যায়।—বর্ণনাপত্র ও বিপক্ষ দাওয়া বিষয়ক বিধি।

এই পাণ্ডুলিপিতে ৩ নং পাণ্ডুলিপির ১০৫ ধারার অনুযায়ি যে ধারা আছে তাহাতে কএকটি উদাহরণ ও একটি প্রকরণ সংযোগ করিয়া দিলাম। ঐ প্রকরণের স্পষ্ট বিধান এই যে, আদালতের যত টাকার মোকদ্দমা বিচার করিবার ক্ষমতা থাকে যদি প্রতিবাদী বাদির বিপক্ষ আপনার দাওয়া তত টাকার মধ্যে আনাইবার জন্যে ইচ্ছাপূর্ব্বক আপনার ঐ দাওয়ার কোন অংশ ত্যাগ করিয়া থাকেন, তাহা হইলে বাদী সেই প্রকারে যে টাকা ত্যাগ করেন তাহা ফিরিয়া পাইবার নিমিত্ত তাঁহার পশ্চাৎ মোকদ্দমা উপস্থিত করিবার বাধা হইল, ৪৩ ধারার এই বিধান খাটিবে না।

মোকদ্দমার প্রথম শ্রবণের সময়ে বিপক্ষ পক্ষ যে লিখিত বর্ণনাপত্র দেন আদালতের অনুমতিক্রমে তাহার প্রত্যুত্তর করিবার লিখিত বর্ণনাপত্র কোন সময়েই গ্রাহ্য হইতে পারিবে, ১১২ ধারায় এই অনুমতি দিলাম। এবং (১১৫ ধারায়) আদালতের প্রতি লিখিত বর্ণনাপত্রের স্বাক্ষর বিষয়ে সাক্ষিদের সাক্ষ্য লওয়ার স্পষ্ট ক্ষমতা প্রদান করা উচিত জ্ঞান করিলাম।

" লিখিত বর্ণনাপত্রে কোন বৃত্তান্তের যে উক্তি থাকে বিপক্ষ পক্ষ তাহা অস্বীকার না করিলে, কিম্বা অগ্রাহ্য বলিয়া ব্যক্ত না করিলে, মোকদ্দমার কার্য্যপক্ষে তাহা স্বীকার হইয়াছে বলিয়া জ্ঞান হইবে

purposes of the suit We have here made no exception of minors and persons of unsound mind, and in this respect, and in the insertion of the words italicised, the section differs from the English Order XIX, rule 17

CHAPTER IX —OF THE EXAMINATION OF THE PARTIES BY THE COURT

We have here provided (section 118) that the Court may if it think fit, put in the course of the examination questions suggested by either party and (section 119) that the substance of the examination shall be reduced to writing by the Judge and form part of the record

CHAPTER X —OF DISCOVERY AND OF THE ADMISSION, INSPECTION, PRODUCTION, IMPOUNDING AND RETURN OF DOCUMENTS

The first seven sections of this chapter are new They empower parties to deliver interrogatories in writing and provide for inquiring into the propriety of exhibiting them, for striking out improper interrogatories for making objections to answering interrogatories and for compelling persons to answer sufficiently They correspond with the English Order XXXI rules 1 to 10

As to the admission of documents we have amended section 128 (=113 of Bill No III) by requiring the demand for admission to be served through the Court

We have inserted sections (129 130) empowering the Court to order production during the suit and to direct parties to make discovery of documents relating to matters in question And we have amplified (sections 131, 132, 133) the section (114) of Bill No III relating to inspection of documents

Where any discovery or inspection is objected to, and the Court is satisfied that the right to such discovery or inspection depends on the determination of any question in dispute in the suit we have empowered (section 135) the Court to order that question to be first determined

We have declared (section 136) that any person disobeying any order to answer interrogatories or for discovery or inspection which has been served personally upon him shall be deemed guilty of an offence under section 188 of the Penal Code and that he shall also if a plaintiff, be liable to have his suit dismissed and, if a defendant to be placed in the same position as if he had not defended

The power which the Courts now possess under Act VIII of 1859, section 138, of sending for papers from non judicial public offices has we find been abused We have therefore withdrawn this power, and persons applying to the Court to send for papers from judicial records will be required (section 137) to show that they cannot obtain the originals or authenticated copies

We have expressly confined the section (138) requiring documentary evidence to be in readiness at the first hearing to documents in the possession or power of the parties

We have provided (section 141) that no document shall be placed on the record unless it has been regularly proved or admitted In the absence of such a provision questions frequently arise on appeal as to whether a document was in evidence or not

We have provided (section 144) for the return of documents in suits in which an appeal is not allowed, and in all cases we have authorized their return when certified copies are delivered to the proper officer

CHAPTER XI —OF THE SETTLEMENT OF ISSUES

We have exempted (section 146) the Court from the duty of framing and recording issues where the defendant at the first hearing makes no defence When issues both of law and of fact arise in the same suit and the Court considers that the case may be disposed of on the issues of law only we have provided in the same section that the Court shall (not 'may') try the issues of law first This, we think, will save expense, and will prevent cases being remanded for trial of issues of fact which, in the result, prove wholly irrelevant As to issues by agreement of parties, we have provided (section 150) that, unless with the special permission of the Judge, no such agreement shall be filed after the Court has recorded issues in the suit

১১৭ ধারার এই বিধান। এই স্থলে নাবালগদিগকে কিম্বা অসুস্থমনা ব্যক্তিদিগকে বর্জ্জিত করি নাই এতদ্বিষয়ে এবং "মোকদ্দমার কার্য্যপক্ষে" এই কথা প্রয়োগ করাতে এই ধারার ও ইংলণ্ডীয় ১৯ আজ্ঞার ১৭ বিধির বিশেষ হইয়াছে।

৯ অধ্যায়।—আদালতের দ্বারা উভয়পক্ষের পরীক্ষা লওনবিষয়ক বিধি।

এই অধ্যায়ের ১১৮ ধারায় এই বিধান করিলাম যে আদালত উচিত বোধ করিলে সাক্ষ্য লওন সময়ে কোন পক্ষের প্রস্তাবিত প্রশ্ন জিজ্ঞাসা করিতে পারিবেন, ও ১১৯ ধারার বিধান এই যে বিচারপতি ঐ সাক্ষ্যের মর্ম্ম লিখিয়া লইবেন ও তাহা কাগজপত্রের অন্তর্ভুত হইবে।

১০ অধ্যায়।—দলীলের সন্ধান লওন ও তাহা গ্রাহ্য ও দৃষ্টিকরণ ও উপস্থিত করণ ও আটক করিয়া রাখণ ও ফিরিয়া দেওন বিষয়ক বিধি।

এই অধ্যায়ের প্রথম সাতটি ধারা নূতন। তদ্দ্বারা উভয় পক্ষের প্রতি প্রশ্ন লিখিয়া দিবার ক্ষমতা দেওয়া গেল ও তাহা দেখাইয়া দেওয়া উচিত কি না ইহার অনুসন্ধান লওনের ও অনুচিত প্রশ্ন উঠাইয়া দেওনের ও প্রশ্নের উত্তর দিবার আপত্তি করণের ও ব্যক্তিদিগকে বলপূর্ব্বক উপযুক্ত উত্তর দেওয়াইবার বিধান হইল। এই২ বিধান ই লণ্ডীয় ৩১ আজ্ঞার ১ অবধি ১০ পর্য্যন্ত বিধির অনুযায়ি।

দলীল গ্রাহ্য হওনের দাওয়া আদালতেরদ্বারা জারী করিতে হইবে এই আদেশ করিয়া দলীল গ্রাহ্য করণ বিষয়ক ২৮ ধারায় ৩ নং পাণ্ডুলিপির ১১৩ ধারা সংশোধন করিলাম।

১২৯ ও ১৩০ ধারা প্রণয়ন করিয়া আদালতের প্রতি মোকদ্দমার চলন সময়ে বিবাদীয় বিষয় সম্পর্কীয় দলীল উপস্থিত করিবার ও উভয় পক্ষের প্রতি তদ্রূপ দলীলের সন্ধান লইবার আজ্ঞা করিতে ক্ষমতা প্রদান করিলাম। এবং দলীল দৃষ্টিকরণ বিষয়ে ১৩১ ১৩২ ও ১৩৩ ধারায় ৩ নং পাণ্ডুলিপির ১১৪ ধারা বিস্তৃত করিলাম।

কোন দলীলের সন্ধান লওয়ার কি তাহা দৃষ্টি করার আপত্তি করা গেলে, এবং মোকদ্দমায় বিবাদীয় কোন বিষয়ের যে নির্ণয় হয় তাহার উপর ঐ সন্ধান লওয়ার কি দৃষ্টি করার স্বত্ব নির্ভর করে আদালত ইহা স্বাবোধমতে জানিলে, আদালতের প্রতি (১৩৫ ধারায়) প্রথমে সেই বিবাদীয় বিষয় নির্ণয় হইবার আজ্ঞা করিতে ক্ষমতা দিলাম।

১৩৬ ধারায় এই নির্দ্দেশ করিলাম, কোন ব্যক্তিকে স্বয়ং প্রশ্নের উত্তর দেওন কিম্বা দলীলের সন্ধান লওন কি দৃষ্টি করণ বিষয়ক আজ্ঞা করা গেলেও সেই ব্যক্তি ঐ আজ্ঞা না মানিলে, তাঁহাকে দণ্ডবিধির আইনের ১৮৮ ধারামত অপরাধের অপরাধী বলিয়া জ্ঞান হইবে ও বাদী হইলে তাঁহার মোকদ্দমা ডিসমিস হইতে পারিবে ও প্রতিবাদী হইলে মোকদ্দমার উত্তর না দেওনের ন্যায় অবস্থাপন্ন হইবে।

১৮৫৯ সালের ৮ আইনের ১৩৮ ধারামতে আদালতের কাছারী ছাড়া অন্য রাজকীয় আফিসহইতে আদালতের কাগজপত্র আনাইবার যে ক্ষমতা আছে, তাহার বলে অনুপযুক্ত আচার হইয়াছে দেখিতে পাইলাম। অতএব সেই ক্ষমতা রহিত করিলাম। ও কোন ব্যক্তি আদালতের নিকট মোকদ্দমা ঘটিত কাগজপত্রহইতে কোন কাগজ আনাইতে প্রার্থনা করিলে, তিনি আসলপত্র কিম্বা প্রামাণিক নকল পাইতে পারিলেন ন ১৩৭ ধারামতে তাঁহার ইহার প্রমাণ করিতে হইবে।

মোকদ্দমার প্রথম শ্রবণের সময়ে লিখিত প্রমাণ সকল প্রস্তুত রাখিতে হইবে এই মর্ম্মের ১৩৮ ধারায় এই স্পষ্ট বিধান করিলাম যে উভয় পক্ষের অধিকারে কি কর্তৃত্বাধীনে যে দলীল থাকে কেবল তাহার প্রতি ঐ ধারা খাটে।

নিয়মমতে কোন দলীলের প্রমাণ হইয়া তাহা গ্রাহ্য না হইলে ১৪১ ধারায় কাগজপত্রের মধ্যে তাহা না রাখিবার বিধান করিলাম। তদ্রূপ বিধান না থাকাপ্রযুক্ত মোকদ্দমার আপীল হইলে অমুক দলীল প্রমাণে দেওয়া গেল কি না এই প্রশ্ন অনেকবার উত্থিত হইয়া থাকে।

যে মোকদ্দমার আপীলের অনুমতি নাই ১৪৪ ধারায় সেই মোকদ্দমার দলীল ফিরিয়া দিবার বিধান করিলাম। এবং আদালতের উপযুক্ত আমলাকে কোন দলীলের সর্টিফিকটযুক্ত নকল দেওয়া গেলে দলীল খানি সর্ব্বদাই ফিরিয়া দিবার অনুমতি দিলাম।

১১ অধ্যায়।—ইস্যু নিরূপণ বিষয়ক বিধি।

মোকদ্দমার প্রথম শ্রবণের সময়ে প্রতিবাদী উত্তর না করিলে, ১৪৬ ধারায় ইস্যু নিরূপণ করিয়া লিপিবদ্ধ করণের কর্ম্মহইতে আদালতকে মুক্ত করিলাম। একি মোকদ্দমায় আইন ও বৃত্তান্তঘটিত ইস্যু থাকিলে, ও কেবল আইনঘটিত ইস্যু লইয়া মোকদ্দমার নিষ্পত্তি হইতে পারিবে আদালত এমত বোধ করিলে, ঐ ধারায় এই বিধান করিলাম যে আদালত প্রথমে আইনঘটিত ইস্যুর বিচার (করিতে পারিবেন এমত নয় কিন্তু) করিবেন। বোধ করি ইহাতে খরচ কমিয়া যাইবে এবং বৃত্তান্ত ঘটিত যে ইস্যুর বিচার হইলেও শেষে সম্পূর্ণরূপে অপ্রাসঙ্গিক বলিয়া দৃষ্ট হইবে এমত ইস্যুর বিচার করিবার নিমিত্তে মোকদ্দমা ফিরিয়া পাঠাইতেও হইবে না। উভয় পক্ষের সম্মতিক্রমে যে ইস্যু নিরূপণ হয় তৎসম্পর্কে ১৫০ ধারায় এই বিধান করিলাম যে, আদালত মোকদ্দমার ইস্যু লিপিবদ্ধ করিলে পর বিচারপতির বিশেষ অনুমতি না হইলে তদ্রূপ কোন্ সম্মতিপত্র অর্পণ করা যাইবে না।

CHAPTER XII —OF THE DISPOSAL OF THE SUIT AT THE FIRST HEARING

We have here made no change requiring notice

CHAPTER XIII —OF ADJOURNMENTS

We think that the provision in section 138 of Bill No III that, when the hearing of evidence has once begun, the hearing of the suit shall not be adjourned except from day to day, might occasionally have led to great inconvenience We have therefore in section 156 substituted the following "Provided that, when the hearing of evidence has once begun, the hearing of the suit shall be continued from day to day until all the witnesses in attendance have been examined, unless the Court finds the adjournment of the hearing to be absolutely necessary for reasons to be recorded by the hand of the Judge"

CHAPTER XIV —OF THE SUMMONING AND ATTENDANCE OF WITNESSES

We have omitted the power to insert in a summons the names of any number of persons We have declared (section 165) that the rules contained in chapter VI, as to proof of service, shall apply in the case of all summonses served on persons required to give evidence or produce documents Before attaching the property of a witness alleged to have absconded we think that the serving officer should be examined on oath touching the non service, and we have made a provision to this effect in section 167 We have omitted as useless the provision of the present law as to payment by the Collector of the costs of summoning a witness

We have provided (section 173) that no witness who has been summoned and attends shall depart, unless he has been examined and the Court has risen, or he has obtained the Court's leave to go

We have empowered (section 174) the Court to inflict a fine of Rs 500 on persons failing to prove that they had a lawful excuse for not obeying the summons, and we have provided that non payment or non tender of reasonable viaticum shall be deemed a lawful excuse When any such person is brought before the Court and cannot, owing to the absence parties, give the evidence or produce the document which he has been summoned to produce or give, we have by the same section authorized the Court to release him on bail

We have declared (section 177) that no witness shall be bound to attend in person unless he resides (*a*) within the local limits of the Court's original jurisdiction or (*b*) without those limits and less than fifty or (where there is railway communication) two hundred miles from the Court house It is obvious that there should be some limit beyond which parties should not be required to travel even by railway

We have struck out the six sections (157 to 163 of Bill No III) relating to the examination of parties as witnesses This matter seems sufficiently provided for by the declaration contained in section 178 (=section 165 of Bill No III), that when any party to a suit is sommoned as a witness, the rules as to witnesses contained in the Code shall apply to him so far as they are applicable

CHAPTER XV —OF THE HEARING OF THE SUIT AND EXAMINATION OF WITNESSES

We have inserted (section 179) rules as to the right to begin

We have provided (section 184) that any Judge may take down the evidence in English if the Local Government permits him to do so, or if the parties do not object

Where the Judge taking down any evidence is removed from the Court before the conclusion of the suit, we have empowered (section 191) his successor to deal with the evidence as if he himself had taken it down

Where a witness about to leave the jurisdiction is examined immediately, we have provided (section 192) that his evidence, before being used as such, shall be read over to him, and, if he admits it to be correct, signed by him

We have empowered the Court (section 193), at any stage of the suit, to recall and re-examine a witness who has not departed

১২ অধ্যায়।—প্রথম শ্রবণ সময়ে মোকদ্দমার নিষ্পত্তি বিষয়ক বিধি।

এই অধ্যায়ে যে অল্প পরিবর্ত্তন করিলাম তাহার উল্লেখ করা প্রয়োজন নাই।

১৩ অধ্যায়।—দিনান্তর নিরূপণ বিষয়ক বিধি।

সাক্ষ্য শ্রবণ করিতে আরম্ভ করা গেলে পর, মোকদ্দমার শ্রবণ ক্রমশ দিন২ চলিবে ও দিনান্তর নিরূপণ হইবে না, ৩ নং পাণ্ডুলিপির ১৩৮ ধারার এই বিধানদ্বারা কখন২ অত্যন্ত কষ্ট হইতে পারে বিবেচনায় তৎপরিবর্ত্তে ১৫৬ ধারায় এই বিধান করিলাম "পরন্তু সাক্ষ্য শ্রবণের কার্য্য একবার আরম্ভ করা গেলে পর আদালত কোন কারণে দিনান্তর পর্য্যন্ত মোকদ্দমা শ্রবণের কার্য্য স্থগিত রাখা অত্যন্ত আবশ্যক জ্ঞান না করিলে, উপস্থিত সকল সাক্ষির সাক্ষ্য যত দিন না লওয়া যায় তত দিন মোকদ্দমা শ্রবণের কার্য্য দিন২ চলিবে। উক্ত প্রকারের কারণ থাকিলে বিচারপতির স্বহস্তে তাহা লিপিবদ্ধ করিতে হইবে।"

১৪ অধ্যায়।—সাক্ষিদিগকে সমনকরণ ও তাঁহাদের উপস্থিত হওনবিষয়ক বিধি।

যত ব্যক্তি হউন একি সমনপত্রে সকলের নাম লিখিবার যে ক্ষমতা ছিল তাহা ত্যাগ করিয়া ১৬৫ ধারায় ইহা নির্দ্দেশ করিলাম ৬ অধ্যায়ে সমন জারী হওয়ার প্রমাণ বিষয়ক যে বিধি আছে সাক্ষ্য দিবার কি দলীল উপস্থিত করিবার নিমিত্ত যে সকল ব্যক্তির প্রতি আদেশ থাকে তাঁহাদের নামে যত সমন দেওয়া যায় তাহার প্রতি ঐ বিধি খাটিবে। সাক্ষী পলায়ন করিয়াছে এমত কথিত হইলে তাঁহার সম্পত্তি ক্রোক করিবার পূর্ব্বে ঐ সমন জারী না হওন বিষয়ে সমন জারীর আমলার সাক্ষ্য শপথপূর্ব্বক লওয়া উচিত বিবেচনায় ১৬৭ ধারায় সেই মর্ম্মের বিধান করিলাম। সাক্ষির সমন করিবার খরচ কালেক্টর সাহেবের দ্বারা দেওয়া যাইবে এইক্ষণকার প্রচলিত আইনের এই বিধান অনাবশ্যক বলিয়া ত্যাগ করিলাম।

কোন সাক্ষির নামে সমন হওয়াতে তিনি উপস্থিত হইলে যতক্ষণ তাঁহার সাক্ষ্য না লওয়া যায় ও আদালত উঠিয়া না যায় কিম্বা তিনি আদালতের নিকট চলিয়া যাইবার অনুমতি না পান ততকাল চলিয়া যাইবেন না, ১৭৩ ধারায় এই বিধান করিলাম।

কোন ব্যক্তি সমনমতে কার্য্য না করিলে, তাহা না করিবার বৈধ কারণ ছিল ইহার প্রমাণ করিতে না পারিলে ১৭৪ ধারায় আদালতের প্রতি তাঁহার ৫০০ টাকা অর্থদণ্ড করিবার ক্ষমতা প্রদান করিলাম এবং সঙ্গত পাথেয় খরচ না দেওয়া কি দিবার প্রস্তাব না করাই বৈধ কারণ বলিয়া জ্ঞান করিবার বিধান করিলাম। তদ্রূপ কোন ব্যক্তিকে আদালতের সম্মুখে আনা গেলে এবং যে সাক্ষ্য দিবার কিম্বা যে দলীল উপস্থিত করিবার জন্যে তাঁহার নামে সমন দেওয়া যায় উভয় পক্ষের উপস্থিত না হওয়া প্রযুক্ত তিনি সেই সাক্ষ্য দিতে বা সেই দলীল দেখাইতে না পারিলে, সেই ধারায় আদালতের প্রতি তাঁহার স্থানে হাজিরজামীন লইয়া তাঁহাকে ছাড়িয়া দিতে অনুমতি দিলাম।

১৭৭ ধারায় এই নির্দ্দেশ করিলাম, কোন সাক্ষী (ক) মোকদ্দমা আদৌ বিচারকরণপক্ষে আদালতের এলাকার সীমার মধ্যে বাস না করিলে কিম্বা (খ) সেই সীমার বাহিরে কিন্তু আদালতঘরহইতে পঞ্চাশ মাইলের মধ্যে ও রেলওয়ে দ্বারা যাতায়াত হইতে পারিলে ২০০ মাইলের মধ্যে বাস না করিলে, ঐ সাক্ষী স্বয়ং উপস্থিত হইতে আবদ্ধ নহেন। যাহার অধিক দূরে বাস করিলে লোকদিগকে রেলওয়ে দ্বারাও বলপূর্ব্বক আনা যাইতে না পারিবে এমত কোন সীমা নির্দ্ধার্য্য কর স্পষ্টই বিহিত।

সাক্ষিস্বরূপে উভয় পক্ষের সাক্ষ্য লওনবিষয়ে ৩ নং পাণ্ডুলিপির ১৫৭ অবধি ৬৩ পর্য্যন্ত ছয়টী ধারা উঠাইয়া ফেলিলাম। কারণ মোকদ্দমার কোন পক্ষকে সাক্ষিস্বরূপ সমন করা গেলে এই আইনে সাক্ষিবিষয়ক নানা বিধি যতদূর খাটিতে পারে ঐ পক্ষের প্রতি ততদূর খাটিবে ৩ নং পাণ্ডুলিপির ১৬৫ ধারায় অর্থাৎ এই পাণ্ডুলিপির ১৭৮ ধারায় এই যে বিধান আছে ইহারই মধ্যে সেই বিষয়ের যথোচিত বিধান হইল, এমত বোধ হয়,

১৫ অধ্যায়।—মোকদ্দমা শ্রবণ ও সাক্ষিদের সাক্ষ্য লওন বিষয়ক বিধি।

১৭৯ ধারায় প্রথম কথনের স্বত্ত্ববিষয়ক বিধি করিলাম।

স্থানীয় গবর্ণমেণ্ট অনুমতি দিলে ও কোন পক্ষের আপত্তি না থাকিলে কোন বিচারপতি ইংরেজী ভাষায় সাক্ষ্য লিখিয়া লইতে পারিবেন, ১৮৪ ধারায় এই বিধান করিলাম।

যে বিচারপতি সাক্ষ্য লিখিয়া লন মোকদ্দমা সমাপ্ত হওনের পূর্ব্বে তাঁহাকে সেই আদালতহইতে স্থানান্তরে প্রেরণ করা গেলে, যে ব্যক্তি তাঁহার পদে আইসেন তিনি যেন আপনি ঐ সাক্ষ্য গ্রহণ করিয়াছিলেন তাহা লইয়া এমত কার্য্য করিতে পারিবেন, ১৯১ ধারার এই বিধান।

কোন সাক্ষী আদালতের এলাকার বাহিরে যাইতে উদ্যত থাকাতে তাঁহার সাক্ষ্য অগৌণেই লইবার প্রয়োজন হইলে, ১৯২ ধারায় এই বিধান করিলাম তাঁহার সাক্ষ্য প্রমাণ বলিয়া ব্যবহার করিবার পূর্ব্বে তাঁহার নিকট পাঠ করা যাইবে ও তিনি তাহা ঠিক বলিয়া স্বীকার করিলে তাহাতে স্বাক্ষর করিবেন।

কোন সাক্ষী চলিয়া না গেলে, ১৯৩ ধারায় আদালতের প্রতি মোকদ্দমা চলনের কোন সময়ে ঐ সাক্ষিকে পুনরায় ডাকাইয়া তাঁহার সাক্ষ্য পুনশ্চ লইবার অনুমতি দিলাম।

Chapter XVI —Of affidavits

This chapter is wholly new It empowers the Court to order any particular fact to be proved by affidavit provides that evidence may be given by affidavit on any application or petition indicates the matters to which affidavits should be confined and, lastly, specifies the officer by whom the oaths of declarants may be administered

Chapter XVII —Of judgment and decree

In accordance with a ruling of the Calcutta High Court, we have authorized (section 199) a Judge to deliver a judgment written by his predecessor but not delivered

We think that as a rule, the judgment should be written in the language of the Court, but we have provided (section 200) that if such language be not English or the Judge s mother tongue, the judgment may be written either in English or his mother tongue We think (section 201) that the judgment need not be translated, unless any of the parties so require

We have provided (section 202) that the judgment shall not be altered or added to, save to correct verbal errors or on review

We think (section 203) that all judgments (save those of Small Cause Courts) should contain a concise statement of the case in addition to the matters mentioned in section 183 of Bill No III

We have provided (section 205) that the Judge, before signing the decree, shall satisfy himself that it has been drawn up in accordance with the judgment

We have given power to amend the decree not only when it is at variance with the judgment, but also in case of clerical or arithmetical errors, but in all such cases we have provided (section 206) for notice to the parties or their pleaders

In money decrees, we think (section 209) that the interest allowed from the date of the decree should not exceed six per cent per annum This, we hope, will abolish the practice of creating such decrees as desirable investments

We think (section 210) that no application for an order to pay the amount of a decree by instalments should be allowed after six months from the date of the decree, and we have provided for notice to the plaintiff of such applications

In administering the assets of persons dying after the Code comes into force, we have provided (section 213) that the courts shall be guided by the same rules as to rights of creditors, provoable debts and valuation of annuities, and future and contingent liabilities, as are in force as to the estates of persons adjudged insolvent, and that all persons who would be entitled to dividend out of the estate of any such deceased person may come in under the decree and make their claims against the estate We have declared in the same section that applications under section 265 of the Indian Contract Act, to wind up the business of a partnership shall be deemed to be administration suits

We think (section 216) that certified copies of the judgment and decree should not be furnished except at the expense of the parties applying for them

Chapter XVIII —Of costs

We have here made no substantial change

Chapter XIX —Of the execution of decrees

We have distributed the matter of this long and important chapter under eight heads, namely, (*a*) courts by which decrees may be executed (*b*) application for execution, (*c*) staying execution, (*d*) the mode of executing decrees, (*e*) attachment of property, (*f*) sale and delivery of property, (*g*) resistance to execution, and (*h*) arrest and imprisonment

১৬ অধ্যায় ।—আফিডেবিট বিষয়ক বিধি ।

এই অধ্যায় সম্পূর্ণ নূতন। ইহাতে আদালতের প্রতি আফিডেবিটের দ্বারা কোন বিশেষ বৃত্তান্ত প্রমাণ করিতে আজ্ঞা করিবার ক্ষমতা দেওয়া গেল, ও প্রার্থনা কি দরখাস্ত হইলে আফিডেবিট দ্বারা সাক্ষ্য দিতে পারিবার বিধান করিলাম ও আফিডেবিটের মধ্যে যেং বিষয়ভিন্ন কোন বিষয় লেখা না থাকিবে তাহা নির্দ্দিষ্ট করা গেল ও যাহারা আফিডেবিট করেন তাঁহাদিগকে যে কার্য্যকারকেরা শপথ করাইতে পারিবেন ইহা নির্দ্দেশ করা গেল ।

১৭ অধ্যায় ।—বিচার ও ডিক্রী বিষয়ক বিধি ।

কোন বিচারপতি বিচারপত্র লিখিয়াও প্রচার না করিলে তাঁহার পশ্চাৎ অন্য বিচারপতি সেই বিচার পত্র প্রচার করিতে পারিবেন, কলিকাতার হাই কোর্টের রায় অনুসারে ১৯৯ ধারায় এই বিধান করিলাম ।

সচরাচর আদালতের চলিত ভাষায় বিচারপত্র লেখা উচিত আমাদের এই বিবেচনা থাকিলেও ২০০ ধারায় এই বিধান করিলাম যে আদালতে ইংরেজী কি বিচারপতির মাতৃ ভাষার চলন না থাকিলে ঐ বিচারপত্র ইংরেজী ভাষায় কিম্বা তাঁহার মাতৃভাষায় লেখা যাইতে পারিবে। কোন পক্ষের আদেশ না থাকিলে ঐ বিচারপত্রের অনুবাদ করা প্রয়োজন নাই এই মত প্রকাশ করিলাম ।

২০২ ধারার বিধান এই, কেবল কএকটি শব্দের ভুল সংশোধনের নিমিত্ত কিম্বা পুনরালোচনা হইলে বিচারপত্র সংশোধন হইতে পারিবে, নতুবা তাহা পরিবর্ত্তন করিতে কিম্বা তাহাতে কোন কথা সংযোগ করিতে হইবে না ।

৩ নং পাণ্ডুলিপির ১৮৩ ধারামতে বিচারপত্রের মধ্যে যেং বিষয় লিখিবার বিধান হইল তদতিরিক্ত ক্ষুদ্র মোকদ্দমার আদালতছাড়া অন্য আদালতের সকল বিচারপত্রে মোকদ্দমার সংক্ষেপ বর্ণনাও লেখা উচিত ২০৩ ধারায় আমাদের এই মত প্রকাশ হইল ।

বিচারপতি ডিক্রীতে স্বাক্ষর করিবার পূর্ব্বে তাহা বিচারপত্র অনুসারে যে লেখা গেল ইহা তাঁহার হৃদ্বোধমতে জানিয়া লইতে হইবে ২০৫ ধারায় এই বিধান করিলাম ।

ঐ ডিক্রী বিচারহইতে ভিন্ন হইলে এবং অক্ষরের কি অঙ্কের কোন ভ্রম হইলেও তাহা সংশোধন করিবার অনুমতি দিলাম, কিন্তু (২০৬ ধারায়) তদ্রূপ স্থলে উভয় পক্ষের কিম্বা তাঁহাদের উকীলদের নিকট তদ্বিষয়ের নোটিস দিবার বিধান করিলাম ।

টাকার ডিক্রী হইলে ঐ ডিক্রীর তারিখ অবধি ঐ টাকার উপর বৎসর শতকরা ছয় টাকার অধিক হিসাবে সুদ দেওয়া উচিত নয় ২০৯ ধারায় আমাদের এই মত প্রকাশ হইয়াছে। ইহাতে টাকা গচ্ছিত করিবার লভ্যজনক উপায় জ্ঞান করিয়া সেই প্রকারের কার্য্য করিবার রীতি রহিত হইবে আমাদের এই আশা ।

ডিক্রীর তারিখ অবধি ছয় মাস গত হইলে পর কিস্তি করিয়া ডিক্রীর টাকা দিবার আজ্ঞা প্রার্থনা করা উচিত নয় ২১০ ধারায় এই মত প্রকাশ করিয়া বাদিকে তদ্রূপ প্রার্থনার নোটিস দেওয়ার বিধান করিলাম ।

এই আইন প্রচলিত হইবার পর যাহারা মরেন এমত ব্যক্তির দ্রব্য নিরূপণ করিতে হইলে, যাঁহাকে ঋণ শোধ করিবার অক্ষম বলিয়া নির্ণয় করা যায় তাঁহার সম্পত্তির উপলক্ষে মহাজনদের স্বত্ব বিষয়ক ও যে ঋণের প্রমান করা যাইতে পারে তদ্বিষয়ক ও বার্ষিক বৃত্তির মূল্য নিরূপণ বিষয়ক ও ভাবি ও সম্ভাবিত দায় বিষয়ক যেং বিধি প্রবল থাকে আদালত উক্ত মৃত ব্যক্তির সম্পত্তির উপলক্ষে সেইং বিধিমতে কার্য্য করিবেন, ও যে সকল ব্যক্তি উক্ত কোন মৃত ব্যক্তির সম্পত্তিহইতে ডিবিডেণ্ড পাইবার স্বত্ববান তাঁহাদিগকেও ডিক্রীর মধ্যে আনা যাইতে পারিবে ও তাঁহারা ঐ সম্পত্তির উপর আপনং দাওয়া প্রকাশ করিতে পারিবেন, ২১৩ ধারায় এইং বিধান করিলাম। ভারতবর্ষীয় চুক্তি বিষয়ক আইনের ২৬৫ ধারামতে অংশিত্ব ব্যবসায় বন্ধ করিবার প্রার্থনা হইলে উক্ত ধারায় তাহা দ্রব্য নিরূপণাধিকারিত্ব বিষয়ক মোকদ্দমা বলিয়া জ্ঞান করিবার বিধান করিলাম ।

বিচারপত্রের ও ডিক্রীর সর্টিফিকটযুক্ত নকল যে ব্যক্তিরা প্রার্থনা করেন কেবল তাঁহাদেরই খরচে তাহা দেওয়া উচিত ২১৬ ধারায় এই মত প্রকাশ করিলাম ।

১৮ অধ্যায় ।—খরচ বিষয়ক বিধি ।

এই অধ্যায়ের গুরুতর পরিবর্ত্তন হয় নাই ।

১৯ অধ্যায় ।—ডিক্রীজারী করণ বিষয়ক বিধি ।

এই দীর্ঘ ও গুরুতর অধ্যায়গত বিষয় সকল আট ভাগে বিভক্ত করিলাম। (ক) যেং আদালতের দ্বারা ডিক্রীমত কার্য্যসাধন হইতে পারিবে তদ্বিষয়ক বিধি। (খ) ডিক্রীজারী করিবার প্রার্থনাবিষয়ক বিধি। (গ) ডিক্রীজারী স্থগিত রাখন বিষয়ক বিধি। (ঘ) ডিক্রী যেরূপে জারী করা যাইবে তদ্বিষয়ক বিধি। (ঙ) সম্পত্তি ক্রোক করণবিষয়ক বিধি। (চ) সম্পত্তি বিক্রয় ও অর্পণ করাবিষয়ক বিধি। (ছ) ডিক্রী জারীর বাধকতা করণ বিষয়ক বিধি ও (জ) ব্যক্তিকে ধৃত ও কারাবদ্ধ করণ বিষয়ক বিধি।

Court by which decrees may be executed

For section 330 of Bill No III we have substituted a section (223) as to the Court by which a decree may be executed, and prescribing the procedure for sending a decree for execution to a Court other than tha which passed it When the Court passing the decree is subordinate to a District Court, we think it should send the decree to the District Court to which it is subordinate, and that such Court should deal with the decree as if it had been passed by itself

Application for execution

When a decree has been transferred by assignment, we have provided (section 232) that notice of any application to execute it shall be given to the transferor and the judgment debtor, and that it shall not be executed until the Court has heard their objections (if any) to such execution

When the judgment debtor dies before the decree is fully executed, and application is made to have it executed against his legal representative to the extent of the assets which are in his hands, we have empowered (section 234) the Court to compel the representative to produce his accounts

We think (section 235) that applications for the execution of decrees should be verified like plaints, and that they should state whether any, and what, previous applications have been made, and with what result

We have provided (section 236) for the verification of the descriptions of immoveable property sought to be attached

The mode of executing decrees

In section 244 (= section 329 of Bill No III) we have omitted the clause as to questions relating to sums alleged to have been paid in discharge or satisfaction of a decree This will get rid of the ambiguity arising from the provisions of section 206 of Act VIII of 1859 as compared with section 11 of Act XXIII of 1861

We have directed (section 245) that applications for execution shall be rejected or returned for amendment when the needful particulars or inventories are wanting Every such amendment will be attested by the Judge's signature We have provided in the same section that, in executing a decree for money, the value of the property attached shall as nearly as possible correspond with the amount of the decree

We have omitted as useless the clause as to the execution of a decree for the share of a dwelling house of an undivided Hindu family

When a decree against a surety is executed, we have provided (section 253) for giving him previous notice

We have introduced a section (254 = Order xlii, Rule 8) providing for the execution of a decree against partners in the name of the firm

We have provided (section 258) that, when moneys payable under a decree are paid out of Court to the decree holder, he shall certify the payment to the Court whose duty it is to execute the decree We have omitted the proviso in section 203 of Bill No III that decrees for the recovery of wives were to be declaratory only We are informed that in the Punjab at least such a rule would have worked unsatisfactorily

We have provided (section 260) for the enforcement of injunctions, and declared in the same section that no attachment issued to enforce an injunction, or a decree for specific performance, shall remain in force for more than a year

Attachment of Property

We have exempted (section 266) from attachment and sale in execution of a decree the following articles —the necessary wearing apparel of the judgment-debtor's wife and children the tools of artizans implements of husbandry cattle kept *bonâ fide* for agricultural purposes the materials of houses and other buildings belonging to and occupied by agriculturists political pensions the salaries of servants of Railway Companies the pay and allowances of persons to whom the Native Articles of War apply the wages of labourers and domestic servants

যে আদালতের দ্বারা ডিক্রীমত কার্য্যসাধন হইতে পারিবে তদ্বিষয়ক বিধি।

যে আদালতের দ্বারা ডিক্রীমত কার্য্যসাধন হইতে পারিবে তদ্বিষয়ের ৩ নং পাণ্ডুলিপির ৩৩০ ধারার পরিবর্ত্তে ২২৩ ধারা প্রয়োগ করিয়া যে আদালতে ডিক্রী করা যায় তদ্ভিন্ন অন্য আদালতে ঐ ডিক্রী জারী করিবার জন্যে পাঠাইবার কার্য্যপ্রণালী নির্দ্দেশ করিলাম। যে আদালত ডিক্রী করেন তাহা জিলার আদালতের অধীন হইলে যে জিলার আদালতের অধীন থাকেন তথায় তাঁহার ডিক্রী পাঠান ও তাহা লইয়া নিজ ডিক্রীর ন্যায় সেই আদালতের কার্য্য করা উচিত, এই মত প্রকাশ করিলাম।

ডিক্রীজারী করিবার প্রার্থনাবিষয়ক বিধি।

ডিক্রী হস্তান্তর করিয়া অন্যের হস্তে অর্পণ করা গেলে তাহা সাধন করিবার প্রার্থনার নোটিস ঐ হস্তান্তরকারিকে ও ডিক্রীমত খাতককে দিতে হইবে ও তাঁহারা তদ্বিষয়ের কোন আপত্তি করিলে আদালত তাঁহাদের আপত্তি না শুনিলে ঐ ডিক্রীমত কার্য্য সাধন হইবে না ২২২ ধারায় এই বিধান করিলাম।

ডিক্রী সম্পূর্ণমতে সাধন না হইতে২ ডিক্রীমত খাতকের মৃত্যু হইলে ও তাঁহার আইনমত স্থলাভিষিক্ত ব্যক্তির হস্তগত সম্পত্তিহইতে যত দূর ডিক্রী সাধন হইতে পারে তত দূর সাধন করিবার প্রার্থনা করা গেলে ২৩৪ ধারায় আদালতের প্রতি বলপূর্ব্বক ঐ স্থলাভিষিক্ত ব্যক্তির হিসাব উপস্থিত করাইয়া লইবার ক্ষমতা প্রদান করিলাম।

ডিক্রীমত কার্য্য সাধন হইবার প্রার্থনায় আবেদনপত্রের ন্যায় সত্যাকরণের কথা লেখা, ও তৎপূর্ব্বে কোন প্রার্থনা করা গিয়াছে কি না ও কিরূপ প্রার্থনা হইয়াছে ও তাহার কি ফল হইল এই২ কথাও লেখা উচিত ২৩৫ ধারায় এই মত প্রকাশ করিলাম।

স্থাবর সম্পত্তি ক্রোক করিবার চেষ্টা হইলে ২৩৬ ধারায় তাহার বর্ণনাপত্রে সত্যাকরণের কথা লেখাইবার বিধান করিলাম।

ডিক্রী যেরূপে জারী করা যাইবে তদ্বিষয়ক কথা।

ডিক্রীর পরিশোধে কিম্বা ডিক্রীমত কার্য্য সাধন হইয়া টাকা দেওয়া গেল কথিত হইলে তদ্বিষয়ের প্রশ্ন করিবার যে প্রকরণ ছিল ২৪৪ ধারায় (৩ নং পাণ্ডুলিপির ৩১৯ ধারায়) তাহা ত্যাগ করিলাম। ৮৫৯ সালের ৮ আইনের ২০৬ ধারার সঙ্গে ১৮৬ সালের ২৩ আইনের ১১ ধারা মিলাইয়া দেখিলে অর্থের যে সংশয় জন্মে উক্ত প্রকরণ ত্যাগ করাতে ঐ সংশয়ের নিরাকরণ হয়।

ডিক্রী জারী করিবার প্রার্থনার সঙ্গে২ প্রয়োজনমতে বৃত্তান্ত কি নির্ঘণ্টপত্র দেওয়া না গেলে ২৪৫ ধারায় সেই প্রার্থনাপত্র অগ্রাহ্য করিবার কিম্বা সংশোধনার্থে ফিরিয়া দিবার আদেশ করিলাম। তদ্রূপ সংশোধিত কথায় বিচারপতি সাক্ষিস্বরূপে স্বাক্ষর করিবেন। টাকার ডিক্রী জারী করিতে গেলে যত টাকার ডিক্রী হয় সাধ্যমত তত টাকা মূল্যের সম্পত্তি ক্রোক করিতে হইবে ঐ ধারায় এই বিধানও করিলাম।

হিন্দু অবিভক্ত পরিবারের বসতবাটীর একাংশের নিমিত্ত ডিক্রী জারী করণ বিষয়ক এক প্রকরণ অনাবশ্যক বলিয়া ত্যাগ করিলাম।

প্রতিভূর বিপক্ষে ডিক্রী সাধন করিতে হইলে ২৫৩ ধারায় তাঁহাকে প্রথমে নোটিস দিবার বিধান করিলাম।

অংশিদের বিপক্ষ ডিক্রী কুঠীর নামে জারী করিবার বিধান করণার্থ (৪২ আজ্ঞার ৮ বিধি অনুযায়ি) ২৫৪ ধারা প্রণয়ন করিলাম।

ডিক্রীমতে যে টাকা দেয় হয় তাহা আদালতের বাহিরে ডিক্রীদারকে দেওয়া গেলে ঐ ডিক্রী জারী করা যে আদালতের কর্ত্তব্য, ডিক্রীদার সার্টিফিকট লিখিয়া সেই আদালতে ঐ কথা জানাইবেন, ২৫৮ ধারায় এই বিধান করিলাম। স্ত্রীকে পুন প্রাপণের নিমিত্ত যে ডিক্রী করা যায় তাহা কেবল স্বত্ব নির্ণয়সূচক হইবে ৩ নং পাণ্ডুলিপির ২০৩ ধারার এই উপবিধি ত্যাগ করিলাম, কারণ অন্য স্থানে না হউক কিন্তু পঞ্জাবে সেই বিধিদ্বারা অনেক অসন্তোষ জন্মাইবার সম্ভাবনা ইহা অবগত হইলাম।

২৬০ ধারায় নিষেধসূচক আজ্ঞা প্রবল করিবার বিধান করিয়া এই নির্দ্দেশ করিলাম যে নিষেধসূচক আজ্ঞা প্রবল করণার্থে ক্রোক করিবার যে আজ্ঞা বাহির হয় কিম্বা নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করিবার যে ডিক্রী করা যায় তাহা এক বৎসরের অধিক কাল বলবৎ থাকিবে না।

সম্পত্তি ক্রোক করণ বিষয়ক বিধি।

২৬৬ ধারায় ডিক্রী জারীক্রমে নিম্নলিখিত দ্রব্য ক্রোক ও নীলাম না হইবার বিধান করিলাম। বিশেষত ডিক্রীমত খাতকের স্ত্রীসন্তানাদির প্রয়োজনীয় বস্ত্র ও কারিগরী যন্ত্র ও চাষ করিবার যন্ত্রাদি, ও প্রকৃত প্রস্তাবে কৃষিকার্য্যের নিমিত্ত যে গবাদি রাখা যায় তাহা ও কৃষকদের ও তাহাদের দখল করা গৃহাদির সরঞ্জাম, ও রাজনীতি পক্ষ পেনশ্যন, ও রেলওয়ে কোম্পানির চাকরদের বেতন, ও এতদ্দেশীয় পল্টনের যে লোকদের প্রতি যুদ্ধ সম্বন্ধীয় আইন খাটে তাহাদের বেতন ও উপরি টাকা, ও মজুরদের ও ঘরের চাকরদের মজুরী ও মাহিয়ানা।

We think that general attachments of the moveable property of judgment debtors should no longer be permitted, and we have accordingly struck out the clauses (210, 235, 236, and part of 231) of Bill No III relating to this subject Ample power to obtain discovery as to such property is given by section 267

We have provided (section 268) that no attachment to enforce a decree for a specific moveable shall remain in force for more than six months at the end of which time, if the judgment debtor has not obeyed the decree, the property attached may be sold, and out of the proceeds the Court may award the decree holder such compensation as it thinks fit, and pay the balance to the judgment debtor

We have empowered (section 269) the Local Government to make rules for the maintenance and custody of livestock and other moveable property while under attachment, and directed the attaching officer to act in accordance with such rules

We have provided rules (section 271) for the attachment of moveable property in rooms actually occupied by native women

We have introduced a section (273) dealing with the attachment of decrees

We have provided (section 275) for withdrawing an attachment when the decree under which it has been made is set aside or reversed

We have struck out the section (307 of Bill No III= section 272 of Act VIII of 1859) empowering the Court to order the proceeds of property attached under a decree obtained fraudulently to be paid in satisfaction of another decree The power is rarely used, and the case contemplated is, we think one for a regular suit, not a summary proceeding

Sale and delivery of Property

We think (section 288) that the proclamation of execution sales should state the incumbrances (if any) to which the interest about to be sold is liable and we have provided that no Judge &c shall be answerable for error in the proclamation unless it has been committed dishonestly

We have struck out the clause (section 280 of Bill No III) allowing process for attachment and sale of moveables to be issued either successively or simultaneously

We have provided (section 291) for adjournments of execution sales, and for stopping them on tender of the debt and costs or on proof that the amount has been paid into the Court which ordered the sale

We have forbidden (section 292) all officers conducting or otherwise concerned in sales to bid for or purchase the property sold

In lieu of providing that the attaching creditor shall be first paid out of the assets realized and that the surplus shall be distributed amongst the other execution creditors we have declared (section 295) that such assets shall (after deducting the costs) be divided rateably amongst all persons who have prior to the realization applied for execution of money decrees against the judgment debtor and have not obtained satisfaction We have also provided that when any property liable to be sold in execution is subject to a mortgage, the Court may with the assent of the mortgagee order that the property be sold free from the mortgage, giving to the mortgagee the same right against the proceeds as he had against the property sold

Courts inferior to District Courts should not, in our opinion (section 303), have power to sell immoveable property in execution of a decree but whenany such inferior Court thinks that such a sale should be made we have provided (section 304) that such Court shall refer the case to the District Court to which it is subordinate, and declared that the District Court may then sell as if the decree had been made by itself

We have amended the section (309) empowering the co sharer in an undivided estate to claim at sale price a share of such estate sold in execution If the claim be made before sunset on the day of sale, and the claimant then repay to the purchaser the amount of his deposit, the claimant will be substituted for the auction purchaser,

ডিক্রীমত খাতকদের অস্থাবর সম্পত্তি সাধারণমতে ক্রোক করিবার আর অনুমতি থাকা উচিত নয় বিবেচনায় এতদ্বিষয়ের ৩ নং পাণ্ডুলিপির ২১০, ৩৫ ২৩৬ ধারা ও ২৩ ধারার একাংশ ত্যাগ করিলাম। ২৬৭ ধারায় তদ্রূপ সম্পত্তির সন্ধান লওনার্থে যথেষ্ট ক্ষমতা দেওয়া গেল।

২৬৮ ধারায় এই বিধান করিলাম বিশেষ কোন অস্থাবর দ্রব্যের নিমিত্ত ডিক্রী প্রবল করণার্থ ক্রোক করিবার যে আজ্ঞা হয় তাহা ছয় মাসের অধিক কাল প্রবল থাকিবে না। ঐ ছয় মাস গত হইলেও যদি ডিক্রীমত খাতক ঐ ডিক্রীমতে কার্য্য না করিয়া থাকেন তবে ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইতে পারিবে ও তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় তাহাহইতে আদালত ডিক্রীদারের হানিপূরণস্বরূপ যত টাকা পাওয়া উচিত বোধ করেন তাঁহাকে তত টাকা দেওয়াইয়া ডিক্রীমত খাতককে অবশিষ্ট টাকা দিবেন।

পশ্বাদি ও অন্য অস্থাবর সম্পত্তি যত দিন ক্রোক হইয়া থাকে ২৬৯ ধারায় স্থানীয় গবর্ণমেন্টের প্রতি তাহার আহারাদির ও রক্ষণাবেক্ষণের বিধি করিবার অনুমতি দিলাম ও যে আমলা ক্রোক করেন তাঁহার প্রতি সেই বিধিমতে কার্য্য করিতে আদেশ করিলাম।

স্ত্রীলোকেরা যে ঘরের মধ্যে উপস্থিত থাকেন ২৭১ ধারায় সেই ঘরের অন্তর্গত অস্থাবর দ্রব্য ক্রোক করিবার বিধান করিলাম।

ডিক্রী ক্রোক হইলে ২৭৩ ধারায় তাহা লইয়া কার্য্য করিবার একটি নূতন বিধান করিলাম।

যে ডিক্রীমতে ক্রোক করা যায় তাহা অসিদ্ধ কি ব্যর্থ করা গেলে তদনুসারে যে ক্রোক করা যায় ২৭৫ ধারায় সেই ক্রোক উঠাইয়া দিবার বিধান করিলাম।

কোন ডিক্রী প্রতারণাক্রমে পাওয়া গেলে ও তদনুসারে সম্পত্তি ক্রোক হইয়া বিক্রয় করা গেলে আদালত অন্য ডিক্রীর পরিশোধে সেই টাকা দিবার আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হন এই মর্ম্মের ৩ নং পাণ্ডুলিপির ৩০৭ ধারা ও ১৮৫৯ সালের ৮ আইনের ২৭০ ধারা ত্যাগ করিলাম। সেই ক্ষমতানুসারে প্রায় কার্য্য হইয়া থাকে না ও সেই ধারায় যে স্থলের কল্পনা হইয়াছে বোধ হয় তাহা জাবেতামত মোকদ্দমা ঘটিত সরাসরী মোকদ্দমা ঘটিত কার্য্য সংক্রান্ত নয়।

সম্পত্তি নীলাম ও অর্পণ করণ বিষয়ক বিধি।

ডিক্রীজারীক্রমে নীলামের ঘোষণা হইলে, যে স্বার্থ বিক্রয় হইবে তাহার উপর কোন দায় আছে কি না ঘোষণাপত্রে এই কথাও ব্যক্ত থাকা উচিত, ২৮৮ ধারায় এই মত প্রকাশ করিয়া এই বিধান করিলাম ঘোষণপত্রে কুটিলভাবে যে ভ্রম করা যায় তদ্ভিন্ন কোন ভ্রমহেতুক বিচারপতি প্রভৃতি দায়ী হইবেন না।

অস্থাবর দ্রব্য ক্রোক ও বিক্রয় করিবার পরওয়ানা একি কালে কিম্বা পরপর বাহির হইতে পারিবে ৩ নং পাণ্ডুলিপির এই মর্ম্মের ২৮০ ধারা ত্যাগ করিলাম।

২৯১ ধারায় ডিক্রীজারীক্রমে নীলাম স্থগিত করিয়া দিনান্তর নিরূপণ করিবার ও ঋণ ও খরচ দিবার প্রস্তাব হইলে কিম্বা যে আদালত নীলামের আজ্ঞা করিলেন সেই আদালতে টাকা দেওয়ার প্রমাণ হইলে ঐ নীলাম স্থগিত করিবার বিধান করিলাম।

যে কার্য্যকারকেরা নীলামের কার্য্য চালান কিম্বা প্রকারান্তরে ঐ কার্য্যে কোন সম্পর্ক রাখেন ২৯২ ধারায় তাঁহাদিগকে বিক্রেয় সম্পত্তির নিমিত্ত ডাকিতে কিম্বা তাহা ক্রয় করিতে নিষেধ করিলাম।

যে টাকা আদায় হয় তাহাহইতে প্রথমে ক্রোককারী মহাজনের ঋণ শোধ করা যাইবে ও অবশিষ্ট টাকা ডিক্রীমত অন্য মহাজনদের মধ্যে বিলি করা যাইবে এই মর্ম্মের বিধানের পরিবর্ত্তে ২৯৫ ধারায় এই বিধান করিলাম সেই টাকাহইতে খরচখরচা বাদ দিলে পর ঐ টাকা আদায়ের পূর্ব্বে যে সকল ব্যক্তি ডিক্রীমত খাতকের বিপক্ষে টাকার ডিক্রীজারী করিতে প্রার্থনা করিলেও ঋণ শোধ পাইতে পারিলেন না ঐ টাকা তাঁহাদের সকলের মধ্যে হারাহারিমতে বাঁটিয়া দেওয়া যাইবে। আরও যে সম্পত্তি ডিক্রী জারীক্রমে বিক্রয় হইতে পারে তাহা বন্ধক দেওয়া গিয়া থাকিলে আদালত বন্ধকগ্রহীতার সম্মতি লইয়া ঐ সম্পত্তি বন্ধকহইতে মুক্তভাবে বিক্রয় করিতে আজ্ঞা করিয়া ঐ বিক্রীত সম্পত্তির উপর বন্ধকগ্রহীতার যে স্বত্ব ছিল ঐ নীলামদ্বারা উৎপন্ন টাকারও উপর তাঁহার প্রতি সেই স্বত্ব প্রদান করিবেন।

জিলার আদালতের অধীন কোন আদালতের প্রতি ডিক্রীজারীক্রমে স্থাবর সম্পত্তি বিক্রয় করিবার অনুমতি দেওয়া উচিত নয়, ৩০৩ ধারায় আমাদের এই মত প্রকাশ করিলাম। কিন্তু তদ্রূপ নীলাম হওয়া উচিত উক্ত কোন অধীন আদালতের এই অভিমত থাকিলে সেই আদালত জিলার যে আদালতের অধীন থাকেন তথায় সেই মোকদ্দমা অর্পণ করিবেন, ও জিলার আদালত আপনি যেন ঐ ডিক্রী করিলেন এমতে বিক্রয় করিতে পারিবেন, ৩০৪ ধারায় এই বিধান করিলাম।

অবিভক্ত মহাল ডিক্রী জারীক্রমে নীলাম হইলে, ঐ মহাল যত টাকাতে বিক্রয় হইল কোন অংশী তদনুসারে মূল্য দিয়া মহালের একাংশ পাইবার দাওয়া রাখিতে পারিবেন ৩০৯ ধারায় এই বিধান সংশোধন করিলাম। নীলামের দিনে সূর্য্যাস্ত হইবার পূর্ব্বে ঐ দাওয়া করা গেলে ও ক্রেতা যত টাকা আমানৎ করিলেন দাওয়াদার তৎকালে তাঁহাকে তত টাকা দিলে তিনি ঐ নীলামের খরিদারের স্থলে দাঁড়াইবেন।

৫

We have fixed (section 312) sixty days as the time within which the purchaser of immoveable property may apply to set aside the sale on the ground that the judgment-debtor had no legally saleable interest therein

We have, by section 316 provided (in accordance with Act XI of 1859 section 28, and Schedule A) that the purchase shall be deemed to take effect from the date of the attachment

As to sales of land by Collectors we have substituted for section 276 of Bill No III a clause (320) providing that the Local Government may transfer to the Collector of any District the execution of decrees in cases in which a Court has ordered any interest in immoveable property to be sold And we think (section 321) that whenever the execution of a decree has been so transferred the Collector, if he thinks that the debts of the judgment debtor can be discharged without a sale of the whole of the property, should notwithstanding the order, have power to sell only part, or to mortgage the whole or any part, of the land, or to let or manage it himself for a term not exceeding twenty years from the date of the order Where the Collector lets or manages we have provided (sections 322 323) for giving notice to the judgment creditors to come in for excluding all other claimants from any right to payment out of the proceeds for preventing the debtor from incumbering during the term the property so let or managed and, if at the end of the term the requisite amount has not been raised for selling such property Where the Collector sells or exercises the power to mortgage let or manage, we have required him (section 324) to inform the Court which made the order of sale, to render accounts to such Court, and to hold the balance in his hands at its disposal

Where the sale of immoveable property has been postponed to enable the judgment-debtor to raise the amount of the decree, and the Court authorizes him to sell, mortgage or let the property we have provided (section 324) that all moneys payable under such sale, mortgage or lease shall be paid into Court and not to the judgment debtor

We have omitted (section 325) as unnecessary the power to order security to be taken from the defendant when the Court authorizes the Collector to stay the public sale of land We have expressly empowered the Local Government (section 326) to make special rules for any territory prohibiting the sale of any class of interests in land in execution of money decrees

Arrest and Imprisonment

We have provided (section 335) that a judgment debtor may be arrested in execution at any hour and on any day, and that he shall thereupon be brought before the Court, except when the decree is for money and the judgment debtor pays the amount of the decree and the costs of the arrest When he is brought before the Court, we have directed the Judge to inform him that he may obtain relief under Chapter XX, and if he express his intention so to apply and if he furnish security for his appearance at any time when called upon, the Court will release him

When the judgment debtor fails to pay the amount of principal and interest we have directed (section 337) the serving officer to bring him before the Court, and when the serving officer cannot execute the warrant, we think (section 343) that the Court should examine him on oath as to his inability

We think (section 339) that no judgment debtor should be arrested unless and until the decree holder pays into Court a proper sum for the subsistence of the judgment debtor from his arrest until he is brought before the Court We have empowered the Local Government to fix scales of monthly allowance for the subsistence of judgment debtors in prison

As to imprisonment in execution of a decree, we have provided (section 341) that a judgment debtor may be discharged from jail without the order of the Court when the term of his imprisonment is completed, and we think (section 342) that no person should be imprisoned for a longer period than six months, or when the decree is for the payment of a sum not more than Rs 50, for a longer period than six weeks

CHAPTER XX —INSOLVENT JUDGMENT DEBTORS

We have here made numerous small amendments, the chief of which are the following —

As to fraudulent transfers, we think (section 351) that the Court need only see that they were not made within two months next before the date of the decree in execution of which

স্থাবর সম্পত্তির নীলাম হইলে, সেই সম্পত্তিগত যে স্বার্থ আইনমতে বিক্রয় হইতে পারে ডিক্রীমত খাতকের এমত স্বার্থ ছিল না বলিয়া ডিক্রীদার যে মিয়াদের মধ্যে ঐ নীলাম অসিদ্ধ করিবার প্রার্থনা করিতে পারিবেন, ৩১২ ধারায় বাইট দিনের সেই মিয়াদ নিরূপণ করিলাম।

ক্রোক করিবার তারিখ অবধি ক্রয় ফলবৎ হইবে বলিয়া জ্ঞান করা যাইবে ৩১৬ ধারায় ১৮৫৯ সালের ১১ আইনের ২৮ ধারা ও A চিহ্নিত তফসীল অনুসারে এই বিধান করিলাম।

কালেক্টর সাহেবদের দ্বারা ভূমি নীলামকরণ বিষয়ে ৩ নং পাণ্ডুলিপির ২৭৬ ধারার পরিবর্ত্তে ৩২০ ধারায় এই বিধান করিলাম কোন আদালত ডিক্রী করিয়া স্থাবর সম্পত্তিগত কোন স্বার্থ বিক্রয় করিবার আজ্ঞা করিলে স্থানীয় গবর্ণমেণ্ট কোন জিলার কালেক্টর সাহেবের প্রতি সেই ডিক্রী সাধন করিবার কার্য্য অর্পণ করিতে পারিবেন। আর ডিক্রী সাধন করিবার কার্য্য তদ্রূপে হস্তান্তর করিয়া দেওয়া গেলে সম্পূর্ণ সম্পত্তি বিক্রয় না করিয়াও ডিক্রীমত খাতকের ঋণ শোধ হইতে পারিবে কালেক্টর সাহেবের এমত জ্ঞান থাকিলে উক্ত আজ্ঞা হইলেও তাঁহার সেই ভূমির অংশমাত্র বিক্রয় করিবার কিম্বা সম্পূর্ণ ভূমি কিম্বা তাহার একাংশ বন্ধক রাখিবার কিম্বা ঐ আজ্ঞার তারিখঅবধি বিশ বৎসরের অনধিক কাল তাহার ইজারা দিবার কিম্বা নিজের তাহার কার্য্যাধ্যক্ষতা করিবার ক্ষমতা থাকা উচিত ৩২১ ধারায় এই অভিমত প্রকাশ করিলাম। কালেক্টর সাহেব ইজারা দিলে কি কার্য্যাধ্যক্ষতা করিলে ৩২২ ও ৩২৩ ধারায় ডিক্রীমত মহাজনদিগকে আসিতে নোটিস দিবার ও উৎপন্ন টাকাহইতে অন্য সকল দাওয়াদারকে শোধ পাইবার কোন স্বত্বহইতে বহিভূত করিবার ও যত কাল সম্পত্তির তদ্রূপে ইজারা দেওয়া কি কার্য্যাধ্যক্ষতা করা যায় তত কাল খাতকের সেই সম্পত্তি দায়গ্রস্ত করিতে নিবারণ করিবার ও সেই মিয়াদ গত হইলেও উপযুক্ত টাকা তোলা না গেলে ঐ সম্পত্তি বিক্রয় করিবার বিধান করিলাম। কালেক্টর সাহেব ভূমি বিক্রয় করিলে কিম্বা বন্ধক রাখিবার কি ইজারা দিবার কি কার্য্যাধ্যক্ষতা করিবার ক্ষমতানুসারে কার্য্য করিলে ৩২৪ ধারায় তাঁহার প্রতি এই আদেশ থাকিল যে যে আদালত নীলাম করিতে আজ্ঞা দিলেন সেই আদালতে উক্ত কথা জ্ঞাত করেন ও হিসাব দেন ও উদ্বর্ত্ত টাকা ঐ আদালতের আজ্ঞামতে প্রয়োগ করণার্থে স্বহস্তে রাখেন।

ডিক্রীমত খাতক ডিক্রীর টাকা তুলিতে অবকাশ পান এই নিমিত্ত স্থাবর সম্পত্তি গৌণে বিক্রয় করিবার আজ্ঞা হইলে ও আদালত তাঁহাকে সম্পত্তি বিক্রয় করিতে কি বন্ধক রাখিতে কি ইজারা দিতে অনুমতি দিলে সেই বিক্রয় কি বন্ধক কি ইজারামত যত টাকা দেয় হয় তাহা ডিক্রীমত খাতককে না দিয়া আদালতে দেওয়া যায় ৩২৪ ধারায় এই বিধান করিলাম।

আদালত কালেক্টর সাহেবের প্রতি ভূমির নীলাম স্থগিত রাখিবার অনুমতি দিলে প্রতিবাদির স্থানে জামিন লইবার আজ্ঞা করণের ক্ষমতা অনাবশ্যক বলিয়া ৩২৫ ধারায় তাহা রহিত করিলাম। ও কোন২ প্রদেশের মধ্যে টাকার ডিক্রীজারীক্রমে ভূমিগত কোন শ্রেণীর স্বার্থ বিক্রয় করিতে নিষেধ করণার্থে ৩২৬ ধারায় স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি বিশেষ বিধি করিবার স্পষ্ট ক্ষমতা প্রদান করিলাম।

ধৃত ও কারাবদ্ধ করণবিষয়ক বিধি।

৩৩৫ ধারায় এই২ বিধান করিলাম ডিক্রীজারীক্রমে ডিক্রীমত খাতককে কোন দিনের কোন ঘণ্টায় গ্রেপ্তার করা যাইতে পারিবে, গ্রেপ্তার করা গেলে এবং টাকার ডিক্রী হইলে ও ডিক্রীমত খাতক ডিক্রীর টাকা ও গ্রেপ্তার করণের খরচ তৎকালেই না দিলে তাঁহাকে আদালতের সম্মুখে আনা যাইবে। আদালতের সম্মুখে আনা গেলে তিনি ২০ অধ্যায়মতে উপকার পাইতে পারেন তাঁহাকে এই কথা জ্ঞাত করিতে বিচারপতির প্রতি আদেশ থাকিল ও তিনি সেই অধ্যায়মতে প্রার্থনা করিবার কল্পনা জানাইলে ও কোন সময়ে আহ্বান করা গেলেই উপস্থিত হইবার জামিন দিলে, আদালত তাঁহাকে ছাড়িয়া দিবেন।

যে আমলা পরওয়ানা জারী করেন ৩৩৭ ধারায় তাঁহার প্রতি এই আদেশ থাকিল যে ডিক্রীমত খাতক সুদ সুদ্ধ আসল টাকা না দিলে তাঁহাকে আদালতের সম্মুখে উপস্থিত করেন। ঐ আমলা পরওয়ানা জারী করিতে অক্ষম হইলে তাঁহার অক্ষমতাবিষয়ে আদালতের শপথপূর্ব্বক তাঁহার সাক্ষ্য লওয়া উচিত ৩৪৩ ধারায় এই মত প্রকাশ করিলাম।

ডিক্রীমত খাতকের গ্রেপ্তার হওনের সময়াবধি তাঁহাকে যত কাল আদালতের সম্মুখে উপস্থিত করা না যায় ডিক্রীদার তাঁহার তত্তকালের খোরাকী আদালতে না দিলে ও যত দিন না দেন তত দিন তাঁহাকে গ্রেপ্তার করা উচিত নয়, ৩৩৯ ধারায় এই মত প্রকাশ করিয়া কারাবদ্ধ খাতকদের খোরাকী বলিয়া মাসে২ যে হারে টাকা দিতে হইবে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ইহা স্থির করিবার ক্ষমতা প্রদান করিলাম।

ডিক্রী জারীক্রমে কারাবদ্ধ করণ বিষয়ে ৩৪১ ধারায় এই বিধান করিলাম, ডিক্রীমত খাতকের কারাদণ্ডের মিয়াদ পূর্ণ হইলে আদালতের আজ্ঞা ব্যতিরেকে তাঁহাকে কারাগারহইতে মুক্ত করা যাইতে পারিবে। কোন ব্যক্তিকে ছয় মাসের অধিক কাল কিম্বা ৫০ টাকার অনধিক দিবার ডিক্রী হইলে ছয় সপ্তাহের অধিক কাল কারাবদ্ধ করা উচিত নয়, ৩৪২ ধারায় আমাদের এই মত প্রকাশ হইল।

২০ অধ্যায়।—ডিক্রীমত খাতক ঋণ শোধ করিতে অক্ষম হইলে তদ্বিষয়ক বিধি।

এই অধ্যায়ের অনেক ক্ষুদ্র২ অংশ সংশোধন করিলাম। তন্মধ্যে বিশেষ২ এই।—প্রত্যর্পণাক্রমে ডিক্রী হস্তান্তরকরণ বিষয়ে ৩৫১ ধারায় এই মত প্রকাশ করিলাম, যে ডিক্রী জারীক্রমে ঋণশোধকরণাক্ষম ব্যক্তিকে গ্রেপ্তার কি কয়েদ করা যায় সেই ডিক্রীর তারিখের পূর্ব্বে দুই মাসের মধ্যে

the insolvent was arrested or imprisoned We have provided (section 352) that all creditors, whether mentioned or not in the debtor's application, shall prove their debts We have provided (section 355) that the receiver of the insolvent's property shall give security, and (section 356) that he may retain as remuneration five per cent upon the amount of the balance distributed to the creditors And we have reduced (section 359) from two years to one year the term for which a fraudulent insolvent may be imprisoned

Chapter XXI —Of the death marriage, and insolvency of parties

We have added two illustrations to the section (361) as to non abatement by death where the cause of action survives

We have provided a limitation (sections 364 366) for applications under this chapter

When a suit abates or is dismissed under this chapter we have permitted (section 371) the person claiming to be the plaintiff's representative to apply to set aside the order of abatement or dismissal

We have provided (section 372) for cases of assignment pending the suit

Chapter XXII —Of the withdrawal and adjustment of suits

We have provided here (section 373) for the case of abandonment of part of the plaintiff's claim and (section 375) for the finality of decrees passed in accordance with compromises We have made no other substantial change

Chapter XXIII —Of payment into court

We have given the Court (section 376) a discretionary power with regard to the payment of deposits in Court to the plaintiff

Where the Court decides that the defendant's deposit was a full satisfaction of the plaintiff s claim we have provided (section 379) that the plaintiff shall pay, not the costs of the suit, but the costs incurred after the deposit and the costs incurred previous thereto, so far as they were caused by excess in the plaintiff s claim

Chapter XXIV —Of requiring security for costs

We think that the plaintiff should not be required to furnish security for costs unless a defendant so require We have altered this chapter (section 380) accordingly

Chapter XXV —Of commissions

When a Court inferior to a District Court issues a commission to examine a person residing within its jurisdiction we have provided (section 385) that the selection of the person to execute the commission shall be subject to such rules as the District Court may prescribe

We have provided (section 386) that any District Court and Court of Small Causes may issue commissions for the examination of officers of Government who cannot attend the Court without detriment to the public service, and of persons who are about to leave the jurisdiction before the date on which the suit in which their evidence is required is set down for hearing

No Court inferior to a District Court other than a Court of Small Causes, should we think, issue commissions for the examination of persons resident beyond its jurisdiction We have made a provision to this effect in section 386

We have declared (section 391) that the provisions contained in this chapter as to the execution and return of commissions shall apply to commissions issued by Foreign Courts We have struck out the section (385 of the Bill No III) as to taking the evidence of prisoners The matter is sufficiently provided for by the Prisoners' Testimony Act

We have extended to proceedings as well as to suits the sections (392, 395) as to commissions for local investigations, and to examine accounts In the case of the former class of commissions when the Local Government has made rules as to the persons to be appointed commissioners, we have required the Court to comply with such rules

ঐ হস্তান্তর করা যায় নাই আদালতের ইহামাত্র দেখা প্রয়োজন। ৩৫২ ধারায় এই বিধান করিলাম খাতকের প্রার্থনাপত্রের মধ্যে মহাজনের নাম লেখা থাকিলে বা না থাকিলেও সকল মহাজনের আপনং ঋণের প্রমাণ করিতে হইবে। ৩৫৫ ধারার বিধান এই যে ঋণ শোধ করণাক্ষম ব্যক্তির সম্পত্তিগ্রাহক জামিন দিবেন ও ৩৫৬ ধারার এই বিধান যে মহাজনের মধ্যে টাকা বিলি করিয়া দেওয়া গেলে গ্রাহক আপনার পারিশ্রমিকস্বরূপ উদ্বর্ত্ত টাকার উপর শতকরা ৫ টাকা রাখিবেন। এবং ঋণ শোধ করণাক্ষম ব্যক্তি প্রতারক হইলে ৩৫৯ ধারায় তাহার কারাদণ্ডের মিয়াদ দুই বৎসর হইতে এক বৎসর পর্য্যন্ত কমাইয়া দিলাম।

২১ অধ্যায়।—কোন পক্ষের মৃত্যু কি বিবাহ কি ঋণ শোধ করিবার অক্ষমতা হইলে তদ্বিষয়ক বিধি।

নালিশ করিবার হেতু বলবৎ থাকিলে কোন ব্যক্তির মৃত্যু হইলেও ৩৬১ ধারায় মোকদ্দমা স্থগিত না হইবার দুইটি নূতন উদাহরণ সংযোগ করিলাম।

৩৬৪ ও ৩৬৬ ধারায় এই অধ্যায়মতে প্রার্থনা করিবার মিয়াদ ধার্য্য করিলাম।

এই অধ্যায়মতে মোকদ্দমা রহিত হইলে বা ডিসমিস করা গেলেও যিনি বাদির স্থলাভিষিক্ত বলিয়া দাওয়া রাখেন ৩৭১ ধারায় তাঁহার প্রতি ঐ রহিত কি ডিসমিস করিবার আজ্ঞা অসিদ্ধ করিবার প্রার্থনা করিতে অনুমতি দিলাম।

৩৭২ ধারায় মোকদ্দমা উপস্থিত থাকিতে সম্পত্তি নিরূপণের স্থলের বিধান করিলাম।

২২ অধ্যায়।—মোকদ্দমা উঠাইয়া লওন ও আপোসে নিষ্পত্তিকরণ বিষয়ক বিধি।

এই অধ্যায়ের ৭৩ ধারায় বাদির দাওয়ার একাংশ ত্যাগ করণবিষয়ক বিধান এবং রফানামা অনুসারে যে ডিক্রী করা যায় ৩৭৫ ধারায় তাহা চূড়ান্ত হইবার বিধান করিলাম। তদ্ভিন্ন কোন বিষয়ের গুরুতর পরিবর্ত্তন হয় নাই।

২৩ অধ্যায়।—আদালতে টাকা দেওনবিষয়ক বিধি।

যে টাকা আদালতে গচ্ছিত করা যায় ৩৭৬ ধারায় বাদিকে ঐ টাকা দেওনবিষয়ে আদালতের প্রতি স্বীয় বিবেচনামতে কার্য্য করিবার ক্ষমতা প্রদান করিলাম।

প্রতিবাদী যে টাকা গচ্ছিত করিলেন তাহাতে বাদির সম্পূর্ণ দাওয়ার পরিশোধ হইল আদালত ইহা নিষ্পত্তি করিলে, ৩৭৯ ধারায় এই বিধান করিলাম যে বাদী মোকদ্দমার খরচ দিবেন না কিন্তু ঐ টাকা গচ্ছিত হইলে পর এবং তৎপূর্ব্বেও বাদির অতিরিক্ত দাওয়া প্রযুক্ত যত খরচ হইয়া থাকে বাদির তাহা দিতে হইবে।

২৪ অধ্যায়।—খরচের নিমিত্ত জামিন লওনবিষয়ক বিধি।

প্রতিবাদির আদেশ না থাকিলে বাদির প্রতি খরচার নিমিত্ত জামিন দিবার আজ্ঞা করা উচিত নয় বিবেচনায় তদনুসারে ৩৮০ ধারায় এই অধ্যায় পরিবর্ত্তন করিলাম।

২৫ অধ্যায়।—কমিশ্যানবিষয়ক বিধি।

জিলার আদালতের অধীন কোন আদালত আপন এলাকার মধ্যবাসি কোন ব্যক্তির সাক্ষ্য লইবার জন্যে কমিশ্যান দিলে যে ব্যক্তি ঐ কমিশ্যানমতে কর্ম্ম করিবেন তাঁহাকে মনোনীতকরণে ঐ আদালত জিলার আদালতের নির্দ্দিষ্ট বিধিমতে কার্য্য করিবেন ৩৮৫ ধারার এই বিধান।

রাজকীয় কার্য্যের হানি না হইয়া গবর্ণমেণ্টের যে কার্য্যকারকেরা আদালতে উপস্থিত হইতে না পারেন তাঁহাদের সাক্ষ্য, ও যে মোকদ্দমায় অন্য যে ব্যক্তিদের সাক্ষ্য লওয়া প্রয়োজন সেই মোকদ্দমা শুনিবার নির্দ্ধারিত দিনের পূর্ব্বে সেই ব্যক্তিরা আদালতের এলাকার বহির্ভূত স্থানে যাইতে উদ্যত হইলে তাঁহাদের সাক্ষ্য লইবার জন্যে কোন জিলার আদালত ও ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালত কমিশ্যান দিতে পারিবেন ৩৮৬ ধারায় এই বিধান করিলাম।

জিলার আদালতের অধীন কোন আদালতের এলাকার বহির্ভূত স্থানবাসি ব্যক্তিদের সাক্ষ্য লইবার জন্যে ক্ষুদ্র মোকদ্দমার আদালতভিন্ন উক্ত অধীন কোন আদালতের কমিশ্যান দেওয়া উচিত নয় বিবেচনায় ৩৮৬ ধারায় সেই মর্ম্মের বিধান করিলাম।

এই অধ্যায়ে কমিশ্যানমতে কার্য্য করণের ও তাহা ফিরিয়া দেওনের যেং বিধান আছে তাহা ভিন্ন দেশীয় আদালতের কমিশ্যানের প্রতি খাটিবে ৩৯১ ধারায় ইহা নির্দ্দেশ করিলাম। ৩ নং পাণ্ডুলিপির ৩৮৫ ধারায় বন্দিদের সাক্ষ্য লওন বিষয়ক যে বিধান ছিল তাহা ত্যাগ করিলাম, কারণ বন্দিদের সাক্ষ্য লওন বিষয়ক আইনে ইহার যথেষ্ট বিধান হইয়াছে।

স্থান বিশেষে অনুসন্ধান লওনের ও হিসাব দেখিয়া শুনের নিমিত্তে কমিশ্যান দেওন বিষয়ক যে বিধি আছে ৩৯২ ও ৩৯৫ ধারায় কেবল মোকদ্দমার প্রতি নয় কিন্তু তাহা বিস্তৃত করিয়া মোকদ্দমাঘটিত আনুষ্ঠানিক কার্য্যেরও প্রতি খাটাইলাম। প্রথমোক্ত প্রকারের কমিশ্যানের উপলক্ষে ইহা নির্দ্দেশ করিলাম যে আমীনস্বরূপ যে ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে হইবে স্থানীয় গবর্ণমেণ্ট ইহার বিধি প্রণয়ন করিলে আদালত সেই বিধি মানিয়া কার্য্য করিবেন।

Chapter XXVI —Suits by paupers

We have added (section 402) libel to the list of civil injuries in respect of which a pauper should not be allowed to sue as such

We think (section 407) that a pauper suing on the original side of the High Court should show that he does not possess property worth Rs 100 except his wearing apparel and the subject-matter of the suit and as to fraudulent disposals of property by a pauper, we have provided that the Court need only consider whether such disposal was effected within the two months next before the presentation of the pauper's petition

We have struck out the sections (406 407 of Bill No III) authorizing parties to obtain summonses to witnesses and empowering the Court to make local investigations

We have provided (section 411) that the Court fees which would have been payable by the plaintiff, if he had not been allowed to sue as a pauper, shall be a first charge on the subject matter, if any recovered by him

We think (section 414) the plaintiff should be dispaupered if he has entered into any agreement under which any other person has obtained an interest in the subject matter of the suit

Chapter XXVII —Suits by or against Government and public officers

We think (section 416) that suits against Government and against public officers for acts done in their official capacity should not be instituted in any Court inferior to a District Court (a similar provision is made by the Bombay Civil Courts Act XIV of 1869, section 32) but we have provided that any such suit may be transferred to a subordinate Court

We think (section 420) that in suits against a public officer, as well as in those against Government, the summons should be served on the Government Pleader or on some person appointed to receive process in behalf of Government

We have provided (section 424) that no suit shall be brought against Government or against a public officer as such until two months next after delivery of a notice in writing stating the cause of action and the name and residence of the intending plaintiff We have also provided that every suit against a public officer must be commenced within six months next after the accrual of the cause of action Similar provisions are contained in the Police Act (V of 1861), section 42, and in various Municipal Acts

Chapter XXVIII —Suits by aliens and by or against foreign and native rulers

We have laid down rules (section 430) as to when aliens may sue in the Courts of British India We have declared (section 431) that a Foreign State may sue in our Courts provided that it has been recognized by the Governor General in Council and that the object of the suit is to enforce the private rights of the head or of the subjects of the Foreign State We have also declared in the same section that the Courts shall take judicial notice of the fact that a Foreign State has not been recognized by our Government We have barred suits (section 433) against Sovereign Princes, ruling Chiefs, ambassadors, and envoys, except with the consent of Government, and declared that such consent shall not be given except in certain cases We have exempted their person from arrest under the Code, and we have declared that no decree shall be executed against their property unless with the permission in writing of a Secretary to Government We have provided (section 434) for the execution in British India of the decrees of the Courts of Native States in alliance with Her Majesty

Chapter XXIX —Suits by and against corporations and companies,

and

Chapter XXX —Suits by and against trustees, executors, and administrators

We have made no change in either of the above chapters.

২৬ অধ্যায়।—পাপরদের মোকদ্দমা বিষয়ক বিধি।

দেওয়ানী আদালতের বিচার্য্য যেহ হানির নিমিত্ত কোন ব্যক্তি পাপরস্বরূপ মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি পাইতে না পারিবেন, ৪০২ ধারায় তন্মধ্যে অখ্যাতিসূচক পত্রাদি প্রকাশ করণাপরাধও ধরা গেল।

পাপর আদৌ মোকদ্দমার বিচার করণের ক্ষমতা পক্ষে হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করিলে তাঁহার বস্ত্রাদি ও মোকদ্দমার বিবাদীয় বিষয় ছাড়া তাঁহার এক শত টাকা মূল্যের সম্পত্তি নাই ইহা তাঁহার প্রকাশ করা উচিত, ৪০৭ ধারায় এই মত লিখিয়া পাপরের সম্পত্তি প্রতারণাপূর্ব্বক হস্তান্তরকরণ বিষয়ের এই বিধান করিলাম যে পাপরের দরখাস্ত উপস্থিত করিবার পূর্ব্বে দুই মাসের মধ্যে ঐ সম্পত্তি হস্তান্তর করা গেল কি না আদালতের এই মাত্র বিবেচনা করা প্রয়োজন।

৩ নং পাণ্ডুলিপির ৪০৬ ও ৪০৭ ধারায় উভয় পক্ষের প্রতি সাক্ষিদের নামে সমন বাহির করিবার যে অনুমতি ও আদালতের প্রতি স্থানবিশেষে অনুসন্ধান লওয়ার যে ক্ষমতা দেওয়া গেল তাহা উঠাইয়া দিলাম।

৪১১ ধারার বিধান এই বাদী পাপরস্বরূপ মোকদ্দমা করিয়া বিবাদীয় বিষয় প্রাপ্ত হইলে, পাপর স্বরূপ মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি না পাইলে আদালতের যে রসুম তাঁহার দেয় হইত তাহা ঐ বিবাদীয় বিষয়ের উপর প্রথম দায় বলিয়া জ্ঞান হইবে।

মোকদ্দমার বিবাদীয় বিষয়ে অন্য ব্যক্তির স্বার্থ যাহাতে জন্মে বাদী তাহার সঙ্গে এমত কোন নিয়ম করিয়া থাকিলে তাঁহার পাপরস্বরূপ মোকদ্দমা করিবার অনুমতি রহিত করা উচিত ৪৪ ধারায় এই অভিমত প্রকাশ করিলাম।

২৭ অধ্যায়।—গবর্ণমেন্টের ও রাজকীয় কার্য্যকারকদের মোকদ্দমা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

গবর্ণমেন্ট ও রাজকীয় কার্য্যকারকেরা আপনং পদসংক্রান্ত যে কার্য্য করেন তদ্ধেতুক তাঁহাদের নামে মোকদ্দমা হইলে জিলার আদালতের অধীন কোন আদালতে সেই মোকদ্দমা উপস্থিত করা অনুচিত ৪১৬ ধারায় এই মত প্রকাশ করিলাম, (বোম্বাইয়ের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৬৯ সালের ১৪ আইনের ৩২ ধারায় সেই মর্ম্মের বিধান আছে) কিন্তু নিম্নতর আদালতে তদ্রূপ কোন মোকদ্দমা প্রেরণ করিবার অনুমতি দিলাম।

রাজকীয় কার্য্যকারকের এবং গবর্ণমেন্টেরও নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে গবর্ণমেন্টের উকীলের নামে কিম্বা গবর্ণমেন্টের পক্ষে পরওয়ানা গ্রাহ্য করণার্থে অন্য যে ব্যক্তি নিযুক্ত হন তাঁহার নামে সমন দেওয়া উচিত ৪২০ ধারায় আমাদের এই অভিমত প্রকাশ হইল।

৪২৪ ধারায় এইং বিধান করিলাম। গবর্ণমেন্টের নামে কিম্বা রাজকীয় কোন কার্য্যকারকের নামে মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্বে দুই মাস থাকিতে নালিশ করিবার হেতুর ও প্রস্তাবিত বাদির নামের ও বাসস্থানের নোটিস লিখিয়া দিতে হইবে। আরো রাজকীয় কার্য্যকারকের নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে নালিশের হেতু ঘটিবার পর ছয় মাসের মধ্যে ঐ মোকদ্দমা আরম্ভ করিতে হইবে। পোলীস বিষয়ক ১৮৬১ সালের ৫ আইনের ৪২ ধারায় এবং মুনিসিপল বিষয়ক নানা আইনে এই প্রকারের বিধান আছে।

২৮ অধ্যায়।—ভিন্নদেশীয় ব্যক্তিদের মোকদ্দমা ও ভিন্নদেশীয় ও এতদ্দেশীয় সরদারদের মোকদ্দমা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

ভিন্নদেশীয় ব্যক্তিরা যে সময়ে ব্রিটনীয় ভারতবর্ষের আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, ৪৩০ ধারায় এই বিষয়ের বিধি করিলাম। ৪৩১ ধারায় ইহা নির্দ্দেশ করিলাম ভিন্নদেশীয় রাজ্যাধিকার মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবকর্ত্তৃক স্বীকৃত হইলে ও ঐ রাজ্যাধিকারের প্রধান ব্যক্তির কিম্বা প্রজাদের স্বকীয় স্বত্ব প্রবল করা মোকদ্দমার উদ্দেশ্য হইলে সেই রাজ্যাধিকার আমাদের আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন। আরো সেই ধারায় এই নির্দ্দেশ করিলাম যে ভিন্নদেশীয় রাজ্যাধিকার আমাদের গবর্ণমেন্টকর্ত্তৃক স্বীকৃত না হইলে আদালত বিচার করণকার্য্যে সেই কথায় মনোযোগ করিবেন। ৪৩৩ ধারায়, গবর্ণমেন্টের অনুমতি না থাকিলে স্বাধীন রাজগণের ও সরদারদের ও রাজদূতদের ও রাজপ্রতিনিধিদের নামে মোকদ্দমা করিতে নিষেধ করিয়া কোনং স্থলছাড়া সেই অনুমতি না দেওয়ার বিধান করিলাম। এই আইনমতে তাঁহাদিগকে গ্রেপ্তার করিতে পারা যাইবে না ও গবর্ণমেন্টের কোন সেক্রেটরী সাহেবের লিখিত অনুমতি না হইলে তাঁহাদের সম্পত্তির উপর কোন ডিক্রী জারী হইতে পারিবে না ইহা নির্দ্দেশ করিলাম। শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে এতদ্দেশীয় যেহ রাজ্যাধিকার সন্ধিবদ্ধ থাকেন ৪৩৪ ধারায় ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে সেইং রাজ্যাধিকারের আদালতের ডিক্রী জারী করিবার বিধান করিলাম।

২৯ অধ্যায়।—সমবায়িত সমাজের ও কোম্পানির মোকদ্দমা ও তাঁহাদের নামে মোকদ্দমা

ও

৩০ অধ্যায়।—ট্রষ্টীদের ও উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদকদের ও দ্রব্যনিরূপণাধিকারিদের মোকদ্দমা ও তাঁহাদের নামে মোকদ্দমা করণ বিষয়ক বিধি।

এই দুই অধ্যায়ের কিছুমাত্র পরিবর্ত্তন করি নাই।

Chapter XXXI —Suits by and against minors and persons of unsound mind

We have provided (section 442) that notice of application to take off the file plaints filed by or on behalf of minors without next friends shall be given to the person presenting the plaint We have altered section 445 (=section 439 of Bill No III) so as to enable married women to act as next friends We have required (section 443) the Court in every case on being satisfied of a defendant s minority to appoint a guardian *ad litem*, and have consequently omitted the sections (453 and 454 of Bill No III) as to the assignment of a guardian at the instance of the plaintiff We have taken the opportunity of declaring (section 443) contrary to the recent decision of Pontifex J that a guardian *ad litem* is not a guardian of person or property within the meaning of the Indian Majority Act, 1875 We have struck out as unsuited to the Mofassal the rule requiring an order to change a minor's pleader, and the rule against not giving a day to show cause, when a decree is made against a minor defendant and as to making payment to the receiver of money &c, decreed to a minor We have omitted from section 463 the provision as to the nature of the evidence contained in the corresponding section (462) of Bill No III We have exempted (section 464) from several sections of this chapter minors under the jurisdiction of the Court of Wards and minors for whose persons or property guardians or managers have been appointed by the Civil Courts under any local law

Chapter XXXII —Suits by and against military men

We have here provided (section 468) for the case where the soldier concerned is serving in military staff employment

Chapter XXXIII —Interpleader

We have here merely amended the drafting of two of the sections

Chapter XXXIV —Of arrest and attachment before judgment

We have expressly stated (section 477) that the suits in which plaintiffs may apply that security be taken for the defendant's appearance, are suits other than suits for the possession of immoveable property Where the defendant is imprisoned for failing to give security, we think (section 481) that the maximum term of imprisonment should be six months

We have provided (section 482) that subsistence allowance shall be paid into Court in the case of every arrest under this chapter

We have provided (section 488) for removing the attachment when the suit is dismissed Where property is attached under this chapter, and a decree is given in favour of the plaintiff we have declared (section 490) that it shall not be necessary to re attach the property in execution of the decree

We have struck out the section (492 of Bill No III) empowering the Court to stay the sale of property already under attachment, when execution of a decree fraudulently obtained is applied for The reasons for omitting section 308 of that Bill are equally applicable to section 492

Chapter XXXV —Of temporary injunctions and interlocutory orders

We have empowered (section 492) the Court to grant an injunction to stay a wrongful sale in execution of a decree We have been informed that the corresponding clause of Act VIII of 1859 (section 92, first sentence,) has been held not to apply to such a case

We have provided (section 493) that the imprisonment by which injunctions granted under this chapter may be enforced shall not exceed six months

We have added sections (498, 499, 500) empowering the Court to order the interim sale of perishable articles the detention, preservation, or inspection of any property forming the subject of the suit and, for the purposes aforesaid, the entry on or into any land or building in the possession of any party to the suit the taking of samples, making of observations and trial of experiments They correspond with the English Order 52, rules 2, 3 and 4

৩১ অধ্যায়।—নাবালগদের ও অসুস্থমনা ব্যক্তিদের মোকদ্দমা ও তাঁহাদের নামে মোকদ্দমা করণ বিষয়ক বিধি।

আসন্ন বন্ধু ব্যতীত নাবালগদের দ্বারা কি তাঁহাদের পক্ষে আবেদনপত্র অর্পণ করা গেলে পর তাহা নথীহইতে উঠাইয়া লইবার প্রার্থনা হইলে যে ব্যক্তি ঐ আবেদনপত্র উপস্থিত করিলেন, ৪৪২ ধারায় তাঁহাকে ঐ আবেদনপত্র উঠাইয়া দিবার প্রার্থনা হওয়ার নোটিস দিবার বিধান করিলাম। ৪৪৫ ধারায় ৩ ন° পাণ্ডুলিপির ৪৩৯ ধারার এমত পরিবর্ত্তন করিলাম যেন বিবাহিতা স্ত্রীলোকও আসন্ন বন্ধুর কর্ম্ম করিতে পারেন। প্রতিবাদী অপ্রাপ্ত ব্যবহার আছেন আদালত কোন স্থলে ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে মোকদ্দমার উপলক্ষে অভিভাবক নিযুক্ত করিবেন ৪৪৩ ধারায় এই আদেশ করিয়া বাদির প্রার্থনামতে অভিভাবককে নিরূপণ করণার্থে ৩ ন° পাণ্ডুলিপির ৪৫৩ ও ৪৫৪ ধারা ত্যাগ করিলাম। শ্রীযুত জষ্টিস পন্টিফেকস সাহেব সম্প্রতি যে নিষ্পত্তি করিলেন ৪৪৩ ধারায় সেই নিষ্পত্তির বিপক্ষে ইহা নির্দ্দেশ করিলাম যিনি মোকদ্দমার উপলক্ষে অভিভাবক হন তিনি প্রাপ্তব্যবহার বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭৫ সালের আইনের মর্ম্মানুসারে ব্যক্তির কি সম্পত্তির অভিভাবক নহেন। নাবালগের উকীল পরিবর্ত্তন করিবার আজ্ঞা হওয় প্রয়োজন বলিয়া যে বিধি আছে এবং অপ্রাপ্ত ব্যবহার প্রতিবাদির বিপক্ষে ডিক্রী করা গেলে কারণ জানাইবার দিন নিরূপণ না করিবার বিপরীত যে বিধি ও নাবালগের পক্ষে যে টাকা প্রভৃতির ডিক্রী হয় গ্রাহককে তাহা দিবার যে বিধি আছে এই সকল বিধি মফস্সল দেশে প্রচলিত করা অবিহিত বিবেচনায় তাহা ত্যাগ করিলাম। ৩ নং পাণ্ডুলিপির ৪৬২ ধারায় প্রমাণের ভারবিষয়ক যে বিধান আছে ঐ ধারানুযায়ি ৪৬৩ ধারায় ঐ বিধান ত্যাগ করিলাম। যে নাবালগেরা কোর্ট ওয়ার্ডসের এলাকার অধীন থাকেন ও স্থানীয় কোন আইন দ্বারা দেওয়ানী আদালত যে নাবালগদের কি তাঁহাদের সম্পত্তির অভিভাবক কি কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করেন ৪৬৪ ধারাক্রমে তাঁহারদিগকে এই অধ্যায়ের নানা ধারার বিধানহইতে মুক্ত করিলাম।

৩২ অধ্যায়।—সৈনিক ব্যক্তিদের মোকদ্দমা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

মোকদ্দমার সঙ্গে যে সৈন্যের সম্পর্ক থাকে তিনি সৈনিক স্টাফ কর্ম্মে নিযুক্ত থাকিলে ৪৬৩ ধারায় তাঁহার বিষয়ে বিধান করিলাম।

৩৩ অধ্যায়।—আপত্তির মোকদ্দমা বিষয়ক বিধি।

এই অধ্যায়ের দুই ধারার পাণ্ডুলিপির আকার মাত্র সংশোধন করিলাম।

৩৪ অধ্যায়।—নিষ্পত্তির পূর্ব্বে গ্রেপ্তার করণ ও ক্রোক করণ বিষয়ক বিধি।

বাদিরা স্থাবর সম্পত্তির অধিকার প্রাপণার্থ মোকদ্দমাভিন্ন অন্য মোকদ্দমায় প্রতিবাদির উপস্থিত হওয়ার জামিন লইবার প্রার্থনা করিতে পারিবেন ৪৭৭ ধারায় ইহা স্পষ্ট ব্যক্ত করিলাম। জামিন না দেওয়া প্রযুক্ত প্রতিবাদিকে কারাবদ্ধ করা গেলে তাহার ছয় মাসের অধিক কাল কারাবদ্ধ না থাকা উচিত ৪৮১ ধারায় আমাদের এই মত প্রকাশ করিলাম।

এই অধ্যায়মতে কোন ব্যক্তিকে গ্রেপ্তার করা গেলে আদালতে তাঁহার খোরাকী দিতে হইবে ৪৮২ ধারায় এই বিধান করিলাম।

মোকদ্দমা ডিসমিস হইলে ৪৮৮ ধারায় ক্রোক উঠাইয়া দিবার বিধান করিলাম। এই অধ্যায়মতে সম্পত্তি ক্রোক করা গেলে ও বাদির সপক্ষে ডিক্রী হইলে সেই ডিক্রী জারী করিয়া ঐ সম্পত্তি পুনরায় ক্রোক করিবার আবশ্যক নাই, ৪৯০ ধারায় ইহা নির্দ্দেশ করিলাম।

যে ডিক্রী প্রতারণাক্রমে পাওয়া গেল তাহা জারী করিবার প্রার্থনা হইলে যে সম্পত্তি ক্রোক হইয়া রহিয়াছে আদালত তাহার নীলাম স্থগিত করিতে পারিবেন ৩ ন° পাণ্ডুলিপির এই মর্ম্মের ৪৯২ ধারা ত্যাগ করিলাম। ঐ পাণ্ডুলিপির ৩০৮ ধারা ত্যাগ করিবার যে কারণ উল্লেখ হইয়াছে ৪৯২ ধারা সেই কারণে ত্যাগ করা গেল।

৩৫ অধ্যায়।—কিয়ৎকালের নিমিত্তে নিষেধ সূচক আজ্ঞা ও নির্ণয়ের পূর্ব্ব কালীন আজ্ঞা বিষয়ক বিধি।

ডিক্রীজারীক্রমে সম্পত্তি অন্যায়মতে বিক্রয় করা রহিত করণার্থে ৪৯২ ধারায় আদালতের প্রতি নিষেধসূচক আজ্ঞা প্রচার করিবার ক্ষমতা প্রদান করিলাম। এতদনুযায়ি ১৮৫৯ সালের ৮ আইনের ৯২ ধারার প্রথম পদ তদ্রূপ স্থলে খাটে না, আমাদের নিকট এই কথা জ্ঞাত করা গিয়াছে।

এই অধ্যায়মতে নিষেধসূচক যে আজ্ঞা করা যায় তাহা প্রবল করণার্থে কারাদণ্ড হইলে ৪৯৩ ধারার ছয় মাসের অধিক কাল ঐ কারাদণ্ড না হওয়ার বিধান করিলাম।

৪৯৮ ও ৪৯৯ ও ৫০০ ধারা প্রণয়ন করিয়া আদালতের প্রতি নীলামের নিরূপিত দিনের পূর্ব্বে নশ্বর দ্রব্য বিক্রয় করিবার ও মোকদ্দমার বিবাদীয় কোন বিষয় আটক ও রক্ষণাবেক্ষণ করিবার আজ্ঞা করিতে ও পূর্ব্বোক্ত অভিপ্রায়ে মোকদ্দমার কোন পক্ষের অধিকারগত কোন ভূমিতে কি গৃহাদিতে প্রবেশ করিবার ও নমুনা লইবার ও অবেক্ষণ করিবার ও তাহার পরীক্ষা করিবার আজ্ঞা করিতে ক্ষমতা প্রদান করিলাম। এই২ ধারা ইঙ্গলণ্ডীয় আজ্ঞাপত্রের ৩২ আজ্ঞার ২, ৩, ও ৪ বিধির অনুরূপ।

CHAPTER XXXVI —APPOINTMENT OF RECEIVERS AND MANAGERS

We have here expressly provided (section 503) that Receivers and Managers shall pass their accounts, pay the balance due thereon, and be responsible for loss occasioned by their wilful default or gross negligence We think (section 505) that the powers conferred by this chapter should be exercised only by High Courts and District Courts

CHAPTER XXXVII —REFERENCE TO ARBITRATION

Where an umpire is appointed, we have required (section 509) the Court to fix a reasonable time for the delivery of his award

We have provided (section 514) for superseding the arbitration where, owing to the fault of the parties, the arbitrator cannot complete his award within the specified period

We have provided (section 522) that decrees following judgments according to awards shall be final

When the arbitrator is not named in an agreement to refer and the parties cannot agree as to the nomination, we have empowered (section 523) the Court to nominate him

CHAPTER XXXVIII —OF PROCEEDINGS ON AGREEMENT OF PARTIES

We have here merely added a direction (section 527) that cases stated under this chapter shall be divided into consecutively numbered paragraphs and concisely state such facts and documents as may be necessary to enable the Court to decide the questions raised thereby

CHAPTER XXXIX —OF SUMMARY PROCEDURE ON NEGOTIABLE INSTRUMENTS

This chapter corresponds with 18 & 19 Vic, c 67, and Act V of 1866 sections 2 to 8 We have here declared (in accordance with decisions of Bramwell B and Phear J) that the defendant shall not be required to pay into Court the sum mentioned in the summons unless the Court thinks his defence not to be *primâ facie* sustainable or feels reasonable doubt as to its good faith And we have taken the opportunity of declaring (contrary to the decision of the latter Judge) that the clause corresponding with Act V of 1866, section 2, is not confined to cases in which the bill sued upon together with mere lapse of time, is sufficient to establish a *primâ facie* right to recover

Act V of 1866 is now in force in the Charter High Courts the Chief Court of the Punjab, the Rangoon Recorder's Court and the Small Cause Court of Madras We propose (section 538) to extend the corresponding chapter of the Code also to the Small Cause Courts of Calcutta and Bombay, and to the Court of the Judge of Karáchi

We have omitted chapter XLI of Bill No III (Bar of Appeals not expressly permitted) as unnecessary No appeal can lie unless it is allowed by the Code or some other law for the time being in force

CHAPTER XL —OF APPEALS FROM ORIGINAL DECREES

We have struck out the clause requiring appeals to the High Court to be heard by two or more Judges It would limit the discretion expressly conferred by Act of Parliament and Royal Charter

We have provided (section 540) that the memorandum of appeal shall be presented by the appellant or his pleader and shall be accompanied by a copy not only of the decree, but also of the judgment on which the decree is founded

We have struck out as likely to work unsatisfactorily, the provisions contained in sections 548—553 of Bill No III, which authorize the appellant merely to state generally his dissatisfaction with the decree appealed against and to file his grounds of objection separately

Where a memorandum of appeal is amended, we have required (section 543) the Judge to attest the amendment

We have empowered (section 550) the appellate Court, after hearing the appellant, if he appears, to confirm the decision appealed against without sending notice of the appeal to the lower Court or serving such notice on the respondent A similar rule exists in the Punjab (Act IX of 1873, section 7), and has been found to work well

৩৬ অধ্যায়।—গ্রাহক ও কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করণবিষয়ক বিধি।

৫০৩ ধারায় এইং স্পষ্ট বিধান করিলাম, গ্রাহকেরা ও কার্য্যাধ্যক্ষেরা আপনং হিসাব দেখাইবেন ও তৎক্রমে যাহা উদ্বর্ত্ত থাকে তাহা দিবেন ও ইচ্ছাপূর্ব্বক ক্রটি কিম্বা গুরুতর তাচ্ছল্যহেতুক কোন হানি ঘটিলে তজ্জন্যে দাবী হইবেন। এই অধ্যায়ক্রমে যেং ক্ষমতা দেওয়া গেল কেবল হাই কোর্টের ও জিলার আদালতের সেইং ক্ষমতাক্রমে কার্য্য করা উচিত ৫০৫ ধারায় আমাদের এই মত প্রকাশ করা গেল।

৩৭ অধ্যায়।—সালীসীতে অর্পণ করণবিষয়ক বিধি।

প্রমাণপুরুষ নিযুক্ত করা গেলে আদালত তাঁহার মীমাংসা জানাইবার সঙ্গত সময় ধার্য্য করিবেন ৫০৯ ধারার এই আদেশ।

মধ্যস্থ উভয় পক্ষের ক্রটিপ্রযুক্ত নির্দ্দিষ্ট সময়ের মধ্যে মীমাংসা সমাপ্ত করিতে না পারিলে ৫১৪ ধারায় ঐ সালীসীকার্য্য রহিত করিবার বিধান করিলাম।

মীমাংসানুসারে নিষ্পত্তি হইয়া যে ডিক্রী হয় ৫২২ ধারায় তাহা চূড়ান্ত হইবার বিধান করিলাম।

সালীসীতে অর্পণ করিবার নিয়মপত্রে মধ্যস্থের নাম না দেওয়া গেলে ও যাহাকে মধ্যস্থস্বরূপ মনোনীত করিতে হইবে এই বিষয় উভয় পক্ষ একবাক্য হইতে না পারিলে ৫২৩ ধারায় আদালতের প্রতি তাঁহাকে মনোনীত করিবার ক্ষমতা দেওয়া গেল।

৩৮ অধ্যায়।—উভয়পক্ষের সম্মতিক্রমে কার্য্যানুষ্ঠান বিষয়ক বিধি।

এই অধ্যায়ের ৫২৭ ধারায় এই মাত্র আদেশ করিলাম যে এই অধ্যায়মতে বর্ণিত বিষয়ের নানা দফায় একাদিক্রমে নম্বর দেওয়া যায়, ও তদ্দ্বারা যেং প্রশ্ন উত্থিত হয় আদালতের তাহা নিষ্পত্তি করিবার জন্যে যেং বৃত্তান্ত জ্ঞাত হওয়া ও যেং দলীল দৃষ্টি করা আবশ্যক তাহাও সংক্ষেপে লেখা যায়।

৩৯ অধ্যায়।—ক্রেয় বিক্রেয় নিদর্শনপত্রের উপর সরাসরী কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

এই অধ্যায় মহারাণী বিক্টরিয়ার ১৮ ও ১৯ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ও ১৮৬৬ সালের ৫ আইনের ২ অবধি ৮ পর্য্যন্ত ধারার সঙ্গে মিলে। এই স্থলে শ্রীযুত বি ব্রামওয়েল সাহেবের ও জষ্টিস ক্বিয়র সাহেবের নিষ্পত্তি অনুসারে ইহা নির্দ্দেশ করিলাম যে প্রতিবাদির উত্তর আপাতত প্রবল করা যাইতে পারে না আদালত এমত জ্ঞান না করিলে কিম্বা সঙ্গতমতে ঐ উত্তরের সরলতার বিষয়ে সন্দেহ না করিলে, প্রতিবাদির প্রতি সমনের উল্লিখিত টাকা আদালতে দিবার আজ্ঞা হইবে না। আরো এই সুযোগে শ্রীযুত জষ্টিস ক্বিয়র সাহেবের নিষ্পত্তির বিপরীত এই নির্দ্দেশ করিলাম যে হুণ্ডীর উপর মোকদ্দমা উপস্থিত করা গেলে কেবল মিয়াদ অতীত হওয়ার সহিত সেই হুণ্ডীর আপাতত টাকা পাইবার স্বত্ব স্থাপনার্থে প্রচুর ১৮৬৬ সালের ৫ আইনের ২ ধারানুযায়ি এই আইনের ধারা সেই স্থলমাত্রে খাটে না, অন্যং স্থলে খাটে।

৮৬৬ সালের ৫ আইন এইক্ষণে চার্টরপ্রাপ্ত হাই কোর্টে ও পঞ্জাবের উচ্চতম আদালতে ও রাঙ্গুণের রিকার্ডর সাহেবের আদালতে ও মান্দ্রাজের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে প্রচলিত আছে। তদনুযায়ি এই আইনের যে অধ্যায় হইয়াছে ৫৩৮ ধারাক্রমে কলিকাতার ও বোম্বাইয়ের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে এবং করাচীর জজ সাহেবের আদালতেও তাহা প্রচলিত করিতে প্রস্তাব করিলাম।

যে আপীলের স্পষ্ট অনুমতি হয় নাই তন্নিবারণ বিষয়ক ৩ নং পাণ্ডুলিপির ৪১ অধ্যায় অনাবশ্যক বলিয়া ত্যাগ করিলাম। এই আইনক্রমে কিম্বা যৎকালে অন্য যে আইন প্রবল থাকে তৎক্রমে আপীল করিবার অনুমতি না থাকিলে হইতেই পারে না।

৪০ অধ্যায়।—মূল ডিক্রীর উপর আপীল বিষয়ক বিধি।

হাই কোর্টের নিকট যে আপীল করা যায় দুই কি তদধিক জন জজের দ্বারা তাহার শ্রবণ বিষয়ক ধারা উঠাইয়া ফেলিলাম। কারণ পার্বলিমেণ্টের আইন ও রাজকীয় চার্টর দ্বারা স্বীয় বিবেচনাধীন কার্য্য করিবার যে স্পষ্ট ক্ষমতা দেওয়া গেল ঐ ধারাক্রমে তাহা সঙ্কুচিত হয়।

৫৪০ ধারায় এই বিধান করিলাম। আপীলের মর্ম্মাত্মকপত্র আপেলাণ্টের কিম্বা তাঁহার উকীলের দ্বারা উপস্থিত করা যাইতে পারিবে ও তাহার সঙ্গে ডিক্রীমাত্রের নকল নয় কিন্তু ঐ ডিক্রী যে বিচারমূলক হয় সেই বিচারপত্রেরও নকল দিতে হইবে।

যে ডিক্রীর উপর আপীল হয় আপেলাণ্ট তদ্বিষয়ে আপনার অসন্তোষ কেবল সাধারণমতে ব্যক্ত করিয়া আপনার আপত্তির হেতু স্বতন্ত্র অর্পণ করিতে পারিবেন, ৩ নং পাণ্ডুলিপির ৫৪৮ অবধি ৫৫৩ পর্য্যন্ত ধারার এই মর্ম্মের বিধানমতে কার্য্য হইলে অসন্তোষজনক হইবে বিবেচনায় তাহা ত্যাগ করিলাম।

আপীলের মর্ম্মাত্মকপত্র সংশোধন করা গেলে বিচারপতি সাক্ষিস্বরূপে ঐ সংশোধিত কথায় স্বাক্ষর করিবেন, ৫৪৩ ধারায় এই আদেশ করিলাম।

৫৫০ ধারায় আপীল আদালতের প্রতি এই ক্ষমতা প্রদান করিলাম যে, আপেলাণ্ট উপস্থিত থাকিলে ঐ আদালত তাঁহার কথা শুনিলে পর, যে নিষ্পত্তির উপর আপীল হইল নিম্নতর আদালতের নিকট আপীলের নোটিস না পাঠাইয়া ও রিস্পাণ্ডেণ্টকে সেই নোটিস না দিয়া ঐ নিষ্পত্তি স্থির রাখিতে পারিবেন। পঞ্জাবের ১৮৭৩ সালের ৯ আইনের ৭ ধারায় ইহার অনুরূপ বিধি আছে ও তদনুসারে উত্তমরূপে কার্য্য চলিয়াছে।

We have laid down rules (section 556) as to the right to begin (*a*) where the appeal is from the whole decree (*b*) where there are cross appeals, and (*c*) where the appeal is from only a portion of the decree and there is no cross appeal

We have provided (section 560) a period of limitation for applications to re hear where judgment has been given *ex parte* against the respondent

Where a case is remanded with direction to take specified evidence, we have authorized (section 563) the Court to receive evidence tendered to contradict evidence so taken

We have redrawn the section (575=section 589 of Bill No III) as to decisions of appeals heard by Benches of two or more Judges who differ When there is no majority on the Appellate Bench which concur in reversing or varying the decree appealed against, we think that decree should stand

We have omitted as useless the provision as to sealing the decree in appeal

CHAPTER XLI —OF APPEALS FROM APPELLATE DECREES

We have struck out the clause requiring the pleader presenting an appeal to certify that the grounds are reasonable and forbidding him to give such certificate unless he has been authorized by the High Court We have also omitted the clause declaring that an application for a second appeal shall be argued only by the pleader signing such certificate

CHAPTER XLII —OF APPEALS FROM ORDERS

We have declared (section 588) that an appeal shall lie from orders determining whether immoveable property is or is not within the local limits from orders striking out or adding the names of persons as plaintiffs or defendants from orders under sections 44 adding a cause of action from orders under section 47 excluding a cause of action, from orders under section 234 as to questions relating to the execution of decrees from orders under section 176 where a party refuses to give evidence called for by the Court from orders rejecting applications under section 371 from orders disallowing objections under section 373 and from orders under section 518 modifying an award

Appeals from orders in insolvency will in all cases lie (section 589) directly to the High Court

CHAPTER XLIII —OF PAUPER APPEALS

Except some trifling omissions we have made no change in this chapter

CHAPTER XLIV —OF APPEALS TO THE QUEEN IN COUNCIL

We have here provided (section 610) for estimating in Indian currency sums expressed on orders of Her Majesty in Council to be payable in British currency and we have authorized (section 613) the High Courts to make rules as to the recovery of costs incurred in British India in connection with appeals to Her Majesty in Council

CHAPTER XLV —OF REFERENCE TO THE HIGH COURT

We have extended (section 617) this chapter to questions arising before or in the hearing of a suit and in the execution of a decree We have struck out the clause providing that references shall be heard by not less than two Judges of the High Court We have provided (section 621) that when a case is referred, the High Court may alter, cancel, or set aside any decree which the Court making the reference may have passed in the suit We have omitted as useless the section requiring the High Court to fix an early day for hearing references Our other changes here are merely verbal

CHAPTER XLVI —OF REVIEW OF JUDGMENT

We think (section 622) that powers similar to those given by this chapter to High Courts may usefully be given to District Courts as to cases decided by subordinate Courts, including Courts of Small Causes

We have struck out the clause empowering an appellant to abandon his appeal and apply for a review We have extended the clause (624) forbidding (except in certain cases) applications for review of judgments to be made to Judges other than those who delivered them, to cases in which a clerical error has been discovered on the face of the decree Where

(ক) সম্পূর্ণ ডিক্রীর উপর আপীল হইলে ও (খ) পরস্পর বিপরীত আপীল থাকিলে ও (গ) ডিক্রীর অংশমাত্রের উপর আপীল হইয়া বিপরীত আপীল না থাকিলে, ৫৫৬ ধারায় প্রথমে কথা কহিবার স্বত্ব বিষয়ক বিধি করিলাম।

কেবল একপক্ষ উপস্থিত থাকিতে রিস্পাণ্ডেণ্টের বিপরীত বিচার থাকিলে, ৫৬০ ধারায় পুনশ্চ শ্রবণের নিমিত্ত প্রার্থনা করিবার মিয়াদ ধার্য্য করিলাম।

নির্দ্দিষ্ট প্রমাণ লইবার আদেশ সহিত মোকদ্দমা ফিরিয়া পাঠান গেলে তদ্রূপে যে প্রমাণ লওয়া যায় তাহা খণ্ডাইবার অন্য প্রমাণ দিবার প্রস্তাব থাকিলে ৫৬৩ ধারায় আদালতের প্রতি সেই প্রমাণ লইবার ক্ষমতা প্রদান করিলাম।

দুই কি তদধিক জন বিচারপতি একত্র অধিবিষ্ট হইয়া আপীল শুনিলে ও তাঁহাদের নিষ্পত্তির ঐক্য না হইলে, ৫৭৫ ধারায় তদ্বিষয়ক ৩ নং পাণ্ডুলিপির ৫৮৯ ধারা পুনশ্চ লিখিলাম। যে ডিক্রীর উপর আপীল করা যায় তাহা অসিদ্ধ কি মতান্তরকরণ বিষয়ে আপীল শ্রবণার্থে অধিবিষ্ট বিচারপতিদের অধিকাংশ সম্মত না হইলে ঐ ডিক্রী প্রবল থাকা উচিত বোধ করিলাম।

আপীল মুখে যে ডিক্রী করা যায় তাহাতে মোহর দিবার বিধান অকর্ম্মণ্য বলিয়া ত্যাগ করিলাম।

৪১ অধ্যায়।—আপীল মুখে যেং ডিক্রী করা যায় তাহার উপর আপীল বিষয়ক বিধি।

যে উকীল আপীল উপস্থিত করেন আপীলের হেতু সঙ্গত বলিয়া তাঁহার সর্টিফিকট লিখিতে হইবার ও হাই কোর্টহইতে ক্ষমতাপ্রাপ্ত না হইলে তাঁহার ঐ সর্টিফিকট দিতে নিষেধ করিবার ধারা ত্যাগ করিলাম। আর দ্বিতীয় আপীলের নিমিত্ত প্রার্থনা হইলে যে উকীল ঐ সর্টিফিকটে স্বাক্ষর করিলেন কেবল তিনিই সেই বিষয়ের তর্কবিতর্ক করিতে পারিবেন এই মর্ম্মের ধারাও ত্যাগ করিলাম।

৪২ অধ্যায়।—আজ্ঞার উপর আপীল বিষয়ক বিধি।

স্থাবর সম্পত্তি আদালতের এলাকার সীমার মধ্যে আছে কি না এই বিষয়ের আজ্ঞার উপর এবং বাদি কি প্রতিবাদী বলিয়া কোন ব্যক্তিদের নাম উঠাইয়া দিবার কি সংযোগ করিবার আজ্ঞার ও ৪৪ ধারামতে নালিশ করিবার অন্য হেতু সংযোগ করিবার আজ্ঞার ও ৪৭ ধারামতে নালিশ করিবার কোন হেতু উঠাইয়া দিবার আজ্ঞার ও ডিক্রিজারীকরণ সম্পর্কীয় বিবাদ বিষয়ক ২৩৪ ধারামত কোন আজ্ঞার, ও আদালত যে প্রমাণ পাইতে চাহেন কোন পক্ষ তাহা দিতে সম্মত না হইলে তদ্বিষয়ক ১৭৬ ধারামত আজ্ঞার ও ৩৭১ ধারামতে প্রার্থনাপত্র অগ্রাহ্য করণবিষয়ক আজ্ঞার ও আপত্তি অগ্রাহ্য করণবিষয়ক ৩৭৩ ধারামত আজ্ঞার ও সীমা সাংস শোধনার্থে ৫১৮ ধারামত আজ্ঞার উপর আপীল হইতে পারিবে ৫৮৮ ধারায় ইহা নির্দ্দেশ করিলাম।

ঋণ শোধ করিবার অক্ষমতা বিষয়ক মোকদ্দমায় যে আজ্ঞা হয় যায় (৫৮৯ ধারামতে) তাহার উপর একেবারে হাই কোর্টে আপীল হইবে।

৪৩ অধ্যায়।—পাপরদের আপীল বিষয়ক বিধি।

ক্ষুদ্রং কোন কথা ত্যাগ করণবিনা এই অধ্যায় কিছু পরিবর্ত্তন করা যায় নাই।

৪৪ অধ্যায়।—মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল বিষয়ক বিধি।

যে টাকা দেয় হয় মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞাপত্রে ব্রিটনদেশের চলিত মুদ্রা ধরিয়া সেই টাকা লেখা গেলে তদ্বিনিময়ে ভারতবর্ষের চলিত মুদ্রা যে হিসাবে দেওয়া যাইবে ৬১০ ধারায় ইহার বিধান করিলাম। ও মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর নিকট আপীল করণসম্পর্কে যে খরচ লাগে ব্রিটনীয় ভারতবর্ষে সেই খরচ আদায় করণার্থ বিধি প্রণয়ন করিতে ৬১১ ধারায় হাই কোর্টের প্রতি ক্ষমতার্পণ করিলাম।

৪৫ অধ্যায়।—হাই কোর্টে প্রশ্নাদি অর্পণ করণবিষয়ক বিধি।

মোকদ্দমা শ্রবণের পূর্ব্বে কি শ্রবণকালে ও ডিক্রিজারী করণ সময়ে কোন প্রশ্ন উত্থিত হইলে তৎপ্রতি ৬১৭ ধারায় এই অধ্যায়ের বিধান বর্ত্তাইলাম। প্রশ্ন উপস্থিত করা গেলে হাই কোর্টের ন্যূনকল্পে দুইজন বিচারপতি তাহা শ্রবণ করিবেন এই বিধান ত্যাগ করিলাম মোকদ্দমা অর্পণ করা গেলে যে আদালত অর্পণ করেন সেই আদালত ঐ মোকদ্দমায় যে কোন ডিক্রী করিয়া থাকেন হাই কোর্ট তাহা পরিবর্ত্তন কি রহিত কি অসিদ্ধ করিতে পারিবেন ৬২১ ধারায় এই বিধান করিলাম। অর্পিত বিষয় শুনিবার জন্যে হাই কোর্ট সাধ্যমতে অগৌণের কোন দিন নিদ্ধার্য্য করিবেন এই ধারা অকর্ম্মণ্য বলিয়া ত্যাগ করিলাম। এতদ্ভিন্ন কএকটি শব্দমাত্র পরিবর্ত্তন করিলাম।

৪৬ অধ্যায়।—বিচারের পুনরালোচনা বিষয়ক বিধি।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতসুদ্ধ নিম্নতর আদালতের নিষ্পত্তি করা মোকদ্দমার বিষয়ে এই অধ্যায়ে হাই কোর্টের প্রতি যেং ক্ষমতা দেওয়া গেল জিলার আদালতেরও প্রতি সেইং ক্ষমতা প্রদান করিলে ফল দর্শিতে পারিবে, ৬২২ ধারায় আমাদের এই বিবেচনা প্রকাশ হইল।

আপেলাণ্ট আপনার আপীল ত্যাগ করিয়া পুনরালোচনা প্রার্থনা করিতে পারিবেন এই মর্ম্মের ধারা উঠাইয়া ফেলিলাম। যে বিচারপতি নিষ্পত্তি করিলেন (বিশেষ কোনং স্থলছাড়া) সেই বিচার পতিভিন্ন অন্যের নিকট পুনরালোচনা হওয়ার প্রার্থনা করিবার নিষেধসূচক যে ধারা আছে, ৬২৪ ধারামতে তাহা বিস্তৃত করিয়া ডিক্রীর অভিমুখেই শব্দের ভ্রম দৃষ্ট হইলে তৎপ্রতিও ঐ ধারা

৮

the business of the Court whose judgment is sought to be reviewed has been transferred to another Court, we have authorized (section 626) the application to be made to the latter Court But we think (section 624) that except on the discovery of some new and important matter or evidence or of some clerical error apparent on the face of the decree, no application for the review of a judgment should be made to any Judge other than the Judge who delivered it Where a review is granted we have required (section 626) the Judge to record with his own hand his reasons for so doing

We have omitted the clauses forbiddin subordinate Courts to grant reviews without permission of the higher Court

We think (section 629) that the order grantin a review or rejectin an application for a review should be final except where the review has been granted without jurisdiction Where the application has been rejected in consequence of the failure of the parties to appear we have provided for restoring in proper cases the application to the file We have also expressly forbidden the Courts to entertain applications to review orders passed on review or on applications for review

CHAPTER XLVII —SPECIAL RULES RELATING TO THE HIGH COURTS

We have here omitted the following sections of Bill No III for the reasons respectively appended thereto—

665 (as to the extraordinary original jurisdiction of the High Court) provided for by the Charters

666 (power to High Court to provide for the exercise of its jurisdiction) ditto

668 (decision when Judge differ) provided for in the prior part of the Bill,

670 (declaring that acts required to be done by a pleader may be done by an attorney) ditto,

672, 673 (power to refer matters for investigation in chambers) provided for by the Charters

37 674 (signature of the Registrar) provided for by the former part of the Bill,

675 (language) unnecessary

676 (assessors) ditto,

677 (interlocutory orders ditto,

678 (appearance of vakils on the original side) can be provided for under the Charters,

681 (obtaining summonses from Registrar) unnecessary

684 (procedure in testamentary and intestate cases) provided for by rule

We have empowered the High Court to declare by rule what shall be deemed to be "acts not of a judicial nature," which may be done by the Registrar

We have declared (section 640) that the following portions of the Code shall not apply to the High Court in the exercise of its ordinary and extraordinary original civil jurisdictions *viz* —

37, recognized agents,

54 clause (*a*), rejection of plaint where relief sought is under valued

160, payment into Court of expenses of witnesses,

206, contents of decree,

263, decree for execution of conveyances or endorsement of negotiable instruments

We have expressly empowered (section 641) the High Court to prescribe forms for its own use

CHAPTER XLVIII —MISCELLANEOUS

We have struck out as now unnecessary the clause (section 686 of Bill No III) declaring that where the highest Civil Court of appeal consists of a single Judge, he shall have the powers which were (but are not now) vested by this Code in two or more Judges

বর্জাইলাম। যে আদালতের বিচার পুনরালোচনা করিতে চেষ্টা হয় সেই আদালতের কার্য্য অন্য আদালতের প্রতি অর্পণ করা গেলে ৬২৯ ধারায় ঐ অন্য আদালতে প্রার্থনা করিবার অনুমতি দিলাম। কিন্তু কোন নূতন ও গুরুতর বিষয়ের কি প্রমাণের সন্ধান পাওয়া না গেলে কিম্বা ডিক্রীর আভিমুখে শব্দের ভ্রম দৃষ্ট না হইলে, যে বিচারপতি বিচার করিলেন তদ্ভিন্ন কোন বিচারপতির নিকট বিচারের পুনরালোচনা হওয়ার প্রার্থনা করা উচিত নয় ৬২৩ ধারায় এই মত প্রকাশ করিলাম। পুনরালোচনা হইবার অনুমতি দেওয়া গেলে যে কারণে তাহা দেওয়া যায় বিচারপতির স্বহস্তে তাহা লিখিতে হইবে ৬২৬ ধারায় এই আদেশ করিলাম।

উচ্চতর আদালতের অনুমতি বিনা নিম্নতর আদালতের পুনরালোচনা করিবার অনুমতি দেওয়ার নিষেধসূচক ধারা ত্যাগ করিলাম।

পুনরালোচনার অনুমতি দেওয়া ক্ষমতাতিরিক্ত না হইলে পুনরালোচনা হওয়ার অনুমতি দেওন কিম্বা পুনরালোচনা হইবার প্রার্থনা অগ্রাহ্য করণরূপ আজ্ঞা চূড়ান্ত হইবে ৬২৯ ধারায় এই মত প্রকাশ হইয়াছে। উভয় পক্ষের উপস্থিত হইবার ত্রুটি হওয়াপ্রযুক্ত ঐ প্রার্থনা অগ্রাহ্য হইলে উপযুক্ত স্থলে উক্ত প্রার্থনা পুনরায় নথির শামিল করিবার বিধান করিলাম। পুনরালোচনা হওয়া কিম্বা পুনরালোচনার প্রার্থনা হইয়া যে আজ্ঞা করা যায় আদালত সকলের প্রতি সেই আজ্ঞা পুনরালোচনা করিবার প্রার্থনা গ্রাহ্য করিতে স্পষ্টরূপে নিষেধ করিলাম।

৪৭ অধ্যায়।—হাই কোর্ট সম্পর্কীয় বিশেষ বিধি বিষয়ক বিধি।

৩ নং পাণ্ডুলিপির নিম্নলিখিত ধারার পার্শ্বলিখিত কারণে ঐ২ ধারা ত্যাগ করিলাম।—

মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে হাই কোর্টের সাধারণাতীত ক্ষমতা বিষয়ক ৬৬৫ ধারা। চার্টরে তদ্বিষয়ের বিধান হইল।

হাই কোর্টের বিচারাধিপত্যক্রমে কার্য্য করিবার বিধান করণার্থে ঐ কোর্টের প্রতি ক্ষমতা প্রদান বিষয়ক ৬৬৬ ধারা। ঐ কারণ।

বিচারপতিদের মতের ঐক্য না হইলে নিষ্পত্তিবিষয়ক ৬৬৮ ধারা। এই পাণ্ডুলিপির পূর্ব্ব ভাগে ইহার বিধান হইল।

উকীলের দ্বারা যে কার্য্য করিবার আজ্ঞা থাকে আটর্নিরদ্বারা তাহা কর যাইতে পারিবে এই কথা নির্ণায়ক ৬৭০ ধারা। ঐ কারণ।

চেম্বরে অধিবিষ্ট বিচারপতিদের অনুসন্ধানার্থে বিষয় অর্পণ করিবার ক্ষমতাসূচক ৬৭২ ও ৬৭৩ ধারা। চার্টরে ইহার বিধান হইল।

রেজিষ্ট্রারের স্বাক্ষর বিষয়ক ৩৭ ও ৬৭৪ ধারা। এই পাণ্ডুলিপির পূর্ব্বভাগে ইহার বিধান হইল।

ভাষাবিষয়ক ৬৭৫ ধারা। অনাবশ্যক।

আসেসর বিষয়ক ৬৭৬ ধারা। ঐ।

মোকদ্দমা চলন কালীন আজ্ঞা বিষয়ক ৬৭৭ ধারা। ঐ কারণ।

মোকদ্দমা আদৌ বিচার করণ পক্ষে উকীলদের উপস্থিত হওন বিষয়ক ৬৭৮ ধারা। চার্টরমতে ইহার বিধান হইতে পারে।

রেজিষ্ট্রারের স্থানে সমন প্রাপণ বিষয়ক ৬৮১ ধারা। অনাবশ্যক।

কোন ব্যক্তি উইল লিখিয়া বা না লিখিয়া মরিলে তৎসম্পর্কীয় মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ৬৮৪ ধারা। বিধিতেই ইহার বিধান হইল।

রেজিষ্ট্রার যাহা করিতে পারেন এমত যে কার্য্য বিচার কার্য্যের ভাবাপন্ন নহে বলিয়া জ্ঞান করিতে হইবে হাই কোর্টের প্রতি বিধিদ্বারা ইহা নির্দ্দেশ করিবার ক্ষমতা দিলাম।

৬৪০ ধারায় নির্দ্দেশ করিলাম যে, দেওয়ানী মোকদ্দমা বিচারকরণ পক্ষে হাই কোর্ট সাধারণ ও সাধারণাতীত ক্ষমতাক্রমে কার্য্য করিলে তৎপ্রতি এই আইনের নিম্নলিখিত অংশ বর্ত্তিবে না।

স্বীকৃত মোক্তার বিষয়ক ৩৭ ধারা।

যে উপকার প্রার্থনা হয় তাহার অতি ন্যূন মূল্য ধরা গেলে আবেদনপত্র অগ্রাহ্য করণ বিষয়ক ৫৪ ধারার (ক) প্রকরণ।

আদালতে সাক্ষিদের খরচ দেওনবিষয়ক ১৬০ ধারা।

ডিক্রীর মর্ম্ম বিষয়ক ২০৬ ধারা।

হস্তান্তরকরণপত্রে স্বাক্ষর করাইবার কিম্বা ক্রয়বিক্রয়ের নিদর্শনপত্রের পৃষ্ঠে লিখিবার ডিক্রী বিষয়ক ২৬৩ ধারা।

৬৪১ ধারায় হাই কোর্টের প্রতি নিজ ব্যবহারার্থ পাঠ নির্দ্দেশ করিবার স্পষ্ট ক্ষমতা প্রদান করিলাম।

৪৮ অধ্যায়।—বিবিধ বিধি।

এক জন বিচারপতি লইয়া আপীলের উচ্চতম দেওয়ানী আদালত হইলে, এই আইনক্রমে দুই কি তদধিক জন বিচারপতির প্রতি যে২ ক্ষমতা প্রদান করা গেল ঐ এক জন জজ সেই২ ক্ষমতা প্রাপ্ত হইবেন, ৩ নং পাণ্ডুলিপির ৬৮৩ ধারায় এই বিধান ছিল, কিন্তু এইক্ষণে ঐ২ বিচারপতিদের প্রতি সেই ক্ষমতা অর্পিত না থাকাতে ঐ ধারা অনাবশ্যক বলিয়া ত্যাগ করিলাম।

We have amended (section 643) the rules as to the names of persons exempt from appearance in Court We have omitted the following sections of Bill No III —

687, 688, as to assessors (obsolete and useless),
697 as to verifying false plaints (provided for by the Penal Code)
705 as to ministerial officers (can be provided for executively)
708, as to deposits in lieu of bail (useless)

We have also struck out the clause empowering the Government of India to invest a Chief Commissioner with the powers of a Local Government under the Code This matter is sufficiently provided for by Act XXXII of 1867

We have redrawn the section (644) relating to exemption from arrest It now provides that no judicial officer shall be liable to arrest under the Code while going to presiding in or returning from, his Court and that the parties to a suit and their pleaders, recognized agents and witnesses shall be similarly exempt while going to, or attending a Civil Court for the purpose of such suit and while returning from such Court

We have struck out the section (698 of Bill No III) as to certain offences in Court not relating to documents The matter seems sufficiently provided for by the Code of Criminal Procedure

We have introduced a section (648 = Act XI of 1865, section 42) enabling registrars of Mufassal Courts of Small Causes to state cases for the opinion of the Judge

We have provided (section 650) for attaching property situate outside the local limits of the jurisdiction of the Court making the order of attachment

We have provided (section 653) a punishment for escape from civil custody

We have empowered (section 654) the High Court to make rules to regulate any matter connected with the procedure of the Courts of Civil Judicature

SCHEDULE I —REPEALS

We have added to this schedule the Lord s Day Act 29, Car II, c 7 sections 8, 9 10 11 the second clause of section 19 sections 22 to 28 (inclusive) 42 and part of 32 of the Mufassal Small Cause Courts Act XI of 1865, parts of Acts XIV and XIX of 1865 and the unrepealed part of Act XXIV of 1866, the whole of Act X of 1867 and so much of sections 15 and 16 of Act XV of 1869 as relates to process issued by a Civil Court We have also added Act IX of 1873 sections 7 9 and 10 and Madras Regulation XIV of 1816 section 27

SCHEDULE II —SECTIONS EXTENDING TO MUFASSAL COURTS OF SMALL CAUSES

We have made a few changes in this schedule, the most important of which is the addition of the chapters on interpleader and on reference to the High Court

SCHEDULE IV —FORMS

We have added a few forms—concise statements of claim, statements of defence temporary injunctions and we have amended some of the forms of decrees

---

We have also made numerous small changes in the wording and arrangement of the Bill, and we think that it has been so altered that it should be republished with this report in the *Gazette of India* and the local Gazettes, and that its further consideration should be stayed till the Council re assembles in Calcutta

We desire in conclusion, to express our acknowledgments of the learning, acuteness, and industry evinced by many of the communications respecting the Bill We would in particular mention those by Mr Pitt Kennedy, the Standing Counsel, Mr Belchambers the Registrar of the High Court at Fort William Mr Plowden, the Government Advocate, Punjab Mr Nelson, of the Madras Civil Service, Messrs Field, Maclean, Crosthwaite, and J W Smyth, all of the Bengal Civil Service, and Hukm Chand, Extra Assistant Commissioner, Montgomery

A HOBHOUSE
E. C. BAYLEY
J INGLIS
F R COCKERELL
T C HOPE

SIMLA,
The 18th September 1876

17 In suits for compensation for wrong done to person or moveable property if the wrong was done within the local limits of the jurisdiction of one Court and the defendant resides, or carries on business, or personally works for gain, within the local limits of the jurisdiction of another Court, the plaintiff may at his option sue in either of the said Courts

অন্যায় কার্য্যের নিমিত্ত হানিপূরণ পাইবার মোকদ্দমা যে আদালতে উপস্থিত করিতে হইবে তাহার কথা।

১৭ ধারা। কোন ব্যক্তির কি সম্পত্তির উপর অন্যায় কার্য্য হওয়াতে হানিপূরণ পাইবার যে মোকদ্দমা হয় সেই অন্যায় কার্য্য যদি এক আদালতের এলাকার অন্তর্গত স্থানে হইয়া থাকে ও প্রতিবাদী অন্য আদালতের এলাকার অন্তর্গত স্থানে বাস করেন কি ব্যবসায় চালান কি স্বয়ং লভ্যার্থে কর্ম্ম করেন, তবে বাদী উক্ত যে আদালতে চাহেন সেই আদালতে নালিশ করিতে পারিবেন ইতি।

Illustrations

(*a.*) A residing in Delhi beats B in Calcutta B may
ıe A either in Calcutta or in Delhi

(*b*) A residing in Delhi publishes in Calcutta state
ents defamatory of B B may sue A either in Calcutta
in Delhi

(*c*) A travelling on the line of a Railway Company
hose principal office is at Howrah is upset and injured
Allahabad by negligence imputable to the Company
e may sue the Company either at Howrah or at Allah
ıad

উদাহরণ।

(ক) আনন্দ দিল্লীতে বাস করেন ও কলিকাতায় আসিয়া বলরামকে প্রহার করেন। বলরাম কলিকাতায় কিম্বা দিল্লীতে আনন্দের নামে নালিশ করিতে পারিবেন

(খ) আনন্দ দিল্লীতে বাস করিয়া কলিকাতায় বলরামের অপবাদজনক কথা প্রকাশ করেন। বলরাম কলিকাতায় কিম্বা দিল্লীতে আনন্দের নামে নালিশ করিতে পারিবেন।

(গ) রেলওয়ে কোম্পানির প্রধান কার্য্যালয় হাবড়ায় আছে আনন্দ সেই কোম্পানির রেলগাড়ীতে যাইতেছে এমন সময়ে আলাহাবাদে পঁহুছিলে গাড়ী উলটিয়া পড়িলে তাহার ক্ষত হইল সেই দোষটী কোম্পানির প্রতি বর্ত্তিতে পারে। আনন্দ হাবড়ায় কিম্বা আলাহাবাদে কোম্পানির নামে নালিশ করিতে পারিবেন।

Suits for immoveable operty situate in single tricts but within juris ctions of different Courts

18 If the suit be for immoveable property situate within the limits of a single district, but within the jurisdiction of different Courts the suit may be ıstituted in the Court within whose jurisdiction ıy portion of the property is situate, provided ıat, in respect of the value of the subject matter the suit, the entire claim be cognizable by such ourt

স্থাবর সম্পত্তি একি জিলার মধ্যে কিন্তু ভিন্ন২ আদালতের এলাকায় থাকিলে মোকদ্দমার কথা।

১৮ ধারা। স্থাবর সম্পত্তি একি জিলার সীমার মধ্যে কিন্তু ভিন্ন২ আদালতের এলাকায় থাকিলে, ঐ সম্পত্তির কোন অংশ যে আদালতের এলাকার মধ্যে থাকে বিবাদীয় বিষয়ের মূল্য বিবেচনায় ঐ আদালতে সম্পূর্ণ দাওয়া গ্রাহ্য হইতে পারিলে, মোকদ্দমা সেই আদালতে উপস্থিত করা যাইতে পারিবে।

Suit for immoveable perty situate in differ ıt districts

If the immoveable property be situate within the limits of different dis tricts, the suit may be instituted in any Court, herwise competent to try it, within whose juris ıction any portion of the property is situate

স্থাবর সম্পত্তি ভিন্ন২ জিলার মধ্যে থাকিলে মোকদ্দমার কথা।

স্থাবর সম্পত্তি ভিন্ন২ জিলার মধ্যে থাকিলে, সম্পত্তির কোন অংশ যে আদালতের এলাকার মধ্যে থাকে সেই আদালত মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন হইলে, সেই আদালতে ঐ মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

Power to stay proceed s where the whole cause action did not arise and defendants do not reside ithin jurisdiction

19 If a suit which may be instituted in more than one Court is instituted in a Court within the local limits of whose jurisdiction only part of the cause of action arose, and where the fendant or all the defendants does not or do ıt actually and voluntarily reside, or carry on ısiness, or personally work for gain, the defend ıt or any defendant may, after giving notice in ıiting to the other parties of his intention to ıply to the Court to stay proceedings, apply to ıe Court accordingly,

and if the Court, after hearing such of the parties desire to be heard, is satisfied that justice is ıore likely to be done by the suit being instituted some other Court, it may stay proceedings either ıally or till further order, and make such order it thinks fit as to the costs already incurred by ıe parties or any of them

নালিশের সম্পূর্ণ হেতু আদালতের এলাকার মধ্যে উত্থিত না হইলে ও সকল প্রতিবাদী তথায় বাস না করিলে আনুষ্ঠানিক কার্য্য স্থগিত রাখিবার ক্ষমতার কথা।

১৯ ধারা। কোন মোকদ্দমা একের অধিক আদালতে উপস্থিত করা যাইতে পারিলে, ও যে আদালতের এলাকার সীমার মধ্যে নালিশের হেতুর একাংশমাত্র উত্থিত হইল সেই আদালতে মোকদ্দমা উপস্থিত করা গেলে, ও প্রতিবাদী কি সকল প্রতিবাদী যথার্থই ও ইচ্ছাপূর্ব্বক ঐ সীমার মধ্যে বাস না করিলে কি কর্ম্ম না চালাইলে কি স্বয়ং লভ্যার্থে কর্ম্ম না করিলে, প্রতিবাদী কিম্বা কোন প্রতিবাদী ঐ মোকদ্দমাসম্পর্কীয় অন্য ব্যক্তিদিগের নামে লিখিয়া আদালতে ঐ মোকদ্দমাঘটিত কার্য্য স্থগিত করিতে প্রার্থনা করিবার কল্পনার নোটিস দিলে পর তদনুসারে আদালতে প্রার্থনা করিতে পারিবেন।

এবং উক্ত ব্যক্তিদের মধ্যে কোন ব্যক্তিরা কিছু কহিতে চাহিলে আদালত তাঁহাদের কথা শুনিলে পর, অন্য কোন আদালতে মোকদ্দমা উপস্থিত করা গেলে ন্যায় বিচার হওয়ার অধিক সম্ভাবনা বোধ করিলে, একেবারে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত আনুষ্ঠানিক কার্য্য স্থগিত করিতে পারিবেন, ও মোকদ্দমা সংক্রান্ত ব্যক্তিদের, কিম্বা তাঁহাদের মধ্যে কোন২ ব্যক্তির যত খরচ হইয়াছে তদ্বিষয়ের যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

In such case, if the plaintiff so requires, the Court shall return the plaint with an endorsement thereon of the order staying proceedings

তদ্রূপ স্থলে, বাদির আদেশ থাকিলে, আদালত আবেদনপত্রের পৃষ্ঠে আনুষ্ঠানিক কার্য্য স্থগিত করিবার আজ্ঞা লেখাইয়া তাহা ফিরিয়া দিবেন।

Application when to be made

Every such application shall be made at the earliest possible opportunity, and in all cases before the issues are settled and any defendant not so applying shall be deemed to have acquiesced in the institution of the suit

প্রার্থনা যে সময়ে করিতে হইবে তাহার কথা।

তদ্রূপ প্রত্যেক প্রার্থনা মোকদ্দমার প্রথমযোগে সাধ্যমতে ত্বরায় ও ইস্যু নির্ণয় হইবার পূর্ব্বে করিতে হইবে। কোন প্রতিবাদী তদ্রূপ প্রার্থনা না করিলে মোকদ্দমা উপস্থিত হওন বিষয়ে সম্মত হইয়াছেন এমত জ্ঞান হইবে ইতি।

Remission of Court fee where suit instituted in another Court.

20 Where the Court, under section 19 stays proceedings and the plaintiff re institutes his suit in another Court the plaint shall not be chargeable with any court fee provided that the proper fee has been levied on the institution of the suit in the former Court and that the plaint has been returned by such Court

অন্য আদালতে মোকদ্দমা উপস্থিত করা গেলে আদালতের ফী ক্ষমা হইবার কথা।

২০ ধারা। আদালত ১৯ ধারামতে মোকদ্দমার কার্য্যানুষ্ঠান স্থগিত করিলে ও বাদী অন্য আদালতে মোকদ্দমা পুনরায় উপস্থিত করিলে আবেদনপত্রের উপর আদালতের কোন ফী লাগিবে না। কিন্তু এমত স্থলে প্রয়োজন যে পূর্ব্ব আদালতে মোকদ্দমা উপস্থিত করণসময়ে উপযুক্ত ফী দেওয়া যায় ও ঐ আদালত আবেদনপত্র ফিরিয়া দেন।

Computation of period of limitation for such suits

The interval between the institution of the suit and the date of so staying proceedings and the time requisite for proceeding from the Court in which proceedings are stayed to the Court in which the suit is re instituted shall be excluded in computing the period of limitation prescribed for such suit

তদ্রূপ মোকদ্দমার মিয়াদের হিসাব করিবার কথা।

ঐ মোকদ্দমার নির্দ্ধারিত মিয়াদের হিসাব করিতে গেলে মোকদ্দমা উপস্থিত করণ অবধি সেই মোকদ্দমার কার্য্যানুষ্ঠান স্থগিত হওন পর্য্যন্ত যে সময় যায় তাহা এবং যে আদালতে মোকদ্দমার আনুষ্ঠানিক কার্য্য স্থগিত করা যায় সেই আদালতহইতে অন্য যে আদালতে মোকদ্দমা পুনরায় উপস্থিত করা যাইবে সেই আদালতে গমনের যে সময় যায় তাহা ধরিতে হইবে না ইতি।

Procedure where Courts in which suit may be instituted are subordinate to the same appellate Court

21 Where a suit may be instituted in more Courts than one and such Courts are subordinate to the same appellate Court any defendant after giving notice in writing to the other parties of his intention to apply to such Court to transfer the suit to another Court, may apply accordingly and the appellate Court after hearing the other parties if they desire to be heard, shall determine in which of the Courts having jurisdiction the suit shall proceed

যেং আদালতে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারে তাহা একি আপীল আদালতের অধীন হইলে কার্য্য প্রণালীর কথা।

২১ ধারা। মোকদ্দমা একের অধিক আদালতে উপস্থিত করা যাইতে পারিলে ও সেই সকল আদালত একি আপীল আদালতের অধীন থাকিলে কোন প্রতিবাদী মোকদ্দমার অন্য ব্যক্তিদের নামে লিখিয়া, অন্য আদালতে মোকদ্দমা হস্তান্তর করিয়া দিবার জন্যে ঐ আপীল আদালতে প্রার্থনা করিবার কল্পনার নোটিস দিয়া তদনুসারে প্রার্থনা করিতে পারিবেন, ও মোকদ্দমার অন্য কোন ব্যক্তি তদ্বিষয়ের কোন কথা জানাইতে চাহিলে আপীল আদালত তাহাদের কথা শুনিয়া ঐ মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন যে আদালতে ঐ মোকদ্দমার কার্য্য চলিবে তাহা নির্ণয় করিবেন ইতি।

Procedure where they are not so subordinate

22 Where such Courts are subordinate to different appellate Courts, but are subordinate to the same High Court any defendant, after giving notice in writing to the other parties of his intention to apply to the High Court to transfer the suit to another Court having jurisdiction, may apply accordingly If the suit is brought in any Court subordinate to a District Court, the application, together with the objections, if any, filed by the other parties, shall be submitted through the District Court to which

তদ্রূপে অধীন না থাকিলে কার্য্যপ্রণালীর কথা।

২২ ধারা। সেই সকল আদালত ভিন্নং আপীল আদালতের কিন্তু একি হাই কোর্টের অধীন হইলে কোন প্রতিবাদী মোকদ্দমার অন্য ব্যক্তিদের নামে লিখিয়া মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন অন্য আদালতে মোকদ্দমা হস্তান্তর করিয়া দিবার জন্যে ঐ হাই কোর্টে প্রার্থনা করিবার কল্পনার নোটিস দিয়া তদনুসারে প্রার্থনা করিতে পারিবেন। ঐ মোকদ্দমা জিলার আদালতের অধীন কোন আদালতে উপস্থিত করা গিয়া থাকিলে, ও মোকদ্দমার অন্য ব্যক্তিরা কোন আপত্তি উপস্থিত করিলে, উক্ত আদালত যে জিলার

such Court is subordinate The High Court may, after considering the objections, if any, of the other parties, determine in which of the Courts having jurisdiction the suit shall proceed

আদালতের অধীন থাকে, সেই আদালতের দ্বারা সেই আপত্তির সহিত ঐ প্রার্থনাপত্র, হাই কোর্টে অর্পণ করা যাইবে। অন্য ব্যক্তিরা কোন আপত্তি করিয়া থাকিলে, ঐ হাই কোর্টে সেই আপত্তি বিবেচনা করিবার পর ঐ মোকদ্দমা বিচার করিবার ক্ষমতাপন্ন যে আদালতে চলিবে তাহা নির্ণয় করিবেন ইতি।

Procedure where they are subordinate to different High Courts

23 Where such Courts are subordinate to different High Courts, any defendant may, after giving notice in writing to the other parties of his intention to apply to the High Court within whose jurisdiction the Court in which the suit is brought is situate apply accordingly

ভিন্ন২ হাই কোর্টের অধীন থাকিলে কার্য্যপ্রণালীর কথা।

২৩ ধারা। উক্ত সকল আদালত ভিন্ন২ হাই কোর্টের অধীন থাকিলে কোন প্রতিবাদী মোকদ্দমার অন্য ব্যক্তিদের নামে লিখিয়া মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা গেল তাহা যে হাই কোর্টের এলাকার মধ্যে থাকে সেই হাই কোর্টে প্রার্থনা করিবার কল্পনার নোটিস দিয়া তদনুসারে প্রার্থনা করিতে পারিবেন।

If the suit is brought in any Court subordinate to a District Court, the application together with the objections, if any, filed by the other parties shall be submitted through the District Court to which such Court is subordinate

মোকদ্দমা যদি জিলার আদালতের অধীন কোন আদালতে উপস্থিত করা গিয়া থাকে তবে অন্য ব্যক্তিরা কোন আপত্তি করিয়া থাকিলে, ঐ আদালত যে জিলার আদালতের অধীন থাকে সেই আদালতের দ্বারা সেই আপত্তির সহিত ঐ প্রার্থনাপত্র অর্পণ করা যাইবে।

and such High Court shall after considering the objections if any, of the other parties determine in which of the several Courts having jurisdiction the suit shall proceed

ও মোকদ্দমার অন্য ব্যক্তিরা কোন আপত্তি করিয়া থাকিলে উক্ত হাই কোর্ট সেই আপত্তি বিবেচনা করিয়া ঐ মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন নানা আদালতের মধ্যে কোন্ আদালতে মোকদ্দমা চলিবে তাহা নির্ণয় করিবেন ইতি

Suit for immoveable property alleged to be within another local jurisdiction

24 If, in a suit for immoveable property the defendant object to the hearing of a suit on the ground that no part of the property is situate within the local limits of the jurisdiction of the Court in which the suit is instituted or to which it has been transferred the Court may by order determine the point

স্থাবর সম্পত্তি অন্য এলাকার মধ্যে আছে কথিত হইলে মোকদ্দমার কথা।

২৪ ধারা। স্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমা হইলে মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা গেল, কিম্বা হস্তান্তর করিয়া যে আদালতে অর্পণ করা গেল, প্রতিবাদী ঐ সম্পত্তির কোন অংশ ঐ আদালতের এলাকার সীমার অন্তর্গত নয় বলিয়া মোকদ্দমার শ্রবণ বিষয়ে আপত্তি করিলে আদালত আজ্ঞা করণ দ্বারা সেই কথা নির্ণয় করিবেন।

and if the Court find that the property or any part thereof is situate within such limits, it shall proceed to try the suit

ও সম্পত্তি কি তাহার কোন অংশ সেই সীমার অন্তর্গত আছে আদালত ইহা নির্ণয় করিলে সেই মোকদ্দমার বিচার করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

Transfer of suits

25 The High Court or the District Court may either of its own motion or on the application of any of the parties, after giving notice to the parties and hearing such of them as desire to be heard withdraw any suit instituted in any Court subordinate to such High Court or District Court, as the case may be, and try the suit itself, or transfer it for trial to any other such subordinate Court competent to try the same in respect of its nature and the amount or value of its subject-matter

এক আদালত হইতে মোকদ্দমা উঠাইয়া অন্য আদালতে পাঠাইবার কথা।

২৫ ধারা। হাই কোর্টের কিম্বা জিলার আদালতের অধীন কোন আদালতে মোকদ্দমা উপস্থিত করা গেলে, ঐ হাই কোর্ট কিম্বা বিষয়বিশেষে জিলার আদালত আপনার প্রবর্ত্তনামতে, কিম্বা মোকদ্দমার কোন ব্যক্তির প্রার্থনামতে ও অন্য ব্যক্তিদিগকে নোটিস দিলে পর ও তাহাদের কোন ব্যক্তির কোন কথা কহিবার ইচ্ছা থাকিলে তাহা শুনিলে পর, ঐ মোকদ্দমা উঠাইয়া আনিয়া আপনি তাহার বিচার করিতে পারিবেন, কিম্বা মোকদ্দমার ভাব বিবেচনায় বিবাদীয় যত টাকা কিম্বা বিবাদীয় বিষয়ের যে মূল্য হয় তদ্বিবেচনায় অন্য যে অধীন আদালত ঐ মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন হন, সেই আদালতে বিচার হইবার নিমিত্ত ঐ মোকদ্দমা পাঠাইতে পারিবেন।

For the purposes of this section the Courts of Additional and Assistant Judges shall be deemed to be subordinate to the District Court

The Court trying any suit withdrawn under this section from a Court of Small Causes shall, for the purposes of such suit, be deemed to be a Court of Small Causes

এই ধারার কার্য্যপক্ষে আডিশ্যনল ও আসিষ্টান্ট বিচারপতিদের আদালত জিলার আদালতের অধীন বলিয়া জ্ঞান হইবে।

এই ধারামতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতহইতে মোকদ্দমা উঠাইয়া লওয়া গেলে যে আদালত তাহা বিচার করেন ঐ মোকদ্দমার কার্য্যপক্ষে সেই আদালতও ক্ষুদ্র মোকদ্দমার আদালত বলিয়া জ্ঞান হইবে ইতি।

CHAPTER III

Of Parties and their Appearances, Applications and Acts

৩ তৃতীয় অধ্যায়।

উভয় পক্ষ ও তাহাদের উপস্থিত হওন ও প্রার্থনা করণ ও ক্রিয়া বিষয়ক বিধি।

26 All persons may be joined as plaintiffs in whom the right to any relief claimed is alleged to exist, whether jointly, severally, or in the alternative, in respect of the same cause of action And judgment may be given for such one or more of the plaintiffs as may be found to be entitled to relief for such relief as he or they may be entitled to, without any amendment But the defendant, though unsuccessful, shall be entitled to his costs occasioned by so joining any person who is not found entitled to relief, unless the Court in disposing of the costs of the suit otherwise directs

Persons who may be joined as plaintiffs

২৬ ধারা। যে উপকারের দাওয়া হয় নালিশের একি হেতু ধরিয়া সেই উপকার প্রাপণার্থ যে সকল ব্যক্তিব প্রতি এক যোগে কি পৃথকরূপে কি অনুকল্পে স্বত্ব বর্ত্তে বলিয়া কথিত হয়, তাঁহারা সকলেই বাদি স্বরূপ সংযুক্ত হইতে পারিবেন। ও তদ্রূপ বাদিদেব যে এক কি কএক জনকে ঐ উপকার প্রাপণের স্বত্ববান্ বলিয়া দেখা যায় তিনি কি তাঁহারা যে উপকারের স্বত্ববান হন, সংশোধন না হইয়া তাঁহার কি তাঁহাদেব পক্ষে সেই উপকার পাইবার ডিক্রী হইতে পারিবে। কিন্তু উপকার পাইবার স্বত্ববান নহেন বলিয়া যাঁহাকে দেখা যায় তাঁহাকে বাদি স্বরূপ সংযোগ করা প্রযুক্ত প্রতিবাদির যে খরচা লাগে, আদালত মোকদ্দমার খরচা নিষ্পত্তি করণসময়ে প্রকারান্তরের আজ্ঞা না করিলে, প্রতিবাদী পরাজিত হইলেও সেই খরচা ফিরিয়া পাইবার স্বত্ববান হইবেন ইতি।

যে ব্যক্তিদিগকে বাদী স্বরূপ সংযুক্ত করা যাইতে পারে তাঁহাদের কথা।

27 Where a suit has been instituted in the name of the wrong person as plaintiff, or where it is doubtful whether it has been instituted in the name of the right plaintiff, the Court may, if satisfied that the suit has been so commenced through a *bonâ fide* mistake, and that it is necessary for the determination of the real matter in dispute so to do, order any other person or persons to be substituted or added as plaintiff or plaintiffs upon such terms as may seem just

Court may substitute or add plaintiff for or to plaintiff suing

২৭ ধারা। যিনি প্রকৃত বাদী নহেন তাঁহার নাম ধরিয়া মোকদ্দমা উপস্থিত করা গেলে, কিম্বা প্রকৃত বাদির নামে মোকদ্দমা উপস্থিত করা গেল কি না এই বিষয়ের সন্দেহ থাকিলে সরলভাবে ভ্রান্তিক্রমে মোকদ্দমা তদ্রূপে উপস্থিত করা গেল এবং বিবাদীয় যথার্থ বিষয় নির্ণয় করিবার জন্যে বাদির কি বাদিদের পরিবর্ত্তে অন্য ব্যক্তির কি ব্যক্তিদের নাম লেখা কিম্বা বাদিস্বরূপ অন্য ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে সংযোগ করা আবশ্যক, আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে যে নিয়ম ন্যায্য বোধ করেন তদনুসারে ঐ কার্য্য করিতে পারিবেন ইতি।

যে ব্যক্তি নালিশ করেন তাঁহার পরিবর্ত্তে অন্য ব্যক্তির নাম লেখাইতে কিম্বা তাহার সঙ্গে অন্য ব্যক্তিকে সংযোগ করিতে আদালতের ক্ষমতার কথা।

28 All persons may be joined as defendants against whom the right to any relief is alleged to exist, whether jointly, severally or in the alternative, in respect of the same cause of action, And judgment may be given against such one or more of the defendants as may be found to be liable, according to their respective liabilities, without any amendment

Persons who may be joined as defendants

২৮ ধারা। নালিশ করিবার একি হেতু ধরিয়া এক যোগে কি স্বতন্ত্রে কি অনুকল্পে যে ব্যক্তিদের বিপক্ষে কোন উপকার পাইবার স্বত্ব বর্ত্তে বলিয়া কথিত হয় তাঁহাদের সকলকেই প্রতিবাদী বলিয়া সংযোগ করা যাইতে পারিবে। এবং প্রতিবাদির যে এক কি কএক জনকে দায়ি বলিয়া দেখা যায় সংশোধন না করিয়া প্রত্যেকের দায়ানুসারে তাঁহার কি তাঁহাদের বিপক্ষে ডিক্রী হইতে পারিবে ইতি।

যাঁহাদিগকে প্রতিবাদি-স্বরূপ সংযোগ করা যাইতে পারিবে তাঁহাদের কথা।

29 The plaintiff may, at his option, join as parties to the same suit all or any of the persons severally, or jointly and severally, liable on any one contract, including parties to bills of exchange, hundis and promissory notes

Joinder of parties liable on same contract

30 Where there are numerous parties having the same interest in one suit, one or more of such parties may sue or be sued, or may be authorized by the Court to defend in such suit, on behalf or for the benefit of all parties so interested

One party may sue or defend on behalf of all in same interest

31 No suit shall be defeated by reason of the misjoinder of parties, and the Court may in every suit deal with the matter in controversy so far as regards the rights and interests of the parties actually before it

Suit not to fail by reason of misjoinder

32 The Court may, at any time before the issues are settled either upon or without the application of either party and on such terms as may appear to the Court to be just, order that the name of any party, whether as plaintiff or as defendant, improperly joined, be struck out and that the name of any party, whether plaintiff or defendant, who ought to have been joined, or whose presence before the Court may be necessary in order to enable the Court effectually and completely to adjudicate upon and settle all the questions involved in the suit, be added

Court may dismiss or add parties

No persons shall be added as a plaintiff, or as the next friend of a plaintiff without his own consent thereto

No one to be added as plaintiff or as next friend without his consent

All parties whose names are so added as defendants shall be served with a summons in manner herein after mentioned, and the proceedings as against them shall be deemed to have begun only on the service of such summons,

Defendants added to be served.

33 Where a defendant is added, the plaint, if previously filed, shall, unless the Court direct otherwise, be amended in such manner as may be necessary, and an amended copy of the

Where defendant added, plaintiff to amend

২৯ ধারা। বিল অফ একস্‌চেঞ্জের কি হুণ্ডীর কি খতের উভয় পক্ষ সুদ্ধ যাঁহারা কোন একি চুক্তিতে দায়ী হন তাঁহারা স্বতন্ত্র, কিম্বা একত্র ও স্বতন্ত্র দায়ী হউন বাদী স্বেচ্ছামতে তাঁহাদের সকলকে কিম্বা তাহাদের মধ্যে কোন২ ব্যক্তিদিগকে একি মোকদ্দমার এক পক্ষ স্বরূপ সংযোগ করিতে পারিবেন ইতি।

একি চুক্তিক্রমে যে ব্যক্তিরা দায়ি হন তাঁহাদিগকে সংযোগ করণের কথা।

৩০ ধারা। একি মোকদ্দমায় বহুতর লোকের সমান স্বার্থ থাকিলে তদ্রূপ স্বার্থ যুক্ত সকল ব্যক্তির সপক্ষে কি হিতার্থে তাহাদের এক কি কএক জন নালিশ করিতে পারিবেন কিম্বা তাঁহার কি তাঁহাদের নামে নালিশ হইতে পারিবে, কিম্বা সেই মোকদ্দমায় প্রতিবাদ করিতে আদালত কর্ত্তৃক ক্ষমতা প্রাপ্ত হইতে পারিবেন ইতি।

সমস্বার্থ বিশিষ্ট সকল ব্যক্তির পক্ষে একি ব্যক্তির বাদ কি প্রতিবাদ করিবার ক্ষমতার কথা।

৩১ ধারা। অনুপযুক্ত ব্যক্তিদের সংযোগ হেতুক মোকদ্দমা ব্যর্থ হইবে না। প্রত্যেক মোকদ্দমায় যে ব্যক্তিরা প্রকৃত প্রস্তাবে আদালতের সম্মুখে উপস্থিত থাকেন তাঁহাদের যত দূর স্বত্ব ও স্বার্থ থাকে আদালত তত দূর বিবাদীয় বিষয় লইয়া কার্য্য করিতে পারিবেন ইতি।

অনুপযুক্ত ব্যক্তিদের সংযোগ হেতুক মোকদ্দমা রহিত না হইবার কথা।

৩২ ধারা। কোন পক্ষের প্রার্থনা হইলে বা না হইলেও আদালত ইস্যু স্থির হইবার পূর্ব্বে কোন সময়ে যে নিয়ম ন্যায্য বোধ করেন এমত নিয়ম করিয়া বাদী কি প্রতিবাদী বলিয়া যে ব্যক্তিকে অনুপযুক্তমতে সংযোগ করা গেল, তাঁহার নাম উঠাইয়া দিবার ও বাদী কি প্রতিবাদী বলিয়া যে ব্যক্তির নাম সংযোগ করা উচিত, কিম্বা মোকদ্দমার মধ্যে যে সকল বিষয় লিপ্ত থাকে ফলোপযোগী ও সম্পূর্ণরূপে তাহার বিচার ও নির্ণয় করণার্থে আদালতের সম্মুখে যে ব্যক্তির উপস্থিত থাকা আবশ্যক এমত কোন ব্যক্তির নাম সংযোগ করিবার আজ্ঞা করিতে পারিবেন।

কোন পক্ষের কোন ব্যক্তিদিগকে আদালতের ছাড়িয়া দিতে কি সংযোগ করিতে পারিবার কথা।

কোন ব্যক্তি আপনি সম্মত না হইলে বাদী কিম্বা বাদির আসন্ন বন্ধু বলিয়া তাঁহার নাম সংযোগ করিয়া দেওয়া যাইবে না।

কোন ব্যক্তি সম্মত না হইলে বাদী কি আসন্ন বন্ধু বলিয়া তাঁহার নাম সংযোগ করিতে না হইবার কথা।

প্রতিবাদী বলিয়া যাঁহারদের নাম উক্ত প্রকারে সংযোগ করা যায় তাঁহাদের নামে নিম্নলিখিত প্রকারে সমন দিতে হইবে, ও সেই সমন যে সময়ে দেওয়া যায় কেবল সেই সময়াবধি তাঁহাদের বিপক্ষ মোকদ্দমাঘটিত কার্য্য আরম্ভ হইল বলিয়া জ্ঞান হইবে ইতি।

যে প্রতিবাদির নাম সংযোগ করা যায় তাহার নামে সমন দিতে হইবার কথা।

৩৩ ধারা। প্রতিবাদিকে সংযোগ করা গেলে যদি আবেদনপত্র তৎপূর্ব্বে উপস্থিত করা গিয়া থাকে তবে আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে ঐ আবে-

প্রতিবাদির সংযোগ হইলে বাদির আবেদনপত্র সংশোধন করিতে হইবার কথা।

summons shall be served on the new defendant and the original defendants

সমনপত্র আবশ্যকমতে সংশোধন করা যাইবে ও নূতন প্রতিবাদিকে ও আসল প্রতিবাদিদিগকে সমনের সংশোধিত নকল দিতে হইবে ইতি।

Time for taking objections as to non joinder or misjoinder of parties

34 All objections for want of parties, or for joinder of parties who have no interest in the suit, or for misjoinder as co plaintiffs or co defendants shall be taken at the earliest possible opportunity and in all cases before the issues are settled and any such objection not taken before the issues are settled shall be deemed to have been waived by the defendant

সংযোগ না করণ কিম্বা অমুপযুক্তমতে সংযোগকরণ বিষয়ে আপত্তি করণের সময়ের কথা।

৩৪ ধারা। সহবাদি কি সহপ্রতিবাদিস্বরূপ যাঁহাদিগকে সংযোগ করা উচিত তাঁহাদিগকে সংযোগ করা যায় নাই, কিম্বা মোকদ্দমায় যাঁহাদের স্বার্থ নাই কিম্বা যাহাদিগকে সংযোগ করা উচিত নয় তাঁহাদিগকে সংযোগ করা গেল বলিয়া কোন আপত্তি থাকিলে, মোকদ্দমার প্রথম যোগে সাধ্যমতে ত্বরায় ও ইস্যু নিরূপণ হইবার পূর্ব্বে তাহা জানাইতে হইবে। ইস্যু নিরূপণের পূর্ব্বে তদ্রূপ কোন আপত্তি করা না গেলে, প্রতিবাদী সেই আপত্তি ত্যাগ করিয়াছেন এমত জ্ঞান করিতে হইবে ইতি।

Each of several plaintiffs or defendants may authorize any other to appear &c for him

35 When there are more plaintiffs than one, any one or more of them may be authorized by any other of them to appear plead, or act for such other in any proceeding under this Code and in like manner when there are more defendants than one any one or more of them may be authorized by any other of them to appear plead or act for such other in any such proceeding

অনেক বাদী কি প্রতিবাদী থাকিলে এক কি কএক জনের অন্যকে কি অন্যদিগকে আপনার পক্ষে উপস্থিত হইয়া কার্য্য করিবার ক্ষমতা দেওয়ার কথা।

৩৫ ধারা। দুই কি তদধিক জন বাদী থাকিলে তাঁহাদের কোন এক ব্যক্তি এই আইনমতে আনুষ্ঠানিক কোন কার্য্যে অন্য এক কি কএক ব্যক্তিকে আপনার নিমিত্ত উপস্থিত হইয়া উত্তর দিবার ও কার্য্য করিবার ক্ষমতা দিতে পারিবেন। তদ্রূপেও দুই কি তদধিক জন প্রতিবাদী থাকিলে, তাঁহাদের কোন এক ব্যক্তি তদ্রূপ আনুষ্ঠানিক কার্য্যে অন্য এক কি কএক জনকে আপনার নিমিত্ত উপস্থিত হইয়া উত্তর দিবার কি কার্য্য করিবার ক্ষমতা দিতে পারিবেন।

Authority to be in writing signed and filed

The authority shall be in writing signed by the party giving it, and shall be filed in Court

সেই ক্ষমতা লিখিয়া দেওয়া যাইবার ও স্বাক্ষর করা গেলে গাঁথিয়া রাখিবার কথা।

ঐ ক্ষমতা লিখিয়া দেওয়া যাইবে ও যেং ব্যক্তিরা দেন তাঁহারাই তাহাতে স্বাক্ষর করিবেন ও সেই ক্ষমতাপত্র আদালতে গাঁথিয়া রাখা যাইবে ইতি।

Recognised Agents and Pleaders

স্বীকৃত মোক্তার ও উকীল বিষয়ক কথা।

Appearances &c. may be in person by recognized agent or by pleader

36 Any appearance, application, or act in or to any Court, required or authorized by law to be made or done by a party to a suit in such Court, may, except when otherwise expressly provided by this Code, be made or done by the party in person, or by his recognized agent, or by a pleader duly appointed to act on his behalf

নিজে কিম্বা স্বীকৃত মোক্তারের কি উকীলের দ্বারা উপস্থিতপ্রভৃতি হইতে পারিবার কথা।

৩৬ ধারা। এই আইনে প্রকারান্তরের স্পষ্ট বিধান না থাকিলে, কোন আদালতে আইন অনুসারে মোকদ্দমার কোন পক্ষের উপস্থিত হইবার কি প্রার্থনাপত্র দিবার কি কার্য্য করিবার আদেশ বা ক্ষমতা থাকিলে ঐ পক্ষ আপনি কিম্বা আপনার স্বীকৃত মোক্তারের দ্বারা কিম্বা আপনার পক্ষে কর্ম্ম করণার্থে নিয়মমতে নিযুক্ত উকীল দ্বারা উপস্থিত হইতে কি ঐ প্রার্থনাপত্র দিতে কি কার্য্য করিতে পারিবেন।

Provided that any such appearance shall be made by the party in person if the Court so direct

কিন্তু আদালত আজ্ঞা করিলে সেই ব্যক্তির স্বয়ং উপস্থিত হইতে হইবে ইতি।

37 The recognized agents of parties by whom such appearances applications and acts may be made or done are—

Recognized agents

(*a*) persons holding general powers of attorney from parties not resident within the local limits of the jurisdiction of the Court within which limits the appearance application or act is made or done authorizing them to make and do such appearances, applications and acts on behalf of such parties

Persons holding powers of attorney from parties out of jurisdiction

(*b*) mukhtárs certificated under any law for the time being in force and holding special powers of attorney authorizing them to do on behalf of their principals such acts as may legally be done by mukhtárs

Certificated mukhtárs

(*c*) persons carrying on trade or business for and in the names of parties not resident within the local limits of the jurisdiction of the Court within which limits the appearance application or act is made or done in matters connected with such trade or business only, where no other agent is expressly authorized to make and do such appearances applications and acts

Persons carrying on trade or business for parties out of jurisdiction

Nothing in the former part of this section applies to the territories now administered respectively by the Lieutenant Governor of the Punjab and the Chief Commissioners of Oudh and the Central Provinces but in those territories the recognized agents of parties by whom such appearances applications and acts may be made and done shall be such persons as the Local Government may from time to time, by notification in the official Gazette, declare in this behalf

Recognized agents in Punjab Oudh and Central Provinces

38 Processes served on the recognized agent of a party to a suit shall be as effectual as if the same had been served on the party in person, unless the Court otherwise directs

Service of process on recognized agent

The provisions of this Code for the service of process on a party to a suit shall apply to the service of process on his recognized agent

৩৭ ধারা। কোন পক্ষীয় ব্যক্তিরা স্বীকৃত এইং মোক্তারদেরদ্বারা উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে ও কার্য্য করিতে পারিবেন।

স্বীকৃত মোক্তারদের কথা।

(ক) যে আদালতের এলাকার সীমার মধ্যে কোন পক্ষীয় ব্যক্তিদের উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে কি কার্য্য করিতে হইবে, তাঁহারা সেই সীমার মধ্যে বাস না করিলে তাঁহাদের নিমিত্ত উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিবার ও কার্য্য করিবার ক্ষমতাসূচক আম মোক্তারনামা প্রাপ্ত ব্যক্তিরা।

আদালতের এলাকার বহির্ভূত স্থান বাসিদের মোক্তারনামা প্রাপ্ত ব্যক্তিরা।

(খ) যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে কোন মোক্তার সর্টিফিকট প্রাপ্ত হইলে, ও মোক্তারেরা আইনমতে যেং কার্য্য করিতে পারেন মওক্কেলদের পক্ষে সেইং কার্য্য করিবার ক্ষমতাসূচক বিশেষ মোক্তারনামা পাইলে তাঁহারা।

সর্টিফিকটপ্রাপ্ত মোক্তার।

(গ) যে আদালতের এলাকার সীমার মধ্যে কোন পক্ষীয় ব্যক্তিদের উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে কি কার্য্য করিতে হইবে সেই সীমার মধ্যে বাস না করাতে তাঁহাদের নিমিত্ত অন্য কোন মোক্তার উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে ও কার্য্য করিতে স্পষ্ট ক্ষমতা না পাইলে, যে ব্যক্তিরা তাঁহাদের নিমিত্ত ও তাঁহাদের নামে বাণিজ্য কি ব্যবসায়াদি করেন তাঁহারা কেবল সেই বাণিজ্য কি ব্যবসায় সম্পর্কীয় বিষয়ে ঐ পক্ষের নিমিত্ত উপস্থিত হইয়া প্রার্থনা পত্র দিতে কিম্বা কার্য্য করিতে পারিবেন।

আদালতের এলাকার বহির্ভূত স্থানবাসিদের নিমিত্ত যাহারা ব্যবসায়াদি চালান তাঁহারা।

এইক্ষণে যেং প্রদেশের কর্তৃত্ব কার্য্য পঞ্জাবের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের এবং অযোধ্যার ও মধ্য প্রদেশের শ্রীযুত প্রধান কমিশ্যনর সাহেবের দ্বারা নির্ব্বাহ হইয়া থাকে এই ধারার উপবিভাগের কোন কথা সেইং প্রদেশে খাটে না। সেইং প্রদেশে মোকদ্দমার কোন পক্ষের নিমিত্ত উপস্থিত হওনের ও প্রার্থনা করণের ও অন্য কার্য্য করিবার নিমিত্ত স্থানীয় গবর্নমেন্ট সময়েং রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে ব্যক্তিদিগকে নিরূপণ করেন তাঁহারাই ঐং কার্য্যপক্ষে ঐং পক্ষের স্বীকৃত মোক্তার হইবেন ইতি।

পঞ্জাব ও অযোধ্যা ও মধ্য প্রদেশের স্বীকৃত মোক্তারদের কথা।

৩৮ ধারা। মোকদ্দমার কোন পক্ষের স্বীকৃত মোক্তারকে পরওয়ানা দেওয়া গেলে, আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে নিজ সেই পক্ষকে দেওনের ন্যায় ফলবৎ হইবে।

স্বীকৃত মোক্তারের উপর পরওয়ানা জারী করিবার কথা।

এই আইনে মোকদ্দমার কোন পক্ষের উপর পরওয়ানা জারীকরণ বিষয়ে যেং বিধান আছে, তাঁহার স্বীকৃত মোক্তারের উপর পরওয়ানা জারী করণের প্রতি সেইং বিধান খাটে ইতি।

39 The appointment of a pleader to make or do any appearance, application or act as aforesaid shall be in writing under the hand of his client and shall be filed in Court

Appointment of pleader

When so filed, it shall be considered to be in force until revoked with the permission of the Court, by a writing signed by the client and filed in Court, or until the client or the pleader dies, or the decree or final order is drawn up

No advocate of any High Court established by Royal Charter shall be required to file or present any document empowering him to act

40 Processes served on the pleader of any party or left at the office or ordinary residence of such pleader, relative to a suit and whether the same be for the personal appearance of the party or not, shall be presumed to be duly communicated and made known to the party whom the pleader represents and unless the Court otherwise directs, shall be as effectual for all purposes in relation to the suit as if the same had been given to or served on the party in person

Service of process on pleader

41 Besides the recognized agents described in section 37 any person residing within the jurisdiction of the Court may be appointed an agent to accept service of process

Agent to receive process

Such appointment may be special or general, and shall be made by an instrument in writing signed by the principal • and such instrument, or, if the appointment be general, a duly attested copy thereof, shall be filed in Court

His appointment to be in writing and to be filed in Court

CHAPTER IV

Of the Frame of the Suit

42 Every suit shall, as far as practicable, be so framed as to afford ground for a final decision upon the subjects in dispute, and so to prevent further litigation concerning them

Suit how to be framed

৩৯ ধারা। পূর্ব্বোক্তমতে উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিবার কি কার্য্য করিবার নিমিত্ত উকীল নিযুক্ত হইলে, তাঁহার মওক্কেল লিখিয়া তাঁহাকে নিযুক্ত করিয়া সেই নিয়োগপত্রে স্বাক্ষর করিবেন ও তাহা আদালতে গাঁথিয়া রাখা যাইবে।

উকীলকে নিযুক্ত করিবার কথা।

তদ্রূপে গাঁথিয়া রাখা গেলে পর যত দিন আদালতের অনুমতিক্রমে সেই মওক্কেলের স্বাক্ষরিত পত্রদ্বারা তাহা রহিত না করা যায় ও সেই পত্রও আদালতে না গাঁথা যায়, কিম্বা যত দিন মওক্কেল কি উকীল না মরেন, কি মোকদ্দমার ডিক্রী কি শেষ আজ্ঞা না লেখা যায় তত দিন ঐ নিয়োগপত্র প্রবল আছে বলিয়া জ্ঞান হইবে।

রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত কোন হাই কোর্টের আডবোকেটের ঐ কার্য্য করিবার ক্ষমতাসূচক কোন দলীল অর্পণ কি উপস্থিত করিবার প্রয়োজন নাই ইতি।

৪০ ধারা। মোকদ্দমা সম্পর্কীয় পরওয়ানা কোন পক্ষের স্বয়ং উপস্থিত হইবার নিমিত্ত হউক বা নাই হউক, সেই পক্ষের উকীলকে দেওয়া গেলে কিম্বা তাঁহার কার্য্যালয়ে কি নিয়ত বাসস্থানে রাখিয়া আসা গেলে, উকীল যে পক্ষের প্রতিনিধি হন ঐ পরওয়ানা নিয়মমতে তাঁহাকেই দেওয়া গেল ও জ্ঞাত করা গেল এমত অনুমান হইবে ও আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে, মোকদ্দমাস ক্রান্ত সকল কার্য্যপক্ষে ঐ পরওয়ানা নিজ সেই পক্ষকে দেওয়া যাওনের কি তাঁহার উপর জারী হওনের ন্যায় ফলবৎ হইবে ইতি।

উকীলের নামে পরওয়ানা জারী করিবার কথা।

৪১ ধারা। ৩৭ ধারায় যে স্বীকৃত মোখ্তারের কথা আছে তদ্ভিন্ন আদালতের এলাকার অন্তর্গত স্থানবাসি কোন ব্যক্তিকে পরওয়ানা গ্রাহ্য করিবার মোখ্তারস্বরূপ নিযুক্ত করা যাইতে পারিবে।

মোখ্তারের পরওয়ানা গ্রাহ্য করিবার কথা।

সেই নিয়োগপত্র বিশেষ কি সাধারণ হইতে পারিবে ও লিখিত হইয়া মুখ্য ব্যক্তির দ্বারা স্বাক্ষর করা যাইবে, ও সেই আসল নিয়োগপত্র কিম্বা নিয়োগ পত্র সাধারণ হইলে তাহার নকল আদালতে গাঁথিয়া রাখা যাইবে ইতি।

তাঁহার নিয়োগপত্র লিখিত হইয়া আদালতে অর্পণ করিবার কথা।

৪ চতুর্থ অধ্যায়।

মোকদ্দমার আকার বিষয়ক বিধি।

৪২ ধারা। যত দূর হইতে পারে প্রত্যেক মোকদ্দমার এমত আকার থাকিবে যেন বিবাদীয় সমুদয় বিষয়ের চূড়ান্ত নিষ্পত্তি করিবার মূল থাকে, ও তদ্বিষয়ের আর বিবাদ হইতে না পারে ইতি।

মোকদ্দমা যে আকারে করিতে হইবে তাহার কথা।

43 Every suit shall include the whole of the claim arising out of the cause of action but a plaintiff may relinquish any portion of his claim in order to bring the suit within the jurisdiction of any Court

Suit to include the whole claim

If a plaintiff omit to sue for, or intentionally relinquish any portion of his claim a suit for the portion so omitted or relinquished shall not afterwards be entertained

Relinquishment of part of claim

44 *rule a*—No cause of action shall unless by order of the Court be joined with a suit for the recovery of land except claims in respect of mesne profits or arrears of rent in respect of the premises claimed and damages for breach of any contract under which the same or any part thereof are or is held

Only certain claims to be joined with suit for recovery of land

rule b—Claims by or against husband and wife may be joined with claims by or against either of them separately

Claims by or against husband and wife

rule c—Claims by or against an executor or administrator as such may be joined with claims by or against him personally provided the last mentioned claims are alleged to arise with reference to the estate in respect of which the plaintiff or defendant sues or is sued as executor or administrator

Claims by or against executor

rule d—Rules *b* and *c* shall be subject to the provisions of sections 45, 46 and 47

45 The plaintiff may unite in the same suit several causes of action, and any plaintiffs having causes of action against the same defendant or defendants, may unite such causes of action in the same suit

Plaintiff may join several causes of action

But if it appear to the Court that any such causes of action cannot be conveniently tried or disposed of together, the Court may, at any time before the issues are settled, of its own motion or on the application of the defendant

Court may order separation

৪৩ ধারা। নালিশের হেতুহইতে যে দাওয়া উত্থাপন হয় প্রত্যেক মোকদ্দমার মধ্যে সেই সম্পূর্ণ দাওয়া ধরিতে হইবে। কিন্তু বাদী কোন বিশেষ আদালতের বিচারাধিপত্যের মধ্যে মোকদ্দমা আনাইবার জন্যে আপনার দাওয়ার কোন অংশ ত্যাগ করিতে পারিবেন।

মোকদ্দমার মধ্যে সম্পূর্ণ দাওয়া ধরিবার কথা।

বাদী আপনার দাওয়ার কোন অংশ পাইবার প্রার্থনা করিতে ত্রুটি করিলে কিম্বা ইচ্ছাপূর্ব্বক কোন অংশ ত্যাগ করিলে সেই ছাড়া কি ত্যক্ত অংশের নিমিত্ত মোকদ্দমা পরে গ্রাহ্য হইবে না ইতি।

দাওয়ার একাংশ ত্যাগের কথা।

৪৪ ধারা। ক বিধি।—আদালতের আজ্ঞা না হইলে ভূমি ফিরিয়া পাইবার মোকদ্দমার সহিত ঐ ভূমি সংক্রান্ত ওয়াসিলাতের কিম্বা বাকী খাজানার উপলক্ষে দাওয়া ও সেই ভূমি কিম্বা তাহার কোন অংশ যে চুক্তিক্রমে ভোগ হইতেছে সেই চুক্তি ভঙ্গ হেতুক হানিপূরণের দাওয়াভিন্ন নালিশের কোন হেতু সংযোগ করা যাইবে না।

ভূমি পাইবার মোকদ্দমার সহিত কোন২ দাওয়ামাত্র সংযোগ করিবার কথা।

খ বিধি।—স্বামির ও স্ত্রীর দ্বারা কিম্বা তাহাদের বিপক্ষে যে দাওয়া হয় তাহা স্বতন্ত্ররূপে ঐ স্বামির কিম্বা স্ত্রীর দ্বারা কিম্বা স্বামির কি স্ত্রীর বিপক্ষ দাওয়ার সঙ্গে সংযোগ হইতে পারিবে।

স্বামি কি স্ত্রীর দ্বারা কি তদ্বিপক্ষ দাওয়ার কথা।

গ বিধি।—উইলক্রমে নিরূপিত কার্য্য সম্পাদকের কিম্বা দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র প্রাপ্ত ব্যক্তির দ্বার কিম্বা তাহার বিপক্ষে দাওয়া উপস্থিত করা গেলে তৎসহিত তাঁহার নিজের দাওয়ার কিম্বা নিজ তাঁহার বিপক্ষে দাওয়ার সংযোগ হইতে পারে কিন্তু এমত স্থলে প্রয়োজন যে বাদী কি প্রতিবাদী উইলক্রমে নিরূপিত কার্য্য সম্পাদকস্বরূপ কিম্বা দ্রব্য নিরূপণাধিকারিস্বরূপ যে সম্পত্তির উপলক্ষে বাদ কি প্রতিবাদ করেন শেষোক্ত প্রকারের দাওয়া সেই সম্পত্তির উপলক্ষে উত্থিত হইল এমত ব্যক্ত থাকে।

উইলক্রমে কার্য্য সম্পাদকের দ্বারা কি তদ্বিপক্ষ দাওয়ার কথা।

ঘ বিধি।—খ ও গ বিধির প্রতি ৪৫ ও ৪৬ ও ৪৭ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

৪৫ ধারা। বাদী একি মোকদ্দমায় নালিশের নানা হেতু সংযোগ করিতে পারিবেন ও একি প্রতিবাদির কি প্রতিবাদিদের বিপক্ষে কোন বাদিদের নালিশের নানা হেতু থাকিলে তাঁহারা একি মোকদ্দমায় নালিশের সেইং হেতু সংযোগ করিতে পারিবেন

নালিশের নানা হেতু বাদির সংযোগ করিতে পারিবার কথা।

কিন্তু নালিশের তদ্রূপ কোন২ হেতুর একত্র বিচার কি নিষ্পত্তি সুবিধামতে হইতে পারে না আদালত ইহা দেখিতে পাইলে, ইস্যু স্থির হইবার পূর্ব্বে কোন সময়ে আপনার প্রবর্ত্তনা কিম্বা প্রতিবাদির প্রার্থনামতে

আদালতের পৃথক করিতে আজ্ঞা করিতে পারিবার কথা।

order separate trials of any such causes of action to be had or may make such other order as may be necessary or expedient for the separate disposal thereof

When causes of action are so united the jurisdiction of the Court to hear the suit shall depend on the amount or value of the aggregate subject-matters

Defendant may apply to confine suit

46 Any defendant alleging that the plaintiff has united in the same suit several causes of action which cannot be conveniently disposed of in one suit, may at any time before the issues are settled apply to the Court for an order confining the suit to such of the causes of action as may be conveniently disposed of in one proceeding

Court on hearing application may exclude cause and order amendment

47 If on the hearing of such application it appears to the Court that the causes of action are such as cannot all be conveniently disposed of in one suit the Court may order any of such causes of action to be excluded, and may direct the plaint to be amended accordingly and may make such order as to costs as may be just

Every amendment made under this section shall be attested by the signature of the Judge

CHAPTER V

Of the Institution of Suits

Suits to be commenced by plaint

48 Every suit shall be instituted by presenting a plaint to the Court or such officer as it appoints in this behalf

Language of plaint

49 The plaint must be distinctly written in the language of the Court provided that if such language is not English, the plaint may (with the permission of the Court and the consent of the defendant) be written in English

Particulars to be contained in plaint

50 The plaint must contain the following particulars —

(*a*) the name of the Court in which the suit is brought,

(*b*) the name, description and place of abode of the plaintiff;

(*c*) the name, description and place of abode of the defendant, so far as they can be ascertained,

নালিশের তদ্রূপ হেতুর স্বতন্ত্র বিচার করিবার আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা তাহার স্বতন্ত্র নিষ্পত্তি করিবার জন্যে যে আজ্ঞা আবশ্যক কি বিহিত বোধ করেন করিতে পারিবেন।

নালিশের নানা হেতু তদ্রূপে সংযুক্ত হইলে বিবাদীয় বিষয় সমগ্র যত টাকা কি যত মূল্যের হয় তদনুসারে আদালতের সেই মোকদ্দমা শ্রবণ করিবার ক্ষমতা নির্ণয় হইবে ইতি।

মোকদ্দমার সীমা সঙ্কোচার্থে প্রতিবাদির প্রার্থনা করিতে পারিবার কথা।

৪৬ ধারা। বাদী একি মোকদ্দমায় নালিশের যে নানা হেতু সংযোগ করিয়াছেন একি মোকদ্দমায় সুবিধামতে তাহার নিষ্পত্তি হইতে পারিবে না কোন প্রতিবাদী ইহা কহিয়া একি মোকদ্দমায় নালিশের যেং হেতুর সুবিধামতে নিষ্পত্তি হইতে পারে কেবল সেইং হেতুর মোকদ্দমা হওনার্থে ইসু স্থির হইবার পূর্ব্বে কোন সময়ে আদালতে প্রার্থনা করিতে পারিবেন ইতি।

প্রার্থনাপত্র শুনিয়া আদালতের কোনং হেতু ত্যাগ করিয়া সংশোধন করিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৪৭ ধারা। নালিশের সেইং হেতুর ভাব বিবেচনায় একি মোকদ্দমায় সকলের সুবিধামতে নিষ্পত্তি হইতে পারে না আদালত উক্ত প্রার্থনাপত্র শুনিয়া ইহা দেখিতে পাইলে নালিশের উক্ত কোন হেতু ত্যাগ করিবার আজ্ঞা করিতে পারিবেন ও তদনুসারে আবেদনপত্র সংশোধন করিবার আদেশ করিয়া খরচার বিষয়ে যে আজ্ঞা ন্যায্য বোধ করেন করিতে পারিবেন।

এই ধারামতে যাহা সংশোধন করা যায় তাহাতে বিচারপতি সাক্ষিস্বরূপে স্বাক্ষর করিবেন ইতি।

৫ পঞ্চম অধ্যায়।

মোকদ্দমা উপস্থিত করণবিষয়ক বিধি।

আবেদনপত্রদ্বারা মোকদ্দমা আরম্ভ হইবার কথা।

৪৮ ধারা। আদালতে কিম্বা এতৎ কার্য্যপক্ষে আদালত যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহাকে আবেদনপত্র দিয়া মোকদ্দমা উপস্থিত করা যাইবে ইতি।

আবেদনপত্র যে ভাষায় লিখিতে হইবে তাহার কথা।

৪৯ ধারা। আদালতের চলিত ভাষায় আবেদনপত্র স্পষ্ট করিয়া লিখিতে হইবে। কিন্তু আদালতের চলিত ভাষা ইঙ্গরেজী না হইলে আদালতের অনুমতি লইয়া ও প্রতিবাদির সম্মতিক্রমে আবেদনপত্র ইঙ্গরেজী ভাষায় লেখা যাইতে পারিবে ইতি।

আবেদনপত্রে যেং বৃত্তান্ত লিখিতে হইবে তাহার কথা।

৫০ ধারা। আবেদনপত্রে এইং বৃত্তান্ত লেখা থাকিবে—

(১) মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা যায় সেই আদালতের নাম।

(২) বাদির নাম ও বর্ণনা ও বাসস্থান।

(৩) প্রতিবাদির নাম ও বর্ণনা ও বাসস্থান যত দূর জানা যাইতে পারে তাহা।

(*d*) a plain and concise statement of the circumstances constituting the cause of action and where and when it arose

(*e*) a demand of the relief which the plaintiff claims and

(*f*) if the plaintiff has allowed a set off or relinquished a portion of his claim, the amount so allowed or relinquished

In money suits

If the plaintiff seek the recovery of money, the plaint must state the precise amount so far as the case admits

Illustration

A sues for mesne profits

A sues for the amount which will be found due to him on taking unsettled accounts between him and B

In each of these cases the plaint need only state approximately the amount sued for

Where plaintiff sues as representative

When the plaintiff sues in a representative character the plaint should show not only that he has an actual existing interest in the subject matter, but that he has taken the steps necessary to enable him to institute a suit concerning it

Illustrations

(*a*) A sues as B's executor The plaint must state that A has proved B's will

(*b*) A sues as C's administrator The plaint must state that A has taken out administration to C's estate

(*c*) A sues as guardian of D a Muhammadan minor A is not D's guardian according to Muhammadan law and usage The plaint must state that A has been specially appointed D's guardian

Defendant's interest and liability to be shown

The plaint must show that the defendant is or claims to be interested in the subject matter, and that he is liable to be called upon to answer the plaintiff's demand

Illustration

A dies leaving B his executor C his legatee and D a debtor to A's estate C sues D to compel him to pay his debt in satisfaction of C's legacy The plaint must show that B has causelessly refused to sue D or that B and

(৪) যেং ভাবগতিক লইয়া নালিশের হেতু হয় তাহার স্পষ্ট ও সংক্ষেপ বর্ণনা ও সেই হেতু যে সময়ে ও যে স্থানে ঘটিয়াছিল তাহা।

(৫) বাদী যে উপকারের দাওয়া করেন তাহার প্রার্থনা।

(৬) বাদী আপন দাওয়াহইতে প্রতিবাদির কোন দাওয়া বাদ দিবার অনুমতি দিলে কিম্বা আপন দাওয়ার একাংশ ত্যাগ করিলে যত টাকা বাদ দিলেন কি ত্যাগ করিলেন তাহা।

টাকার নিমিত্ত মোকদ্দমার কথা।

ব্যাখ্যা।—বাদী টাকা পাইবার প্রার্থনা করিলে ঠিক কত টাকা পাইবেন বিষয় বিবেচনায় ইহা যত দূর জানাইতে পারা যায় আবেদনপত্রে তত দূর জানাইতে হইবে ইতি।

উদাহরণ।

আনন্দ ওয়াসিলাৎ পাইবার প্রার্থনা করেন।

আনন্দের ও বলরামের মধ্যে হিসাব নিষ্পত্তি না হইয়া থাকিলে সেই হিসাব মতে আনন্দের যত টাকা পাওনা হয় তাহা পাইতে প্রার্থনা করেন।

এইং স্থলে যত টাকার প্রার্থনা হয় আবেদনপত্রে তাহা ন্যূনাধিকরূপে জানাইলেই চলিতে পারিবে।

বাদী স্থলাভিষিক্তস্বরূপ মোকদ্দমা উপস্থিত করিলে তদ্বিষয়ের কথা।

বাদী অন্যের স্থলাভিষিক্তস্বরূপ নালিশ করিলে বিবাদীয় বিষয়ে তাঁহার যথার্থই স্বার্থ আছে আবেদনপত্রে এইমাত্র প্রকাশ করিতে হইবে না, কিন্তু তদ্বিষয়ের মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার জন্যে তাঁহার যেং কর্ম্ম করা আবশ্যক তাহা করিয়াছেন ইহাও দেখাইতে হইবে ইতি।

উদাহরণ।

(ক) বলরামের উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদক বলিয়া আনন্দ মোকদ্দমা উপস্থিত করেন। আনন্দ বলরামের উইলের প্রমাণ যে করিয়াছেন আবেদনপত্রে ইহাও লিখিতে হইবে।

(খ) চন্দ্রের দ্রব্য নিরূপণাধিকারীস্বরূপ আনন্দ মোকদ্দমা উপস্থিত করেন। আনন্দ চন্দ্রের সম্পত্তি নিরূপণাধিকারিত্বপত্র যে লইয়াছেন আবেদনপত্রে এই কথাও লিখিতে হইবে।

(গ) দিলওয়ার নামক মুসলমান নাবালগের অছি বলিয়া আনন্দ মোকদ্দমা উপস্থিত করেন। কিন্তু আনন্দ মুসলমানদের শরা ও আচারমতে তাহার অছি নহেন অতএব তিনি বিশেষ মতে দিলওয়ারের অছিস্বরূপ যে নিযুক্ত হইয়াছেন আবেদন পত্রে এই কথা লিখিতে হইবে।

প্রতিবাদির স্বার্থ ও দায় দেখাইতে হইবার কথা।

বিবাদীয় বিষয়ে প্রতিবাদির স্বার্থ আছে কিম্বা তিনি স্বার্থের দাওয়া রাখেন, ও বাদির দাওয়ার উত্তর দিবার জন্যে তাঁহার প্রতি আদেশ হইতে পারে, আবেদনপত্রে ইহা দেখাইতে হইবে।

উদাহরণ।

আনন্দ আপন উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদকস্বরূপ বলরামকে নিযুক্ত করিয়া ও চন্দ্রকে আপনার উইল অনুসারে ধনের অধিকারী করিয়া ও দিননাথকে খাতক জানাইয়া মরিলেন। চন্দ্র উইলক্রমে প্রাপ্য ধন পাইবার নিমিত্ত দিননাথের ঋণ শোধ

D have colluded for the purpose of defrauding C or other such circumstances rendering D liable to C

If the cause of action arose beyond the period ordinarily allowed by any law for instituting the suit, the plaint must show the ground upon which exemption from such law is claimed

Grounds of exemption from limitation law

51 The plaint shall be subscribed by the plaintiff and his pleader (if any) and shall be verified at the foot by the plaintiff or with the permission of the Court by some person acquainted with the facts of the case

Plaint to be subscribed and verified

52 The verification must be to the effect that the same is true to the knowledge of the person making it, except as to matters stated on information and belief, and that as to those matters he believes it to be true

Contents of verification

When the plaint is verified by any person other than the plaintiff, such person shall set forth his knowledge or the grounds of his belief on the subject and the reason why the verification was not made by the plaintiff

The verification shall be signed by the person making it in the presence of a witness who shall also sign it

Verification to be signed and attested

The Court may in any case examine such witness as to the fact of the signature, and shall so examine him when the person making the verification does not appear

53 The plaint may at the discretion of the Court and at any time before the issues are settled be rejected returned for amendment within a time to be fixed by the Court or amended then and there upon such terms as to the payment of costs occasioned by the amendment as the Court thinks fit,

When the plaint may be rejected, returned for amendment or amended

(a) if it do not state correctly and without prolixity the several particulars hereinbefore required to be specified therein, or

করাইবার জন্যে তাঁহার নামে নালিশ করেন। বলরাম অকারণে দিননাথের নামে নালিশ করিতে অসমর্থ হইলেন কিম্বা প্রতারণা করিয়া চন্দ্রের প্রাপ্য হরণের জন্যে বলরাম ও দিননাথ যোগ করিয়াছেন আবেদনপত্রে এই কথা কিম্বা অন্য যে ভাবগতিক হেতু দিননাথ চন্দ্রের নিকট দায়ী হইলেন তাহা দেখাইতে হইবে।

কোন আইন দ্বারা সামান্যত মোকদ্দমা আরম্ভ করিবার যে মিয়াদ দেওয়া যায় যদি নালিশের কারণ উত্থিত হওয়ার পর সেই মিয়াদ গত হইয়া থাকে, তবে যে কারণে ঐ আইনের বিধানহইতে মুক্তি পাইবার দাওয়া থাকে আবেদনপত্রে তাহা দেখাইতে হইবে।

মিয়াদের আইনহইতে মুক্ত হওয়ার হেতু দেখাইবার কথা।

৫১ ধারা। আবেদনপত্রে বাদী স্বাক্ষর করিবেন ও তাঁহার উকীল থাকিলে তিনিও স্বাক্ষর করিবেন এবং আবেদনপত্রের নিম্ন ভাগে বাদী কিম্বা আদালতের অনুমতি থাকিলে অন্য যে ব্যক্তি মোকদ্দমার বৃত্তান্ত সুবিদিত আছেন তিনি সত্যাকরণের কথা লিখিবেন ইতি।

আবেদনপত্রে স্বাক্ষর করিবার ও সত্যাকরণের কথা লিখিবার কথা।

৫২ ধারা। সত্যাকরণের কথার মর্ম্ম এই যে ব্যক্তি তাহা ব্যক্ত করেন তিনি আপন জ্ঞানানুসারে তাহা সত্য বলিয়া জানেন, ও অন্যের নিকট সন্ধান পাইয়া যাহা বিশ্বাসপূর্ব্বক জ্ঞাত করেন তাহা সত্য বলিয়া বিশ্বাস করেন।

সত্যাকরণের কথার মর্ম্মের কথা।

বাদিভিন্ন কোন ব্যক্তি ঐ সত্যাকরণের কথায় স্বাক্ষর করিলে, সেই ব্যক্তি উক্ত বিষয় জানেন এই কথা কিম্বা আপন বিশ্বাসের হেতু ব্যক্ত করিবেন, ও বাদী যে হেতুতে ঐ সত্যকরণের কথায় স্বাক্ষর না করিলেন তাহা জানাইবেন।

যে ব্যক্তি সত্যাকরণের কথা কহেন তিনি এক জন সাক্ষির সাক্ষাৎ ঐ কথায় স্বাক্ষর করিবেন, সাক্ষীও স্বাক্ষর করিবেন।

সত্যাকরণের কথায় স্বাক্ষর করণের ও সাক্ষির স্বাক্ষর করণের কথা।

আদালত কোন স্থলেই ঐ স্বাক্ষর বিষয়ে সাক্ষির সাক্ষ্য লইতে পারিবেন এবং সত্যাকরণের কথায় যিনি স্বাক্ষর করিলেন তিনি উপস্থিত না হইলে ঐ সাক্ষির সাক্ষ্য লইবেন ইতি।

৫৩ ধারা। নিম্নলিখিত কোন স্থলে আদালতের বিবেচনামতে ও ইস্যু স্থির হইবার পূর্ব্ব কোন সময়ে আবেদনপত্র অগ্রাহ্য হইতে পারিবে কিম্বা আদালতের নিরূপিত কোন সময়ের মধ্যে সংশোধন করিয়া দিবার জন্যে ফিরিয়া দেওয়া যাইতে পারিবে, কিম্বা সংশোধন করিতে হইলে যে খরচ লাগিবে আদালত সেই খরচ দিবার যে নিয়ম বিহিত বোধ করেন সেই নিয়মানুসারে তৎকালে তৎস্থানেই সংশোধন করা যাইতে পারিবে। বিশেষত —

আবেদনপত্র যে স্থলে অগ্রাহ্য হইতে কিম্বা সংশোধন করিবার জন্যে ফিরিয়া দেওয়া যাইতে কিম্বা সংশোধন করা যাইতে পারে তাহার কথা।

(ক) পূর্ব্বলিখিত বিধানমতে আবেদনপত্রের মধ্যে যে সকল বৃত্তান্ত বিশেষ করিয়া লেখা কর্ত্তব্য তাহা শুদ্ধরূপে ও অতিরিক্ত কথাবিনা লেখা না গেলে,

(*b*) if it contain any particulars other than those so required or

(*c*) if it be not subscribed and verified as hereinbefore required or

(*d*) if it do not disclose a cause of action or

(*e*) if it is not framed in accordance with section 42

Proviso

Provided that a plaint cannot be altered so as to convert a suit of one character into a suit of another and inconsistent character

Attestation of amendment

When a plaint is amended the amendment shall be attested by the signature of the Judge

When the plaint shall be rejected

54 The plaint shall be rejected in the following cases —

(*a*) If the relief sought is undervalued, and the plaintiff on being required by the Court to correct the valuation within a time to be fixed by the Court fails to do so

১০৩ ধারা। প্রতিবাদী ব্রিটনীয় ভারতবর্ষের বহিরে বাস করিলে ও তাঁহার পক্ষে সমন গ্রহণ করিবার ক্ষমতাপন্ন কোন কর্ম্মকারক না থাকিলে, যদি প্রতিবাদী মোকদ্দমা শুনিবার নিরূপিত দিনে কিম্বা সেই দিন কার্য্য স্থগিত হইয়া মোকদ্দমা শুনিবার নিরূপিত অন্য দিনে উপস্থিত না হন, তবে বাদী আদালতে মোকদ্দমা চালাইবার অনুমতি প্রার্থনা করিলে আদালত যে প্রকারে ও যে নিয়ম বিহিত বোধ করেন বাদিকে সেই প্রকারে ও সেই নিয়মানুসারে সেই মোকদ্দমার কার্য্যানুষ্ঠান করিবার অনুমতি দেওনরূপ আজ্ঞা করিতে পারিবেন ইতি।

প্রতিবাদী ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে বাস করাতে উপস্থিত না হইলে কার্য্য প্রণালীর কথা।

104 If there be more plaintiffs than one and one or more of them appear and the others of them do not appear the Court may at the instance of the plaintiff or plaintiffs who may appear, permit the suit to proceed in the same way as if all the plaintiffs had appeared, and pass such order as it thinks fit

Proceeding in case of non attendance of one or more of several plaintiffs

১০৪ ধারা। একের অধিক জন বাদী থাকিলে, ও তাঁহাদের এক কি কএক জন উপস্থিত হইলে ও অন্য এক কি কএক জন উপস্থিত না হইলে যে বাদী কি বাদিরা উপস্থিত হইলেন আদালত সকল বাদির উপস্থিত হওয়ার ন্যায় তাঁহাদের যত্নানুসারে মোকদ্দমার কার্য্যানুষ্ঠান হওয়ার অনুমতি দিতে ও যেরূপ আজ্ঞা করা বিহিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

অনেক জন বাদির মধ্যে এক কি কএক জন উপস্থিত না হইলে কার্য্য প্রণালীর কথা।

105 If there be more defendants than one, and one or more of them appear and the others of them do not appear, the suit shall proceed and the Court shall at the time of passing judgment, make such order as it thinks fit with respect to the defendants who do not appear

Procedure in case of non attendance of one or more of several defendants

১০৫ ধারা। একের অধিক জন প্রতিবাদী থাকিলে ও তাঁহাদের এক কি কএক জন উপস্থিত হইলে ও অন্য প্রতিবাদিরা উপস্থিত না হইলে মোকদ্দমা চলিবে ও যে প্রতিবাদিগণ উপস্থিত হন নাই আদালত নিষ্পত্তি করণের সময়ে তাঁহাদের বিষয়ে যে আজ্ঞা করা উচিত বোধ করেন করিবেন ইতি।

অনেক জন প্রতিবাদির মধ্যে এক কি কএক জন উপস্থিত না হইলে কার্য্য প্রণালীর কথা।

106 If a plaintiff or defendant, who has been ordered to appear in person under the provisions of section 66 or section 436 does not appear in person or show sufficient cause to the satisfaction of the Court for failing so to appear he shall be subject to all the provisions of the foregoing sections applicable to plaintiffs and defendants, respectively, who do not appear

Consequence of non attendance without sufficient cause shown of party ordered to appear in person

১০৬ ধারা। বাদির কি প্রতিবাদির প্রতি ৬৬ ধারার কিম্বা ৪৩৬ ধারার বিধানমতে স্বয় উপস্থিত হইবার আজ্ঞা হইলে ও তিনি নিজে না আইলে কিম্বা আদালতের হৃদ্বোধমতে আপনার না আসিবার উপযুক্ত কারণ না দেখাইলে অনুপস্থিত বাদিদের ও প্রতিবাদিদের প্রতি পূর্ব্বলিখিত ধারার যে সকল বিধান খাটে তাঁহার প্রতিও সেই সকল বিধান খাটিবে ইতি।

কোন পক্ষের প্রতি স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা হইলেও উপযুক্ত কারণ না থাকিতে তিনি না আইলে তাহার ফলের কথা।

107 In support of the cause shown by a plaintiff or defendant for failing to appear in person the Court shall receive any declaration in writing signed by such plaintiff or defendant and verified in manner hereinbefore provided for the verification of plaints

Court to receive written declaration in support of cause shown for failure to appear

১০৭ ধারা। বাদী কি প্রতিবাদী নিজে আসিতে না পারিবার যে কারণ জানান আদালত সেই কারণের প্রতিপোষক কোন নির্দ্দেশ বাক্য গ্রাহ্য করিতে পারিবেন সেই নির্দ্দেশ বাক্য লিখিত হওয় বাদির কি প্রতিবাদির দ্বারা স্বাক্ষর করা যাইবে, ও পূর্ব্বলিখিত বিধানমতে আবেদনপত্র যেরূপে সত্যাকরণের কথা লিখিতে হইবে ঐ নির্দ্দেশ বাক্যেও সেইরূপে সত্যা করণের কথা লেখা যাইবে ইতি।

উপস্থিত না হইবার যে কারণ প্রকাশ করা যায় তাহার প্রতিপোষণার্থ পত্র দ আদালতের গ্রাহ্য করিতে পারিবার কথা।

Of setting aside Decrees ex parte

এক পক্ষমাত্র উপস্থিত থাকিতে যে ডিক্রী হয় তাহা অসিদ্ধ করণ বিষয়ক বিধি।

108 In any case in which a decree is passed *ex parte* against a defendant under section 100 he may apply to the Court by which the decree was made for an order to set it aside,

Setting aside decree *ex parte* against defendant

১০৮ ধারা। কোন মোকদ্দমায় কেবল এক পক্ষ উপস্থিত থাকিতে ১০০ ধারা মতে প্রতিবাদির বিপক্ষে ডিক্রী হইয়া থাকিলে, যে আদালতে ডিক্রী হইয়াছিল তিনি সেই আদালতে ঐ ডিক্রী অসিদ্ধ করিবার প্রার্থনা করিতে পারিবেন।

প্রতিবাদী উপস্থিত না থাকিলে তাহার বিপক্ষে যে ডিক্রী হয় তাহা অসিদ্ধ করিবার কথা।

and if it be proved to the satisfaction of the Court that the summons was not duly served, or that the defendant was prevented by any sufficient cause from appearing when the suit was called on

সমন নিয়মমতে দেওয়া যায় নাই কিম্বা শুনিবার নিমিত্ত মোকদ্দমা যে সময়ে তলব করা গেল উপযুক্ত কোন কারণে প্রতিবাদির সেই সময়ে উপস্থিত হওয়ার বাধা ছিল আদালতের হৃদ্বোধমতে এই কথার

for hearing the Court shall pass an order to set aside the decree upon such terms as to costs payment into Court, or otherwise as it thinks fit, and shall appoint a day for proceeding with the suit

প্রমাণ করা গেলে, আদালত খরচার বিষয়ে ও আদালতে টাকা আমানৎকরণ প্রভৃতির বিষয়ে যে নিয়ম করা উচিত জ্ঞান করেন এমত নিয়ম করিয়া ঐ ডিক্রী অসিদ্ধ হইবার আজ্ঞা করিবেন ও মোকদ্দমার কার্য্যানুষ্ঠান করিবার দিন নিরূপণ করিবেন ইতি।

109 No decree shall be set aside on any such application as aforesaid unless notice thereof in writing has been served on the opposite party

No decree to be set aside without notice to opposite party

১০৯ ধারা। বিপক্ষ পক্ষকে নোটিস লিখিয়া দেওয়া না গেলে পূর্ব্বোক্ত কোন প্রার্থনামতে কোন ডিক্রী অসিদ্ধ করা যাইবে না ইতি।

বিপক্ষ পক্ষকে নোটিস না দিলে ডিক্রী অসিদ্ধ করিতে না হইবার কথা।

CHAPTER VIII

Of Written Statements and Set off

110 The parties may at the first hearing of the suit, tender written statements of their respective cases and the Court shall receive such statements place them on the record and deal with them as if given in evidence

Written statement

৮ অষ্টম অধ্যায়।

বর্ণনাপত্র ও দাওয়ার বিপরীত দাওয়া বিষয়ক বিধি।

১১০ ধারা। মোকদ্দমার প্রথম শ্রবণ কালে উভয় পক্ষ আপন২ পক্ষের বর্ণনা পত্র দিতে পারিবেন ও আদালত সেই বর্ণনাপত্র গ্রাহ্য করিয়া কাগজপত্রের মধ্যে রাখিবেন ও যেন প্রমাণস্বরূপ দেওয়া গেল তাহা লইয়া এমত কার্য্য করিবেন ইতি।

বর্ণনাপত্রের কথা।

111 If in a suit for the recovery of money the defendant claims to set off against the plaintiff's demand any ascertained sum of money legally recoverable by him from the plaintiff and if in such claim of the defendant against the plaintiff both parties fill the same character as they fill in the plaintiff's suit the defendant may at the first hearing of the suit, but not afterwards unless permitted by the Court tender a written statement containing the particulars of the debt sought to be set off

Particulars of set off to be given in written statement

১১১ ধারা। টাকা আদায়ের নিমিত্ত মোকদ্দমায় বাদী যে দাওয়া করেন প্রতিবাদীও বাদির সেই দাওয়ার বিপক্ষে বাদির স্থানে আইনমতে আপনার প্রাপ্য নিশ্চিত কতক টাকার দাওয়া উপস্থিত করিলে এবং বাদির মোকদ্দমায় উভয় পক্ষের পরস্পর যদ্রূপ সম্বন্ধ থাকে বাদির বিপক্ষে প্রতিবাদির সেই দাওয়াসম্পর্কে তাঁহাদের পরস্পর সেই সম্বন্ধ থাকিলে প্রতিবাদী মোকদ্দমার প্রথম শ্রবণের সময়ে সেই দাওয়ার বিপরীত আপনার প্রাপ্য ঋণের বিবরণ সূচক বর্ণনাপত্র দিতে পারিবেন কিন্তু আদালতের অনুমতি না হইলে তৎপরে দিতে পারিবেন না।

এক দাওয়ার বিপক্ষে অন্য দাওয়া উপস্থিত করা গেলে বর্ণনাপত্রে তাহার বিবরণ লিখিবার কথা।

The Court shall thereupon enquire into the same, and if it find that the case fulfils the requirements of the former part of this section, and that the amount claimed to be set off does not exceed the pecuniary limits of its jurisdiction, the Court shall set off the one debt against the other

Enquiry

তাহা হইলে আদালত সেই বিষয়ের অনুসন্ধান লইবেন এবং মোকদ্দমায় এই ধারার পূর্ব্ব ভাগের সকল নিয়ম পূর্ণ হইল ও যত টাকার বিপরীত দাওয়া হইল তাহা আদালতের টাকাসম্পর্কীয় বিচারাধিপত্যের বহিভূত নয় ইহা দেখিতে পাইলে, আদালত এক ঋণের বিপরীত অন্য ঋণের দাওয়া গ্রাহ্য করিতে পারিবেন।

অনুসন্ধান লওনের কথা।

Such set off shall have the same effect as a plaint in a cross suit, so as to enable the Court to pronounce a final judgment in the same suit, both on the original and on the cross-claim

Effect of set off

এক দাওয়ার বিপরীত অন্য দাওয়া উপস্থিত করিবার ফল মুক্বাহিমী মোকদ্দমার আবেদনপত্রের ফলের ন্যায় হইবে, তাহাতে আদালত একি মোকদ্দমায় আসল ও বিপরীত দাওয়ার চূড়ান্ত নিষ্পত্তি প্রচার করিতে পারিবেন।

বাদ দেওয়ার ফলের কথা।

When the defendant for the purpose of availing himself of the provisions contained in this section intentionally relinquishes any portion of his claim against the plaintiff, nothing in section 43 shall apply to the portion so relinquished

Relinquishment of portion of claim for purpose of set-off

প্রতিবাদী এই ধারার বিধানমতে উপকার পাইবার নিমিত্ত ইচ্ছা করিয়া বাদির বিপরীত আপন দাওয়ার একাংশ ত্যাগ করিলে, সেই ত্যক্ত অংশের প্রতি ৪৩ ধারার কোন কথা বর্ত্তিবে না ইতি।

বাদ দেওয়ার জন্যে দাওয়ার একাংশ ত্যাগ করিবার কথা।

Illustrations

(*a*) A bequeaths Rs 2 000 to B and appoints C his executor and residuary legatee B dies and D takes out administration to B s effects C pays Rs 000 as surety for D Then D sues C for the legacy C cannot set off the debt of Rs 1 000 against the legacy for neither C nor D fills the same character with respect to the legacy as they fill with respect to the payment of the Rs 1 000

(*b*) A dies intestate and in debt to B C takes out administration to A s effects and B buys part of the effects from C In a suit for the purchase money by C against B the latter cannot set off the debt against the price for C fills two different characters one as the vendor to B in which he sues B and the other as repr sentative to A in which B seeks the set off

(*c*) A sues B on a bill of exchange B alleges that A has wrongfully neglected to insure B s goods and is liable to him in compensation which he claims to set off The amount not being ascertained cannot be set off

(*d*) A sues B on a bill of exchange for Rs 500 B holds a judgment against A for Rs 1 000 The two claims being both definite pecuniary demands may be set off

(*e*) A sues B for compensation on account of a trespass B holds a promissory note for Rs 1 000 from A and claims to set off that amount against any sum that A may recover in the suit B may do so for as soon as A recovers both sums are definite pecuniary demands

(*f*) A and B sue C for Rs 1 000 C cannot set off a debt due to him by A alone

(*g*) A sues B and C for Rs 1 000 B cannot set off a debt due to him alone by A

(*h*) A owes the partnership firm of B and C Rs 1 000 B dies leaving C surviving A sues C for a debt of Rs 1 500 due in his separate character C may set off the debt of Rs 1 000

উদাহরণ।

(ক) আনন্দ উইল লিখিয়া বলরামের পক্ষে ২ ০০০ টাকা নিরূপণ করিয়া চন্দ্রকে আপনার উইলের নিরূপিত কার্য্যসম্পাদক ও অবশিষ্ট ধনের অধিকারী ক রয়া যান। বলরাম মরিলে দিননাথ তাঁহার বিষয়নিরূপণের অধিকারিত্বপত্র লন। চন্দ্র ঐ দিননাথের জামিনস্বরূপে ১ ০ ৲ টাকা দেন। পরে আনন্দের দত্ত ঐ ২ ৲ টাকা পাইবার জন্যে দিননাথ চন্দ্রের নামে মোকদ্দমা উপস্থিত করেন। এই স্থলে চন্দ্র জামিনস্বরূপে যে ১ ০৲ টাকা দিলেন ঐ ২,০০০৲ টাকাহইতে তাহা বাদ দিবার দাওয়া করিতে পারিবেন না কারণ ঐ ১ ০০০ টাকা দেওনসম্পর্কে চন্দ্রের ও দিননাথের পরস্পর যে সম্বন্ধ আছে আনন্দের দত্ত ২ ০ টাকাসম্পর্কে তাঁহাদের পরস্পর সেই সম্বন্ধ ছিল না।

(খ) আনন্দ বলরামের টাকা ধারে ও উইল না লিখিয়া মরে। চন্দ্র আনন্দের বিষয় নিরূপণ করিবার অধিকারিত্বপত্র লন ও চন্দ্রের স্থানে বলরাম সেই বিষয়ের এক া৲শ ক্রয় করেন। পরে চন্দ্র সেই ক্রীত দ্রব্যের মূল্য পাইবার জন্যে বলরামের নামে নালিশ করেন। এই স্থলে বলরাম আনন্দের স্থানে টাকা পাইবেন ব লয়া ঐ দ্রব্যের মূল্যহইতে ঐ ঋণ বাদ দিবার দাওয়া করিতে পারিবেন না কারণ চন্দ্রের দুই প্রকারের সম্বন্ধ আছে বলরামের নিকট তাঁহার বিক্রেতার সম্বন্ধ হেতুক বলরামের নামে নালিশ করেন ও আনন্দের নিকট তাহার স্থলাভিষিক্তস্বরূপ সম্বন্ধের উপলক্ষে বলরাম ঐ টাকা বাদ দেওয়া প্রাথনা করেন।

(গ) আনন্দ কোন হুণ্ডীর উপর বলরামের নামে নালিশ করেন তাহাতে বলরাম কহেন যে আনন্দ আমা৷ ম লের উপর বিমাপত্র লইতে অন্যায়মতে তাচ্ছল্য করিয়াছেন ইহার হানিপূরণার্থে আমার নিকট দায়ী আছেন উহার দ ওয়ার বিপরীত ঐ হানিপূরণার্থ টাকার দাওয়া রাখিলাম। এই স্থলে কত টাকা দাওয়া করেন ইহা নিশ্চয় না হওয়াতে তাহা বাদ দেওয়া যাইতে পারিবে না।

(ঘ) আনন্দ ৫ টাকার হুণ্ডীর উপর বলরামের নামে নালিশ করেন বলরামের নিকট আনন্দের বিপক্ষে ১ টাকার ডিক্রী আছে। এই স্থলে উভয়ের দাওয়ার টাকা নিশ্চিত হওয়া প্রযুক্ত এক দাওয়ার বিপরীত অন্য দাওয়া উপস্থিত করা যাইতে পারিবে।

(ঙ) বলরাম অনধিকার প্রবেশ করাতে আনন্দ তাহার নামে হানিপূরণের নালিশ করেন। বলরামের নিকট আনন্দের ১ ০ টাকার খৎ আছে তাহাতে বলরাম কহেন যে আনন্দ এই মোকদ্দমায় যত টাকা পাইতে পারেন সেই হাজার টাকাহইতে তাহা বাদ দিবার প্রার্থনা করি। তাহা করিতেও পারেন কারণ আনন্দের পক্ষে ঐ হানিপূরণের আজ্ঞা হইলেই উভয় পক্ষের দাওয়ার টাকা নিশ্চিত হয়।

(চ) আনন্দ ও বলরাম ১ ০ টাকা পাইবার নিমিত্ত চন্দ্রের নামে মোকদ্দমা উপস্থিত করেন। চন্দ্র কেবল আনন্দের স্থানে যে ঋণ পাইবেন তাহা বাদ দিবার প্রার্থনা করিতে পারিবেন না।

(ছ) আনন্দ ১০০০ টাকা পাইবার নিমিত্ত বলরামের ও চন্দ্রের নামে মোকদ্দমা উপস্থিত করেন আনন্দের স্থানে একা বলরামের যে টাকা পাওনা হয় তাহা বাদ দিবার প্রার্থনা করিতে পারিবেন না।

(জ) বলরাম ও চন্দ্র অংশিত্বভাবে কর্ম্ম করেন আনন্দ ঐ ব্যবসায় সম্পর্কে তাঁহাদের ১০০০ টাকা ধারেন বলরাম মরিলে চন্দ্র বর্ত্তমান রহিলেন, ব্যবসায়সংক্রান্ত কার্য্যভিন্ন নিজ চন্দ্রের নামে আনন্দ ১৫০০ টাকা পাইবার মোকদ্দমা উপস্থিত করেন। চন্দ্র ঐ ব্যবসায়ের পক্ষে প্রাপ্য ১০০০ টাকা বাদ দিতে পারিবেন।

112 Except as provided in the last preceding section, no written statement shall be received after the first hearing of the suit

No written statement to be received after first hearing unless called for by Court

১১২ ধারা। মোকদ্দমার প্রথম শ্রবণের পরে, ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট স্থল ভিন্ন বর্ণনাপত্র গ্রাহ্য হইবে না।

প্রথম শ্রবণের পর আদালত বর্ণনাপত্র না চাহিলে তাহা গ্রাহ্য হইতে না পারিবার কথা।

Provided the Court may at any time require a written statement, or additional written statement from any of the parties, and fix a time for presenting the same

Court may at any time call for written statement

Provided also that a written statement, or an additional written statement, may, with the permission of the Court be received at any time for the purpose of answering written statements so required and presented

113 If any party from whom a written statement is so required fails to present the same within the time fixed by the Court the Court may pass a decree against him, or make such other order in relation to the suit as it thinks fit

Procedure when party fails to present written statement called for by Court

114 Written statements shall be as brief as the nature of the case admits and shall not be argumentative but shall be confined as much as possible to a simple narrative of the facts which the party by whom or on whose behalf the written statement is made believes to be material to the case, and which he believes he will be able to prove

Frame of written statements

Every such statement shall be divided into paragraphs, numbered consecutively, and each paragraph containing as nearly as may be a separate allegation

115 Written statements shall be subscribed and verified in the manner hereinbefore provided for subscribing and verifying plaints, and no written statement shall be received unless it be so subscribed and verified

Written statements to be subscribed and verified

The provisions of section 52 as to examining witnesses as to the fact of signature shall apply in the case of written statements

116 If it appear to the Court that any written statement, whether called for by the Court or spontaneously tendered, is argumentative or prolix or contains matter irrelevant to the suit, the Court may amend it then and there, or may, by an order to be endorsed thereon, reject the same or return it to the party by whom it was made for amendment within a time to be fixed by the Court, imposing

Rejection of argumentative prolix or irrelevant written statements

কিন্তু আদালত কোন সময়েই কোন পক্ষের বর্ণনাপত্র কিম্বা অতিরিক্ত বর্ণনাপত্র দিবার আজ্ঞা করিতে, ও সেই পত্র দিবার সময় নিরূপণ করিতে পারিবেন।

আদালতের কোন সময়েই বর্ণনাপত্র আনাইবার ক্ষমতার কথা।

কিন্তু তদ্রূপ কোন বর্ণনাপত্র দিবার আদেশ হইলে ও উপস্থিত করা গেলে তাহার উত্তর দিবার জন্যে আদালতের অনুমতি গ্রহণ পূর্ব্বক বর্ণনাপত্র কিম্বা অতিরিক্ত বর্ণনাপত্র কোন সময়েই গ্রাহ্য হইতে পারিবে ইতি।

১১৩ ধারা। উক্ত প্রকারে কোন পক্ষের প্রতি বর্ণনাপত্র দিবার আদেশ হইলেও সেই পক্ষ আদালতের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই পত্র না দিলে আদালত তাঁহার বিপক্ষ ডিক্রী করিতে, কিম্বা মোকদ্দমাসম্পর্কীয় অন্য যে আজ্ঞা উচিত জ্ঞান করেন করিতে পারিবেন ইতি।

আদালত কোন পক্ষের নিকট বর্ণনাপত্র চাহিলেও তিনি তাহা না দিলে কার্য্য প্রণালীর কথা।

১১৪ ধারা। মোকদ্দমার ভাব বিবেচনায় ঐ বর্ণনাপত্র যত সংক্ষেপে লেখা যাইতে পারে লেখা যাইবে। তাহা তর্কবিতর্ক ভাবাপন্ন হইবে না। কিন্তু যে ব্যক্তি ঐ বর্ণনাপত্র লেখেন কিম্বা যাঁহার পক্ষে তাহা লেখা যায় তিনি মোকদ্দমার যেং বৃত্তান্ত গুরুতর জ্ঞান করেন ও যাহার প্রমাণ করিতে আপনাকে সক্ষম জানেন সাধ্যমতে কেবল সেইং বৃত্তান্ত সহজ বর্ণনার ভাবে লিখিবেন।

বর্ণনাপত্র যেরূপে লিখিতে হইবে তাহার কথা।

তদ্রূপ প্রত্যেক বর্ণনাপত্র দফাং করিয়া ভাগ করা যাইবে ও প্রত্যেক দফার ১ ২ ক্রমে নম্বর দেওয়া যাইবে ও সাধ্যমতে প্রত্যেক দফায় স্বতন্ত্র উক্তি থাকিবে ইতি।

১১৫ ধারা। আবেদনপত্রে স্বাক্ষর করিবার ও সত্যাকরণের কথা লিখিবার যেং বিধান পূর্ব্বে হইয়াছে, বর্ণনাপত্রেও সেইং বিধান মতে স্বাক্ষর করিতে ও সত্যাকরণের কথা লিখিতে হইবে। তদ্রূপে স্বাক্ষর করা ও সত্যাকরণের কথা লেখা না গেলে বর্ণনাপত্র গ্রাহ্য হইবে না।

বর্ণনাপত্রে স্বাক্ষর করিতে ও সত্যাকরণ কথা লিখিতে হইবার কথা।

৫২ ধারায় স্বাক্ষরকরণ বিষয়ে সাক্ষিদের সাক্ষ্য লওয়ার যে বিধান আছে তাহা বর্ণনাপত্রেরও প্রতি বর্ত্তে ইতি।

১১৬ ধারা। বর্ণনাপত্র আদালতের আজ্ঞামতে কিম্বা ইচ্ছাপূর্ব্বক দেওয়া গেলেও, আদালতের বিবেচনামতে সেই পত্র তর্কবিতর্কের ভাবাপন্ন কিম্বা অতিবিস্তৃত কিম্বা তন্মধ্যে মোকদ্দমার অপ্রাসঙ্গিক কথা থাকিলে, আদালত তৎকালে তৎস্থানেই তাহা সংশোধন করিতে পারিবেন, কিম্বা পৃষ্ঠে আজ্ঞা লিখিয়া তাহা অগ্রাহ্য করিতে কিম্বা খরচা প্রভৃতির বিষয়ে যে নিয়ম উচিত বোধ করেন

বর্ণনাপত্রে তর্কবিতর্ক কিম্বা অতি বিস্তারিত কি অপ্রাসঙ্গিক কথা থাকিলে তাহা অগ্রাহ্য করিবার কথা।

such terms as to costs or otherwise as the Court thinks fit

এমত নিয়ম ধার্য্য করিয়া যে ব্যক্তি লিখিয়া দিলেন তাঁহার দ্বারা আদালতের নির্দ্ধারিত সময়ের মধ্যে সংশোধন করিবার নিমিত্তে তাঁহাকে ফিরিয়া দিতে পারিবেন।

When any amendment is made under this section, the Judge shall attest it by his signature

এই ধারামতে সংশোধন করা গেলে বিচারপতি ঐ সংশোধিত কথায় স্বাক্ষর করিবেন।

When a statement has been rejected under this section, the party making it shall not present another written statement, unless it be expressly called for or allowed by the Court

এই ধারামতে বর্ণনাপত্র অগ্রাহ্য হইলে যে ব্যক্তি তাহা লিখিয়া দিলেন আদালতের স্পষ্ট আজ্ঞা কি অনুমতি না থাকিলে, তিনি অন্য বর্ণনাপত্র উপস্থিত করিবেন না ইতি।

Allegation of fact not denied admitted for purpose of suit

117 Every allegation of fact in any written statement if not denied specifically or by necessary implication, or stated to be not admitted by the opposite party, shall be taken to be admitted for the purposes of the suit

যে বৃত্তান্ত ব্যক্ত হয় অস্বীকার না হইলে তাহা মোকদ্দমার কার্য্যপক্ষে গ্রাহ্য হওয়ার কথা।

১১৭ ধারা। কোন বর্ণনাপত্রে যে বৃত্তান্ত ব্যক্ত থাকে, তাহা স্পষ্টরূপে কিম্বা অবশ্যম্ভাবে অপহ্নব করা না গেলে, কিম্বা বিপক্ষ পক্ষ তাহা অগ্রাহ্য বলিয়া ব্যক্ত না করিলে মোকদ্দমার কার্য্যপক্ষে তাহা গ্রাহ্য বলিয়া জ্ঞান হইবে ইতি।

CHAPTER IX

Of the Examination of the Parties by the Court

৯ নবম অধ্যায়।

আদালতের দ্বারা উভয় পক্ষের পরীক্ষা লওন বিষয়ক বিধি।

Oral examination of party or companion of himself or his pleader

118 At the first hearing of the suit, or at any subsequent hearing, any party appearing in person or present in Court, or any person able to answer any material questions relating to the suit by whom he or his pleader is accompanied, may be examined orally by the Court, and the Court may, if it thinks fit, put in the course of such examination questions suggested by either party

এক পক্ষের কিম্বা সঙ্গি ব্যক্তির কি উকীলের বাচনিক পরীক্ষার কথা।

১১৮ ধারা। মোকদ্দমার প্রথম শ্রবণের সময়ে, কিম্বা তৎপশ্চাৎ শুনিবার অন্য কোন সময়ে, কোন পক্ষ আদালতে স্বয়ং আইলে কি উপস্থিত থাকিলে, আদালত তাঁহার কিম্বা যিনি মোকদ্দমাসম্পর্কীয় কোন গুরুতর প্রশ্নের উত্তর দিতে পারেন ঐ পক্ষের কি তাঁহার উকীলের সঙ্গী এমত অন্য ব্যক্তির বাচনিক পরীক্ষা লইতে পারিবেন। এবং আদালত ঐ সাক্ষ্য লওনসময়ে উচিত বোধ করিলে কোন পক্ষের প্রস্তাবিত প্রশ্ন করিতে পারিবেন ইতি।

Substance of examination to be written

119 The substance of the examination shall be reduced to writing by the Judge, and shall form part of the record

পরীক্ষার ফলের মর্ম্ম লিখিয়া রাখিবার কথা।

১১৯ ধারা। বিচারপতি সাক্ষ্যের মর্ম্ম লিখিয়া রাখিবেন ও তাহা মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে ইতি।

Consequence of refusal or inability of pleader to answer

120 If the pleader of any party who appears by a pleader refuses or is unable to answer any material question relating to the suit which the Court is of opinion that the party whom he represents ought to answer, and is likely to be able to answer if interrogated in person, the Court may postpone the hearing of the suit to a future day, and direct that such party shall appear in person on such day

উকীল উত্তর না দিলে কি দিতে না পারিলে তাহার ফলের কথা।

১২০ ধারা। কোন পক্ষ উকীলের দ্বারা উপস্থিত হইলে, ও আদালতের বিবেচনামতে মোকদ্দমা সম্পর্কীয় যে গুরুতর প্রশ্নের উত্তর দেওয়া সেই পক্ষের উচিত ও নিজ তাঁহাকেই জিজ্ঞাসা করা গেলে দিতে পারিতেন, ঐ উকীল এমত প্রশ্নের উত্তর দিতে সম্মত না হইলে কিম্বা না পারিলে, আদালত মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ করিয়া সেই দিনে ঐ পক্ষকে নিজে আসিতে আজ্ঞা দিবেন।

If such party fails without lawful excuse to appear in person on the day so appointed, the Court may pass a decree against him, or make such order in relation to the suit as it thinks fit

সেই পক্ষ বৈধ কারণ না থাকিলেও সেই নিরূপিত দিনে আপনি না আইলে, আদালত তাঁহার বিপক্ষে ডিক্রী করিতে পারিবেন, কিম্বা মোকদ্দমা সম্পর্কীয় অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন, করিতে পারিবেন ইতি।

CHAPTER X

OF DISCOVERY AND OF THE ADMISSION, INSPECTION, PRODUCTION, IMPOUNDING AND RETURN OF DOCUMENTS

Discovery

Power to deliver interrogatories

121 At any time before the settlement of issues, either party may without any order for that purpose, and any party may at any time by leave of the Court deliver through the Court interrogatories in writing for the examination of the opposite party or where there are more opposite parties than one any one or more of such parties with a note at the foot thereof stating which of such interrogatories each of such persons is required to answer

Provided that no party shall deliver more than one set of interrogatories to the same person without the permission of the Court

Service of interrogatories

122 Interrogatories delivered under section 121 shall be served in the manner hereinbefore provided for the service of summons and the provisions of sections 79, 80 and 81 shall, *mutatis mutandis*, apply to the serving officer

Inquiry into propriety of exhibiting interrogatories

123 The Court, in adjusting the costs of the suit, shall, at the instance of any party inquire or cause enquiry to be made into the propriety of delivering such interrogatories and if it thinks that such interrogatories have been delivered unreasonably vexatiously or at improper length, the costs occasioned by the said interrogatories and the answers thereto shall be borne by the party in fault

Service of interrogatories on officer of corporation or company

124 If any party to a suit be a body corporate or a joint stock company, whether incorporated or not or any other body of persons empowered by law to sue or be sued, whether in its own name or in the name of any officer or other person, any opposite party may apply to the Court for an order allowing him to deliver interrogatories to any member or officer of such corporation, company or body, and an order may be made accordingly

Power to strike out interrogatories as irrelevant, &c.

125 Any party called upon to answer interrogatories, whether by himself or by any such member or officer may refuse to answer any interrogatory on the ground that it is irrele-

১০ দশম অধ্যায়।

দলীলের সন্ধান পাওন ও তাহা গ্রাহ্য ও দৃষ্টি ও উপস্থিত করণ ও আটক রাখণ ও ফিরিয়া দেওনবিষয়ক বিধি।

সন্ধান প্রাপণ বিষয়ক কথা।

প্রশ্ন লিখিয়া দিবার ক্ষমতার কথা।

১২১ ধারা। কোন পক্ষ আজ্ঞা না পাইয়া ইসু নিরূপণ হইবার পূর্ব্বে কোন সময়ে, ও আদালতের অনুমতি পাইয়া যে সময়েই হউক আদালতের দ্বারা বিপক্ষপক্ষকে জিজ্ঞাসা করিবার জন্যে কিম্বা বিপক্ষপক্ষের মধ্যে একের অধিক জন থাকিলে তাঁহাদের কোন এক কি কএক জনকে জিজ্ঞাসা করিবার জন্যে প্রশ্ন লিখিয়া দিতে পারিবেন, ও যে ব্যক্তির যে২ প্রশ্নের উত্তর দিতে হইবে ঐ প্রশ্ন পত্রের তলভাগে ইহার নোট লিখিবেন।

কিন্তু আদালতের অনুমতি না হইলে কোন পক্ষ একি ব্যক্তিকে এক প্রস্থ প্রশ্নের অধিক দিবেন না ইতি।

প্রশ্নপত্র দেওনের কথা।

১২২ ধারা। ১২১ ধারামতে যে প্রশ্নপত্র দেওয়া যায় তাহা সমনজারী করিবার পূর্ব্ব লিখিত বিধানমতে জারী করা যাইবে, ও ৭৯ ও ৮০ ও ৮১ ধারার বিধানের শব্দ প্রযোজনমতে পরিবর্ত্তন করিলে যে আমলা তাহা জারী করেন তাঁহার প্রতি ঐ২ বিধান বর্ত্তিবে ইতি।

প্রশ্ন দেওনের ঔচিত্য বিষয়ে অনুসন্ধান লওয়ার কথা।

১২৩ ধারা। মোকদ্দমার খরচা ধার্য্য করণসময়ে আদালত কোন পক্ষের অনুরোধে ঐ প্রশ্ন দেওয়ার ঔচিত্য বিষয়ে অনুসন্ধান লইবেন বা লওয়াইবেন ও সেই প্রশ্ন অসঙ্গত কিম্বা ক্লেশ জনক কিম্বা অত্যন্ত দীর্ঘ ভাবে লেখা গেল বোধ করিলে ঐ২ প্রশ্ন ও তদুত্তর হেতুক যে খরচা লাগে তাহা উক্ত বিষয়ের দোষি ব্যক্তির দিতে হইবে ইতি।

সমবেত সমাজের কি কোম্পানির কর্ম্মকারকের নামে প্রশ্নপত্র দিবার কথা।

১২৪ ধারা। সমাবেত সমাজ কিম্বা সমাবেত হইলে বা না হইলেও জাইন্ট ষ্টাক কোম্পানি, কিম্বা সমাজবদ্ধ অন্য যে ব্যক্তিরা আইনমতে আপনাদের সাধারণ নামে কিম্বা কোন কর্ম্মকারকের কি অন্য ব্যক্তির নামে মোকদ্দমা উপস্থিত করিতে বা প্রতিবাদ করিতে পারেন এমত ব্যক্তিরা মোকদ্দমার এক পক্ষ হইলে, বিপক্ষ পক্ষের কোন ব্যক্তি ঐ সমাবেত সমাজের কি কোম্পানির কি সমাজবদ্ধ ব্যক্তিদের অন্তর্গত কোন ব্যক্তির কি কার্য্যকারকের নামে প্রশ্ন লিখিয়া দিবার অনুমতি প্রাপণার্থে আদালতের আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন ও তদনুসারে আজ্ঞা দেওয়া যাইতে পারিবে ইতি।

অপ্রাসঙ্গিক প্রভৃতি প্রশ্ন উঠাইয়া দিবার ক্ষমতার কথা।

১২৫ ধারা। নিজ কোন পক্ষের প্রতি কিম্বা সমাজ বদ্ধ ব্যক্তিদের অন্তর্গত কোন ব্যক্তির কি কার্য্যকারকের প্রতি যে২ প্রশ্নের উত্তর দিবার আদেশ থাকে তন্মধ্যে কোন প্রশ্ন অপ্রাসঙ্গিক,

vant, or is not put *bonâ fide* for the purposes of the suit, or that the matter inquired after is not sufficiently material at that stage of the suit or on any other like ground

কিম্বা প্রকৃত প্রস্তাবে মোকদ্দমার কার্য্যপক্ষে করা যায় নাই, কিম্বা যে বিষয়ের সন্ধান লওয়া যাইতেছে মোকদ্দমা যতদূর চলিয়াছে তদ্বিবেচনায় তাহা উপযুক্ত মতে গুরুতর নয় এই কারণে কিম্বা তদ্রূপ অন্য কোন কারণে তিনি ঐ প্রশ্নের উত্তর দিতে অসম্মত হইতে পারিবেন ইতি।

126 Interrogatories shall be answered by affidavit to be filed in Court within ten days from the service thereof or within such other time as the Judge may allow

Time for filing affidavit in answer

১২৬ ধারা। প্রশ্নপত্র প্রাপ্ত হইবার তারিখঅবধি দশ দিনের মধ্যে কিম্বা আদালত অন্য যত দিনের অনুমতি দেন তত দিনের মধ্যে আফিডেবিটদ্বারা প্রশ্নের উত্তর আদালতে অর্পণ করা যাইবে ইতি।

উত্তরস্বরূপ আফিডেবিট অর্পণ করিবার সময়ের কথা।

127 If any person interrogated omits or refuses to answer or answers insufficiently, any interrogatory the party interrogating may apply to the Court for an order requiring him to answer or to answer further, as the case may be And an order may be made requiring him to answer or to answer further, either by affidavit or by *vivâ voce* examination as the Judge may direct Provided that the Judge shall not require an answer to any interrogatory which in his opinion need not have been answered under section 125

Procedure where a party omits to answer sufficiently

১২৭ ধারা। যাঁহার নিকট প্রশ্ন করা যায় তিনি কোন প্রশ্নের উত্তর না দিলে কিম্বা দিব না বলিলে কিম্বা অপ্রচুরমতে উত্তর দিলে, জিজ্ঞাসু ব্যক্তি ঐ উত্তর দেওনের কিম্বা বিষয়বিশেষ আরো উত্তর দেওনের আজ্ঞার নিমিত্ত আদালতে প্রার্থনা করিতে পারিবেন। ও আফিডেবিটদ্বারা কিম্বা বিচারপতি আদেশ করিলে বাচনিক পরীক্ষা দ্বারা তাঁহার প্রতি উত্তর দিবার কি আরো উত্তর দিবার আজ্ঞা হইতে পারিবে। কিন্তু ১২৫ ধারামতে কোন প্রশ্নের উত্তর দেওয়া প্রয়োজন নাই বিচারপতি এমত জ্ঞান করিলে, সেই প্রশ্নের উত্তর দিবার আজ্ঞা করিবেন না ইতি।

কোন পক্ষ উপযুক্তমতে উত্তর না দিলে কার্য্যপ্রণালীর কথা।

Admission of Documents

দলীল গ্রাহ্য করণবিষয়ক বিধি।

128 Either party may, by a demand made in writing, within a reasonable time not being less than four days before the hearing require the other party to admit (saving all just exceptions to the admissability of such document in evidence), the genuineness of any document material to the suit

Power to demand admission of genuineness of documents

১২৮ ধারা। মোকদ্দমা শ্রবণের পূর্ব্বে চারি দিনের অন্যূন সঙ্গত কোন সময়ে কোন এক পক্ষ অন্য পক্ষের নামে লিখিয়া (প্রমাণস্বরূপ কোন দলীল গ্রাহ্য হওয়ার ন্যায্য আপত্তি প্রবল মানিয়া) মোকদ্দমার পক্ষে গুরুতর দলীল প্রকৃত বলিয়া স্বীকার করিবার দাওয়া করিতে পারিবেন।

দলীল প্রকৃত বলিয়া স্বীকার করণের দাওয়ার কথা।

The demand shall be served through the Court in the manner hereinbefore provided for the service of summons and the provisions of sections 79 80, and 81 shall, *mutatis mutandis*, apply to the serving officer

সমন জারী করিবার পূর্ব্বলিখিত বিধানমতে ঐ দাওয়ারপত্র আদালতেরদ্বারা ঐ ব্যক্তিকে দেওয়া যাইবে ও ৭৯, ৮০ ও ৮১ ধারার শব্দ প্রয়োজনমতে পরিবর্ত্তন করিলে যে আমলা ঐ পত্র জারী করেন তাঁহার প্রতি সেইং ধারার বিধান বর্ত্তিবে।

The admission shall also be made in writing, and filed in Court by the other party

দলীল প্রকৃত বলিয়া স্বীকার করার কথা লিখিয়া দেওয়া যাইবে ও অন্য পক্ষের দ্বারা আদালতে অর্পণ করা যাইবে।

If such demand be not made, no costs of proving such document shall be allowed, unless the Judge otherwise orders

যদি উক্ত প্রকারের কোন দাওয়া না করা যায় তবে বিচারপতি প্রকারান্তরের আজ্ঞা না করিলে, ঐ দলীল প্রমাণ করিবার কোন খরচার অনুমতি হইবে না।

If such demand is not complied with within four days after its being served, and the Judge thinks it reasonable that the admission should have been made, the party refusing shall bear the expense of proving such document, whatever may be the result of the suit.

সেই দাওয়ার পত্র দেওয়া গেলে পর যদি চারি দিনের মধ্যে তদনুযায়ি কার্য্য না করা যায়, ও দলীল প্রকৃত বলিয়া স্বীকার করা সঙ্গত বিচারপতি যদি এমত জ্ঞান করিয়া থাকেন, তবে, মোকদ্দমার যে ফল হউক যে পক্ষ অসম্মত হইলেন ঐ দলীল প্রমাণ করিবার খরচ তাঁহারই দিতে হইবে ইতি।

Production of Documents

Power to order production of documents during suit

129 The Court may at any time during the pendency therein of any suit order the production by any party thereto of such of the documents in his possession or power relating to any matter in question in such suit or proceeding as the Court thinks right and the Court may deal with such documents when produced in such manner as appears just

Application for discovery of document

130 Any party may apply to the Court for an order directing any other party to the suit to declare by affidavit all the documents which are or have been in his possession or power relating to any matter in question in the suit or proceeding

Affidavit in answer to such order

Every such affidavit shall specify which if any of the documents therein mentioned the declarant objects to produce

Notice to produce documents referred to in plaint &c

131 Every party to a suit may at any time before or at the hearing thereof give notice through the Court to any other party in whose plaint written statement or affidavits reference is made to any document to produce such document in the presence of such officer as the Court appoints in this behalf, for the inspection of the party giving such notice or of his pleader, and to permit such party or pleader to take copies thereof

Consequence of non compliance with such notice

No party failing to comply with such notice shall afterwards be at liberty to put any such document in evidence on his behalf in such suit unless he satisfies the Court that such document relates only to his own title or that he had some other and sufficient cause for not complying with such notice

Party receiving such notice to deliver notice when and where inspection may be had

132 The party to whom such notice is given shall within four days from the receipt thereof, deliver through the Court to the party giving the same a notice stating a time within three days from such delivery at which the documents or such of them as he does not object to produce, may be inspected

দলীল উপস্থিত করণ বিষয়ক বিধি।

মোকদ্দমার চলন সময়ে দলীল উপস্থিত করণের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

১২৯ ধারা। আদালতে কোন মোকদ্দমার উপস্থিত থাকনের কোন সময়ে আদালত ঐ মোকদ্দমা কি আনুষ্ঠানিক কার্য্যসংক্রান্ত কোন বিষয়ে কোন পক্ষের অধিকারগত কি ক্ষমতাধীন যেং দলীল উপস্থিত করা উচিত বোধ করেন ঐ পক্ষের প্রতি তাহা উপস্থিত করিবার আজ্ঞা করিতে পারিবেন। দলীল উপস্থিত করা গেলে তাহা লইয়া যদ্রূপে করা ন্যায্য জ্ঞান করেন করিতে পারিবেন ইতি।

দলীলের সন্ধান লইবার আজ্ঞা প্রার্থনা করিবার কথা।

১৩০ ধারা। মোকদ্দমা কি আনুষ্ঠানিক কার্য্যসংক্রান্ত কোন বিষয়সম্পর্কীয় যে দলীল মোকদ্দমার কোন পক্ষের অধিকারে কি ক্ষমতাধীনে আছে বা ছিল তাহা যে আফিডেবিট ক্রমে সেই সকল দলীল নির্দ্দেশ করণার্থে আজ্ঞা হয় অন্য কোন পক্ষ আদালতে এই প্রার্থনা করিতে পারিবেন।

ঐ আজ্ঞার উত্তরস্বরূপ আফিডেবিটের কথা।

যে ব্যক্তি ঐ নির্দ্দেশসূচক বাক্য কহেন তাঁহার ঐ আফিডেবিটের উল্লিখিত দলীলের মধ্যে কোন দলীল উপস্থিত করিবার আপত্তি থাকিলে, যেং দলীলের বিষয়ে আপত্তি থাকে উক্ত প্রত্যেক আফিডেবিটে সেই২ দলীল নির্দ্দেশ করিতে হইবে ইতি।

আবেদনপত্রাদিতে যে দলীলের উল্লেখ হয় তাহা দেখিবার জন্যে উপস্থিত করিবার নোটিসের কথা।

১৩১ ধারা। কোন পক্ষের আবেদনপত্রে কি লিখিত বর্ণনাপত্রে কি আফিডেবিটে কোন দলীলের উল্লেখ হইলে মোকদ্দমার অন্য পক্ষ ঐ মোকদ্দমা শ্রবণ হওয়ার পুর্ব্বে কি শ্রবণকালীন কোন সময়ে আদালতের দ্বারা তাঁহাকে এই নোটিস দিতে পারিবেন যে, আদালত এতৎকার্য্যের নিমিত্ত যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাহার সাক্ষাৎ আপনার কি আপন উকীলের দেখিবার নিমিত্ত ঐ দলীল উপস্থিত করেন ও আপনাকে কি আপনার উকীলকে ঐ দলীল নকল করিয়া লইবার অনুমতি দেন।

ঐ নোটিস অনুসারে কার্য্য না করিবার ফলের কথা।

কোন পক্ষ যদি উক্ত নোটিস অনুসারে কার্য্য না করেন তবে ঐ দলীল কেবল আপনার স্বত্ব সম্পর্কীয় দলীল কিম্বা ঐ নোটিস অনুসারে কার্য্য না করিবার অন্য ও উপযুক্ত কারণ আছে আদালতের হৃদ্বোধমতে এই কথা না জানাইলে, তিনি ঐ মোকদ্দমায় আপনার সপক্ষ প্রমাণস্বরূপ ঐ দলীল উপস্থিত করিতে পাইবেন না ইতি।

কোন পক্ষ উক্ত নোটিস পাইলে ঐ দলীল যে স্থানে যে সময়ে দেখা যাইতে পারে ইহার নোটিস তাঁহার দিতে হইবার কথা।

১৩২ ধারা। যে পক্ষকে উক্ত নোটিস দেওয়া যায় তিনি তাহা পাইলে পর চারি দিনের মধ্যে, যে পক্ষ নোটিস দিলেন তাঁহাকে আদালতের দ্বারা এই মর্ম্মের নোটিস দিবেন যে ঐ নোটিস দেওয়া গেলে পর তিন দিনের মধ্যে ঐ দলীল, কিম্বা যেং দলীল দেখাইতে

\

at his pleader's office or some other convenient place, and stating which, if any, of the documents he objects to produce, and on what grounds

133 If any party served with notice under section 131 omits to give notice under section 132 of the time for inspection, or objects to give inspection, or names an inconvenient place for inspection, the party desiring it may apply to the Court for an order of inspection

Application for order of inspection

134 Except in the case of documents referred to in the plaint, written statement, or affidavit of the party against whom the application is made, or disclosed in his affidavit of documents such application shall be founded upon an affidavit showing (*a*) of what documents inspection is sought, (*b*) that the party applying is entitled to inspect them and (*c*) that they are in the possession or power of the party against whom the application is made

Application to be founded on affidavit

135 If the party from whom discovery of any kind or inspection is sought, objects to the same or any part thereof, and if the Court is satisfied that the right to such discovery or inspection depends on the determination of any issue or question in dispute in the suit, or that for any other reason it is desirable that any such issue or question should be determined before deciding upon the right to the discovery or inspection, the Court may order that the issue or question be determined first, and reserve the question as to the discovery or inspection

Power to order issue or question on which right to discovery depends to be first determined

136 If any party fail to comply with any order under this chapter to answer interrogatories or for discovery or inspection, which has been served personally upon him, he shall, if a plaintiff be liable to have his suit dismissed for want of prosecution, and if a defendant, to have his defence, if any, struck out, and to be placed in the same position as if he had not defended,

Consequences of failure to answer or give inspection

and the party interrogating or seeking discovery or inspection may apply to the Court for an order to that effect, and the Court may make such order accordingly

তাহার কোন আপত্তি নাই তাহা আপন উকীলের আফিসে কিম্বা সুবিধাজনক অন্য স্থানে দেখা যাইতে পারিবে, ও কোন দলীল দেখাইতে আপত্তি করিলে সেই দলীল নির্দ্দিষ্ট করিয়া আপনার আপত্তির কারণ জানাইবেন ইতি।

১৩৩ ধারা। যে পক্ষেব প্রতি ১৩১ ধারামতে নোটিস দেওয়া যায় তিনি ১৩২ ধারামতে দলীল দেখিবার সময়ের নোটিস না দিলে, কিম্বা দেখাইবার আপত্তি করিলে, কিম্বা দেখিবার অসুবিধাব স্থান জানাইলে, যে পক্ষ তাহা দেখিতে ইচ্ছা করেন তিনি আদালতেব নিকট তাহা দেখিবার আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন ইতি।

দেখাইতে আজ্ঞা হওয়ার প্রার্থনার কথা।

১৩৪ ধারা। যাহার বিপক্ষে উক্ত প্রার্থনা করা যায় তাঁহার আবেদনপত্রের কি বর্ণনাপত্রের কি আফিডেবিটের উল্লিখিত দলীলভিন্ন কিম্বা তাঁহার দলীলেব আফিডেবিটে যে দলীলেব কথা প্রকাশ হইয়াছে তদ্ভিন্ন কোন দলীল সম্পর্কে উক্ত প্রার্থনাপত্র আফিডেবিট মূলক হইবে, তন্মধ্যে (ক) যে২ দলীল দেখিতে প্রার্থনা হয তাহা ও (খ) প্রার্থকেব সেই দলীল দেখিবাব অধিকার আছে এই কথা ও (গ) যে পক্ষের বিপক্ষে ঐ প্রার্থনা করা যায় দলীল তাঁহার অধিকারে কিম্বা তাঁহাব ক্ষমতাধীনে আছে এই২ কথা ব্যক্ত থাকিবে ইতি।

ঐ প্রার্থনা আফিডেবিট মূলক হইবার কথা।

১৩৫ ধারা। যে পক্ষেব নিকট কোন প্রকারের দলীলের সন্ধান জানিবার কি দলীল দেখিযা লইবার চেষ্টা হয়, তিনি তদ্বিষযে কিম্বা তাহার কোন অংশ বিষযে আপত্তি করিলে, এবং মোকদ্দমার কোন ইস্যুর কি বিবাদীয় কোন বিষযের নির্ণযেব উপর ঐ সন্ধান জানিবার কি দলীল দেখিয়া লইবার স্বত্ব নির্ভব করে কিম্বা অন্য কোন কারণে সন্ধান জানিবার কি দলীল দেখিয়া লইবার স্বত্ব নির্ণযের পূর্ব্বে কোন ইস্যু কি বিবাদীয বিষয নির্ণয় করা বিহিত আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে, ঐ ইস্যু কি বিবাদীয় বিষয় প্রথমে নির্ণয করিবার ও পশ্চাৎ সন্ধান জানিবার কি দলীল দেখিয়া লইবার কথা নির্ণয় হইবার আজ্ঞা করিবেন ইতি।

কোন ইস্যুর কি প্রশ্নের উপর দলীল দেখিয়া লইবার স্বত্বের নির্ভর থাকিলে তাহা প্রথমে নির্ণয় হইবার আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

১৩৬ ধারা। এই অধ্যাযমতে প্রশ্নের উত্তর দিবার কিম্বা দলীলের সন্ধান জানাইবার কিম্বা দলীল দেখাইবার যে আজ্ঞা করা যায়, সেই আজ্ঞাপত্র নিজ কোন পক্ষকে দেওয়া গেলেও যদি তিনি সেই আজ্ঞানুসারে কার্য্য না করেন, তবে বাদী হইলে মোকদ্দমা চালাইবার ত্রুটিপ্রযুক্ত তাঁহার মোকদ্দমা ডিসমিস হইতে পারিবে, প্রতিবাদী হইলে তাঁহার উত্তর দেওয়া গিয়া থাকিলেও তাহা উঠাইয়া দেওয়া যাইবে ও উত্তর না দেওয়ার ন্যায় তাঁহার অবস্থা হইবে।

উত্তর না দিবার কি দলীল না দেখাইবার ফলের কথা।

ও যে পক্ষ প্রশ্ন করেন কি সন্ধান জানিতে কি দলীল দেখিতে চেষ্টা করেন তিনি আদালতের নিকট সেই মর্ম্মের আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন ও আদালত তদনুসারে আজ্ঞা করিতে পারিবেন।

Any party failing to comply with any order under this chapter to answer interrogatories or for discovery or inspection of documents, which has been served personally upon him, shall also be deemed guilty of an offence under section 188 of the Indian Penal Code

এই অধ্যায়মতে প্রশ্নের উত্তর দিবার কিম্বা দলীলের সন্ধান জানাইবার কি দলীল দেখাইবার যে আজ্ঞা করা যায় সেই আজ্ঞাপত্র নিজ কোন পক্ষকে দেওয়া গেলেও যদি তিনি সেই আজ্ঞানুসারে কার্য্য না করেন তবে তাঁহাকে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৮৮ ধারামতে অপরাধের অপরাধীও বলিয়া জ্ঞান হইবে ইতি।

137 The Court may, of its own accord and may in its discretion, upon the application of any of the parties to a suit send for, either from its own records or from any other Court, the record of any other suit or proceeding and inspect the same

Court may send for papers from its own records or from other courts

১৩৭ ধারা। আদালত আপনার ইচ্ছামতে, এবং মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনা হইলে আপনার বিবেচনামতে আপনার কাগজপত্রের মধ্যহইতে কিম্বা অন্য কোন আদালত হইতে অন্য কোন মোকদ্দমার কি মোকদ্দমাঘটিত ব্যাপারের কাগজ পত্র আনাইয়া দেখিতে পারিবেন।

আপনার কিম্বা অন্য আদালতের কাগজপত্রহইতে কাগজপত্র আনাইবার কথা।

Every application made under this section must if the Court so require, be supported by an affidavit of the applicant or his pleader showing how the record is material to the suit in which the application is made and that the applicant cannot obtain a duly authenticated copy of the record or such portion thereof as the applicant requires

আদালতের আদেশ হইলে যে মোকদ্দমার সম্পর্কে ঐ প্রার্থনা করা যায় সেই মোকদ্দমাসম্বন্ধে ঐ কাগজ পত্র যে প্রকারে গুরুতর হয়ইহ ও যে কাগজপত্রে কিম্বা তাহার যে অংশে প্রার্থকের প্রয়োজন থাকে তাহার নিয়মমতে প্রমাণীকৃত নকল পাইতে পারিলেন না ইহা দেখাইবার জন্যে, এই ধারামত প্রার্থনাপত্রের পোষকতায় প্রার্থকের কিম্বা তাঁহার উকীলের আফিডেবিটও দিতে হইবে ইতি।

Production of Documents at first Hearing

মোকদ্দমার প্রথম শ্রবণকালে দলীল উপস্থিত করণ বিষয়ক বিধি।

138 The parties or their pleaders shall bring with them and have in readiness at the first hearing of the suit to be produced when called for by the Court, all the documentary evidence of every description in their possession or power on which they intend to rely, and which has not already been filed in Court and all documents or other things specified in any order made under section 130 at any time before the hearing of the suit

Documentary evidence to be produced at first hearing

১৩৮ ধারা। পূর্ব্বে যে দলীল আদালতে অর্পণ করা যায় নাই এইরূপ নানা প্রকারের যে সকল দলীল উভয় পক্ষের অধিকারে কি ক্ষমতাধীনে থাকে ও যাহার উপর তাঁহারা নির্ভর করিতে কল্পনা করেন ঐ উভয় পক্ষ কিম্বা তাঁহাদের উকীলেরা মোকদ্দমার প্রথম শ্রবণ সময়ে তাহা সঙ্গে করিয়া আনিবেন, এবং আদালত ১৩০ ধারামতে মোকদ্দমা শ্রবণের পূর্ব্বে কোন সময়ে যে আজ্ঞা করেন, সেই আজ্ঞার নির্দ্দিষ্ট সকল দলীল ও অন্যা২ বিষয়ও সঙ্গে আনিবেন, ও প্রস্তুত রাখিয়া আদালতের আদেশ হইলেই দেখাইবেন ইতি।

প্রথম শ্রবণের সময়ে লিখিত প্রমাণ উপস্থিত করিবার কথা।

139 No documentary evidence in the possession or power of any party, the production of which has been called for under section 138, and which has not been produced, shall be received at any subsequent stage of the proceedings unless good cause be shown to the satisfaction of the Court for the non production thereof And the Judge receiving any such evidence shall record his reasons for so doing

Effect of non production of documents

১৩৯ ধারা। ১৩৮ ধারামতে যে দলীল উপস্থিত করিবার আজ্ঞা হয় কোন পক্ষের অধিকারগত কিম্বা ক্ষমতাধীন এমত দলীল উপস্থিত না করা গেলে, ও তাহা উপস্থিত না করিবার উপযুক্ত কারণ আদালতের হৃদ্বোধমতে দর্শান না গেলে তৎপরে ঐ মোকদ্দমা চলিবার কোন সময়ে তাহা গ্রাহ্য হইবে না। কোন বিচারপতি সেই প্রমাণ গ্রাহ্য করিলে তাহা গ্রাহ্য করিবার কারণ লিপিবদ্ধ করিবেন ইতি।

দলীল উপস্থিত না করিবার ফলের কথা।

140. The Court shall receive the documents produced by the parties at the first hearing

Documents to be received by court.

১৪০ ধারা। উভয় পক্ষ প্রথম শ্রবণের সময়ে যে সকল দলীল উপস্থিত করেন আদালত তাহা গ্রাহ্য করিবেন।

আদালতের দলীল গ্রাহ্য করিবার কথা।

Rejection of irrelevant or inadmissible documents

The Court may at any stage of the suit reject any document which it considers irrelevant or otherwise inadmissible, recording the grounds of such rejection.

No documents to be placed on record unless proved

141. No document shall be placed on the record unless it has been proved or admitted in accordance with the law of evidence for the time being in force. Every document so proved or admitted shall be endorsed with the number and title of the suit, the name of the person producing it and the date on which it was produced, and shall be filed as part of the record.

Proved document to be marked and filed

Entries in shop books

Provided that if the document be an entry in a shop book or other book, the party on whose behalf such book is produced may furnish a copy of the entry which may be endorsed as aforesaid and shall be filed as part of the record, and the Court shall mark the entry and shall then return the book to the person producing it.

Rejected documents to be marked

142. When a document is rejected by the Court it shall be endorsed in the manner specified in the last preceding section with the addition of the word rejected, and the endorsement shall be signed by the Judge.

and returned unless detained by Court

The document shall then be returned to the party who produced it.

Court may order any document to be impounded

143. Notwithstanding anything contained in sections 62, 141 and 142, the Court may if it see sufficient cause, direct any document or book produced before it in any suit to be impounded and kept in the custody of an officer of the Court, for such period and subject to such conditions as the Court thinks fit.

After lapse of time for appeal, document admitted in evidence may be returned

144. In suits in which an appeal is not allowed when the suit has been disposed of, and in suits in which an appeal is allowed, when the time for preferring an appeal from the decree has elapsed, or if an appeal has been preferred, then after the appeal has been disposed of, any person, whether a party

অপ্রাসঙ্গিক কি অনুপযুক্ত দলীল অগ্রাহ্য করিবার কথা।

আদালত কোন দলীল অপ্রাসঙ্গিক কিম্বা অন্য কারণে গ্রাহ্য হওয়ার অনুপযুক্ত জ্ঞান করিলে তাহা অগ্রাহ্য করিবার কারণ লিখিয়া মোকদ্দমা চলনের কোন সময়ে অগ্রাহ্য করিতে পারিবেন ইতি।

দলীলের প্রমাণ না হইলে কাগজপত্রের মধ্যে রাখিতে না হইবার কথা।

১৪১ ধারা। কোন দলীলের প্রমাণ না হইলে, কিম্বা সাক্ষ্য বিষয়ক যে আইন যৎকালে প্রচলিত থাকে তদনুসারে গ্রাহ্য করা না গেলে তাহা কাগজপত্রের মধ্যে রাখিতে হইবে না। তদ্রূপ প্রমাণীকৃত কি গ্রাহ্য হইলে ঐ প্রত্যেক দলীলের পৃষ্ঠভাগে মোকদ্দমার নম্বর ও নাম, ও যে ব্যক্তি দলীল উপস্থিত করিলেন তাঁহার নাম ও তাহা উপস্থিত করিবার তারিখ লিখিয়া কাগজপত্রের একাংশ বলিয়া গাঁথিয়া রাখা যাইবে।

দলীলের প্রমাণ হইলে চিহ্ন দিয়া তাহা গাঁথিয়া রাখিবার কথা।

দোকানের খাতার লিখিত কথা।

কিন্তু দোকানের খাতার কি অন্য বহীর লিখিত কথা ঐ দলীল হইলে যে পক্ষের নিমিত্ত ঐ খাতাবহী উপস্থিত করা যায় তিনি ঐ কথার নকল দিতে পারিবেন, সেই নকলখানির পৃষ্ঠে পূর্ব্বোক্ত কথা লেখা যাইতে পারিবে, ও তাহা কাগজপত্রের একাংশ বলিয়া গাঁথিয়া রাখা যাইবে ও আদালত খাতার ঐ কথায় চিহ্ন দিবেন ও যে ব্যক্তি বহী উপস্থিত করিলেন তাঁহাকে ফিরিয়া দিবেন ইতি।

দলীল অগ্রাহ্য হইলে তাহাতে চিহ্ন দিবার কথা।

১৪২ ধারা। আদালত কোন দলীল অগ্রাহ্য করিলে ইহার পূর্ব্ব ধারার নির্দিষ্ট মতে ঐ দলীলের পৃষ্ঠলিপির মধ্যে অগ্রাহ্য হইল এই কথাও লেখা যাইবে ও বিচারপতি সেই পৃষ্ঠলিপিতে স্বাক্ষর করিবেন।

এবং আদালতে আটক রাখা না গেলে ফিরিয়া দিবার কথা।

পরে যে ব্যক্তি দলীল আনিলেন তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

কোন দলীল আটক করিয়া রাখিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।

১৪৩ ধারা। কোন মোকদ্দমায় আদালতের সম্মুখে যে দলীল কি বহী উপস্থিত করা যায় ৬২ ও ১৪১ ও ১৪২ ধারায় ভাবান্তরের কথা থাকিলেও আদালত উপযুক্ত কারণ জানিলে সেই দলীল আটক করিয়া, যত দিন ও যে নিয়মাধীনে উচিত বোধ করেন তত দিন ও সেই নিয়মানুসারে আদালতের কোন আমলার জিম্মায় রাখিতে পারিবেন ইতি।

প্রমাণস্বরূপ যে দলীল গ্রাহ্য হয় আপীলের মিয়াদ গত হইলে তাহা ফিরিয়া দিবার কথা।

১৪৪ ধারা। যে মোকদ্দমায় আপীল করিবার অনুমতি নাই সেই মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর, ও যে মোকদ্দমায় আপীল করিবার অনুমতি আছে, সেই মোকদ্দমার ডিক্রীর উপর আপীল করিবার মিয়াদ গত হইলে পর, কিম্বা আপীল উপস্থিত করা গেলে সেই আপীলী মোকদ্দমার নিষ্পত্তি হইলে

to the suit or not, desirous of receiving back any document produced by him in the suit, and placed on the record, shall, unless the document is impounded under section 143, be entitled to receive back the same

Provided that a document may be returned at any time before either of such events if the person applying for such return delivers to the proper officer a certified copy of such document to be substituted for the original

When document may be returned before time limited

Provided also that no document shall be returned which by force of the decree, has become void or useless

Document not to be returned in certain cases

145 On the return of a document which has been admitted in evidence, a receipt shall be given by the party receiving it in a receipt book to be kept for the purpose

Receipt to be given for returned document

CHAPTER XI

OF THE SETTLEMENT OF ISSUES

146 Issues arise when a proposition of fact or law is affirmed by the one party and denied by the other

Framing of issues

They are of two kinds (1) issues of fact, (2) issues of law

At the first hearing of the suit, the Court shall, after reading the plaint and the written statements, if any, and after such examination of the parties as may appear necessary, ascertain upon what propositions of fact or of law the parties are at variance, and shall thereupon proceed to frame and record the issues on which the right decision of the case appears to the Court to depend

When issues both of law and of fact arise in the same suit, and the Court is of opinion that the case may be disposed of on the issues of law only, it shall try those issues first

Nothing in this section shall be deemed to require the Court to frame and record issues when the defendant at the first hearing of the suit makes no defence

পর কোন ব্যক্তি মোকদ্দমার এক পক্ষ হইলে বা না হইলেও ঐ মোকদ্দমায় যে দলীল উপস্থিত করিলেন ও যাহা কাগজপত্রের মধ্যে রাখা গেল তাহা ফিরিয়া পাইতে চাহিলে ও ১৪৩ ধারামতে ঐ দলীল আটক করিয়া রাখা না গেলে তাঁহার সেই দলীল ফিরিয়া পাইবার অধিকার থাকিবে।

পরন্তু পূর্ব্বোল্লিখিত কোন ঘটনার পূর্ব্বে কোন ব্যক্তি দলীল ফিরিয়া পাইবার প্রার্থনা করিয়া আসল দলীলের পরিবর্ত্তে উপযুক্ত কার্য্যকারকরে ঐ দলীলের সার্টিফিকটযুক্ত নকল দিলে ঐ দলীল কোন সময়ে তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইতে পারিবে।

নিরূপিত সময়ের পূর্ব্বে দলীল ফিরিয়া দেওয়া যাইতে পারিবার কথা।

আরো ডিক্রীর বলে কোন দলীল ব্যর্থ কি অকর্ম্মণ্য হইলে সেই দলীল ফিরিয়া দেওয়া যাইবে না ইতি।

স্থলবিশেষে দলীল ফিরিয়া দিতে না হইবার কথা।

১৪৫ ধারা। দলীল ফিরিয়া পাইবার রসীদ বহী রাখা যাইবে প্রমাণস্বরূপ যে দলীল গ্রাহ্য হইল তাহা ফিরিয়া দেওয়া গেলে, যে ব্যক্তি তাহা লইয়া যান তিনি ঐ বহীতে রসীদ লিখিবেন ইতি।

দলীল ফিরিয়া দেওয়া গেলে রসীদ লইবার কথা।

---

১১ একাদশ অধ্যায়।

ইস্যু নির্ণয় করণবিষয়ক বিধি।

১৪৬ ধারা। এক পক্ষ বৃত্তান্ত কি আইনঘটিত যে প্রসঙ্গ করেন অপর পক্ষ তাহা অপহ্নব করিলে ইস্যুর উত্থাপন হয়।

ইস্যু লিখিবার কথা।

ইস্যু দুই প্রকারের (১) বৃত্তান্তঘটিত। (২) আইনঘটিত।

আদালত মোকদ্দমা প্রথম শুনিবার সময়ে আবেদন পত্র, এবং বর্ণনাপত্র থাকিলে, ঐ বর্ণনাপত্র পাঠ করিয়া ও উভয় পক্ষের যেরূপ পরীক্ষা লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহা লইয়া, বৃত্তান্ত কিম্বা আইনঘটিত যেং প্রসঙ্গ ধরিয়া উভয় পক্ষের অনৈক্য হয়, এই কথা নিশ্চয়মতে জানিয়া লইবেন, ও আপনার বিবেচনামতে যেং ইস্যুর উপর মোকদ্দমার ন্যায্য নিষ্পত্তির নির্ভর হয়, তিনি সেই ইস্যু স্থির করিয়া লিপিবদ্ধ করিতে প্রবৃত্ত হইবেন।

একি মোকদ্দমায় আইন ও বৃত্তান্ত এই দুই বিষয়ঘটিত ইস্যু হইলে, এবং কেবল আইনঘটিত ইস্যু ধরিয়া মোকদ্দমার নিষ্পত্তি হইতে পারে আদালতের এই বিবেচনা থাকিলে, তিনি প্রথমে সেই ইস্যুর বিচার করিবেন।

মোকদ্দমার প্রথম শ্রবণের সময়ে প্রতিবাদী কোন উত্তর না করিলে, আদালতের প্রতি ইস্যু নিরূপণ করিয়া লিপিবদ্ধ করিবার আদেশ আছে এই ধারার কোন কথা ক্রমে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

Allegation from which issues may be framed.

147 The Court may frame the issues from any of the following materials —

(*a*) allegations made on oath by the parties or by any persons present on their behalf, or made by the pleaders of such parties or persons,

(*b*) allegations made in the plaint or in the written statements (if any) tendered in the suit,

(*c*) the contents of documents produced by either party and placed on the record

Court may examine witnesses or documents before framing issues

148 If the Court be of opinion that the issues cannot be correctly framed without the examination of some person not before the Court, or without the inspection of some document not produced in the suit, it may adjourn the framing of the issues to a future day, to be fixed by the Court, and may compel the attendance of any person or the production of any document by the person in whose hands it may be by summons or othes process

Power to amend add and strike out issues

149 The Court may at any time before passing a decree amend the issues or frame additional issues on such terms as it thinks fit, and all such amendments or additional issues as may be necessary for determining the controversy between the parties shall be so made or framed

The Court may also, at any time before passing a decree, strike out any issues that appear to it to be wrongly framed or introduced

Questions of fact or law may by agreement be stated in the form of an issue

150 When the parties to a suit are agreed as to the question of fact or of law to be decided between them, they may state the same in the form of an issue, and enter into an agreement in writing,

(*a*) that upon the finding of the Court in the affirmative or the negative of such issue, a sum of money specified in the agreement, or to be ascertained by the Court, or in such manner as the Court may direct, shall be paid by one of the parties to the other of them, or that one of them be declared entitled to some right or subject to some liability specified in the agreement,

(*b*) that upon such finding some property specified in the agreement and in dispute in the

যেং কথা ধরিয়া ইস্যু ধার্য্য হইতে পারে তাহার কথা।

১৪৭ ধারা। আদালত নিম্নলিখিত কোন বিষয় ধরিয়া ইস্যু তুলিতে পারিবেন —

(ক) উভয় পক্ষ, কিম্বা তাঁহাদের সপক্ষে উপস্থিত কোন ব্যক্তিরা কিম্বা ঐ২ পক্ষের কি ঐ২ ব্যক্তিদের উকীলেরা শপথ করিযা যে উক্তি করেন তাহা।

(খ) মোকদ্দমার আবেদনপত্রে বিম্বা লিখিত বর্ণনা পত্র দেওযা গেলে, সেই পত্রে যে প্রসঙ্গ লেখা হইযাছে তাহা।

(গ) কোন পক্ষের উপস্থিত করা যে দলীল কাগজ পত্রের মধ্যে দেওয়া যায় তাহার মর্ম্ম ইতি।

ইস্যু ধার্য্য করিবার পূর্ব্বে আদালতের সাক্ষিদিগকে কি দলীল পরীক্ষা করিতে পারিবার কথা।

১৪৮ ধারা। আদালতের সম্মুখে যে ব্যক্তি উপস্থিত নাই এমত কোন ব্যক্তির পরীক্ষা না লইলে কিম্বা মোকদ্দমায যে দলীল উপস্থিত বর যায নাই এমত দলীল না দেখিলে, ইস্যু শুদ্ধরূপে ধার্য্য করা যাইতে পারে না, আদালত এইরূপ বিবেচনা কবিলে অন্য দিন নিরূপণ করিযা সেই দিনপর্য্যন্ত ইস্যু ধার্য্য কবিবাব কার্য্য স্থগিত রাখিযা সমন কিম্বা অন্য পরওযানা দিযা বলপূর্ব্বক কোন ব্যক্তিকে উপস্থিত কবাইতে কিম্বা দলীল যাঁহার হাতে থাকে তাঁহার দ্বারা তাহা আনাইতে পাবিবেন ইতি।

ইস্যু সংশোধন করিবার ও আরো ইস্যু লিখিবার ও ইস্যু উঠাইয়া দিবার ক্ষমতার কথা।

১৪৯ ধাবা। আদালত ডিক্রী করিবাব পূর্ব্ব কোন সমযে যে নিযম উচিত বোধ কবেন সেই নিযমানুসারে ইস্যু সংশোধন করিতে কিম্বা আর কোন ইস্যু ধার্য্য ব রিতে পারিবেন। ও উভয পক্ষের বিবাদ নির্ণয কবিবার নিমিত্ত যে ইস্যু সংশোধন কি নূতন যে ইস্যু ধার্য্য করা আবশ্যক তাহাও সেই প্রকারে সংশোধন কি ধার্য্য করা যাইতে পারিবে।

আরও কোন ইস্যু অন্যাযমতে ধার্য্য কি উপস্থিত করা গিয়াছে, আদালত এমত বোধ করিলে, ডিক্রী করিবার পূর্ব্ব কোন সময়ে তাহা উঠাইয়া দিতে পারিবেন ইতি।

উভয় পক্ষের সম্মতি হইলে বৃত্তান্ত কি আইনঘটিত বিবাদের কথা ইস্যুর ন্যায় লেখা যাইতে পারিবার কথা।

১৫০ ধারা। উভয পক্ষের মধ্যে বৃত্তান্ত কি আইন ঘটিত যে বিবাদ নিষ্পত্তি করিতে হইবে তদ্বিষয়ে উভয পক্ষই একবাক্য হইলে, তাঁহারা ইস্যুর মতে তাহা ব্যক্ত করিয়া এই মর্ম্মের নিয়মপত্র লিখিয়া দিতে পারিবেন যে

(ক) আদালত ঐ ইস্যুর সপক্ষ বা বিপক্ষ যাহা নির্ণয় করেন, তদনুসারে আমাদের এক পক্ষ অন্য পক্ষকে এই নিয়মপত্রের নির্দ্দিষ্ট এত টাকা, কিম্বা আদালত যত টাকা নির্ণয় করেন তত টাকা, কিম্বা আদালত যেরূপে আজ্ঞা করেন সেইরূপে নির্ণীত টাকা দিব, কিম্বা আমারদের কোন এক পক্ষকে নিয়মপত্রের নির্দ্দিষ্ট কোন স্বত্বের স্বত্ববান কিম্বা কোন দায়ের অধীন বলিয়া নির্ণয় করা যাইবে অথবা

(খ) মোকদ্দমার যে সম্পত্তি লইয়া বিবাদ হইল উক্ত প্রকারে যাহা নির্ণয় হয় তদনুসারে এক পক্ষ অন্য

suit shall be delivered by one of the parties to the other of them or as that other may direct or

(*c*) that upon such finding one or more of the parties shall do or abstain from doing some particular act specified in the agreement and relating to the matter in dispute

No such agreement shall be filed after the Court has recorded issues in the suit unless the Judge, for some reason to be recorded under his hand, otherwise directs

Court if satisfied that the agreement was executed in good faith may give judgment

151 If the Court be satisfied after making such enquiry as it deems proper,

(*a*) that the agreement was duly executed by the parties,

(*b*) that they have a substantial interest in the decision of such question as aforesaid and

(*c*) that the same is fit to be tried and decided,

it may proceed to record and try the issue and deliver its finding or opinion thereon in the same manner as if the issue had been framed by the Court

and may upon the finding or decision on such issue, give judgment according to the terms of the agreement

and upon the judgment so given decree shall follow and may be executed in the same way as if the judgment had been pronounced in a contested suit

---

CHAPTER XII.

Disposal of the Suit at the first Hearing

If parties are not at issue on any question of law or fact

152 If at the first hearing of a suit it appears that the parties are not at issue on any question of law or of fact, the Court may at once give judgment

If one of several defendants be not at issue with the plaintiff

153 Where there are more defendants than one, and any one of the defendants is not at issue with the plaintiff on any question of law or fact, the Court may at once give judgment for or against such defendant, and the suit shall proceed only against the other defendants

পক্ষকে কিম্বা ঐ অন্য পক্ষের আদেশমতে ঐ নিয়মপত্রের নির্দ্দিষ্ট সেই সম্পত্তি দিবেন অথবা

(গ) নিয়মপত্রে বিবাদীয় বিষয় সংক্রান্ত যে বিশেষ কার্য্য নির্দ্দিষ্ট হইল উক্ত প্রকারে যাহা নির্ণয় হয় তদনুসারে এক পক্ষ কি অন্য পক্ষ সেই কার্য্য করিবেন কিম্বা সেই কার্য্য করিতে নিবৃত্ত রহিবেন।

আদালত মোকদ্দমার ইস্যু লিপিবদ্ধ করিলে পর বিচারপতি প্রকারান্তরের আদেশ না করিলে তদ্রূপ কোন নিয়মপত্র অর্পণ করা যাইবে না। কিন্তু বিচারপতি কোন কারণে প্রকারান্তরের আজ্ঞা করিলে সেই কারণ লিপিবদ্ধ করিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

ঐ নিয়মপত্র সবলভাবে সম্পাদন করা গেল আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে নির্ণয় করিবার কথা।

১৫১ ধারা। আদালত যে প্রকারের অনুসন্ধান লওয়া উচিত বোধ করেন তাহা লইয়া

(ক) উভয় পক্ষ নিয়মমত ঐ নিয়মপত্র সম্পাদন করিলেন ও

(খ) উক্ত বিবাদের নিষ্পত্তিতে তাহাদের বিশিষ্ট স্বার্থ আছে ও

(গ) সে বিষয় বিচার করিয়া নিষ্পত্তি করণের উপযুক্ত

ইহা হৃদ্বোধমতে জানিলে সেই ইস্যু লিপিবদ্ধ করিয়া বিচার করিতে প্রবর্ত্ত হইতে পারিবেন ও আদালতেরই দ্বারা ইস্যু নির্ণয় হইলে যে প্রকারে করিতেন সেই প্রকারে আপনার বিচার কি অভিমত জানাইবেন।

এবং সেই ইস্যুর উপর যাহা নির্ণয় কি নিষ্পত্তি করেন ঐ নিয়মপত্রের নিয়মানুসারে বিচার জানাইতে পারিবেন।

তদ্রূপে যে বিচার জ্ঞাত করা যায় তদনুসারে ডিক্রী হইবে ও মোকদ্দমায় উভয়পক্ষের বাদপ্রতিবাদ হইলে যদ্রূপে জারী করা যাইত ঐ ডিক্রী তদ্রূপে জারী করা যাইবে ইতি।

---

১২ দ্বাদশ অধ্যায়।

প্রথম শ্রবণ সময়ে মোকদ্দমা নিষ্পত্তি করণ বিষয়ক বিধি।

আইন কি বৃত্তান্তঘটিত বিষয় লইয়া বিবাদ না হইলে তদ্বিষয়ের কথা।

১৫২ ধারা। উভয় পক্ষের মধ্যে আইন কি বৃত্তান্তঘটিত কোন বিষয় লইয়া বিবাদ নাই, মোকদ্দমা প্রথম শুনিবার সময়ে ইহা দৃষ্ট হইলে, আদালত একেবারে বিচার জানাইতে পারিবেন ইতি।

অনেক জন প্রতিবাদী থাকিলে যদি বাদির সঙ্গে তাহাদের এক জনের বিবাদ না হয় তবে সেই স্থলের কথা।

১৫৩ ধারা। দুই কি তদধিক জন প্রতিবাদী থাকিলে এবং বাদির সঙ্গে আইন কি বৃত্তান্তঘটিত কোন বিষয় লইয়া তাঁহাদের মধ্যে এক জনের বিবাদ না থাকিলে, আদালত একেবারে সেই প্রতিবাদির সপক্ষ কি বিপক্ষ বিচার জানাইতে পারিবেন, ও কেবল অন্য প্রতিবাদিদের বিপক্ষে মোকদ্দমা চলিবে ইতি।

154 When the parties are at issue on some question of law or of fact and issues have been framed by the Court as hereinbefore provided, if the Court be satisfied that no further argument or evidence than the parties can at once supply is required upon such of the issues as may be sufficient for the decision of the suit and that no injustice will result from proceeding with the suit forthwith, the Court may proceed to determine such issue,

If parties are at issue on questions of law or fact

and if the finding thereon is sufficient for the decision, may pronounce judgment accordingly whether the summons has been issued for the settlement of issues only or for the final disposal of the suit

Court may determine issue and give judgment

Provided that where the summons has been issued for the settlement of issues only the parties or their pleaders are present and none of them object

If the finding is not sufficient for the decision, the Court shall postpone the further hearing of the suit, and shall fix a day for the production of such further evidence, or for such further argument as the case requires

155 If the summons has been issued for the final disposal of the suit and either party fails without sufficient cause to produce the evidence on which he relies, the Court may at once give judgment

If either party fails to produce his evidence Court may give judgment

or if it is unable to give judgment by reason of additional evidence being required or for any other cause, the Court shall frame and record under section 146, the issues requiring to be determined

Procedure where Court cannot give judgment at first hearing

CHAPTER XIII

Of Adjournments

156 The Court may, if sufficient cause be shown, at any stage of the suit, grant time to the parties, or to any of them, and may from time to time adjourn the hearing of the suit.

Court may grant time or adjourn hearing

১৫৪ ধারা। আইন কি বৃত্তান্তঘটিত কোন বিষয় লইয়া উভয় পক্ষের বিবাদ হইলে এবং পূর্ব্ববিধানমতে আদালতকর্ত্তৃক ইস্যু ধার্য্য করা গেলে ও যেং ইস্যু ধরিয়া মোকদ্দমার নিষ্পত্তি হইতে পারে তৎসম্পর্কে উভয় পক্ষ তৎকালেই যে তর্ক কি প্রমাণ উপস্থিত করিতে পারেন তদ্ভিন্ন আর তর্কের কি প্রমাণের প্রয়োজন নাই ও তৎকালেই মোকদ্দমার কার্য্যানুষ্ঠান হইলে কোন অন্যায়জনক ফলের সম্ভাবনা নাই, আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে, ঐ ইস্যু নির্ণয় করিতে প্রবর্ত্ত হইবেন,

আইন কি বৃত্তান্তঘটিত বিষয় লইয়া বিবাদ হইলে তদ্বিষয়ের কথা।

ও ঐ২ ইস্যুর উপর যাহা নির্ণয় করেন তদ্দ্বারাই নিষ্পত্তি হইতে পারিলে কেবল ইস্যু ধার্য্য করিবার কিম্বা মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির জন্যেও সমন হইলে, আদালত তদনুসারে বিচার জানাইতে পারিবেন।

ইস্যু নির্ণয় করিয়া নিষ্পত্তি জানাইবার কথা।

কিন্তু যদি কেবল ইস্যু ধার্য্য করিবার জন্যে সমন বাহির হইয়া থাকে তবে উক্ত স্থলে প্রয়োজন যে উভয় পক্ষ কিম্বা তাঁহাদের উকীলেরা উপস্থিত হন ও তাঁহাদের মধ্যে কেহ আপত্তি না করেন,

তদ্বিষয়ে যাহা নির্ণয় করেন তদ্দ্বারাই নিষ্পত্তি হইতে না পারিলে আদালত মোকদ্দমা শুনিবার কার্য্য স্থগিত রাখিয়া মোকদ্দমার প্রয়োজনানুসারে আরও প্রমাণ উপস্থিত করিবার কিম্বা আরও তর্ক করিবার জন্যে দিন নিরূপণ করিবেন ইতি।

১৫৫ ধারা। মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন বাহির হইলে, ও কোন পক্ষ যে প্রমাণের উপর নির্ভর করেন উপযুক্ত কারণ না থাকিতেও সেই প্রমাণ উপস্থিত না করিলে, আদালত তৎকালেই বিচার জানাইতে পারিবেন।

কোন পক্ষ প্রমাণ উপস্থিত না করিলে আদালতের নিষ্পত্তি জানাইতে পারিবার কথা।

অথবা আরো প্রমাণের আবশ্যক হওয়াতে কি অন্য কোন কারণে আদালত বিচার জানাইতে না পারিলে যেং ইস্যু নির্ণয় করা প্রয়োজন ১৪৬ ধারার বিধান মতে তাহা ধার্য্য করিয়া লিপিবদ্ধ করিবেন ইতি।

প্রথম শুনিবার সময়ে নিষ্পত্তি জানাইতে না পারিলে কার্য্যপ্রণালীর কথা।

১৩ ত্রয়োদশ অধ্যায়।

মোকদ্দমা শুনিবার দিনান্তর নিরূপণবিষয়ক বিধি।

১৫৬ ধারা। মোকদ্দমা চলিবার কোন সময়ে উপযুক্ত কারণ দেখান গেলে, আদালত উভয় পক্ষকে কিম্বা তাঁহাদের কোন ব্যক্তিকে অবকাশ দিতে, ও সময়ে২ মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ করিতে পারিবেন।

আদালতের অবকাশ দিবার কিম্বা মোকদ্দমা শুনিবার দিনান্তর নিরূপণ করিবার ক্ষমতার কথা।

In all such cases the Court shall fix a day for the further hearing of the suit and may make such order as it thinks fit with respect to the costs occasioned by the adjournment

Costs of adjournment

Provided that when the hearing of evidence has once begun the hearing of the suit shall be continued from day to day until all the witnesses in attendance have been examined unless the Court finds the adjournment of the hearing to be absolutely necessary for reasons to be recorded by the hand of the Judge

157 If on any day to which the hearing of the suit is adjourned the parties or either of them fail to appear, the Court may proceed to dispose of the suit in one of the modes directed in that behalf by Chapter VII or make such other order as it thinks fit

Procedure if parties fail to appear on day fixed

158 If either party to a suit to whom time has been granted fails to produce his evidence, or to cause the attendance of his witnesses or to perform any other act necessary to the further progress of the suit, for which time has been allowed the Court may notwithstanding such default proceed to decide the suit forthwith

Court may proceed notwithstanding party fails to produce his evidence

CHAPTER XIV

OF THE SUMMONING AND ATTENDANCE OF WITNESSES

159 The parties may after the summons has been delivered for service on the defendant, if the summons be for the final disposal of the suit,

Summons to attend to give evidence or produce documents

or after the issues have been recorded, if the summons to the defendant be for the settlement of issues only,

obtain, on application to the Court or to such officer as it appoints in this behalf, before the day fixed for such disposal or settlement, as the case may be, summonses to persons whose attendance is required either to give evidence or to produce a document

তদ্রূপ সকল স্থলে আদালত মোকদ্দমার আরং কথা শুনিবাব দিন নিরূপণ করিবেন ও দিনান্তর নিরূপণ করাপ্রযুক্ত যে খবচা হয তদ্বিষয়েব যে আজ্ঞা বিহিত বোধ করেন করিতে পারিবেন।

দিনান্তব নিরূপণের খরচার কথা।

পরন্তু প্রমাণ শুনিতে আরম্ভ হইলেই, উপস্থিত সকল সাক্ষিব সাক্ষ্য যত কাল না লওযা যায তত কাল মোকদ্দমা দিনং শ্রবণ হইতে থাকিবে। কিন্তু আদালত কোন কাবণে শ্রবণেব কায্য দিনান্তব পয্যন্ত স্থগিত রাখা নিতান্ত আবশ্যক জ্ঞান করিলে সেই কাবণ লিপিবদ্ধ কবিযা তাহাতে স্বাক্ষর কবিবেন ইতি।

১৫৭ ধারা। মোকদ্দমা শুনিবার দিনান্তর নিরূপণ কবা গেলে, যদি উভয় কি একতব পক্ষ সেং দিনে উপস্থিত না হন তবে সেই স্থলের উপলক্ষে ৭ সপ্তম অধ্যাযে যেং প্রথার আজ্ঞা হইল আদালত তাহার কোন এক প্রথামতে মোকদ্দমা নিষ্পত্তি কবিতে প্রবর্ত্ত হইবেন, কিম্বা অন্য যে আজ্ঞা কবা বিহিত জ্ঞান করেন করিতে পারিবেন ইতি।

উভয় পক্ষ নিরূপিত দিনে না আইলে কার্য্যপ্রণালীর কথা।

১৫৮ ধারা। মোকদ্দমাব কোন পক্ষকে অবকাশ দেওযা গেলেও যদি তিনি আপনার প্রমাণ উপস্থিত কবিতে কিম্বা আপন সাক্ষিদিগকে উপস্থিত করাইতে, কিম্বা মোকদ্দমা চালাইবার আবশ্যক অন্য যে কর্ম্মেব নিমিত্ত অবকাশ দেওযা গেল সেই কর্ম্ম কবিতে ত্রূটি কবেন তবে ঐ ত্রূটি হইলেও আদালত অগৌণে মোকদ্দমা নিষ্পত্তি করিতে প্রবর্ত্ত হইতে পারিবেন ইতি।

কোন এক পক্ষ প্রমাণ উপস্থিত না করিলেও আদালতের কার্য্যানুষ্ঠান কবিতে পারিবাব কথা।

১৪ চতুর্দ্দশ অধ্যায।

সাক্ষিদিগকে সমনকরণ ও তাঁহাদের উপস্থিত হওন বিষয়ক বিধি।

১৫৯ ধারা। যদি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন দেওয়া গিযা থাকে তবে প্রতিবাদিকে দিবার জন্যে সমন বাহির কবা গেলে পর

প্রমাণ দিবার কি দলীল দেখাইবার নিমিত্ত উপস্থিত হইবার সমনেব কথা।

কিম্বা প্রতিবাদির নামে যে সমন দেওয়া যায তাহা যদি কেবল ইস্যু ধার্য্য করিবার নিমিত্ত হয় তবে ইস্যু লিপিবদ্ধ করা গেলে পর,

মোকদ্দমা উক্ত প্রকারে নিষ্পত্তি করিবার কিম্বা বিষয়বিশেষে ইস্যু ধার্য্য করিবার নিরূপিত দিনের পূর্ব্বে, উভয় পক্ষ আদালতে কিম্বা এতৎকার্য্যপক্ষে আদালতের নিযুক্ত কার্য্যকারকের নিকটে প্রার্থনা করিয়া সাক্ষ্য দিবার কিম্বা দলীল দেখাইবার জন্যে যে ব্যক্তিদের উপস্থিত হওয়া আবশ্যক তাঁহাদের নামে সমন পাইতে পারিবেন ইতি।

160 The person applying for a summons shall pay into Court such a sum of money as appears to the Court to be sufficient to defray the travelling and other expenses of the person summoned in passing to and from the court in which he is required to attend, and for one day's attendance

Expenses of witnesses to be paid into Court on applying for summons

১৬০ ধারা। যে ব্যক্তির নামে সমন দেওয়া যায় তাঁহার যে আদালতে উপস্থিত হইতে হইবে পথ প্রভৃতির খরচ বলিয়া তাঁহার সেই আদালতে আসিতে ও তথাহইতে ফিরিয়া যাইতে ও এক দিন উপস্থিত থাকিতে আদালত যত টাকা সঙ্গত বোধ করেন, যে ব্যক্তি সমন প্রার্থনা করেন আদালতে তাঁহার তত টাকা দিতে হইবে।

সমন প্রার্থনা করিবার সময়ে সাক্ষিদের খরচ আদালতে দিতে হইবার কথা।

If the Court be subordinate to a High Court, regard shall be had in fixing the scale of such expenses to the rules (if any) laid down by competent authority

Scale of expenses

আদালত হাই কোর্টের অধীন আদালত হইলে যখন খরচের হার নিরূপণ করেন তখন তদ্বিষয়ের কোন বিধি উপযুক্ত ক্ষমতাক্রমে নির্দ্ধার্য্য হইয়া থাকিলে সেই বিধি মানিয়া ঐ খরচ ধার্য্য হইবে ইতি।

খরচার ফর্দ্দের কথা।

161 The sum so paid into Court shall be tendered to the person summoned at the time of serving the summons if it can be served personally

Tender of expenses to witness

১৬১ ধারা। যাহার নামে সমন দেওয়া যায় নিজ তাঁহাকেই সমন দেওয়া যাইতে পারিলে খরচের যে টাকা উক্ত প্রকারে আদালতে দেওয়া যায় সমন দিবার সময়ে তাঁহাকে সেই টাকাও দেওয়া যাইবে ইতি।

সাক্ষিদিগকে খরচ দিবার প্রস্তাবের কথা।

162 If it appear to the Court or to such officer as it appoints in this behalf that the sum paid into Court is not sufficient to cover such expenses the Court may direct such further sum to be paid to the person summoned as appears to be necessary on that account and in case of default in payment, may order such sum to be levied by attachment and sale of the moveable property of the person obtaining the summons or the Court may discharge the person summoned without requiring him to give evidence

Procedure where insufficient sum paid in

১৬২ ধারা। যে টাকা আদালতে দেওয়া গেল তাহা উক্ত খরচের নিমিত্ত কুলায় না আদালত কিম্বা এতৎকার্য্যার্থে আদালতের নিযুক্ত কর্ম্মকারক এমত বোধ করিলে তজ্জন্যে আর যত টাকা আবশ্যক বোধ হয় আদালত সমন করা ব্যক্তিকে আর তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। সেই টাকা না দেওয়া গেলে যে ব্যক্তি সমন বাহির করিলেন আদালত তাঁহার অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় করিবার আজ্ঞা করিতে পারিবেন অথবা সমন করা ঐ ব্যক্তিকে সাক্ষ্য দিবার আদেশ না করিয়া বিদায় করিয়া দিতে পারিবেন।

যত টাকা দেওয়া গেল তাহাতে না কুলাইলে কার্য্য প্রণালীর কথা।

If it be necessary to detain the person summoned for a longer period than one day the Court may from time to time order the party at whose instance he was summoned to pay into Court such sum as is sufficient to defray the expenses of his detention for such further period and in default of such deposit being made may order such sum to be levied by attachment and sale of the moveable property of the party at whose instance he was summoned or the Court may discharge the persons summoned without requiring him to give evidence

Expenses if witness detained more than one day

যে ব্যক্তির নামে সমন দেওয়া গেল, তাঁহাকে এক দিনের অধিক রাখিবার আবশ্যক হইলে, সেই অধিক কাল রাখিবার খরচের নিমিত্ত যত টাকায় কুলায় যাহার অনুরোধে তাঁহাকে সমন করা গেল আদালত তাঁহাকে সময়ের আদালতে তত টাকা দিতে আজ্ঞা করিবেন ও সেই টাকা আমানৎ করা না গেলে তাঁহার অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিয়া ঐ টাকা আদায় করিবার আজ্ঞা করিতে পারিবেন, অথবা আদালত ঐ সমন করা ব্যক্তির সাক্ষ্য দিবার আদেশ না করিয়া তাঁহাকে বিদায় করিয়া দিতে পারিবেন ইতি।

সাক্ষির এক দিনের অধিক থাকিতে হইলে তাহার খরচের কথা।

163 Every summons for the attendance of a person to give evidence or produce a document shall specify the time and place at which he is required to attend, and also whether his attendance is required for the purpose of giving evidence or to produce a document, or for both

Time, place, and purpose of attendance to be specified in summons

১৬৩ ধারা। সাক্ষ্য দিবার কি দলীল দেখাইবার জন্যে কোন ব্যক্তির উপস্থিত হইবার যে সমন দেওয়া যায়, যে সময়ে যে স্থানে ও যে কারণে অর্থাৎ সাক্ষ্য দিবার কি দলীল দেখাইবার জন্যে কি উভয় কারণে তাঁহার উপস্থিত হও-

যে সময়ে যে স্থানে যে কারণে উপস্থিত হইতে হইবে সমনে এই২ কথা বিশেষ করিয়া লিখিবার কথা।

purposes, and any particular document which the person summoned is called on to produce shall be described in the summons with reasonable accuracy

য়ার প্রয়োজন আছে সমনে এই২ কথা বিশেষ করিয়া লিখিতে হইবে। ও যাহার নামে সমন দেওয়া যায় তাঁহার প্রতি বিশেষ কোন দলীল দেখাইতে আজ্ঞা হইলে সমনে সেই দলীলের সঙ্গতরূপে ঠিক বর্ণনা লেখা যাইবে ইতি।

Summons to produce document

164 Any person may be summoned to produce a document, without being summoned to give evidence, and any person summoned merely to produce a document shall be deemed to have complied with the summons if he cause such document to be produced instead of attending personally to produce the same

দলীল উপস্থিত করিবার সমনের কথা।

১৬৪ ধারা। কোন ব্যক্তির নামে সাক্ষ্য দিবার জন্যে সমন না হইয়া দলীল দেখাইবার জন্যে সমন করা যাইতে পারিবে। আরও কোন ব্যক্তির নামে কেবল দলীল দেখাইবার জন্যে সমন করা গেলে তিনি ঐ দলীল দেখাইবার নিমিত্ত স্বয় উপস্থিত না হইয়া অন্যদ্বারা উপস্থিত করাইলে সমনমতে কার্য্য করিলেন বলিয়া জ্ঞান হইবে ইতি।

Power to require persons present in Court to give evidence

165 Any person present in court may be required by the Court to give evidence or to produce any document then and there in his actual possession or power

কোন ব্যক্তি আদালতে থাকিলে তাহার প্রতি সাক্ষ্য দিবার আদেশ হইতে পারিবার কথা।

১৬৫ ধারা। আদালতে উপস্থিত কোন ব্যক্তির প্রতি আদালত সাক্ষ্য দিবার ও তৎকালে তৎস্থানে তাঁহার নিকট কি তাঁহার নিজ অধিকারগত দলীল দেখাইবার আদেশ করিতে পারিবেন ইতি।

Service of Summons on Persons required to give Evidence or produce Documents

সাক্ষ্য দিবার কি দলীল দেখাইবার জন্যে যে ব্যক্তিদের প্রয়োজন থাকে তাঁহাদের নামে সমন দেওন বিষয়ক বিধি।

Summons how served

166 Every summons to a person to give evidence or produce a document shall be served as nearly as may be in manner hereinbefore prescribed for the service of summons on the defendant and the rules contained in Chapter VI as to proof of service shall apply in the case of all summonses served under this section

সমন যে প্রকারে দেওয়া যাইবে তাহার কথা।

১৬৬ ধারা। এই আইনের পূর্ব্ব ভাগে প্রতিবাদির নামে সমন দিবার যে বিধি নিদ্ধারিত হইল কোন ব্যক্তির নামে সাক্ষ্য দিবার কি দলীল দেখাইবার সমন যত দূর হইতে পারে সেই বিধিমতে দেওয়া যাইবে। ও ৬ অধ্যায়ে সমন জারী হওয়ার প্রমাণ বিষয়ক যে বিধি আছে তাহা এই ধারামতে জারী করা সকল সমনের প্রতি খাটিবে ইতি।

Time for serving summons

167 The service shall in all cases be made a sufficient time before the time specified in the summons for the attendance of the person summoned, to allow him a reasonable time for preparation and for travelling to the place at which his attendance is required

সমন দিবার সময়ের কথা।

১৬৭ ধারা। যে ব্যক্তির নামে সমন দেওয়া যায় তাঁহার যে স্থানে উপস্থিত হইতে হইবে তিনি প্রস্তুত হইয়া সমনে তাঁহার উপস্থিত হইবার নিদ্ধারিত সময়ে সেই স্থানে যাইবার যুক্তিসঙ্গত অবকাশ পান, সর্ব্বদা এমত সময় থাকিতে ঐ সমন দেওয়া যাইবে ইতি।

Attachment of property of absconding witness

168 If the serving officer certify to the Court that the summons for the attendance of a person, either to give evidence or to produce a document, cannot be served, the Court shall examine the serving officer on oath touching the non service

সাক্ষী পলাইলে তাহার সম্পত্তি ক্রোক করিবার কথা।

১৬৮ ধারা। সাক্ষ্য দিবার কিম্বা দলীল দেখাইবার জন্যে কোন ব্যক্তির নামে উপস্থিত হইবার যে সমন দেওয়া যায় তাহা তাঁহাকে দেওয়া যাইতে পারিল না, সমন জারীর আমলা আদালতে এই কথা সার্টিফিকেটমতে জানাইলে আদালত সমন জারী না হওন বিষয়ে শপথপূর্ব্বক ঐ আমলার সাক্ষ্য লইবেন।

and upon being satisfied that such evidence or production is material, and that the person for whose attendance the summons has been issued is absconding or keeping out of the way for the purpose of avoiding the service of the summons, may cause a proclamation requiring him to attend

এবং সেই ব্যক্তির সাক্ষ্য কিম্বা সেই দলীল উপস্থিত করা গুরুতর বিষয়, ও যে ব্যক্তির নামে উপস্থিত হইবার সমন দেওয় গেল তাঁহাকে সমন দেওয়া যাইতে না পারে এই কারণে ঐ ব্যক্তি পলায়ন করিয়াছেন কিম্বা নিরুদ্দেশ হইয়াছেন, আদালত ইহা যথোধমতে জানিলে, ঘোষণাপত্র প্রচার করিয়া তাঁহার প্রতি সাক্ষ্য

to give evidence, or produce the document, at a time and place to be named therein

দিবার কিম্বা দলীল দেখাইবার জন্যে সেই পত্রের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন।

and a copy of such proclamation shall be affixed on some conspicuous place of the house in which he is dwelling

এবং ঐ ব্যক্তি যে ঘরে বাস করেন সেই ঘরের কোন প্রকাশস্থানে ঐ ঘোষণাপত্রের নকল লাগাইয়া দেওয়া যাইবে।

If he does not attend at the time and place named in such proclamation, the Court may in its discretion, at the instance of the party on whose application the summons was issued, make an order for the attachment of the property of the person whose attendance is required, to such amount as the Court thinks fit not exceeding the amount of the costs of attachment and of the fine which may be imposed under section 170

তিনি ঐ ঘোষণাপত্রের উল্লিখিত সময়ে ও স্থানে উপস্থিত না হইলে তাঁহার সম্পত্তি ক্রোক করিতে যত টাকা খরচা লাগে এবং ১৭০ ধারার বিধান মতে তাঁহার যত টাকা অর্থদণ্ড হইতে পারে আদালত তাহার অনধিক যত টাকা যুক্তিসঙ্গত বোধ করেন, যে পক্ষের অনুরোধে সমন বাহির হইল তাঁহার প্রার্থনানুসারে স্বীয় বিবেচনামতে ঐ ব্যক্তির তত টাকার সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা দিতে পারিবেন।

Provided that no Court of Small Causes shall make an order for the attachment of immoveable property

কিন্তু ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালত স্থাবর সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা করিবেন না ইতি।

If witness appears attachment may be withdrawn

169 If on the attachment of his property such person appears and satisfies the Court that he did not abscond or keep out of the way to avoid service of the summons and that he had not notice of the proclamation in time to attend at the time and place named therein the Court shall direct that the property be released from attachment and shall make such order as to the costs of the attachment as it thinks fit

সাক্ষী উপস্থিত হইলে ক্রোক উঠাইয়া দিবার কথা।

১৬৯ ধারা। ঐ ব্যক্তির সম্পত্তি ক্রোক করা গেলে যদি তিনি উপস্থিত হন এবং তাঁহাকে সমন দেওয়া যাইতে না পারে এই উদ্দেশে তিনি পলায়ন করেন নাই কি নিরুদ্দেশ হন নাই এবং যাহাতে ঘোষণাপত্রের উল্লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইতে পারেন এমত সময় থাকিতে ঐ ঘোষণাপত্রের নোটিস পান নাই এই সকল বিষয়ে যদি আদালতের হৃদ্বোধ জন্মাইয়া দেন, তবে আদালত তাঁহার সম্পত্তির উপর ঐ ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞা করিয়া ক্রোক করিবার খরচার বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

Procedure if witness fails to appear

170 If such person does not appear or appearing fails to satisfy the Court that he did not abscond or keep out of the way to avoid service of the summons and that he had not notice of the proclamation in time to attend at the time and place named therein, the Court may impose upon him such fine not exceeding five hundred rupees as the Court thinks fit, having regard to his condition in life and all the circumstances of the case, and may order the property attached, or any part thereof, to be sold for the purpose of satisfying all costs incurred in consequence of such attachment, together with the amount of the said fine, if any

সাক্ষী উপস্থিত না হইলে কার্য্যপ্রণালীর কথা।

১৭০ ধারা। সেই ব্যক্তি উপস্থিত না হইলে, কিম্বা হইলেও সমন যেন তাঁহাকে দেওয়া যাইতে না পারে এই কারণে পলায়ন করেন নাই কিম্বা নিরুদ্দেশ হন নাই ও যাহাতে ঘোষণাপত্রের উল্লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইতে পারেন এমত সময় থাকিতে ঐ ঘোষণাপত্রের নোটিস পান নাই এই২ বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মাইতে না পারিলে, আদালত ঐ ব্যক্তির সাংসারিক অবস্থা ও মোকদ্দমার ভাবগতিক বিবেচনায় পাঁচ শত টাকার অনধিক যত টাকা বিহিত বোধ করেন তত টাকা দণ্ড ধার্য্য করিতে পারিবেন, এবং ঐ ক্রোক করাপ্রযুক্ত যত টাকা খরচ হয় তাহা এবং অর্থদণ্ডের আজ্ঞা হইলে ঐ অর্থদণ্ডের টাকা আদায় করিবার জন্যে তাঁহার ক্রোক করা ঐ সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ বিক্রয় করিবার আজ্ঞা দিতে পারিবেন।

Provided that if the person whose attendance is required pays into Court the costs and fine as aforesaid, the Court shall order the property to be released from attachment

কিন্তু যে ব্যক্তির উপস্থিত হওয়ার আজ্ঞা হয়, তিনি উক্ত খরচের ও দণ্ডের টাকা আদালতে দিলে আদালত তাঁহার সম্পত্তির উপর ঐ ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞা করিবেন ইতি।

Attendance of Witnesses and Consequence of Non attendance

সাক্ষিদের উপস্থিত হওন বিষয়ক ও উপস্থিত না হওয়ার ফল বিষয়ক বিধি।

171 Subject to the rules of this Code as to attendance and appearance and to the provisions of the Indian Evidence Act if the Court at any time thinks it necessary to examine any person other than a party to the suit and not named as a witness by a party to the suit the Court may of its own motion cause such person to be summoned as a witness to give evidence or to produce any document in his possession, on a day to be appointed and may examine him as a witness or require him to produce such document

Court may of its own accord summon as witnesses strangers to suit

১৭১ ধারা। যে ব্যক্তি মোকদ্দমার এক পক্ষের অন্তর্গত নহেন ও মোকদ্দমার কোন পক্ষ সাক্ষী বলিয়া যাহার নাম দেন নাই আদালত কোন সময়ে এমত কোন ব্যক্তির সাক্ষ্য লওয়া আবশ্যক জ্ঞান করিলে সাক্ষিদের উপস্থিত হওন বিষয়ক এই আইনের বিধি এবং ভারতবর্ষীয় সাক্ষ্য বিষয়ক আইনের বিধান প্রবল মানিয়া দিন নিরূপণ করিয়া আপনার বিবেচনামতে সেই দিনে সাক্ষ্য দিবার জন্যে ও তাঁহার অধিকারগত দলীল আনিয়া দেখাইবার জন্য তাঁহার নামে সাক্ষিস্বরূপ সমন দেওয়াইতে পারিবেন ও সাক্ষী বলিয়া তাঁহার সাক্ষ্য লইতে কিম্বা তাঁহাকে সেই দলীল দেখাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

মোকদ্দমার নিঃসম্পর্ক ব্যক্তিদিগকে আদালতের সাক্ষিস্বরূপ সমন করাইতে পারিবার কথা।

172 Subject as last aforesaid whoever is summoned to appear and give evidence in a suit must attend at the time and place named in the summons for that purpose and whoever is summoned to produce a document must either attend to produce it or cause it to be produced at such time and place

Persons summoned to give evidence must attend

১৭২ ধারা। পূর্ব্বোক্ত বিধান প্রবল মানিয়া মোকদ্দমায় উপস্থিত হইয়া সাক্ষ্য দিবার জন্যে কোন ব্যক্তির নামে সমন দেওয়া গেলে সমনে যে সময় ও স্থান লেখা থাকে তাঁহার সেই সময়ে ও স্থানে উপস্থিত হইতে হইবে ও দলীল উপস্থিত করিবার জন্যে যে ব্যক্তির নামে সমন দেওয়া যায় সেই সময়ে ও স্থানে তাঁহার সেই দলীল উপস্থিত করিবার জন্যে স্বয় আসিতে হইবে কিম্বা দলীল উপস্থিত করাইবেন ইতি।

কোন ব্যক্তিকে সাক্ষ্য দিবার জন্যে সমন করা গেলে তাঁহার আসিতে হইবার কথা।

173 No person so summoned and attending shall depart unless and until (*a*) he has been examined or has produced the document and the Court has risen or (*b*) he has obtained the Court's leave to depart

When they may depart

১৭৩ ধারা। যে ব্যক্তির নামে তদ্রূপে সমন দেওয়া যায় তিনি উপস্থিত হইলে (ক) তাঁহার সাক্ষ্য লওয়া গেলে বা তিনি দলীল উপস্থিত না করিলে ও আদালত ভঙ্গ না হইলে কিম্বা (খ) আদালতের স্থানে চলিয়া যাইবার অনুমতি না পাইলে তিনি চলিয়া যাইবেন না ইতি।

যে সময়ে চলিয়া যাইতে পারিবেন তাহার কথা।

174 If any person on whom a summons to give evidence or produce a document has been served fail to comply with the summons or if any person so summoned and attending departs in contravention of section 173, the Court may order him to be arrested and brought before the Court

Consequences of non attendance

১৭৪ ধারা। সাক্ষ্য দিবার কিম্বা দলীল আনিয়া দেখাইবার জন্যে কোন ব্যক্তির নামে সমন দেওয়া গেলে পর, সেই ব্যক্তি যদি সমনমতে কার্য্য না করেন কিম্বা যাহার নামে তদ্রূপ সমন দেওয়া যায় তিনি উপস্থিত হইয়া যদি ১৭৩ ধারার বিধানের বিপরীতক্রমে চলিয়া যান তবে আদালত তাঁহাকে ধরিয়া আদালতের সম্মুখে আনাইবার আজ্ঞা করিতে পারিবেন।

সাক্ষির উপস্থিত না হওয়ার ফলের কথা।

Provided that no such order shall be made when the Court has reason to believe that the person so failing had a lawful excuse for such failure

কিন্তু যে ব্যক্তি পূর্ব্বোক্তমতে ত্রুটি করেন তাঁহার সেই ত্রুটির উপযুক্ত কারণ ছিল আদালতের এইরূপ জ্ঞান করিবার কারণ থাকিলে, উক্ত প্রকারের আজ্ঞা করা যাইবে না।

When any person so brought before the Court fails to satisfy it that he had a lawful excuse for not complying with the summons, the Court may sentence him to fine not exceeding five hundred rupees

কোন ব্যক্তিকে পূর্ব্বোক্তমতে আদালতের সম্মুখে আনা গেলে, তাঁহার সমন অনুযায়ি কার্য্য না করিবার উপযুক্ত কারণ ছিল এই বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মাইতে না পারিলে, আদালত তাঁহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

Explanation —Non payment or non tender of a reasonable sum for expenses shall be deemed a lawful excuse within the meaning of this section

ব্যাখ্যা।—খরচের সঙ্গত টাকা না দেওয়া বা দিবার প্রস্তাব না করা এই ধারার মর্ম্মানুযায়ি উপযুক্ত কারণ বলিয়া জ্ঞান হইবে।

Consequences of refusal to give evidence or produce documents

If any person so apprehended and brought before the Court cannot owing to the absence of the parties or any of them give the evidence or produce the document which he has been summoned to give or produce the Court may require him to give reasonable bail for his appearance at such time and place as it thinks fit, and on such bail being given, may release him

সাক্ষ্য দিবার কি দলীল উপস্থিত করিবার অসম্মতির ফলের কথা।

কোন ব্যক্তিকে পূর্ব্বোক্তমতে ধরিয়া আদালতের সম্মুখে আনা গেলে পর তাঁহার নামে যে সাক্ষ্য দিবার কি যে দলীল উপস্থিত করিবার সমন দেওয়া গেল উভয় পক্ষের কিম্বা কোন পক্ষের উপস্থিত না হওয়াপ্রযুক্ত যদি তিনি ঐ সাক্ষ্য দিতে কি ঐ দলীল উপস্থিত করিতে না পারেন, তবে আদালত যে সময় ও স্থান উচিত বোধ করেন তৎসময়ে তৎস্থানে তাঁহার উপস্থিত হওয়ার হাজিরজামিন দিতে আজ্ঞা করিতে পারিবেন ও সেই হাজিরজামিন দিলে তাঁহাকে মুক্ত করিতে পারিবেন ইতি।

Procedure when witness absconds

175 If any person so failing to comply with a summons absconds or keeps out of the way so that he cannot be apprehended and brought before the Court, the provisions of sections 168, 169, and 170 shall, *mutatis mutandis* apply

সাক্ষী পলায়ন করিলে কার্য্যপ্রণালীর কথা।

৭৫ ধারা। কোন ব্যক্তি উক্ত প্রকারে সমনঅনুযায়ি কার্য্য না করিয়া পলায়ন করাতে কি নিরুদ্দেশ হওয়াতে যদি তাঁহাকে ধরিয়া আদালতের সম্মুখে আনা যাইতে না পারে, তবে ১৬৮ ১৬৯ ও ১৭০ ধারার বিধানের কথা প্রয়োজনমতে পরিবর্ত্তন করিলে উক্ত স্থলে ঐ২ বিধান বর্ত্তিবে ইতি।

Consequence of refusal of party to give evidence when called on by the Court

176 If any party present in Court refuses, without lawful excuse when required by the Court to give evidence, or to produce such documents then and there in his actual possession or power, the Court may in its discretion either pass a decree against him or make such other order in relation to the suit as the Court thinks fit

আদালতের আজ্ঞা হইলেও কোন পক্ষের অসম্মত হওয়ার ফলের কথা।

১৭৬ ধারা। কোন পক্ষ আদালতে উপস্থিত থাকিলেও আদালত তাঁহাকে সাক্ষ্য দিতে কিম্বা তৎকালে তাঁহার নিকট কি অধিকারগত দলীল দেখাইতে আদেশ করিলেও তিনি বৈধ কোন কারণ বিনা সম্মত না হইলে, আদালত স্বীয় বিবেচনামতে তাঁহার বিপক্ষে ডিক্রী করিতে পারিবেন কিম্বা মোকদ্দমাসম্পর্কীয় অন্য যে আজ্ঞা উচিত জ্ঞান করেন করিতে পারিবেন।

Nothing in this section enables the Court to decree a claim which on the face of the record is not warranted by law

কাগজপত্রের অভিমুখে যে দাওয়ার ডিক্রীকরা আইন অনুযায়ি নয় এই ধারার কোন কথাক্রমে আদালতের এমত ডিক্রী করিবার ক্ষমতা নাই।

Explanation — "Lawful excuse" means in this section such an excuse as, under the Indian Evidence Act, 1872 justifies a refusal to give the evidence or produce the document required

ব্যাখ্যা।—ভারতবর্ষীয় সাক্ষ্যবিষয়ক ৮৭২ সালের আইনমতে যে কারণ থাকিলে আদেশমতে সাক্ষ্য দিতে কি দলীল দেখাইতে অসম্মত হইলেও ব্যক্তি নির্দ্দোষী হয়, এই ধারায় 'বৈধ কারণ' শব্দে সেই প্রকারের কারণ জানিতে হইবে ইতি।

Person summoned to attend in person if so required

177 No one shall be bound to attend in person to give evidence in Court unless he resides—

(*a*) within the local limits of its ordinary original jurisdiction, or

(*b*) without such limits and at a place less than fifty or (where there is railway communication between the place where he resides and the place where the Court is situate) two hundred miles distant from the Court-house

কোন ব্যক্তির নামে স্বয়ং উপস্থিত হইবার সমন দিবার কথা।

১৭৭ ধারা। (ক) মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে আদালতের সাধারণ ক্ষমতা যে সীমাপর্য্যন্ত ব্যাপ্ত হয় কোন ব্যক্তি সেই সীমার মধ্যে বাস না করিলে, কিম্বা

(খ) সেই সীমার বহির্ভূত স্থানে কিন্তু আদালত ঘরহইতে পঞ্চাশ মাইলের মধ্যে বাস না করিলে, কিম্বা আদালত যে স্থানে থাকে সেই স্থানের ও তাঁহার বাসস্থানের মধ্যে রেলপথদ্বারা গমনাগমন হইতে পারিলে ঐ আদালত ঘরহইতে দুই শত মাইলের মধ্যে বাস না করিলে, তিনি সেই আদালতে সাক্ষ্য দিবার জন্যে স্বয়ং যাইতে বদ্ধ নহেন ইতি।

178 Whenever any party to a suit is required to give evidence or to produce a document the rules as to witnesses contained in this Code shall apply to him so far as they are applicable

Rules as to witnesses to apply to parties summoned

১৭৮ ধারা। মোকদ্দমার কোন পক্ষকে সাক্ষ্য দিতে কিম্বা দলীল উপস্থিত করিতে আজ্ঞা করা গেলে এই আইনে সাক্ষিদের বিষয়ে যে বিধি আছে তাহা যত দূর খাটিতে পারে ঐ পক্ষের প্রতি খাটিবে ইতি।

মোকদ্দমার কোন পক্ষকে সমন করা গেলে সাক্ষিবিষয়ক বিধি খাটিবার কথা।

CHAPTER XV

Of the Hearing of the Suit and Examination of Witnesses

Proceedings on the Hearing

179 On the day fixed for the hearing of the suit or on any other day to which the hearing is adjourned the party having the right to begin shall state his case and produce his evidence in support of the issues which he is bound to prove

Statement and production of evidence by party having right to begin

Explanation —The plaintiff has the right to begin unless where the defendant admits the facts alleged by the plaintiff and contends that on those facts the plaintiff is not entitled to any part of the relief which he seeks in which case the defendant has the right to begin

Rules as to right to begin

180 The other party shall then state his case and produce his evidence (if any)

Statement and production of evidence by other party

The party beginning is then entitled to reply

Reply by party beginning

Where there are several issues the burden of proving some of which lies on the other party the party beginning may, at his option either produce his evidence on those issues or reserve it by way of answer to the evidence produced by the other party In the latter case the party beginning may produce fresh evidence on those issues after the other party has produced all his evidence and the other party may then reply specially on such fresh evidence but the party beginning will then be entitled to reply generally on the whole case

181 The evidence of the witnesses in attendance shall be taken orally in open court in the presence and hearing, and under the personal direction and superintendence of the Judge

Witnesses to be examined in open court

১৫ পঞ্চদশ অধ্যায়।

মোকদ্দমার শ্রবণ ও সাক্ষিদের সাক্ষ্য লওনবিষয়ক বিধি।

শ্রবণকালীন আনুষ্ঠানিক কার্য্যের কথা।

১৭৯ ধারা। মোকদ্দমা শুনিবার নির্দ্ধারিত দিনে কিম্বা অন্য দিনপর্য্যন্ত মোকদ্দমা শ্রবণের কার্য্য স্থগিত থাকিলে সেই দিনে যে পক্ষের আরম্ভ করিবার স্বত্ব থাকে তিনি স্বপক্ষীয় কথা জানাইবেন ও যেং ইস্যুর প্রমাণ করিতে হইবে তাহার পোষকতার্থে প্রমাণ উপস্থিত করিবেন।

যে পক্ষের আরম্ভ করিবার স্বত্ব থাকে তাহার বর্ণনাপত্র ও সাক্ষ্য উপস্থিত করণের কথা।

ব্যাখ্যা —বাদির আরম্ভ করিবার স্বত্ব আছে। কিন্তু প্রতিবাদি বাদির কথিত বৃত্তান্ত স্বীকার করিলে এবং বাদী যে উপকার প্রার্থনা করেন ঐ বৃত্তান্তমতে তাঁহার সেই উপকারের কোন অংশ পাইবার অধিকার নাই এইরূপ বিতণ্ডা করিলে প্রতিবাদির আরম্ভ করিবার স্বত্ব থাকিবে ইতি।

আরম্ভ করিবার স্বত্ববিষয়ক বিধি।

১৮০ ধারা। পরে অন্য পক্ষ স্বপক্ষীয় মোকদ্দমার বর্ণনা করিয়া প্রমাণ থাকিলে প্রমাণ উপস্থিত করিবেন।

অন্য পক্ষের বর্ণনার ও সাক্ষ্য উপস্থিত করণের কথা।

যে ব্যক্তি আরম্ভ করিলেন তিনি তৎপরে প্রত্যুত্তর করিতে স্বত্ববান।

যে ব্যক্তি আরম্ভ করেন তাঁহার উত্তরের কথা

অনেক ইস্যু থাকিলে, ও মধ্যে কএক ইস্যুর প্রমাণ করিবার ভার অন্য পক্ষের প্রতি অর্পিলে, যে ব্যক্তি আরম্ভ করেন তিনি আপন ইচ্ছামতে ঐং ইস্যুর উপর আপনার প্রমাণ দেখাইতে পারিবেন কিম্বা অন্য পক্ষ যে প্রমাণ দেখান তাহার উত্তরস্বরূপে ঐ প্রমাণ দেখাইতে পারিবেন। শেষোক্ত স্থলে অন্য পক্ষ সকল প্রমাণ উপস্থিত করিলে পর যিনি আরম্ভ করিলেন তিনি ঐং ইস্যুর উপর নূতন প্রমাণ দেখাইতে পারিবেন, পরে অন্য পক্ষ ঐ নূতন প্রমাণের বিশেষ উত্তর দিতে পারিবেন। কিন্তু যিনি আরম্ভ করিলেন তৎপরে সম্পূর্ণ মোকদ্দমার বিষয়ে তাঁহার সাধারণ উত্তর দিবার স্বত্ব থাকিবে ইতি।

১৮১ ধারা। যত জন সাক্ষী উপস্থিত থাকেন, মুক্তদ্বার আদালতে বিচারপতির সাক্ষাতে ও শ্রুতি গোচরে ও তাঁহার নিজ আদেশমতে ও তত্ত্বাধীনে তাঁহাদের বাচনিক সাক্ষ্য লওয়া যাইবে ইতি।

খোলা কাছারীতে সাক্ষিদের সাক্ষ্য লইবার কথা।

182 In cases in which an appeal is allowed, the evidence of each witness shall be taken down in writing in the language of the Court, by or in the presence and under the personal direction and superintendence of the Judge, not ordinarily in the form of question and answer but in that of a narrative and, when completed shall be read over in the presence of the Judge and of the witness, and also in the presence of the parties or their pleaders, and shall, if necessary be corrected and shall be signed by the Judge

How evidence shall be taken in appealable cases

১৮২ ধারা। যে মোকদ্দমায় আপীল হইবার অনুমতি থাকে, সেই মোকদ্দমায় আদালতের চলিত ভাষায় বিচারপতির দ্বারা কিম্বা তাঁহার সাক্ষাতে ও তাঁহার নিজ আদেশমতে ও তত্ত্বাধীনে প্রত্যেক জন সাক্ষির সাক্ষ্য সচরাচর প্রশ্নোত্তরের মত না হইয়া বৃত্তান্তভাবে লিখিয়া লওয়া যাইবে। ও সমাপ্ত হইলে বিচারপতির ও সাক্ষির সাক্ষাৎ এবং উভয় পক্ষের কিম্বা তাঁহাদের উকীলদের সাক্ষাৎ পাঠ করা যাইবে ও প্রয়োজন হইলে সংশোধন করা যাইবে ও বিচারপতি তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

মোকদ্দমায় আপীল হইতে পারিলে সাক্ষ্য লইবার কথা।

183 In cases in which the evidence is not taken down in writing by the Judge he shall be bound as the examination of each witness proceeds, to make a memorandum of the substance of what each witness deposes and such memorandum shall be written and signed by the Judge with his own hand and shall form part of the record

Memorandum when evidence is not taken down by Judge

১৮৩ ধারা। বিচারপতি আপনি যে স্থলে সাক্ষ্য লিখিয়া না লন, সেই স্থলে একং জন সাক্ষির সাক্ষ্য লওন সময়ে একং জনের সাক্ষ্যের মর্ম্ম তাঁহার লিখিয়া লইতেই হইবে। বিচারপতি স্বহস্তে ঐ মর্ম্মাত্মক কথা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ও তাহা মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে ইতি।

বিচারকর্ত্তা সাক্ষ্য না লিখিলে সার কথা লিখিবার কথা।

184 Notwithstanding anything contained in section 182 the Local Government may by notification in the official Gazette permit the evidence of witnesses in any Court or class of Courts to be taken down by the Judge with his own hand in English and may withdraw such permission

and any Judge may take down the evidence with his own hand in English if the parties to the suit who appear in person and the pleaders of such as appear by pleaders do not object

Local Government may direct evidence to be taken by Judge with his own hand

১৮৪ ধারা। ১৮২ ধারায় প্রকারান্তরের কথা থাকিলেও কোন আদালতের কিম্বা কোন শ্রেণীর আদালতের বিচারপতি যেন ইঙ্গরেজী ভাষায় স্বহস্তেই সাক্ষিদের সাক্ষ্য লিখিয়া লন, স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এমত অনুমতি দিতে পারিবেন ও সেই অনুমতি রহিতও করিতে পারিবেন।

ও মোকদ্দমার যেং পক্ষ স্বয়ং উপস্থিত হন তাঁহারা এবং উকীলদের দ্বারা যাহারা উপস্থিত হন তাঁহাদের উকীলেরা আপত্তি না করিলে কোন বিচারপতি ইঙ্গরেজী ভাষায় স্বহস্তে সাক্ষ্য লিখিয়া লইতে পারিবেন ইতি।

বিচারপতি স্বহস্তে সাক্ষ্য লিখিয়া লন স্থানীয় গবর্ণমেণ্টের এই আজ্ঞা করিতে পারিবার কথা।

185 If the evidence is taken down in a language different from that in which it was given and the witness does not understand the language in which it is taken down the evidence as taken down in writing shall be interpreted to him in the language in which it was given

When witness may require his deposition to be interpreted

১৮৫ ধারা। সাক্ষ্য যে ভাষায় দেওয়া গেল তদ্ভিন্ন কোন ভাষায় লিখিয়া লওয়া গেলে ও যে ভাষায় লিখিয়া লওয়া গেল সাক্ষী সেই ভাষা বুঝিতে না পারিলে, যে ভাষায় সাক্ষ্য দিলেন ঐ লিখিত সাক্ষ্য সেই ভাষায় তাঁহাকে বুঝাইয়া দেওয়া যাইবে ইতি।

যে স্থলে সাক্ষী আপন সাক্ষ্য বুঝাইয়া দিবার আদেশ করিতে পারেন তাহার কথা।

186 The Court may of its own motion or on the application of any party or his pleader take down, or cause to be taken down, any particular question and answer, or any objection to any question, if there appear any special reason for so doing

Any particular question and answer may be taken down

১৮৬ ধারা। বিশেষ কোন প্রশ্ন ও উত্তর ও প্রশ্নের কোন আপত্তি লিখিয়া লইবার কোন বিশেষ কারণ দৃষ্ট হইলে আদালত আপনার বিবেচনামতে কিম্বা কোন পক্ষের কি তাঁহার উকীলের প্রার্থনামতে তাহা লিখিয়া কি লেখাইয়া লইতে পারিবেন ইতি।

বিশেষ প্রশ্ন ও উত্তর লিখিয়া লইতে পারিবার কথা।

187 If any question put to a witness be objected to by a party or his pleader and the Court allows the same to be put, the Judge shall take down the question, the answer, the objection and the name

Questions objected to

১৮৭ ধারা। সাক্ষির নিকট যে প্রশ্ন করা যায় কোন পক্ষ কি তাঁহার উকীল তদ্বিষয়ে আপত্তি করিলে ও আদালত সেই প্রশ্ন করিবার অনুমতি দিলে, ঐ প্রশ্ন ও উত্তর ও সেই আপত্তি, ও যে

প্রশ্নের আপত্তি হইলে তাহার কথা।

of the person making it, together with the decision of the Court upon the objection

ব্যক্তি আপত্তি করিলেন তাঁহার নাম, ও আপত্তির বিষয়ে আদালত যাহা নির্ণয় করেন তাহা লিখিয়া লইবেন ইতি।

188 The Court may record such remarks as it thinks material respecting the demeanour of any witness while under examination

Remarks on demeanour of witnesses

১৮৮ ধারা। সাক্ষ্য দিবার সময়ে কোন সাক্ষির যেরূপ আচরণ হয় আদালত তদ্বিষয়ের কোন কথা গুরুতর জ্ঞান করিলে তাহাও লিখিয়া রাখিতে পারিবেন ইতি।

সাক্ষিদের আচরণ বিষয়ের মন্তব্য কথা।

189 In cases in which an appeal is not allowed it shall not be necessary to take down the evidence of the witnesses in writing at length but the Judge as the examination of each witness proceeds shall make a memorandum of the substance of what he deposes and such memorandum shall be written and signed by the Judge with his own hand and shall form part of the record

Memorandum of evidence in unappealable cases

১৮৯ ধারা। যে মোকদ্দমায় আপীল হইবার অনুমতি নাই, সেই মোকদ্দমায় সাক্ষিদের সাক্ষ্য বিস্তারিত রূপে লিখিয়া লওয়ার আবশ্যক নাই। কিন্তু এক২ জন সাক্ষির সাক্ষ্য লওন সময়ে বিচারপতি তাঁহার কথার মর্ম্ম লিখিয়া লইবেন। ঐ মর্ম্মাত্মক কথা স্বহস্তে লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ও তাহা মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে ইতি।

যে মোকদ্দমায় আপীল নাই সেই মোকদ্দমায় সাক্ষ্যের মর্ম্ম লিখিবার কথা।

190 If the Judge be rendered unable to take down evidence or to make a memorandum as above required by this Chapter he shall cause the reason of such inability to be recorded and shall cause the evidence to be taken down or the memorandum to be made in writing from his dictation in open Court

Judge unable to make such memorandum to record reason of his inability

Every memorandum so made shall form part of the record

১৯০ ধারা। বিচারপতি এই অধ্যায়ের পূর্ব্বোক্ত আজ্ঞামতে সাক্ষ্য লিখিয়া লইতে কিম্বা মর্ম্মাত্মক কথা লিখিতে না পারিলে তাঁহার না পারিবার কারণ লিপিবদ্ধ করিতে হইবে। ও তিনি মুক্তদ্বার আদালতে আপনার কথনমতে সেই সাক্ষ্য কিম্বা সেই মর্ম্মাত্মক কথা লেখাইয়া লইবেন।

বিচারপতি সেই মর্ম্মাত্মক কথা লিখিতে না পারিলে তাহার কারণ লিখিবার কথা।

তদ্রূপে লেখা মর্ম্মাত্মকপত্র কাগজপত্রের একাংশ হইবে ইতি।

191 Where the Judge taking down any evidence or causing any memorandum to be made under this Chapter dies or is removed from the Court before the conclusion of the suit his successor may if he thinks fit, deal with such evidence or memorandum as if he himself had taken it down or caused it to be made

Power to deal with evidence taken down by Judge removed before conclusion of suit

১৯১ ধারা। বিচারপতি এই অধ্যায়মতে কোন সাক্ষ্য লিখিয়া লইলে কিম্বা মর্ম্মাত্মকপত্র লেখাইয়া লইলে পর মোকদ্দমার কার্য্য সমাপ্ত না হইতে২ মরিলে কিম্বা আদালতহইতে স্থানান্তরে প্রেরিত হইলে তাঁহার উত্তরপদধারী উচিত বোধ করিলে আপনি যেন সেই সাক্ষ্য কি মর্ম্মাত্মকপত্র লিখিয়া কি লেখাইয়া লইলেন তাহা লইয়া এমত কার্য্য করিতে পারিবেন ইতি।

মোকদ্দমা শেষ হইবার পূর্ব্বে বিচারপতি স্থানান্তরে গেলে ঐ সাক্ষ্য লইয়া যাহা করা যাইতে পারিবে তাহার কথা।

192 If a witness be about to leave the jurisdiction of the Court or if other sufficient cause be shown to the satisfaction of the Court why his evidence should be taken immediately the Court, may, upon the application of either party or of the witness at any time after the institution of the suit, take the evidence of such witness in manner hereinbefore provided

Power to examine witness immediately

Where such evidence is not taken forthwith and in the presence of the parties such notice as the Court thinks sufficient of the day fixed for the examination shall be given to the parties

১৯২ ধারা। সাক্ষী আদালতের এলাকাহইতে চলিয়া যাইতে উদ্যত হইলে, কিম্বা আদালতের হৃদ্বোধমতে তাঁহার সাক্ষ্য অগোণেই লইবার বিশিষ্ট অন্য কারণ থাকিলে, আদালত মোকদ্দমার কোন এক পক্ষের কিম্বা ঐ সাক্ষির প্রার্থনামতে, মোকদ্দমা উপস্থিত করা যাইবার পর কোন সময়ে, পূর্ব্বোক্ত বিধানমতে সেই সাক্ষির সাক্ষ্য লইতে পারিবেন।

অগোণেই সাক্ষির সাক্ষ্য লইতে পারিবার কথা।

ঐ সাক্ষ্য অগোণেই ও উভয় পক্ষের সাক্ষাৎ লওয়া না গেলে, আদালত ঐ সাক্ষ্য লইবার নিরূপিত দিনের যে নোটিস উপযুক্ত বোধ করেন উভয় পক্ষকে এমত নোটিস দেওয়া যাইবে।

The evidence so taken shall be read over to the witness and if he admits it to be correct shall be signed by him and may then be read at any hearing of the suit

তদ্রূপ সাক্ষ্য লিখিয়া দেওয়া গেলে পর সাক্ষির নিকট পাঠ করা যাইবে ও তিনি তাহা ঠিক বলিয়া স্বীকার করিলে তাহাতে স্বাক্ষর করিবেন। পরে মোকদ্দমা শুনিবার কোন সময়ে পাঠ করা যাইতে পারিবে ইতি।

193 The Court may at any stage of the suit recall any witness who has been examined and who has not departed in accordance with section 173 and may (subject to the provisions of the Indian Evidence Act) put such questions to him as the Court thinks fit

Court may recall and examine witness

১৯৩ ধারা। কোন সাক্ষির সাক্ষ্য লওয়া গেলে পর তিনি ১৭৩ ধারার বিধান মতে চলিয়া না গেলে আদালত মোকদ্দমা চলনের কোন সময়েই তাঁহাকে পুনরায় ডাকিয়া আনিয়া (ভারতবর্ষীয় সাক্ষ্য বিষয়ক আইনের বিধান প্রবল মানিয়া) তাঁহার নিকট যে কথা জিজ্ঞাসা করা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

সাক্ষিকে পুনরায় ডাকিয়া তাঁহার সাক্ষ্য লইতে আদালতের ক্ষমতার কথা।

CHAPTER XVI

Of Affidavits

১৬ ষোড়শ অধ্যায়।

আফিডেবিট বিষয়ক বিধি।

194 The Court may at any time for sufficient reason order that any particular fact or facts may be proved by affidavit or that the affidavit of any witness may be read at the hearing on such conditions as the Court thinks reasonable

Power to order any point to be proved by affidavit

১৯৪ ধারা। বিশিষ্ট কারণ থাকিলে আদালত কোন সময়ে আফিডেবিট দ্বারা বিশেষ কোন এক কি কএক বৃত্তান্তের প্রমাণ করিবার কিম্বা আদালত যে নিয়ম সঙ্গত বোধ করেন এমত নিয়ম করিয়া শ্রবণের সময়ে কোন সাক্ষির আফিডেবিট পাঠ হইবার আজ্ঞা করিতে পারিবেন।

আফিডেবিট দ্বারা কোন বিষয়ের প্রমাণ করিবার আজ্ঞা দিবার ক্ষমতার কথা।

Provided that where it appears to the Court that the other party *bona fide* desires the production of a witness for cross examination and that such witness can be produced an order shall not be made authorizing the evidence of such witness to be given by affidavit

কিন্তু বিপক্ষ পক্ষ প্রকৃত প্রস্তাবে কোন সাক্ষির কূট পরীক্ষা হইবার জন্যে তাহাকে উপস্থিত করাইতে ইচ্ছুক আছেন আদালত ইহা দেখিতে পাইলে ও সেই সাক্ষিকে উপস্থিত করাণ যাইতে পারিলে আফিডেবিটদ্বারা ঐ সাক্ষির প্রমাণ দেওনের অনুমতির আজ্ঞা করা যাইবে না ইতি।

195 Upon any application evidence may be given by affidavit but the Court may on the application of either party order the attendance for cross examination of the declarant

When evidence may be given by affidavit

১৯৫ ধারা। প্রার্থনা হইলেই আফিডেবিটদ্বারা সাক্ষ্য দেওয়া যাইতে পারিবে কিন্তু যে ব্যক্তি আফিডেবিট করিলেন আদালত কোন পক্ষের প্রার্থনা মত তাঁহার কূটপরীক্ষা হইবার জন্যে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

যে স্থলে আফিডেবিটদ্বারা সাক্ষ্য দেওয়া যাইতে পারিবে তাহার কথা।

196 Affidavits shall be confined to such facts as the declarant is able of his own knowledge to prove except on interlocutory application on which statements of his belief may be admitted provided that reasonable grounds thereof be set forth

Matters to which affidavits shall be confined

১৯৬ ধারা। যে ব্যক্তি আফিডেবিট করেন তিনি নিজ জ্ঞানে যেং বৃত্তান্তের প্রমাণ করিতে পারেন কেবল সেইং বৃত্তান্ত লেখা যাইবে। কিন্তু মোকদ্দমা চলন সময়ে প্রার্থনা হইলে তিনি যাহা বিশ্বাস করেন তদ্বিষয়ে সঙ্গত কারণ প্রকাশ হইলে তাঁহার সেই বিশ্বাস মত কথাও গ্রাহ্য হইতে পারিবে।

আফিডেবিটে যেং বিষয় মাত্রের কথা লেখা থাকিবে তাহার কথা।

The costs of every affidavit which shall unnecessarily set forth matters of hearsay or argumentative matter or copies of or extracts from documents, shall be paid by the party filing the same

কোন আফিডেবিটের মধ্যে শ্রুত কথা কিম্বা তর্কবিতর্ক কিম্বা দলীলের প্রতিলিপি কি দলীলহইতে উদ্ধৃত কথা অনাবশ্যকমতে ব্যক্ত থাকিলে, যে ব্যক্তি আফিডেবিট অর্পণ করেন তাঁহার সেই আফিডেবিটের খরচ দিতে হইবে ইতি।

Oath of declarant by whom to be administered

197 In the case of any affidavit under this code—

(a) any Court or Magistrate or

(b) any officer whom a High Court may appoint in this behalf, or

(c) any officer appointed by any other court which the local Government has generally or specially empowered in this behalf

may administer the oath of the declarant

যে ব্যক্তি আফিডেবিট করেন তাঁহাকে যিনি শপথ করাইবেন তাঁহার কথা।

৯৭ ধারা। এই আইনমতে কোন আফিডেবিট হইলে যিনি আফিডেবিট করেন

(ক) কোন আদালত কি মাজিষ্ট্রেট কিম্বা

(খ) হাই কোর্ট এই কার্য্যপক্ষে যে কোন কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি, কিম্বা

(গ) স্থানীয় গবর্ণমেণ্ট এতৎকার্য্যপক্ষে অন্য আদালতের নিযুক্ত যে কার্য্যকারককে সাধারণ কি বিশেষ ক্ষমতা প্রদান করেন তিনি

তাঁহাকে শপথ করাইতে পারিবেন ইতি।

CHAPTER XVII

OF JUDGMENT AND DECREE

Judgment when pronounced

198 The Court after inspecting the documentary evidence on the record and examining or hearing the witnesses examined by the parties or their pleaders and hearing the parties in person or by their respective pleaders or recognized agents shall pronounce judgment in open Court either at once or on some future day of which due notice shall be given to the parties or their pleaders

Power to pronounce judgment written by Judge's predecessor

199 A Judge may pronounce a judgment written by his predecessor but not pronounced and in such case he shall not be bound by section 198 except as to giving notice

Judgment to be written in language of Court

200 The judgment shall be written in the language of the Court

Proviso

Provided that if such language is not English or the Judge's mother tongue the judgment may be written in English or his mother tongue

Translation of judgment

201 Whenever the judgment is written in any language other than that of the Court, the judgment shall, if any of the parties so require, be translated into the language of the Court, and the translation shall also be signed by the Judge or such officer as he appoints in this behalf

---

১৭ সপ্তদশ অধ্যায়।

বিচার ও ডিক্রী বিষয়ক বিধি।

বিচার যে সময়ে প্রকাশ করা যাইবে তাহার কথা।

১৯৮ ধারা। আদালত কাগজপত্রের অন্তর্গত লিখিত প্রমাণ দৃষ্টি করিয়া ও উভয় পক্ষের সাক্ষিদের সাক্ষ্য লইয়া কিম্বা উভয়পক্ষের কি তাঁহাদের উকীলদের দ্বারা সাক্ষ্য লওন সময়ে তাহা শুনিয়া ও উভয় পক্ষের নিজ২ কথা কি আপন২ উকীলদের বা স্বীকৃত মোক্তারদের দ্বারা তাঁহাদের কথা শুনিয়া তৎকালেই কিম্বা তৎপশ্চাৎ কোন দিন মুক্তদ্বার আদালতে আপনার বিচার জানাইবেন। উভয় পক্ষকে কি তাঁহাদের উকীলদিগকে সময় থাকিতে ঐ দিনের নোটিস দিতে হইবে ইতি।

বিচারপতির পূর্ব্বপদধারির বিচার প্রকাশ করিবার ক্ষমতার কথা।

১৯৯ ধারা। বিচারপতির পূর্ব্বপদধারী যদি বিচার লিখিয়া প্রকাশ না করিয়া থাকেন তবে বিচারপতি তাহাই প্রচার করিতে পারিবেন। এমত স্থলে নোটিস দেওন ভিন্ন ১৯৮ ধারার বিধানে বদ্ধ হইবেন না ইতি।

আদালতের চলনভাষায় বিচার লিখিতে হইবার কথা।

২০০ ধারা। আদালতের চলিত ভাষায় বিচার লিখিতে হইবে।

উপবিধি।

কিন্তু সেই ভাষা ইঙ্গরেজী কি বিচারপতির মাতৃভাষা না হইলে ইঙ্গরেজী ভাষায় কিম্বা তাঁহার মাতৃভাষায় বিচার লেখা যাইতে পারিবে ইতি।

বিচারের অনুবাদের কথা।

২০১ ধারা। আদালতের চলিত ভাষাভিন্ন কোন ভাষায় বিচার লেখা গেলে ও কোন পক্ষ প্রার্থনা করিলে, আদালতের চলিত ভাষায় ঐ বিচার অনুবাদ করা যাইবে, ও বিচারপতি কিম্বা তিনি এতৎপক্ষে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি ঐ অনুবাদে স্বাক্ষর করিবেন ইতি।

202 The judgment shall be dated and signed by the Judge in open Court at the time of pronouncing it and shall not be altered or added to save to correct verbal errors or on review

Judgment to be dated and signed.

২০২ ধারা। বিচারপতি যে সময়ে বিচার প্রকাশ করেন সেই সময়ে মুক্তদ্বার আদালতে ঐ বিচারপত্রে তারিখ লিখিয়া স্বাক্ষর করিবেন ও কোন শব্দের ভ্রম কিম্বা পুনরালোচনার সময়ে যাহা সংশোধন করা যায় তদ্ভিন্ন তাহা পরিবর্ত্তন করা যাইবে না ও তাহাতে কোন কথা সংযোগ করিয়া দেওয়া যাইবে না ইতি।

বিচারপত্রে তারিখ লিখিতে ও স্বাক্ষর করিতে হইবার কথা।

203 The judgments of the Courts of Small Causes need not contain more than the points for determination and the decision thereupon

Judgment of Small Cause Courts

২০৩ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার পত্রে নির্ণয় করিবার যেং বিষয় থাকে ও তাহার উপর যে নিষ্পত্তি হয় তদ্ভিন্ন কোন কথা লিখিবার প্রয়োজন নাই।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারের কথা।

The judgments of all other Courts shall contain a concise statement of the case the points for determination the decision thereon and the reasons for such decision

Judgments of other Courts

অন্য সকল আদালতের বিচারপত্রে মোকদ্দমার সংক্ষেপ বর্ণনা, ও নির্ণয় করিবার যে বিষয় ও তাহার উপর যে নিষ্পত্তি হয় তাহা ও ঐ নিষ্পত্তির হেতু লিখিতে হইবে ইতি।

অন্যং আদালতের বিচারের কথা।

204 In suits in which issues have been framed, the Court shall state its finding or decision with the reasons thereof upon each separate issue, unless the finding upon any one or more of the issues be sufficient for the decision of the suit

Court to state its decision on each issue

Exception

২০৪ ধারা। মোকদ্দমায় ইস্যু ধার্য্য করা গেলে কোন এক কি কএক ইস্যুর উপর যাহা নির্ণয় হয় কেবল তদ্দ্বারা মোকদ্দমার নিষ্পত্তি হইতে না পারিলে আদালত একং ইস্যুর উপর যাহা নির্ণয় বা নিষ্পত্তি করেন, হেতু সহিত তাহা লিখিবেন ইতি।

প্রত্যেক ইস্যুর বিষয়ে আদালতের নিষ্পত্তি জানাইবার কথা ও বর্জ্জিত কথা।

205 The decree shall bear date the day on which the judgment was pronounced, and when the Judge has satisfied himself that the decree has been drawn up in accordance with the judgment he shall sign the decree

Date of decree

২০৫ ধারা। যে দিনে বিচার প্রচার করা যায় ডিক্রীতে সেই দিনের তারিখ লিখিতে হইবে ও বিচারপত্রানুসারে ডিক্রী লেখা গেল বিচারপতি ইহা হৃদ্বোধমতে জানিলে ঐ ডিক্রীতে স্বাক্ষর করিবেন ইতি।

ডিক্রীর তারিখের কথা।

206 The decree must agree with the judgment it shall contain the number of the suit the names and descriptions of the parties and particulars of the claim as stated in the register and shall specify clearly the relief granted or other determination of the suit

Contents of decree

২০৬ ধারা। বিচারের সঙ্গে ডিক্রী মিলিবে। মোকদ্দমার রেজিষ্টরী বহীতে মোকদ্দমার যে নম্বর ও উভয় পক্ষের যেং নাম ও বর্ণনা ও দাওয়ার যে বিশেষ কথা লেখা থাকে ডিক্রীতে তাহাও লিখিতে হইবে ও যে প্রকারের উপকার করা গেল কিম্বা মোকদ্দমা অন্য যে প্রকারে নির্ণয় হইল তাহাও স্পষ্ট করিয়া লেখা যাইবে।

ডিক্রীর মর্ম্মের কথা।

The decree shall also state the amount of costs incurred in the suit, and by what parties and in what proportions such costs are to be paid

আরও মোকদ্দমায় যত খরচা লাগিল ও যেং পক্ষের ও ঐ খরচার যে অংশ যাহার দিতে হইবে ডিক্রীতে এইং কথাও লেখা যাইবে।

If the decree is found to be at variance with the judgment or if any clerical or arithmetical error be found in the decree, the Court shall, of its own motion or on that of any of the parties amend the decree so as to bring it into conformity with the judgment or to correct such error provided that reasonable notice have been given to the parties or their pleaders of the proposed amendment

Power to amend decree

বিচারের সঙ্গে ডিক্রীর ঐক্য না হইলে, কিম্বা ডিক্রীর মধ্যে কোন অক্ষরের কি অঙ্কের ভুল থাকিলে, যাহাতে বিচারের সঙ্গে ঐক্য হয় কিম্বা ঐ ভ্রম সংশোধন হয়, আদালত আপন ইচ্ছাক্রমে কিম্বা কোন এক পক্ষের প্রার্থনানুসারে ডিক্রী এমতে পরিবর্ত্তন করিতে পারিবেন। কিন্তু উভয় পক্ষকে কি তাঁহাদের উকীলদিগকে প্রস্তাবিতমতে সংশোধন করিবার উপযুক্ত নোটিস দিতে হইবে ইতি।

ডিক্রী সংশোধন করিবার ক্ষমতার কথা।

207 When the subject matter of the suit is immoveable property and such property is identified by boundaries or numbers in a record of settlement or survey, if the decree be for the recovery of a portion only of such property it shall specify the boundaries or number of such portion

Decree for recovery of portion of immoveable property

২০৭ ধারা। স্থাবর সম্পত্তি লইয়া মোকদ্দমা হইলে এবং বন্দোবস্তী কি জরীপী কাগজপত্রে সীমা কি নম্বর দিয়া ঐ সম্পত্তি নির্দ্দিষ্ট থাকিলে যদি ঐ সম্পত্তির অংশমাত্র ফিরিয়া পাইবার ডিক্রী হইয়া থাকে তবে ডিক্রীতে সেই অংশের সীমা ও নম্বর নির্দ্দেশ করিতে হইবে ইতি।

স্থাবর সম্পত্তির একাংশ ফিরিয়া পাইবার ডিক্রীর কথা।

208 When the suit is for moveable property if the decree be for the delivery of such property it shall also state the amount of money to be paid as an alternative if delivery cannot be had

Decree for delivery of moveable property

২০৮ ধারা। অস্থাবর সম্পত্তির মোকদ্দমা হইয়া যদি ঐ সম্পত্তি দিবার ডিক্রী হইয়া থাকে তবে ঐ সম্পত্তি দেওয় যাইতে না পারিলে তৎপরিবর্ত্তে যত টাকা দিতে হইবে ডিক্রীতে তাহাও নির্দ্দিষ্ট থাকিবে ইতি।

অস্থাবর সম্পত্তি দিবার কথা।

209 When the suit is for a sum of money due to the plaintiff the Court may in the decree order interest at such rate as the Court thinks proper to be paid on the principal sum adjudged from the date of the suit to the date of the decree in addition to any interest adjudged on such principal sum for any period prior to the institution of the suit, with further interest not exceeding six per centum per annum on the aggregate sum so adjudged, and on the costs of the suit, from the date of the decree to the date of payment or to such earlier date as the Court thinks fit

In suits for money decree may order interest to be paid on principal sum adjudged

২০৯ ধারা। বাদর পাওনা টাকার নিমিত্ত মোকদ্দমা হইলে মোকদ্দমা উপস্থিত করণের পূর্ব্ব কোন সময়ের নিমিত্ত ঐ আসল টাকার উপর যে সুদের ডিক্রী হয় তদ্ভিন্ন মোকদ্দমা উপস্থিত করিবার তারিখ অবধি ঐ ডিক্রীর তারিখ পর্য্যন্ত আদালত আসল টাকার উপর যে হারের সুদ উচিত বোধ করেন ঐ ডিক্রীতে সেই হারানুসারে সুদ দিবার আজ্ঞা করিতে পারিবেন ও সর্ব্বসুদ্ধ যত টাকার ডিক্রী হয় ডিক্রীর তারিখ অবধি টাকা দিবার তারিখ পর্য্যন্ত কিম্বা আদালত তৎপূর্ব্বের যে তারিখ উচিত বোধ করেন সেই তারিখপর্য্যন্ত মোটে তত টাকার উপর ও মোকদ্দমার খরচার উপরও বৎসর শতকরা ৬ ছয় টাকার অনধিক সুদের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

টাকার নিমিত্ত ডিক্রী হইলে আসল যত টাকার আজ্ঞা হয় ডিক্রীতে তাহার উপর সুদও দিবার আজ্ঞার কথা।

210 In all decrees for the payment of money the Court may for any sufficient reason order that the amount shall be paid by instalments with or without interest

Payment by instalments

২১০ ধারা। টাকা দিবার ডিক্রী হইলেই আদালত বিশিষ্ট কোন কারণে সুদ সমেত কি সুদ ছাড়া কিস্তি করিয়া ঐ টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

কিস্তি করিয়া টাকা দিবার কথা।

And on the application of the defendant at any time not more than six months after decree the Court may order that the amount of the decree be paid by instalments on such terms as to the payment of interest the attachment of the property of the defendant, or the taking of security from him, or otherwise as it thinks fit provided that before granting such application, resonable notice in writing has been given to the plaintiff or his pleader and that the Court has heard the objections, if any made by the plaintiff or on his behalf

Court may order payment by instalment

ও ডিক্রীর পর ছয় মাসের অনধিক কোন সময়ে প্রতিবাদির প্রার্থনা হইলে আদালত সুদ দেওনের ও প্রতিবাদির সম্পত্তি ক্রোক করণের কিম্বা তাঁহার স্থানে জামিন লওনের বিষয়ে কিম্বা অন্য কোন বিষয়ে যে নিয়ম উচিত বোধ করেন এমত নিয়মানুসারে কিস্তিবন্দী করিয়া ঐ ডিক্রীর টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু সেই প্রার্থনা গ্রাহ্য করণের পূর্ব্বে উপযুক্ত সময় থাকিতে বাদিকে কি তাঁহার উকীলকে নোটিস লিখিয়া দেওয়া, ও বাদির দ্বারা কিম্বা তৎপক্ষে কোন আপত্তি করা গেলে আদালতের সেই আপত্তি শ্রবণ করা প্রয়োজন।

কিস্তিবন্দী করিয়া টাকা দেওনবিষয়ে আদালতের আজ্ঞা করিতে পারিবার কথা।

Save as provided in this section and section 206, no decree shall be altered at the request of parties

এই ধারার ও ২০৬ ধারার বিধানের স্থলছাড়া কোন পক্ষের প্রার্থনামতে ডিক্রী পরিবর্ত্তন করা যাইবে না ইতি।

211 When the suit is for land or other property yielding rent or other profit, the Court may provide in the decree for the payment of rent or mesne profits in respect of such property from the institution of the suit until the delivery of possession to the party in whose favour the decree is made, or until the expiration of one year from the date of the decree (whichever event first occurs) with interest thereupon at such rate as the Court thinks fit

In suits for land, Court may decree payment of mesne profits with interest

Explanation — Mesne profits of property mean those profits which the person in wrongful possession of such property actually received or might with ordinary diligence have received therefrom

212 When the suit is for immoveable property and for mesne profits which have accrued on the property during a period prior to the institution of the suit, and the amount of such profits is disputed, the Court may either determine the amount by the decree itself or may pass a decree for the property and direct an enquiry into the amount of mesne profits, and dispose of the same on further orders

Court may determine amount of mesne profits prior to passing decree or may reserve enquiry

213 When the suit is for an account of any property and for its due administration under the decree of the Court the Court, before making the decree shall order such accounts and enquiries to be taken and made and give such other directions as it thinks fit

Administration suit

In the administration by the Court of the property of any person who dies after this Code comes into force, if such property proves to be insufficient for the payment in full of his debts and liabilities the same rules shall be observed as to the respective rights of secured and unsecured creditors and as to debts and liabilities proveable and as to the valuation of annuities and future and contingent liabilities respectively as may be in force for the time being with respect to the estates of persons adjudged insolvent,

and all persons who in any such case would be entitled to be paid out of such property may come in under the decree for its administration, and make such claims against the same as they may respectively be entitled to by virtue of this Code

২১১ ধারা। ভূমি, কিম্বা অন্য যে সম্পত্তিহইতে খাজানা কি অন্য লভ্য পাওয়া যায় সেই সম্পত্তির নিমিত্ত মোকদ্দমা হইলে, যাঁহার পক্ষে ডিক্রী করা যায় ঐ মোকদ্দমা উপস্থিত করিবার তারিখ অবধি সম্পত্তি তাঁহার অধিকার করিয়া না দেওনপর্য্যন্ত কিম্বা ডিক্রীর তারিখঅবধি এক বৎসর কাল তৎপূর্ব্বে ফুরাইলে সেই এক বৎসরের অবসান পর্য্যন্ত আদালত ঐ ডিক্রীর মধ্যে ঐ সম্পত্তির উপর ওয়াসিলাৎ কি খাজানা দিবার ও যে হার উচিত বোধ করেন সেই হারে সুদ দিবার বিধান করিতে পারিবেন।

ভূমির নিমিত্ত মোকদ্দমা হইলে সুদসমেত ওয়াসিল ২ দিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।

ব্যাখ্যা।—সম্পত্তি অন্যায়মতে যে ব্যক্তির অধিকারে থাকে তিনি সেই সম্পত্তিহইতে যে লভ্য পাইলেন কিম্বা সাধারণমতে যত্ন করিলে যে লভ্য পাইতে পারিতেন সম্পত্তির ওয়াসিলাৎ” শব্দে সেই লভ্য জানিতে হইবে ইতি।

২১২ ধারা। স্থাবর সম্পত্তির নিমিত্ত এবং মোকদ্দমা উপস্থিত করিবার তারিখের পূর্ব্বে কোন সময়াবধি ঐ সম্পত্তির উপর যে ওয়াসিলাৎ হইয়াছে তাহার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করা গেলে, এবং ঐ ওয়াসিলাৎ যত টাকা হয় তদ্বিষয়ের বিবাদ হইলে, আদালত ঐ ডিক্রীতেই সেই টাকা নির্ণয় করিতে পারিবেন। কিম্বা সম্পত্তির নিমিত্ত ডিক্রী করিয়া ওয়াসিলাত যত টাকা হয় ইহার অনুসন্ধান লওয়ার আজ্ঞা করিয়া অন্য আজ্ঞাক্রমে তাহা নিষ্পত্তি করিতে পারিবেন ইতি।

ডিক্রী করিবার পূর্ব্বে ওয়াসিলাতের টাকা নির্ণয় করিবার কিম্বা পশ্চাৎ তাহার অনুসন্ধান লইবার কথা।

২১৩ ধারা। কোন সম্পত্তির হিসাব পাইবার ও আদালতের ডিক্রী অনুসারে সম্পত্তির কার্য্য নিয়মমতে নিরূপণ করার বিষয়ে মোকদ্দমা হইলে, আদালত ডিক্রী করিবার পূর্ব্বে যে হিসাব ও অনুসন্ধান লওয়ার আজ্ঞা করিবেন ও অন্য যে আদেশ করা উচিত বোধ করেন করিতে পারিবেন।

কার্য্যনিরূপণার্থ মোকদ্দমার কথা।

এই আইন প্রচলিত হওনের পর কোন ব্যক্তি মরিলে ও আদালত তাঁহার সম্পত্তি নিরূপণ করিবার অধিকারিত্ব গ্রহণ করিলে যদি তাঁহার সম্পূর্ণ ঋণ ও দায় শোধ করণার্থে ঐ সম্পত্তিতে অকুলান হইয়া থাকে তবে যাহারদিগকে ঋণ শোধ করিবার অক্ষম বলিয়া নির্ণয় করা যায় তাঁহারদের বিষয়ে যে বিধি যৎকালে প্রচলিত থাকে, ঐ মৃত ব্যক্তির মহাজনদের জামিন সহিত বা জামিন ভিন্ন নিজ২ স্বত্ববিষয়ে, ও যে ঋণের ও দায়ের প্রমাণ করা যাইতে পারে তদ্বিষয়ে ও বার্ষিক বৃত্তির ও সম্ভাবিত ও নৈমিত্তিক দায়ের মূল্য নিরূপণ বিষয়ে সেই২ বিধিমতে কার্য্য করা যাইবে।

ও তদ্রূপ কোন স্থলে সেই সম্পত্তিহইতে যাহাদের ঋণের শোধ পাইবার স্বত্ব থাকে তাঁহারা ঐ সম্পত্তির নিরূপণাধিকারিত্ব বিষয়ক ডিক্রীর অধীন হইয়া এই আইনের বলে তাঁহাদের যে দাওয়া করিবার স্বত্ব থাকে ঐ সম্পত্তির উপর সেই দাওয়া করিতে পারিবেন।

Explanation —Applications under section 265 of he Indian Contract Act 1872, shall be deemed to e suits within the meaning of this section

ব্যাখ্যা।—ভারতবর্ষীয় চুক্তি বিষয়ক ১৮৭২ সালের আইনের ২৬৫ ধারামতে যে প্রার্থনা করা যায় তাহা এই ধারার মর্ম্মানুযায়ি মোকদ্দমা বলিয়া জ্ঞান হইবে ইতি।

214 When the suit is for the dissolution of a partnership, the Court before making its decree, may pass an order fixing the day on hich the partnership shall stand dissolved, and irecting such accounts to be taken and other cts to be done as it thinks fit.

Suit for dissolution of partnership

২১৪ ধারা। অংশিত্ব লোপ করণার্থ মোকদ্দমা হইলে, যে দিন অবধি ঐ অংশিত্ব লোপ হইল বলিয়া জ্ঞান হইবে আদালত ডিক্রী করিবার পূর্ব্বে এমত দিন নিরূপণ হওয়ার এবং হিসাব লওয়ার ও অন্য যে কার্য্য করা উচিত বোধ করেন সেই কার্য্য করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

অংশিত্ব লোপ করণার্থ মোকদ্দমার কথা।

215 If the defendant has set off the amount of a debt against the claim of the plaintiff and such set ff has been allowed the decree shall state what mount is due to the plaintiff and what amount if any) is due to the defendant and shall be for he recovery of any sum which appear to be due o either party

If set off be allowed

২১৫ ধারা। প্রতিবাদী বাদির দাওয়ার বিপক্ষে কোন ঋণের দাওয়া করিলে ও সেই দাওয়া গ্রাহ্য হইলে বাদির কত টাকা পাওনা আছে ও প্রতিবাদির কিছু পাওনা থাকিলে তাঁহারই বা কত পাওনা ডিক্রীতে তাহা লেখা যাইবে এবং কোন এক পক্ষের যত টাকা পাওনা বলিয়া দৃষ্ট হয় তত টাকা আদায়ের নিমিত্ত ডিক্রী হইবে।

বিপরীত দাওয়ার অনুমতি হইলে তাহার কথা।

The decree of the Court with respect to any sum awarded to the defendant shall have the same ffect, and be subject to the same rules in respect f appeal or otherwise as if such sum had been laimed by the defendant in a separate suit against he plaintiff

Effect of decree

প্রতিবাদী বাদির নামে স্বতন্ত্র মোকদ্দমা করিয়া সেই টাকার দাওয়া করিলে ঐ ডিক্রীর যে ফল হইত ও আপীলপ্রভৃতি বিষয়ক যে বিধি বর্ত্তিত, আদালত উক্ত স্থলে প্রতিবাদির টাকার যে ডিক্রী করেন তাহারও সেই ফল হইবে ও আপীলপ্রভৃতি বিষয়ক সেই বিধি বর্ত্তিবে ইতি।

ডিক্রীর ফলের কথা।

216 Certified copies of the judgment and decree shall be furnished to the parties on application to the Court and at their expense

Certified copies of decree and judgment to be furnished

২১৬ ধারা। মোকদ্দমার কোন পক্ষ আদালতের নিকটে বিচারপত্র ও ডিক্রী প্রার্থনা করিলে তাঁহার খরচে ঐ২ পত্রের সর্টিফিকট যুক্ত নকল তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

ডিক্রীর ও বিচারের সর্টিফিকটযুক্ত নকল দিতে হইবার কথা।

CHAPTER XVIII

Of Costs

১৮ অষ্টাদশ অধ্যায়।

খরচাবিষয়ক বিধি।

217 When disposing of any application under this Code, the Court may give to either party the osts of such application or may reserve the con ideration of such costs for any future stage of he proceedings

Costs of applications

২১৭ ধারা। আদালত এই আইনমতে কোন প্রার্থনাপত্রের নিষ্পত্তি করণসময়ে কোন এক পক্ষকে ঐ প্রার্থনাপত্রের খরচ দেওয়াইতে পারিবেন কিম্বা তৎপরে অন্য যে কার্য্যানুষ্ঠান হয় তাহা করিবার সময়ে ঐ খরচার কথা বিবেচনা করিতে পারিবেন ইতি।

প্রার্থনার খরচের কথা।

218 The judgment shall direct by whom the costs of each party are to be paid, whether by himself or by any other party to the suit, and whether in whole or in what part or proportion.

Judgment to direct by whom costs are to be paid

২১৮ ধারা। একং পক্ষের খরচা কাহার দিতে হইবে অর্থাৎ আপনি কি মোকদ্দমার অন্য কোন পক্ষ দিবেন এবং সমুদয় কিম্বা অংশমাত্র কি যে অনুপাতে যাঁহার দিতে হইবে বিচারপত্রে এই২ বিষয়ের আজ্ঞা থাকিবে ইতি।

খরচ কোন্ পক্ষের দিতে হইবে বিচারপত্রে তাহার আজ্ঞা হওয়ার কথা।

219 The Court shall have full power to give and apportion costs of every application and suit in any manner it thinks fit and the fact that the Court has no jurisdiction to try the case is no bar to the exercise of such power

Power of Court as to costs

২১৯ ধারা। আদালত যে কোন প্রকারে বিহিত বোধ করেন সেই প্রকারে প্রত্যেক প্রার্থনাপত্রের ও মোকদ্দমার খরচা দেওয়াইতে ও অংশাংশমতে নিরূপণ করিতে সম্পূর্ণ ক্ষমতাপন্ন হন। এবং আদালত মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন না হইলেও তাঁহার উক্ত ক্ষমতানুসারে কার্য্য করিবার বাধা নাই।

খরচার বিষয়ে আদালতের ক্ষমতার কথা।

Provided if the Court directs that the costs of any application or suit shall not follow the event the Court shall state its reasons in writing

কিন্তু কোন প্রার্থনাপত্রের কি মোকদ্দমার যে খরচা লাগে তাহা ঐ প্রার্থনাপত্রের কি মোকদ্দমার ফলের অনুগত হইবে না আদালত এই আজ্ঞা করিলে তাহার কারণ লিখিয়া জানাইবেন ইতি।

220 The Court may direct that the costs payable to one party by another shall be set off against a sum which is admitted or is found in the suit to be due from the former to the latter

Costs may be set off against sum admitted or found to be due

২২০ ধারা। এক পক্ষের খরচ অন্য পক্ষের দিতে হইলে যদি ঐ এক পক্ষ ঐ অন্য পক্ষের টাকা পাওনা বলিয়া স্বীকার করেন কিম্বা মোকদ্দমায় তাহা পাওনা বলিয়া জানা যায় তবে আদালত সেই টাকাহইতে শেষোক্ত পক্ষের খরচা বাদ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

টাকা পাওনা বলিয়া স্বীকার হইলে কি জানিতে পাওয়া গেলে তাহাহইতে খরচ বাদ দিতে পারিবার কথা।

221 The Court may give interest on costs at any rate not exceeding six per cent per annum and may direct that costs with or without interest be paid out of or charged upon the subject matter of the suit

Interest on costs
Costs may be paid out of or charged on subject matter of suit

২২১ ধারা। আদালত খরচার টাকার উপর বৎসর শতকরা ছয় টাকার অনধিক হারে সুদ ধার্য্য করিতে পারিবেন। এবং যে বিষয় লইয়া মোকদ্দমা হয় সেই বিষয়হইতে সুদ ছাড়া কি সুদ সহিত ঐ খরচা দিবার কিম্বা ঐ বিষয়ের উপর ঐ খরচার দায় বর্ত্তিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

খরচার উপর সুদের কথা। মোকদ্দমার বিষয়হইতে খরচা দিবার কিম্বা সেই বিষয়ের উপর খরচার ভার থাকার কথা।

222 There shall be no appeal on a question solely relating to costs except on either of the following grounds (namely)

Questions of cost when appealable

খরচা বিষয়ক আজ্ঞার উপর যে স্থলে আপীল হইতে পারে তাহার কথা।

২২২ ধারা। কেবল খরচা ধরিয়া কোন বিবাদ হইলে তৎপ্রযুক্ত নিম্নলিখিত স্থল ভিন্ন আপীল হইতে পারিবে না। বিশেষত

(*a*) that the costs are payable out of or chargeable on some property or

(ক) কোন সম্পত্তিহইতে খরচা দিতে হইলে কিম্বা সম্পত্তির উপর খরচার দায় বর্ত্তিলে কিম্বা

(*b*) that the mode in which the costs have been given is inconsistent with some enactment for the time being in force

(খ) ঐ খরচার আজ্ঞা যেরূপে হইল যে আইন যৎকালে প্রবল থাকে তাহা সেই আইনের অসঙ্গত হইলে ইতি।

Illustration

A an incumbrancer upon a certain estate sues to compel the payment of his charge The Court decrees him his principal and interest but refuses his costs A may appeal against this refusal for every incumbrancer has a lien for his costs on the property charged

উদাহরণ।

আনন্দ কোন সম্পত্তিহইতে টাকা পাইয়া থাকেন ও সেই পাওনা টাকা দেওয়াইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করেন। আদালত তাঁহার আসল টাকা ও সুদ পাইবার আজ্ঞা করেন কিন্তু খরচা দিলেন না। খরচা না দেওয়ার আজ্ঞার উপর আনন্দ আপীল করিতে পারিবেন। কারণ, যে ব্যক্তি কোন সম্পত্তিহইতে টাকা পাইবার অধিকারী ঐ সম্পত্তিহইতে তাঁহার খরচা পাইবার দাবী আছে।

CHAPTER XIX

Of the Execution of Decrees

A.—Of the Court by which Decrees may be executed

Court by which decree may be executed

223. A decree may be executed either by the Court which passed it or by the Court to which it is sent for execution under the provisions hereinafter contained.

The Court which passed a decree may, on the application of the decree holder, send it for execution to another Court

(*a*) if the person against whom the decree is passed actually and voluntarily resides or carries on business, or personally works for gain, within the local limits of the jurisdiction of such other Court, or

(*b*) if such person has not property within the local limits of the jurisdiction of the Court which passed the decree sufficient to satisfy such decree, and has property within the local limits of the jurisdiction of such other Court, or

(*c*) if the Court which passed the decree considers for any other reason, which it shall record in writing, that the decree should be executed by such other Court.

Notice of every such application should be served on the judgment debtor, and the Court after hearing the objections which he or his pleader may urge against the application, may send the decree for execution accordingly.

And the Court to which a decree is sent for execution shall certify to the Court which passed it the fact of such execution, or, where the former Court fails to execute the same, the circumstances attending such failure.

If the decree has been passed in a case cognizable by a Court of Small Causes, and the Court making it wishes it to be executed in Calcutta, Madras, Bombay or Rangoon, the Court making it may send to the local Court of Small Causes the copies and certificate respectively mentioned in clauses (*a*), (*b*) and (*c*) of section 225, and such Court shall thereupon execute the decree as if it had been passed by itself.

Provided that if the Court passing the decree is subordinate to a District Court, it shall send the decree to the District Court to which it is subordinate, and such Court shall deal with the decree as if it had been passed by itself.

১৯ উনবিংশ অধ্যায়।

ডিক্রী সাধনকরণ বিষয়ক বিধি।

ক। —যে আদালতের দ্বারা ডিক্রী সাধন করা যাইতে পারিবে তদ্বিষয়ক বিধি।

যে আদালতের দ্বারা ডিক্রী সাধন হইতে পারে তদ্বিষয়ক কথা।

২২৩ ধারা। যে আদালত ডিক্রী করিলেন তাঁহারই দ্বারা কিম্বা সাধন করাইবার জন্যে যে আদালতে পাঠান যায় তাঁহার দ্বারা নিম্নলিখিত বিধানমতে ডিক্রী সাধন করা যাইতে পারিবে।

যে আদালত ডিক্রী করিলেন ডিক্রীদারের প্রার্থনামতে সেই আদালত নিম্নলিখিত স্থলে সেই ডিক্রী সাধন করাইবার জন্যে অন্য আদালতে পাঠাইতে পারিবেন।

(ক) যে ব্যক্তির বিপক্ষে ডিক্রী হয় তিনি যথার্থই ও স্বেচ্ছামতে ঐ অন্য আদালতের এলাকার সীমার মধ্যে বাস করিলে কি ব্যবসায় করিলে কিম্বা লাভের আশয়ে কর্ম্ম করিলে। কিম্বা

(খ) যে আদালত ডিক্রী করিলেন ঐ ডিক্রীমত কার্য্য যাহাতে সাধন হইতে পারে সেই আদালতের এলাকার সীমার মধ্যে ঐ ব্যক্তির তত সম্পত্তি না থাকিলে ও অন্য আদালতের এলাকার সীমার মধ্যে সম্পত্তি থাকিলে কিম্বা

(গ) যে আদালত ডিক্রী করিলেন সেই আদালত অন্য কোন কারণে ঐ অন্য আদালতের দ্বারা ডিক্রী সাধন হওয়া উচিত বোধ করিলে। ঐ স্থলে তাঁহার সেই কারণ লিপিবদ্ধ করিতে হইবে।

উক্ত প্রকারের প্রার্থনা হইলে ডিক্রীমত খাতককে ঐ প্রার্থনার নোটিস দিতে হইবে এবং তিনি কি তাঁহার উকীল ঐ প্রার্থনার বিপরীত আপত্তি জানাইলে আদালত সেই আপত্তি শুনিলে পর তদনুসারে সাধন করাইবার জন্যে ডিক্রী প্রেরণ করিতে পারিবেন।

ও ডিক্রী সাধন করাইবার জন্যে যে আদালতে পাঠান যায় সেই আদালত অন্য যে আদালত ডিক্রী করিলেন তাঁহার নামে সর্টিফিকট লিখিয়া ঐ ডিক্রী সাধন করাইবার বৃত্তান্ত কিম্বা সাধন করিতে না পারিলে না পারিবার সকল ভাবগতিক জানাইবেন।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য মোকদ্দমায় ডিক্রী হইলে ও যে আদালত ডিক্রী করিলেন তিনি কলিকাতায় কি মান্দ্রাজে কি বোম্বাইয়ে কি রাঙ্গুনে ঐ ডিক্রী সাধন করাইতে চাহিলে ঐ২ স্থানের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ২২৫ ধারার (ক) (খ) ও (গ) প্রকরণের উল্লিখিত নকল ও সর্টিফিকট পাঠাইবেন। তাহা হইলে ঐ আদালত আপনার ডিক্রীর ন্যায় ঐ ডিক্রী সাধন করাইবেন।

কিন্তু যে আদালত ডিক্রী করিলেন তাহা জিলার আদালতের অধীন হইলে, যে জিলার আদালতের অধীন হন তথায় ডিক্রী পাঠাইবেন, ও সেই আদালত ঐ ডিক্রী লইয়া আপনার ডিক্রীর ন্যায় কার্য্য করিবেন ইতি।

224 A decree of any Court established by the authority of the Governor General in Council in the territories of any Native Prince or State in India which cannot be executed within the jurisdiction of the Court by which it was made, may be executed in manner hereinafter provided within the jurisdiction of any Court in British India

Decrees of Courts established by Government of India in Native States

২২ ধারা। ভারতবর্ষের অন্তর্গত এতদ্দেশীয় কোন রাজার দেশে কি রাজাধিক বে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গ বনর জেনরল সাহেবের অনুমতিক্রমে য আদালত স্থাপিত হয় সেই আদালতে ডিক্রী ঐ আদালতের এলাকার মধ্যে সাধন করা যাইতে ন পারিলে তাহা নিম্নলিখিত বিধানমতে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন আদালতের এলাকার মধ্যে সাধন করা যাইতে পারিবে ইতি।

এতদ্দেশীয় রাজ্যাধিকারে ভারতবর্ষের গবর্ণমেণ্টের স্থাপিত আদালতের ডিক্রীর কথা।

225 The Court desiring that a decree passed by itself shall be executed by another Court shall send such other Court —

Procedure when Court desires that its own decree shall be executed by another Court

(a) a copy of the decree

(b) a certificate setting forth that satisfaction of the decree has not been obtained by execution within the jurisdiction of the Court by which it was passed or where the decree has been executed in part, the extent to which satisfaction has been obtained, and what part of the decree remains unexecuted and

(c) a copy of any order for the execution of the decree, and if no such order has been made a certificate to that effect

Provided that if the Court passing the decree is subordinate to a District Court it shall send such copies and certificate to the District Court to which it is subordinate, and such Court shall forward them to the Court by which the decree is to be executed

২২৫ ধারা। কোন আদালত আপনার ডিক্রী অন্য আদালতের দ্বারা সাধন করাইতে ইচ্ছা করিলে ঐ অন্য আদালতে এইং পত্রাদি পাঠাইবেন।—

কোন আদালত আপনার ডিক্রী অন্য আদালতের দ্বারা সাধন করাইতে ইচ্ছা করিলে কার্য্যপ্রণালীর কথা।

(ক) ডিক্রীর নকল।

(খ) যে আদালত ডিক্রী করিলেন সেই আদালতের এলাকার মধ্যে ডিক্রীমত কার্য্য সাধন হয় নাই এই মর্ম্মের সর্টিফিকট কিম্বা ডিক্রীর অংশমাত্র সাধন হইলে যত দূর সাধন হইয়াছে ও ডিক্রীর যে অংশটি সাধন না হইয়া রহিয়াছে তদ্বিষয়ের সর্টিফিকট। এবং

(গ) ডিক্রীজারী করিবার কোন আজ্ঞা হইয়া থাকিলে সেই আজ্ঞার নকল ও তদ্রূপ আজ্ঞা না হইয়া থাকিলে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন।

কিন্তু যে আদালত ডিক্রী করিলেন তাহা জিলার আদালতের অধীন হইলে জিলার যে আদালতের অধীন হন তথায় ঐ নকল ও সর্টিফিকট পাঠাইবেন ও জিলার ঐ আদালত যে আদালতের দ্বারা ডিক্রী সাধন করা যাইবে তথায় পাঠাইবেন ইতি।

226 The Court executing a decree so sent shall cause such copies and certificate to be filed without any further proof of the decree or order for execution or of the copies thereof or of the jurisdiction of the Court which passed it unless the Court, for any special reasons to be recorded under the hand of the Judge, requires such proof

Court receiving copies of decree &c. to file same without proof

২২৬ ধারা। যে আদালত তদ্রূপে প্রেরিত ডিক্রী সাধন করিবেন সেই আদালতে ঐ ডিক্রীর কিম্বা ও সাধনের আজ্ঞার কিম্বা তাহার নকলের কিম্বা যে আদালত ডিক্রী করিলেন তাঁহার বিচারাধিপত্যের আর প্রমাণ না লইয়া ঐ২ নকল ও সর্টিফিকট গাথাইয়া রাখিবেন। কিন্তু বিশেষ কারণে তদ্রূপ প্রমাণ চাহিলে বিচারপতি ঐ কারণ লিপিবদ্ধ করিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

আদালত ডিক্রীর নকল প্রভৃতি পাইলে প্রমাণ না লইয়া তাহা গাঁথিয়া রাখিবার কথা।

227 The copy of the decree and of any order for execution when filed in the Court to which such copy has been sent for the purpose of being executed as aforesaid, shall for such purpose have the same effect as a decree or order for execution made by such Court.

Transmitted copy of decree or order to have same effect as decree of Court to which it is sent for execution

২২৭ ধারা। ডিক্রীর ও ডিক্রী সাধন করিবার আজ্ঞার নকল পূর্ব্বোক্তমতে সাধন করিবার জন্যে যে আদালতে পাঠান যায় সেই আদালতে অর্পণ করা গেলে পর, তাহার ফল উক্ত কার্য্য পক্ষে সেই আদালতের ডিক্রীর ও ডিক্রী সাধন করিবার আজ্ঞার তুল্য ফল হইবে ইতি।

ডিক্রীর ও আজ্ঞার যে নকল যে আদালতে পাঠান যায় ঐ আদালতের ডিক্রীর ফলের তুল্য ফল হইবার কথা।

228 If the Court to which the decree is sent for execution be a High Court the decree shall be executed by such Court in the same manner as if it had been made by such Court in the exercise of its ordinary original civil jurisdiction

Execution by High Court of decree transmitted by other Court

২২৮ ধারা। ডিক্রী সাধন করিবার জন্য হাই কোর্টে পাঠান গেলে ঐ কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে সাধারণ ক্ষমতামতে কার্য্য করিয়া আপনি ডিক্রী করিলে যে প্রকারে সাধন করিতেন সেই প্রকারে ঐ ডিক্রী সাধন কর হবেন ইতি।

অন্য আদালতের প্রেরিত ডিক্রী হাই কোর্টের দ্বারা সাধন করিবার কথা।

229 The Court executing a decree sent to it under this chapter shall have the same powers in executing such decree as if it had been passed by itself All persons disobeying or obstructing the execution of the decree shall be punishable by such Court in the same manner as if it had passed the decree And its orders in executing such decree shall be subject to the same rules in respect of appeal as if the decree had been passed by itself

Appeal from orders for execution of decrees of other Courts

২২৯ ধারা। কোন আদালতে এই অধ্যায়মতে ডিক্রী সাধন করিবার জন্যে পাঠান গেলে ঐ আদালত নিজ ডিক্রীর ন্যায় ঐ ডিক্রী সাধন করণার্থে ক্ষমতাপন্ন হইবেন। কোন ব্যক্তি সেই ডিক্রী সাধন সম্পর্কীয় আজ্ঞা না মানিলে কিম্বা ঐ কার্য্য সাধনের বাধা জন্মাইলে ঐ আদালত আপনি ঐ ডিক্রী করিলে যেরূপে ঐ অপরাধের দণ্ড করিতে পারিতেন সেই রূপে করিতে পারিবেন। এবং ঐ ডিক্রী সাধন করণার্থে ঐ আদালত যে আজ্ঞা করেন আপনি ঐ ডিক্রী করিলে ঐ আজ্ঞার উপর যে প্রকারে আপীল হইতে পারিত সেই প্রকারে আপীল হইতে পারিবে ইতি।

অন্য আদালতের ডিক্রী সাধন করিবার আজ্ঞার উপর আপীলের কথা।

B —Of Application for execution

(খ) ডিক্রী সাধন করাইবার প্রার্থনার কথা।

230 When the holder of a decree desires to enforce it he shall apply to the Court which passed the decree or to the officer if any appointed in this behalf or if the decree has been sent under the provisions hereinbefore contained to another Court then to such Court

Application for execution.

২৩০ ধারা। ডিক্রীদার ডিক্রী প্রবল করিতে চাহিলে যে আদালত ডিক্রী করিলেন তিনি সেই আদালতে কিম্বা এই কার্য্যপক্ষে কোন কার্য্যকারক নিযুক্ত হইয়া থাকিলে তাঁহার নিকটে কিম্বা পূর্ব্বোক্ত বিধানমতে অন্য আদালতে প্রেরণ করা গেলে সেই আদালতে ঐ ডিক্রীমতে কার্য্য সাধন করিবার প্রার্থনা করিবেন।

ডিক্রী জারী করিবার প্রার্থনার কথা।

The Court may in its discretion refuse execution at the same time against the person and property of the judgment debtor

আদালত স্বীয় বিবেচনামতে ডিক্রীমত খাতকের ও তাঁহার সম্পত্তির উপর একসময়ে ডিক্রী জারী করিতে অসম্মত হইতে পারিবেন।

Where an application to execute a decree for the payment of money or delivery of other property has been made under this section and granted no subsequent application to execute the same decree shall be granted unless the Court is satisfied that on the former application due diligence was used to procure complete satisfaction of the decree and the order of the Court granting such application shall be conclusive evidence that due diligence was used to procure such satisfaction

এই ধারাক্রমে টাকা দিবার কিম্বা অন্য সম্পত্তি সমর্পণ করিবার ডিক্রীমতে কার্য্যসাধন হইবার প্রার্থনা করা গেলে ও সেই প্রার্থনা গ্রাহ্য হইলে পর সেই প্রার্থনানুসারে উপযুক্ত যত্নক্রমে সেই ডিক্রীতে কার্য্য সম্পূর্ণরূপে সাধন করিবার উদ্যোগ হইয়াছে আদালত ইহা হৃদ্বোধমতে না জানিলে, সেই ডিক্রীতে কার্য্য সাধন হইবার অন্য প্রার্থনা গ্রাহ্য হইবে না। ও যে আদালত ঐ প্রার্থনা গ্রাহ্য করেন তাঁহার আজ্ঞাই সেই ডিক্রীমতে কার্য্যসাধন হইবার উপযুক্ত যত্ন হওয়ার প্রমাণ হইবে।

And no such subsequent application shall be granted after the expiration of twelve years from any of the following dates (namely)—

ঐ প্রকারের প্রার্থনা পশ্চাৎ করা গেলেও নিম্নলিখিত কোন তারিখ অবধি দ্বাদশ বৎসর গত হইলে পর গ্রাহ্য হইবে না —

(*a*) the date of the decree sought to be enforced or

(ক) যে ডিক্রী প্রবল করিবার চেষ্টা হয় তাহার তারিখ অবধি।

(*b*) where the decree directs the payment of money or the delivery of property by instalments,—the date of the default in paying or delivering the instalment in respect of which the applicant seeks to enforce the decree, or

(খ) ডিক্রীদ্বারা কিস্তী করিয়া টাকা দিবার কি সম্পত্তি সমর্পণ করিবার আজ্ঞা হইলে প্রার্থক যে কিস্তি লক্ষ করিয়া ডিক্রী প্রবল করাইতে চেষ্টা করেন যে তারিখে সেই কিস্তির টাকা দিবার কি সম্পত্তি সমর্পণ করিবার ত্রুটি হয় সেই তারিখ অবধি।

(c) where the decree is for money and the decree holder and the judgment debtor have entered into an agreement in writing that the amount decreed with such interest (if any) as may be therein mentioned, shall be discharged by such instalments as, if duly paid will discharge the said amount and interest at some time within thirty years from the date of the decree and such agreement has been filed in Court —the date of the default in paying the instalment in respect of which the applicant seeks to enforce the decree

Nothing in this section shall prevent any decree holder from applying for execution of the same after the expiration of the said term of twelve years where the judgment debtor has by fraud or force prevented the execution of the decree at some time within twelve years immediately before the date of the application

Any one of several decree holders may apply

231 If a decree has been passed in favour of more persons than one any one or more of such persons or his or their representatives, may apply for the execution of the whole decree for the benefit of them all, or, where any of them has died for the benefit of the survivors and the representatives in interest of the deceased

If the Court sees sufficient cause for allowing the decree to be executed on an application so made, it shall pass such order as it deems necessary for protecting the interests of the persons who have not joined in the application

Application by transferree of decree

232 If a decree be transferred by assignment in writing or by operation of law from the decree holder to any other person the transferree may apply for its execution to the Court which passed it and if that Court thinks fit the decree may be executed in the same manner and subject to the same conditions as if the application were made by such decree holder

Provided that where the decree has been transferred by assignment notice in writing of such application shall be given to the transferor and the judgment debtor and that the decree shall not be executed until the Court has heard their objections (if any) to such execution

Provided also that where a decree against several persons has been transferred to one of them it shall not be executed against the others

(গ) টাকার নিমত্ত ডিক্রী হইলে যদি ডিক্রীদার ও ডিক্রীমত খাতক পরস্পর এই নিয়মমতে একরার নামা লিখিয়া দেন যে, ডিক্রীমত টাকার উপর সুদ দিতে হইলে ঐ একরারনামায় যে সুদের উল্লেখ হইল সেই সুদসুদ্ধ সেই ডিক্রীর টাকা কিস্তি করিয়া এমতে দেওয়া যাইবে যে নিয়মিতরূপে দেওয়া গেলে সুদসুদ্ধ ঐ টাকা ডিক্রীর তারিখ অবধি ত্রিশ বৎসরের মধ্য কোন সময়ে শোধ হয় ও যদি আদালতে সেই একরারনামা অর্পণ করা গিয়া থাকে তবে প্রার্থক যে কিস্তি লক্ষ করিয়া ডিক্রী প্রবল করিতে চেষ্টা করেন, সেই কিস্তির টাকা দিতে ত্রুটি করিবার তারিখ অবধি।

ডিক্রীদারের ঐ প্রার্থনা করিবার তারিখের অব্যবহিত পূর্ব্ব দ্বাদশ বৎসরের মধ্য কোন সময়ে ডিক্রীমত খাতক প্রতারণাদ্বারা কিম্বা বলক্রমে ঐ ডিক্রীমতে কার্য্য সাধন হইবার বাধা দিয়া থাকলে বারো বৎসরের ঐ মিয়াদ গত হইলেও এই ধারার কোন কথাক্রমে ডিক্রীদারের ডিক্রীমত কার্য্য সাধন হইবার প্রার্থনা করিতে বাধা নাই ইতি।

অনেক ডিক্রীদার থাকিলে কোন এক জনের ঐ প্রার্থনা করিবার ক্ষমতার কথা।

২৩ ধারা। দুই কি তদধিক ব্যক্তির সপক্ষে ডিক্রী হইলে তাঁহাদের মধ্যে কোন এক কি অধিক ব্যক্তি কিম্বা তাঁহার কি তাঁহাদের স্থলাভিষিক্ত ব্যক্তি সকলের হিতার্থে কিম্বা তাঁহাদের মধ্যে কোন ব্যক্তি মরিলে উত্তরজীবি অন্য ব্যক্তিদের ও মৃত ব্যক্তির স্বার্থসম্বন্ধীয় স্থলাভিষিক্তদের হিতার্থে সম্পূ। ডিক্রীমতে কার্য্যসাধন হইবার প্রার্থনা করিতে পারিবেন।

তদ্রূপে যে প্রার্থনা করা যায় আদালত সেই প্রার্থনানুসারে ডিক্রীমতে কার্য্যসাধন করিবার অনুমতি দেওয়ার উপযুক্ত কারণ দেখিতে পাইলে অন্য যে ব্যক্তিরা সেই প্রার্থনায় সংযুক্ত না ছিলেন তাঁহাদের স্বার্থরক্ষার জন্যে যে আজ্ঞা করা আবশ্যক জ্ঞান করেন তাহা করিবেন ইতি।

ডিক্রী হস্তান্তর করিয়া যাঁহাকে দেওয়া যায় তাঁহার প্রার্থনার কথা।

২৩ ধারা। ডিক্রীদারের লিখিত নিরূপণপত্র কিম্বা আইনের কার্য্যবলে সেই ডিক্রী অন্য কোন ব্যক্তির হস্তগত হইয়া থাকিলে যে ব্যক্তির হস্তগত হয় তিনি যে আদালত ডিক্রী করিলেন সেই আদালতে ঐ ডিক্রী সাধন হইবার প্রার্থনা করিতে পারিবেন। এবং ডিক্রীদার আপনি ঐ প্রার্থনা করিলে যে প্রকারে ও যে নিয়মাধীনে তাহা জারী করা যাইত আদালত বিহিত বোধ করিলে ঐ ডিক্রীমত কার্য্য সেই প্রকারে ও সেই নিয়মাধীনে সাধন হইতে পারিবে।

কিন্তু নিরূপণপত্রদ্বারা সেই ডিক্রী অন্যের হস্তগত করা গেলে উক্ত প্রার্থনার নোটিস লিখিয়া হস্তান্তরকারিকে ও ডিক্রীমত খাতককে দেওয়া যাইবে, ও তাঁহারা ঐ ডিক্রী সাধন বিষয়ক আপত্তি করিলে আদালত তাহাদের আপত্তি না শুনিলে ঐ ডিক্রী সাধন হইবে না।

আরো অনেক ব্যক্তির বিপক্ষে ডিক্রী হইয়া তাঁহারদের কোন এক ব্যক্তির হস্তগত করা গেলে অন্যদের বিপক্ষে তাহা সাধন করা যাইতে পারিবে না।

Every transferree of a decree shall hold the same subject to the equities (if any) which the judgment-debtor might have enforced against the original decree holder

Transferree to hold subject to equities enforceable against original holder

আসল ডিক্রীদারের বিপক্ষে ডিক্রীমত খাতকের ন্যায্য দাওয়া থাকিলে ও খাতক ঐ দাওয়া প্রবল করিতে পারিলে যাহার প্রতি ডিক্রী হস্তান্তর করিয়া দেওয়া যায় তিনিও সেই দাওয়া বলবৎ মানিয়া ঐ ডিক্রী রাখিবেন ইতি।

ঐ ডিক্রী যাঁহার হস্তগত হয় আসল ডিক্রীদারের বিপক্ষে ন্যায্য দাওয়া প্রবল হওনাধীনে তাঁহার ঐ ডিক্রী রাখিবার কথা।

233 When the holder of a decree sent under the foregoing provisions for execution by a Court other than the Court which made it, applies for execution of the decree to the Court to which it has been so sent such Court or any subordinate Court to which the execution of the decree may be entrusted shall proceed to execute the decree according to the provisions of this chapter so far as the same are applicable and so far as they are not applicable according to its own rules in the like cases

Enforcement of execution by Court applied to

২৩৩ ধারা। যে আদালত ডিক্রী করিলেন তদ্ভিন্ন অন্য আদালতে জারী করিবার নিমিত্ত ডিক্রী পূর্ব্বোক্ত বিধানমতে পাঠান গেলে ডিক্রীদার সেই আদালতে ডিক্রী সাধন করিতে প্রার্থনা করিলে ঐ আদালত কিম্বা অধীন অন্য যে আদালতের প্রতি ডিক্রী জারী করিবার ভার অর্পণ করা যায়, সেই আদালত এই অধ্যায়ের বিধান যত দূর খাটিতে পারে তত দূর সেই বিধানমতে ডিক্রী জারী করিবেন ও যে স্থলে ঐ বিধান খাটিতে না পারে সেই স্থলে আপনি ঐ গতিকে যে বিধিমতে কর্ম্ম করিয়া থাকেন সেই বিধিমতে কর্ম্ম করিবেন।

যে আদালতের নিকট প্রার্থনা হয় তাঁহার দ্বারা ডিক্রী প্রবল করা যাইবার কথা।

Such Court shall not enquire into the validity of the decree unless it appear upon the face of the decree that the Court by which it was passed had no jurisdiction to pass it

যে আদালতে ডিক্রী হইয়াছিল সেই আদালতের ঐ ডিক্রী করিবার ক্ষমতা ছিল না ঐ ডিক্রীর অভিমুখেই ইহা না দেখা গেলে আদালত ডিক্রীর সিদ্ধাসিদ্ধতার অনুসন্ধান লইবেন না ইতি।

234 If a judgment debtor dies before the decree has been fully executed, the holder of the decree may apply for its execution against the legal representative of the deceased

If judgment debtor die before execution application may be made against his representative

২৩৪ ধারা। ডিক্রীমত কার্য্য সম্পূর্ণরূপে সাধন না হইতেং ডিক্রীমত খাতক মরিলে ডিক্রীদার তাঁহার আইনমত স্থলাভিষিক্তের বিপক্ষে ঐ ডিক্রীমত কার্য্য সাধন হইবার প্রার্থনা করিতে পারিবেন।

ডিক্রীমত খাতক ঐ ডিক্রী মত কার্য্যসাধন হইবার পূর্ব্বে মরিলে তাঁহার স্থলাভিষিক্তের উপর ডিক্রীজারী হইবার প্রার্থনার কথা।

Such representative shall be liable only to the extent of the property of the deceased which has come to his hands and has not been duly disposed of and for the purpose of ascertaining such liability the Court executing the decree may of its own motion or on the application of the decree holder compel the said representative to produce such accounts as it thinks fit

মৃত ব্যক্তির যত সম্পত্তি ঐ স্থলাভিষিক্তের হস্তগত হইয়া নিয়মিতরূপে হস্তান্তর করা যায় নাই, ঐ স্থলাভিষিক্ত কেবল তত সম্পত্তি সম্বন্ধে দায়ী হইবেন। ও যে আদালত ডিক্রীসাধন করাইবেন তিনি আপন বিবেচনামতে কিম্বা ডিক্রীদারের প্রার্থনামতে ঐ দায় নিশ্চয়মতে স্থির করিবার নিমিত্ত সেই হিসাব দেখা উচিত বোধ করেন ঐ স্থলাভিষিক্তের সেইং হিসাব বলপূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন ইতি।

235 The application for the execution of a decree shall be in writing verified in manner hereinbefore provided for the verification of plaints, and shall contain in a tabular form the following particulars, (namely)—

Contents of application for execution of decree

২৩৫ ধারা। ডিক্রী সাধন করিবার প্রার্থনাপত্র লিখিয়া দেওয়া যাইবে, ও আবেদনপত্রে সত্যাকরণের কথা লিখিবার পূর্ব্বলিখিত বিধানানুসারে ঐ প্রার্থনাপত্রে সত্যাকরণের কথা লিখিতে হইবে তন্মধ্যে নিম্নলিখিত বৃত্তান্ত টেবিলের পাঠে লেখা থাকিবে,—

ডিক্রীজারী করিবার দরখাস্তের কথা।

(a) the number of the suit

(b) the names of the parties,

(c) the date of the decree,

(d) whether any appeal has been preferred from the decree,

(ক) মোকদ্দমার নম্বর।

(খ) উভয় পক্ষের নাম।

(গ) ডিক্রীর তারিখ।

(ঘ) ডিক্রীর উপর আপীল উপস্থিত করা গেল কি না।

(*e*) whether any and what adjustment of the matter in dispute has been made between the parties subsequently to the decree

(ঙ) ডিক্রী হইবার পর উভয় পক্ষের মধ্যে বিবাদীয় বিষয়ের কোনরূপ নিষ্পত্তি করা গেলে যেরূপ নিষ্পত্তি হইল সেই কথা।

(*f*) whether any and what previous applications have been made for execution of the decree and with what result

(চ) ইহার পূর্ব্বে ঐ ডিক্রী জারী করিবার প্রার্থনা পত্র হইয়াছে কি না ও কিরূপ প্রার্থনা হইয়াছে ও তাহার কি ফল।

(*g*) the amount of the debt or compensation with the interest if any due upon the decree or other relief granted thereby

(ছ) ডিক্রীর উপর সুদ পাওনা হইলে সেই সুদ সমেত ঋণের কি হানিপূরণের যত টাকার কি অন্য যেরূপ উপকার পাইবার ডিক্রী হইল তাহা।

(*h*) the amount of costs, if any awarded

(জ) খরচার আজ্ঞা হইলে যত টাকা খরচা।

(*i*) the name of the person against whom the enforcement of the decree is sought and

(ঝ) যে ব্যক্তির উপর ডিক্রী প্রবল করিবার প্রার্থনা করা যায় তাহার নাম। ও

(*j*) the mode in which the assistance of the Court is required, whether by the delivery of property specifically decreed by the arrest and imprisonment of the person named in the application or by the attachment of his property or otherwise as the nature of the relief sought may require

(ঞ) আদালতের নিকট যদ্রূপ সাহায্যের প্রার্থনা হয় অর্থাৎ যে সম্পত্তির স্পষ্ট ডিক্রী হইল সেই সম্পত্তি দেওয়া কিম্বা প্রার্থনাপত্রে যে ব্যক্তির নাম লেখা যায় তাঁহাকে ধরিয়া কারাবদ্ধ করা কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোক করা কিম্বা প্রকারান্তরে যে ভাবের সাহায্য প্রার্থনা হয় তাহা ইতি।

Further particulars when application is for attachment of immoveable property

236 If the application be for the attachment of any immoveable property belonging to the judgment debtor it shall contain at the foot a description of the property sufficient to identify it, and also a specification of the judgment debtor's share or interest therein to the best of the belief of the applicant and so far as he has been able to ascertain the same

স্থাবর সম্পত্তি ক্রোক করিবার দরখাস্ত হইলে আরও যে বৃত্তান্ত লিখিতে হইবে তাহার কথা।

২৩৬ ধারা। ডিক্রীমত খাতকের কোন স্থাবর সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনা হইলে সেই সম্পত্তি যাহাতে চিনিয়া লওয়া যাইতে পারে তলভাগে সেই সম্পত্তির এমত বর্ণনা লিখিতে হইবে, এবং দরখাস্তকারির বিশ্বাসানুসারে কিম্বা তিনি যত দূর নিশ্চয়মতে জানিয়া লইতে পারিলেন ততদূর সেই সম্পত্তিতে ডিক্রীমত খাতকের যে অংশ কি স্বার্থ থাকে তাহাও নির্দ্দেশ করিয়া লিখিতে হইবে।

Every such description and specification shall be verified in manner hereinbefore provided for the verification of plaints

আবেদনপত্রে সত্যাকরণের কথা লিখিবার পূর্ব্ব লিখিত বিধানানুসারে উক্ত বর্ণনায় ও নির্দ্দেশ বাক্যেও সত্যাকরণের কথা লিখিতে হইবে ইতি।

When application must be accompanied by extract from Collector's register

237 If the property be land which whether it pays revenue to Government or not is registered in the Collector's office the application for attachment shall be accompanied by an authenticated extract from the register of such office specifying the persons registered as proprietors of, or as possessing any transferable interest in the land or its revenue or as liable to pay revenue for such land, and the shares of the registered proprietors

দরখাস্তের সঙ্গে যে স্থলে কালেক্টর সাহেবের রেজিষ্টরহইতে উদ্ধৃত কথা দিতে হইবে তাহার কথা।

২৩৭ ধারা। সেই সম্পত্তি যদি ভূসম্পত্তি হয় তবে গবর্ণমেণ্টের রাজস্ব দায়ি হইলে বা না হইলেও কালেক্টরী কাছারীতে তাহা রেজিষ্টরী করা গেলে, তাহা ক্রোক করিবার দরখাস্তের সঙ্গে ঐ কাছারীর রেজিষ্টরহইতে উদ্ধৃত কথা যথার্থ বলিয়া স্বাক্ষরিত হইয়া ঐ দরখাস্তের সঙ্গে দিতে হইবে। ঐ জমীর অধিকারী বলিয়া কিম্বা যে স্বার্থ হস্তান্তর করা যাইতে পারে ঐ ভূমিতে কি তদুৎপন্ন রাজস্বে এমত স্বার্থের অধিকারী বলিয়া কিম্বা ঐ ভূমির রাজস্বের দায়ী বলিয়া যে ব্যক্তিদিগকে রেজিষ্টরী করা গেল, তাঁহাদের নাম ও রেজিষ্টরী ভূম্যধিকারিদের নানা অংশ ঐ উদ্ধৃত কথার মধ্যে নির্দ্দিষ্ট থাকিবে ইতি।

238 Every decree holder applying for an attachment of any moveable property of the judgment debtor shall annex to his application an inventory of the property to be attached containing a reasonably accurate description of the same

Application for attachment of moveable property to be accompanied with inventory

২৩৮ ধারা। ডিক্রীদার ডিক্রীমত খাতকের অস্থাবর কোন সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনা করিলে, যেং দ্রব্য ক্রোক করিতে হইবে প্রার্থনাপত্রের সঙ্গে সেইং দ্রব্যের নির্ঘন্টপত্র দিবেন, তন্মধ্যে সঙ্গতমতে ঐং দ্রব্যের ঠিক বর্ণনা থাকিবে ইতি।

অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার দরখাস্তের সঙ্গে তালিকা দিবার কথা।

C.—Of staying Execution

(গ)—ডিক্রীসাধন কার্য্য স্থগিত রাখিবার বিধি।

239 The Court to which a decree has been sent for execution under this Chapter shall upon sufficient cause being shown stay the execution of such decree for a reasonable time to enable the judgment debtor to apply to the Court by which the decree was made, or to any Court having appellate jurisdiction in respect of the decree or the execution thereof for an order to stay the execution or for any other order relating to the decree or execution which might have been made by such Court of first instance or appellate Court if execution had been issued thereby or if application for execution had been made thereto

When Court may stay execution

and in case the property or person of the judgment debtor has been seized under an execution the Court which issued the execution may order the restitution or discharge of such property or the person pending the result of the application for such order

২৩৯ ধারা। যে আদালতে ডিক্রী করা গেল সেই আদালতে কিম্বা ঐ ডিক্রী কি তাহার জারীকরা সম্বন্ধে যে আদালতের আপীল বিচার করিবার ক্ষমতা থাকে সেই আদালতে ডিক্রী সাধন কার্য্য স্থগিত রাখিবার আজ্ঞা হওয়ার নিমিত্ত কিম্বা ঐ প্রথম স্থলীয় আদালত কি অপীল আদালত ডিক্রী জারী করিবার আজ্ঞা করিয়া থাকিলে কিম্বা তাহার নিকট ডিক্রী জারী করিবার দরখাস্ত হইয়া থাকিলে ঐ আদালত ঐ ডিক্রীর কিম্বা তাহা জারী করণের বিষয় অন্য যে আজ্ঞা করিতে পারেন এমত কোন আজ্ঞা হওয়ার নিমিত্ত ডিক্রীমত খাতক দরখাস্ত করিবার অবকাশ পান এই অভিপ্রায়ে, এই অধ্যায়মতে সাধন করিবার জন্যে যে আদালতে ডিক্রী প্রেরণ করা যায় সেই আদালত উপযুক্ত কারণ দেখান গেলে সঙ্গত কালের নিমিত্ত ঐ ডিক্রী সাধন কার্য্য স্থগিত রাখিবেন।

যে স্থলে আদালত ডিক্রী সাধন কার্য্য স্থগিত রাখিতে পারেন তাহার কথা।

ও ডিক্রী জারী করিবার কার্য্যক্রমে ডিক্রীমত খাতকের সম্পত্তি কিম্বা তাহাকেই ধৃত করিয়া রাখা গেলে যে আদালত ঐ ডিক্রী সাধন করিবার আজ্ঞা করিলেন উক্ত আজ্ঞা হইবার প্রার্থনার ফল যত দিন না জানা যায় সে আদালত তৎদিন ঐ সম্পত্তি ফিরিয়া দিবার কিম্বা ঐ ব্যক্তিকে মুক্ত করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

240 Before passing an order to stay execution or for the restitution of property or the discharge of the judgment debtor under section 239 the Court may require such security from or impose such conditions upon the judgment debtor as it thinks fit

Power to require security from or impose conditions upon judgment debtor

২৪০ ধারা। ২৩৯ ধারামতে ডিক্রী সাধনকার্য্য স্থগিত রাখিবার কিম্বা সম্পত্তি ফিরিয়া দিবার কি ডিক্রীমত খাতককে মুক্ত করিবার আজ্ঞা করণের পূর্ব্বে আদালত ডিক্রীমত খাতকের স্থানে যে জামিন লওয়া উচিত বোধ করেন লইতে পারিবেন কিম্বা তৎপক্ষে যে নিয়ম ধার্য্য করা উচিত বোধ হবেন করিতে পারিবেন ইতি।

ডিক্রীমত খাতকের স্থানে জামিন লইতে কিম্বা তাঁহাকে নিয়মবদ্ধ করিতে পারিবার কথা।

241 No discharge under section 239 of the property or person of a judgment debtor shall prevent it or him from being retaken in execution of the decree

Liability of judgment debtor discharged to be retaken

২৪১ ধারা। ডিক্রীমত খাতককে কিম্বা তাহার সম্পত্তি ২৩৯ ধারাতে মুক্ত করা গেলেও ডিক্রী সাধনের কার্য্যক্রমে তাঁহার কিম্বা তাঁহার সম্পত্তির পুনরায় ধৃত হইবার বাধা নাই ইতি।

ডিক্রীমত খাতককে মুক্ত করা গেলে পুনরায় ধরা যাইতে পারিবার কথা।

242 Any order of the Court by which the decree was passed or of such Court of appeal as aforesaid, in relation to the execution of such decree shall be binding upon the Court to which the decree was sent for execution

Order of Court passing decree or of Appellate Court to be binding upon Court applied to

২৪২ ধারা। যে আদালতে ডিক্রী করা যায় সেই আদালত কিম্বা পূর্ব্বোক্ত আপীল আদালত ঐ ডিক্রী সাধনসম্পর্কীয় যে আজ্ঞা করেন ডিক্রীসাধন করিবার নিমিত্ত যে আদালতে পাঠান যায় সেই আদালতের ঐ আজ্ঞা মানিতেই হইবে ইতি।

দরখাস্ত যে আদালতে করা যায় ডিক্রীকারি কিম্বা আপীল আদালতের আজ্ঞা তাঁহার মানিতে হইবার কথা।

243. If a suit be pending in any Court against the holder of a decree of such Court on the part of the person against whom the decree was passed the Court may (if it think fit) stay execution on the decree, either absolutely or on such terms as it thinks fit until the pending suit has been decided

Stay of execution pending suit between decree-holder and judgment-debtor

২৪৩ ধারা। কোন আদালতের ডিক্রী যে ব্যক্তির বিপক্ষে হইয়াছে ডিক্রীদারের নামে সেই আদালতে সেই ব্যক্তির মোকদ্দমা উপস্থিত থাকিলে, আদালত উচিত জ্ঞান করিলে ঐ উপস্থিত মোকদ্দমা যত দিন নিষ্পত্তি না হয় তত দিন নিরপেক্ষরূপে, কিম্বা যে নিয়ম উচিত জ্ঞান করেন সেই নিয়মানুসারে ঐ ডিক্রীমত কার্য্যসাধন স্থগিত রাখিতে পারিবেন ইতি।

ডিক্রীদারের ও ডিক্রীমত খাতকের মধ্যে মোকদ্দমা উপস্থিত থাকিতে ডিক্রীজারী স্থগিত থাকার কথা।

244 The following questions shall be determined by order of the Court executing a decree and not by separate suit (namely)—

Question to be decided by Court executing decree.

২৪৪ ধারা। যে আদালত ডিক্রীজারী করেন নিম্নলিখিত প্রশ্ন সকল স্বতন্ত্র মোকদ্দমা না করিয়া সেই আদালতের আজ্ঞাক্রমে নির্ণয় করা যাইবে।

যে আদালত ডিক্রী জারী করেন সেই আদালতের যে২ বিষয় নির্ণয় করিতে হইবে তাহার কথা।

(a) questions regarding the amount of any mesne profits which by the terms of the decree have been directed to be adjusted in the execution of the decree

(ক) ডিক্রীপত্রের নিয়মানুসারে, ডিক্রী জারী করণ সময়ে ওয়াসিলাৎ নিষ্পত্তি করিবার আজ্ঞা হইলে যত টাকা ওয়াসিলাৎ এই বিষয়ের প্রশ্ন।

(b) questions regarding the amount of any mesne profits or interest which the decree has made payable in respect of the subject matter of a suit between the date of its institution and the execution of the decree

(খ) যে বিষয় লইয়া মোকদ্দমা হয় ডিক্রী অনুসারে মোকদ্দমা উপস্থিত করিবার তারিখ অবধি ডিক্রীসাধন হইবার তারিখপর্য্যন্ত সেই বিষয়ের যে ওয়াসিলাৎ কি সুদ দিবার আজ্ঞা থাকে, তাহার কত টাকা হইবে এই বিষয়ের প্রশ্ন।

(c) any other questions arising between the parties to the suit in which the decree was passed or their representatives and relating to the execution of the decree

(গ) যে মোকদ্দমার ডিক্রী হইল সেই মোকদ্দমার উভয় পক্ষের কিম্বা তাঁহাদের স্থলাভিষিক্তদের মধ্যে ডিক্রী জারী করণবিষয়ক অন্যান্য যে প্রশ্ন উপস্থিত হয় তাহা।

Nothing in this section shall be deemed to bar a separate suit for mesne profits accruing between the institution of the first suit and the execution of the decree therein, where such profits are not dealt with by the decree.

প্রথম মোকদ্দমা উপস্থিত করণ ও ঐ মোকদ্দমার ডিক্রী জারী করণসময়ের মধ্যে যে ওয়াসিলাৎ পাওনা হয়, ডিক্রীতে তদ্বিষয়ের কোন কার্য্য করা না গেলে এই ধারার কোন কথায় সেই ওয়াসিলাতের নিমিত্ত স্বতন্ত্র মোকদ্দমা উপস্থিত করিবার বাধা নাই ইতি।

D.—Of the mode of executing Decrees

ঘ।—ডিক্রী যে প্রকারে সাধন করা যাইবে তদ্বিষয়ক বিধি।

245 The Court, on receiving an application for the execution of a decree shall ascertain whether it contains the particulars mentioned in section 235 or such of them as may be applicable to the case and whether it is accompanied by the inventory mentioned in section 238; and if such particulars or inventory are or is wanting, it shall reject the application or return it for amendment or for the addition of the inventory as the case may be, or amend it then and there Every amendment made under this section shall be attested by the signature of the Judge

Procedure on receiving application for execution of decree

২৪৫ ধারা। আদালত ডিক্রী সাধন করিবার প্রার্থনাপত্র পাইলে ২৩৫ ধারার উল্লিখিত বৃত্তান্ত কিম্বা তাহার মধ্যে যে২ বৃত্তান্ত মোকদ্দমার বর্ত্তে তাহা ঐ প্রার্থনাপত্রে লেখা হইয়াছে কি না ও তাহার সঙ্গে ২৩৮ ধারার উল্লিখিত নির্ঘণ্টপত্র দেওয়া গিয়াছে কি না ইহা নিশ্চয়মতে জানিয়া লইবেন, ও সেই বৃত্তান্ত কি নির্ঘণ্টপত্র না থাকিলে ঐ প্রার্থনাপত্র অগ্রাহ্য করিবেন কিম্বা সংশোধন করিবার নিমিত্ত কি বিষয়বিশেষ নির্ঘণ্টপত্র সংযোগ করিবার নিমিত্ত তাহা ফিরিয়া দিবেন কিম্বা তৎকালে তৎস্থানেই সংশোধন করিবেন। এই ধারামতে যে২ কথা সংশোধন করা যায় তাহাতে বিচারপতির স্বাক্ষর করিতে হইবে।

ডিক্রী জারী করিবার দরখাস্ত পাইলে কার্য্য প্রণালীর কথা।

When the application is admitted, the Court shall enter in the register of the suit a note of the application and the date on which it was made and shall order execution of the decree according to the nature of the application

Procedure on admitting application

Provided that in the case of a decree for money the value of the property attached shall as nearly as may be correspond with the amount for which the decree has been made

246 If cross decree between the same parties for the payment of money be produced to the Court execution shall be taken out only by the party who holds a decree for the larger sum and for so much only as remains after deducting the smaller sum and satisfaction for the smaller sum shall be entered on the decree for the larger sum as well as satisfaction on the decree for the smaller sum

Cross decrees

If the two sums be equal satisfaction shall be entered upon both decrees

Explanation I The decrees contemplated by this section are (*a*) decrees made by the same Court (*b*) decrees sent to the same Court for execution and (*c*) decrees of which one is made by the Court and the other is sent to the same Court for execution but not (*d*) decrees of which one is made by one Court and the other is made by another Court and not sent for execution to the former Court

Explanation II—This section applies where either party is an assignee of one of the decrees

Explanation III—This section does not apply unless

(*e*) both decrees are capable of execution at the same time

(*f*) the parties are the same and

(*g*) the sums due under the decrees are definite

Illustrations

(*a*) A holds a decree against B for Rs 1 000 B holds a decree against A for the payment of Rs 1 000 In case A fails to deliver certain goods at a future day B cannot treat his decree as a cross-decree under this section

(*b*) A and B co plaintiffs obtain a decree for Rs 1 000 against C and C obtains a decree for Rs 1 000 against B C cannot treat his decree as a cross decree under this section

(*c*) A obtains a decree against B for Rs 1 000 C who is a trustee for B obtains a decree on behalf of B against A for Rs 1 000 B cannot treat C's decree as a cross decree under this section

প্রার্থনাপত্র গ্রাহ্য হইলে কার্য্যপ্রণালীর কথা।

প্রার্থনাপত্র গ্রাহ্য হইলে আদালত মোকদ্দমার রেজিষ্টরী বহীতে ঐ প্রার্থনা হওয়ার কথা ও যে তারিখে করা যায় তাহা লিখিয়া ঐ প্রার্থনাপত্রের ভাবানুসারে ডিক্রীসাধন করিবার আজ্ঞা করিবেন।

কিন্তু টাকার নিমিত্ত ডিক্রী হইলে যত টাকার ডিক্রী হইল সাধ্যমতে তত টাকা মূল্যের সম্পত্তি ক্রোক করা যাইবে ইতি।

২৪৬ ধারা টাকার নিমিত্ত দুই পক্ষের পরস্পর বিপক্ষ ডিক্রী আদালতে উপস্থিত করা গেলে যিনি অধিক টাকার ডিক্রীদার হন কেবল তিনি ঐ অল্পের ডিক্রীর টাকা বাদ দিয়া কেবল অবশিষ্ট টাকার নিমিত্ত ডিক্রী সাধন করিবার আজ্ঞা পাইতে পারিবেন এবং অধিক টাকার ডিক্রীর উপর ঐ অল্প টাকা প্রাপ্ত হওয়ার ও অল্প টাকার ডিক্রীমত কার্য্যসাধন হওয়ার কথা লেখা যাইবে।

পরস্পর বিপক্ষ ডিক্রীর কথা।

সমান টাকার দুই ডিক্রী হইলে উভয় ডিক্রীর উপর টাকা প্রাপ্ত হওয়ার কথা লেখা যাইবে।

প্রথম ব্যাখ্যা।—এই ধারায় এই২ প্রকারের ডিক্রী লক্ষ্য হইয়াছে। (ক) একি আদালতের ডিক্রী। (খ) ডিক্রী সাধন করিবার নিমিত্ত একি আদালতে প্রেরিত ডিক্রী। (গ) দুই ডিক্রীর মধ্যে একখানি আদালতেরই হইলে অন্য খানি সাধন করিবার নিমিত্ত সেই আদালতে পাঠান গেলে সেই ডিক্রী। কিন্তু (ঘ) দুই ডিক্রীর মধ্যে এক খানা এক আদালতের অন্য খানি অন্য আদালতের হইয়া সাধন করিবার নিমিত্ত প্রথমোক্ত আদালতে পাঠান না গেলে তাহা এই ধারার লক্ষিত নয়।

দ্বিতীয় ব্যাখ্যা।—কোন এক পক্ষের প্রতি একতর ডিক্রী নিরূপণ করিয়া দেওয়া গেলে এই ধারা খাটে।

তৃতীয় ব্যাখ্যা। এই ধারা নিম্নলিখিত স্থলে খাটে না

(ঙ) যদি উভয় ডিক্রী একি সময়ে জারী হইতে না পারে।

(চ) যদি উভয় পক্ষ সেই২ পক্ষ না হন। ও

(ছ) দুই ডিক্রীমতে যে টাকা পাওনা হয় তাহা যদি নির্দ্দিষ্ট না থাকে ইতি।

উদাহরণ।

(ক) বলরামের বিপক্ষে আনন্দের ১০০০ টাকার ডিক্রী আছে। ও আনন্দ অমুক দিনে বলরামকে অমুক২ দ্রব্য না দিলে আনন্দের বিপক্ষে বলরামের ও ১০০০ টাকা পাইবার ডিক্রী হইয়াছে। বলরাম এই ধারামতে আপনার ডিক্রী আনন্দের ডিক্রীর বিপক্ষ বলিয়া মানিতে পারিবেন না।

(খ) আনন্দ ও বলরাম এক মোকদ্দমায় সহবাদী হইয়া চন্দ্রের বিপক্ষে ১০০০ টাকার ডিক্রী পান চন্দ্র ও কেবল বলরামের বিপক্ষে ১০০০ টাকার অন্য ডিক্রী পান চন্দ্র এই ধারামতে আপনার ডিক্রী অন্য ডিক্রীর বিপক্ষ বলিয়া মানিতে পারিবেন না।

(গ) আনন্দ বলরামের বিপক্ষে ১০০০ টাকার ডিক্রী পান। চন্দ্র বলরামের সপক্ষ ন্যাসধারী হইয়া আনন্দের বিপক্ষে ১০০০ টাকার ডিক্রী পান। বলরাম এই ধারামতে চন্দ্রের ডিক্রী বিপক্ষ ডিক্রী বলিয়া মানিতে পারিবেন না।

247 When two parties are entitled under the same decree to recover from each other sums of different amounts the party entitled to the smaller sum shall not take out execution against the other party but satisfaction for the smaller sum shall be entered on the decree

Cross claims under same decree

When the amounts are equal neither party shall take out execution, but satisfaction for each sum shall be entered on the decree

248 The Court shall issue a notice to the party against whom execution is applied for requiring him to show cause within a period to be fixed by the Court why the decree should not be executed against him

Notice to show cause why decree should not be executed

(*a*) if more than one year has elapsed between the date of the decree and the application for its execution, or

(*b*) if the enforcement of the decree be applied for against the legal representative of a party to the suit in which the decree was made

Proviso

Provided that no such notice shall be necessary

in consequence of more than one year having elapsed between the date of the decree and the application for execution if the application be made within one year from the date of the last order passed on any previous application for execution, or

in consequence of the application being against the legal representative of the judgment debtor if upon a previous application for execution against the same person the Court has ordered execution to issue against him

Explanation —In this section the phrase the Court ' means the Court by which the decree was passed unless the decree has been sent to another Court for execution in which case it means such other Court

249 If the person to whom notice is issued under the last preceding section does not appear or does not show cause to the satisfaction of the Court why the decree should not be executed, the Court shall order the decree to be executed

Procedure after issue of notice

If he offers any objection to the enforcement of the decree, the Court shall pass such order as it thinks fit

২৪৭ ধারা। দুই পক্ষ একি ডিক্রীমতে পরস্পরের স্থানে ন্যূনাধিক টাকা পাইবার স্বত্ববান হইলে যে ব্যক্তি অন্য অপেক্ষা অল্প টাকা পাইবেন তিনি অন্যের ঐ বিপক্ষ ডিক্রী সাধন করিবার আজ্ঞা পাইতে পারিবেন না। কিন্তু ডিক্রীর উপর অল্প টাকা পাওয়ার কথা লেখা যাইবে।

একি ডিক্রীমতে পরস্পর বিপক্ষ দাওয়ার কথা।

উভয় ডিক্রী সমান টাকার হইলে কোন পক্ষ ডিক্রী সাধন করিবার আজ্ঞা পাইতে পারিবেন না একং ডিক্রীর টাকা দেওয়ার কথা সে ২ ডিক্রীর উপর লেখা যাইবে ইতি।

২৪৮ ধারা। (ক) ডিক্রীর তারিখের ও তাহা সাধন করিবার প্রার্থনাপত্রের তারিখের মধ্যে এক বৎসরের অধিক গত হইলে কিম্বা

ডিক্রী সাধন করিতে না হওয়ার কারণ দেখাইবার নোটিস দিবার কথা।

(খ) যে মোকদ্দমায় ডিক্রী করা গেল, সেই মোকদ্দমার এক পক্ষের আইন অনুযায়ি স্থলাভিষিক্তের বিপক্ষে ডিক্রী প্রবল করিবার প্রার্থনা হইলে

যাহার বিপক্ষে ডিক্রী সাধন করিতে প্রার্থনা করা যায় আদালত দিন নিরূপণ করিয়া তাঁহার নামে নোটিস দিয়া তাহার বিপক্ষে ডিক্রী সাধন করিতে না হওয়ার কারণ সেই দিনের পূর্ব্বে দেখাইয়া দিতে আজ্ঞা করিবেন।

উপবিধি।

কিন্তু এই২ স্থলে তদ্রূপ নোটিস দিবার প্রয়োজন নাই

ডিক্রীর তারিখ ও ডিক্রী সাধন করিবার প্রার্থনাপত্রের তারিখের মধ্যে এক বৎসরের অধিক কাল গত হইলেও তৎপূর্ব্বে ডিক্রী সাধন করিবার কোন প্রার্থনাপত্র হইয়া তাহার উপর শেষ আজ্ঞার তারিখ অবধি এক বৎসরের মধ্যে ঐ প্রার্থনা করা গেলে কিম্বা

ডিক্রীমত খাতকের আইন অনুযায়ি স্থলাভিষিক্তের বিপক্ষে প্রার্থনা হইলেও তৎপূর্ব্বে সেই ব্যক্তির বিপক্ষে ডিক্রী সাধন করিবার প্রার্থনা হইয়া আদালত তাহার বিপক্ষে ডিক্রী সাধন করিবার আজ্ঞা করিয়া থাকিলে।

ব্যাখ্যা।—এই ধারায় আদালত শব্দে যে আদালত ডিক্রী করিবেন তাঁহাকে জানিতে হইবে। কিন্তু ডিক্রীজারী করিবার নিমিত্ত অন্য আদালতে পাঠান গিয়া থাকিলে ঐ শব্দে সেই অন্য আদালতকে জানিতে হইবে ইতি।

২৪৯ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে ব্যক্তির নামে নোটিস দেওয়া যায় তিনি উপস্থিত না হইলে কিম্বা আদালতের হৃদ্বোধমতে ডিক্রী সাধন করিতে না হওয়ার কারণ না দেখাইলে, আদালত সেই ডিক্রী সাধন করিতে আজ্ঞা করিবেন।

নোটিস জারী হইবার পর কার্য্যপ্রণালীর কথা।

তিনি ঐ ডিক্রী প্রবল করিবার কোন আপত্তি জানাইলে, আদালত যে আজ্ঞা বিহিত জ্ঞান করেন করিবেন ইতি।

250 When the preliminary measures (if any) required by the foregoing provisions have been taken the Court unless it sees cause to the contrary shall issue its warrant for the execution of the decree

Warrant when to issue.

২৫০ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে প্রথমস্থলীয় যে কার্য্যের প্রয়োজন হয় তাহা করা গেলে পর আদালত অন্যরূপ কার্য্য করিবার কারণ না জানিলে, ডিক্রী সাধন হওনের জন্যে পরওয়ানা দিবেন ইতি।

পরওয়ানা যে সময়ে বাহির হইতে পারিবে তাহার কথা।

251 The warrant for the execution of the decree shall bear the date of the day on which it is issued and shall be signed by the Judge or such officer as the Court appoints in this behalf and shall be sealed with the seal of the Court and delivered to the proper officer to be executed

Date signature seal and delivery

২৫১ ধারা। ডিক্রী সাধন করিবার পরওয়ানা যে দিনে বাহির হয় সেই দিনের তারিখ তাহাতে দেওয়া যাইবে ও আদালতের বিচারপতি কিম্বা এতৎকার্য্য পক্ষে আদালতের নিযুক্ত কার্য্যকারক তাহাতে স্বাক্ষর করিবেন। আদালতের মোহরও দেওয়া যাইবে ও সাধন করিবার নিমিত্ত উপযুক্ত কর্ম্মকারকের হস্তে দেওয়া যাইবে ইতি।

তাহাতে তারিখ দিয়া ও স্বাক্ষর ও মোহর করিয়া দিবার কথা।

252 If the decree be against a party as the legal representative of a deceased person and the decree be for money to be paid out of the property of the deceased it may be executed by the attachment and sale of any such property

Decree against representative of deceased for money to be paid out of deceased's property

If no such property can be found and the judgment debtor fails to satisfy the Court that he has duly applied such property of the deceased as is proved to have come into his possession the decree may be executed against the judgment debtor to the extent of the property not duly applied by him in the same manner as if the decree had been against him personally

২৫২ ধারা। কোন আইনমতে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত জন তাহার বিপক্ষে ডিক্রী হইলে এবং মৃত ব্যক্তির সম্পত্তিহইতে টাকা দিবার ঐ ডিক্রী হইলে উক্ত কোন সম্পত্তি ক্রোক ও নীলাম করণদ্বারা ঐ ডিক্রী সাধন হইতে পারিবে।

মৃত ব্যক্তির স্থলাভিষিক্তের বিপক্ষে মৃত ব্যক্তির সম্পত্তিহইতে টাকা দিবার ডিক্রীর কথা।

তদ্রূপ কোন সম্পত্তি পাওয়া যাইতে না পারিলে ও মৃত ব্যক্তির যত সম্পত্তি ডিক্রীমত খাতকের অধিকারগত হওয়ার প্রমাণ হয় তিনি তত সম্পত্তি নিয়মমতে যে প্রয়োগ করিয়াছেন এই কথা আদালতের হৃদ্বোধমতে জানাইতে না পারিলে নিজ তাহারই বিপক্ষে ডিক্রী হইলে যেরূপে করা যাইত সম্পত্তির যে অংশ তাঁহার দ্বারা নিয়মমতে প্রয়োগ হয় নাই সেই অংশের উপর ডিক্রীমত খাতকের বিপক্ষে ঐ ডিক্রী সাধন হইতে পারিবে ইতি।

253 Whenever a person has before the passing of a decree in an original suit become liable as surety for the performance of the same or of any part thereof, the decree may be executed against him to the extent to which he has rendered himself liable in the same manner as a decree may be executed against a defendant

Decree against surety

Provided that such notice in writing as the Court in each case thinks sufficient has been given to the surety

২৫৩ ধারা। প্রথমত উপস্থিত মোকদ্দমায় ডিক্রী হইবার পূর্ব্বে কোন ব্যক্তি ঐ ডিক্রীমতে কিম্বা তাহার একাংশমতে কার্য্য হইবার প্রতিভূ হইবার দায়ী হইলে প্রতিবাদির বিপক্ষে যেরূপে ঐ ব্যক্তি আপনাকে যত দূর দায়ী করিলেন তত দূর তাহার বিপক্ষে সেই ডিক্রী সাধন হইতে পারিবে।

জামিনের বিপক্ষে ডিক্রীর কথা। প্রতিভূস্বরূপ দায়ী হইলে ডিক্রী সাধন হইতে পারে

কিন্তু আদালত প্রত্যেক স্থলে যে প্রকারের নোটিস প্রচুর বলিয়া জ্ঞান করেন প্রতিভূকে এমত নোটিস লিখিয়া দেওয়া প্রয়োজন ইতি।

254 Where a decree is against partners in the name of the firm, execution may issue in manner following —

Decree against partners in name of firm

(*a*) against any property of the partners as such

(*b*) against any person who has admitted in the suit that he is or has been adjudged to be a partner

২৫৪ ধারা। কুঠীর নামে অংশিদের বিপক্ষে ডিক্রী হইলে নিম্নলিখিত মতে ডিক্রী সাধন করা যাইতে পারিবে —

কুঠীর নামে অংশিদের বিপক্ষে ডিক্রীর কথা।

(ক) অংশী বলিয়া অংশিদের যে সম্পত্তি থাকে তাহার উপর।

(খ) কোন ব্যক্তি আপনাকে অংশী বলিয়া কিম্বা মোকদ্দমায় অংশী বলিয়া নির্ণীত হইয়াছে স্বীকার করিলে সেই ব্যক্তির উপর।

(*c*) against any person who has been served as a partner with the summons and has failed to appear

If the decree holder claims to be entitled to issue execution against any other person as being a member of the firm he may apply to the Court for leave so to do, and the Court may give such leave if notice of the application has been served on such other person and the liability to execution is not disputed or if such liability is disputed may try and determine the same in any manner in which any issue or question in a suit may be tried and determined

255 Every decree or order directing a party to pay money whether by way of compensation or costs or otherwise shall be enforced by the imprisonment of the judgment debtor or by the attachment and sale of his property in manner hereinafter provided or by both

Decree for money

Explanation — A decree for mesne profits or any other matter, the amount of which in money is to be subsequently determined is a decree for money within the meaning of this section

256 When a decree is passed for a sum of money only and the amount decreed does not exceed the sum of one thousand rupees the Court may when passing the decree on the oral application of the decree holder order immediate execution thereof by the issue of a warrant directed either against the person of the judgment debtor if he is within the local limits of the jurisdiction of the Court or against his moveable property within the same limits

Power to direct immediate execution of decree for money not exceeding Rs 1 000

257 Payment of a sum of money ordered to be paid as the alternative to some other relief granted by the decree shall be enforced in manner hereinbefore provided for the execution of a decree for money

Order for payment of money as an alternative

258 All money payable under a decree shall be paid as follows (namely)—

Modes of paying money under decree

(*a*) into the Court whose duty it is to execute the decree, or

(*b*) out of Court to the decree holder or

(গ) অংশী বলিয়া কোন ব্যক্তিকে সমন দেওয়া গেলেও তিনি উপস্থিত হইতে ত্রুটি করিলে তাঁহার উপর।

ডিক্রীদার কুঠীর অন্তর্গত ব্যক্তি বলিয়া অন্য কোন ব্যক্তির বিপক্ষে ডিক্রী সাধন করাইবার স্বত্বের দাওয়া করিলে তিনি আদালতে তাহা করিবার অনুমতি প্রার্থনা করিতে পারিবেন। ও ঐ অন্য ব্যক্তিকে সেই প্রার্থনা হওয়ার নোটিস দেওয়া গেলেও তিনি ঐ ডিক্রীমতে কার্য্যসাধন করিবার দায়ের বিষয় প্রতিবাদ না করিলে আদালত উক্ত অনুমতি দিতে পারিবেন কিম্বা সেই দায়ের বিষয়ে প্রতিবাদ করিলে মোকদ্দমায় কোন ইস্যুর কি বিবাদীয় বিষয়ের বিচার ও নির্ণয় যে কোন প্রকারে হইতে পারে আদালত সেই প্রকারে উক্ত প্রতিবাদ বিচার করিয়া নির্ণয় করিতে পারিবেন ইতি।

২৫৫ ধারা। যে ডিক্রী কি আজ্ঞাদ্বারা কোন পক্ষের প্রতি হানিপূরণ কি খরচ স্বরূপ কি অন্য প্রকারে টাকা দেওয়ার আদেশ থাকে ডিক্রীমত খাতককে কারারুদ্ধ করণ কিম্বা নিম্ন লিখিতমতে তাঁহার সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণদ্বারা কিম্বা ঐ উভয় প্রকারে ঐ ডিক্রী কি আজ্ঞা প্রবল করা যাইতে পারিবে।

টাকার নিমিত্ত ডিক্রীর কথা।

ব্যাখ্যা—ওয়াসিলাতের কিম্বা অন্য যে বিষয়ের মূল্য টাকা দ্বারা পশ্চাৎ নির্ণয় করিতে হইবে তদ্বিষয়ের ডিক্রী এই ধারার অর্থানুযায়ি টাকার ডিক্রী হয় ইতি।

২৫৬ ধারা। কেবল টাকার ডিক্রী হইলে ও এক সহস্র টাকার অধিকের ডিক্রী না হইলে ডিক্রীদার বাচনিক প্রার্থনা করিলে ও ডিক্রীগত খাতক তৎকালে আদালতের এলাকার সীমার মধ্যে বাস করিলে আদালত ঐ ডিক্রী করণ সময়ে তাঁহার নামে গ্রেপ্তারী পরওয়ানা দিয়া কিম্বা সেই সীমার মধ্যে তাহার অস্থাবর যে সম্পত্তি থাকে সেই সম্পত্তি ক্রোক করিবার পরওয়ানা দিয়া অগৌণেই ডিক্রী সাধন করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

১০০০৲ টাকার অধিকের ডিক্রী না হইলে অগৌণেই তাহা সাধন করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

২৫৭ ধারা। ডিক্রীক্রমে যে উপকার করা যায় যদি তৎপরিবর্ত্তে টাকা দিবার আজ্ঞা হইয়া থাকে, তবে পূর্ব্বভাগে টাকার নিমিত্ত ডিক্রী সাধন করিবার যে বিধান হইয়াছে ঐ ডিক্রী সেই বিধানমতে প্রবল করা যাইবে ইতি।

অনুকল্পে টাকা দিবার আজ্ঞার কথা।

২৫৮ ধারা। ডিক্রীমতে যে সকল টাকা দেয় হয় তাহা এই২ প্রকারে দেওয়া যাইবে,

ডিক্রীমতে টাকা যেরূপে দেওয়া যাইবে তাহার কথা।

(ক) সেই ডিক্রী সাধন করা যে আদালতের কর্ত্তব্য সেই আদালতে, কিম্বা

(খ) আদালতের বাহিরে ডিক্রীদারকে, কিম্বা

(c) otherwise as the Court which made the decree directs

If the money is paid out of Court or the decree is otherwise adjusted to the decree holder he shall certify the payment or adjustment to the Court whose duty it is to execute the decree and no satisfaction of a decree in part or in whole by such payment or adjustment shall be recognized by such Court unless the payment or adjustment be certified as aforesaid Where the decree holder fails to certify as aforesaid the judgment debtor or his pleader may within eight days of the date of payment apply to such Court for an order compelling the decree holder to certify as aforesaid and the Court after hearing the decree holder or his pleader may make such order

259 If the decree be for any specific moveable or for any share in a specific moveable or for the recovery of a wife it shall be enforced by the seizure if practicable of the moveable or share and by the delivery thereof to the party to whom it has been adjudged or to such person as he appoints to receive delivery on his behalf, or by the imprisonment of the judgment debtor or by attaching his property and keeping the same under attachment until the further order of the Court or by both imprisonment and attachment if necessary

Decrees for specific moveables or recovery of wives

No attachment under this section shall remain in force for more than six months at the end of which time if the judgment debtor has not obeyed the decree the property attached may be sold and out of the proceeds the Court may award to the decree holder such compensation as it thinks fit and pay the balance if any to the judgment debtor on his application

260 When the party against whom a decree for the specific performance of a contract or for restitution of conjugal rights has been made, has had an opportunity of obeying the decree or injunction and has wilfully failed to obey it the decree may be enforced by his imprisonment, or by the attachment of his property, or by both

Decree for specific performance or restitution of conjugal rights

No attachment under this section shall remain in force for more than one year at the end of which time if the judgment debtor has not obeyed the decree, the property attached may be sold

(গ) যে আদালত ডিক্রী করিলেন সেই আদালত অন্য যদ্রূপে আজ্ঞা করেন তদ্রূপে,

আদালতের বাহিরে টাকা দেওয়া গিয়া থাকিলে কম্বা ডিক্রীদারের পক্ষে অন্য প্রকারে ডিক্রীমত কার্য্য নিষ্পত্তি হওয়া থাকিলে ঐ ডিক্রী সাধন করা যে আদালতের কর্ত্তব্য সেই আদালতে তিনি ঐ টাকা দেওয়ার কি ডিক্রীমত কার্য্য নিষ্পত্তি হওয়ার সার্টিফিকট দিবেন। ও সেই টাকা দেওয়ার কিম্বা ডিক্রীমত কার্য্য নিষ্পত্তি হওয়ার পূর্ব্বোক্তমতে সার্টিফিকট না দেওয়া গেলে ঐ আদালত ঐ টাকা দেওন কি ডিক্রীমত কার্য্য নিষ্পত্তি হওন দ্বারা অংশমতে কি সম্পূর্ণরূপে ডিক্রী সাধন হওয়া স্বীকার করিবেন না। ডিক্রীদার পূর্ব্বোক্ত প্রকারের সার্টিফিকট না দিলে ঐ টাকা দিবার পর আট দিনের মধ্যে ডিক্রীমত খাতক কিম্বা তাহার উকীল আদালতে এই প্রার্থনা করিতে পারিবেন যে ডিক্রীদারের প্রতি পূর্ব্বোক্ত সার্টিফিকট দিবার আজ্ঞা হয় ও আদালত ডিক্রীমত খাতকের কিম্বা তাঁহার উকীলের কথা শুনিয়া সেই আজ্ঞা করিতে পারিবেন ইতি।

২৫৯ ধারা। যদি বিশেষ কোন অস্থাবর দ্রব্য কিম্বা অস্থাবর দ্রব্যের কোন অংশ প্রাপণের কিম্বা স্ত্রী পুনঃ প্রাপণের নিমিত্ত ডিক্রী হয় তবে ঐ দ্রব্য কি তাঁহার অংশ ধৃত করিয়া লইতে পারিলে তাহা ধৃত করিয়া যাহার পক্ষে ডিক্রী হইল তাহার প্রতি কিম্বা তিনি আপনার পক্ষ হইয়া ঐ দ্রব্য গ্রহণার্থে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাহার প্রতি সমর্পণ করিয়া কিম্বা ডিক্রীমত খাতককে কারাবদ্ধ করিয়া কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোক করিয়া আদালতের অন্যরূপ আজ্ঞা না হওন পর্য্যন্ত তাহা ক্রোক রাখিয়া কিম্বা আবশ্যক হইলে তাঁহাকে কারাবদ্ধ ও তাঁহার সম্পত্তি ক্রোক করিয়া ঐ ডিক্রী প্রবল করা যাইবে।

বিশেষ অস্থাবর দ্রব্যের কিম্বা স্ত্রী পুনঃ প্রাপণের নিমিত্ত ডিক্রীর কথা।

এই ধারামতে ক্রোক করিবার আজ্ঞা ছয় মাসের অধিককাল প্রবল থাকিবে না। তৎকালের শেষে ডিক্রীমত খাতক যদি ঐ ডিক্রীমত আজ্ঞা পালন না করিয়া থাকেন তবে ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইতে পারিবে ও তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় আদালত সেই টাকা হইতে ডিক্রীদারকে যে ক্ষতিপূরণ উচিত বোধ করেন দিতে পারিবেন ও উদ্বৃত্ত থাকিলে ডিক্রীমত খাতকের প্রার্থনামতে তাঁহাকে দিবেন ইতি।

২৬০ ধারা। যে ব্যক্তির বিপক্ষে চুক্তিমতে কোন বিশেষ কার্য্য সম্পাদন করিবার কিম্বা দাম্পত্যস্বত্ব পুনঃ প্রদান করিবার ডিক্রী হয় তাঁহার সেই ডিক্রী কি আজ্ঞামতে কার্য্য করিবার সুযোগ থাকিলেও যদি তিনি ইচ্ছাপূর্ব্বক ঐ ডিক্রী মানিতে ত্রুটি করিয়া থাকেন তবে তাঁহাকে কারাবদ্ধ করণ কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোক করণ দ্বারা কিম্বা ঐ উভয় কার্য্য দ্বারা ঐ ডিক্রী প্রবল করা যাইতে পারিবে।

বিশেষ কার্য্যসম্পাদন করণার্থ কিম্বা দাম্পত্যস্বত্ব পুনঃ প্রাপণার্থ ডিক্রী হইলে তদ্বিষয়ক কথা।

এই ধারামত ক্রোকের আজ্ঞা এক বৎসরের অধিক কাল প্রবল থাকিবে না। তৎকালের শেষে যদি ডিক্রীমত খাতক সেই ডিক্রীমত আজ্ঞা না মানিয়া থাকেন তবে ক্রোক করা দ্রব্য বিক্রয় করা যাইতে পারিবে ও তদ্দ্বারা

and out of the proceeds the Court may award to the decree holder such compensation as it thinks fit and may pay the balance, if any, to the judgment debtor on his application

যে টাকা পাওয়া যায় আদালত সেই টাকাহইতে ডিক্রীদারের হানিপূরণস্বরূপ যত টাকা পাওয়া উচিত বোধ করেন তত টাকা দিয়া উদ্বর্ত্ত থাকিলে ডিক্রীমত খাতকের প্রার্থনামতে তাঁহাকে দিবেন ইতি।

261 If the decree be for the execution of a conveyance, or for the en dorsement of a negotiable instrument, and the judg ment debtor neglects or refuses to comply with the decree, the decree holder may prepare the draft of a conveyance or endorse ment in accordance with the terms of the decree, and deliver the same to the Court

Decree for execution of conveyances or endorsement of negotiable instruments

The Court shall thereupon cause the draft to be served on the judgment debtor in manner herein before provided for serving a summons, together with a notice in writing stating that his objections if any, thereto shall be made within such time (mentioning it) as the Court fixes in this behalf

The decree holder may also tender a duplicate of the draft to the Court for execution upon the proper stamp paper if a stamp is required by law

On proof of such service the Court or such officer as it appoints in this behalf shall execute the duplicate so tendered or may if necessary, alter the same so as to bring it into accordance with the terms of the decree, and execute the duplicate so altered

Provided that if any party object to the draft so served as aforesaid his objections shall within the time so fixed be stated in writing and argued before the Court, and the Court shall thereupon pass such order as it thinks fit and execute, or alter and execute, the duplicate in accordance therewith

২৬১ ধারা। হস্তান্তর করণপত্রে স্বাক্ষর করিবার কিম্বা যে নিদর্শনপত্রের ক্রয় বিক্রয় হইতে পারে তাহার পৃষ্ঠলিপি লিখিবার নিমিত্ত ডিক্রী হইলে ও ডিক্রীমত খাতক সেই ডিক্রীমতে কার্য্য করিতে তাচ্ছল্য করিলে কি অসম্মত হইলে ডিক্রীদার ডিক্রীর নিয়মানুসারে হস্তান্তরকরণপত্রের কি পৃষ্ঠলিপির পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া আদালতে দিবেন।

হস্তান্তরকরণপত্র সম্পাদন করিবার কিম্বা বিক্রেয় নিদর্শনপত্রের পৃষ্ঠে লিখিবার ডিক্রীর কথা।

তাহা হইলে আদালত সমন জারী করিবার পূর্ব্ব লিখিত বিধানমতে ডিক্রীমত খাতকের নামে সেই পাণ্ডু লিপি ও তৎসহিত এই মর্ম্মের নোটিস লিখিয়া দিবেন যে তদ্বিষয়ে তাঁহার আপত্তি থাকিলে তিনি এতৎপক্ষে আদালতের নিরূপিত অমুক সময়ের মধ্যে তাহা জানান।

আইনমতে সেই পাণ্ডুলিপিতে ইষ্টাম্প লাগিলে ডিক্রীদার উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখাইয়া দিবার নিমিত্ত ঐ পাণ্ডুলিপির এককেতা নকল দিতে পারিবেন।

ডিক্রীমত খাতককে ঐ পাণ্ডুলিপি দেওয়ার প্রমাণ হইলে, আদালত কিম্বা এতৎপক্ষে তাঁহার নিযুক্ত কার্য্য কারক তদ্রূপে দেওয়া সেই নকল লেখাইয়া কিম্বা আব শ্যক হইলে যাহাতে ডিক্রীর নিয়মানুযায়ি হয় এমতে তাহা পরিবর্ত্তন করিয়া পরিবর্ত্তিত সেই নকল লেখাইয়া তাহাতে স্বাক্ষর করিবেন।

কিন্তু পূর্ব্বোক্তমতে যে পাণ্ডুলিপি দেওয়া যায় কোন পক্ষ তদ্বিষয়ের আপত্তি করিলে, পূর্ব্বোক্তমতে নিরূপিত দিনের মধ্যে তাঁহার আপত্তি লিখিয়া দিতে হইবে ও আদালতের সম্মুখে তদ্বিষয়ের তর্কবিতর্ক হইবে তাহা হইলে আদালত যে আজ্ঞা উচিত বোধ করেন সেই আজ্ঞা করিয়া তদনুসারে ঐ পাণ্ডুলিপিতে স্বাক্ষর করিবেন কিম্বা পরি বর্ত্তন করিয়া স্বাক্ষর করি বেন ইতি।

262 The execution of a conveyance or the endorsement of a negotiable instrument by the Court under the last preceding section may be in the follow ing form *C D* Judge of the Court of (*or as the case may be*) for *A B*, in a suit by *E F*, against *A B* " or in such other form as the High Court may from time to time prescribe and shall have the same effect as the execution of the conveyance or endorsement of the instru ment by the party ordered to execute or endorse the same

Form and effect of execution of conveyance by Court

২৬২ ধারা। ইহার পূর্ব্বধারামতে হস্তান্তরকরণপত্রে আদালতের যে স্বাক্ষর করিতে কিম্বা ক্রয়বিক্রয়ের যোগ্য নিদর্শনপত্রের যে পৃষ্ঠলিপি করিতে হইবে তাহা এই পাঠানুসারে লেখা যাইবে। "অমুক আদালতের জজ শ্রী অমুক" (কিম্বা বিষয়বিশেষে) আনন্দের নামে ঈশানের মোকদ্দমায় আনন্দের নিমিত্ত অমুক আদালতের জজ শ্রী অমুক। কিম্বা হাই কোর্ট সময়েং অন্য কোন পাঠে লিখিতে আজ্ঞা করিলে সেই পাঠে লেখা যাইবে। ও যে ব্যক্তির প্রতি ঐ পত্রে স্বাক্ষর করিতে কিম্বা ঐ পৃষ্ঠলিপি করিতে আজ্ঞা হয় তিনিই তাহা করিলে যে ফল হইত, আদালতকর্তৃক সেই হস্তান্তরকরণপত্রে স্বাক্ষর করিবার কিম্বা সেই নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি লিখিবার সেই ফল হইবে ইতি।

আদালতের দ্বারা হস্তান্তর করণপত্রে যেরূপে স্বাক্ষর করা যাইবে ও তাহার যে ফল হইবে তাহার কথা।

263 If the decree be for the delivery of any immoveable property, possession thereof shall be delivered over to the party to whom it has been adjudged or to such person as he appoints to receive delivery on his behalf and if need be by removing any person bound by the decree who refuses to vacate the property

Decree for immoveable property

২৬৩ ধারা। কোন স্থাবর সম্পত্তি দিবার ডিক্রী হইলে যাহার পক্ষে ডিক্রী হইল তাঁহাকে কিম্বা তিনি আপনার পক্ষে তাহা গ্রহণার্থে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাহার অধিকারে দেওয়া যাইবে। এবং যে ব্যক্তি ডিক্রীক্রমে সম্পত্তি ত্যাগ করিতে বদ্ধ হন তিনি অসম্মত হইলে প্রয়োজন মতে তাঁহাকে উঠাইয়া দিয়া ডিক্রীদারের অধিকারে দেওয়া যাইবে ইতি।

স্থাবর সম্পত্তির নিমিত্ত ডিক্রীর কথা।

264 If the decree be for any immoveable property in the occupancy of a tenant or other person entitled to occupy the same, the Court shall order delivery to be made by affixing a copy of the warrant in some conspicuous place on the property and proclaiming to the occupant by beat of drum or in such other mode as is customary at some convenient place the substance of the decree in regard to the property

Delivery of immoveable property when in occupancy of tenant

২৬৪ ধারা। প্রজার অধিকারে কিম্বা অন্য যে ব্যক্তির অধিকার করিবার স্বত্ব আছে তাঁহার অধিকারে যে স্থাবর সম্পত্তি থাকে এমত সম্পত্তির ডিক্রী হইলে, আদালত ঐ সম্পত্তির কোন প্রকাশ স্থানে পরওয়ানার এক কেতা নকল লাগাইয়া দিয় এবং উপযুক্ত কোন স্থানে ঢেঁডরা দিয়া কিম্বা রীতিমতে অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে দখলীকারকে ঐ সম্পত্তি বিষয়ক ডিক্রীর মর্ম্ম জানাইয়া ঐ সম্পত্তির দখল দেওয়াইতে আজ্ঞা করিবেন।

স্থাবর সম্পত্তি প্রজার অধিকারে থাকিলে তাহা দেওয়াইবার কথা।

Provided that if the occupant can be found a notice in writing containing such substance shall be served upon him and in such case no proclamation need be made

কিন্তু দখলীকারের সন্ধান পাওয়া যাইতে পারিলে তাঁহাকে সেই মর্ম্মের নোটিস লিখিয়া দেওয়া যাইবে। তদ্রূপ স্থলে ঘোষণা করিবার প্রয়োজন নাই ইতি।

265 If the decree be for the partition or for the separate possession of a share of an undivided estate paying revenue to Government the partition of the estate or the separation of the share shall be made by the Collector

Partition of estate or separation of share

২৬৫ ধারা। গবর্ণমেণ্টের রাজস্ব দায়ি কোন মহাল বণ্টন করিবার কিম্বা অবিভক্ত মহালের একাংশের স্বতন্ত্র অধিকার পাইবার নিমিত্ত ডিক্রী হইলে কালেক্টর সাহেবেরদ্বারা মহাল বণ্টন কর কিম্বা অংশ পৃথক করা যাইবে ইতি।

মহাল বিভাগ হইবার কি অংশ পৃথক করিবার কথা।

E.—Of Attachment of Property

ঙ।—সম্পত্তি ক্রোককরণ বিষয়ক বিধি।

266 The following property is liable to attachment and sale in execution of a decree (namely) lands houses or other buildings goods money bank notes, cheques bills of exchange hundis promissory notes Government securities bonds or other securities for money debts, share in the capital or joint stock of any railway, banking or other public Company or Corporation and except as hereinafter mentioned, all other saleable property moveable or immoveable belonging to the judgment debtor and wehther the same be held in the name of the judgment debtor or by another person in trust for him or on his behalf

Property liable to attachment and sale in execution of decree

২৬৬ ধারা। ডিক্রী সাধন করিয়া নিম্নলিখিত প্রকারের সম্পত্তি ক্রোক ও নীলাম হইতে পারিবে অর্থাৎ ভূমি কোটা কি অন্য ঘর, মাল টাকা ব্যাঙ্ক নোট চ্যাক বিল অফ একসচেঞ্জ হুণ্ডী প্রমিসরি নোট গবর্ণমেণ্ট সিক্যুরিটী খৎ কিম্বা টাকার অন্য নিদর্শনপত্র ঋণ কোন রেলওয়ের কি ব্যাঙ্কের কিম্বা প্রকাশ্য অন্য কোম্পানির কি সমাবায়িত সমাজের মূলধনের কি সংযুক্ত ধনের শ্যার এবং নিম্নলিখিত দ্রব্যাদিভিন্ন ডিক্রীমত খাতকের স্থাবর কি অস্থাবর অন্য যে সম্পত্তি বিক্রয় হইতে পারে তাহা নিজ তাঁহারই নামে ভোগ হইলে কিম্বা তাঁহার নিমিত্ত কি তাঁহার পক্ষে অন্যের দ্বারা ন্যাস্তস্বরূপে ভোগ হইলেও সেই দ্রব্য।

ডিক্রী জারীক্রমে যেং প্রকারের সম্পত্তি ক্রোক ও নীলাম হইতে পারে তাহার কথা।

Provided that the following particulars shall not be liable to such attachment or sale (namely)—

কিন্তু নিম্নলিখিত দ্রব্য তদ্রূপে ক্রোক কি নীলাম হইতে পারিবে না, বিশেষত

(a) the necessary wearing apparel of the judgment debtor, his wife and children

(ক) ডিক্রীমত খাতকের ও তাহার স্ত্রীসন্তানাদির পরিবার প্রয়োজনীয় বস্ত্রাদি।

(*b*) tools of artizans, implements of husbandry and cattle kept *bonâ fide* for agricultural purposes

(*c*) the materials of houses and other buildings belonging to and occupied by agriculturists

(*d*) books of account

(*e*) mere rights to sue for damages

(*f*) the right to perform the service of an idol

(*g*) stipends allowed to military and civil pensioners of Government and political pensions

(*h*) the salary of a public officer or of the servant of a Railway Company

(*i*) the pay and allowances of persons to whom the Native Articles of War apply

(*j*) the wages of labourers and domestic servants

(*k*) an expectancy of succession by survivorship

(*l*) a right to future maintenance

Provided also that nothing in this section shall be deemed to affect the statute for the time being in force for punishing mutiny and desertion and for the better payment of the Army and their quarters

Power to summon and examine persons as to property liable to be seized

267 The Court may of its own motion or on the application of the decree holder summon any person whom it thinks necessary and examine him in respect to any property liable to be seized in satisfaction of the decree, and may require the person summoned to produce any document in his possession or power relating to such property

Attachment of debt share and other property not in possession of judgment-debtor

268 In the case of (*a*) a debt not secured by a negotiable instrument (*b*) a share in the capital of any public company or corporation, (*c*) other moveable property not in the possession of the judgment debtor except property deposited in or in the custody of any Court, the attachment shall be made by a written order prohibiting

(*a*) in the case of the debt, the creditor from recovering the debt and the debtor from making payment thereof until the further order of the Court

(খ) কারিগরদের হাতিয়ার ও কৃষিকার্য্যসংক্রান্ত যন্ত্র ও প্রকৃত প্রস্তাবে কৃষিকার্য্যের নিমিত্ত যে গোরু থাকে তাহা।

(গ) কৃষিকারিদের অধিকারে তাহাদের যে গৃহাদি থাকে সেই গৃহাদির সরঞ্জাম।

(ঘ) খাতাবহী।

(ঙ) হানিপূরণ পাইবার জন্যে নালিশ করিবার স্বত্বমাত্র।

(চ) দেবপ্রতিমা সেবা করিবার অধিকার।

(ছ) সৈনিক ও সিবিল সরবিসের যে ব্যক্তিরা গবর্ণমেণ্টহইতে পেনশ্যন পান তাঁহাদের ঐ বৃত্তি ও রাজনীতি সংক্রান্ত পেনশ্যন।

(জ) রাজকার্য্য কার্য্যকারকের কিম্বা কোন রেলওয়ে কোম্পানির কর্ম্মকারকের বেতন।

(ঝ) সিপাহীদের যুদ্ধসংক্রান্ত আইন যে ব্যক্তিদের প্রতি বর্ত্তে তাঁহাদের বেতন ও উপরি টাকা।

(ঞ) মজুরদের ও ঘরের চাকরদের বেতন।

(ট) অন্যের মরণান্তে জীবিত থাকিলে উত্তরাধিকারিত্বের অপেক্ষা।

(ঠ) উত্তরকালীন ভরণপোষণের অধিকার।

কিন্তু সৈন্যদলের রাজবিদ্রোহ ও পলায়ন অপরাধের দণ্ড করণার্থে ও পল্টনের ও সৈন্যদলের বেতন দানার্থে যে ব্যবস্থা যৎকালে প্রচলিত থাকে এই ধারার কোন কথাক্রমে তাহার ব্যতিক্রম হইল এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

ব্যক্তিদিগকে আনাইয়া যে সম্পত্তি ধৃত হইতে পারিবে তদ্বিষয়ে তাহাদিগকে জিজ্ঞাসাবাদ করিবার কথা।

২৬৭ ধারা। আদালত আপনার ইচ্ছামতে কিম্বা ডিক্রীদারের প্রার্থনামতে যাহাকে আবশ্যক বোধ করেন তাঁহাকে সমন করিয়া ডিক্রীমত কার্য্য সাধন করিবার জন্যে যে সম্পত্তি ধৃত হইতে পারে তদ্বিষয়ে তাঁহাকে জিজ্ঞাসা করিতে পারিবেন ও সেই সম্পত্তি বিষয়ক যে দলীল তাঁহার অধিকারে কি ক্ষমতাধানে থাকে তাহা দেখাইতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

ঋণ ও শ্যার ও অন্য যে সম্পত্তি ডিক্রীমত খাতকের অধিকারে নাই তাহা ক্রোক করিবার কথা।

২৬৮ ধারা। ঐ সম্পত্তি (ক) ঋণ হইলে ও যে নিদর্শনপত্রের ক্রয় বিক্রয় হইতে পারে ঐ ঋণের জামিনস্বরূপ এমত নিদর্শনপত্র না থাকিলে কিম্বা (খ) কোন প্রকাশ্য কোম্পানির কি সমাবায়িত সমাজের মূলধনে কোন শ্যার লইয়া ঐ সম্পত্তি হইলে, কিম্বা (গ) কোন আদালতে গচ্ছিত কি আদালতের রক্ষিত সম্পত্তিভিন্ন অন্য যে অস্থাবর সম্পত্তি ডিক্রীমত খাতকের অধিকারে না থাকে এমত সম্পত্তি হইলে, নিম্নলিখিত প্রকারের নিষেধ সূচক লিখিত আজ্ঞাদ্বারা ঐ সম্পত্তি ক্রোক করা যাইবে বিশেষত

(ক) ঋণ হইলে, আদালতহইতে প্রকারান্তরের আজ্ঞা না পাইলে মহাজন ঐ ঋণ গ্রহণ না করেন ও খাতক কাহাকেও সেই ঋণের টাকা না দেন,

(*b*) in the case of the share the person in whose name the share may be standing, from transferring the same or receiving any dividend thereon

(খ) শ্যার হইলে ঐ শ্যার যাঁহার নামে থাকে তিনি অন্যের নিকট তাহা হস্তান্তর করিয়া না দেন কিম্বা তাহার উপর কোন ডিবিডেণ্ড না লন

(*c*) in the case of the other moveable property except as aforesaid the person in possession of the same from giving it over to the judgment debtor

(গ) পূর্ব্বোক্ত সম্পত্তিভিন্ন অন্য প্রকারের অস্থাবর সম্পত্তি হইলে তাহা যে ব্যক্তির অধিকারে আছে তিনি ডিক্রীমত খাতককে তাহা না দেন।

A copy of such order shall be fixed up in some conspicuous part of the Court house and another copy of the same shall be sent in the case of the debt to the debtor in the case of the share to the proper officer of the company or corporation and in the case of the other moveable property (except as aforesaid) to the person in possession of the same

সেই নিষেধসূচক আজ্ঞার এক কেতা আদালত ঘরের কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে ও ঋণ হইলে ঐ আজ্ঞাপত্রের এক কেতা খাতকের নিকট কিম্বা শ্যার হইলে কোম্পানির কিম্বা সমাবায়িত সমাজের উপযুক্ত কর্ম্মকারকের নিকট, কিম্বা পূর্ব্বোক্ত সম্পত্তিভিন্ন অন্য অস্থাবর হইলে তাহা যাঁহার অধিকারে থাকে তাঁহার নিকট পাঠান যাইবে।

A debtor prohibited under clause (*a*) of this section may pay the amount of his debt into Court and such payment shall discharge him as effectually as payment to the party entitled to receive the same

এই ধারার (ক) প্রকরণমতে খাতকের প্রতি নিষেধ হইলে তিনি আদালতে ঐ ঋণের টাকা দিতে পারিবেন, তাহা দিলে যে পক্ষের ঐ টাকা পাইবার স্বত্ব আছে তাঁহাকেই দেওয়ার ন্যায় খাতকের সম্পূর্ণ নিষ্কৃতি হইবে।

No attachment under this section shall remain in force for more than six months at the end of which time if the judgment debtor has not obeyed the decree the property attached may be sold and out of the proceeds the Court may award to the decree holder such compensation as it thinks fit and pay the balance if any, to the judgment debtor on his application

এই ধারামতে যে ক্রোকের আজ্ঞা হয় তাহা ছয় মাসের অধিককাল প্রবল থাকিবে না। ঐ কালের শেষে যদি ডিক্রীমত খাতক ঐ ডিক্রীমত আজ্ঞা না মানিয়া থাকেন তবে ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইতে পারিবে ও তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় সেই টাকাহইতে আদালত ডিক্রীদারের হানিপূরণস্বরূপ যত পাওয়া উচিত বোধ করেন তাহা তাঁহাকে দিবেন, ও উদ্বর্ত্ত থাকিলে ডিক্রীমত খাতকের প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

Attachment of moveable property in possession of defendant

269 If the property be moveable property in the possession of the judgment debtor other than the property mentioned in the first proviso to section 266 the attachment shall be made by actual seizure and the attaching officer shall keep the property in his own custody or in the custody of one of his subordinates and shall be responsible for the due custody thereof

প্রতিবাদির অধিকারে যে অস্থাবর সম্পত্তি থাকে তাহা ক্রোক করিবার কথা।

২৬৯ ধারা। ২৬৬ ধারার প্রথম উপবিধির উল্লিখিত সম্পত্তিভিন্ন ডিক্রীমত খাতকের অধিকারস্থ অন্য অস্থাবর সম্পত্তি ক্রোক করিতে হইলে ঐ দ্রব্যই ধৃত করিয়া ক্রোক করা যাইবে। ক্রোককারি কার্য্যকারক আপনার কিম্বা আপন অধীন কোন এক জন কর্ম্মকারকের জিম্মায় ঐ সম্পত্তি রাখিবেন ও তাহা উপযুক্তমতে রক্ষা করণ বিষয়ে তিনিই দায়ী হইবেন।

Provided that when the property seized is subject to speedy and natural decay, the proper officer may sell it at once

কিন্তু স্বভাবত অতি শীঘ্র ক্ষয় পায় এমত দ্রব্য হইলে উপযুক্ত কর্ম্মকারক তৎকালেই তাহা বিক্রয় করিতে পারিবেন।

Power to make rules for maintenance of attached live stock

The Local Government may from time to time make rules for the maintenance and custody, while under attachment of live stock and other moveable property, and the officer attaching property under this section shall, notwithstanding the provisions of the former part of this section, act in accordance with such rules

পশ্বাদি ক্রোক করা গেলে তাহার আহারাদির বিধি করিবার ক্ষমতার কথা।

পশুপক্ষ্যাদি ও অন্য অস্থাবর সম্পত্তি যত দিন ক্রোক থাকে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং তাহার তত দিন আহারাদি পাইবার ও রক্ষণাবেক্ষণের বিধি করিতে পারিবেন এবং যে কার্য্যকারক এই ধারামতে সম্পত্তি ক্রোক করেন, এই ধারার পূর্ব্ব ভাগের ভাবান্তরের বিধান থাকিলেও তিনি ঐ বিধিমতে কার্য্য করিবেন ইতি।

270 If the property be a negotiable instrument not in deposit in a Court the attachment shall be made by actual seizure, and the instrument shall be brought into Court and held subject to the further orders of the Court

Attachment of negotiable instruments

২৭০ ধারা। যে নিদর্শনপত্রের ক্রয়বিক্রয় হইতে পারে এমত নিদর্শনপত্র লইয়া ঐ সম্পত্তি হইলে, ও তাহা আদালতে গচ্ছিত না থাকিলে, সেই নিদর্শনপত্র ধৃত করিয়া ক্রোক করা যাইবে ও সেই পত্র আদালতে আনা যাইবে ও আদালতের অন্যরূপ আজ্ঞা নাহওন পর্য্যন্ত রাখা যাইবে ইতি।

যে নিদর্শনপত্রের ক্রয় বিক্রয় হইতে পারে তাহা ক্রোক করিবার কথা।

271 If the person executing any process under this Code directing or authorizing seizure of moveable property has gained access to a house or other building, he may unfasten and open the door of any room in which he has reason to believe any such property to be

Seizure of property in house

২৭১ ধারা। এই আইনমত কোন পরওয়ানায় অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা কি অনুমতি থাকিলে যে ব্যক্তি সেই পরওয়ানা জারী করেন তিনি বাটীতে কি অন্য ঘরে প্রবেশ করিতে পারিলে, ঐ বাটীর কোন ঘরের মধ্যে তদ্রূপ কোন সম্পত্তি আছে এমত জানিবার কারণ থাকিলে তিনি ঐ ঘরের দ্বারের বন্ধন মুক্ত করিয়া দ্বার খুলিতে পারিবেন।

ঘরের মধ্যে দ্রব্য ধৃত করণ বিষয়ক কথা।

Provided that if the room be in the actual occupancy of a woman, who according to the customs of the country does not appear in public the person executing the process shall give notice to her that she is at liberty to withdraw; and after allowing a reasonable time for such woman to withdraw, and giving her every reasonable facility for withdrawing he may enter such room for the purpose of seizing the property, using at the same time every precaution consistent with these provisions to prevent its clandestine removal

Seizure of property in zanána

কিন্তু তৎকালে ঐ ঘরে কোন স্ত্রীলোক থাকিলে ও দেশাচারমতে তাঁহার প্রকাশস্থানে যাইতে না হইলে যে ব্যক্তি পরওয়ানা জারী করেন তিনি ঐ স্ত্রীলোককে চলিয়া যাইবার অনুমতির নোটিস দিবেন ও ঐ স্ত্রীলোকের চলিয়া যাইবার উপযুক্ত সময় দিয়া ও তাঁহার চলিয়া যাইবার সঙ্গত সুবিধা করাইলে পর তিনি ঐ দ্রব্য ধৃত করিবার জন্যে ঐ ঘরে প্রবেশ করিতে পারিবেন ইতি মধ্যে ঐ দ্রব্য গোপনে স্থানান্তর করা না যায় এই নিমিত্ত এই বিধানের সঙ্গত সদুপায় করিবেন ইতি।

অন্তঃপুরে দ্রব্য ধৃতকরণ বিষয়ক কথা।

272 If the property be deposited in, or in the custody of, any Court or public officer the attachment shall be made by a notice to such Court or officer, requesting that such property, and any interest or dividend becoming payable thereon, may be held subject to the further orders of the Court from which the notice issues

Attachment of property deposited in Court or with Government officer

২৭২ ধারা। কোন আদালতে কিম্বা রাজকীয় কার্য্যকারকের হস্তে যে দ্রব্য গচ্ছিত থাকে তাহা লইয়া ঐ সম্পত্তি হইলে, নোটিস যে আদালতহইতে বাহির হয় সেই আদালতের অন্য আজ্ঞা পাইবার অপেক্ষায় ঐ আদালত কি কার্য্যকারক ঐ দ্রব্য ও তাহার উপর যে সুদ কি ডিবিডেণ্ড পাওনা থাকে তাহা আপন হস্তে রাখেন ঐ আদালতের কি কার্য্যকারকের নামে এই মর্ম্মের নোটিস দিয়া ঐ দ্রব্য ক্রোক করা যাইবে।

টাকা আদালতে কি গবর্ণমেণ্টের কার্য্যকারকের নিকট আমানত থাকিলে নোটিস দিয়া তাহা ক্রোক করিবার কথা।

Provided that, if such property is deposited in a Court, any question of title or priority arising between the decree-holder and any other person, not being the judgment-debtor, claiming to be interested in such property by virtue of any assignment, attachment or otherwise, shall be determined by the Court in which such property is deposited

Proviso.

পরন্তু সেই দ্রব্য কোন আদালতে গচ্ছিত থাকিলে, ও কোন নিরূপণপত্রক্রমে কিম্বা ক্রোক করণের কি অন্য কার্য্যের বলে ডিক্রীমত খাতকভিন্ন ঐ সম্পত্তিগত স্বার্থের অন্য দাওয়াদারের ও ডিক্রীদারের মধ্যে স্বত্ব কি অগ্রগণ্যতাবিষয়ক কোন বিবাদ হইলে, যে আদালতে ঐ সম্পত্তি গচ্ছিত থাকে সেই আদালত ঐ বিবাদ নির্ণয় করিবেন ইতি।

উপবিধি।

273 If the property be a decree passed by the Court which passed the decree sought to be executed the attachment shall be made by an order of the Court directing the proceeds of the former decree to be applied in satisfaction of the latter decree

Attachment decree.

If the property be a decree passed by any other Court, the attachment shall be made by a notice in writing to such Court under the hand of the Judge of the Court which passed the decree sought to be executed requesting the former Court to execute its decree and to apply the proceeds in satisfaction of the decree sought to be executed The Court receiving such notice shall comply with such request And the holder of any decree attached under this clause shall be bound to give the Court executing the same such information and aid as may reasonably be required

274 If the property be immoveable the attachment shall be made by a proclamation prohibiting the judgment-debtor from alienating the property in any way and all persons from receiving the same from him by purchase gift or otherwise

Attachment of immoveable property

The proclamation shall be made at some place on or adjacent to such property by beat of drum or other customary mode, and a copy of the proclamation shall be fixed up in a conspicuous part of the property and of the court house

A copy of the proclamation shall also be fixed up in the office of the Collector of the District in which the land is situate

275 If the amount decreed with costs and all charges and expenses resulting from the attachment of any property be paid into Court, or if satisfaction of the decree be otherwise made through the Court or if the decree is set aside or reversed, an order shall be issued on the application of any person interested in the property for the withdrawal of the attachment

Order for withdrawal of attachment after satisfaction of decree

276 When an attachment has been made by actual seizure or by written order duly intimated and made known in manner aforesaid, any private alienation of the property attached whether by sale, gift, mortgage or otherwise and any payment of the debt

Private alienation of property after attachment to be void

২৭৩ ধারা। যে ডিক্রী জারী করিতে চেষ্টা হয় তাহা যে আদালত করিলেন সেই আদালতের কোন ডিক্রী লইয়া সম্পত্তি হইলে শেষ ডিক্রীতে কার্য্য সাধন হইবার জন্যে পূর্ব্ব ডিক্রীর উৎপন্ন টাকা প্রয়োগ হয় আদালত এই মর্ম্মের আজ্ঞা করিয়া ঐ ডিক্রী ক্রোক করাইবেন।

ডিক্রীক্রোক করিবার কথা।

যদি অন্য আদালতের ডিক্রী লইয়া সম্পত্তি হয় তবে যে ডিক্রী জারী করিতে চেষ্টা থাকে তাহা যে আদালত করিলেন সেই আদালতের বিচারপতি আপন স্বাক্ষর ক্রমে ঐ অন্য আদালতের নামে নোটিস লিখিয়া দিয়া, তাঁহার নিজ ডিক্রী জারী করাইয়া যে টাকা উৎপন্ন হয় যে ডিক্রী জারী করিতে চেষ্টা থাকে তাহার কার্য্য সাধনে ঐ টাকা প্রয়োগ করিবার আদেশ করিয়া ঐ ডিক্রী ক্রোক করাইবেন। আদালত ঐ নোটিস পাইলে সেই আদেশানুসারে কার্য্য করিবেন। এই প্রকরণমতে যে ডিক্রী ক্রোক করা যায় তাহা যে আদালত জারী করিবেন সেই আদালতের যুক্তিমতে যে সন্ধানের ও য সাহায্যের প্রয়োজন থাকে ঐ ডিক্রীদারের সেই সন্ধান জানাইতে ও সেই সাহায্য করিতেই হইবে ইতি।

২৭৪ ধারা। সম্পত্তি স্থাবর হইলে ডিক্রীমত খাতক তাহা কোন প্রকারে হস্তান্তর না করেন এবং কোন ব্যক্তি তাঁহার স্থানে ক্রয় কি দানক্রমে কি অন্য প্রকারে তাহা গ্রহণ না করেন এই মর্ম্মের নিষেধসূচক ঘোষণাপত্রদ্বারা ঐ সম্পত্তি ক্রোক হইতে পারিবে।

স্থাবর সম্পত্তি ক্রোক করিবার কথা।

ঐ সম্পত্তি যে স্থানে থাকে সেই স্থানে কি তাহার নিকটে ঐ ঢেডরা দিয়া কি সচরাচর অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে ঐ ঘোষণা করা যাইবে ও ঐ সম্পত্তির এবং আদালতের কোন প্রকাশ স্থানে ঐ ঘোষণাপত্রের এক কেতা নকল লাগাইয়া দওয়া যাইবে।

ভূমি যে জিলায় থাকে সেই জিলার কালেক্টর সাহেবের কাছারীতেও ঐ ঘোষণাপত্রের নকল লাগাইয়া দিতে হইবে ইতি।

২৭৫ ধারা। যত টাকার ডিক্রী হইল খরচাসুদ্ধ এবং কোন সম্পত্তি ক্রোক করণ প্রযুক্ত সকল খরচ খরচাসুদ্ধ সমুদয় টাকা আদালতে দেওয়া গেলে, কিম্বা অন্য কোন প্রকারে আদালতের দ্বারা ডিক্রীমত কার্য্য সাধন করা গেলে, কিম্বা ডিক্রী অসিদ্ধ কি ব্যর্থ করা গেলে ঐ সম্পত্তিতে যে কোন ব্যক্তির স্বার্থ থাকে তাঁহার প্রার্থনামতে ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞা প্রচার করা যাইবে ইতি।

ডিক্রীমতে কার্য্যসাধন হইলে পর ক্রোক উঠাইয়া লইবার আজ্ঞার কথা।

২৭৬ ধারা। সম্পত্তি ধৃত করিয়া কিম্বা পূর্ব্বোক্ত মতে লিখিত আজ্ঞা নিয়মিতরূপে জ্ঞাত ও প্রচার করা গিয়া ক্রোক করা গেলে পর, যদি বিক্রয় কি দান কি বন্ধকক্রমে কিম্বা অন্য কোন প্রকারে ঐ ক্রোক করা সম্পত্তি গোপনে

ক্রোক হইবার পর সম্পত্তি গোপনে হস্তান্তর করিয়া দেওয়া গেলে তাহা ব্যর্থ হওয়ার কথা।

or dividend or a delivery of the share to the judgment debtor during the continuance of the attachment shall be void as against all claims enforceable under the attachment.

হস্তান্তর করা যায় ও ক্রোক হইয়া থাকন সময়ে ডিক্রীমত খাতককে অংশের কি ডিবিডেণ্ডের টাকা কি অংশ দেওয়া যায় তবে ক্রোকের বলে যে সকল দাওয়া প্রবল করা যাইতে পারে তৎপক্ষে ঐ হস্তান্তরকরণ কি ঐ টাকা দেওন ব্যর্থ হইবে ইতি।

Court may direct coin or currency notes attached to be paid to party entitled.

277 If the property attached is coin or currency notes, the Court may, at any time during the continuance of the attachment, direct that such coin or notes or a part thereof sufficient to satisfy the decree be paid over to the party entitled under the decree to receive the same.

টাকা কি নোট ক্রোক করা গেলে তাহা পাইবার স্বত্ববান ব্যক্তিকে দিতে আদালতের আজ্ঞা করিতে পারিবার কথা।

২৭৭ ধারা। যে সম্পত্তি ক্রোক করা যায় তাহা মুদ্রা কি নোট হইলে ডিক্রীমতে যে পক্ষের তাহা পাইবার স্বত্ব থাকে, আদালত ঐ ক্রোক প্রবল থাকনের কোন সময়ে ঐ পক্ষকেই সেই মুদ্রা কি নোট কিম্বা তাহার উপযুক্ত যে অংশদ্বারা ডিক্রীমত কার্য্য সাধন হইতে পারে সেই অংশ দিবার আদেশ করিতে পারিবেন ইতি।

Investigation of claims to, and objections to attachment of attached property.

278 If any claim be preferred to, or any objection be made to the attachment of, any property attached in execution of a decree, on the ground that such property is not liable to such attachment, the Court shall proceed to investigate the claim or objection with the like power as regards the examination of the claimant or objector and in all other respects as if he was a party to the suit.

Provided that no such investigation shall be made where the Court considers that the claim or objection was designedly or unnecessarily delayed.

ক্রোক করা সম্পত্তির উপর দাওয়ার ও ক্রোক করিবার আপত্তির অনুসন্ধান লওয়ার কথা।

২৭৮ ধারা। ডিক্রীজারীক্রমে কোন সম্পত্তি ক্রোক করা গেলে তাহা ক্রোক হইবার যোগ্য নয় বলিয়া সেই সম্পত্তির উপর কোন দাওয়া কিম্বা তাহার ক্রোক হইবার কোন আপত্তি উপস্থিত করা গেলে, আদালত সেই দাওয়ার কি আপত্তির অনুসন্ধান লইতে প্রবর্ত্ত হইবেন সেই দাওয়াদার কি আপত্তিকারক মোকদ্দমার এক পক্ষ হইলে আদালতের যে ক্ষমতা থাকিত তাঁহার সাক্ষ্য লওনবিষয়ে ও অন্য সকল বিষয়ে সেই ক্ষমতা থাকিবে।

কিন্তু ইচ্ছাপূর্ব্বক কিম্বা অনাবশ্যকমতে সেই দাওয়া কি আপত্তি করার বিলম্ব হইয়াছে আদালতের এমত বোধ হইলে তদ্রূপ অনুসন্ধান লওয়া যাইবে না ইতি।

Evidence to be adduced by claimant.

279 The claimant or objector must adduce evidence to show that at the date of the attachment he had some interest in, or was possessed of, the property attached.

দাওয়াদার যে সাক্ষ্য উপস্থিত করিবেন তদ্বিষয়ক কথা।

২৭৯ ধারা। যে তারিখে সম্পত্তি ক্রোক করা যায় সেই তারিখে সেই সম্পত্তিতে দাওয়াদারের কি আপত্তিকারকের স্বত্ব ছিল কিম্বা সেই সম্পত্তি তাঁহার অধিকারে ছিল ইহা দেখাইবার প্রমাণ তাঁহার উপস্থিত করিতে হইবে ইতি।

Release of property from attachment.

280 If upon the said investigation the Court is satisfied that, for the reason stated in the claim or objection such property was not when attached in the possession of the judgment debtor or of some person in trust for him, or in the occupancy of a tenant or other person paying rent to him, or that, being in the possession of the judgment debtor at such time, it was so in his possession, not on his own account or as his own property but on account of or in trust for some other person, or partly on his own account and partly on account of some other person, the Court shall pass an order for releasing the property wholly or to such extent as it thinks fit, from attachment.

ক্রোকহইতে সম্পত্তি মুক্ত করিবার কথা।

২৮০ ধারা। ঐ দাওয়ার কি আপত্তির উল্লিখিত কারণে সেই সম্পত্তি ক্রোক করণ সময়ে ডিক্রীমত খাতকের অধিকারে, কিম্বা তাঁহার নিমিত্ত ন্যাস্তস্বরূপ অন্য ব্যক্তির অধিকারে, কিম্বা তাঁহাকে যে প্রজা কি অন্য ব্যক্তি খাজানা দিয়া দিয়া থাকেন তাঁহার অধিকারে ছিল না কিম্বা সেই সময়ে ডিক্রীমত খাতকের অধিকারে থাকিলেও তাঁহার নিজের নিমিত্ত কিম্বা নিজ সম্পত্তি বলিয়া নয় অন্যের নিমিত্ত কিম্বা অন্যের পক্ষে ন্যাস্তস্বরূপ কিম্বা অংশত নিজের ও অংশত অন্যের পক্ষে তাঁহার অধিকারে ছিল, আদালত পূর্ব্বোক্ত অনুসন্ধান লইয়া ইহা হৃদ্বোধমতে জানিলে, ক্রোকহইতে সম্পূর্ণরূপে কিম্বা যত দূর উচিত বোধ করেন তত দূর ঐ সম্পত্তি মুক্ত করিবার আজ্ঞা দিবেন ইতি।

281 If the Court is sati fied that the property was at the time it was attached in posses ion of the jud_ment debtor as his own property and n t n account of any other person or was in the po e ion of some other per on in trust for him i in the occupancy of a tenant or other person p ying rent t him the Court shall disallow th claim

De llowance of l to rel a e of property attached

২৮১ ধারা। ঐ সম্পত্তি যে সময়ে ক্রোক করা যায় সেই সময়ে অন্য কাহারো নিমিত্ত না হইয়া নিজ সম্পত্তি বলিয়া ডিক্রীমত খাতকের অধিকারে কিম্বা তাঁহার নিমিত্ত ন্যস্তস্বরূপ অন্য ব্যক্তির অধিকারে ছিল কিম্বা তাঁহাকে যে প্রজা কি অন্য ব্যক্তি খাজানা দিয়া থাকেন তাঁহার অধিকারে ছিল আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে ঐ দাওয়া অগ্রাহ্য করিবেন ইতি।

ক্রোক করা সম্পত্তি মুক্ত হওয়ার দাওয়া অগ্রাহ্য করিবার কথা।

282 If the Court is ati fi l that the pro perty is subj ct to a mort_a_e r lien in favour of some person not in pos e ion and thinks fit to c ntinue the attachm nt it may do so subj ct t u m rt_a r li n

Co t c f t l n t l i t l f nb at

২৮২ ধারা। ঐ সম্পত্তি বন্ধকক্রমে কিম্বা যাহার অধিকারে নাই এমত কোন ব্যক্তির অধিকার করিবার স্বত্বাধীনে অন্য ব্যক্তির অধিকারে আছে আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে ও ক্রোক প্রবল রাখা উচিত বোধ করিলে ঐ বন্ধকের কি অন্য ব্যক্তির স্বত্বাধীনে ঐ সম্পত্তি ক্রোকী অবস্থায় রাখিবেন ইতি।

অন্য ব্যক্তির দাওয়ার অধীনে সম্পত্তি ক্রোক হইয়া থাকিবার কথা।

283 An order under ti n 280 281 or 282 shall not preclude the person a_ain t whom it is made fr m instituting a suit to e tablish the right which he claims to the property in dispute

S b f t t t bl l g t t t l l property

২৮৩ ধারা। ২৮০ কি ২৮১ কি ২৮২ ধারামতে যে আজ্ঞা যাহার বিপক্ষে করা যায় তিনি বিবাদীয় সম্পত্তির উপর যে স্বত্বের দাওয়া করেন ঐ আজ্ঞাহেতুক তাহার সেই স্বত্ব স্থাপনার্থ মোকদ্দমা উপস্থিত করিবার বাধা নাই ইতি।

ক্রোকী সম্পত্তির উপর স্বত্ব স্থাপন করিবার মোকদ্দমা হইতে পারিবার কথা।

284 A claim t attach d property or an ob j tion t the attachment of u h p perty shall be made with ut delay to the Court which ordered the attachment

Cl l bj t t l m d w tl t t l y

২৮৪ ধারা। যে আদালত ক্রোক করিবার আজ্ঞা করিলেন ক্রোক করা সম্পত্তির উপর দাওয়া কিম্বা ঐ সম্পত্তি ক্রোক করিবার আপত্তি অবিলম্বে তাঁহার নিকট জ্ঞাত করা যাইবে।

দাওয়া ও আপত্তি অবিলম্বে করিতে হইবার কথা।

and no uch inve ti_ati n hall be mad wh re the Court con ider that the claim or objection was desi_nedly and unnece sarily delayed

কিন্তু ইচ্ছাপূর্ব্বক ও অনাবশ্যকরূপে ঐ দাওয়া কি আপত্তি জানাইতে বিলম্ব হইয়াছে আদালতের এমত জ্ঞান থাকিলে তদ্রূপ অনুসন্ধান লওয়া যাইবে না।

If the pr perty to which the claim or objection applies has been advertis d for sale, the Court ordering the ale may postpone it pendin_ the investi_ation of the claim or objection

যে সম্পত্তির বিষয় ঐ দাওয়া কি আপত্তি করা যায় তাহার নীলাম হইবার ইশ্‌তিহার পূর্ব্বে প্রকাশ হইয়া থাকিলে যে আদালত নীলাম হইবার আজ্ঞা করিলেন তিনি সেই দাওয়ার কি আপত্তির অনুসন্ধান লওনের অপেক্ষায় নীলাম মুলতবি রাখিতে পারিবেন ইতি।

285 Any Court may order that any moveable property and any Court not subordinate to a District Court may direct that any immoveable property which has been attached or such portion thereof as may seem necessary to satisfy the decree, shall be sold and that the proceeds of such sale or a sufficient portion thereof shall be paid to the party entitled under the decr to r c ive the same

l we to l l pe ty attached b ld d proceeds b pa l t entitled

২৮৫ ধারা। অস্থাবর সম্পত্তি ক্রোক হইলে কোন আদালত ও স্থাবর সম্পত্তি ক্রোক হইলে জিলার আদালতের অনধীন কোন আদালত ঐ সম্পত্তি কিম্বা ডিক্রীমত কার্য্য সাধন করিবার জন্যে তাহার যে অংশ বিক্রয় করা আবশ্যক সেই অংশ বিক্রয় করিবার ও বিক্রয় করণদ্বারা যে টাকা উৎপন্ন হয় ডিক্রীমতে তাহা পাইবার স্বত্ববান ব্যক্তিকে ঐ টাকা কিম্বা তাহার উপযুক্ত অংশ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

ক্রোক করা সম্পত্তি বিক্রয় করিতে ও স্বত্ববান ব্যক্তিদিগকে টাকা দিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

F.—Of Sale and Delivery of Property

(a)—General Rules

Sales by whom conducted and how made.

286. Sales in execution of decrees shall be conducted by an officer of the Court or by any other person whom the Court may appoint, and, except as provided in section 296, shall be made by public auction in manner herein after mentioned.

Proclamation of sales by public auction.

287. When any interest in property is ordered to be sold by public auction in execution of a decree, the Court shall cause a proclamation of the intended sale to be made in the language of such Court. Such proclamation shall state the time and place of sale, and shall specify as fairly and accurately as possible—

(*a*) the interest to be sold;

(*b*) the revenue assessed upon the estate or part of the estate, when the interest to be sold is an interest in an estate or a part of an estate paying revenue to Government;

(*c*) any incumbrance to which the interest is liable;

(*d*) the amount for the recovery of which the sale is ordered; and

(*e*) every other thing which the Court considers material for the purchaser to know in order to judge of the nature and value of the property.

Rules to be made by High Court.

The High Court shall, as soon as may be after this Code comes into force, make rules for the guidance of the Courts in exercise of their duties under this section. The High Court may from time to time alter any rules so made.

Nothing in this section shall apply to cases in which the execution of the decree has been transferred to the Collector.

Indemnity of judges, &c.

288. No judge or other public officer shall be answerable for any error, misstatement or omission in any proclamation under section 287, unless the same has been committed or made dishonestly.

Mode of making proclamation.

289. The proclamation shall be made in manner prescribed by section 274 on the spot where the property is attached.

If the Court so direct, such notification shall also be published in the official Gazette and in some local newspaper.

চ।—সম্পত্তি বিক্রয় ও সমর্পণ করণ বিষয়ক বিধি।

(ক)—সাধারণ বিধি।

যাঁহার দ্বারা যে রূপে নীলাম হইবে তাহার কথা।

২৮৬ ধারা। ডিক্রীজারীক্রমে যে বিক্রয় হয় আদালতের কোন এক জন কার্য্যকারকের দ্বারা কিম্বা আদালত অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহার দ্বারা সেই বিক্রয় করা যাইবে এবং ২৯৬ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন নিম্নলিখিতমতে নীলাম করিয়া বিক্রয় হইবে ইতি।

নীলাম দ্বারা বিক্রয়ের ঘোষণার কথা।

২৮৭ ধারা। ডিক্রী জারীক্রমে সম্পত্তিগত কোন স্বার্থ নীলাম করিবার আজ্ঞা হইলে আদালত নিজ আদালতের চলিত ভাষায় ঐ প্রস্তাবিত নীলামের কথা ঘোষণা করাইবেন। যে সময়ে ও যে স্থানে নীলাম হইবে ঘোষণাপত্রের মধ্যে তাহা ও নিম্নলিখিত কথা সাধ্যানুসারে স্পষ্ট ও ঠিক করিয়া নির্দ্দিষ্ট করা যাইবে

(ক) যে স্বার্থ নীলাম হইবে তাহা।

(খ) যে স্বার্থ নীলাম হইবে তাহা গবর্ণমেণ্টের রাজস্বদায়ি মহালগত কিম্বা মহালের একাংশগত স্বার্থ হইলে ঐ মহালের কিম্বা সেই অংশের যত রাজস্ব ধার্য্য হইল তাহা।

(গ) ঐ স্বার্থের উপর কোন দায় বর্ত্তিলে তাহা।

(ঘ) যত টাকা আদায় করিবার জন্যে নীলামের আজ্ঞা হয় তাহা। ও

(ঙ) সম্পত্তির ভাব ও মূল্য বুঝিয়া লইবার জন্যে আদালতের বিবেচনায় ক্রেতার আর যে২ কথা জানা প্রয়োজন তাহা

হাই কোর্টের বিধি করিবার কথা।

এই আইন প্রচলিত হওনের পর হাই কোর্ট সাধ্যমতে ত্বরায় এই ধারামতে নানা আদালতের কর্ত্তব্য কার্য্যের পদ্ধতি দর্শাইবার বিধি করিবেন। ও তদ্রূপে যে২ বিধি করা যায় হাই কোর্ট সময়ে২ তাহ পরিবর্ত্তনও করিতে পারিবেন।

কোন মোকদ্দমার ডিক্রী জারী করিবার কার্য্য কালেক্টর সাহেবের হস্তগত করা গেলে, এই ধারার কোন কথা বর্ত্তিবে না ইতি।

বিচারপতি প্রভৃতির নিষ্কৃতি পাইবার কথা।

২৮৮ ধারা। ২৮৭ ধারামত ঘোষণাপত্রের মধ্যে কোন ভ্রম কি অযথা বর্ণনা কি চুক থাকিলেও তাহা কুটিলভাবে করা না গেলে তজ্জন্যে কোন বিচারপতি কি রাজকীয় অন্য কার্য্যকারক দায়ী হইবেন না ইতি।

যেরূপে ঘোষণা করা যাইবে তাহার কথা।

২৮৯ ধারা। সম্পত্তি যে স্থানে ক্রোক করা যায় সেই স্থানে ২৭৪ ধারার বিধানমতে ঘোষণা করা যাইবে।

আদালত আজ্ঞা করিলে, রাজকীয় গেজেটে এবং স্থানীয় কোন সম্বাদপত্রেও সেই জ্ঞাপনপত্র প্রকাশ করা যাইবে ইতি।

Time of sale

290 Except in the case of articles subject to speedy and natural decay (which may be sold at once) no sale under this chapter shall take place until after the expiration of at least thirty days in the case of immoveable property and of at least fifteen days in the case of moveable property calculated from the date on which the notification has been affixed in the Court house of the Judge ordering the sale

নীলাম হইবার সময়ের কথা।

২৯০ ধারা। যেং দ্রব্য স্বভাবত অতিশীঘ্র ক্ষয় পায় তাহা অগৌণেই বিক্রয় করা যাইতে পারিবে। অন্য প্রকারের দ্রব্য, অর্থাৎ স্থাবর সম্পত্তি হইলে যে বিচারপতি নীলাম করিতে আজ্ঞা করেন তাঁহার আদালত ঘরে ঐ জ্ঞাপনপত্র লাগাইয়া দিবার তারিখ অবধি অন্যূন ত্রিশ দিন গত না হইলে ও অস্থাবর সম্পত্তি হইলে অন্যূন পঞ্চদশ দিন গত না হইলে এই অধ্যায়মত নীলাম হইবে না ইতি।

Power to adjourn sale

Stoppage of sale on tender of debt and costs or on proof of payment

291 The officer conducting any sale under this chapter may in his discretion adjourn the sale and every such sale shall be stopped if before the lot is knocked down the debt and costs are tendered to such officer or proof is given to his satisfaction that the amount of such debt and costs has been paid into the Court that ordered the sale

নীলামের দিনান্তর নিরূপণ করিবার কথা।

ঋণ ও খরচা দিবার প্রস্তাব হইলে ও দেওয়ার প্রমাণ হইলে নিলাম স্থগিত করণের কথা।

২৯১ ধারা। যে কার্য্যকারক এই অধ্যায়মতে নীলামের কার্য্য চালান তিনি আপনার বিবেচনামতে নীলাম হইবার দিনান্তর নিরূপণ করিতে পারিবেন। ও লাট বিক্রয় হওয়ার ঘা মারা যাইবার পূর্ব্বে ঐ কার্য্যকারককে ঋণ ও খরচা দিবার প্রস্তাব হইলে কিম্বা যে আদালত নীলামের আজ্ঞা করিলেন সেই আদালতে ঐ ঋণের ও খরচার টাকা দেওয়া গিয়াছে তিনি ইহার সন্তোষজনক প্রমাণ পাইলে উক্ত নীলাম স্থগিত হইবে ইতি।

Officers concerned in executing sale not to bid for or buy property sold

292 No officer having any duty to perform in connection with any sale under this chapter shall bid for acquire or attempt to acquire any interest in any property sold at such sale

ডিক্রীজারীক্রমে নীলাম করিতে যে কার্য্যকারকদের সম্পর্ক থাকে বিক্রীত সম্পত্তির নিমিত্ত তাঁহাদের না ডাকিবার ও তাহা ক্রয় না করিবার কথা।

২৯২ ধারা। এই অধ্যায়মত কোন নীলাম সম্পর্কে যে কার্য্যকারকের কোন কর্ম্ম করিতে হয় তিনি ঐ নীলামে বিক্রীত কোন সম্পত্তিগত কোন স্বার্থের নিমিত্ত ডাকিবেন না ও কোন স্বার্থ প্রাপ্ত হইবেন না ও প্রাপ্ত হইতে চেষ্টা করিবেন না ইতি।

Defaulting purchaser answerable for loss by sale

293 The deficiency of price (if any) which may happen on a re sale under this Code and all expenses attending such re sale shall be certified to the Court by the officer holding the sale

and shall at the instance of either the judgment creditor or the judgment debtor be recoverable from the defaulter under the rules contained in this chapter for the execution of a decree for money

পুনশ্চ বিক্রয় হইয়া কম মূল্য পাওয়া গেলে ত্রুটিকারি ক্রেতার দায়ী হইবার কথা।

২৯৩ ধারা। এই আইনমতে সম্পত্তি পুনশ্চ বিক্রয় হইয়া পূর্ব্বাপেক্ষা ন্যূন মূল্য পাওয়া গেলে যে কার্য্যকারক নীলাম করেন তিনি আদালতে মূল্যের ন্যূনতা ও পুনশ্চ বিক্রয়ের সমস্ত খরচ সংসিতমতে জানাইবেন

এবং এই অধ্যায়ে টাকার ডিক্রী জারী করিবার যে বিধি আছে ডিক্রীমত মহাজনের কিম্বা ডিক্রীমত খাতকের অনুরোধে ঐ টাকা সেই বিধিমতে বাকী দাবের স্থানে আদায় হইতে পারিবে ইতি।

Decree holder not to bid for or buy property without permission

294 No holder of a decree in execution of which property is sold shall without the express permission of the Court bid for or purchase the property

ডিক্রীদার অনুমতি না পাইলে সম্পত্তির নিমিত্ত ডাকিতে কি সম্পত্তি ক্রয় করিতে না পারিবার কথা।

২৯৪ ধারা। যে ডিক্রী জারীক্রমে সম্পত্তি বিক্রয় করা যায় সেই ডিক্রীদার আদালতের স্পষ্ট অনুমতি না পাইলে ঐ সম্পত্তির নিমিত্ত ডাকিবেন না ও ঐ সম্পত্তি ক্রয় করিবেন না।

If decree holder purchase amount of decree may be taken as payment

When a decree holder purchases with such permission, the amount due on the decree may be taken as payment in whole or in part, as the case may be, of the purchase money

ডিক্রীদার ক্রয় করিলে মূল্য পরিশোধে ডিক্রীর টাকা লওয়ার কথা।

ডিক্রীদার সেই অনুমতি পাইয়া ক্রয় করিলে তাঁহার ঐ ডিক্রীমত পাওনা টাকা ক্রয়ের সমুদয় টাকার কিম্বা বিষয়বিশেষে একাংশের পরিশোধে ধরা যাইতে পারিবে ইতি।

295 Whenever assets are realized by sale or otherwise in execution of a decree, and more persons than one have prior to the realization applied for execution of decrees for money against the same judgment debtor and have not obtained satisfaction thereof the proceeds after deducting the costs of the realization shall be divided rateably among all such persons

Proceeds of execution sale to be divided rateably among decree holders

Provided that when any property is sold subject to a mortgage the mortgagee shall not be entitled to share in any surplus arising from such sale

Provided also that when any property liable to be sold in execution of a decree is subject to a mortgage the Court may with the assent of the mortgagee, order that the property be sold free from the mortgage giving to the mortgagee the same right against the proceeds of the sale as he had against the property sold

If all or any of such assets be paid to a person not entitled to receive the same any person so entitled may sue such person to compel him to refund the assets

Nothing in this section affects any right of the Government

(b) —Rules as to Moveable Property

296 If the property to be sold be a negotiable instrument or a share in any public Company or Corporation the Court may instead of directing the sale to be made by public auction authorize the sale of such instrument or share through a broker at the market rate of the day

Rules as to negotiable securities and shares in public Companies

297 If the property sold be moveable the price of each lot shall be paid for at the time of sale or as soon after as the officer holding the sale directs and in default of payment the property shall forthwith be again put up and sold

Payment for moveable property sold

On payment of the purchase money, the officer holding the sale shall grant a receipt for the same, and the sale shall become absolute

২৯৫ ধারা। ডিক্রী জারীক্রমে সম্পত্তির নীলাম হইয়া কিম্বা অন্য প্রকারে টাকা আদায় হইলে, এবং ঐ টাকা আদায় হইবার পূর্ব্বে একের অধিক ব্যক্তি ডিক্রীমত একি খাতকের বিপক্ষে টাকার ডিক্রী জারী করিবার প্রার্থনা করিয়া থাকিলে ও আপনাদের সেই২ ডিক্রীমত কার্য্যসাধন করাইতে না পারিলে সেই টাকা আদায় করিবার খরচ বাদ দিয়া যাহা উদ্বৃত্ত থাকে তাহা হারহারিমতে ঐ সকল ব্যক্তির মধ্যে বাঁটিয়া দেওয়া যাইবে।

ডিক্রীজারীক্রমে নীলাম হইয়া যে টাকা উৎপন্ন হয় তাহা হারহারিমতে ডিক্রীদারদের মধ্যে বাঁটিয়া দিবার কথা।

পরন্তু বন্ধকের দায়যুক্ত হইয়া কোন সম্পত্তি বিক্রয় হইলে বন্ধকগ্রহীতা ঐ বিক্রয়োৎপন্ন টাকার উদ্বৃত্তের কোন অংশ পাইবার স্বত্ববান হইবেন না।

বন্ধকী সম্পত্তি বিক্রয় হইলে তদ্বিষয়ক উপবিধি।

আরো ডিক্রীজারীক্রমে যে সম্পত্তি বিক্রয় হইবার যোগ্য তাহার উপর বন্ধকের দায় থাকিলে আদালত বন্ধকগ্রহীতার অনুমতিক্রমে ঐ সম্পত্তি বন্ধক হইতে মুক্তভাবে বিক্রয় করিবার আজ্ঞা করিয়া বিক্রীত সম্পত্তির উপর বন্ধকগ্রহীতার যে স্বত্ব ছিল নীলামদ্বারা উৎপন্ন টাকার উপর তাহাকে সেই স্বত্ব প্রদান করিবেন।

যে ব্যক্তির ঐ উৎপন্ন টাকা পাইবার স্বত্ব নাই ঐ উৎপন্ন টাকা কি তাহার কোন অংশ তাহাকে দেওয়া গিয়া থাকিলে পূর্ব্বোক্তমতে যে ব্যক্তির স্বত্ব আছে তিনি ঐ টাকা ফিরিয়া দেওয়াইবার জন্যে সেই অন্য ব্যক্তির নামে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

এই ধারার কোন কথাক্রমে গবর্ণমেণ্টের কোন স্বত্বের ব্যাঘাত হইবে না ইতি।

(খ)।—অস্থাবর সম্পত্তি বিষয়ক বিধি।

২৯৬ ধারা। যে সম্পত্তি বিক্রয় করিতে হইবে তাহা ক্রয়বিক্রয়যোগ্য নিদর্শন পত্র কিম্বা প্রকাশ্য কোন কোম্পানির কি সমাবায়িত সমাজের শ্যার হইলে আদালত সেই পত্র নীলাম দ্বারা বিক্রয় করিতে আজ্ঞা না দিয়া দালালের দ্বারা বাজার দরে ঐ নিদর্শনপত্র কি শ্যার বিক্রয় করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

যে নিদর্শনপত্র ক্রয় বিক্রয় হইতে পারে তদ্বিষয়ের ও প্রকাশ্য কোম্পানির শ্যারের বিধি।

২৯৭ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায় তাহা অস্থাবর হইলে বিক্রয় হইবার সময়েই কিম্বা যেকার্য্যকারক নীলাম করেন তিনি তাহার পর যত শীঘ্র আজ্ঞা করেন তৎকালেই একং লাটের মূল্য দেওয়া যাইবে। না দেওয় গেলে সম্পত্তি তৎক্ষণাৎ পুনর্ব্বার নীলামে চড়াইয়া বিক্রয় করা যাইবে।

অস্থাবর সম্পত্তি বিক্রয় হইলে তাহার টাকা দিবার কথা।

ক্রয়ের টাকা দেওয়া গেলেই যে কার্য্যকারক নীলাম করেন তিনি ঐ টাকার রসীদ দিবেন ও বিক্রয় সিদ্ধ হইবে ইতি।

298 No irregularity in publishing or conducting the sale of moveable property shall vitiate the sale but any person sustaining any injury by reason of such irregularity at the hand of any other person may institute a suit against him for compensation or (if such other person be the purchaser) for the recovery of the specific property and for compensation in default of such recovery

Irregularity not to vitiate sale of moveable property but any person injured may sue

২৯৮ ধারা। অস্থাবর সম্পত্তি বিক্রয় হইবার ইশতিহার দেওনে কি বিক্রয়করণে দাঁড়ার কোন ব্যতিক্রম হইলেও বিক্রয় অসিদ্ধ হইবে না। কিন্তু দাঁড়ার সেই ব্যতিক্রম প্রযুক্ত কোন ব্যক্তি অন্যের দ্বারা ক্ষতিগ্রস্ত হইলে তাঁহার নামে হানিপূরণার্থ মোকদ্দমা কিম্বা সেই ব্যক্তি ক্রেতা হইলে বিশেষ সম্পত্তি ফিরিয়া পাইবার নিমিত্ত ও না পাওয়া গেলে হানিপূরণ পাইবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

অস্থাবর সম্পত্তি বিক্রয়কালে দাঁড়ার দোষ হইলে বিক্রয় অসিদ্ধ না হইবার কিন্তু ক্ষতিগ্রস্ত ব্যক্তির নালিশ করিতে পারিবার কথা।

299 When the property sold is any moveable property or a negotiable instrument, of which actual seizure has been made the property shall be delivered to the purchaser

Delivery of moveable property belonging to defendant actually seized

২৯৯ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায় তাহা অস্থাবর সম্পত্তি কিম্বা ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র হইলে, ও তাহা নিতান্ত ধৃত করিয়া লওয়া গেলে ক্রেতাকে ঐ সম্পত্তি দেওয়া যাইবে ইতি।

প্রতিবাদির অস্থাবর সম্পত্তি ধৃত হইলে তাহা দিবার কথা।

300 When the property sold is any moveable property to which the judgment debtor is entitled subject to the possession of some other person the delivery thereof to the purchaser shall be made by giving notice to the person in possession prohibiting him from delivering possession of the property to any person except the purchaser

Delivery of moveable property to which judgment debtor is entitled subject to lien

৩০০ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায় তাহা অস্থাবর হইলে ও সেই সম্পত্তিতে ডিক্রীমত খাতক অন্য কোন ব্যক্তির অধিকারের পশ্চাৎ অধিকার পাইবার স্বত্ত্ববান হইলে, ঐ সম্পত্তি যে ব্যক্তির অধিকারে থাকে তিনি ক্রেতাভিন্ন কোন ব্যক্তিকে ঐ সম্পত্তির অধিকার না দেন তাঁহার নামে এই মর্ম্মের নোটিস দিয়া ক্রেতাকে ঐ সম্পত্তি দেওয়া যাইবে ইতি।

ডিক্রীমত খাতক অন্যের দাওয়ার অধীনে যে অস্থাবর সম্পত্তির স্বত্ত্ববান হন তাহা দিবার কথা।

301 When the property is a debt not secured by a negotiable instrument or is a share in any public Company the delivery thereof shall be made by a written order of the Court prohibiting the creditor from receiving the debt or any interest thereon, and the debtor from making payment thereof to any person except the purchaser or prohibiting the person in whose name the share may be standing from making any transfer of the share to any person except the purchaser, or receiving payment of any dividend or interest thereon, and the Manager, Secretary or other proper officer of the Company from permitting any such transfer, or making any such payment to any person except the purchaser

Delivery of debt and of shares in public Companies

৩০১ ধারা। যে ঋণের জামিনস্বরূপ ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র দেওয়া যায় নাই এমত ঋণ কিম্বা প্রকাশ্য কোন কোম্পানির শ্যার লইয়া ঐ সম্পত্তি হইলে, মহাজন ঐ ঋণ কি তাহার উপর কোন সুদ গ্রহণ না করেন ও খাতক ক্রেতাভিন্ন কোন ব্যক্তিকে ঐ ঋণ শোধ করিয়া না দেন অথবা ঐ শ্যার যে ব্যক্তির নামে থাকে তিনি ক্রেতাভিন্ন কোন ব্যক্তির নামে তাহা হস্তান্তর করিয়া না দেন কিম্বা তাহার উপর কোন ডিবিডেণ্ড কি সুদ গ্রহণ না করেন ও ঐ কোম্পানির কার্য্যাধ্যক্ষ কি সেক্রেটরী কি উপযুক্ত অন্য কর্ম্মকারক ক্রেতাভিন্ন কোন কাহাকেও তাহা হস্তান্তর করিয়া না দেন ও পূর্ব্বোক্ত কোন টাকা না দেন আদালত এই মর্ম্মের নিষেধসূচক আজ্ঞা লিখিয়া দিয়া ক্রেতাকে ঐ ঋণ কি শ্যার দেওয়াইবেন ইতি।

ঋণ ও প্রকাশ্য কোম্পানির শ্যার দেওয়াইবার কথা।

302 If the endorsement or conveyance of the party in whose name a negotiable instrument or a share in any public Company is standing, is required to transfer such instrument or share, the Judge may endorse the instrument or the certificate of the share, or may execute such other document as may be necessary

Transfer of negotiable instruments and shares

৩০২ ধারা। ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র কিম্বা প্রকাশ্য কোন কোম্পানির শ্যার যে ব্যক্তির নামে থাকে, হস্তান্তর করিবার জন্যে ঐ ব্যক্তির সেই নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি লেখা কিম্বা তাঁহার হস্তান্তর করণপত্র লিখিয়া দেওয়া প্রয়োজন হইলে, বিচারপতি সেই নিদর্শনপত্রের কিম্বা শ্যারের সর্টিফিকটের পৃষ্ঠলিপি লিখিতে কিম্বা অন্য যে দলীল করা আবশ্যক তাহাতে স্বাক্ষর করিতে পারিবেন।

ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র ও শ্যার হস্তান্তর করিয়া দিবার কথা।

The endorsement or execution shall be in the following form or to the like effect —"*A B* by *C D*, Judge of the Court of *(or as the case may be) in a suit by E F* against *A B*"

সেই পৃষ্ঠলিপি কি সেই স্বাক্ষর এই পাঠে কি ইহার মর্ম্মানুসারে করা যাইবে, যথা, আনন্দের নামে ঈশানের মোকদ্দমায় (কিম্বা বিষয়বিশেষে) অমুক আদালতের জজ শ্রী অমুকের দ্বারা শ্রী আনন্দ।'

Until the transfer of such instrument or share, the Court may, by order, appoint some person to receive any interest or dividend due thereon and to sign a receipt for the same and any endorsement made or document executed or receipt signed as aforesaid shall be as valid and effectual for all purposes, as if the same had been made or executed or signed by the party himself

সেই নিদর্শনপত্র কি শ্যার যত দিন হস্তান্তর করিয়া না দেওয়া যায় তাহার উপর যে সুদ কি ডিবিডেণ্ড পাওনা হয় আদালত আজ্ঞা করিয়া তত দিনের নিমিত্ত ঐ সুদ কি ডিবিডেণ্ড গ্রাহ্য করিবার ও তাহার রসীদে স্বাক্ষর করিবার নিমিত্ত কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। ও উক্ত প্রকারে যে পৃষ্ঠলিপি করা যায় কিম্বা দলীলে যে দস্তখৎ করা যায় কিম্বা রসীদে যে স্বাক্ষর করা যায় তাহা সকল কার্য্যপক্ষে নিজ ঐ পক্ষের দ্বারা লেখার কি দস্তখৎ করার কি স্বাক্ষর করার ন্যায় সিদ্ধ ও প্রবল হইবে ইতি।

(c) —Rules as to Immoveable Property

(গ)—স্থাবর সম্পত্তি বিষয়ক বিধি।

Sales of land by Court not inferior to a District Court

303 Sales of immoveable property in execution of a decree may be ordered by any Court not subordinate to a District Court

জিলার আদালতের অনধীন আদালতের দ্বারা ভূমি বিক্রয়ের কথা।

৩০৩ ধারা। জিলার আদালতের অনধীন কোন আদালত ডিক্রীজারীক্রমে স্থাবর সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Procedure as to sale of land in execution of decree of subordinate Court

304 Whenever a Court subordinate to a District Court desires that any interest in immoveable property be sold in execution of a decree it shall refer the case to the District Court to which it is subordinate and such Court shall have the same power of causing the said interest to be sold as if the decree had been made by itself

Nothing in this section applies to Courts of Small Causes

অধীন আদালতের ডিক্রীজারীক্রমে ভূমি বিক্রয়ের কার্য্যপ্রণালীর কথা।

৩০৪ ধারা। জিলার আদালতের অধীন কোন আদালত ডিক্রীজারীক্রমে স্থাবর সম্পত্তিগত কোন স্বার্থ বিক্রয় করিতে ইচ্ছুক হইলে যে জিলার আদালতের অধীন হন সেই আদালতে মোকদ্দমা অর্পণ করিবেন, ও সেই আদালত আপনি যেন ঐ ডিক্রী করিলেন এই মতে উক্ত স্বার্থ বিক্রয় করাইতে ক্ষমতাপন্ন হইবেন।

এই ধারার কোন কথা ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রতি খাটে না ইতি।

Postponement of sale of land to enable defendant to raise amount of decree

305 When an order for the sale of immoveable property has been made, if the judgment debtor can satisfy the Court conducting the sale that there is reason to believe that the amount of the decree may be raised by mortgage or lease or private sale of such property, or some part thereof, or of any other immoveable property of the judgment debtor, the Court may on his application postpone the sale of property comprised in the order for sale for such period as it thinks proper, to enable him to raise the amount

প্রতিবাদী যেন ডিক্রীর টাকা তুলিতে পারেন এই কারণে বিলম্বে ভূমি বিক্রয়ের কথা।

৩০৫ ধারা। স্থাবর সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞা হইলে, এব. ঐ সম্পত্তি কি তাহার একাংশ কি ডিক্রীমত খাতকের অন্য কোন সম্পত্তি বন্ধক কিম্বা পাট্টা করিয়া দিলে, কিম্বা আপোসে বিক্রয় করিলে, ডিক্রীর টাকা তুলিতে পারা যাইবে, যে আদালত নীলামের কার্য্য চালান ডিক্রীমত খাতক এই বিষয়ে সেই আদালতের হৃদ্বোধ জন্মাইতে পারিলে, তিনি যেন সেই টাকা তুলিতে পারেন এই কারণে তাঁহার প্রার্থনামতে আদালত যত দিন উচিত বোধ করেন ঐ নীলামের আজ্ঞাপত্রের উল্লিখিত সম্পত্তি বিক্রয় করিতে তত দিন বিলম্ব করিতে পারিবেন।

In such case the Court shall grant a certificate to the judgment debtor authorizing him, within a period to be mentioned therein, to make the proposed mortgage, lease, or sale provided that all moneys payable under such mortgage, lease or sale shall be paid into Court and not to the judgment debtor

তদ্রূপ স্থলে আদালত ডিক্রীমত খাতককে সর্টিফিকট দিয়া তাঁহাকে ঐ সর্টিফিকটের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে প্রস্তাবিতমতে ঐ ভূমি বন্ধক কিম্বা পাট্টা করিয়া দিতে কি বিক্রয় করিতে অনুমতি দিবেন। কিন্তু ঐ বন্ধক কি পাট্টা কি বিক্রয়ক্রমে যে সকল টাকা দেয় হয় তাহা আদালতে দিতে হইবে, ডিক্রীমত খাতককে নয়।

Where such certificate has been granted and so long as it remains in force the provisions of section 248 shall not apply, and the year mentioned in that section, clause (a), shall be computed from the date of the expiry of the certificate

The Court may, on the application of the judgment debtor, sell any other immoveable property of the judgment debtor in lieu of the property comprised in such order

তদ্রূপ সর্টিফিকট দেওয়া গেলে তাহা যত দিন প্রবল থাকে ২৪৮ ধারার বিধান তত দিন খাটিবে না ও ঐ ধারার (ক) প্রকরণে যে বৎসরের উল্লেখ হই যাছে, ঐ সর্টিফিকটের মিয়াদ ফুরাইবার তারিখ অবধি সেই বৎসর গণ্য হইবে।

আদালত ডিক্রীমত খাতকের প্রার্থনামতে ঐ আজ্ঞাপত্রের উল্লিখিত সম্পত্তির পরিবর্ত্তে ডিক্রীমত খাতকের অন্য স্থাবর সম্পত্তি বিক্রয় করিতে পারিবেন ইতি।

306 On every sale of immoveable property under this chapter, the person declared to be the purchaser shall pay immediately after such declaration a deposit of twenty five per centum on the amount of his purchase money to the officer conducting the sale and in default of such deposit, the property shall forthwith be put up again and sold

Deposit by purchaser of immoveable property

৩০৬ ধারা। এই অধ্যায়মতে স্থাবর সম্পত্তি বিক্রয় করা গেলে, যাঁহাকে ক্রেতা বলিয়া প্রকাশ করা যায় তিনি ঐ কথা প্রকাশ হই লেই যে কার্য্যকারক নালাম করিতেছেন তাঁহাকে ক্রয়ের টাকার শতকরা পঁচিশ টাকা দিবেন। ঐ টাকা আমানৎ না করিলে ঐ সম্পত্তি তৎক্ষণাৎ পুনরায় নীলামে ধরা গিয়া বিক্রয় করা যাইবে ইতি।

স্থাবর সম্পত্তির ক্রেতার দ্বারা আমানতের কথা।

307 The full amount of purchase money shall be paid by the purchaser before sunset of the fifteenth day after the sale of the property exclusive of such day or if the fifteenth day be a Sunday or other holiday then on the first office day after the fifteenth day

Time for payment in full

৩০৭ ধারা। সম্পত্তি বিক্রয় হইবার দিন ছাড়া পঞ্চদশ দিনে, ও সেই পঞ্চদশ দিন রবিবার কিম্বা অন্য বন্ধের দিন হইলে ঐ পঞ্চদশ দিনের পর প্রথম যে দিনে কাছারী খোলা থাকে সেই দিনে সূর্য্যাস্তের পূর্ব্বে ক্রেতা ক্রয়ের সমস্ত টাকা দিবেন ইতি।

সমুদয় টাকা দিবার সময়ের কথা।

308 In default of payment within the period mentioned in the last preceding section, the deposit after defraying the expenses of the sale shall be forfeited to Government and the property shall be re sold and the defaulting purchaser shall forfeit all claim to the property or to any part of the sum for which it may subsequently be sold

Procedure in default of payment

৩০৮ ধারা। ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত মিয়াদের মধ্যে ঐ টাকা না দেওয়া গেলে আমানতী টাকা হইতে নীলামের খরচ বাদ দিয়া অবশিষ্ট টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও সম্পত্তি পুনশ্চ বিক্রয় করা যাইবে ও ঐ সম্পত্তির উপর কিম্বা পশ্চাৎ তাহা যত টাকাতে বিক্রয় হয় তাহার কোন অংশের উপর ত্রুটিকারি ক্রেতার কোন দাওয়া থাকিবে না ইতি।

টাকা দেওয়া না গেলে কার্য্যপ্রণালীর কথা।

309 Every re sale of immoveable property in default of payment of the purchase money within the period allowed for such payment, shall be made after the issue of a fresh notification in the manner and for the period hereinbefore prescribed for the sale

Notification on re sale of immoveable property

৩০৯ ধারা। ক্রয়ের টাকা দিবার মিয়াদের মধ্যে ঐ টাকা না দেওয়াতে স্থাবর সম্পত্তি পুনশ্চ বিক্রয় করিতে হইলে, প্রথম নীলামের জ্ঞাপনপত্র যে প্রকারে ও যত দিন প্রকাশ করিবার বিধান আছে সেই প্রকারে তত দিন জ্ঞাপনপত্র প্রকাশ হইবার পর ঐ সম্পত্তি পুনশ্চ বিক্রয় করা যাইবে ইতি।

স্থাবর সম্পত্তি পুনরায় বিক্রয় করিতে হইলে জ্ঞাপনপত্রের কথা।

310 When the property sold in execution of a decree is a share of undivided immoveable property, if the lot has been knocked down to a stranger, any co sharer may, by application to the officer conducting the sale, claim to take the share sold at the sum at which the lot was so knocked down

Co sharer of a share of undivided estate sold in execution may claim share at sale price

৩১০ ধারা। ডিক্রী জারীক্রমে যে সম্পত্তি বিক্রয় করা যায় তাহা অবিভক্ত স্থাবর সম্পত্তির একাংশ হইলে, ও নীলামের লাট নি সম্পর্কীয় কোন ব্যক্তির নামে পড়িলে ঐ লাট যত টাকাতে বিক্রয় হয় সহ অংশী কোন ব্যক্তি নীলামকারি কার্য্যকারকের নিকট প্রার্থনা করিয়া তত টাকা দিয়া সেই বিক্রীত অংশ লইবার দাওয়া রাখিতে পারিবেন।

ডিক্রী জারীক্রমে অবিভক্ত মহালের একাংশ বিক্রয় হইলে সহ অংশির সেই মুল্য দিয়া ঐ অংশের উপর দাওয়া রাখিতে পারিবার কথা।

If the claim be made before sunset on the day of sale, and the claimant then repay to the purchaser the amount of his deposit, the claimant shall be substituted for the person to whom the lot has been so knocked down and shall be bound by all the conditions then binding on the purchaser, and the provisions of the last three preceding sections shall apply

যে দিনে নীলাম হয় সেই দিন সূর্য্যাস্তের পূর্ব্বে ঐ দাওয়া করা গেলে, এবং ক্রেতা যত টাকা আমানৎ করিলেন দাওয়াদার তাঁহার সেই টাকা ফিরিয়া দিলে যে ব্যক্তির নামে লাট পড়িল ঐ দাওয়াদার তাঁহার স্থলবর্ত্তি হইবেন ও ক্রেতা যে সকল নিয়মে বদ্ধ থাকেন তিনি সেই নিয়মে বদ্ধ হইবেন ও তাঁহার প্রতি ইহার পূর্ব্ব তিন ধারার বিধান বর্ত্তিবে ইতি।

Sale of land not set aside on ground of irregularity unless in case of substantial injury

311 Any person whose interest in immoveable property has been sold under this chapter may apply to the Court to set aside the sale on the ground of a material irregularity in publishing or conducting it,

but no sale shall be set aside on the ground of irregularity, unless the applicant proves to the satisfaction of the Court that he has sustained substantial injury by reason of such irregularity

গুরুতর হানি না হইলে বেদাঁড়া প্রযুক্ত ভূমির বিক্রয় অসিদ্ধ না হইবার কথা।

৩১১ ধারা। এই অধ্যায়মতে স্থাবর সম্পত্তিতে কোন ব্যক্তির স্বার্থ নীলাম হইলে, সেই নীলামের কথা প্রকাশ করণে কিম্বা নীলামের কার্য্য চালাওনে গুরুতর বেদাঁড়া হইয়াছে বলিয়া সেই ব্যক্তি আদালতে ঐ নীলাম অসিদ্ধ করিবার প্রার্থনা করিতে পারিবেন।

কিন্তু সেই বেদাঁড়াপ্রযুক্ত প্রার্থকের গুরুতর হানি হইয়াছে, তিনি আদালতের হৃদ্বোধমতে ইহার প্রমাণ করিতে না পারিলে বেদাঁড়াপ্রযুক্ত নীলাম অসিদ্ধ হইবে না ইতি।

Effect of objection being disallowed and of its being allowed

312 If no such application as is mentioned in the last preceding section be made or if such application be made and the objection be disallowed, the Court shall pass an order confirming the sale as regards the parties to the suit

If such application be made and if the objection be allowed, the Court shall pass an order setting aside the sale

No suit to set aside an order passed under this section shall be brought by the party against whom such order has been made

আপত্তি অগ্রাহ্য কিম্বা গ্রাহ্য হওয়ার ফলের কথা।

৩১২ ধারা। ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত প্রার্থনা করা না গেলে কিম্বা করা গেলেও আপত্তি অগ্রাহ্য হইলে আদালত মোকদ্দমার উভয় পক্ষ সম্পর্কে ঐ বিক্রয় সিদ্ধ করণার্থ আজ্ঞা করিবেন।

তদ্রূপ প্রার্থনা করা গেলে ও আপত্তি গ্রাহ্য হইলে আদালত ঐ বিক্রয় অসিদ্ধ করণার্থ আজ্ঞা করিবেন।

এই ধারামতে যে পক্ষের বিপক্ষে যে আজ্ঞা করা যায় তিনি তাহা অসিদ্ধ করিবার জন্যে কোন মোকদ্দমা উপস্থিত করিবেন না ইতি।

Power to apply to set aside the sale

313 The purchaser at any such sale may, within sixty days from the date of the sale, apply to the Court to set aside the sale on the ground that the person whose interest in the property purported to be sold had no legally saleable interest therein, and the Court may make such order as it thinks fit

বিক্রয় অসিদ্ধ করিতে প্রার্থনা করিবার কথা।

৩১৩ ধারা। সম্পত্তিতে যে ব্যক্তির স্বার্থ বিক্রয় করিবার অভিপ্রায় ছিল সেই সম্পত্তিতে তাঁহার আইনমতে বিক্রেয় স্বার্থ ছিল না তদ্রূপ কোন নীলামে যিনি ক্রেতা হন তিনি নীলামের তারিখঅবধি ষাইট দিনের মধ্যে ইহা বলিয়া আদালতে ঐ নীলাম অসিদ্ধ করিবার প্রার্থনা করিতে পারিবেন, এবং আদালত যে আজ্ঞা বিহিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

Confirmation of sale

314 No sale of immoveable property shall become absolute until it has been confirmed by the Court

বিক্রয় সিদ্ধ করণের কথা।

৩১৪ ধারা। স্থাবর সম্পত্তির নীলাম আদালত কর্ত্তৃক দৃঢ় করা না গেলে সিদ্ধ হইবে না ইতি।

If sale set aside, price to be returned to purchaser

315 When a sale of immoveable property is set aside under section 312 or 313,

or when it is found that the judgment debtor had no saleable interest in the property sold, and the purchaser is for that reason deprived of it,

বিক্রয় অসিদ্ধ হইলে ক্রেতাকে মূল্য ফিরিয়া দিবার কথা।

৩১৫ ধারা। ৩১২ বা ৩১৩ ধারামতে স্থাবর সম্পত্তির বিক্রয় অসিদ্ধ করা গেলে,

কিম্বা যে সম্পত্তি বিক্রয় করা গেল, তাহাতে ডিক্রীমত খাতকের বিক্রেয় স্বার্থ না থাকাতে ক্রেতা তাহাতে বঞ্চিত হইলেন ইহা দৃষ্ট হইলে,

the purchaser shall be entitled to receive back his purchase money (with or without interest as the Court may direct) from any person to whom the purchase money has been paid

The repayment of the said purchase money and of the interest (if any) allowed by the Court may be enforced against such person under the rules provided by this Code for the execution of a decree for money

316 When a sale of immoveable property has become absolute in manner aforesaid the Court shall grant the purchaser a certificate to the effect that he has purchased such property, and such certificate shall be deemed to be a valid transfer of such interest

Certificate to purchaser of immoveable property

317 The certificate shall state the name of the person who at the time of sale is declared to be the purchaser and the date of the attachment and the purchase shall be deemed to take effect from such date

Certificate to state name of actual purchaser

No person shall maintain any suit against the certified purchaser on the ground that the purchase was made on behalf of such other person, or on behalf of some one through whom such other person claims

Benámí purchaser not recognised

Nothing in this section shall bar a suit to obtain a declaration that the name of the certified purchaser was inserted in the certificate fraudulently or without the consent of the real purchaser

318 When the property sold is in the occupancy of the judgment debtor or of some person on his behalf or of some person claiming under a title created by the defendant subsequently to the attachment of such property, and a certificate in respect thereof has been granted under section 316, the Court shall order delivery to be made by putting the purchaser or any person whom he may appoint to receive delivery on his behalf, in possession of the property, and if need be, by removing any person who refuses to vacate the same

Delivery of immoveable property in occupancy of judgment debtor

319 When the property sold is in the occupancy of a tenant or other person entitled to occupy the same, and a certificate in respect thereof has been granted under section 316, the Court shall order delivery thereof to be made by affixing a copy of the certificate of sale in some conspicuous place on the property, and

Delivery of immoveable property in the occupancy of tenant

ক্রয়ের টাকা যাঁহাকে দেওয়া গেল, তাঁহার স্থানে ক্রেতা আদালতের আজ্ঞানুসারে সুদ সহিত কি সুদ বিনা ঐ ক্রয়ের টাকা ফিরিয়া পাইতে স্বত্ববান হইবেন।

এই আইনে টাকার ডিক্রী জারী করিবার যে২ বিধি আছে সেই২ বিধিমতে ক্রয়ের টাকা এবং আদালত সুদের অনুমতি দিলে সেই সুদ দেওয়ার আজ্ঞা ঐ ব্যক্তির উপর প্রবল করা যাইতে পারিবে ইতি।

৩১৬ ধারা। স্থাবর সম্পত্তির বিক্রয় পূর্ব্বোক্তমতে সিদ্ধ করা গেলে ক্রেতা সেই সম্পত্তি ক্রয় করিয়াছেন আদালত তাঁহাকে এই মর্ম্মের সার্টিফিকট দিবেন। ও সেই সার্টিফিকট সেই স্বার্থ হস্তান্তর হওনের প্রামাণিকপত্র বলিয়া জ্ঞান হইবে ইতি।

স্থাবর সম্পত্তির ক্রেতাকে সর্টিফিকট দিবার কথা।

৩১৭ ধারা। নীলামে যে ব্যক্তিকে ক্রেতা বলিয়া প্রকাশ করা যায় সর্টিফিকটে তাঁহারই নাম ও ক্রোক করিবার তারিখ লেখা যাইবে ও সেই তারিখ অবধি সেই ক্রয় সফল বলিয়া জ্ঞান হইবে।

সর্টিফিকটে প্রকৃত ক্রেতার নাম লিখিবার কথা।

অন্য ব্যক্তির নিমিত্ত কিম্বা ঐ অন্য ব্যক্তি যাঁহার দ্বারা দাওয়া রাখেন তাঁহারই নিমিত্ত ক্রয় করা গেল বলিয়া, কোন ব্যক্তি সর্টিফিকটপ্রাপ্ত ক্রেতার বিপক্ষে কোন মোকদ্দমা করিতে পারিবেন না।

বেনামী খরিদারকে না ধরিবার কথা।

সর্টিফিকটপ্রাপ্ত ক্রেতার নাম প্রতারণাক্রমে কিম্বা প্রকৃত ক্রেতার অনুমতি বিনা লেখা গেল এই ধারাক্রমে এই কথা নির্ণয় করণার্থ মোকদ্দমা উপস্থিত করিবার বাধা নাই ইতি।

৩১৮ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায় তাহা ডিক্রীমত খাতকের কিম্বা তৎপক্ষ অন্য ব্যক্তির অধিকারগত কিম্বা ঐ সম্পত্তি ক্রোক হইবার পরে প্রতিবাদী যে স্বত্ব সৃষ্ট করিলেন সেই স্বত্বক্রমে কোন দাওয়াদারের অধিকারগত হইলে, ও ৩১৬ ধারামতে তদ্বিষয়ের সর্টিফিকট দেওয়া গেলে আদালত, ক্রেতাকে কিম্বা তিনি আপনার পক্ষে অধিকার লওনের জন্যে অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে ঐ সম্পত্তির অধিকার দেওয়াইয়া, ও কোন ব্যক্তি ঐ সম্পত্তি ত্যাগ করিতে সম্মত না হইলে প্রয়োজনমতে তাঁহাকে উঠাইয়া দিয়া, ক্রেতাকে ঐ সম্পত্তি দিবার আজ্ঞা করিবেন ইতি।

ডিক্রীমত খাতকের অধিকারগত স্থাবর সম্পত্তি দিবার কথা।

৩১৯ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায় তাহা প্রজার কিম্বা অধিকার করিবার স্বত্ববান অন্য ব্যক্তির অধিকারগত হইলে, ও ৩১৬ ধারামতে তদ্বিষয়ের সর্টিফিকট দেওয়া গেলে, আদালত ঐ সম্পত্তির কোন প্রকাশ স্থানে নীলামের সর্টিফিকটের নকল লাগাইয়া, এবং ঢেঁড়রা দিয়া কিম্বা সচরাচর অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে ডিক্রীমত

প্রজার অধিকারস্থ স্থাবর সম্পত্তি দেওয়াইবার কথা।

proclaiming to the occupant by beat of drum or in such other mode as may be customary, at some convenient place, that the interest of the judgment-debtor has been transferred to the purchaser

Power to prescribe rules for transferring to Collector execution of decrees sale of land

320 The local Government may, with the sanction of the Governor General in Council, declare by notification in the official Gazette that in any local area the execution of decrees in cases in which a Court has ordered any interest in immoveable property to be sold, shall be transferred to the Collector and rescind or modify any such declaration The local Government may also from time to time prescribe rules for the transmission of the decree from the Court to the Collector, and for regulating the procedure of the Collector and his subordinates in executing the same

Powers of Collector as to execution of decrees so transferred

321 Whenever the execution of a decree has been so transferred, if the Collector has reason to believe that the judgment debts of the judgment-debtor can be discharged without a sale of the whole of such interest, the Collector may (notwithstanding any order under section 303, but subject to such rules as may from time to time be made in this behalf by the Chief Controlling Revenue Authority) raise the amount necessary to discharge such debts with interest thereon according to the decree or, if the decree makes no provision as to interest, then with interest (if any) as he thinks fit not exceeding the rate of six per cent per annum,

(*a*) by selling part of the judgment debtor's interest in such property or in any other immoveable property

(*b*) by mortgaging the whole or any part of such interest

(*c*) by letting on farm or managing by himself or another the whole or any part of such interest for any term not exceeding twenty years from the date of the order of sale, or

(*d*) partly by one of such modes and partly by another or others of them

For the purpose of managing under this section the whole or any part of such interest, the Collector may exercise all the powers of its owner

Procedure of Collector

322 If the Collector proposes to proceed under this section, he shall publish a notice in the language of the district, calling upon all persons holding decrees against the judgment-debtor to

খাতকের সম্পর্ক যেরূপ প্রতিজ্ঞা হস্তান্তর করা গিয়াছে উপযুক্ত কোন স্থানে প্রজার নিকট এই কথা ঘোষণা করাইয়া ঐ সম্পত্তি দেওয়াইবার আজ্ঞা করিবেন ইতি।

ডিক্রীজারীক্রমে বিক্রয়ের কার্য্য কালেকটর সাহেবের হস্তগত করিবার বিধি প্রণয়নের ক্ষমতার কথা।

৩২০ ধারা। কোন স্থানের সীমার মধ্যে কোন আদালত স্থাবর সম্পত্তিগত কোন স্বার্থ বিক্রয় করিবার আজ্ঞা করিলে সেই ডিক্রী জারীকরণ কার্য্য কালেক্টর সাহেবের হস্তগত করা যাইবে, স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই নির্দ্দেশ করিতে পারিবেন এবং তদ্রূপ কোন নির্দ্দেশ বাক্য রহিত কি মতান্তর করিতেও পারিবেন। আরো স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ আদালতহইতে কালেক্টর সাহেবের নিকট ডিক্রী পাঠাইবার, ও ঐ ডিক্রীজারী করণে কালেক্টর সাহেবের ও তাঁহার অধীন কর্ম্মকারকদের কার্য্যপ্রণালীর বিধান করণের বিধি করিতে পারিবেন ইতি।

তদ্রূপ প্রেরিত ডিক্রী সাধন বিষয়ে কালেকটর সাহেবের ক্ষমতার কথা।

৩২১ ধারা। ডিক্রীজারীকরণ কার্য্য তদ্রূপে হস্তান্তর করা গেলে, উক্ত সম্পূর্ণ স্বার্থ বিক্রয় না করিয়া ডিক্রীমত খাতকের ডিক্রীমত ঋণ শোধ হইতে পারে কালেক্টর সাহেবের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, (৩০৩ ধারামতে অন্য প্রকারের আজ্ঞা থাকিলেও, রাজস্বসংক্রান্ত কার্য্যের তত্ত্বাবধারক প্রধান কর্ত্তৃপক্ষ এতৎপক্ষে সময়ে২ যে২ বিধি করেন, তিনি সেই২ বিধি প্রবল মানিয়া) ডিক্রীঅনুসারে ঐ ঋণ ও তদুপরি সুদ শোধ করিবার প্রয়োজনীয় টাকা, কিম্বা ডিক্রীর মধ্যে সুদের কোন বিধান না থাকিলেও সুদ লওয়া উচিত জ্ঞান করিলে বৎসর শতকরা ছয় টাকার অনধিক হারে সুদশুদ্ধ ঐ ঋণ এই২ প্রকারে তুলিতে পারিবেন,—বিশেষত

(ক) ঐ সম্পত্তিতে কিম্বা অন্য স্থাবর সম্পত্তিতে ডিক্রীমত খাতকের যে স্বার্থ আছে তাহার একাংশ বিক্রয় করিয়া, কিম্বা

(খ) ঐ সম্পূর্ণ স্বার্থ কি তাহার কোন অংশ বন্ধক রাখিয়া, কিম্বা

(গ) বিক্রয় করিবার আজ্ঞার তারিখঅবধি বিশ বৎসরের অনধিক কোন সময় পর্য্যন্ত ঐ সম্পূর্ণ স্বার্থ কি তাহার কোন অংশ ইজারা দিয়া কিম্বা আপনি কি অন্যের দ্বারা তাহার কার্য্যাধ্যক্ষতা করিয়া কিম্বা

(ঘ) অংশত ইহার কোন এক প্রকারে ও অংশত অন্য বা অন্য২ প্রকারে ঐ টাকা তুলিবেন।

এই ধারামতে ঐ সম্পূর্ণ স্বার্থের কি তাহার কোন অংশের কার্য্যাধ্যক্ষতা করণার্থে কালেক্টর সাহেব ঐ স্বার্থের স্বামির সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

কালেকটর সাহেবের কার্য্য প্রণালীর কথা।

৩২২ ধারা। কালেক্টর সাহেব এই ধারামতে কার্য্য করিতে প্রস্তাব করিলে তিনি জিলার চলিত ভাষায় নোটিস প্রচার করিয়া ডিক্রীমত খাতকের বিপরীত ডিক্রীপ্রাপ্ত সকল ব্যক্তিকে ঐ নোটিস

notify the same in writing to the Collector within sixty days from the date of the publication

Such notice shall be published by being posted at the Court which made the order under section 303, and at such other places (if any) as the Collector thinks fit

So long as any letting or management under this section continues, the judgment debtor and his representative in interest shall be incompetent to mortgage, charge, lease or alienate the interest so let or managed, or any part thereof

323 If on the expiration of the letting or management the amount necessary to discharge such debts in full with the interest (if any) payable thereon has not been raised the Collector shall notify the fact in writing to the judgment debtor or his representative, stating at the same time that, if the balance necessary to discharge such debts and interest is not paid to the Collector within six weeks of the date of such notice the Collector will proceed to sell the judgment debtor's interest in the said property and if on the expiration of the said six weeks, the said balance is not so paid, the Collector shall sell such interest accordingly

Sale by Collector

324 Whenever the Collector sells any interest pursuant to the said order of sale or exercises any of the powers conferred upon him by the last preceding section, he shall inform the Court which made such order of the fact of such sale or exercise, and shall render accounts to such Court of his receipts and payments in respect of the said interest, and shall hold the balance at the disposal of such Court

Sale &c to be reported to Court by Collector

Such balance (after deducting therefrom any debts due or liabilities incurred to Government by the judgment-debtor) shall be applied rateably in discharging the claims of all the decree-holders who have complied with the said notice, and no other person making any claim against the interest so let or managed or against such proceeds, shall be entitled to be paid thereout

Application of balance

প্রচার হইবার তারিখঅবধি ষাইট দিনের মধ্যে কালেক্টর সাহেবের নিকটে লিখিয়া সেই কথা জানাইতে আজ্ঞা করিবেন।

যে আদালত ৩০৩ ধারামতে আজ্ঞা করিলেন ঐ নোটিস সেই আদালত ঘরে ও কালেক্টর সাহেব অন্যং স্থান উপযুক্ত বোধ করিলে সেই স্থানে লাগাইয়া ঐ নোটিস প্রচার করা যাইবে।

এই ধারামতে ইজারা দেওন কি কার্য্যাধ্যক্ষতা করণ কার্য্য যত দিন চলে ডিক্রীমত খাতক ও স্বার্থপক্ষে তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তি তত দিন উক্ত যে স্বার্থের ইজারা দেওয়া কি কার্য্যাধ্যক্ষতা করা যায় তাহা কি তাহার কোন অংশ বন্ধক দিতে কি দায়যুক্ত করিতে কি তাহার পাট্টা দিতে কি তাহা হস্তান্তর করিতে পারিবেন না ইতি।

৩২৩ ধারা। ইজারা দেওনের কি কার্য্যাধ্যক্ষতা করণের মিয়াদ সমাপ্ত হইলেও যদি ঐ সম্পূর্ণ ঋণ ও তাহার উপর সুদ ধরা গেলে সুদসুদ্ধ ঋণ শোধ করিবার প্রয়োজনীয় টাকা তোলা না যায় তবে কালেক্টর সাহেব ডিক্রীমত খাতকের কিম্বা তাঁহার স্থলাভিষিক্তের নামে লিখিয়া তাহাকে সেই কথার নোটিস দিয়া সেই সময়ে ইহাও কহিবেন যে, সুদসুদ্ধ ঐ ঋণ শোধ করিবার বাকী যত টাকা প্রয়োজন তত টাকা ঐ নোটিসের তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে কালেক্টর সাহেবকে না দেওয়া গেলে তিনি ডিক্রীমত খাতকের ঐ সম্পত্তিগত স্বার্থ বিক্রয় করিতে প্রবর্ত্ত হইবেন। ও সেই ছয় সপ্তাহ গত হইলেও ঐ বাকী টাকা না দেওয়া গেলে কালেক্টর সাহেব তদনুসারে ঐ স্বার্থ বিক্রয় করিবেন ইতি।

কালেক্টর সাহেবের দ্বারা নীলাম হওয়ার কথা

৩২৪ ধারা। কালেক্টর সাহেব নীলামের উক্ত আজ্ঞাক্রমে কোন স্বার্থ বিক্রয় করিলে, কিম্বা ইহার পূর্ব্ব ধারামতে তাঁহার প্রতি যেং ক্ষমতা প্রদান করা গেল তন্মধ্য কোন ক্ষমতানুসারে কার্য্য করিলে, যে আদালত ঐ আজ্ঞা করিলেন তিনি সেই আদালতে ঐ নীলামের কিম্বা ঐ ক্ষমতামতে কার্য্য করণের কথা জানাইবেন। এবং উক্ত স্বার্থসম্পর্কে যত টাকা পাইলেন ও খরচ করিলেন ঐ আদালতে তাহার হিসাব দিয়া ঐ আদালতের আজ্ঞার অপেক্ষায় উদ্বর্ত্ত টাকা রাখিবেন।

কালেক্টর সাহেবের ঐ নীলামের কথা আদালতে রিপোর্ট করিতে হইবার কথা।

গবর্ণমেন্টের নিকট ডিক্রীমত খাতকের যে ঋণ দেনা থাকে ও যেং দায় ঘটে ঐ উদ্বর্ত্ত টাকাহইতে তাহা বাদ দিলে পর, যে সকল ডিক্রীদার পূর্ব্বোক্ত নোটিস অনুসারে কার্য্য করিলেন হারহারিমতে তাঁহাদের দাওয়ার পরিশোধে ঐ টাকা প্রয়োগ হইবে। ও তদ্রূপে যে স্বার্থের ইজারা দেওয়া কি কার্য্যাধ্যক্ষতা করা যায় তাহার উপর কিম্বা তাহা হইতে উক্ত উৎপন্ন টাকার উপর অন্য কোন ব্যক্তি দাওয়া করিলেও তাহাহইতে তাঁহার টাকা পাইবার স্বত্ব থাকিবে না ইতি।

ঐ উদ্বর্ত্ত টাকা প্রয়োগ করিবার কথা।

325 When, in any local area in which no declaration under section 320 is in force, the property attached consists of land or of a share in land, and the Collector represents to the Court that the public sale of the land or share is objectionable and that satisfaction of the decree may be made within a reasonable period by a temporary alienation or management of the land or share, the Court may authorize the Collector to make provision for such satisfaction in the manner recommended by him instead of proceeding to a sale of the land or share The provisions of sections 321 to 324 (both inclusive) shall in such case apply to the Collector

When Court may authorize Collector to stay public sale of land

৩২৫ ধারা। কোন স্থানের সীমার মধ্যে ৩২০ ধারামত নির্দ্দেশ বাক্য প্রবল না থাকিলে, যদি ক্রোক করা সম্পত্তি ভূমি কি ভূমির একাংশ লইয়া হয় এবং ঐ ভূমি কি তাহার ঐ অংশ নীলাম করিবার আপত্তি আছে ও সেই ভূমি কিম্বা সেই অংশ কিয়ৎকালের নিমিত্ত হস্তান্তর করিয়া দেওয়া গেলে কিম্বা তাহার কার্য্যাধ্যক্ষতা করা গেলে সঙ্গত সময়ের মধ্যে ঐ ডিক্রীমতে কার্য্যসাধন হইতে পারিবে, কালেক্টর সাহেব যদি আদালতে ইহা দেখাইয়া দেন, তবে আদালত কালেক্টর সাহেবকে ঐ ভূমি কি ঐ অংশ নীলাম না করিয়া আপনার পরামর্শানুসারে ডিক্রীমতে কার্য্যসাধন করিতে বিধান করিবার অনুমতি দিতে পারিবেন। এমত স্থলে ৩২১ অবধি ৩২৪ পর্য্যন্ত সকল ধারার বিধান কালেক্টর সাহেবের প্রতি বর্ত্তিবে ইতি।

আদালত যে স্থলে কালেক্টর সাহেবকে ভূমির নীলাম স্থগিত করিবার অনুমতি দিতে পারেন তাহার কথা।

326 The local Government may from time to time with the sanction of the Governor General in Council, make special rules for any local area imposing conditions in respect of sale of any class of interests in land in execution of decrees for money, or prohibiting such sales

Local rules as to sales of land in execution of decrees for money

(*a*) where such interests are so uncertain or undetermined as, in the opinion of the Local Government to make it impossible to fix their value

(*b*) where for reasons of State the Local Government thinks that such class of interests should not be compulsorily transferable

and if, when this Code comes into operation in any local area, any such rules or prohibition are or is in force therein, the Local Government may continue such rules or prohibition in force or may from time to time modify the same with the sanction of the Governor General in Council

All rules and prohibitions so made or continued and all modifications of such rules shall be published in the local official Gazette and shall thereupon have the force of law

৩২৬ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে কোন সীমান্তর্গত স্থানের নিমিত্ত বিশেষ বিধি করিয়া নিম্নলিখিত স্থলে টাকার ডিক্রী জারীক্রমে ভূমিগত কোন শ্রেণীর স্বার্থ বিক্রয় করিবার নিয়ম ধার্য্য করিতে কিম্বা বিক্রয় নিষেধ করিতে পারিবেন, বিশেষত

টাকার ডিক্রী জারীক্রমে ভূমি বিক্রয়ের স্থানীয় বিধির কথা।

(ক) ঐ২ স্বার্থ অনিশ্চিত ও অনির্ণীত থাকাতে স্থানীয় গবর্ণমেণ্টের বিবেচনায় তাহার মূল্য নিরূপণ করা অসাধ্য হইলে,

(খ) রাজনীতি পক্ষ কারণে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ২ শ্রেণীর স্বার্থ বলপূর্ব্বক হস্তান্তর করা অনুচিত বোধ করিলে।

কোন সীমান্তর্গত স্থানের মধ্যে এই আইন প্রচলিত হওন সময়ে যদি তন্মধ্যে পূর্ব্বোক্ত কোন বিধি কি নিষেধ প্রবল থাকে, তবে স্থানীয় গবর্ণমেণ্ট সেই বিধি কি নিষেধ প্রবল রাখিতে পারিবেন, কিম্বা সময়ে২ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে তাহা মতান্তর করিতে পারিবেন।

তদ্রূপে যে সকল বিধি ও নিষেধ করা যায় কি প্রবল রাখা যায় তাহা ও ঐ২ বিধি মতান্তরের কথা স্থানবিশেষের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে, তাহা হইলে তাহা আইনের তুল্য বলবৎ হইবে ইতি।

G —Of Resistance to Execution

ছ।—ডিক্রী জারী করার বাধকতাবিষয়ক বিধি।

327 If in the execution of a decree for the possession of property, the officer entrusted with the execution of the warrant is resisted or obstructed by any person, the decree holder may complain to the Court at any time within one month from the time of such resistance or obstruction

Procedure in case of obstruction to execution of decree

৩২৭ ধারা। স্থাবর সম্পত্তির অধিকার পাইবার ডিক্রী জারীকরণ সময়ে, পরওয়ানা জারী করিবার নিমিত্ত যে কার্য্যকারককে দেওয়া যায় কোন ব্যক্তি তাহার প্রতিকূলাচরণ করিলে কি বাধা দিলে, ডিক্রীদার সেই প্রতিকূলাচরণের কি বাধকতা হওয়ার সময়াবধি এক মাসের মধ্য কোন সময়ে আদালতে নালিশ করিতে পারিবেন।

ডিক্রীজারী করিবার বাধা দেওয়া গেলে কার্য্যপ্রণালীর কথা।

The Court shall fix a day for investigating the complaint, and shall summon the party against whom the complaint is made to answer the same

আদালত সেই নালিশের তদন্ত লইবার দিন নিরূপণ করিয়া যে ব্যক্তির নামে নালিশ হইল তাঁহাকে উত্তর দিবার জন্যে সমন করিবেন ইতি

328 If the Court is satisfied that the obstruction or resistance was occasioned by the judgment debtor or by some person at his instigation on the ground that the property is not comprised in the decree or on any other ground the Court shall enquire into the matter of the complaint and pass such order as it thinks fit

Procedure in case of obstruction by judgment debtor or at his instigation

৩২৮ ধারা। ঐ সম্পত্তি ডিক্রীর মধ্যে ধরা যায় নাই বলিয়া কিম্বা অন্য কারণে ডিক্রীমত খাতকের দ্বারা কিম্বা তাঁহার প্রবৃত্তি হেতুক অন্য ব্যক্তির দ্বারা ঐ বাধকতা কি প্রতিকুলাচরণ হইয়াছে আদালত ইহা হৃদ্বোধ মতে জানিতে পাইলে নালিশের মর্ম্মের তদন্ত লইয়া যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ইতি।

ডিক্রীমত খাতকের দ্বারা কি তাঁহার যত্নক্রমে বাধকতা হইলে কার্য্যপ্রণালীর কথা।

329 If the Court is satisfied that the resistance or obstruction was without any just cause and that the complainant is still resisted or obstructed in obtaining effectual possession of the property by the judgment debtor or some other person at his instigation the Court may at the instance of the decree holder, and without prejudice to any proceedings to which such judgment debtor or other person may be liable under the Indian Penal Code or any other law for the punishment of such resistance or obstruction commit the judgment debtor or such other person to jail for a term not exceeding thirty days and direct that the decree holder be put into possession of the property

Procedure when obstruction continues

৩২৯ ধারা। উক্ত প্রতিকুলাচরণ কি বাধা করিবার কোন ন্যায্য কারণ ছিল না ও ঐ ডিক্রীমত খাতকের দ্বারা কিম্বা তাঁহার প্রবৃত্তিক্রমে অন্য ব্যক্তির দ্বারা বাদির সফলরূপে সম্পত্তির অধিকার পাইবার প্রতিকুলাচরণ কি বাধকতা করা যাইতে থাকে আদালত ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে, ডিক্রীদারের অনুরোধে ঐ ডিক্রীমত খাতককে কিম্বা ঐ অন্য ব্যক্তিকে ত্রিশ দিনের অনধিক কালের নিমিত্ত কারাগারে সমর্পণ করিতে ও সম্পত্তি ডিক্রীদারের অধিকার করাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। ও ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনমতে কিম্বা তদ্রূপ প্রতিকূলাচরণ কি বাধকতা করণের দণ্ড বিধায়ক অন্য কোন আইনমতে ঐ ডিক্রীমত খাতকের কি অন্য ব্যক্তির প্রতিকূলে যে কার্য্যানুষ্ঠান হইতে পারে তাহার কোন ব্যাঘাত হইবে না ইতি।

বাধা হইতে থাকিলে কার্য্য প্রণালীর কথা।

330 If the resistance or obstruction has been occasioned by any person other than the judgment debtor claiming in good faith to be in possession of the property on his own account or on account of some person other than the judgment debtor the claim shall be numbered and registered as a suit between the decree holder as plaintiff and the claimant as defendant

Procedure in case of obstruction by claimant in good faith other than judgment debtor

৩৩০ ধারা। ডিক্রীমত খাতকভিন্ন কোন ব্যক্তি সরলভাবে আপনার নিমিত্ত কিম্বা ডিক্রীমত খাতকভিন্ন কোন ব্যক্তির নিমিত্ত ঐ সম্পত্তির অধিকারের দাওয়া করাতে তাঁহারই দ্বার ঐ প্রতিকুলাচরণ কি বাধকতা হইয়া থাকিলে ডিক্রীদারকে বাদী ও দাওয়াদারকে প্রতিবাদী করিয়া মোকদ্দমার ন্যায় সেই দাওয়ার নম্বর দিয়া রেজিষ্টরী করা যাইবে।

ডিক্রীমত খাতকভিন্ন কোন দাওয়াদার সরলভাবে বাধকতা করিলে কার্য্যপ্রণালীর কথা।

and the Court shall without prejudice to any proceedings to which the claimant may be liable under the Indian Penal Code or any other law for the punishment of such resistance or obstruction proceed to investigate the claim in the same manner and with the like power as if a suit for the property had been instituted by the decree holder against the claimant under the provisions of the Specific Relief Act, section 9

এবং ডিক্রীদার বিশেষ উপকার বিষয়ক আইনের ৯ ধারার বিধানমতে ঐ দাওয়াদারের নামে ঐ সম্পত্তির জন্যে মোকদ্দমা উপস্থিত করিলে আদালত যে প্রকারে ও যে ক্ষমতানুসারে কার্য্য করিতেন সেই প্রকারে সেই ক্ষমতানুসারে ঐ দাওয়ার তদন্ত লইতে প্রবর্ত্ত হইবেন। ও ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনমতে কিম্বা তদ্রূপ প্রতিকুলাচরণ কি বাধকতা করিবার দণ্ডবিধায়ক অন্য কোন আইনমতে ঐ দাওয়াদারের প্রতিকূলে অন্য যে কার্য্যানুষ্ঠান হইতে পারে তাহার কোন ব্যাঘাত হইবে না।

and shall pass such order as it thinks fit for executing or staying execution of the decree

ও আদালত সেই ডিক্রী জারী করিবার কি স্থগিত রাখিবার যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ইতি।

331 If any person other than the defendant is dispossessed of any property in execution of a decree, and such person disputes the right of the decree holder to dispossess him of such property under the decree on the ground that the property was *bond fide* in his possession on his own account or on account of some person other than the judgment debtor, and that it was not comprised in the decree or that if it was comprised in the decree, he was not a party to the suit in which the decree was passed he may apply to the Court

Procedure in case of person dispossessed of property disputing right of decree holder to be put into possession

If after examining the applicant it appears to the Court that there is probable cause for making the application, the application shall be numbered and registered as a suit between the applicant as plaintiff and the decree-holder as defendant and the Court shall proceed to investigate the matter in dispute in the same manner and with the like power as if a suit for the property had been instituted by the applicant against the decree holder under the provisions of the Specific Relief Act section 9

and shall pass such order as it thinks fit for executing or staying execution of the decree

In hearing applications under this section the Court shall confine itself to the grounds of dispute above specified

Nothing in this section or section 330 applies to a person to whom the judgment debtor has transferred the property after the institution of the suit in which the decree is made

৩৩১ ধারা। ডিক্রী জারীক্রমে প্রতিবাদীভিন্ন কোন ব্যক্তিকে কোন সম্পত্তির অধিকারচ্যুত করা গেলে এবং ঐ সম্পত্তি সরলভাবে আপনার নিমিত্তে কিম্বা ডিক্রীমত খাতকভিন্ন অন্য কোন ব্যক্তির নিমিত্তে আপন অধিকারে আছে ও তাহা ডিক্রীর মধ্যে ধরা যায় নাই কিম্বা ডিক্রীর মধ্যে ধরা গেলেও যে মোকদ্দমায় ঐ ডিক্রী করা যায় তাঁহাকে সেই মোকদ্দমার এক পক্ষ করা যায় নাই এই২ কারণে ঐ ডিক্রীমতে ঐ সম্পত্তি হইতে তাঁহাকে ডিক্রীদারের বেদখল করিবার স্বত্ব নাই বলিয়া ঐ ব্যক্তি আপত্তি করিলে তিনি আদালতে প্রার্থনা করিতে পারিবেন।

যে ব্যক্তিকে বেদখল করা গেল তিনি ডিক্রীদারের অধিকার পাইবার স্বত্ব বিষয়ে বিবাদ করিলে কার্য্যপ্রণালীর কথা।

আদালত প্রার্থককে জিজ্ঞাসাবাদ করিলে পর তাহার সেই প্রার্থনা করিবার সম্ভাবিত কারণ দেখিতে পাইলে, প্রার্থককে বাদী ও ডিক্রীদারকে প্রতিবাদী করিয়া সেই প্রার্থনাপত্র মোকদ্দমার ন্যায় নম্বর দিয়া রেজিস্টরী করা যাইবে। এবং প্রার্থক বিশেষ উপকার বিষয়ক আইনের ৯ ধারার বিধানমতে ডিক্রীদারের নামে ঐ সম্পত্তির নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিলে আদালত যে প্রকারে ও যে ক্ষমতানুসারে কার্য্য করিতেন সেই প্রকারে ও সেই ক্ষমতানুসারে ঐ বিবাদীয় বিষয়ের তদন্ত লইতে প্রবর্ত্ত হইবেন

ও ঐ ডিক্রী জারী করিবার কিম্বা স্থগিত রাখিবার যে আজ্ঞা উচিত বোধ করেন তাহা করিবেন।

এই ধারামতে প্রার্থনা শুনিতে গেলে বিবাদের উপরোক্ত যে২ হেতু নির্দ্দিষ্ট থাকে অদালত কেবল সেই২ হেতুর বিচার করিবেন।

যে মোকদ্দমায় ডিক্রী করা গেল সেই মোকদ্দমা উপস্থিত করা যাইবার পর ডিক্রীমত খাতক সম্পত্তি হস্তান্তর করিয়া কোন ব্যক্তিকে দিলে সেই ব্যক্তির প্রতি এই ধারার কিম্বা ৩৩ ধারার কোন কথা খাটে না ইতি।

332 The order passed under either of sections 330 and 331 shall be in the nature of and shall have the same force as a decree in a suit and shall be subject to the same conditions as to appeal or otherwise

Orders passed under sections 330 and 331 to have force of decrees and to be subject to appeal

৩৩২ ধারা। ৩৩ ও ৩৩১ ধারামতে যে আজ্ঞা করা যায় তাহা মোকদ্দমার ডিক্রীর ভাবাপন্ন ও ডিক্রীর ন্যায় বলবৎ হইবে এবং ডিক্রীর উপর আপীল হইবার বা না হইবার যে নিয়ম থাকে ঐ আজ্ঞার উপরও সেই নিয়ম চলিবে ইতি

৩৩ ও ৩৩১ ধারামতে যে আজ্ঞা করা যায় তাহা ডিক্রীর তুল্য বলবৎ হইবার ও তাহার উপর আপীল হইতে পারিবার কথা।

333 If the purchaser of any immoveable property sold in execution of a decree be resisted or obstructed by the judgment debtor or any one on his behalf, in obtaining possession of the property, the provisions of this chapter relating to resistance or obstruction to a decree holder in obtaining possession of the property adjudged to him, shall be applicable

Resisting or obstructing purchasers in obtaining possession of immoveable property

৩৩৩ ধারা। ডিক্রী জারীক্রমে যে স্থাবর সম্পত্তির নীলাম হয়, ডিক্রীমত খাতক কি তাঁহার সপক্ষ কোন ব্যক্তি ক্রেতার সেই সম্পত্তির অধিকার পাইবার প্রতিকূলাচরণ করিলে কি বাধা দিলে, ডিক্রীদারের সম্পত্তি পাইবার আজ্ঞা হইলেও তাঁহার সেই সম্পত্তি পাইবার প্রতিকূলাচরণ কি বাধা করা গেলে এই অধ্যায়ের যে২ বিধান খাটে, উক্ত স্থলেও সেই২ বিধান খাটিবে ইতি।

ক্রেতাদের স্থাবর সম্পত্তির অধিকার পাইবার বাধার কি প্রতিকূলাচারের কথা।

334 If it appear that the resistance or obstruction was occasioned by any person other than the judgment debtor, not in possession of the property sold, but claiming a right thereto as proprietor, mortgagee lessee, or under any other title, the Court on the complaint of the purchaser shall enquire into the matter of the resistance or obstruction, and pass such order thereon as it thinks fit

Obstruction by claimant other than defendant.

The party against whom such order is passed may bring a suit to establish his right to the present possession of the property at any time within one year from the date of such order

৩৩৪ ধারা। ডিক্রীমত খাতকভিন্ন যে ব্যক্তির অধিকারে ঐ বিক্রীত সম্পত্তি নাই এমত ব্যক্তি ভূম্যধিকারী কি বন্ধকগ্রহীতা কি পাট্টাদার বলিয়া কিম্বা অন্য কোন স্বত্বক্রমে ঐ সম্পত্তির উপর স্বত্বের দাওয়া করিয়া ঐ প্রতিকূলাচরণ করিলেন কি বাধা দিলেন দৃষ্ট হইলে আদালত ক্রেতার নালিশমতে সেই প্রতিকূলাচরণের কি বাধকতার অনুসন্ধান লইয়া যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

প্রতিবাদি ভিন্ন কোন দাওয়াদার বাধক হইলে তদ্বিষয়ের কথা।

যে ব্যক্তির বিপক্ষে সেই আজ্ঞা করা যায় তিনি সেই আজ্ঞার তারিখ অবধি এক বৎসরের মধ্য কোন সময়ে ঐ সম্পত্তিতে আপনার আধুনিক অধিকারের স্বত্ব স্থাপন করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

H.—Of Arrest and Imprisonment

335 A judgment debtor may be arrested in execution of a decree at any hour and on any day and shall as soon as practicable be brought before the Court, and his imprisonment may be in the jail of the district in which the Court ordering the imprisonment is held or when such jail does not afford suitable accommodation, in any other jail which the Local Government may appoint for the confinement of persons ordered to be imprisoned by the Courts of such district

Place of judgment debtor's imprisonment

Provided that when the decree in execution of which a judgment debtor is arrested is a decree for money and the judgment debtor pays the amount of the decree and the costs of the arrest to the officer arresting him such officer shall at once release him

Proviso

Whenever a judgment debtor is arrested in execution of a decree for money and brought before the Court under this section, the Court shall inform him that he may apply under Chapter XX to be declared an insolvent, and that he will be discharged if he has not committed any act of bad faith regarding the subject of his application and if he places all his property in possession of a receiver appointed by the Court

If the judgment debtor express his intention so to apply, and if he furnish sufficient security for his appearance at any time when called upon the Court shall release him from arrest

জ।—গ্রেফ্তার ও কারাবদ্ধ করণবিষয়ক বিধি।

৩৩৫ ধারা। ডিক্রীজারীক্রমে ডিক্রীমত খাতককে কোন দিনের কোন সময়ে গ্রেফ্তার করা যাইতে পারিবে ও তাঁহাকে সাধ্যমতে ত্বরায় আদালতের সম্মুখে আনা যাইবে ও যে আদালত তাঁহার কারাবদ্ধ হওয়ার আজ্ঞা করেন সেই আদালত যে জিলায় অধিবিষ্ট হন সেই জিলার জেলে তাঁহাকে বদ্ধ করা যাইতে পারিবে। সেই জেলে তাঁহার থাকিবার উপযুক্ত স্থান না থাকিলে ঐ জিলার আদালত কোন ব্যক্তির কারাদণ্ডের আজ্ঞা করিলে স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার কারাবদ্ধ হওয়ার যে জেল নিরূপণ করেন তাঁহাকে সেই জেলে বদ্ধ করা যাইবে।

ডিক্রীমত খাতক যে স্থানে কারাবদ্ধ হইবে তাহার কথা।

কিন্তু ডিক্রীমত খাতককে যে ডিক্রীজারীক্রমে গ্রেফ্তার করা যায় তাহা টাকার ডিক্রী হইলে ও যে কার্য্যকারক তাঁহাকে গ্রেফ্তার করেন ঐ ডিক্রীমত খাতক তাঁহাকে ঐ ডিক্রীর টাকা ও গ্রেফ্তার করণের খরচ দিলে ঐ কার্য্যকারক তাঁহাকে তৎক্ষণাৎ ছাড়িয়া দিবেন।

উপবিধি।

টাকার ডিক্রী জারীক্রমে ডিক্রীমত খাতককে গ্রেফ্তার করা ও এই ধারামতে আদালতের সম্মুখে আনা গেলে আদালত তাঁহাকে এই কথা জানাইবেন যে ২০ অধ্যায়মতে তিনি আপনাকে যোত্রহীন বলিয়া প্রকাশ করিবার প্রার্থনা করিতে পারেন ও আপনার সেই প্রার্থনা সম্পর্কে তাঁহার কোন কুটিলাচরণ না থাকিলে ও আদালতের নিযুক্ত গ্রাহকের হস্তে আপনার সকল সম্পত্তি সমর্পণ করিলে তাঁহাকে মুক্ত করা যাইবে।

ডিক্রীমত খাতক তদ্রূপ প্রার্থনা করিবার মানস জানাইলে ও কোন সময়ে আহ্বান করা গেলেই উপস্থিত হইবার উপযুক্ত জামিন দিলে আদালত তাঁহাকে আসেধহইতে মুক্ত করিবেন ইতি।

336 Every warrant for the arrest of the judgment debtor shall direct the officer entrusted with its execution to bring him before the Court

Warrant for arrest to direct judgment debtor to be brought up

৩৩৬ ধারা। ডিক্রীমত খাতকের গ্রেফ্তার করণের প্রত্যেক পরওয়ানায় ঐ পরওয়ানা জারীর কার্য্যকারকের প্রতি তাঁহাকে আদালতের সম্মুখে উপস্থিত করিবার আজ্ঞা থাকিবে ইতি।

গ্রেফ্তারী পরওয়ানায় ডিক্রীমত খাতককে উপস্থিত করিবার আজ্ঞা থাকার কথা

337 A day shall be specified in the warrant on or as soon as possible after which it is to be returned,

Latest day for return of warrant to be specified

and unless the amount which the judgment debtor has been ordered to pay, together with the interest thereon and the costs if any, to which he is liable, be sooner paid such officer shall bring him before the Court with all convenient speed

৩৩৭ ধারা। পরওয়ানা যে দিনে কিম্বা তাহার পর যত ত্বরায় ফিরিয়া আনা যাইবে এমত দিন পরওয়ানায় নির্দ্দিষ্ট থাকিবে।

পরওয়ানা যাহার পর ফিরিয়া আনা না যাইবে এমত দিন নিরূপণ করিবার কথা।

এবং ডিক্রীমত খাতকের যত টাকা দিবার আজ্ঞা হইল তত টাকা ও তাহার উপর সুদ, ও তাঁহার খরচা দেনা হইলে সেই খরচা ঐ দিনের পূর্ব্বে না দেওয়া গেলে, ঐ কার্য্যকারক সুবিধামতে ত্বরায় তাঁহাকে আদালতের সম্মুখে উপস্থিত করিবেন ইতি।

338 The Local Government may from time to time prescribe scales, graduated according to rank race and nationality of monthly allowances payable for the subsistence of judgment debtors

Scales of subsistence allowances

৩৩৮ ধারা। ডিক্রীমত খাতকের শ্রেণী ও বংশ ও জাতি বিবেচনায় মাসেং তাঁহার খোরাকী যে হারে দেওয়া যাইবে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং তাহার ফর্দ্দ নিরূপণ করিবেন ইতি।

খোরাকী যে হারে পাওয়া যাইবে তাহার কথা।

339 No judgment-debtor shall be arrested in execution of a decree unless and until the decree holder pays into Court such sum as, having regard to the scales so fixed, the Judge thinks sufficient for the subsistence of the judgment debtor from his arrest until he can be brought before the Court

Judgment debtor subsistence-money

৩৩৯ ধারা। ডিক্রীমত খাতকের ধৃত হওনের সময় অবধি যত দিন তাঁহাকে আদালতের সম্মুখে উপস্থিত করাণ যাইতে না পারে বিচারপতি পূর্ব্ব নির্দ্দিষ্ট ফর্দ্দ অনুসারে তাঁহার তত দিনের খোরাকীর জন্যে যত টাকা উচিত বোধ করেন, ডিক্রীদার আদালতে তত টাকা না দিলে ও যত কাল না দেন তত কাল ডিক্রীমত খাতককে ডিক্রী জারীক্রমে গ্রেপ্তার করা যাইবে না।

ডিক্রীমত খাতকের খোরাকীর কথা।

When a judgment debtor is committed to jail in execution of a decree the Court shall fix for his subsistence such monthly allowance as he may be entitled to according to the said scales or where no such scales have been fixed, as it considers sufficient with reference to the class to which he belongs

ডিক্রীমত খাতককে ডিক্রী জারীক্রমে কারাবদ্ধ করা গেলে পূর্ব্বোক্ত ফর্দ্দঅনুসারে মাসেং তাঁহার যত খোরাকী পাইবার অধিকার থাকে আদালত তাহা নিদ্ধার্য্য করিবেন কিম্বা তদ্রূপ ফর্দ্দ নিদ্ধারিত না থাকিলে ঐ ব্যক্তি যে শ্রেণীর লোক হন তদ্বিবেচনায় আদালত যত টাকা উচিত বোধ করেন তাঁহার মাসিক তত টাকা খোরাকী ধার্য্য করিবেন।

The monthly allowance fixed by the Court shall be supplied by the party on whose application the decree has been executed to the proper officer of the Court by monthly payments in advance before the first day of each month

যে ব্যক্তির প্রার্থনামতে ডিক্রী জারী করা যায় তিনি প্রতি মাসের প্রথম দিনের পূর্ব্বে আদালতের উপযুক্ত কার্য্যকারককে আদালতের নিদ্ধারিতমতে ঐ মাসের খোরাকী অগ্রিম দিবেন।

The first payment shall be made for such portion of the current month as remains unexpired before the judgment-debtor is committed to jail

চলিত মাসের যত দিন বাকী থাকে তত দিনের খোরাকী ডিক্রীমত খাতককে কারাবদ্ধ করিবার পূর্ব্বে প্রথমে দিতে হইবে ইতি।

340 Sums disbursed by the decree holder for the subsistence of the judgment debtor in jail shall be deemed to be costs on the suit

Subsistence money to be added to amount of decree

৩৪০ ধারা। কারাগারে ডিক্রীমত খাতকের খোরাকের জন্যে ডিক্রীদার যত টাকা দেন তাহা মোকদ্দমার খরচা বলিয়া জ্ঞান হইবে।

ডিক্রীর টাকার উপর খোরাকী চড়াইয়া দিবার কথা।

Provided that the judgment debtor shall not be detained in jail or arrested on account of any sum so disbursed

কিন্তু উক্ত যে খোরাকি দেওয়া যায় তজ্জেতুক ডিক্রীমত খাতককে কারাগারে বদ্ধ রাখা কি গ্রেপ্তার করা যাইবে না ইতি।

341 The judgment debtor shall be discharged from jail,

Release of judgment debtor

৩৪১ ধারা। নিম্নলিখিত স্থলে ডিক্রীমত খাতককে কারাহইতে মুক্ত করা যাইবে —

ডিক্রীমত খাতককে ছাড়িয়া দিবার কথা।

(a) on the decree being fully satisfied or

(ক) ডিক্রীমত কার্য্য সম্পূর্ণরূপে সাধন হইলে, কিম্বা

(*b*) at the request of the person on whose application he has been imprisoned, or

(খ) যে ব্যক্তির প্রার্থনামতে তাঁহাকে কারাবদ্ধ করা গেল তাঁহার আদেশ হইলে,

(*c*) on such person omitting to pay the allowance as hereinbefore directed, or

(গ) কিম্বা ঐ ব্যক্তি পূর্ব্বোক্ত আজ্ঞানুসারে খোরাকী দিতে ত্রুটি করিলে, কিম্বা

(*d*) if the judgment debtor be declared an insolvent, as hereinafter provided, or

(ঘ) পশ্চাৎ লিখিত বিধানানুসারে ডিক্রীমত খাতককে ঋণ শোধ করিতে অক্ষম বলিযা প্রকাশ করা গেলে, কিম্বা

(*e*) when the term of his imprisonment as limited by section 342 is fulfilled

(ঙ) ৩৪২ ধারামতে তাহার কারাবদ্ধ থাকার নিরূপিত মিয়াদ পূর্ণ হইলে।

Provided that in the first second, third and fourth cases mentioned in this section, the judgment debtor shall not be discharged without the order of the Court

পরন্তু এই ধারার উল্লিখিত প্রথম ও দ্বিতীয ও তৃতীয ও চতুর্থ স্থলে, আদালতের আজ্ঞা না হইলে ডিক্রীমত খাতককে মুক্ত করা যাইবে না।

A judgment debtor discharged under this section cannot be re arrested under the decree in execution of which he was imprisoned

ডিক্রীমত খাতককে যে ডিক্রী জারীক্রমে কারাবদ্ধ করা গেল এই ধারামতে মুক্ত করা গেলে পর তাঁহাকে সেই ডিক্রীক্রমে আবার ধরা যাইতে পারিবে না ইতি।

342 No person shall be imprisoned in execution of a decree for a longer period than six months, or for a longer period than six weeks if the decree be for the payment of a sum of money not exceeding fifty rupees

Imprisonment not to exceed six months

When not to exceed six weeks

৩৪২ ধারা। ডিক্রী জারীক্রমে কোন ব্যক্তি ছয মাসের অধিককাল কারাবদ্ধ হইবেন না। ও ৫০ টাকার অনধিকের ডিক্রী হইলে, ছয সপ্তাহের অধিককাল কারাবদ্ধ হইবেন না ইতি।

ছয় মাসের অধিক কাল কারাবদ্ধ না থাকার কথা।

যে স্থলে ছয় সপ্তাহের অধিককাল কারাবদ্ধ না থাকিবেন তাহার কথা।

343 The officer entrusted with the execution of the warrant shall endorse thereupon the day on and the manner in which it was executed and if the latest day specified in the warrant for the return thereof has been exceeded, the reason of the delay, or, if it was not executed the reason why it was not executed, and shall return the warrant with such endorsement to the Court

Endorsement on warrant

৩৪৩ ধারা। পরওয়ানা জারী করিবার নিমিত্ত যে কার্য্যকারককে দেওয়া যায তিনি যে দিনে ও যে প্রকারে ঐ পরওয়ানা জারী করিলেন তাহা পরওযানার পৃষ্ঠে লিখিযা দিবেন। এবং পরওযানা ফিরিযা আনিবার শেষ যে দিন নিদ্ধারিত হইযাছিল সেই দিন অতীত হইযা থাকিলে বিলম্বের কারণ জানাইতে হইবে, কিম্বা জারী না হইয়া থাকিলে যে কারণে জারী হয নাই তাহা লিখিযা সেই পৃষ্ঠলিপি সহিত ঐ পরওযানা আদালতে ফিরিয়া দিবেন।

পরওয়ানার পৃষ্ঠলিপির কথা।

If the endorsement is to the effect that such officer is unable to execute the warrant, the Court shall examine him on oath touching his alleged inability, and may, if it think fit summon and examine witnesses as to such inability and shall record the result

উক্ত কার্য্যকারক পরওয়ানা জারী করিতে পারিলেন না এই মর্ম্মের পৃষ্ঠলিপি থাকিলে, আদালত তাঁহাকে শপথ করাইযা তাঁহার সেই অক্ষমতার বিষয়ে পরীক্ষা লইবেন ও উচিত বোধ করিলে সেই অক্ষমতাবিষয়ক সাক্ষিদিগকে সমন করিযা তাঁহাদের সাক্ষ্য লইতে পারিবেন ও সেই পরীক্ষার ফল লিপিবদ্ধ করিবেন ইতি।

CHAPTER XX

OF INSOLVENT JUDGMENT DEBTORS

২০ বিংশ অধ্যায।

ডিক্রীমত খাতক ঋণ শোধ করিতে অক্ষম হইলে তদ্বিষযক বিধি।

344 Any person arrested or imprisoned in execution of a decree for money may apply in writing to be declared an insolvent

Power to apply to be declared an insolvent

৩৪৪ ধারা। টাকার ডিক্রী জারীক্রমে কোন ব্যক্তিকে ধৃত কি কারাবদ্ধ করা গেলে তিনি লিখিয়া ঋণ শোধ করিতে অক্ষম বলিযা নির্ণীত হইবার প্রার্থনা করিতে পারিবেন।

ঋণশোধ করিতে অক্ষম বলিয়া প্রকাশ হইবার প্রার্থনা করণের ক্ষমতার কথা।

Such application shall be made to the District Court which ordered his arrest or imprisonment, or when the District Court did not make such order, then to the District Court to which the Court that made the order is subordinate

Contents of application

345 The application shall set forth—

(*a*) the fact of such person's arrest or imprisonment, the Court by whose order he was arrested or imprisoned, and the place in which he is in custody

(*b*) the amount, kind and particulars of his property, and the value of any such property not consisting of money,

(*c*) the place or places in which such property is to be found

(*d*) his willingness to place it at the disposal of the Court,

(*e*) the amount and particulars of all pecuniary claims against him and

(*f*) the names and residences of his creditors, so far as they are known to or can be ascertained by him

Subscription and verification of application

346 The application shall be subscribed and verified by the applicant in manner hereinbefore prescribed for subscribing and verifying plaints

Service on decree holder of copy of application and notice

347 The Court shall fix a day for hearing the application, and shall cause a copy thereof with a notice in writing of the time and place at which it will be heard to be stuck up in Court and served at the applicant's expense on the holder of the decree in execution of which he was arrested or imprisoned, or on the pleader of such decree holder, and on the other creditors (if any) mentioned in the application

The Court may, if it thinks fit, publish at the applicant's expense the application in such official Gazettes and public newspapers as it thinks fit

Power to serve other creditors

348 The Court may also, if it thinks fit, cause a like copy and notice to be served on any other person alleging himself to be a creditor of the applicant and applying for leave to be heard on the application

জিলার যে আদালত তাঁহাকে ধৃত কিম্বা কারাবদ্ধ করিতে আজ্ঞা করিলেন সেই আদালতে, কিম্বা জিলার আদালত ঐ আজ্ঞা না করিলে, যে আদালত ঐ আজ্ঞা করিলেন তাহা যে জিলার আদালতের অধীন থাকে সেই আদালতে ঐ প্রার্থনা করিতে হইবে ইতি।

প্রার্থনাপত্রের মর্ম্মের কথা

৩৪৫ ধারা। ঐ প্রার্থনা পত্রে এই২ কথা লেখা থাকিবে,

(ক) ঐ ব্যক্তিকে ধৃত কি কারাবদ্ধ করা গেল ও যে আদালতের আজ্ঞাক্রমে তাঁহাকে ধৃত কি কারাবদ্ধ করা যায়, ও তিনি যে স্থানে কারাবদ্ধ আছেন এই২ কথা।

(খ) তাঁহার যত ও যে২ প্রকারের সম্পত্তি আছে ও তাহার বৃত্তান্ত ও টাকাভিন্ন তদ্রূপ কোন সম্পত্তির মূল্য।

(গ) যে বা যে২ স্থানে ঐ সম্পত্তি পাওয়া যাইতে পারিবে এই কথা।

(ঘ) তাঁহার সেই সম্পত্তি আদালতের হস্তে সমর্পণ করিতে ইচ্ছুক হওয়ার কথা।

(ঙ) তাঁহার উপর যত টাকার দাওয়া থাকে তাহার সংখ্যা ও বৃত্তান্ত।

(চ) যতদূর জানেন কি জানিয়া লইতে পারিলেন তত দূর তাঁহার মহাজনদের নাম ও বাসস্থান ইতি।

ঐ প্রার্থনাপত্রে স্বাক্ষরকরণের ও সত্যাকরণের কথা।

৩৪৬ ধারা। পূর্ব্ব বিধানে আবেদনপত্রে স্বাক্ষর করিবার ও সত্য কথা লিখিবার যে২ আজ্ঞা আছে, প্রার্থক সেই প্রকারে ঐ প্রার্থনাপত্রেও স্বাক্ষর করিয়া সত্যাকরণের কথা লিখিবেন ইতি।

ডিক্রীদারকে প্রার্থনাপত্রের নকল ও নোটিস দিবার কথা।

৩৪৭ ধারা। আদালত ঐ প্রার্থনা শুনিবার দিন নিরূপণ করিয়া ঐ প্রার্থনা পত্রের নকল ও তাহা যে সময়ে ও স্থানে শুনা যাইবে ইহার লিখিত নোটিস আদালতঘরে লাগাইয়া দিবেন, ও যে ডিক্রীদারের প্রার্থনামতে উক্ত প্রার্থককে ধৃত করিয়া কারাবদ্ধ করা যায়, ঐ প্রার্থকের খরচে ঐ ডিক্রীদারকে কিম্বা তাঁহার উকীলকে, ও প্রার্থনাপত্রে অন্য কোন মহাজনদের নাম লেখা থাকিলে তাঁহাদিগকে ঐ নোটিস দেওয়াইবেন।

আদালত বিহিত বোধ করিলে যে রাজকীয় গেজেটে ও প্রকাশ্য সম্বাদপত্রে উচিত বোধ করেন প্রার্থকের খরচে সেই২ পত্রেও ঐ প্রার্থনাপত্র প্রকাশ করাইতে পারিবেন ইতি।

অন্য মহাজনদিগকে নোটিস দিবার ক্ষমতার কথা।

৩৪৮ ধারা। আরো অন্য কোন ব্যক্তি আপনাকে প্রার্থকের মহাজন বলিয়া জানাইলে, ও প্রার্থনাপত্রের বিষয়ে আপনার কথা শুনা যাইবার অনুমতি প্রার্থনা করিলে, আদালত বিহিত বোধ করিলে তাঁহাকেও সেই প্রকারের নকল ও নোটিস দেওয়াইতে পারিবেন ইতি।

Powers of Court as to applicant under arrest

349 Where the applicant is under arrest, the Court may pending the hearing under section 350,

(*a*) order him to be immediately committed to jail, or

(*b*) leave him in the custody of the officer of Court to whom the service of the warrant was entrusted

Procedure at hearing

350 On the day so fixed, or on any subsequent day to which the Court may adjourn the hearing the Court shall examine the applicant in the presence of the persons on whom such notice has been served or their pleaders as to his then circumstances and as to his future means of payment and shall hear the said decree holder the other creditors mentioned in the application and the other persons (if any) alleging themselves to be creditors in opposition to the applicant's discharge, and may, if it thinks fit grant time to the said decree holder and other creditors or persons to adduce evidence showing that the applicant is not entitled to be declared an insolvent

Declaration of insolvency and appointment of Receiver

351 If the Court is satisfied—

(*a*) that the statements in the application are substantially true

(*b*) that the applicant has not, with intent to defraud his creditors concealed, transferred or removed any part of his property within two months next before the date of the decree in execution of which he was arrested or imprisoned or at any subsequent time

(*c*) that he has not, knowing himself to be unable to pay his debts in full, recklessly contracted or given an unfair preference to any of his creditors by any payment or disposition of his property

(*d*) that he has not committed any other act of bad faith regarding the matter of the application,

the Court may declare him to be an insolvent, and may also, if it think fit, make an order appointing a Receiver of his property, or if it does not appoint such Receiver, may discharge the insolvent.

প্রার্থককে ধৃত করিয়া বাখা গেলে তদ্বিষয়ে আদালতের ক্ষমতার কথা।

৩৪৯ ধারা। প্রার্থককে ধৃত করিয়া রাখা গেলে আদালত ৩৫০ ধারামতে শুনিবার অপেক্ষায়

(ক) তাঁহাকে তৎকালেই কারাগারে রাখিতে আজ্ঞা দিতে কিম্বা

(খ) আদালতের যে কার্য্যকারককে পরওয়ানা জারী করিবার নিমিত্ত দেওয়া গেল তাঁহারই হেফাজতে ঐ প্রার্থককে রাখিতে পারিবেন ইতি।

শুনিবার সময়ে কার্য্য প্রণালীর কথা।

৩৫০ ধারা। যে ব্যক্তিদিগকে ঐ নোটিস দেওয়া যায় আদালত সেই নিরূপিত দিনে কিম্বা তৎপশ্চাৎ ঐ বিষয় শুনিবার অন্য দিন নিরূপণ করিলে সেই দিনে, তাহাদের কি তাঁহাদের উকীলদের সাক্ষাৎ প্রার্থকের তৎকালীন অবস্থার বিষয়ে ও পশ্চাৎ তাঁহার টাকা দিবার সম্ভাবিত উপায়ের বিষয়ে তাঁহাকে জিজ্ঞাসাবাদ করিবেন, ও উক্ত ডিক্রীদার কিম্বা অন্য যে ব্যক্তিরা আপনাদিগকে মহাজন বলিয়া জানাইলেন তাঁহারা প্রার্থকের মুক্ত হওয়ার বিপক্ষে যে কথা কহিতে চাহেন তাহাও শুনিবেন এবং ঋণ শোধ করিবার অক্ষম বলিয়া প্রার্থকের নির্ণয় হওয়ার কোন অধিকার নাই উক্ত ডিক্রীদার ও অন্য মহাজনেরা কি ব্যক্তিরা ইহা দেখাইবার প্রমাণ যেন উপস্থিত করেন, এই নিমিত্ত আদালত বিহিত বোধ করিলে তাঁহাদিগকে অবকাশ দিতে পারিবেন ইতি।

যোত্রহীন বলিয়া নির্ণয় করণের ও গ্রাহককে নিযুক্ত করিবার কথা।

৩৫১ ধারা। (ক) প্রার্থনপত্রের লিখিত সকল কথা বাস্তবে সত্য,

(খ) প্রার্থক যে ডিক্রী জারীক্রমে ধৃত কি কারাবদ্ধ হন ঐ ডিক্রীর তারিখের পূর্ব্ব দুই মাস অবধি কিম্বা তৎপশ্চাৎ কোন সময়ে মহাজনদিগকে প্রাপ্য টাকা হইতে বঞ্চিত করিবার কল্পনায় আপনার সম্পত্তির কোন অংশ লুকাইয়া রাখেন নাই ও হস্তান্তর কি স্থানান্তর করেন নাই।

(গ) আপনাকে সম্পূর্ণ ঋণশোধ করিতে অক্ষম জানিয়া দুঃসাহসে ঋণ গ্রহণ করেন নাই কিম্বা মহাজনদের মধ্যে কোন ব্যক্তিকে টাকা দিয়া কিম্বা সম্পত্তি সমর্পণ করিয়া অন্যায়মতে এক মহাজন অপেক্ষা অন্যকে অগ্রগণ্য করেন নাই,

(ঘ) ও প্রার্থনাপত্রের বিষয় সম্পর্কে কুটিলভাবের অন্য কোন কর্ম্ম করেন নাই,

আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে, তাঁহাকে ঋণ শোধ করিবার অক্ষম বলিয়া নির্ণয় করিবেন উচিত বোধ করিলে তাঁহার সম্পত্তিগ্রাহক নিযুক্ত হইবার আজ্ঞা করিবেন, কিম্বা সম্পত্তিগ্রাহক নিযুক্ত না করিলে ঋণ শোধ করিবার অক্ষম ঐ ব্যক্তিকে মুক্ত করিতে পারিবেন ইতি।

352 The creditors mentioned in the application and the other persons (if any) alleging themselves to be creditors of the insolvent shall then produce evidence of the amount and particulars of their respective pecuniary claims against him and the Court shall frame a schedule of the persons who have proved themselves to be the insolvent's creditors and of their respective debts and the declaration under section 351 shall be deemed to be a decree in favour of each of the said creditors for their said respective debts

Creditors to prove their debts

Schedule to be framed

A copy of every such schedule shall be stuck up in the court house

৩৫২ ধারা। পরে প্রার্থনাপত্রের উল্লিখিত মহাজনেরা, এবং অন্য ব্যক্তিরা ঋণ শোধ করণাক্ষম ঐ ব্যক্তির মহাজন বলিয়া আপনাদিগকে জানাইলে তাঁহারা ঐ ব্যক্তির উপর যত টাকার দাওয়া রাখেন তাহার ও আপনং দাওযার বৃত্তান্তের প্রমাণ উপস্থিত করিবেন। এবং ঋণ শোধ করণাক্ষম ঐ ব্যক্তির মহাজন বলিয়া যাহারা আপনাদিগকে সপ্রমাণ করেন আদালত তাঁহাদিগের নামের ও তাঁহাদের প্রত্যেক জনের ঋণের তফসীল প্রস্তুত করিবেন ও ৩৫১ ধারামতে যে নির্ণয় করা যায় উক্ত প্রত্যেক মহাজনের উক্ত ঋণ সম্পর্কে তাহা ঐ মহাজনদের সপক্ষ ডিক্রী বলিয়া জ্ঞান হইবে।

মহাজনদের প্রাপ্যের প্রমাণ করিতে হইবার কথা।

তফসীল করিবার কথা।

উক্ত প্রত্যেক তফসীলের নকল আদালত ঘরে লাগাইয়া দেওয়া যাইবে ইতি।

353 Any creditor of the insolvent who is not mentioned in such schedule may within three months from its publication apply to the Court for permission to produce evidence of the amount and particulars of his pecuniary claims against the insolvent and in case he proves himself to be a creditor of the insolvent for an order directing his name to be inserted in the schedule as a creditor for the debt so proved

Applications by creditors

৩৫৩ ধারা। ঋণ শোধ করণাক্ষম ব্যক্তির কোন মহাজনের নাম ঐ তফসীলে লেখা না থাকিলে, তিনি ঐ তফসীল প্রকাশ হইবার তারিখঅবধি তিন মাসের মধ্যে ঐ ব্যক্তির স্থানে আপনার যত টাকার দাওয়া আছে তাহার ও ঐ দাওযার বৃত্তান্তের প্রমাণ উপস্থিত করণার্থে, ও ঋণ শোধ করণাক্ষম ঐ ব্যক্তির মহাজন বলিয়া আপনাকে প্রমাণ করিলে সেই প্রমাণীকৃত ঋণের উপলক্ষে মহাজন বলিয়া ঐ তফসীলে আপনার নাম লেখাইবার আজ্ঞা হওনার্থে আদালতের অনুমতি প্রার্থনা করিতে পারিবেন।

মহাজনদের প্রার্থনাপত্রের কথা।

Any creditor mentioned in the schedule may within three months from the publication of the schedule apply to the Court for an order altering the schedule so far as regards the amount, nature or particulars of his own debt, or to strike out the name of another creditor or to alter the schedule so far as regards the amount, nature or particulars of the debt of another creditor

ঐ তফসীলে যে মহাজনের নাম লেখা থাকে, তাঁহার প্রাপ্য বলিয়া যত টাকা কিম্বা ঋণের ভাব কি বৃত্তান্ত ধরিয়া যে কথা লেখা গেল তদ্বিষয়ে ঐ তফসীল পরিবর্ত্তন করণার্থে, কিম্বা অন্য মহাজনের নাম উঠাইয়া দেওনার্থে কিম্বা অন্য মহাজনের প্রাপ্য বলিয়া যত টাকা কিম্বা ঐ ঋণের ভাব কি বৃত্তান্ত ধরিয়া যে কথা লেখা গেল তদ্বিষয়ে ঐ তফসীল পরিবর্ত্তন করণার্থে, ঐ তফসীল প্রকাশ হইবার পর তিন মাসের মধ্যে আদালতের আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন।

In the case of any application under this section the Court after causing such notices as it thinks fit to be served, at the applicant's expense, on the insolvent and the other creditors and hearing their objections, if any may comply with or reject the application

এই ধারামতে কোন প্রার্থনা করা গেলে, আদালত প্রার্থকের খরচে ঋণ শোধ করণাক্ষম ব্যক্তির ও অন্য মহাজনদের নামে যেং নোটিস দেওয়া উচিত বোধ করেন সেইং নোটিস দিয়া ও তাঁহারা আপত্তি করিলে সেই আপত্তি শুনিয়া ঐ প্রার্থনামতে কার্য্য করিবেন কিম্বা তাহা অগ্রাহ্য করিবেন ইতি।

354 Every order under section 351 shall be published in the official Gazette and shall operate to vest in the Receiver all the insolvent's property (except the particulars specified in the first proviso to section 266) whether set forth in his application or not

Effect of order appointing Receiver

৩৫৪ ধারা। ৩৫১ ধারামতে যে প্রত্যেক আজ্ঞা করা যায় তাহা রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে ও তাহার এই ফল হইবে (২৬৬ ধারার প্রথম উপবিধিতে নির্দ্দিষ্ট দ্রব্য ভিন্ন) ঋণ শোধ করণাক্ষম ব্যক্তির সমস্ত সম্পত্তি, তাঁহার প্রার্থনাপত্রের মধ্যে ধরা গেলে বা না গেলেও ঐ গ্রাহকে প্রতি বর্ত্তিবে ইতি।

গ্রাহককে নিযুক্ত করিবার আজ্ঞার ফলের কথা।

355 The Receiver so appointed shall give such security as the Court may direct and shall possess himself of all such property, except as aforesaid

Receiver to give security and collect asset

and on his certifying that the insolvent has placed him in possession thereof or has done every thing in his power for that purpose the Court may discharge the insolvent from arrest or imprisonment as the case may be upon such condition (if any) as the Court thinks fit

Discharge of insolvent

৩৫৫ ধারা। তদ্রূপে যে গ্রাহক নিযুক্ত হন তিনি আদালতের আদেশানুসারে জামিন দিয়া পূর্ব্বোক্ত দ্রব্য ভিন্ন ঐ সকল সম্পত্তি অধিকার করিয়া লইবেন।

গ্রাহকের জামিন দিয়া স্থিত আদায় করিবার কথা।

ও ঋণ শোধ করণাক্ষম ঐ ব্যক্তি তাহার অধিকারে সকল বিষয় দিয়াছেন কিম্বা তৎপক্ষে যাহা করিতে পারিলেন তাহা করিয়াছেন গ্রাহক এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিলে আদালত কোন নিয়ম করা উচিত বোধ করিলে সেই নিয়মানুসারে ঋণ শোধ করণাক্ষম ঐ ব্যক্তিকে আসেধ হইতে কিম্বা বিষয় বিশেষে কারাগারহইতে মুক্ত করিয়া দিতে পারিবেন ইতি।

যোত্রহীনের মুক্ত হওয়ার কথা।

356 The Receiver shall proceed under the direction of the Court—

Duty of Receiver

(a) to convert the property into money

(b) to pay thereout debts fines and penalties (if any) due by the insolvent to Government

(c) to pay the said decree holder's costs

(d) to distribute the balance among the scheduled creditors rateably according to the amounts of their respective debts and without any preference

and such Receiver may retain as a remuneration for the performance of his duties a commission at the rate of five per centum upon the amount of the balance so distributed (the amount of the commission so retained being deemed a distribution) and shall deliver the surplus, if any to the insolvent or his legal representative

Right to remuneration

Delivery of surplus

৩৫৬ ধারা। গ্রাহক আদালতের আদেশানুসারে

গ্রাহকের ইতিকর্ত্তব্যতার কথা।

(ক) সম্পত্তি বিক্রয় করিয়া টাকা আদায় করিবেন।

(খ) গবর্ণমেণ্টের নিকট ঐ যোত্রহীন ব্যক্তির ঋণ ও অর্থদণ্ড ও দণ্ড দেয় হইলে ঐ টাকাহইতে তাহা শোধ করিবেন।

(গ) উক্ত ডিক্রীদারের খরচা দিবেন।

(ঘ) তফসীলে যেং ব্যক্তিদের নাম লেখা আছে তাঁহারদের এক জনকে অন্যের অগ্রগণ্য না করিয়া প্রত্যেক জনের প্রাপ্য অনুসারে হারহারীমতে অবশিষ্ট টাকা বিলি করিবেন।

যে অবশিষ্ট টাকা তদ্রূপে বিলি করা যায় ঐ গ্রাহক আপনার উক্ত কর্ম্ম নির্ব্বাহ করিবার পারিশ্রমিকস্বরূপ তাহার উপর শতকরা পাঁচ টাকার হারে কমিশ্যন লইবেন (ও যে কমিশ্যন লন তাহাও ঐ বিলি করা টাকা বলিয়া জ্ঞান হইবে) ও উদ্বর্ত্ত থাকিলে ঋণশোধ করণাক্ষম ঐ ব্যক্তিকে কিম্বা আইনমতে তাহার স্থলাভিষিক্তকে দিবেন ইতি।

তাঁহার পরিশ্রমিক পাইবার স্বত্বের কথা।

উদ্বর্ত্ত দেওনের কথা।

357 An insolvent discharged under section 355 shall not be arrested or imprisoned on account of any of the scheduled debts But (subject to the provisions of section 358) his property whether previously or subsequently acquired (except the particulars specified in the first proviso to section 266, and except the property vested in the Receiver) shall, by order of the Court, be liable to attachment and sale until the decrees against him held by the scheduled creditors are fully satisfied or become incapable of being executed

Effect of discharge

৩৫৭ ধারা। ঋণ শোধ করণাক্ষম ব্যক্তিকে ৩৫৫ ধারামতে মুক্ত করা গেলে ঐ তফসীলের উল্লিখিত কোন ঋণহেতুক তাঁহাকে ধরা কি কারাবদ্ধ করা যাইবে না। কিন্তু তফসীলের লিখিত মহাজনেরা তাঁহার বিপক্ষে যেং ডিক্রী পাইয়াছেন সেইং ডিক্রী সম্পূর্ণরূপে সাধন না হইলে কিম্বা সাধন করা অসাধ্য না হইলে ৩৫৮ ধারার বিধান প্রবল মানিয়া, ২৬৬ ধারার প্রথম উপবিধির নির্দ্দিষ্ট বিশেষ দ্রব্য ও গ্রাহকের হস্তগত করা দ্রব্যভিন্ন তাঁহার অন্য সম্পত্তি আদালতের আজ্ঞাক্রমে ক্রোক ও নীলাম হইবার যোগ্য থাকিবে ইতি।

মুক্ত হওয়ার ফলের কথা।

358 If the aggregate amount of the scheduled debts is two hundred rupees or a less sum, the Court may declare the insolvent discharged as aforesaid absolved from further liability in respect of such debts

When Court may declare insolvent absolved from further liability

৩৫৮ ধারা। তফসীলের লিখিত ঋণ মোটে ২০০ দুই শত টাকা কি তাহার কম হইলে, ঋণশোধ করণাক্ষম যে ব্যক্তিকে পূর্ব্বোক্তমতে মুক্ত করিয়া দেওয়া গেল, আদালত তাঁহাকে সেই সকল ঋণের উপলক্ষে আর দায়হইতে মুক্ত বলিয়া প্রকাশ করিতে পারিবেন ইতি।

আদালত যে স্থলে প্রতিবাদিকে আর দায়হইতে মুক্ত বলিয়া প্রকাশ করিতে পারিবেন তাহার কথা।

359 Whenever, at the hearing under section 350, it is proved that the applicant has

Procedure in case of dishonest applicant

(a) been guilty in his application, of any concealment or of wilfully making any false statement as to the debts due by him, or respecting the property belonging to him, whether in possession or in expectancy, or held for him in trust

(b) fraudulently concealed transferred or removed any property or

(c) committed any other act of bad faith regarding the matter of the application

the Court shall at the instance of any of his creditors sentence him to imprisonment for a term not exceeding one year from the date of committal

Or the Court may if it think fit send him to the Magistrate to be dealt with according to law

360 The Local Government may by notification in the official Gazette invest any Court other than a District Court with the powers conferred on District Courts by sections 344 to 359 (both inclusive), and the District Judge may transfer to any Court situate in his district and so invested any case instituted under section 344

Investment of Courts with powers of District Court

Transfer of case

Any Court so invested may entertain any application under section 344 by any person arrested in execution of a decree of such Court

প্রার্থকের কুটিলাচরণ হইলে কার্য্যপ্রণালীর কথা।

৩৫৯ ধারা। ৩৫০ ধারানুযায়ি শ্রবণ সময়ে প্রার্থক,

(ক) যে প্রার্থনাপত্র দিলেন তন্মধ্যে আপনার ঋণের, কিম্বা অধিকৃত কি সম্ভাবিত কিম্বা আপনার পক্ষে অন্যের নিকট ন্যস্ত সম্পত্তির কোন কথা গোপন রাখনের কিম্বা সেই সম্পত্তির বিষয়ে ইচ্ছা করিয়া কোন মিথ্যা কথা কহনের অপরাধী আছেন,

(খ) কিম্বা প্রতারণা করিয়া কোন সম্পত্তি গোপনে রাখিলেন কি হস্তান্তর কি স্থানান্তর করিয়া দিলেন,

(গ) কিম্বা প্রার্থনাপত্রের লিখিত বিষয়সম্পর্কে কুটিলভাবে অন্য কোন কর্ম্ম করিলেন

ইহা প্রমাণ হইলে তাঁহার কোন মহাজনের অনুরোধে আদালত তাঁহার সমর্পণ করিবার তারিখ অবধি এক বৎসরের অনধিক কারাদণ্ডের আজ্ঞা করিবেন।

কিম্বা আদালত উচিত বোধ করিলে তাঁহাকে লইয়া আইনমতে কার্য্য হওয়ার নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইতে পারিবেন ইতি।

অন্যান্য আদালতের প্রতি জিলার আদালতের ক্ষমতা প্রদান করিবার ও মোকদ্দমা স্থানান্তর করিয়া দিবার কথা।

৩৬০ ধারা। ৩৪৪ অবধি ৩৫৯ পর্য্যন্ত সকল ধারাক্রমে জিলার নানা আদালতের প্রতি যে সকল ক্ষমতা প্রদান করা গেল, স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া জিলার আদালতভিন্ন অন্য কোন আদালতের প্রতিও সেই ক্ষমতা প্রদান করিতে পারিবেন, ও ৩৪৪ ধারামতে যে মোকদ্দমা উপস্থিত করা যায় জিলার জজ সাহেব আপনার জিলার অন্তর্গত সেই ক্ষমতাপ্রাপ্ত কোন আদালতে ঐ মোকদ্দমা হস্তান্তর করিয়া দিতে পারিবেন।

তদ্রূপ ক্ষমতাপ্রাপ্ত কোন আদালতের ডিক্রীজারী ক্রমে ধৃত কোন ব্যক্তি ৩৪৪ ধারামত কোন প্রার্থনাপত্র উপস্থিত করিলে ঐ আদালত ঐ প্রার্থনা গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

PART II

OF INCIDENTAL PROCEEDINGS

CHAPTER XXI

OF THE DEATH, MARRIAGE AND INSOLVENCY OF PARTIES

361 The death of a plaintiff or defendant shall not cause the suit to abate if the cause of action survives

No abatement by party's death if cause of action survive

Illustrations

(a) A covenants with B and C to pay an annuity to B during C's life B and C sue A to compel payment B dies before the decree the cause of action survives to C and the suit does not abate.

দ্বিতীয় ভাগ।

নৈমিত্তিক কার্য্যানুষ্ঠানের বিধি।

২ একবিংশ অধ্যায়।

কোন পক্ষের মৃত্যু কি বিবাহ কি ঋণশোধ করণের অক্ষমতা হইলে, তদ্বিষয়ক বিধি।

এক পক্ষের মৃত্যু হইলেও নালিশ করিবার কারণ প্রবল থাকিলে, মোকদ্দমা স্থগিত না হইবার কথা।

৩৬১ ধারা। বাদির কি প্রতিবাদির মৃত্যু হইলেও যদি নালিশ করিবার কারণ প্রবল থাকে, তবে মোকদ্দমা স্থগিত হইবে না ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ বলরাম ও চন্দ্রের নিকট এই নিয়ম করেন যে চন্দ্র যত দিন বাঁচিয়া থাকিবেন তত দিন বলরামকে বার্ষিক বৃত্তি দিব। আনন্দের স্থানে ঐ টাকা পাইবার নিমিত্ত বলরাম ও চন্দ্র তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করেন। ডিক্রী হওয়ার পূর্ব্বে বলরামের মৃত্যু হয়। এমত স্থলে চন্দ্রের পক্ষে নালিশের কারণ প্রবল আছে ও মোকদ্দমা স্থগিত হইবে না।

(b) In the same case all the parties die before decree. The cause of action survives to the representative of the survivor of B and C, and he may continue the suit against A's representative.

(খ) উক্ত উদাহরণের স্থলে ডিক্রী হইবার পূর্ব্বে উভয়পক্ষের সকল ব্যক্তি মরিলেও বলরাম ও চন্দ্র এই দুই জনের মধ্যে যিনি পশ্চাৎ মরিলেন তাঁহার স্থলাভিষিক্তের পক্ষে নালিশের হেতু প্রবল আছে ও তিনি আনন্দের স্থলাভিষিক্তের বিপক্ষে ঐ মোকদ্দমা চালাইতে পারিবেন।

(c) A sues B for libel. A dies. The cause of action does not survive and the suit abates.

(গ) আনন্দ অপবাদ করণ হেতুক বলরামের নামে নালিশ করিলেন। আনন্দ মরিলে নালিশ করণের হেতু প্রবল থাকে না ও মোকদ্দমা স্থগিত হইবে।

(d) A, a member of a Hindu joint family under the Mitakshará law, institutes a suit for partition of the family property. A dies leaving B, a minor son, his heir. The cause of action survives to B and the suit does not abate.

(ঘ) মিতাক্ষরার ব্যবস্থামতে সাধারণ হিন্দু পরিবারের অন্তর্গত আনন্দ নামক এক ব্যক্তি পরিবারের সম্পত্তি বণ্টন করণার্থে মোকদ্দমা উপস্থিত করেন। আনন্দ মরিলে বলরাম নামক তাঁহার অপ্রাপ্তব্যবহার পুত্র উত্তরাধিকারী হন। বলরামের পক্ষে নালিশ করিবার হেতু প্রবল থাকে ও মোকদ্দমা স্থগিত হইবে না।

362. If there be more plaintiffs or defendants than one, and any of them dies, and if the cause of action survives to the surviving plaintiff or plaintiffs alone, or against the surviving defendant or defendants alone, the Court shall cause an entry to that effect to be made on the record, and the suit shall proceed at the instance of the surviving plaintiff or plaintiffs, or against the surviving defendant or defendants.

[illegible]

৩৬২ ধারা। দুই কি তদধিক জন বাদী কি প্রতিবাদী থাকিলে, ও তাঁহাদের কোন ব্যক্তির মৃত্যু হইলেও যদি কেবল অবশিষ্ট বাদির কি বাদিদের সপক্ষে কিম্বা কেবল অবশিষ্ট প্রতিবাদির কি প্রতিবাদিদের বিপক্ষে নালিশের কারণ প্রবল থাকে, তবে আদালত মোকদ্দমার কাগজপত্রের মধ্যে সেই মর্ম্মের কথা লেখাইবেন এবং অবশিষ্ট বাদির কি বাদিদের অনুরোধে কিম্বা অবশিষ্ট প্রতিবাদির কি প্রতিবাদিদের নামে মোকদ্দমা চলিবে ইতি।

অনেক জন বাদির কি প্রতিবাদির মধ্যে এক জনের মৃত্যু হইলেও নালিশের কারণ প্রবল থাকিলে কার্য্যানুষ্ঠানের কথা।

363. If there be more plaintiffs than one, and any of them dies, and if the cause of action does not survive to the surviving plaintiff or plaintiffs alone, but survives to him or them and the legal representative of the deceased plaintiff jointly, the Court may, on the application of such legal representative, enter his name on the record in the place of such deceased plaintiff, and the suit shall proceed at the instance of the surviving plaintiff or plaintiffs and such legal representative.

[illegible]

৩৬৩ ধারা। দুই কি তদধিক জন বাদী থাকিলে ও তাঁহাদের এক জন মরিলে যদি নালিশের কারণ কেবল উত্তরজীবী বাদির কি বাদিদের পক্ষে প্রবল না হইয়া যিনি আইনমতে মৃত বাদির স্থলাভিষিক্ত হন তাঁহার সংযোগে ঐ বাদির কি বাদিদের পক্ষে কারণ প্রবল থাকে তবে যিনি আইনমতে ঐ স্থলাভিষিক্ত হন আদালত তাঁহার প্রার্থনামতে মোকদ্দমার কাগজপত্রের মধ্যে ঐ মৃত বাদির স্থানে ঐ স্থলাভিষিক্তের নাম লেখাইতে পারিবেন, এবং অবশিষ্ট বাদির কি বাদিদের ও আইনমত ঐ স্থলাভিষিক্তের অনুরোধে মোকদ্দমা চলিবে ইতি।

অনেক জন বাদির মধ্যে এক জন মরিলে ও উত্তরজীবীদের এবং মৃত ব্যক্তির স্থলাভিষিক্তের পক্ষে নালিশের কারণ প্রবল থাকিলে কার্য্যানুষ্ঠানের কথা।

364. If no application be made to the Court within a reasonable time not exceeding thirty days, by any person claiming to be the legal representative of a deceased plaintiff, the suit shall proceed at the instance of the surviving plaintiff or plaintiffs;

Proceeding where no application made by representative of deceased plaintiff.

৩৬৪ ধারা। মৃত বাদির আইনমত স্থলাভিষিক্ত বলিয়া দাওয়াদার কোন ব্যক্তি ত্রিশ দিনের অনধিক সঙ্গত কালের মধ্যে আদালতে প্রার্থনা না করিলে, অবশিষ্ট বাদির কি বাদিদের অনুরোধে মোকদ্দমা চলিবে।

মৃত বাদির স্থলাভিষিক্ত প্রার্থনা না করিলে কার্য্যানুষ্ঠানের কথা।

and the legal representative (if any) of the deceased plaintiff shall be made a party, and shall be interested in and bound by the decree passed in the suit, in the same manner as if the suit had proceeded at his instance conjointly with the surviving plaintiff or plaintiffs.

ও মোকদ্দমার যে ডিক্রী করা যায় মৃত ব্যক্তির আইনমত স্থলাভিষিক্ত থাকিলে তাঁহাকেও এক পক্ষ করা যাইবে ও উত্তরজীবী বাদির কি বাদিদের সঙ্গে২ যেন তাঁহারও অনুরোধে মোকদ্দমা চলিল, সেই ডিক্রীতে তাঁহার এমত সম্পর্ক থাকিবে, ও তিনি সেই ডিক্রীতে এমতে আবদ্ধ হইবেন ইতি।

Proceeding in case of death of sole or sole surviving plaintiff

365 In case of the death of a sole plaintiff or sole surviving plaintiff the Court may, on the application of the legal representative of the deceased enter his name in the place of such plaintiff on the record, and the suit shall thereupon proceed

একই বাদির কিম্বা অবশিষ্ট একই বাদির মৃত্যু হইলে কার্য্যানুষ্ঠানের কথা।

৩৬৫ ধারা। একই বাদির কিম্বা অবশিষ্ট এক বাদির মৃত্যু হইলে, যিনি আইনমতে সেই মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত হন আদালত তাঁহার প্রার্থনামতে মোকদ্দমার কাগজপত্রের মধ্যে ঐ বাদির স্থানে তাঁহার নাম লেখাইতে পারিবেন ও মোকদ্দমা চলিবে ইতি।

Abatement where no application by representative of deceased plaintiff

366 If no such application be made to the Court within a reasonable time not exceeding thirty days by any person claiming to be the legal representative of the deceased plaintiff the Court may pass an order that the suit shall abate, and award to the defendant the costs which he may have incurred in defending the suit to be recovered from the estate of the deceased plaintiff

or the Court may if it think proper on the application of the defendant, and upon such terms as to costs or otherwise as it thinks fit pass such other order as it thinks fit for bringing in the legal representative of the deceased plaintiff and for proceeding with the suit in order to a final determination of the matter in dispute

Explanation—A certificate of heirship or a certificate to collect debts does not of itself constitute the person holding it the legal representative of the deceased But when the person holding any such certificate obtains thereby property belonging to the deceased he may be treated as a legal representative liable in respect of such property

মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত প্রার্থনা না করিলে মোকদ্দমা স্থগিত হইবার কথা।

৩৬৬ ধারা। মৃত বাদির আইনমত স্থলাভিষিক্ত বলিয়া কোন দাওয়াদার ত্রিশ দিনের অনধিক সঙ্গত কালের মধ্যে তদ্রূপ প্রার্থনা না করিলে আদালত মোকদ্দমা স্থগিত হইবার আজ্ঞা করিয়া মোকদ্দমার উত্তর দেওনে প্রতিবাদির যত খরচ হইল উক্ত মৃত বাদির সম্পদহইতে তাঁহার ঐ খরচা আদায় করিবার আজ্ঞা করিতে পারিবেন।

কিম্বা প্রতিবাদির প্রার্থনামতে আদালত বিহিত বিবেচনায় খরচাপ্রভৃতির বিষয়ে যে নিয়ম উচিত জ্ঞান করেন এমত নিয়ম করিয়া উক্ত মৃত বাদির আইনমত স্থলাভিষিক্ত ব্যক্তিকে আনাইবার ও বিবাদী বিষয়ের চুড়ান্ত নিষ্পত্তি করণাভিপ্রায়ে মোকদ্দমা চালাইবার অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

ব্যাখ্যা।—কোন ব্যক্তি উত্তরাধিকারিত্বের সর্টিফিকট কিম্বা ঋণ আদায় করিবার সর্টিফিকট পাইলে তিনি কেবল তৎক্রমে আইনমতে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত হন না। কিন্তু ঐ সর্টিফিকটধারি ব্যক্তি তদ্দ্বারা মৃত ব্যক্তির কোন সম্পত্তি প্রাপ্ত হইলে আইনমতে ঐ সম্পত্তির উপলক্ষে দায়ি স্থলাভিষিক্ত বলিয়া তাঁহাকে লইয়া কার্য্য হইতে পারিবে ইতি।

Procedure in case of dispute as to representative of deceased plaintiff

367 If any dispute arise as to who is the legal representative of a deceased plaintiff the Court may either stay the suit until the fact has been determined in another suit, or decide at or before the hearing of the suit who shall be admitted to be such legal representative for the purpose of prosecuting the suit

মৃত বাদির স্থলাভিষিক্ত কে হন এই বিষয়ের বিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।

৩৬৭ ধারা। আইনমতে কে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত হন, এই বিষয় লইয়া কোন বিবাদ হইলে অন্য মোকদ্দমায় সেই বিষয় নির্ণয় না হওন পর্য্যন্ত আদালত ঐ মোকদ্দমা স্থগিত রাখিতে পারিবেন, অথবা মোকদ্দমা চালাইবার নিমিত্ত আইনমত স্থলাভিষিক্ত বলিয়া কাহাকে গ্রাহ্য করা যাইবে মোকদ্দমা শুনিবার সময়ে কি তৎপূর্ব্বে ইহা নিষ্পত্তি করিতে পারিবেন ইতি।

Procedure in case of death of one of several defendants or of sole or sole surviving defendant

368 If there be more defendants than one, and any of them die before decree and the cause of action does not survive against the surviving defendant or defendants alone, and also in case of the death of a sole defendant, or sole surviving defendant where the right to sue survives,

the plaintiff may make an application to the Court, specifying the name, description, and place of abode of any person whom he alleges to be the

অনেক প্রতিবাদির মধ্যে এক জনের কিম্বা একই কিম্বা অবশিষ্ট একই প্রতিবাদির মৃত্যু হইলে কার্য্যপ্রণালীর কথা।

৩৬৮ ধারা। দুই কি তদধিক জন প্রতিবাদী থাকিলে ও তাঁহাদের মধ্যে এক জন ডিক্রী হইবার পূর্ব্বে মরিলে ও কেবল অবশিষ্ট প্রতিবাদির কি প্রতিবাদিদের বিপক্ষে নালিশের কারণ প্রবল না থাকিলে, এবং একই কিম্বা অবশিষ্ট একই প্রতিবাদির মৃত্যু হইলেও মোকদ্দমা করিবার স্বত্ব প্রবল থাকিলে,

বাদি যাঁহাকে আইনমতে ঐ মৃত প্রতিবাদির স্থলাভিষিক্ত বলিয়া কহেন, ও যাঁহাকে মৃত প্রতিবাদির পরিবর্ত্তে প্রতিবাদী করিতে চাহেন, বাদী তাঁহার নাম ও

legal representative of the deceased defendant, and whom he desires to be made the defendant in his stead

বর্ণনা ও নিবাস নির্দ্দেশ করিয়া আদালতে প্রার্থনা করিতে পারিবেন।

The Court shall thereupon enter the name of such representative on the record in the place of such defendant

তাহা হইলে আদালত মোকদ্দমার কাগজপত্রের মধ্যে ঐ প্রতিবাদির স্থানে ঐ স্থলাভিষিক্ত ব্যক্তির নাম লিখিয়া

and shall issue a summons to such representative to appear on a day to be therein mentioned to defend the suit

ঐ স্থলাভিষিক্ত ব্যক্তির নামে সমন দিয়া তাঁহাকে মোকদ্দমার উত্তর দিবার জন্যে ঐ সমনের লিখিত দিনে উপস্থিত হইবার আজ্ঞা দিবেন।

and the case shall thereupon proceed in the same manner as if such representative had originally been made a defendant and had been a party to the former proceedings in the suit

তাহা হইলে ঐ স্থলাভিষিক্ত ব্যক্তি প্রথমেই এক জন প্রতিবাদী হইলে ও তৎপূর্ব্বে মোকদ্দমার আনুষ্ঠানিক কার্য্যের এক পক্ষ হইলে মোকদ্দমা যদ্রূপে চলিত তদ্রূপেই চলিবে।

Provided that the person so made defendant may object that he is not the legal representative of the deceased defendant or may make any defence appropriate to his character as such representative

কিন্তু যে ব্যক্তিকে তদ্রূপে প্রতিবাদী করা যায় তিনি আইনমতে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত নই বলিয়া আপত্তি করিতে অথবা উক্ত প্রকারের স্থলাভিষিক্ত বলিয়া যদ্রূপ উত্তর দেওয়া উচিত তদ্রূপ উত্তর দিতে পারিবেন ইতি।

Suit not abated by marriage of female party

369 The marriage of a female plaintiff or defendant shall not cause the suit to abate but the suit may notwithstanding be proceeded with to judgment and where the decree is against a female defendant it may thereupon be executed against the wife alone

এক পক্ষ স্ত্রী হইলে তাহার বিবাহহেতুক মোকদ্দমা স্থগিত না হওয়ার কথা।

৩৬৯ ধারা। বাদিনীর কি প্রতিবাদিনীর বিবাহ প্রযুক্ত মোকদ্দমা স্থগিত হইবে না। বিবাহ হইলেও মোকদ্দমা নিষ্পত্তি না হওন পর্য্যন্ত চালান যাইতে পারিবে। ও প্রতিবাদিনীর বিপক্ষে ডিক্রী হইলে স্বামিভিন্ন কেবল তাঁহারই বিপক্ষে ঐ ডিক্রী জারী করা যাইতে পারিবে।

If the case is one in which the husband is by law liable for the debts of his wife the decree may with the permission of the Court be executed against the husband also and in case of judgment for the wife execution of the decree may with such permission be issued upon the application of the husband where the husband is by law entitled to the subject matter of the decree

যে মোকদ্দমায় স্বামী আইনমতে স্ত্রীর ঋণের দায়ী হন এমত মোকদ্দমা হইলে আদালতের অনুমতি লইয়া ঐ ডিক্রী স্বামির বিপক্ষেও জারী করা যাইতে পারিবে। স্ত্রীর সপক্ষে ডিক্রী হইলে, ও যে বিষয়ের ডিক্রী হয় আইনমতে স্বামির সেই বিষয় পাইবার অধিকার থাকিলে আদালতের অনুমতি লইয়া স্বামির প্রার্থনা মতে ডিক্রী জারী করিবার আজ্ঞা হইতে পারিবে ইতি।

When plaintiff's bankruptcy or insolvency bar suit

370 The bankruptcy or insolvency of a plaintiff in any suit which his assignee or the receiver appointed under section 351 might maintain for the benefit of his creditors shall not bar the suit, unless such assignee or receiver declines to continue the suit and to give security for the costs thereof within such time as the Court may order

বাদী দেউলিয়া কিম্বা ঋণ শোধ করিতে অক্ষম হইলে মোকদ্দমা করিবার বাধা হওয়ার কথা।

৩৭০ ধারা। কোন মোকদ্দমার বাদী দেউলিয়া কিম্বা ঋণশোধ করিতে অক্ষম হইলেও, তাঁহার আসৈনী কিম্বা ৩৫১ ধারা মতে নিযুক্ত গ্রাহক যদি মহাজনদের হিতার্থে ঐ মোকদ্দমা চালাইতে পারেন তবে সেই মোকদ্দমা চালাইতে ও আদালত যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্যে মোকদ্দমার খরচার জামিন দিতে অসম্মত না হইলে, ঐ মোকদ্দমা চলিবার বাধা নাই।

Procedure when assignee fails to continue suit or give security

If the assignee or receiver neglect or refuse to continue the suit and to give such security within the time so ordered, the defendant may, within eight days after such neglect or refusal, apply for the dismissal of the suit on the ground of the plaintiff's bankruptcy or insolvency, and the Court may dismiss the suit and award to the defendant

আসৈনী মোকদ্দমা চালাইতে কি জামিন দিতে ত্রুটি করিলে কার্য্যপ্রণালীর কথা।

আসৈনী কি গ্রাহক ঐ মোকদ্দমা চালাইতে ও আজ্ঞার নিরূপিত সময়ের মধ্যে ঐ জামিন দিতে শৈথিল্য করিলে কি অসম্মত হইলে, ঐ শৈথিল্য করণের কি অসম্মত হওনের পর আট দিনের মধ্যে বাদির দেউলিয়া কি ঋণ শোধ করিতে অক্ষম হওয়ার কারণে প্রতিবাদী মোকদ্দমা ডিসমিস হওবার প্রার্থনা করিতে পারিবেন। এবং আদালত মোকদ্দমা ডিস

the costs which he has incurred in defending the same to be recovered from the plaintiff's estate

মিস করিতে পারিবেন ও মোকদ্দমার উত্তর দেওয়াতে প্রতিবাদির যত খরচ লাগিল আদালত তাঁহার সেই খরচ পাইবার আজ্ঞা করিতে পারিবেন বাদির সম্পত্তিহইতে ঐ খরচ আদায় কর যাইবে ইতি।

Effect of abatement on parties right

371 When a suit abates or is dismissed under this chapter no fresh suit shall be brought on the same cause of action

মোকদ্দমা স্থগিত হইলে উভয় পক্ষের স্বত্বপক্ষে যে ফল হয় তাহার কথা।

৩৭১ ধারা। এই অধ্যায় মতে মোকদ্দমা স্থগিত হইলে কি ডিসমিস করা গেলে নালিশের সেই হেতু মূলক নূতন মোকদ্দমা উপস্থিত করা যাইবে না।

Application to set aside abatement or dismissal

But the person claiming to be the representative of the deceased bankrupt or insolvent plaintiff may apply for an order to set aside the order for abatement or dismissal and if it be proved that he was prevented by any sufficient cause from continuing the suit the Court shall set aside the abatement or dismissal upon such terms as to costs or otherwise as it thinks fit

মোকদ্দমা স্থগিত কি ডিসমিস করিবার আজ্ঞা অসিদ্ধ করিবার প্রার্থনার কথা।

কিন্তু যে ব্যক্তি দেউলিয়া কি ঋণ শোধ করণাক্ষম মৃত বাদির স্থলাভিষিক্ত হওয়ার দাওয়া রাখেন তিনি মোকদ্দমা স্থগিত কি ডিসমিস করণের আজ্ঞা অসিদ্ধ করিবার আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন। ও বিশিষ্ট কোন কারণে তাঁহার মোকদ্দমা চালাইতে বাধা হইয়াছিল ইহার প্রমাণ হইলে আদালত খরচা প্রভৃতির যে নিয়ম করা উচিত জ্ঞান করেন এমত নিয়ম করিয়া মোকদ্দমা স্থগিত রাখার কি ডিসমিস করার আজ্ঞা অসিদ্ধ করিবেন ইতি।

Procedure in case of assignment pending the suit

372 In other cases of assignment creation or devolution of any interest pending the suit, the suit may with the leave of the Court, given either with the consent of all parties or after service of notice in writing upon them and hearing their objections if any be continued by or against the person to whom such interest has come either in addition to or in substitution for the person from whom it has passed, as the case may require

মোকদ্দমা উপস্থিত থাকিতে সম্পত্তি সমর্পণ হইলে কার্য্যপ্রণালীর কথা।

৩৭২ ধারা। অন্য কোন স্থলে মোকদ্দমা উপস্থিত থাকিতে কোন স্বার্থ সমর্পণ কি সৃষ্ট কি উত্তরাধিকারির হস্তগত করা গেলে সকল পক্ষের সম্মতিক্রমে কিম্বা তাহাদের নামে নোটিস লিখিয়া দিলে পর ও আপত্তি থাকিলে তাহাদের আপত্তি শুনিলে পর আদালত অনুমতি দিলে ঐ স্বার্থ যাহার হস্তহইতে হস্তান্তর করা যায় হয় তাঁহার অতিরিক্ত না হয় মোকদ্দমার প্রয়োজনানুসারে তাঁহার পরিবর্ত্তে ঐ স্বার্থ প্রাপ্ত ব্যক্তির দ্বারা কিম্বা তাঁহার বিপক্ষে মোকদ্দমা চালান যাইতে পারিবে ইতি।

CHAPTER XXII

OF THE WITHDRAWAL AND ADJUSTMENT OF SUITS

২২ দ্বাবিংশ অধ্যায়।

মোকদ্দমা উঠাইয়া লওন ও আপোসে নিষ্পত্তি করণ বিষয়ক বিধি।

Power to allow plaintiff to withdraw with liberty to bring fresh suit

373 If at any time after the institution of the suit, but before judgment the Court is satisfied on the application of the plaintiff (*a*) that the suit must fail by reason of some formal defect or (*b*) that there are sufficient grounds for permitting him to withdraw from the suit or to abandon part of his claim with liberty to bring a fresh suit for the subject matter of the suit or for the part so abandoned, the Court may grant such permission on such terms as to costs or otherwise as it thinks fit

বাদির প্রতি নূতন মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি দিয়া মোকদ্দমা উঠাইয়া লইতে অনুমতি দিবার ক্ষমতার কথা।

৩৭৩ ধারা। (ক) দাঁড়ামত কোন কার্য্যের দোষ হেতুক, মোকদ্দমা অবশ্যই হারা যাইবে, কিম্বা (খ) বাদিকে সেই মোকদ্দমা হইতে অবসর হইবার কিম্বা দাওয়ার একাংশ ত্যাগ করিবার অনুমতি দিয়া বিবাদীয় বিষয়ের কিম্বা আপনার সেই ত্যক্ত অংশের নিমিত্ত নূতন মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি দেওয়ার বিশিষ্ট কারণ আছে, আদালত মোকদ্দমা উপস্থিত করা যাইবার পর কিন্তু নিষ্পত্তির পূর্ব্বে কোন সময়ে বাদির প্রার্থনাক্রমে ইহা হৃদ্বোধমতে জানিলে, খরচা প্রভৃতির বিষয়ে যে নিয়ম উচিত বোধ করেন এমত নিয়ম করিয়া ঐ অনুমতি দিতে পারিবেন।

If the plaintiff withdraw from the suit or abandon part of his claim, without such permission, he shall be liable for such costs as the Court may

বাদী সেই অনুমতি না পাইয়াও মোকদ্দমাহইতে অবসর হইলে কিম্বা আপন দাওয়ার একাংশ ত্যাগ করিলে, আদালত যে খরচার আজ্ঞা করেন তিনি সেই খরচার

award and shall be precluded from bringing a fresh suit for the same matter

Nothing in this section shall be deemed to authorize the Court to permit one of several plaintiffs to withdraw without the consent of the others

I it t l w ot afle ted by l t t

374 In any fresh suit instituted on permission granted under the last preceding section the plaintiff shall be bound by the law of limitation in the same manner as if the first suit had not been brought

C prom of its

375 If a suit be adjusted by mutual agreement or compromise or if the defendant satisfy the plaintiff in respect to the matter of the suit such agreement, compromise or satisfaction shall be recorded and the Court shall pass a decree in accordance therewith and such decree shall be final

---

CHAPTER XXIII

Of Payment into Court

Dep sit by defend nt t ut in sat sf ct f lai

376 The defendant in any suit to recover a debt or damages may at any stage of the suit deposit in Court such sum of money as he considers a satisfaction in full of the claim

N tice of lepos t

377 Notice of the deposit shall be given by the defendant to the plaintiff and the amount of the deposit shall (unless the Court otherwise directs) be paid to the plaintiff on his application

Interest n sum d p s t d t allow d t pl tiff after receipt of tice

378 No interest shall be allowed to the plaintiff on any sum deposited by the defendant from the date of the receipt of such notice, whether the sum deposited be in full of the claim or fall short thereof

Procedure where pla n tiff accepts deposit as satisfaction in part

379 If the plaintiff accept such amount only as satisfaction in part of his claim, he may prosecute his suit for the balance, and if the Court decides that the deposit by the defendant was a full satisfaction of the plaintiff's claim, the plaintiff must pay the costs of the suit incurred after the deposit and the costs incurred previous

দায়ী হইবেন ও সেই বিষয়ের নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন না।

অনেক জন বাদী থাকিলে আদালত অন্যদের সম্মতি বিনা কোন এক ব্যক্তিকে মোকদ্দমাহইতে অবসর হইবার অনুমতি দিতে যে সক্ষম হন এই ধারার কোন কথার এমত ভাব জানিতে হইবে না ইতি।

প্রথম মোকদ্দমা হেতুক মিয়াদের আইনের ব্যাঘাত না হইবার কথা।

৩৭৪ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে অনুমতি হওয়াতে নূতন মোকদ্দমা উপস্থিত করা গেলে পূর্ব্ব মোকদ্দমা যেন উপস্থিত করা যায় নাই বাদী মিয়াদের আইন দ্বারা এমতে বদ্ধ থাকিবেন ইতি।

আপোসে মোকদ্দমা মিটাইয়া দিবার কথা।

৩৭৫ ধারা। পরস্পর নিয়মকরণ কি রাজীনামার দ্বারা মোকদ্দমার নিষ্পত্তি হইলে কিম্বা প্রতিবাদী মোকদ্দমার বিবাদীয় বিষয়ে বাদির হৃদ্বোধ জন্মাইলে সেই নিয়ম কি রাজীনামা কি হৃদ্বোধজনক কথা লিপিবদ্ধ করা যাইবে ও আদালত তদনুসারে ডিক্রী করিবেন ও সেই ডিক্রী চূড়ান্ত হইবে ইতি।

---

২৩ ত্রয়োবিংশ অধ্যায়।

আদালতে টাকা দেওনবিষয়ক বিধি।

দাওয়ার পরিশোধ বলিয়া প্রতিবাদির টাকা আমানৎ করিবার কথা।

৩৭৬ ধারা। ঋণ কি হানিপূরণ আদায় করিবার কোন মোকদ্দমায় প্রতিবাদী দাওয়ার সম্পূর্ণ পরিশোধ বলিয়া যত টাকা উপযুক্ত জ্ঞান করেন মোকদ্দমা চলিবার কোন সময়ে আদালতে তত টাকা আমানৎ করিতে পারিবেন ইতি।

আমানৎ করিবার নোটিসের কথা।

৩৭৭ ধারা। প্রতিবাদী বাদিকে ঐ টাকা আমানৎ করিবার নোটিস দিবেন। ও আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে বাদির প্রার্থনামতে আমানতী টাকা তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

নোটিস পাইলে পর সেই আমানতী টাকার উপর বাদির সুদ না পাইবার কথা।

৩৭৮ ধারা। প্রতিবাদী যত টাকা আমানৎ করেন তাহা সম্পূর্ণ দাওয়ার পরিশোধ হইলে কিম্বা ন্যূন পড়িলেও ঐ নোটিস পাইবার তারিখ অবধি বাদির সেই টাকার উপর সুদ পাইবার অনুমতি হইবে না ইতি।

বাদী আপন দাওয়ার একাংশ বলিয়া ঐ আমানৎ গ্রাহ্য করিলে কার্য্য প্রণালীর কথা।

৩৭৯ ধারা। বাদী আপন দাওয়ার অংশমাত্রের পরিশোধে ঐ আমানতের টাকা গ্রাহ্য করিলে, বাকী টাকার নিমিত্ত মোকদ্দমা চালাইতে পারিবেন। কিন্তু প্রতিবাদী যে টাকা আমানৎ করিলেন আদালত সেই টাকা বাদির সম্পূর্ণ দাওয়ার পরিশোধ বলিয়া নিষ্পত্তি করিলে, ঐ টাকা

thereto, so far as they were caused by excess in the plaintiff's claim

আমানৎ হওয়ার পর মোকদ্দমার যত খরচা হয়, এবং আমানৎ হওয়ার পূর্ব্বেও বাদির দাওয়ার আধিক্যপ্রযুক্ত যত খরচ হইল তাহাও বাদির দিতে হইবে।

Procedure where plaintiff accepts tender as satisfaction in full

If the plaintiff accept such amount as satisfaction in full of his claim, he shall file in Court a statement to that effect and the Court shall pass judgment accordingly, and in directing by whom the costs of each party are to be paid the Court shall consider which of the parties is most to blame for the litigation

সেই আমানতের টাকা সম্পূর্ণ দাওয়ার পরিশোধ বলিয়া গ্রাহ্য করিলে কার্য্য প্রণালীর কথা।

বাদী আপনার সম্পূর্ণ দাওয়ার পরিশোধে সেই টাকা গ্রাহ্য করিলে, তিনি আদালতে সেই মর্ম্মের বর্ণনাপত্র অর্পণ করিবেন ও আদালত তদনুসারে নিস্পত্তি করিবেন। ও খরচার যত টাকা যাঁহার দিতে হইবে ইহার আজ্ঞা করিতে গেলে ঐ বিবাদ উপস্থিত করণে কোন্ পক্ষের দোষ অধিক আদালত ইহা বিবেচনা করিয়া ঐ আজ্ঞা করিবেন ইতি।

Illustrations

উদাহরণ।

(*a*) A owes B Rs 100 B sues A for the amount having made no demand for payment and having no reason to believe that the delay caused by making a demand would place him at a disadvantage On the plaint being filed A pays the money into Court B accepts it in full satisfaction of his claim but the Court should not allow him any costs the litigation being presumably groundless on his part

(ক) আনন্দ বলরামের ১০ টাকা ধারেন। বলরাম তাঁহার স্থানে সেই টাকা না চাহিয়া ও চাহিলে যে বিলম্ব হইতে পারে তদ্দ্বারা তাহার হানি যে হইবে এমত বোধ করিবার কোন কারণ না জানিয়াও আনন্দের নামে সেই টাকা পাইবার মোকদ্দমা উপস্থিত করেন। আবেদনপত্র দেওয়া গেলেই আনন্দ আদালতে ঐ টাকা গচ্ছিত করিলেন। বলরাম আপনার সম্পূর্ণ দাওয়ার পরিশোধে ঐ টাকা গ্রাহ্য করেন। কিন্তু তাঁহার খরচা পাইবার আজ্ঞা করা আদালতের কর্ত্তব্য নয় যে হেতুক তাঁহার মোকদ্দমা উপস্থিত করিবার কোন কারণ ছিল না ইহার অনুমান হইতে পারে।

(*b*) B sues A under the circumstances mentioned in illustration (*a*) On the plaint being filed A disputes the claim Afterwards A pays the money into Court B accepts it in full satisfaction of his claim The Court should also give B his costs of suit A's conduct having shown that the litigation was necessary

(খ)। (ক) উদাহরণের উল্লিখিত ভাবগতিকে বলরাম আনন্দের নামে মোকদ্দমা উপস্থিত করেন। ও আবেদনপত্র অর্পণ করা গেলে আনন্দ প্রথমে সেই দাওয়ার প্রতিবাদ করিয়া পরে আদালতে ঐ টাকা গচ্ছিত করেন। বলরামও আপন সম্পূর্ণ দাওয়ার পরিশোধে ঐ টাকা লন। এই স্থলে বলরামের মোকদ্দমার খরচাও পাইবার আজ্ঞা করা আদালতের কর্ত্তব্য যে হেতুক আনন্দের আচরণদ্বারা সেই মোকদ্দমা উপস্থিত করা আবশ্যক বলিয়া দেখা গেল।

(*c*) A owes B Rs 100 and is willing to pay him that sum without suit B claims Rs 150 and sues A for that amount On the plaint being filed A pays Rs 100 into Court and disputes only his liability to pay the remaining Rs 50 B accepts the Rs 100 in full satisfaction of his claim The Court should order him to pay A's costs

(গ) আনন্দ বলরামের ১০ টাকা ধারেন ও মোকদ্দমা বিনা তাঁহাকে সেই টাকা দিতে সম্মত হন। বলরাম ১৫ টাকার দাওয়া করিয়া তজ্জন্যে মোকদ্দমা উপস্থিত করেন। আবেদনপত্র অর্পণ করা গেলে আনন্দ ১ টাকা আদালতে গচ্ছিত করিয়া বাকী ৫ টাকার দায়ী নই বলিয়া প্রতিবাদ করেন। পরে বলরাম সম্পূর্ণ দাওয়ার পরিশোধে ঐ টাকা গ্রহণ করিলেন আনন্দের খরচও তাঁহার দিবার আজ্ঞা করা আদালতের কর্ত্তব্য।

CHAPTER XXIV

OF REQUIRING SECURITY FOR COSTS

২৪ চতুর্ব্বিংশ অধ্যায়।

খরচার জামিন লওন বিষয়ক বিধি।

When security for costs is to be furnished by plaintiff on presenting plaint

380 When the plaintiff ordinarily resides out of British India, and does not possess any sufficient immoveable property within British India independent of the property in suit, he shall, if any defendant so requires, on presenting the plaint or within such time as the Court may fix, furnish security for the payment of the costs that may be incurred by the defendant

আবেদনপত্র উপস্থিত করণ সময়ে বাদির যেস্থলে খরচার জামিন দিতে হইবে তাহার কথা।

৩৮০ ধারা। বাদী সচরাচর ব্রিটনীয় ভারতবর্ষের বহিভূ্ত স্থানে বাস করিলে ও মোকদ্দমায় যে সম্পত্তি লিপ্ত আছে তদ্ভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে তাঁহার প্রচুর স্থাবর সম্পত্তি না থাকিলে, কোন প্রতিবাদী আদেশ করিলে প্রতিবাদির যে খরচা হইতে পারিবে বাদী আবেদনপত্র উপস্থিত করণসময়ে কিম্বা আদালত যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্যে ঐ খরচা দিবার জামিন দিবেন ইতি।

381 If at any subsequent stage of a suit it appears to the Court that a sole plaintiff is or (when there are more plaintiffs than one) that all the plaintiffs are, residing out of British India, and such plaintiff or plaintiffs does not or do not possess any sufficient immoveable property within British India independent of the property in suit, the Court may, on the application of any defendant, order the plaintiff or plaintiffs within a time to be fixed by the order to give security for the payment of all costs incurred and likely to be incurred by such defendant

When security for costs may be required from plaintiff at any stage of suit

In the event of such security not being furnished within the time so fixed the Court shall pass a decree against the plaintiff or plaintiffs by default unless he or they be permitted to withdraw from the suit under the provisions of section 373

Procedure where requisition is not complied with

382 A person is considered to be resident out of British India within the meaning of sections 380 and 381 who leaves British India under such circumstances as to afford reasonable probability that he will not be forthcoming whenever he may be called upon to pay costs

Residence out of British India

৩৮১ ধারা। এক জন বাদী হইলে তিনি কিম্বা একাধিক জন বাদী থাকিলে তাঁহারা সকলে ব্রিটনীয় ভারতবর্ষের বহিভূত স্থানে বাস করেন ও মোকদ্দমায় যে সম্পত্তি লিপ্ত আছে তদ্ভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে ঐ বাদির কি বাদিদের প্রচুর স্থাবর সম্পত্তি নাই, মোকদ্দমা চলনের কোন সময়ে আদালত ইহা জানিতে পাইলে কোন প্রতিবাদির যত টাকা খরচ হইয়াছে ও আর যত হইবার সম্ভাবনা ঐ প্রতিবাদির প্রার্থনামতে বাদিকে কি বাদিদিগকে আজ্ঞাপত্রের নিরূপিত সময়ের মধ্যে তত টাকা খরচা শোধের জামিন দিবার আজ্ঞা করিতে পারিবেন।

মোকদ্দমা চলিবার কোন সময়ে বাদির স্থানে খরচার জামিন যে স্থলে লওয়া যাইতে পারিবে তাহার কথা।

ঐ নিদ্ধারিত সময়ের মধ্যে সেই জামিন না দেওয়া গেলে এবং ৩৭৩ ধারার বিধানমতে ঐ বাদী কি বাদিরা মোকদ্দমাহইতে অবসর লইবার অনুমতি না পাইলে, আদালত ত্রুটি হেতু বাদির কি প্রতিবাদির বিপক্ষে ডিক্রী করিবেন ইতি।

সেই আজ্ঞামতে কর্ম্ম না করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

৩৮২ ধারা। কোন ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষহইতে যে ভাবগতিকে চলিয়া যান তদ্বিবেচনায় খরচ দিবার আজ্ঞা হইলে তাঁহাকে পাওয়া যাইবে না সঙ্গতমতে এমত অনুভব থাকিলে ৩৮০ ও ৩৮১ ধারার মর্ম্মানুসারে তাঁহাকে ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থান বাসী বলিয়া জ্ঞান হইবে ইতি।

ব্রিটনীয় ভারতবর্ষের বহিভূত স্থানে বাস করার অর্থের কথা।

CHAPTER XXV

Of Commissions

A —Commissions to examine Witnesses

২৫ পঞ্চবিংশ অধ্যায়।

ক্ষমতাপত্র বিষয়ক বিধি।

ক।—সাক্ষিদের সাক্ষ্য লইবার ক্ষমতাপত্রের কথা।

383 Any Court may by order issue a commission for the examination on interrogatories or otherwise of persons resident within the local limits of its jurisdiction, who are exempted under this Code from attending the Court, or who are from sickness or infirmity unable to attend it

Cases in which Court may issue commission to examine witness

৩৮৩ ধারা। কোন আদালতের এলাকার সীমার মধ্যবাসি যে ব্যক্তিরা আদালতে প্রবেশহইতে মুক্ত হন কিম্বা, পীড়া কি দুর্ব্বলতাপ্রযুক্ত আদালতে যাইতে না পারেন, আদালত আজ্ঞা করিয়া প্রশ্নক্রমে কিম্বা প্রকারান্তরে তাঁহাদের সাক্ষ্য লইবার ক্ষমতাপত্র দিতে পারিবেন ইতি।

যে স্থলে সাক্ষিদের সাক্ষ্য লইবার ক্ষমতাপত্র দেওয়া যাইতে পারে তাহার কথা।

384 Such order may be made by the Court either of its own motion, or on the application, supported by affidavit, of any party to the suit or proceeding or of the witness to be examined

Order for commission may be made either on application of parties or by Court of its own accord

৩৮৪ ধারা। আদালত আপনার প্রবৃত্তিমতে কিম্বা মোকদ্দমার কি আনুষ্ঠানিক কার্য্যের কোন পক্ষের কিম্বা যে ব্যক্তির সাক্ষ্য লইতে হইবে তাঁহার আফিডেবিট ক্রমে প্রতিপোষিত প্রার্থনামতে ঐ আজ্ঞা করিতে পারিবেন ইতি।

কোন পক্ষের প্রার্থনামতে কিম্বা আদালতের নিজ বিবেচনামতে ক্ষমতাপত্র দিবার আজ্ঞার কথা।

385 The commission for the examination of a person who resides within the local limits of the jurisdiction of the Court issuing the same may be issued to any person whom the Court issuing the commission thinks proper to appoint to execute the same

When witness resides within Court's jurisdiction

৩৮৫ ধারা। যে আদালতহইতে ক্ষমতাপত্র বাহির হয় সেই আদালতের এলাকার সীমার মধ্যবাসি কোন ব্যক্তির সাক্ষ্য লইবার ঐ ক্ষমতাপত্র দেওয়া গেলে যে আদালতহইতে বাহির হয় সেই আদালত ঐ ক্ষমতা পত্রমতে কার্য্য করণার্থে যে ব্যক্তিকে নিযুক্ত করা উচিত জ্ঞান করেন তাঁহাকে দেওয়া যাইতে পারিবে।

সাক্ষী আদালতের এলাকার মধ্যে বাস করিলে তদ্বিষয়ের কথা।

Provided that where the Court issuing the commission is subordinate to a District Court and is not a Court of Small Causes, the exercise of the power conferred by this section shall be subject to such rules as the District Court may from time to time prescribe, as to the officers or persons to whom commissions may be issued

কিন্তু যে আদালতহইতে ক্ষমতাপত্র বাহির হয় তাহা ক্ষুদ্র মোকদ্দমার আদালত না হইয়া জিলার আদালতের অধীন থাকিলে, যে আমলাগণকে বা যে ব্যক্তিদিগকে ক্ষমতাপত্র দেওয়া যাইতে পারিবে এতদ্বিষয়ে জিলার আদালত সময়েং যেং বিধি প্রণয়ন করেন সেইং বিধি মানিয়া এই ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করা যাইবে ইতি।

386 Any District Court and any Court of Small Causes may issue a commission for the examination of—

When witness resides beyond Court's jurisdiction but in British India

৩৮৬ ধারা। কোন জিলার আদালত ও ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালত নিম্ন লিখিত ব্যক্তিদের সাক্ষ্য লইবার ক্ষমতাপত্র দিতে পারিবেন, বিশেষত

সাক্ষী আদালতের এলাকার বহির্ভূত কিন্তু ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত স্থানে বাস করিলে তদ্বিষয়ের কথা।

(a) any person resident beyond the local limits of its jurisdiction

(ক) যে ব্যক্তি ঐ আদালতের এলাকার সীমার বহির্ভূত স্থানে বাস করেন তাঁহার

(b) persons who are about to leave such limits before the date on which they are required to be examined in Court, and

(খ) আদালতে যে তারিখে সাক্ষ্য দিবার আদেশ থাকে যে ব্যক্তিরা সেই তারিখের পূর্ব্বে ঐ আদালতের এলাকার সীমার বাহিরে যাইতে উদ্যত হন তাঁহাদের

(c) civil and military officers of Government who cannot in the opinion of the Judge attend the Court without detriment to the public service

(গ) বিচারপতির বিবেচনামতে গবর্ণমেন্টের দেওয়ানী ও সৈনিক যে কার্য্যকারকেরা রাজকীয় কার্য্যের হানি না করিয়া আদালতে উপস্থিত হইতে না পারেন তাঁহাদের।

If the suit in which it is desired to issue such commission be pending in any Court (other than a Court of Small Causes) subordinate to the District Court the District Court may issue it on the application of such subordinate Court

যে মোকদ্দমায় তদ্রূপ ক্ষমতাপত্র দিবার কল্পনা থাকে তাহা ক্ষুদ্র মোকদ্দমার আদালতভিন্ন জিলার আদালতের অধীন কোন আদালতে উপস্থিত থাকিলে, ঐ অধীন আদালতের প্রার্থনামতে জিলার আদালত ঐ ক্ষমতাপত্র দিতে পারিবেন।

Such commission shall ordinarily be issued to any Court not being a High Court, within the local limits of whose jurisdiction such person resides, and which can most conveniently execute the same

ঐ ব্যক্তি যে আদালতের এলাকার সীমার মধ্যে বাস করেন ও যে আদালতের দ্বারা সুবিধামতে ঐ ক্ষমতা পত্রানুসারে কার্য্য করা যাইতে পারে, এ পত্র হাই কোর্ট ছাড়া সচরাচর এমত আদালতে দেওয়া যাইবে।

Provided that if he resides beyond the local limits of the jurisdiction of the Court issuing the commission and within the towns of Calcutta, Madras, Bombay, or Rangoon, the commission shall be issued to the Court of Small Causes within whose jurisdiction he resides

When witness is within local limits of ordinary original civil jurisdiction of a High Court

কিন্তু যে আদালতহইতে ক্ষমতাপত্র বাহির হয়, উক্ত ব্যক্তি সেই আদালতের এলাকার সীমার বহির্ভূত ও কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই কি রাঙ্গুণ নগরে বাস করিলে তিনি ক্ষুদ্র মোকদ্দমার যে আদালতের এলাকার মধ্যে বাস করেন ঐ ক্ষমতাপত্র সেই আদালতে, দেওয়া যাইবে।

দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচারকরণপক্ষে হাই কোর্টের সাধারণ ক্ষমতাধীন স্থানে সাক্ষী বাস করিলে তদ্বিষয়ের কথা।

Provided also that, under special circumstances, the commission may be directed to any person whom the Court issuing the commission thinks fit to appoint

কিন্তু যে আদালতহইতে ক্ষমতাপত্র বাহির হয়, গতিক বিশেষে সেই আদালত যে ব্যক্তিকে নিযুক্ত করা উচিত বোধ করেন ঐ ক্ষমতাপত্র সেই ব্যক্তির নামে দেওয়া যাইতে পারিবে।

The Court on issuing any commission under this section shall direct whether the commission shall be returned to itself or to any subordinate Court

আদালত এই ধারামতে কোন ক্ষমতাপত্র দিলে আপনার নিকট কিম্বা অধীন কোন আদালতের নিকট ঐ ক্ষমতাপত্র ফিরিয়া আনিতে হইবে এই বিষয়ের আজ্ঞা করিবেন ইতি।

387 In the case of a person residing at any place not within British India the Court, if satisfied that the evidence of such person is necessary may of its own motion or on the application of any of the parties to the suit issue a commission for his examination

When witness is not within British India

৩৮৭ ধারা। যে ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে বাস না করেন এমত ব্যক্তির সাক্ষ্য লওয়া আবশ্যক আদালত ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে আপনার প্রবৃত্তিতে কিম্বা মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনামতে তাঁহার সাক্ষ্য লইবার ক্ষমতাপত্র দিতে পারিবেন ইতি।

সাক্ষী ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে না থাকিলে তাঁহার কথা।

388 Every Court receiving a commission for the examination of any person shall examine him pursuant thereto

Court to examine witness pursuant to commission

৩৮৮ ধারা। কোন আদালত কোন ব্যক্তির সাক্ষ্য লইবার নিমিত্ত ক্ষমতাপত্র পাইলে তদনুসারে তাঁহার সাক্ষ্য লইবেন ইতি।

ক্ষমতাপত্রঅনুসারে সাক্ষিদের সাক্ষ্য লইতে হইবার কথা।

389 After the commission has been duly executed it shall be returned together with the evidence taken under it, to the Court out of which it issued unless the order for issuing the commission has otherwise directed in which case the commission shall be returned in terms of such order and the commission and the return thereto, and the evidence taken under it, shall form part of the record of the suit

Commission when executed to be returned to Court issuing it with deposition of witnesses

৩৮৯ ধারা। ক্ষমতাপত্রানুসারে রীতিমতে কার্য্য করা গেলে পর যে আদালত হইতে ক্ষমতাপত্র বাহির হইয়াছিল সেই আদালতে সাক্ষিদের সাক্ষ্য সহিত ফিরিয়া পাঠাইতে হইবে। কিন্তু যে আজ্ঞামতে ক্ষমতাপত্র দেওয়া গেল তন্মধ্যে অন্য প্রকারের আদেশ থাকিলে তদনুসারে ঐ ক্ষমতাপত্র ফিরিয়া পাঠাইতে হইবে এবং সেই পত্র তাহার প্রত্যাবর্ত্তন ও তদনুসারে যে সাক্ষ্য লওয়া গেল তাহা সকলই মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে ইতি।

ক্ষমতাপত্রমতে কার্য্য করা গেলে পর সাক্ষিদের সাক্ষ্য সহিত আদালতে ফিরিয়া পাঠাইবার কথা।

390 Evidence taken under a commission shall not be read as evidence in the suit without the consent of the party against whom the same is offered unless

When depositions may be read in evidence

(*a*) the person who gave the evidence is beyond the jurisdiction of the Court, or dead or unable from sickness or infirmity to attend to be personally examined, or exempted from personal appearance in Court, or

(*b*) the Court in its discretion dispenses with the proof of any of the circumstances mentioned in the last preceding clause, and authorizes the evidence of any person being read as evidence in the suit, notwithstanding proof that the cause for taking such evidence by commission has ceased at the time of reading the same

৩৯০ ধারা। ক্ষমতাপত্রমতে যে সাক্ষ্য লওয়া যায় তাহা যে পক্ষের প্রতিকূলে দেওয়া যায় তাঁহার অনুমতি বিনা মোকদ্দমায় প্রমাণ স্বরূপে পাঠ করা যাইবে না।

ঐ সাক্ষ্য যে স্থলে প্রমাণ স্বরূপ পাঠ করা যাইতে পারিবে তাহার কথা।

(ক) কিন্তু যে ব্যক্তি ঐ সাক্ষ্য দিলেন তিনি আদালতের এলাকার বহির্ভূত স্থানে থাকিলে, কিম্বা মৃত হইলে কিম্বা পীড়িত কি দুর্ব্বল হওয়াপ্রযুক্ত স্বয়ং সাক্ষ্য দিবার জন্যে উপস্থিত হইতে না পারিলে, কিম্বা আদালতে প্রবেশনহইতে মুক্ত থাকিলে, অথবা

(খ) আদালত স্বীয় বিবেচনামতে ইহার পূর্ব্বপ্রকরণের উল্লিখিত কোন ভাবগতিকের প্রমাণ লওয়া অনাবশ্যক জ্ঞান করিয়া মোকদ্দমায় কোন ব্যক্তির সাক্ষ্য প্রমাণ স্বরূপে পাঠ করিবার অনুমতি দিলে, পাঠ করিবার সময়ে ক্ষমতাপত্র দ্বারা সেই সাক্ষ্য লইবার কারণ রহিত হওয়ার প্রমাণ হইলেও তাহা পাঠ করা যাইবে ইতি।

391 The provisions hereinbefore contained as to the execution and return of commissions shall apply to commissions issued by

Provisions as to execution and return of commissions to apply to commissions issued by Foreign Courts.

(*a*) Courts situate beyond the limits of British India and established by the authority of Her

৩৯১ ধারা। ক্ষমতাপত্রমতে কার্য্য করণ ও তাহার ফিরিয়া দেওন বিষয়ক পূর্ব্বোক্ত সকল বিধান এই২ আদালতের প্রচারিত ক্ষমতাপত্রের প্রতি খাটিবে বিশেষত

ক্ষমতাপত্রমতে কার্য্য করণের ও তাহা ফিরিয়া দিবার বিধান ভিন্নদেশীয় আদালতের ক্ষমতাপত্রের প্রতি খাটিবার কথা।

(ক) ব্রিটনীয় ভারতবর্ষের সীমার বহির্ভূত স্থানে শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর

Majesty or of the Governor General in Council, or

(*b*) Courts situate in any part of the British Empire other than British India, or

(*c*) Courts of any foreign country for the time being in alliance with Her Majesty

B.—Commissions for Local Investigations

Commission to make local investigations

392 In any suit or proceeding in which the Court deems a local investigation to be requisite or proper for the purpose of elucidating any matter in dispute or of ascertaining the market value of any property, or the amount of any mesne profits or damages or annual nett profits, and the same cannot be conveniently conducted by the Judge in person the Court may issue a commission to such person as it thinks fit directing him to make such investigation and to report thereon to the Court

Provided that when the Local Government has made rules as to the persons to whom such commission shall be issued the Court shall be bound by such rules

Commissioner may examine parties and witnesses and call for papers

393 The Commissioner unless otherwise directed by the order of appointment may examine the parties themselves and any witness whom they or any of them may produce and any other person whom the Commissioner thinks proper to call upon to give evidence in the matter referred to him

The Commissioner may also call for and examine documents and other papers relevant to the subject of enquiry

The Commissioner, after such local inspection as he deems necessary, and after reducing to writing the evidence taken by him, shall return such evidence, together with his report in writing, subscribed with his name, to the Court

Report and depositions to be evidence in suit

394 The report of the Commissioner and the evidence taken by him (but not the evidence without the report) shall be evidence in the suit, and shall form part of the record, but the Court, or any of the parties to the suit may, with the permission of the Court, examine the Commissioner personally in open Court touching any of the matters referred to him

Commissioner may be examined in person

নর জেনরল সাহেবের অনুমতিক্রমে স্থাপিত আদালতের। কিম্বা,

(খ) ব্রিটনীয় ভারতবর্ষভিন্ন ব্রিটনীয় সাম্রাজ্যের কোন অংশে স্থাপিত আদালতের। কিম্বা,

(গ) শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে যৎকালে যে ভিন্ন দেশ সন্ধিবদ্ধ থাকে সেই দেশের কোন আদালতের ইতি।

খ।—স্থানীয় অনুসন্ধান লওযার জন্যে ক্ষমতাপত্র বিষয়ক বিধি।

স্থানবিশেষে অনুসন্ধান লওনার্থ ক্ষমতাপত্রের কথা।

৩৯২ ধারা। কোন মোকদ্দমা কি আনুষ্ঠানিক কার্য্য সংক্রান্ত বিবাদীয় বিষয় স্পষ্ট বুঝিবার জন্যে কিম্বা কোন সম্পত্তির বাজার দর কিম্বা ওয়াসিলাৎ কিম্বা যত টাকা হানি কিম্বা বৎসরের নিট যত টাকা লভ্য হয় ইহা নিশ্চয়মতে জানিয লইবার নিমিত্ত স্থানবিশেষে অনুসন্ধান লওয়া আবশ্যক কি উচিত আদালতের এমত বিবেচনা থাকিলে ও বিচারপতি স্বয় সুবিধামতে ঐ অনুসন্ধান লইতে না পারিলে আদালত যে ব্যক্তিকে উপযুক্ত বলিযা জ্ঞান করেন তাহাকে ক্ষমতাপত্র দিয়া ঐ অনুসন্ধান লইয়া আদালতে রিপোর্ট করিতে আজ্ঞা দিতে পারিবেন।

কিন্তু তদ্রূপ ক্ষমতাপত্র যে ব্যক্তিদিগকে দিতে হইবে স্থানীয় গবর্ণমেণ্ট এই বিষয়ের কোন বিধি করিযা থাকিলে আদালত সেই বিধিতে বদ্ধ থাকিবেন ইতি।

উভয়পক্ষের ও সাক্ষিদের সাক্ষ্য লইতে ও কাগজপত্র আনাইতে আমীনের ক্ষমতার কথা।

৩৯৩ ধারা। আমীনের নিযোগপত্রের মধ্যে প্রকারান্তরের আজ্ঞা না থাকিলে তিনি উভয় পক্ষের সাক্ষ্য ও তাঁহারা কিম্বা তাঁহাদের কোন ব্যক্তি যে সাক্ষিকে আনান তাঁহার সাক্ষ্য, ও আমীনের প্রতি যে বিষয় অর্পণ করা গেল তৎসম্পর্কে সাক্ষ্য দিবার জন্যে আর যে কোন ব্যক্তিকে আহ্বান করা উচিত বোধ করেন তাঁহার সাক্ষ্য লইতে পারিবেন।

আর যে বিষয়ের অনুসন্ধান লন তৎসম্পর্কীয় যেহ দলীল ও অন্য কাগজপত্র থাকে ঐ আমীন তাহাও আনাইয়া দেখিতে পারিবেন।

স্থানবিশেষে যতদূর দেখা আবশ্যক বোধ করেন তাহা দেখিযা লইলে পর এবং আপনি যে সাক্ষ্য লইযাছেন সেই সাক্ষ্য লিখিয়া লইলে পর ঐ আমীন ঐ সাক্ষ্য ও আপনার রিপোর্ট লিখিয়া স্বাক্ষর করিয়া আদালতে পাঠাইবেন ইতি।

মোকদ্দমায় ঐ রিপোর্ট ও সাক্ষ্য প্রমাণস্বরূপ হওয়ার কথা।

৩৯৪ ধারা। আমীনের রিপোর্ট ও তিনি যে সাক্ষ্য লন তাহা মোকদ্দমার প্রমাণের মধ্যে ধরিয়া কাগজপত্রের একাংশ হইবে (কিন্তু রিপোর্ট বিনা ঐ সাক্ষ্য তদ্রূপে গ্রাহ্য হইবে না।) আমীনের প্রতি যেহ বিষয় অর্পণ করা যায়, কিম্বা তাঁহার রিপোর্টের মধ্যে যেহ কথা লেখা যায় তদ্বিষয়ে, কিম্বা তিনি ঐ অনুসন্ধানের কার্য্য যে প্রকারে চালাইলেন

আমীনের সাক্ষ্য লওয়ার কথা।

or mentioned in his report, or as to the manner in which he has made the investigation

C.—Commissions to examine Accounts

395 In any suit in which an examination or adjustment of accounts is necessary the Court may issue a commission to such person as it thinks fit directing him to make such examination or adjustment

Commission to investigate and adjust accounts

396 The Court shall furnish the Commissioner with such part of the proceedings and such detailed instructions as appear necessary

Court to give Commissioner necessary instructions

and the instructions shall distinctly specify whether the Commissioner is merely to transmit the proceedings which he may hold on the enquiry or also to report his own opinion on the point referred for his examination

397 The proceedings of the Commissioner shall be received in evidence in the suit unless the Court has reason to be dissatisfied with them in which case the Court shall direct such further enquiry as is requisite

Proceedings of Commissioner to be evidence. Further enquiry

D.—General Provisions

398 Before issuing any commission under this chapter the Court may order such sum (if any) as it thinks reasonable for the expenses of the commission to be paid into Court by the party at whose instance or for whose benefit the commission is issued

Expenses of Commission to be paid into court

399 The provisions of this Code relating to the summoning, attendance and examination of witnesses and to the remuneration of and penalties to be imposed upon, witnesses shall apply to persons required to give evidence or to produce documents under this chapter, whether the commission in execution of which they are so required has been issued by a Court situate within or by a Court situated beyond the limits of British India

Attendance and examination and punishment of witnesses before Commissioner

তদ্বিষয়ে আদালত, কিম্বা আদালতের অনুমতি লইয়া মোকদ্দমার কোন পক্ষ মুক্তদ্বার আদালতে নিজ সেই আমীনের সাক্ষ্য লইতে পারিবেন ইতি।

গ।—হিসাব দেখিয়া লইবার ক্ষমতাপত্র বিষয়ক বিধি।

৩৯৫ ধারা। কোন মোকদ্দমায় হিসাব দেখিয়া লও যাব কি নিষ্পত্তি করার প্রয়োজন হইলে আদালত যে ব্যক্তিকে উপযুক্ত বলিয়া বোধ করেন তাঁহাকে ঐ হিসাব দেখিয়া লইবার কি নিষ্পত্তি করিবার আজ্ঞা সূচক ক্ষমতাপত্র দিতে পারিবেন ইতি।

হিসাব দেখিয়া নিষ্পত্তি করিবার ক্ষমতাপত্রের কথা।

৩৯৬ ধারা। আমীনকে মোকদ্দমার আনুষ্ঠানিক কার্য্যের যে অংশ ও বিস্তারিত যে উপদেশ দেওয়া প্রয়োজন আদালত তাঁহাকে তাহা দিবেন

আমীনকে আদালতে প্রয়োজনীয় উপদেশ দেওয়ার কথা।

এবং আমীন সেই অনুসন্ধান লওন সম্পর্কে যে কারকার্য্য করেন কেবল তাহাই পাঠাইবেন, না তাহার অনুসন্ধান লওয়ার জন্যে যে বিষয় অর্পিত হইল সেই বিষয়ে আপনার অভিমতেরও রিপোর্ট করিবেন ঐ উপদেশপত্রে এই কথা স্পষ্ট লেখা থাকিবে ইতি।

৩৯৭ ধারা। মোকদ্দমায় আমীনের কারকার্য্য প্রমাণ স্বরূপ গ্রাহ্য হইবে। কিন্তু তাহাতে আদালতের সন্তুষ্ট না হওয়ার কারণ থাকিলে আর যে অনুসন্ধান লওয়া আবশ্যক তাহা লইবার আজ্ঞা করিবেন ইতি।

আমীনের কারকার্য্য প্রমাণ স্বরূপ গ্রাহ্য হইতে পারিবার কথা।

আরো অনুসন্ধান লওয়ার ক্ষমতার কথা।

ঘ।—সাধারণ বিধান।

৩৯৮ ধারা। যে পক্ষের অনুরোধে কিম্বা যাহার হিতার্থে উক্ত প্রকারের ক্ষমতাপত্র দেওয়া যায়, আদালত তৎসম্পর্কীয় খরচ বলিয়া যত টাকা সঙ্গত বোধ করেন এই অধ্যায়মতে ক্ষমতাপত্র দিবার পূর্ব্বে তাঁহাকে তত টাকা আদালতে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

আমীনের খরচ আদালতে দিতে হইবার কথা।

৩৯৯ ধারা। এই আইনের মধ্যে সাক্ষিদের নামে সমন দেওনের ও তাঁহাদের উপস্থিত হওয়ার ও সাক্ষ্য দেওয়ার ও পারিশ্রমিক পাইবার, এবং তাঁহাদের উপর যে দণ্ড ধার্য্য হয় তদ্বিষয়ের যেই বিধান আছে, তাঁহাদের প্রতি যে ক্ষমতাপত্রানুসারে সেই কার্য্য করিবার আদেশ থাকে তাহা ব্রিটনীয় ভারতবর্ষের সীমার অন্তর্গত বা বহির্ভূত স্থানে স্থাপিত আদালত হইতে বাহির হইলেও এই অধ্যায়মতে যে ব্যক্তিদিগকে সাক্ষ্য দিবার কি দলীল আনিয়া দেখাইবার আজ্ঞা হয় তাঁহাদেরও প্রতি সেই বিধান খাটে ইতি।

আমীনের সম্মুখে সাক্ষিদের উপস্থিত হওয়ার ও সাক্ষ্য দেওয়ার ও দণ্ডের কথা।

400 Whenever a commission is issued under this chapter the Court shall direct that the parties to the suit shall appear before the Commissioner in person or by their agents or pleaders

Procedure *ex parte* where parties do not appear

If the parties do not so appear the Commissioner may proceed *ex parte*

PART III

OF SUITS IN PARTICULAR CASES

CHAPTER XXVI

Suits by Paupers

401 Subject to the following rules any suit may be brought by a pauper

Suits may be brought *in forma pauperis*

Explanation—A person is a pauper' when he is not possessed of sufficient means to enable him to pay the fee prescribed for by law for the plaint in such suit, or where no such fee is prescribed when he is not entitled to property worth one hundred rupees other than his necessary wearing apparel and the subject matter of the suit

402 No suit shall be brought by a pauper to recover compensation for loss of caste libel, slander, abusive language or assault

What suits excepted

403 The application for permission to sue by a pauper shall be in writing and shall contain the particulars required by section 50 in regard to plaints in suits a schedule of any moveable or immoveable property belonging to the petitioner with the estimated value thereof, shall be annexed thereto, and it shall be subscribed and verified in the manner hereinbefore prescribed for the subscription and verification of plaints

Application to be in writing

Contents of application

404 Notwithstanding anything contained in section 40, the application shall be presented to the Court by the applicant in person unless he is exempted from appearing in Court under section 642 or 643, in which case the application may be presented by a duly authorized agent, who can answer all material questions relat-

Presentation of application

৪০০ ধারা। এই অধ্যায়মতে ক্ষমতাপত্র দেওয়া গেলে, আদালত মোকদ্দমার উভয় পক্ষকে নিজে কিম্বা আপনং মোক্তারের কি উকীলের দ্বারা আমীনের সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা দিবেন।

এক পক্ষ উপস্থিত না হইলে কার্য্যপ্রণালীর কথা।

উভয় পক্ষ তদ্রূপে উপস্থিত না হইলে আমীন এক পক্ষের উপস্থিত হওনমতে কার্য্যানুষ্ঠান করিবেন ইতি।

তৃতীয় ভাগ।

বিশেষ২ স্থলের মোকদ্দমাবিষয়ক বিধি।

২৬ ষডবিংশ অধ্যায়।

পাপরদের মোকদ্দমার কথা।

৪০১ ধারা। নিম্নলিখিত বিধি মানিয়া পাপর দ্বারা কোন মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে।

পাপরস্বরূপ মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

ব্যাখ্যা।—আইনমতে মোকদ্দমার আবেদন পত্রের যে ফী নির্দ্দিষ্ট আছে কোন ব্যক্তির সেই ফী দিবার উপযুক্ত সঙ্গতি না থাকিলে, কিম্বা তদ্রূপ ফী নির্দ্দিষ্ট না হইলে গাত্রের প্রয়োজনীয় বস্ত্র ও মোকদ্দমার বিবাদীয় বিষয়ভিন্ন যাহার এক শত টাকা মূল্যের সম্পত্তি পাইবার স্বত্ব নাই তিনিই 'পাপর'।

৪০২ ধারা। জাতিভ্রষ্ট হওযার কি অপবাদের কি অখ্যাতি করণের কি গালী দেওযার কি আক্রমণ করার দ্বারা যে হানি হয় পাপর দ্বারা সেই হানিপূরণ পাইবার মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে না ইতি।

যেং প্রকারের মোকদ্দমা বর্জিত হইবে তাহার কথা।

৪০৩ ধারা। পাপর মোকদ্দমা উপস্থিত করিতে অনুমতি প্রার্থনা করিলে তাহা লিখিয়া দিবেন। ও ৫০ ধারামতে মোকদ্দমার আবেদনপত্রে যেং বৃত্তান্ত লিখিতে হইবে ঐ প্রার্থনা পত্রে সেইং বৃত্তান্ত থাকিবে। আর প্রার্থকের স্থাবর কি অস্থাবর যে সম্পত্তি থাকে ও তাহার অনুমান যত মূল্য হয় ইহার তফসীল ঐ প্রার্থনাপত্রে সংযোগ করিয়া দিতে হইবে। এবং আবেদনপত্রে স্বাক্ষর করিবার ও সত্যাকরণের কথা লিখিবার যে নিয়ম পূর্ব্বে নির্দ্ধারিত হইয়াছে, ঐ প্রার্থনাপত্রেও সেইরূপে স্বাক্ষর করা ও সত্যাকরণের কথা লেখা যাইবে ইতি।

ইষ্টাম্প কাগজে প্রার্থনাপত্র দিতে হইবার কথা।

প্রার্থনাপত্রের মর্ম্মের কথা।

৪০৪ ধারা। ৪০ ধারায় প্রকারান্তরের বিধান থাকিলেও, প্রার্থক আপনি আদালতে গিয়া প্রার্থনাপত্র দিবেন। কিন্তু ৬৪২ বা ৬৪৩ ধারামতে আদালতে প্রবেশনহইতে মুক্ত থাকিলে নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত যে মোক্তার ঐ প্রার্থনাসম্পর্কীয় সকল ভারিং প্রশ্নের উত্তর দিতে পারেন, এবং তিনি যে ব্যক্তির প্রতিনিধি হন তিনি নিজেই উপস্থিত হইলে

প্রার্থনাপত্র উপস্থিত করিবার কথা।

ing to the application, and who shall be liable to be examined in the same manner as the party represented by him might have been examined had such party attended in person

তাঁহার সাক্ষ্য যেরূপে লওয়া যাইতে পারিত সেইরূপে যাঁহার সাক্ষ্য লওয়া যাইতে পারে এমত মোক্তারের দ্বারা ঐ প্রার্থনাপত্র উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

Rejection of application

405 If the application be not framed or presented in the manner laid down in sections 403 and 404, the Court shall reject it

প্রার্থনাপত্র অগ্রাহ্য করণের কথা।

৪০৫ ধারা। ৪০৩ ও ৪০৪ ধারার নিদ্ধারিতমতে প্রার্থনাপত্র লেখা না গেলে কি উপস্থিত করা না গেলে আদালত তাহা অগ্রাহ্য করিবেন ইতি।

Examination of applicant

406 If the application be in form and duly presented the Judge shall examine the petitioner or his agent when the applicant is allowed to appear by agent regarding the merits of the claim and the property of the applicant

প্রার্থকের পরীক্ষা লওনের কথা।

৪০৬ ধারা। প্রার্থনাপত্র দাঁড়ামতে লেখা গেলে ও নিয়মমতে উপস্থিত করা গেলে বিচারপতি প্রার্থকের নিকট কিম্বা মোক্তারের দ্বারা উপস্থিত হইবার অনুমতি পাইলে মোক্তারের নিকট প্রার্থকের দাওয়ার দোষগুণের ও সম্পত্তির বিষয়ে জিজ্ঞাসা করিবেন।

If presented by agent Court may order applicant to be examined by Commission

When the application is presented by an agent the Court may if it thinks fit order that the applicant be examined by a Commission in the manner in which the examination of an absent witness may be taken under the provisions of this Code

মোক্তারের দ্বারা উপস্থিত করা গেলে আমীনের দ্বারা প্রার্থকের পরীক্ষা লইবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।

প্রার্থনাপত্র মোক্তারের দ্বারা উপস্থিত করা গেলে এই আইনের বিধানমতে অনুপস্থিত সাক্ষির পরীক্ষা যেরূপে লওয়া যাইতে পারে আদালত বিহিত বোধ করিলে সেইরূপে আমীনের দ্বারা প্রার্থকের পরীক্ষা লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Rejection of application

407 If it appear to the Court upon such examination

(*a*) that the applicant is not a pauper, or

(*b*) that he has within the two months next before the presentation of the application disposed of any property fraudulently or with a view to obtain the benefit of this chapter or

(*c*) that his allegations do not show a right to sue in such Court,

the Court shall reject the application

প্রার্থনা অগ্রাহ্য করণের কথা।

৪০৭ ধারা। তদ্রূপ পরীক্ষা লইয়া

(ক) প্রার্থক পাপর নহেন, কিম্বা

(খ) তিনি প্রার্থনাপত্র উপস্থিত করিবার পূর্ব্ব দুই মাসের মধ্যে প্রতারণাক্রমে কিম্বা এই অধ্যায়মতে উপকার পাইবার আশায় কোন সম্পত্তি হস্তান্তর করিয়াছেন কিম্বা

(গ) তাঁহার কথাদ্বারা ঐ আদালতে মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব দেখা যায় না

আদালত এমত বোধ করিলে তাঁহার প্রার্থনা অগ্রাহ্য করিবেন ইতি

Notice of day for receiving evidence of applicant's pauperism

৪৬০ ধারা। মৃত এক পক্ষের অপ্রাপ্তব্যবহার উত্তরাধিকারির কিম্বা স্থলাভিষিক্ত ব্যক্তির বিপক্ষে ডিক্রী প্রবল করিবার প্রার্থনা হইলে, ঐ নাবালগের মোকদ্দমার উপলক্ষে অভিভাবক নিযুক্ত করা যাইবে ও ডিক্রীদার ঐ অভিভাবকের নামে সেই প্রার্থনা হওয়ার নোটিস লিখিয়া দিবেন ইতি।

যে স্থলে উত্তরাধিকারির কি স্থলাভিষিক্ত ব্যক্তির বিপক্ষে ডিক্রী প্রবল করা যাইতে পারে তাহার কথা।

461 No sum of money or other thing shall be received or taken by a next friend or guardian for the suit at any time on behalf of a minor, at any time before decree or order unless he has first obtained the leave of the Court, and given security to its satisfaction that such money or other thing shall be duly accounted for to, and held for the benefit of such minor

Before decree next friend or guardian ad litem not to receive money without leave of Court and giving security

৪৬১ ধারা। আসন্ন বন্ধু কিম্বা মোকদ্দমার উপলক্ষে অভিভাবক ডিক্রী কি আজ্ঞা হইবার পূর্ব্বে কোন সময়ে আদালতের অনুমতি না পাইলে, ও তাঁহার হাতে যে টাকা কি অন্য বিষয় দেওয়া যায় আদালতের হৃদ্বোধমতে নাবালগকে তাহার উপযুক্ত হিসাব দিবার ও ঐ নাবালগের হিতার্থে তাহা রাখিবার জামিন না দিলে তিনি নাবালগের পক্ষে কোন সময়ে কোন টাকা কি বিষয় গ্রহণ করিবেন না বা লইবেন না ইতি।

ডিক্রী হইবার পূর্ব্বে আদালতের অনুমতি না পাইয়া ও জামিন না দিয়া আসন্ন বন্ধুর কি মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবকের টাকা গ্রহণ না করিবার কথা।

462 No such next friend or guardian for the suit shall enter into any agreement or compromise on behalf of a minor with reference to the suit in which he acts as next friend or guardian without the leave of the Court

Next friend or guardian ad litem not to compromise without leave of Court

৪৬২ ধারা। আসন্ন বন্ধু কিম্বা মোকদ্দমার উপলক্ষে অভিভাবক যে মোকদ্দমায় আসন্নবন্ধু কি অভিভাবক স্বরূপ কর্ম্ম করেন, আদালতের অনুমতি না পাইলে তিনি নাবালগের সপক্ষে কোন নিয়মপত্র কি রাজীনামা করিবেন না।

আদালতের অনুমতি বিনা আসন্ন বন্ধুর কি মোকদ্দমা সম্পর্কীয় অভিভাবকের রাজীনামা না করিবার কথা।

Any such agreement or compromise entered into without the leave of the Court shall be voidable against all parties other than the minor

Compromise without leave voidable

আদালতের অনুমতি বিনা উক্ত প্রকারের কোন নিয়ম কি রাজীনামা করা গেলেও, নাবালগভিন্ন অন্য সকল পক্ষের বিরুদ্ধে তাহা ব্যর্থ হইতে পারিবে ইতি।

অনুমতি না পাইলে রাজীনামা ব্যর্থ হইবার কথা।

463 The provisions contained in sections 440 to 462 (both inclusive), shall *mutatis mutandis*, apply in the case of persons of unsound mind, adjudged to be so under Act No XXXV of 1858, or under any other law for the time being in force

Application of sections 440 to 462 to persons of unsound mind

৪৬৩ ধারা। ১৮৫৮ সালের ৩৫ আইনমতে কিম্বা অন্য যে আইন যৎকালে প্রচলিত থাকে তদনুসারে যাঁহাদিগকে ক্ষিপ্তমনা বলিয়া নির্ণয় করা যায়, ৪৪০ অবধি ৪৬২ পর্য্যন্ত সকল ধারার কথা প্রয়োজনমতে পরিবর্ত্তন করিয়া তাঁহাদের প্রতি সেই২ ধারার বিধান খাটিবে ইতি।

ক্ষিপ্তমনা ব্যক্তিদের প্রতি ৪৪০ অবধি ৪৬২ পর্য্যন্ত ধারা খাটাইবার কথা।

464 Nothing in sections 442 to 462 applies to any minor or person of unsound mind, for whose person or property a guardian or manager has been appointed by the Court of Wards or by the Civil Court under any local law

Wards of Court.

৪৬৪ ধারা। কোর্ট ওয়ার্ডসের দ্বারা কিম্বা স্থানীয় কোন আইনক্রমে দেওয়ানী আদালতের দ্বারা যে নাবালগের কিম্বা ক্ষিপ্তমনা যে ব্যক্তির কি যাঁহার সম্পত্তির অভিভাবক কি কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করা যায়, তাঁহার প্রতি ৪৪২ অবধি ৪৬২ পর্য্যন্ত ধারার কোন কথা খাটে না ইতি।

কোর্ট ওয়ার্ডসের কথা।

CHAPTER XXXII

Suits by and against Military Men

465 When any officer or soldier actually serving the Government in a military capacity is a party to a suit, and cannot obtain leave of absence for the purpose of prosecuting or defending the suit in person he may authorize any person to sue or defend in his stead

Officers or soldiers who cannot obtain leave may authorize any person to sue or defend for them

The authority shall be in writing and shall be signed by the officer or soldier in the presence of (*a*) his commanding officer or of the next subordinate officer if the party be himself the commanding officer or (*b*) where the officer or soldier is serving in military staff employment the head or other superior officer of the office in which he is employed Such commanding or other officer shall countersign the authority which shall be filed in Court

When so filed the countersignature shall be sufficient proof that the authority was duly executed and that the officer or soldier by whom it was granted could not obtain leave of absence for the purpose of prosecuting or defending the suit in person

Explanation—In this chapter the expression 'commanding officer' means the officer in actual command for the time being of any regiment corps detachment or depot to which the officer or soldier belongs

466 Any person authorized by an officer or soldier to prosecute or defend a suit in his stead may prosecute or defend it in person in the same manner as the officer or soldier could do if present or he may appoint a pleader to prosecute or defend the suit on behalf of such officer or soldier

Person so authorized may act personally or appoint pleader

467 Processes served upon any person authorized by an officer or soldier, as in section 465 or upon any pleader appointed as aforesaid by such person to act for, or on behalf of such officer or soldier, shall be as effectual as if it had been served on the party in person or on his pleader

Service on person so authorized or on his pleader to be good service.

৩২ দ্বাত্রিংশ অধ্যায়।

সৈনিকদের দ্বারা ও তাহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৪৬৫ ধারা। গবর্ণমেণ্টের সৈন্যসম্পর্কীয় কর্ম্ম বিভাগে প্রকৃত প্রস্তাবে কর্ম্মকারি কোন সেনাপতি কি সেনা মোকদ্দমার এক পক্ষ হইলে, ও আপনি মোকদ্দমায় বাদ প্রতিবাদ করিবার জন্যে অবকাশ পাইতে না পারিলে, তিনি আপনার পক্ষে বাদ কি প্রতিবাদ করণার্থে কোন ব্যক্তিকে ক্ষমতা দিতে পারিবেন।

সেনাপতিরা কি সেনারা ছুটী পাইতে না পারিলে আপনাদের নিমিত্ত বাদপ্রতিবাদ করণার্থ কোন ব্যক্তিকে নিযুক্ত করিবার কথা।

সেই ক্ষমতা লিখিয়া দেওয়া যাইবে। এবং ঐ সেনাপতি কি সেনা (ক) সৈন্যাধ্যক্ষের সাক্ষাৎ কিম্বা সেই অধ্যক্ষই বাদী কি প্রতিবাদী হইলে তাঁহার অব্যবহিত অধীন সেনাপতির সাক্ষাৎ কিম্বা (খ) ঐ সেনাপতি কি সেনা সৈন্যসংক্রান্ত ষ্টাফ কর্ম্মে নিযুক্ত থাকিলে যে আফিসে কর্ম্ম করেন তাহার প্রধান কিম্বা উপরিস্থ অন্য কার্য্যকারকের সাক্ষাৎ ঐ ক্ষমতাপত্রে স্বাক্ষর করিবেন। ঐ সৈন্যাধ্যক্ষ কিম্বা অন্য সেনাপতি ঐ ক্ষমতাপত্রে ক্রোড়স্বাক্ষর করিবেন ও তাহা আদালতে গাঁথিয়া রাখা যাইবে।

তদ্রূপে গাঁথিয়া রাখা গেলে ঐ ক্ষমতাপত্র উপযুক্তমতে সম্পাদন হইয়াছে এবং যে সেনাপতি কি সেনা তাহা দিলেন তিনি আপনি ঐ মোকদ্দমায় বাদ কি প্রতিবাদ করিবার জন্যে অবকাশ পাইতে পারিলেন না ঐ ক্রোড়স্বাক্ষরই ইহার প্রচুর প্রমাণ হইবে।

ব্যাখ্যা।—উক্ত সেনাপতি কি সেনা যে পল্টনে কি দলে কি ডিটাচমেণ্টে কি ডিপোতে থাকেন, যে সেনাপতি যৎকালে প্রকৃতরূপে সেই পল্টনপ্রভৃতির অধ্যক্ষতা করেন এই অধ্যায়ে সৈন্যাধ্যক্ষ শব্দে সেই সেনাপতিকে জানিতে হইবে ইতি।

৪৬৬ ধারা। কোন ব্যক্তি সেনাপতির কি সেনার পরিবর্ত্তে মোকদ্দমার বাদ কি প্রতিবাদ করিবার ক্ষমতা প্রাপ্ত হইলে, ঐ সেনাপতি কি সেনা আপনি উপস্থিত হইলে যে প্রকারে করিতে পারিতেন ঐ ব্যক্তিও সেই প্রকারে মোকদ্দমায় স্বয়ং বাদ কি প্রতিবাদ করিতে পারিবেন, কিম্বা তিনি ঐ সেনাপতির কি সেনার পক্ষে মোকদ্দমার বাদ কি প্রতিবাদ করিবার জন্যে উকীল নিযুক্ত করিতে পারিবেন ইতি।

পূর্ব্বোক্ত ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বয়ং কিম্বা উকীলের দ্বারা কার্য্য করিতে পারিবার কথা।

৪৬৭ ধারা। ৪৬৫ ধারামতে কোন সেনাপতির কি সেনার ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তিকে কিম্বা ঐ সেনাপতির কি সেনার নিমিত্ত কি তৎপক্ষে ঐ ব্যক্তির পূর্ব্বোক্তমতে নিযুক্ত কোন উকীলকে যে পরওয়ানা দেওয়া যায়, তাহা নিজ সেই পক্ষকে কিম্বা তাঁহার উকীলকে দেওয়ার ন্যায় সফল হইবে ইতি।

তদ্রূপ ক্ষমতাপন্ন ব্যক্তিকে কি তাঁহার উকীলকে পরওয়ানা প্রভৃতি দেওয়া গেলে উপযুক্তমতে দেওয়া গেল বলিয়া জ্ঞান হইবার কথা।

468 When an officer or soldier is a defendant the Court shall send a copy of the summons to the commanding officer of such officer or soldier for the purpose of being served on him

Service on officers and soldiers

The officer to whom such copy is sent after causing it to be served on the person to whom it is addressed, if practicable shall return it to the Court with the written acknowledgment of such person endorsed thereon

If from any cause the copy cannot be so served it shall be returned to the Court by which it was sent, with information of the cause which has prevented the service

469 If, in the execution of a decree, a warrant of arrest is to be executed within the limits of a cantonment garrison military station or military bazar the officer charged with the execution of such warrant shall deliver the same to the commanding officer

Execution of warrant of arrest in cantonments &c

The commanding officer shall back the warrant with his signature, and shall cause the person named therein to be arrested if within the limits of his command, and delivered to the officer so charged of the warrant

CHAPTER XXXIII

INTERPLEADER

470 When two or more persons claim adversely to one another the same payment or property from another person whose only interest therein is that of a mere stakeholder, and who is ready to render it to the right owner such stakeholder may institute a suit of interpleader against all the claimants for the purpose of obtaining a decision as to whom the payment or property should be made or delivered and of obtaining indemnity for himself

When interpleader suit may be instituted

Provided that if any suit is pending in which the rights of all parties can properly be decided, the stakeholder shall not institute a suit of interpleader

471 In every suit of interpleader the plaint must, in addition to the other statements necessary for plaints, state—

Plaint in such suit

(a) that the plaintiff has no interest in the thing claimed otherwise than as a mere stakeholder,

৪৬৮ ধারা। সেনাপতি কি সেনা প্রতিবাদী হইলে, আদালত ঐ সেনাপতিকে কি সেনাকে দিবার জন্যে সৈন্যাধ্যক্ষের নিকট সমনের নকল পাঠাইবেন।

সেনাপতিকে ও সৈন্যদিগকে পরওয়ানা দিবার কথা।

যে সৈন্যাধ্যক্ষের নিকট ঐ সমনের নকল পাঠান যায় তিনি, ঐ সমন যাহার নামে দেওয়া যায় সাধ্যমতে তাঁহাকে দেওয়াইয়া ঐ সমনের পৃষ্ঠে তাঁহার ঐ সমন পাইবার কথা লেখাইয়া লইয়া তাহা আদালতে ফিরিয়া পাঠাইবেন।

কোন কারণে ঐ নকল তদ্রূপে দেওয়া যাইতে না পারিলে যে কারণে দেওয়া যাইতে পারিল না সেই কারণের এক লিপি সমেত ঐ সমন যে আদালতহইতে বাহির হইল সেই আদালতে ফিরিয়া পাঠান যাইবে ইতি।

৪৬৯ ধারা। ডিক্রী জারী করণ ক্রমে কোন সেনানিবেশ স্থানের কি গড়ের কি সৈনিক মোকামের কি সৈনিক বাজারের সীমার মধ্যে গ্রেপ্তারী পরওয়ানা জারী করিতে হইলে সেই পরওয়ানা জারী করণার্থে যে কর্ম্মকারককে দেওয়া যায় তিনি সৈন্যাধ্যক্ষ সাহেবকে ঐ পরওয়ানা দিবেন।

সেনানিবেশ স্থানপ্রভৃতিতে গ্রেপ্তারী পরওয়ানা জারী করিবার কথা।

সৈন্যাধ্যক্ষ সাহেব ঐ পরওয়ানার পৃষ্ঠে স্বাক্ষর করিবেন ও পরওয়ানায় যাহার নাম লেখা থাকে সেই ব্যক্তি তাঁহার কর্তৃত্বাধীন স্থানের মধ্যে থাকিলে তিনি তাঁহাকে ধরাইয়া ঐ পরওয়ানা জারী করিবার ভারপ্রাপ্ত কার্য্যকারকের হস্তে ঐ ব্যক্তিকে সমর্পণ করাইবেন ইতি।

৩৩ ত্রয়স্ত্রিংশ অধ্যায়।

মুজাহেম বিষয়ক বিধি।

৪৭০ ধারা। ধনে কি সম্পত্তিতে যে ব্যক্তির পণধারীস্বরূপ স্বার্থভিন্ন অন্য স্বার্থ না থাকে তিনি প্রকৃত স্বামিকে তাহা দিতে চেষ্টা করিলেও যদি দুই কি তদধিক ব্যক্তি তাহার স্থানে ঐ ধন কি সম্পত্তি পাইবার পরস্পর বিপরীত দাওয়া রাখেন, তবে সেই ধন কি সম্পত্তি কাহাকে দিতে হইবে ইহা নিষ্পত্তি করিবার ও আপনার পক্ষে নিষ্কৃতি পাইবার নিমিত্ত ঐ পণধারী সকল দাওয়াদারের নামে মুজাহেমী মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

মুজাহেমী মোকদ্দমা যে স্থলে উপস্থিত করা যাইতে পারে তাহার কথা।

কিন্তু সকল পক্ষের স্বত্ব যাহাতে উপযুক্তমতে নির্ণয় হইতে পারে এমত মোকদ্দমা উপস্থিত থাকিলে, ঐ পণধারী মুজাহেমী মোকদ্দমা উপস্থিত করিবেন না ইতি।

৪৭১ ধারা। আবেদনপত্রে অন্য যেং বর্ণনা লেখা আবশ্যক তদতিরিক্ত উক্ত প্রত্যেক মুজাহেমী মোকদ্দমার আবেদনপত্রে এইং কথাও লিখিতে হইবে, —

তদ্রূপ মোকদ্দমার আবেদনপত্রের কথা।

(ক) যে বিষয়ের দাওয়া হইতেছে সেই বিষয়ে বাদির পণধারীস্বরূপ যে স্বার্থ থাকে তদ্ভিন্ন তাঁহার অন্য স্বার্থ নাই এই কথা।

(*b*) the claims made by the defendants severally, and

(*c*) that there is no collusion between the plaintiff and any of the defendants.

(খ) প্রতিবাদিরা পৃথক২ যে দাওয়া করেন তাহা।

(গ) এই বিষয়ে বাদির সঙ্গে প্রতিবাদিদের কোন ব্যক্তির যোগ নাই ইতি।

472. When the thing claimed is capable of being paid into Court or placed in the custody of the Court, the plaintiff must so pay or place it before he can be entitled to any order in the suit.

Payment of thing claimed into Court.

৪৭২ ধারা। যে বিষয়ের উপর দাওয়া হয় তাহা আদালতে দেওয়া যাইতে কিম্বা আদালতের সংরক্ষণে রাখা যাইতে পারিলে মোকদ্দমায় বাদির কোন আজ্ঞা পাইতে স্বত্ববান হওয়ার পূর্ব্বে তাঁহার সেই বিষয় আদালতে দিতে বা অর্পণ করিতে হইবে ইতি।

যে বিষয়ের দাওয়া হয় তাহা আদালতে দিবার কথা।

Procedure at first hearing.

473. At the first hearing the Court may—

প্রথম শ্রবণের সময়ে কার্য্যপ্রণালীর কথা।

৪৭৩ ধারা। প্রথম শ্রবণের সময়ে

(*a*) declare that the plaintiff is discharged from all liability to the defendants in respect of the thing claimed, award him his costs, and dismiss him from the suit;

(ক) যে বিষয়ের উপর দাওয়া হইল তৎসম্পর্কে প্রতিবাদিদের নিকট বাদিকে সকল দায়হইতে মুক্ত করা গেল আদালত ইহা প্রকাশ করিয়া তাঁহার খরচ পাইবার আজ্ঞা করিয়া তাঁহাকে মোকদ্দমাহইতে অবসর করিতে পারিবেন;

or, if it thinks that justice or convenience so require,

অথবা ন্যায়বিচার কি সুবিধার জন্যে প্রয়োজন জ্ঞান করিলে

(*b*) retain all parties until the final disposal of the suit;

(খ) মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তিপর্য্যন্ত সকল পক্ষকে রাখিবেন।

and, if it finds that the admissions of the parties or other evidence enable it,

এবং উভয় পক্ষের স্বীকার দ্বারা কিম্বা অন্য প্রমাণক্রমে করিতে পারেন দৃষ্টি করিলে

(*c*) adjudicate the title to the thing claimed;

or else it may

(গ) যে বিষয়ের দাওয়া হয় তাহার উপর স্বত্ব নির্ণয় করিবেন

অথবা

(*d*) direct the defendants to interplead one another by filing statements and entering into evidence for the purpose of bringing their respective claims before the Court.

(ঘ) আদালতের সম্মুখে প্রতিবাদিরা যেন আপন২ দাওয়া উপস্থিত করেন এই নিমিত্ত বর্ণনাপত্র অর্পণ করিয়া ও প্রমাণ দেখাইয়া তাঁহাদিগকে পরস্পরের বিপক্ষে বাদপ্রতিবাদ করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

474. Nothing in this chapter shall be taken to enable agents to sue their principals, or tenants to sue their landlords, for the purpose of compelling them to interplead with any persons other than persons making claim through such principals or landlords.

When agents and tenants may institute interpleader suits.

৪৭৪ ধারা। এই অধ্যায়ের কোন কথার বলে অন্যদের পক্ষে কর্ম্মকারকেরা আপনাদের মুখ্য ব্যক্তিদিগকে কিম্বা প্রজারা ভূম্যধিকারিদিগকে ঐ মুখ্য ব্যক্তিদের কি ভূম্যধিকারিদের অধীন দাওয়াদারভিন্ন কোন ব্যক্তিদের সঙ্গে বলপূর্ব্বক বাদপ্রতিবাদ করাইবার জন্যে তাঁহাদের নামে নালিশ করিতে পারিবেন না ইতি।

কর্ম্মকারক ও প্রজা যেস্থলে মোজাহেমী মোকদ্দমা করিতে পারেন তাহার কথা।

Illustrations.

(*a*) A deposits a box of jewels with B as his agent. C alleges that the jewels were wrongfully obtained from him by A, and claims them from B. B cannot institute an interpleader suit against A and C.

উদাহরণ।

(ক) আনন্দ বলরামকে আপনার পক্ষে কর্ম্মকারক করিয়া তাঁহার নিকট অলঙ্কারের বাক্স রাখেন। আনন্দ অন্যায়মতে আমার নিকটহইতে ঐ আভরণ লইয়াছেন চন্দ্র এই কথা বলিয়া বলরামের স্থানে সেই আভরণের দাওয়া করেন। বলরাম ঐ আনন্দের ও চন্দ্রের নামে মোজাহেমী মোকদ্দমা চালাইতে পারিবেন না।

(b) A deposits a box of jewels with B as his agent He then writes to C for the purpose of making the jewels a security for a debt due from himself to C A afterwards alleges that C s debt is satisfied and C alleges the contrary Both claim the jewels from B B may institute an interpleader suit against A and C

(খ) আনন্দ বলরামকে আপনার পক্ষে কর্ম্মকারক বলিয়া তাঁহার নিকট অলঙ্কারের বাক্স রাখেন। চন্দ্রের নিকট আনন্দের টাকা দেনা হওয়াতে তিনিচন্দ্রের নিকট ঐ ঋণের জামিনী স্বরূপ ঐ অলঙ্কার রাখিবার কথা লিখিলেন। পরে চন্দ্রের নিকট আমার ঋণ শোধ হইয়াছে আনন্দ এই কথা কহিলে চন্দ্র তাহা স্বীকার করিলেন না ও দুই জনে বলরামের স্থানে ঐ অলঙ্কারের দাওয়া করিলেন। এই স্থলে বলরাম আনন্দের ও চন্দ্রের নামে মুজাহেমী মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

Charge of plaintiff s costs

475 When the suit is properly instituted, the Court may provide for the plaintiff s costs by giving him a charge on the thing claimed or in some other effectual way

বাদির খরচ পাইবার কথা।

৪৭৫ ধারা। মোকদ্দমা উপযুক্তরূপে উপস্থিত করা গেলে, যে বিষয়ের উপর দাওয়া থাকে আদালত বাদিকে সেই বিষয়ের উপর দাবী দিয়া কিম্বা ফলজনক অন্য কোন উপায়ে তাঁহার খরচ পাইবার বিধান করিবেন ইতি।

Procedure where a defendant is suing stakeholder

476 If any of the defendants in an interpleader suit is actually suing the stakeholder in respect of the subject of such suit, the Court in which the suit against the stakeholder is pending shall on being duly informed that a decree has been made in the interpleader suit in favour of the stakeholder, stay the proceedings as against him and his costs in the suit so stayed may be provided for in such suit but if and so far as they are not provided for in that suit, they may be added to his costs incurred in the interpleader suit

Costs

প্রতিবাদী ঐ পণধারির নামে নালিশ করিতেছেন এমত স্থলে কার্য্যপ্রণালীর কথা।

৪৭৬ ধারা। মুজাহেমী মোকদ্দমার প্রতিবাদিদের মধ্য কোন ব্যক্তি যদি তৎকালেই সেই মোকদ্দমার বিষয় লইয়া ঐ পণধারির নামে মোকদ্দমা করিয়া থাকেন, তবে ঐ পণধারির বিপক্ষ মোকদ্দমা যে আদালতে উপস্থিত থাকে সেই আদালত ঐ মুজাহেমী মোকদ্দমায় পণধারির সপক্ষে ডিক্রী করা গিয়াছে এই সন্ধান নিয়মমতে পাইলে তাঁহার বিপক্ষে মোকদ্দমার কার্য্য স্থগিত রাখিবেন ও তাঁহার যে খরচা হইয়াছে ঐ স্থগিত করা মোকদ্দমায় সেই খরচার বিধান করা যাইতে পারিবে, কিন্তু সেই মোকদ্দমায় ঐ খরচার বিধান না হইলে কিম্বা যত দূর না হয় তত দূর সেই খরচা মুজাহেমী মোকদ্দমায় তাহার খরচার সঙ্গে সংযোগ করিয়া দেওয়া যাইবে ইতি।

খরচার কথা।

PART IV

OF PROVISIONAL REMEDIES

চতুর্থ ভাগ।

নৈমিত্তিক উপকার বিষয়ক বিধি।

CHAPTER XXXIV

Of Arrest and Attachment before Judgment

A — Arrest before Judgment

৩৪ চতুস্ত্রিংশ অধ্যায়।

নিষ্পত্তির পূর্ব্বে গ্রেফ্তার ও ক্রোককরণ বিষয়ক বিধি।

(ক)।—নিষ্পত্তির পূর্ব্বে গ্রেফ্তারকরণ বিষয়ক বিধি।

When plaintiff may apply that security be taken

477 If at any stage of any suit other than a suit for the possession of immoveable property, the plaintiff satisfies the Court by affidavit—

that the defendant with intent to avoid or delay the plaintiff, or to avoid any process of the Court, or to obstruct or delay the execution of any decree that may be passed against him

(a) has absconded or left the jurisdiction of the Court or

(b) is about to abscond or to leave the jurisdiction of the Court, or

(c) has disposed of or removed from the jurisdiction of the Court his property or any part thereof, or

বাদী যে স্থলে জামিন লওয়ার প্রার্থনা করিতে পারেন তাহার কথা।

৪৭৭ ধারা। স্থাবর সম্পত্তির অধিকার পাইবার মোকদ্দমাভিন্ন কোন মোকদ্দমা চলনের কোন সময়ে প্রতিবাদী বাদিকে দেখা না দিবার কিম্বা তাহা বিলম্ব জন্মাইবার জন্যে কিম্বা আদালতের কোন পরওয়ানা এড়াইবার জন্যে কিম্বা তাঁহার বিপক্ষে ডিক্রী হইলে তাহা জারী হইবার বাধা কি বিলম্ব জন্মাইবার জন্যে,—

(ক) পলায়ন করিয়াছেন কিম্বা আদালতের এলাকা বহির্ভূত স্থানে গিয়াছেন, কিম্বা

(খ) পলায়ন করিতে কি আদালতের এলাকা বহির্ভূত স্থানে যাইতে উদ্যত আছেন, কিম্বা

(গ) আপনার সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর করিয়াছেন কিম্বা আদালতের এলাকার অন্তর্গত স্থানহইতে স্থানান্তর করিয়াছেন, কিম্বা

that the defendant is about to leave British India under circumstances affording reasonable probability that the plaintiff will or may thereby be obstructed or delayed in the execution of any decree that may be passed against the defendant in the suit

the plaintiff may apply to the Court that security be taken for the appearance of the defendant to answer any decree that may be passed against him in the suit

Order to be passed calling on defendant to show why he should not give security

478 If the Court, after examining the applicant and making such further investigation as it thinks fit, is satisfied

that the defendant, with any such intent as aforesaid,

(a) has absconded or left the jurisdiction of the Court or

(b) is about to abscond or to leave the jurisdiction of the Court or

(c) has disposed of or removed from the jurisdiction of the Court his property or any part thereof or

that the defendant is about to leave British India under the circumstances last aforesaid

the Court may issue an order for bringing the defendant before the Court to show cause why he should not give security for his appearance

If defendant fail to show cause, he will be ordered to deposit or give security

479 If the defendant fail to show such cause the Court shall order him either to deposit in Court money or other property sufficient to answer the claim against him, or to give security for his appearance at any time when called upon while the suit is pending and until execution or satisfaction of any decree that may be passed against him in the suit

The surety shall bind himself, in default of such appearance to pay any sum of money which the defendant may be ordered to pay in the suit

Procedure in case of application by surety to be discharged

480 The surety for the appearance of the defendant may at any time apply to the Court in which he became such surety to be discharged from his obligation

On such application being made, the Court shall summon the defendant to appear, or, if it thinks fit may issue a warrant for his arrest in the first instance

ব্রিটনীয় ভারতবর্ষহইতে যে ভাবগতিকে চলিয়া যাইতে উদ্যত আছেন তদ্দৃষ্টে, মোকদ্দমায় ঐ প্রতিবাদির বিপক্ষে কোন ডিক্রী হইলে সেই ডিক্রী জারী করণে বাদির বাধা কি বিলম্ব হইবে কি হইতে পারে ইহার সঙ্গত সম্ভাবনা আছে

বাদী আফিডেবিট করিয়া এই বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মাইতে পারিলেই মোকদ্দমায় প্রতিবাদির বিপক্ষে কোন ডিক্রী হইলে উত্তর দিবার জন্যে তাঁহার উপস্থিত হইবার জামিন লইবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

জামিন না দিবার কারণ দর্শাইবার জন্যে প্রতিবাদিকে উপস্থিত করাইবার আজ্ঞার কথা।

৪৭৮ ধারা। আদালত প্রার্থককে জিজ্ঞাসাবাদ করিয়া ও অন্য যে অনুসন্ধান লওয়া উচিত জ্ঞান করেন তাহা লইয়া, প্রতিবাদী পূর্ব্বোক্ত কোন অভিপ্রায়ে

(ক) পলায়ন করিয়াছেন কি আদালতের এলাকার বহির্ভূত স্থানে গিয়াছেন কিম্বা

(খ) পলায়ন করিতে কি আদালতের এলাকার বহির্ভূত স্থানে যাইতে উদ্যত আছেন কিম্বা

(গ) আপনার সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর কি আদালতের এলাকার অন্তর্গত স্থানহইতে স্থানান্তর করিয়াছেন, কিম্বা

শেষোক্ত ভাবগতিকে ব্রিটনীয় ভারতবর্ষহইতে চলিয়া যাইতে উদ্যত আছেন

ইহা হৃদ্বোধমতে জানিলে প্রতিবাদির উপস্থিত হইবার জামিন না দিবার কারণ দর্শাইবার জন্যে তাঁহাকে আদালতের সম্মুখে আসিবার আজ্ঞা প্রচার করিবেন ইতি।

প্রতিবাদী কারণ দর্শাইতে না পারিলে তাঁহাকে টাকা গচ্ছিত করিতে কি জামিন দিতে আদালতের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৪৭৯ ধারা। প্রতিবাদী তদ্রূপ কারণ দর্শাইতে না পারিলে, তাঁহার বিপক্ষে যে দাওয়া উপস্থিত করা গেল আদালত তাঁহাকে সেই দাওয়ার পরিশোধের উপযুক্ত টাকা কি অন্য সম্পত্তি আদালতে গচ্ছিত করিতে আজ্ঞা করিবেন, কিম্বা মোকদ্দমা যত কাল উপস্থিত থাকে কিম্বা মোকদ্দমায় তাঁহার বিপরীত ডিক্রী হইলে যত কাল সেই ডিক্রী জারী কিম্বা তদনুসারে কার্য্য সম্পাদন না হয় ততকাল তাঁহাকে কোন সময়ে আহ্বান করা গেলেই তিনি উপস্থিত হইবেন ইহার প্রতিভূ দিবার আজ্ঞা করিবেন।

মোকদ্দমায় প্রতিবাদির যত টাকা দিবার আজ্ঞা হইতে পারে, তিনি আহ্বানমতে উপস্থিত না হইলে প্রতিভূ তত টাকা দিবার প্রতিজ্ঞাতে বদ্ধ হইবেন ইতি।

প্রতিভূ মুক্ত হইবার প্রার্থনা করিলে কার্য্যপ্রণালীর কথা।

৪৮০ ধারা। প্রতিবাদির উপস্থিত হইবার প্রতিভূ যে আদালতে প্রতিভূ হইলেন কোন সময়েই সেই আদালতে আপনার সেই প্রতিজ্ঞাহইতে মুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবেন।

তদ্রূপ প্রার্থনা করা গেলে, আদালত প্রতিবাদির নামে উপস্থিত হইবার সমন দিবেন, কিম্বা উচিত বোধ করিলে প্রথমেই তাঁহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিবেন।

On the appearance of the defendant pursuant to the summons or warrant, or on his voluntary surrender, the Court shall direct the surety to be discharged from his obligation, and shall call upon the defendant to find fresh security

Procedure where defendant fails to give security or find fresh security

481 If the defendant fail to comply with an order under section 479 or section 480 the Court may commit him to jail until the decision of the suit or, if judgment be given against the defendant, until the execution of the decree Provided that no person shall be imprisoned under this section for a longer period than six months

Subsistence of defendant arrested

482 The provisions of section 339 as to allowances payable for the subsistence of judgment debtors shall apply to all defendants arrested under this chapter

B —Attachment before Judgment

Application before judgment for security from defendant to satisfy decree and in default for attachment of property

483 If at any stage of any suit the plaintiff satisfies the Court by affidavit that the defendant, with intent to obstruct or delay the execution of any decree that may be passed against him,

(*a*) is about to dispose of the whole or any part of his property, or to remove the same from the jurisdiction of the Court in which the suit is pending, or

(*b*) has quitted the jurisdiction of the Court, leaving therein property belonging to him

the plaintiff may apply to the Court to call upon the defendant to furnish security to satisfy any decree that may be passed against him in such suit, and, on his failing to give such security to direct that any portion of his property shall be attached until the further order of the Court

Contents of application

The application shall, unless the Court otherwise directs, contain a specification of the property required to be attached, and the estimated value thereof

Court may call on defendant to furnish security or show cause.

484 If the Court, after examining the applicant, and making any further investigation which it thinks fit, is satisfied that the defendant is about to dispose of or remove his property, with intent to obstruct or delay the execution of any decree that may be passed

প্রতিবাদী ঐ সমন কি পরওয়ানামতে উপস্থিত হইলে কিম্বা স্বেচ্ছামতে আপনাকে সমর্পণ করিলে, আদালত প্রতিভুব প্রতিজ্ঞাহইতে মুক্ত হইবার আজ্ঞা দিয়া প্রতিবাদিকে নূতন প্রতিভূ দিবার আজ্ঞা করিবেন ইতি।

প্রতিবাদী জামিন না দিলে কি নূতন প্রতিভূ পাইতে না পারিলে কার্য্যপ্রণালীর কথা।

৪৮১ ধারা। প্রতিবাদী ৪৭৯ বা ৪৮০ ধারামত আজ্ঞানুসারে কর্ম্ম না করিলে, আদালত মোকদ্দমার নিষ্পত্তি না হওন পর্য্যন্ত কিম্বা প্রতিবাদির বিপক্ষে ডিক্রী হইলে সেই ডিক্রী সাধন না হওন পর্য্যন্ত, প্রতিবাদিকে কারাগারে পাঠাইতে পারিবেন। কিন্তু এই ধারামতে কোন ব্যক্তির ছয় মাসের অধিক কারাদণ্ড হইতে পারিবে না ইতি।

প্রতিবাদিকে গ্রেক্তার করা গেলে তাহার খোরাকীর কথা।

৪৮২ ধারা। ডিক্রীমত খাতকের খোরাকী দেওন বিষয়ে ৩৩৯ ধারার বিধান এই অধ্যায়মতে গ্রেফ্তার করা সকল প্রতিবাদির প্রতি খাটিবে ইতি।

খ।—নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করণের কথা।

নিষ্পত্তির পূর্ব্বে প্রতিবাদির ডিক্রীমতে কার্য্য সাধনের জামিন প্রার্থনা করিবার ও জামিন না দিলে তাঁহার সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনার কথা।

৪৮৩ ধারা। প্রতিবাদির বিপক্ষে কোন ডিক্রী হইলে ডিক্রীমতে কার্য্য সাধন হইবার বাধা দেওনের কিম্বা বিলম্ব ঘটাইবার অভিপ্রায়ে

(ক) তিনি আপন সমস্ত সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর করিতে কিম্বা যে আদালতে মোকদ্দমা উপস্থিত আছে সেই আদালতের এলাকার বহির্ভূত স্থানে স্থানান্তর করিতে উদ্যত আছেন কিম্বা

(খ) আদালতের এলাকার অধীন স্থানে আপনার কোন সম্পত্তি রাখিয়া সেই এলাকার বহির্ভূত স্থানে গিয়াছেন

মোকদ্দমা চলিবার কোন সময়েই বাদী আফিডেবিট করিয়া এই বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মাইতে পারিলে, ঐ মোকদ্দমায় প্রতিবাদির বিপক্ষ কোন ডিক্রী হইলে তিনি সেই ডিক্রীমতে কার্য্যসাধন করিবার জামিন দেন, বাদী আদালতের এমত আজ্ঞা করিবার, ও প্রতিবাদী ঐ জামিন না দিলে যত দিন আদালতের অন্য আজ্ঞা না হয় তত দিন তাঁহার ঐ সম্পত্তির কোন অংশ ক্রোক করিতে আজ্ঞা করিবার প্রার্থনা করিতে পারিবেন।

প্রার্থনার মর্ম্মের কথা।

যে সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনা হয়, আদালত অন্য প্রকারের আজ্ঞা না করিলে, সেই প্রার্থনাপত্রে ঐ সম্পত্তি বিশেষ করিয়া লেখা যাইবে ও তাহার আনুমানিক মূল্যও লিখিতে হইবে ইতি।

প্রতিবাদিকে আদালতের জামিন দিবার কি কারণ দর্শাইবার আজ্ঞা করিবার কথা।

৪৮৪ ধারা। আদালত প্রার্থককে জিজ্ঞাসাবাদ করিলে ও আর যে অনুসন্ধান লওয়া উচিত জ্ঞান করেন তাহা লহলে পর, মোকদ্দমায় প্রতিবাদির বিপক্ষে কোন ডিক্রী হইলে সেই ডিক্রীমতে কার্য্য সাধন হইবার বাধা কি বিলম্ব

against him, in the suit, the Court may require him, within a time to be fixed by the Court, either to furnish security in such sum as may be specified in the order to produce and place at the disposal of the Court, when required, the said property or the value of the same or such portion thereof as may be sufficient to satisfy the decree, or to appear and show cause why he should not furnish security

ঘটাইবার অভিপ্রায়ে তিনি আপনার সম্পত্তি হস্তান্তর কি স্থানান্তর করিতে উদ্যত আছেন আদালত ইচ্ছা হদ্বোধমতে জানিলে সময় নিরূপণ করিয়া তাঁহার প্রতি এই আজ্ঞা করিতে পারিবেন যে আদেশ করা গেলেই আপনার উক্ত সম্পত্তি কি তাহার মূল্য কিম্বা ডিক্রীমতে কার্য্য সাধন করিবার জন্যে ঐ সম্পত্তির যে অংশ প্রচুর হয় সেই অংশ উপস্থিত করিয়া আদালতের আজ্ঞাধীনে রাখিবার যত টাকা জামিন ঐ আজ্ঞাপত্রে নির্দ্দিষ্ট থাকে তিনি সেই সময়ের মধ্যে তত টাকা জামিন দেন কিম্বা উপস্থিত হইয়া সেই জামিন না দিবার কারণ দর্শান।

The Court may also in the order direct the conditional attachment of the whole or any portion of the property specified in the application

আরো আদালত ঐ আজ্ঞাপত্রের মধ্যে প্রার্থনা পত্রের নির্দ্দিষ্ট সমুদয় সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ নিয়মাধীনে ক্রোক করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Attachment if cause not shown or security not furnished

485 If the defendant fail to show cause why he should not furnish security or fail to furnish the security required within the time fixed by the Court the Court may order that the property specified in the application or such portion thereof as appears sufficient to satisfy any decree which may be passed in the suit, shall be attached

কারণ দর্শান না গেলে কিম্বা জামিন দেওয়া না গেলে ক্রোক করিবার কথা।

৪৮৫ ধারা। প্রতিবাদী জামিন না দিবার কারণ দর্শাইতে না পারিলে, কিম্বা আদালতের নিরূপিত সময়ের মধ্যে আদেশমত জামিন না দিলে প্রার্থনাপত্রে যে সম্পত্তি নির্দ্দিষ্ট হইল আদালত সেই সম্পত্তি কিম্বা মোকদ্দমায় যে ডিক্রী হইবে সেই ডিক্রীমতে কার্য্য সাধন করিবার জন্যে ঐ সম্পত্তির যে অংশ প্রচুর বোধ হয় সেই অংশ ক্রোক করিবার আজ্ঞা দিতে পারিবেন।

Withdrawal of attachment

If the defendant show such cause or furnish the required security and the property specified in the application or any portion of it has been ordered to be attached the Court shall order the attachment to be withdrawn

ক্রোক উঠাইয়া দিবার কথা।

প্রতিবাদী উক্ত কারণ দর্শাইলে কিম্বা আদেশমতে জামিন দিলে, ও প্রার্থনা পত্রের নির্দ্দিষ্ট সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ ক্রোক করিবার আজ্ঞা হইয়া থাকিলে, আদালত ঐ ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞা করিবেন ইতি।

Mode of making attachment

486 The attachment shall be made in the manner herein provided for the attachment of property in execution of a decree for money

যে প্রকারে ক্রোক করা যাইবে তাহার কথা।

৪৮৬ ধারা। এই আইনে টাকার ডিক্রী জারী করিয়া সম্পত্তি ক্রোক করিবার যে বিধান করা গিয়াছে ঐ সম্পত্তি সেই বিধানমতে ক্রোক করা যাইবে ইতি।

Investigation of claims to property attached before judgment

487 If any claim be preferred to the property attached before judgment, such claims shall be investigated in the manner herein before provided for the investigation of claims to property attached in execution of a decree for money

নিষ্পত্তির পূর্ব্বে যে সম্পত্তি ক্রোক করা যায় তাহার উপর দাওয়া হইলে অনুসন্ধান লওয়ার কথা।

৪৮৭ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে যে সম্পত্তি ক্রোক করা যায় তাহার উপর দাওয়া উপস্থিত করা গেলে টাকার ডিক্রী জারীক্রমে যে সম্পত্তি ক্রোক করা যায় এই আইনে তাহার উপর দাওয়ার অনুসন্ধান লইবার যে বিধান নির্দ্দিষ্ট হইল সেই বিধানমতে উক্ত দাওয়ারও অনুসন্ধান লওয়া যাইবে ইতি।

Removal of attachment when security furnished

488 When an order of attachment before judgment is passed, the Court which passed the order shall remove the attachment, whenever the defendant furnishes the security required, together with security for the costs of the attachment, or when the suit is dismissed

জামিন দেওয়া গেলে ক্রোক উঠাইয়া দিবার কথা।

৪৮৮ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করিবার আজ্ঞা হইয়া থাকিলে, প্রতিবাদী আদেশমতে জামিন ও ক্রোক করিবার খরচের জামিন দিলেই, কিম্বা মোকদ্দমা ডিসমিস হইলেই, যে আদালত ঐ আজ্ঞা করিলেন সেই আদালত ঐ ক্রোক উঠাইয়া দিবেন ইতি।

489 Attachment before judgment shall not affect the rights of persons not parties to the suit, nor bar any person holding a decree against the defendant from applying for the sale of the property under attachment in execution of such decree

Attachment not to affect rights of strangers or bar the decree-holder from applying for sale

490 Where property is under attachment by virtue of the provisions of this chapter, and a decree is given in favour of the plaintiff it shall not be necessary to reattach the property in execution of such decree

Property attached under this chapter not to be reattached in execution of decree

C—Compensation for improper Arrests or Attachments

491 If in any suit in which an arrest or attachment has been effected it appear to the Court that such arrest or attachment was applied for on insufficient ground,

Compensation for obtaining arrest or attachment on insufficient grounds

or if the suit of the plaintiff fails and it appears to the Court that there was no probable ground for instituting the suit,

the Court may on the application of the defendant, award against the plaintiff in its decree such amount not exceeding one thousand rupees, as it deems a reasonable compensation to the defendant for the expense or injury occasioned to him by the arrest or attachment

Provided that the Court shall not award under this section a larger amount than it might decree in a suit for compensation

Proviso

An award under this section shall bar any suit for compensation in respect of such arrest or attachment

---

CHAPTER XXXV

OF TEMPORARY INJUNCTIONS AND INTERLOCUTORY ORDERS

A—Temporary Injunctions

492 If in any suit it be proved by affidavit or otherwise

Cases in which temporary injunction may be granted.

(*a*) that any property in dispute in a suit is in danger of being wasted, damaged or alienated by any party to the suit, or wrongfully sold in execution of a decree, or

৪৮৯ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করা গেলেও যাঁহারা মোকদ্দমার কোন পক্ষের মধ্যে নহেন এমত ব্যক্তিদের স্বত্বের হানি হইবে না ও কোন ব্যক্তি প্রতিবাদির বিপক্ষ ডিক্রীদার হইলে, তাঁহার ঐ ডিক্রীজারীক্রমে ঐ ক্রোক করা সম্পত্তি নীলাম হইবার প্রার্থনা করিতে বাধা নাই ইতি।

ক্রোক হইলে উদাসীন ব্যক্তিদের স্বত্বের হানি না হইবার ও নীলাম হওনার্থে ডিক্রীদারের প্রার্থনা করিবার বাধা না হওয়ার কথা।

৪৯০ ধারা। এই অধ্যায়ের বিধানের বলে সম্পত্তি ক্রোক হইয়া থাকিলে ও বাদির সপক্ষে ডিক্রী হইলে ঐ ডিক্রীজারীক্রমে ঐ সম্পত্তি পুনশ্চ ক্রোক করা আবশ্যক নাই ইতি।

সম্পত্তি এই অধ্যায়মতে ক্রোক করা গেলে ডিক্রীজারীক্রমে তাহা পুনশ্চ ক্রোক করিতে না হইবার কথা।

গ।—অনুপযুক্ত কারণে গ্রেপ্তার কি ক্রোক হইলে হানিপূরণবিষয়ক বিধি।

৪৯১ ধারা। কোন মোকদ্দমায় যদি কোন ব্যক্তিকে গ্রেপ্তার কি সম্পত্তি ক্রোক করা যায়, তবে পর্য্যাপ্ত কারণ না থাকিলেও ঐ গ্রেপ্তার কি ক্রোক করিবার আজ্ঞা পাওয়া গেল আদালত এমত জ্ঞান করিলে

পর্য্যাপ্ত কারণ না থাকিলেও গ্রেপ্তার কি ক্রোক করিবার আজ্ঞা পাওয়া গেলে হানিপূরণের কথা।

কিম্বা বাদী মোকদ্দমা হারিলে এবং মোকদ্দমা উপস্থিত করিবার কোন সম্ভব কারণ ছিল না আদালত এমত জ্ঞান করিলে

গ্রেপ্তার কি ক্রোক করণদ্বারা প্রতিবাদির যে খরচ কি হানি হইয়াছে, আদালত প্রতিবাদির প্রার্থনামতে সেই হানিপূরণার্থে এক সহস্র টাকার অনধিক যত সঙ্গত বোধ করেন বাদির বিপক্ষ ডিক্রীর মধ্যে প্রতিবাদির তত টাকা পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

কিন্তু হানিপূরণার্থ মোকদ্দমা হইলে ঐ আদালত যত টাকা ডিক্রী করিতে পারিতেন এই ধারামতে তাহার অধিক টাকার আজ্ঞা করিবেন না।

উপবিধি।

এই ধারামতে আজ্ঞা হইলে পর উক্ত গ্রেপ্তার কি ক্রোক করণপ্রযুক্ত হানিপূরণ পাইবার কোন মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে না ইতি।

---

৩৫ পঞ্চত্রিংশ অধ্যায়।

কিয়ৎকালের নিমিত্ত নিষেধ বিষয়ক ও মোকদ্দমার চলনকালীন আজ্ঞা বিষয়ক বিধি।

ক।—কিয়ৎকালীন নিষেধবিষয়ক বিধি।

৪৯২ ধারা। (ক) মোকদ্দমায় যে সম্পত্তির বিষয়ে বিবাদ হইতেছে, মোকদ্দমার কোন পক্ষের দ্বারা তাহার অপচয় কি হানি হইবার কিম্বা হস্তান্তর করিয়া দিবার কিম্বা ডিক্রীজারীক্রমে অন্যায়মতে নীলাম হইবার সম্ভাবনা আছে, কিম্বা

যে স্থলে কিয়ৎকালের নিমিত্ত নিষেধের আজ্ঞা দেওয়া যাইতে পারে তাহার কথা।

(*b*) that the defendant threatens or is about, to remove or dispose of his property with intent to defraud his creditors

(খ) মহাজনদিগকে বঞ্চিত করিবার অভিপ্রায়ে প্রতিবাদী আপনার সম্পত্তি স্থানান্তর কি হস্তান্তর-করিব বলিয়া ভয় দেখান কিম্বা তাহা করিতে উ্যত আছেন

কোন মোকদ্দমায় আফিডেবিটক্রমে কি অন্য প্রকারে ইহার প্রমাণ হইলে।

the Court may grant a temporary injunction to restrain such act, or give such other order for the purpose of staying and preventing the wasting, damaging, alienation sale, removal or disposition of the property as the Court thinks fit

আদালত সেই কার্য্য নিবারণ করিবার নিয়ৎকালীন নিষেধ আজ্ঞা করিতে পারেন। কিম্বা সম্পত্তির অপচয় কি হানি কি হস্তান্তর কি বিক্রয় কি স্থানান্তর কি পরহস্তগত করা স্থগিত ও নিবারণ করণার্থে অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

493 In any suit for restraining the defendant from committing a breach of contract or other injury, and whether compensation be claimed in the suit or not the plaintiff may, at any time after the commencement of the suit and either before or after judgment apply to the Court for a temporary injunction to restrain the defendant from the repetition or the continuance of the breach of contract or wrongful act complained of, or the committing of any breach of contract or injury of a like kind arising out of the same contract or relating to the same property or right

Injunction to restrain repetition or continuance of breach

৪৯৩ ধারা। প্রতিবাদির চুক্তিভঙ্গ কি অন্য অপকার করিতে নিবারণ করণার্থে মোকদ্দমায় হানিপূরণের দাওয়া হইলে বা না হইলেও যে চুক্তিভঙ্গের কি যে অন্যায় ক্রিয়ার নালিশ হয় বাদী মোকদ্দমার আরম্ভ হইবার পর কোন সময়েই ও ডিক্রী হইবার পূর্ব্বে বা পরেও প্রতিবাদিকে তাহা পুনশ্চ না করিতে কিম্বা করিয়া না থাকিতে কিম্বা কোন প্রকারে চুক্তি ভঙ্গ না করিতে কিম্বা সেই চুক্তি হইতে কি সেই সম্পত্তি কি স্বত্বসম্বন্ধে সেই প্রকারের যে অপকার জন্মে তাহা করিতে বারণ করণার্থে আদালতে নিয়ৎকালীন আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন

চুক্তিভঙ্গ পুনশ্চ কি আর না করিবার নিষেধের কথা।

Such injunction may be granted by the Court on such terms as to the duration of the injunction, keeping an account giving security, or otherwise, as the Court thinks fit

সেই নিষেধ যত দিন প্রবল থাকিবে তদ্বিষয়ের কিম্বা হিসাব রাখিবার কি জামিন দিবার কিম্বা আদালত অন্য বিষয়ের যে নিয়ম করা উচিত বোধ করেন সেই নিয়মানুসারে ঐ নিষেধসূচক আজ্ঞা করিতে পারিবেন।

In case of disobedience, an injunction granted under this section or section 491 may be enforced by the imprisonment of the defendant for a term not exceeding six months, or the attachment of his property, or both

প্রতিবাদী সেই আজ্ঞা না মানিলে, এই ধারা কিম্বা ৪৯১ ধারামতে নিষেধসূচক যে আজ্ঞা দেওয়া যায় ঐ প্রতিবাদিকে ছয় মাসের অনধিককাল কারাবদ্ধ করণ কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোককরণ দ্বারা কি ঐ উভয় কার্য্য দ্বারা সেই আজ্ঞা প্রবল করা যাইতে পারিবে।

No attachment under this section shall remain in force for more than one year, at the end of which time if the defendant has not obeyed the injunction the property attached may be sold, and out of the proceeds the Court may award to the plaintiff such compensation as it thinks fit and may pay the balance if any to the defendant

এই ধারামতে যে ক্রোক করা যায় তাহা এক বৎসরের অধিক কাল প্রবল থাকিবে না। সেই সময়ের অবসান পর্য্যন্ত প্রতিবাদী সেই আদেশমত কার্য্য না করিয়া থাকিলে, ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইতে পারিবে, ও আদালত তদুৎপন্ন টাকাহইতে বাদির হানিপূরণস্বরূপ যত টাকা দেওয়া উচিত বোধ করেন দিতে পারিবেন ও উদ্বর্ত্ত থাকিলে প্রতিবাদিকে দিতে পারিবেন ইতি।

494 The Court may in all cases and shall in all cases except where it appears to the Court that the object of granting the injunction would be defeated by the delay, before granting an injunction, direct notice in writing of the application for the same to be given to the opposite party

Before granting injunction Court may direct notice to be given to opposite party

৪৯৪ ধারা। আদালত সর্ব্বদাই নিষেধসূচক আজ্ঞা করিবার পূর্ব্বে সেই আজ্ঞা প্রার্থনা হওয়ার নোটিস লিখিয়া বিপক্ষপক্ষকে দিবার আজ্ঞা করিতে পারিবেন, কিন্তু বিলম্ব হইলে নিষেধসূচক আজ্ঞা দেওনের অভিপ্রায় নিষ্ফল হইবে আদালত এমত বোধ করিলে সর্ব্বদাই ঐ নোটিস দিবার আজ্ঞা করিবেন ইতি।

নিষেধসূচক আজ্ঞা করিবার পূর্ব্বে বিপক্ষপক্ষকে নোটিস দিতে আদালতের আজ্ঞা করিতে পারিবার কথা।

495 An injunction directed to a Corporation or public Company is binding, not only on the Corporation or Company itself, but also on all members and officers of the Corporation or Company whose personal action it seeks to restrain

Injunction to corporation binding on its members and officers

496 Any order for an injunction may be discharged or varied or set aside by the Court on application made thereto by any party dissatisfied with such order

Order for injunction may be discharged, varied or set aside

497 If it appears to the Court that the injunction was applied for on insufficient grounds, or

Compensation to defendant for issue of injunction on insufficient grounds

if after the issue of the injunction the suit is dismissed or judgment is given against the plaintiff by default or otherwise and it appears to the Court that there was no probable ground for instituting the suit,

the Court may on the application of the defendant, award against the plaintiff in its decree such sum, not exceeding one thousand rupees as it deems a reasonable compensation to the defendant for the expense or injury occasioned to him by the issue of the injunction

Provided that the Court shall not award under this section a larger amount than it might decree in a suit for compensation

Proviso

An award under this section shall bar any suit for compensation in respect of the issue of the injunction

B.—Interlocutory Orders

498 The Court may, on the application of any party to a suit, order the sale, by any person named in such order, and in such manner and on such terms as it thinks fit, of any moveable property being the subject of such suit, which is subject to speedy and natural decay

Power to order interim sale of perishable articles

৪৯৫ ধারা। সমাবায়িত সমাজের কি প্রকাশ্য কোম্পানির প্রতি নিষেধ সূচক যে আজ্ঞা দেওয়া যায়, তদ্দ্বারা কেবল ঐ সমাজ কি কোম্পানি আবদ্ধ হইবেন তাহা নয় কিন্তু ঐ সমাজ কি কোম্পানিগত যে সকল ব্যক্তির ও কর্ম্মকারকদের কার্য্য বারণ করিতে চেষ্টা হয় তাঁহারাও আবদ্ধ হইবেন ইতি।

সমাবায়িত সমাজের প্রতি নিষেধসূচক যে আজ্ঞা দেওয়া যায় তাহা ঐ সমাজের অন্তর্গত ব্যক্তিদের ও কার্য্যকারকদের উপর প্রবল হওয়ার কথা।

৪৯৬ ধারা। নিষেধসূচক যে আজ্ঞা করা যায় কোন পক্ষ তাহাতে অসন্তুষ্ট হইয়া আদালতে প্রার্থনা করিলে আদালত তাহা স্থগিত কি পরিবর্ত্তন কি অসিদ্ধ করিতে পারিবেন ইতি।

নিষেধসূচক আজ্ঞা রহিত কি মতান্তর কি অসিদ্ধ করিবার কথা।

৪৯৭ ধারা। অনুপযুক্ত কারণে নিষেধসূচক আজ্ঞা প্রার্থনা করা গেল আদালত ইহা দেখিতে পাইলে কিম্বা

যে কারণ পর্য্যাপ্ত নয় এমত কারণে নিষেধসূচক আজ্ঞা হইলে প্রতিবাদির হানিপূরণের কথা।

নিষেধসূচক আজ্ঞা বাহির হইলে পর মোকদ্দমা ডিসমিস হইলে, কিম্বা ত্রুটিপ্রযুক্ত কি অন্য কারণে বাদির বিপক্ষে বিচার হইলে ও মোকদ্দমা উপস্থিত করিবার কোন সম্ভব হেতু ছিল না আদালত ইহা দেখিতে পাইলে,

ঐ নিষেধসূচক আজ্ঞার দ্বারা প্রতিবাদির যে খরচ কি অপকার হইয়াছে, আদালত প্রতিবাদির প্রার্থনামতে তাঁহার ঐ হানিপূরণস্বরূপ এক সহস্র টাকার অনধিক যত টাকা সঙ্গত বোধ করেন, বাদির বিপক্ষ ডিক্রীর মধ্যে প্রতিবাদির তত টাকা পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

কিন্তু হানিপূরণের মোকদ্দমায় আদালত যত টাকা ডিক্রী করিতে ক্ষমতাপন্ন হন, এই ধারামতে তদধিক টাকার আজ্ঞা করিতে পারিবেন না।

উপবিধি।

এই ধারামতে হানিপূরণের আজ্ঞা করা গেলে, ঐ নিষেধসূচক আজ্ঞা হওনোপলক্ষে হানিপূরণের কোন মোকদ্দমা হইতে পারিবে না ইতি।

খ।— মোকদ্দমার চলনকালীন আজ্ঞা।

৪৯৮ ধারা। অস্থাবর যে দ্রব্য স্বভাবত ত্বরায় ক্ষয় পায় মোকদ্দমায় এমত দ্রব্য লইয়া বিবাদ হইলে ঐ মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনামতে, আদালত যে প্রকারে ও যেং নিয়ম করা উচিত বোধ করেন সেই প্রকারে ও সেইং নিয়মানুসারে ঐ দ্রব্য বিক্রয় করিবার আজ্ঞা করিতে পারিবেন, ও ঐ আজ্ঞাপত্রের উল্লিখিত কোন ব্যক্তির দ্বারা ঐ দ্রব্য বিক্রয় করা যাইবে ইতি।

কাঁচা দ্রব্য বিক্রয় করিতে আজ্ঞা দেওনের ক্ষমতার কথা।

Power to make order for detention &c of subject-matter and to authorise entry taking of samples and experiments

499 The Court may, on the application of any party to a suit and on such terms as it thinks fit

(*a*) make an order for the detention preservation or inspection of any property being the subject of such suit

(*b*) for all or any of the purposes aforesaid authorize any person to enter upon or into any land or building in the possession of any other party to such suit and

(*c*) for all or any of the purposes aforesaid authorize any samples to be taken or any observation to be made or experiment to be tried which may seem necessary or expedient for the purpose of obtaining full information or evidence

The provisions hereinbefore contained as to execution of process shall apply *mutatis mutandis* to persons authorized to enter under this section

বিবাদীয় বিষয় আটক প্রভৃতি কবিবার আজ্ঞা ও সম্পত্তিতে প্রবেশ করণের ও নমুনা লওনের ও পরীক্ষা করণের অনুমতি দেওনের ক্ষমতার কথা।

৪৯৯ ধারা। মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনা হইলে আদালত যে নিয়ম উচিত বোধ করেন এমত নিয়মানুসারে

(ক) ঐ মোকদ্দমার বিবাদীয় কোন সম্পত্তি আটক রাখিবার কিম্বা রক্ষা কবিবার কি দেখিয়া লইবার আজ্ঞা কবিতে পারিবেন।

(খ) এব পূর্ব্বোক্ত সকল কি কোন অভিপ্রায়ে ঐ মোকদ্দমার অন্য কোন পক্ষের অধিকারগত কোন ভূমিতে কি ঘবে অন্য কোন ব্যক্তির প্রবেশ করিবার অনুমতি দিতে পারিবেন। ও

(গ) পূর্ব্বোক্ত সকল কি কোন অভিপ্রায়ে সম্পূর্ণ সন্ধান কি প্রমাণ পাইবার জন্যে যে নমুনা লওয়া কিম্বা যেং বিষয়ের অবেক্ষণ করা কি যে পরীক্ষা করা আবশ্যক বা বিহিত বোধ হয় তাহা লওয়ার কি করার অনুমতি দিতে পারিবেন।

এই আইনের পূর্ব্বভাগে পরওয়ানা জারী করিবার যেং বিধান হইয়াছে তাহার কএ শব্দ প্রয়োজন মতে পরিবর্ত্তন করিলে সেইং বিধান এই ধারামতে প্রবেশ করণের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিদের প্রতি খাটিবে ইতি।

Application for such orders to be after notice

500 An application by the plaintiff for an order under section 498 or section 499 may be made after notice in writing to the defendant at any time after service of the summons

An application by the defendant for a like order may be made after notice in writing to the plaintiff and at any time after the applicant has appeared

নোটিস দেওয়ার পর তদ্রূপ আজ্ঞা প্রার্থনা করা যাইবার কথা।

৫০০ ধারা। প্রতিবাদিকে সমন দেওয়া গেলে পর কোন সময়ে তাঁহার নামে নোটিস লিখিয়া দিলে পর বাদী ৪৯৮ বা ৪৯৯ ধারা মত আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন।

প্রতিবাদীও বাদির নামে নোটিস লিখিয়া দিলে পর ও প্রার্থকের উপস্থিত হওয়ার পর কোন সময়ে সেই প্রকারের আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন ইতি।

When party may be put in immediate possession of land the subject of suit

501 When land paying revenue to Government or a tenure liable to sale forms the subject of a suit if the party in possession of such land or tenure neglects to pay the Government revenue or the rent due to the proprietor of the tenure as the case may be, and such land or tenure is consequently ordered to be sold any other party to the suit claiming to have an interest in such land or tenure may upon payment of the revenue or rent due previously to the sale (and with or without security at the discretion of the Court) be put in immediate possession of the land or tenure

and the Court in its decree may award against the defaulter the amount so paid, with interest thereupon at such rate as the Court thinks fit, or may charge the amount so paid, with interest thereupon at such rate as the Court orders, in any adjustment of accounts which may be directed in the decree passed in the suit

যে স্থলে অগৌণেই কোন পক্ষকে বিবাদীয় ভূমির অধিকার দেওয়া যাইতে পারিবে তাহার কথা।

৫০১ ধারা। গবর্ণমেন্টের রাজস্বদায়ি ভূমি কিম্বা যে তালুক নীলাম হইতে পারে এমত তালুক লইয়া মোকদ্দমা হইলে, সেই ভূমি কি তালুক যাহার অধিকারে আছে তিনি যদি গবর্ণমেন্টের রাজস্ব কিম্বা বিষয়বিশেষে তালুকের ভূম্যধিকারির প্রাপ্য খাজানা না দেন ও যদি তৎপ্রযুক্ত ঐ ভূমি কি তালুক নীলাম করিবার আজ্ঞা হইয়া থাকে তবে ঐ ভূমিতে কি তালুকে মোকদ্দমার অন্য যে কোন পক্ষ স্বার্থের দাওয়া রাখেন তিনি নীলামের পূর্ব্বে ঐ বাকী রাজস্ব কি খাজানা দিলে (আদালতের বিবেচনামতে জামিন দিলে বা না দিলেও) তাঁহাকে অগৌণেই ঐ ভূমির কি তালুকের অধিকার দেওয়া যাইতে পরিবে,

এবং আদালত যে হিসাবে সুদ ধরা উচিত বোধ করেন আপন ডিক্রীতে বাকীদারের বিপক্ষে সেই হিসাবমতে সুদসুদ্ধ তদ্রূপ দত্ত টাকার ডিক্রী দিতে পারিবেন কিম্বা মোকদ্দমায় যে ডিক্রী করা যায় তন্মধ্যে হিসাব নিষ্পত্তি করিবার আদেশ থাকিলে আদালত যে হিসাবে সুদের আজ্ঞা করেন সেই হিসাবে সুদসুদ্ধ পূর্ব্বোক্তমতে দেওয়া টাকা সেই হিসাবে ধরিতে পারিবেন ইতি।

502 When the subject matter of a suit is money or some other thing capable of delivery, and any party thereto admits that he holds such money or other thing as a trustee for another party, or that it belongs or is due to another party, the Court may order the same to be deposited in Court or delivered to such last named party with or without security, subject to the further direction of the Court

Deposit of money &c in Court

৫০২ ধারা। যদি টাকা লইয়া কিম্বা অন্য যে বিষয় অর্পণ করা যাইতে পারে তাহা লইয়া মোকদ্দমা হইয়া থাকে ও মোকদ্দমার কোন পক্ষ অন্য ব্যক্তির নিমিত্ত ন্যাসধারিস্বরূপে ঐ টাকা কি অন্য বিষয় রাখিতেছেন কিম্বা তাহা অন্য ব্যক্তির টাকা কিম্বা অন্য ব্যক্তির নিকট দেনা বলিয়া স্বীকার করিয়া থাকেন তবে আদালত জামিন লইয়া বা না লইয়া আদালতের অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ঐ টাকা কি বিষয় আদালতে গচ্ছিত করিবার কিম্বা শেষোক্ত ব্যক্তিকে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

আদালতে টাকা প্রভৃতি গচ্ছিত করিবার কথা।

CHAPTER XXXVI

Appointment of Receivers and Deposit in Court

৩৬ ষটত্রিংশ অধ্যায়।

গ্রাহকদের নিযুক্ত করণ ও আদালতে গচ্ছিত করণ বিষয়ক বিধি।

503 Whenever it appears to the Court to be necessary for the preservation or the better custody or management of any property, moveable or immoveable, the subject of a suit or under attachment, the Court may

Power of Court to appoint Receivers

(*a*) appoint a Receiver of such property and may if need be

(*b*) remove the person in whose possession or custody the property may be from the possession or custody thereof

(*c*) commit the same to the custody or management of such Receiver and

(*d*) grant to such Receiver such fee or commission on the rents and profits of the property by way of remuneration and all such powers as to bringing and defending suits, and for the management, protection, preservation and improvement of the property, the collection of the rents and profits thereof, the application and disposal of such rents and profits, and the execution of instruments in writing as the owner himself has or such of those powers as the Court thinks fit

Every Receiver so appointed shall

(*e*) give such security (if any) as the Court thinks fit duly to account for what he shall receive in respect of the property,

(*f*) pass his accounts at such periods and in such form as the Court directs,

(*g*) pay the balance due from him thereon as the Court directs, and

৫০৩ ধারা। স্থাবর কি অস্থাবর যে সম্পত্তি লইয়া বিবাদ হয় কিম্বা যাহা ক্রোক করা যায় সেই সম্পত্তি রক্ষা করিবার কিম্বা তাহার উত্তমরূপে সংরক্ষণের কার্য্যাধ্যক্ষতা করণের জন্যে আদালতের বিবেচনায় আবশ্যক হইলে ঐ আদালত,—

গ্রাহকদিগকে আদালতের নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

(ক) ঐ সম্পত্তির গ্রাহক নিযুক্ত করিতে পারিবেন, এবং আবশ্যক হইলে

549 The Appellate Court may at its discretion either before the respondent is called upon to appear and answer or afterwards on the application of the respondent demand from the appellant security for the costs either of the appeal, or of the original suit, or of both

Appellate Court may require appellant to give security for costs

Provided that the Court shall demand such security in all cases in which the appellant is residing out of British India, and is not possessed of any sufficient immoveable property within British India independent of the property to which the appeal relates

When appellant resides out of British India

If such security be not furnished within such time as the Court orders the Court shall reject the appeal

550 When the memorandum of appeal is registered, the Appellate Court shall send notice of the appeal to the Court against whose decree the appeal is made.

Appellate Court to give notice to Court whose decree is appealed against

সম্পত্তি কি তাহার মূল্য ফিরিয়া দিবার ও আপীল আদালতের ডিক্রী কি আজ্ঞানুসারে নিয়মমতে কার্য্য হইবার জামিন লওনের আজ্ঞা দিতে পারিবেন।

কিম্বা যে আদালত ঐ ডিক্রী করিলেন আপীল আদালত উক্ত কারণে সেই আদালতের প্রতি ঐ জামিন লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

৫৪৭ ধারা। ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের স্থানে কিম্বা রাজকীয় কার্য্যকারকের পদ সংক্রান্ত যে কার্য্য করা গেল বলিয়া কথিত হয় সেই কার্য্যহেতুক তাঁহার নামে নালিশ হইলে তাঁহার স্থানে ৫৪৫ ও ৫৪৬ ধারার উল্লিখিত কোন জামিন লওয়া যাইবে না ইতি।

গবর্ণমেণ্টের কি রাজকীয় কার্য্যকারকদের স্থানে জামিন লইতে না হইবার কথা।

ডিক্রীর উপর আপীল হইলে কার্য্যপ্রণালীর কথা।

৫৪৮ ধারা। আপীল রেজিষ্টরী করিবার একখানি বহী রাখিতে হইবে। আপীলের মর্ম্মাত্মকপত্র গ্রাহ্য হইলে আপীল আদালত কিম্বা ঐ আদালতের উপযুক্ত কার্য্যকারক ঐ পত্রের পৃষ্ঠে তাহা গ্রাহ্য হওয়ার তারিখ লিখিয়া ঐ বহীতে রেজিষ্টরী করিবেন।

আপীলের মর্ম্মাত্মকপত্র রেজিষ্টরী করিবার কথা।

ঐ বহী আপীলের রেজিষ্টরী বহী নামে জানা যাইবে ইতি।

আপীলের রেজিষ্টরের কথা।

৫৪৯ ধারা। রিস্পাণ্ডেণ্টের প্রতি উপস্থিত হইয়া উত্তর দিবার আজ্ঞা হওয়ার পূর্ব্বে কিম্বা পরেও রিস্পাণ্ডেণ্টের প্রার্থনামতে আপীল আদালত স্বীয় বিবেচনানুসারে আপেলাণ্টের স্থানে আপীলের কি আসল মোকদ্দমার কি উভয়ের খরচার জামিনের দাওয়া করিতে পারিবেন।

আপেলাণ্টকে খরচার জামিন দিতে আপীল আদালতের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

কিন্তু আপেলাণ্ট ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানে বাস করিলে ও যে সম্পত্তির বিষয়ে আপীল হয় তদ্ভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে তাঁহার প্রচুর স্থাবর সম্পত্তি না থাকিলে, ঐ আদালত এমত সকল স্থলে ঐ জামিনের দাওয়া করিবেন।

আপেলাণ্ট ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে বাস করিলে তদ্বিষয়ের কথা।

আদালত যে সময়ের মধ্যে আজ্ঞা করেন সেই সময়ে জামিন দেওয়া না গেলে, আদালত আপীল অগ্রাহ্য করিবেন ইতি।

৫৫০ ধারা। আপীলের মর্ম্মাত্মকপত্র রেজিষ্টরী করা গেলে পর, যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায় আপীল আদালত সেই আদালতের নামে আপীলের নোটিস পাঠাইবেন

যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালতে আপীল আদালতের নোটিস দিবার কথা।

Transmission of papers to Appellate Court

If the appeal be from a Court, the records of which are not deposited in the Appellate Court, the Court to which such notice is sent shall upon the receipt thereof transmit with all practicable despatch all material papers in the suit or such papers as may be specially called for by the Appellate Court

আপীল আদালতে কাগজ পত্র পাঠাইবার কথা।

যে আদালতের কাগজপত্র আপীল আদালতে গচ্ছিত না হইয়া থাকে এমত আদালতের ডিক্রীর উপর আপীল হইলে, যে আদালতে উক্ত নোটিস পাঠান যায় সেই আদালত ঐ নোটিস পাইলেই সাধ্যমতে ত্বরায় মোকদ্দমাঘটিত গুরুতর সকল কাগজপত্র, কিম্বা আপীল আদালত বিশেষ যেং কাগজ পত্র পাঠাইবার আজ্ঞা করেন তাহা পাঠাইবেন।

Power to confirm decision of lower Court without sending it notice

Provided that the Appellate Court may, if it thinks fit, after fixing a time for hearing the appellant or his pleader, and hearing him accordingly if he appears at such time, confirm the decision of the Court against whose decree the appeal is made without sending notice of the appeal to such Court and without serving notice on the respondent or his pleader but in such case the confirmation shall be notified to the same Court

নিম্নতর আদালতে নোটিস না পাঠাইয়া নিষ্পত্তি দৃঢ় করিবার ক্ষমতার কথা।

পরন্তু আপীল আদালত বিহিত বোধ করিলে, আপেলান্টের কিম্বা তাঁহার উকীলের কথা শুনিবার সময় নিরূপণ করিয়া, ও তিনি সেই সময়ে উপস্থিত হইলে তাঁহার কথা শুনিয়া, যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালতে ঐ আপীলের নোটিস না পাঠাইয়া ও রিস্পাণ্ডেন্টের কিম্বা তাঁহার উকীলের নামে নোটিস জারী না করিয়া সেই আদালতের নিষ্পত্তি স্থির রাখিতে পারিবেন। কিন্তু তদ্রূপ স্থলে ঐ নিষ্পত্তি স্থির রাখিবার কথা ঐ আদালতে জানাইতে হইবে ইতি।

Copies of exhibits in Court whose decree is appealed against

551 Either party may make an application in writing to the Court against whose decree the appeal is made specifying any papers of which he requires copies to be made and deposited in such Court and copies of such papers shall be prepared at the expense of the applicant and shall be deposited accordingly

যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালতে দস্তাবেজের নকলের কথা।

৫৫১ ধারা। যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায়, কোন পক্ষ সেই আদালতে প্রার্থনাপত্র লিখিয়া যেং কাগজপত্রের নকল করাইয়া সেই আদালতে গচ্ছিত করাইতে চাহেন, তাহা বিশেষ করিয়া জানাইতে পারিবেন। আপেলান্টের খরচে সেই সকল কাগজপত্রের নকল প্রস্তুত করাইয়া তদনুসারে গচ্ছিত করা যাইবে ইতি।

Day for hearing appeal

552 The Appellate Court shall fix a day for hearing the appeal

আপীল শুনিবার দিনের কথা।

৫৫২ ধারা। আপীল আদালত আপীল শুনিবার দিন নিরূপণ করিবেন।

Such day shall be fixed with reference to the current business of the Court the place of residence of the respondent, and the time necessary for the service of the notice of appeal, so as to allow the respondent a sufficient time to enable him to appear and answer the appeal on such day

আদালতের চলিত কার্য্য, ও রিস্পাণ্ডেন্টের বাস স্থান, ও আপীলের নোটিস পঁহুছিবার আবশ্যক সময় লক্ষ করিয়া, ঐ দিন এমন নিরূপণ করিতে হইবে, যেন রিস্পাণ্ডেন্টের সেই সময়ে উপস্থিত হইয়া আপীলের উত্তর দিবার উপযুক্ত অবকাশ থাকে ইতি।

Publication and service of notice of day for hearing appeal

553 Notice of the day so fixed shall be stuck up in the appellate court house and a like notice shall be sent by the Appellate Court to the Court against whose decree the appeal is made, and shall be served on the respondent or his pleader in the manner provided in chapter VI for the service of a summons to a defendant to appear and answer, and all rules applicable to such summons and to proceedings with reference to the service thereof, shall apply to the service of such notice

আপীল শুনিবার দিনের নোটিস প্রকাশ ও জারী করিবার কথা।

৫৫৩ ধারা। তদ্রূপে নিরূপিত দিনের নোটিস আপীলী আদালতঘরে লাগাইয়া দেওয়া যাইবে, ও যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায় আপীল আদালত সেই আদালতেও ঐ নোটিস পাঠাইবেন, এবং ৬ ষষ্ঠ অধ্যায়ে প্রতিবাদির নামে উপস্থিত হইয়া উত্তর দিবার জন্যে সমন জারী করিবার যে বিধান আছে, ঐ নোটিস সেই বিধানমতে রিস্পাণ্ডেন্টকে কিম্বা তাঁহার উকীলকে দেওয়া যাইবে, ও সেই সমনের প্রতি ও তাহা জারী করণ সম্পর্কীয় সকল কার্য্যের প্রতি যেং বিধি খাটে, ঐ নোটিস জারী করণের পক্ষেও সেইং বিধি খাটিবে।

Instead of sending the notice to the Court against whose decree the appeal is made the Appellate Court may itself cause the notice to be served on the respondent or his pleader under the rules above referred to

Appellate Court may itself cause notice to be served

যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায় আপীল আদালত সেই আদালতে নোটিস না পাঠাইয়া আপনি পূর্ব্বোক্ত বিধিমতে রিস্পাণ্ডেন্টের কিম্বা তাঁহার উকীলের নামে নোটিস দেওয়াইতে পারিবেন ইতি।

আপীল আদালতের নিজে ঐ নোটিস জারী করাইতে পারিবার কথা।

554 The notice to the respondent shall declare that if he does not appear in the Appellate Court on the day so fixed the appeal will be heard *ex parte*

Contents of notice

৫৫৪ ধারা। রিস্পাণ্ডেন্টকে যে নোটিস দেওয়া যায় তন্মধ্যে এই কথা নির্দ্দিষ্ট থাকিবে যে তিনি পূর্ব্বোক্ত মতে নিদ্ধারিত দিনে আপীল আদালতে উপস্থিত না হইলে কেবল অন্য পক্ষ উপস্থিত থাকিতে সেই আপীল শুনা যাইবে ইতি।

নোটিসের মধ্যের কথা।

Procedure on Hearing

শ্রবণকালীন কার্য্যপ্রণালীর কথা।

555 On the day so fixed or on any other day to which the hearing may be adjourned the party having the right to begin shall be heard in support of or against the appeal as the case may be The other party shall then be heard and the party having the right to begin shall then be entitled to reply

Right to begin

৫৫৫ ধারা। পূর্ব্বোক্তমতে নিদ্ধারিত দিনে, কিম্বা শ্রবণ করিবার দিনান্তর নিদ্ধারিত হইলে সেই দিনে যে পক্ষের প্রথমে কথা কহিবার স্বত্ব থাকে, আপীলের পোষকতায় কিম্বা বিষয় বিশেষে তদ্বিপক্ষে তাঁহার কথা শুনা যাইবে। পরে অন্য পক্ষের কথা শুনা যাইবে। পরে প্রথমে যাহার কথা কহিবার স্বত্ব থাকে তাঁহার প্রত্যুত্তর করিবার স্বত্ব থাকিবে।

আরম্ভ করিবার স্বত্বের কথা।

Explanation—If the appeal is from the whole decree or if there are cross appeal the party having the right to begin is the party who had the right to begin on the hearing in the Court whose decree is appealed from

ব্যাখ্যা।—যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালতে যে পক্ষের প্রথমে কথা কহিবার স্বত্ব ছিল, সম্পূর্ণ ডিক্রীর উপর আপীল হইয়া থাকিলে কিম্বা এক আপীল খণ্ডাইবার অন্য আপীল হইলে, সেই পক্ষেরই প্রথমে কথা কহিবার স্বত্ব থাকিবে।

If the appeal is from only a portion of the decree and there is no cross appeal the appellant has the right to begin

ডিক্রীর অংশমাত্রের উপর আপীল হইলে ও এক আপীল খণ্ডাইবার অন্য আপীল না থাকিলে আপেলান্টের প্রথমে কথা কহিবার স্বত্ব থাকিবে ইতি।

556 If on the day so fixed or any other day to which the hearing may be adjourned the appellant does not attend in person or by his pleader, the appeal shall be dismissed for default

Dismissal of appeal for appellant default

৫৫৬ ধারা। পূর্ব্বোক্তমতে নিরূপিত দিনে কিম্বা আপীল শুনিবার দিনান্তর নিরূপণ হইলে সেই দিনে, আপেলান্ট স্বয়ং কিম্বা উকীলের দ্বারা উপস্থিত না হইলে, ত্রুটিপ্রযুক্ত আপীল ডিসমিস হইবে।

আপেলান্টের ত্রুটিপ্রযুক্ত আপীল ডিসমিস হইবার কথা।

If the appellant attends and the respondent does not attend, the appeal shall be heard *ex parte* in his absence

Hearing appeal ex parte

আপেলান্ট উপস্থিত হইলে ও রিস্পাণ্ডেন্ট উপস্থিত না হইলে, তাঁহার অনুপস্থানে কেবল এক পক্ষ উপস্থিত থাকিতে আপীল শুনা যাইবে ইতি।

একপক্ষমাত্র উপস্থিত হইলে আপীল শুনিবার কথা।

557 If on the day so fixed, or any other day to which the hearing may be adjourned, it is found that the notice to the respondent has not been served in consequence of the failure of the appellant to deposit, within the period fixed by the Court, the sum required to defray the cost of issuing the notice, the Court may order that the appeal be dismissed:

Dismissal of appeal where notice has not been served in consequence of appellant's failure to deposit cost of notice

৫৫৭ ধারা। নোটিস জারী করিবার খরচ বলিয়া যত টাকা প্রয়োজন, আপেলান্ট আদালতের নিরূপিত সময়ের মধ্যে ঐ টাকা আমানৎ না করাতে রিস্পাণ্ডেন্টকে নোটিস দেওয়া যায় নাই, পূর্ব্বোক্তমতে নিরূপিত দিনে, কিম্বা আপীল শুনিবার দিনান্তর নিরূপণ হইলে সেই দিনে, ইহা জানিতে পাওয়া গেলে, আদালত আপীল ডিসমিস করিবার আজ্ঞা করিতে পারিবেন।

আপেলান্ট নোটিসের খরচ না দেওয়াতে নোটিস জারী না হইলে আপীল ডিসমিস করিবার কথা।

Provided that no such order shall be passed, although the notice has not been served upon the respondent, if on the day fixed for hearing the appeal the respondent appears in person or by a pleader, or by a duly authorized agent

Proviso

কিন্তু রিস্পাণ্ডেণ্টের উপর নোটিস জারী করা না গেলেও যদি আপীল শুনিবার নিরূপিত দিনে রিস্পাণ্ডেণ্ট আপনি কিম্বা উকীলের দ্বারা কিম্বা নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা উপস্থিত হইয়া থাকেন, তবে পূর্ব্বোক্ত আজ্ঞা করা যাইবে না ইতি।

উপবিধি।

558 If an appeal be dismissed under section 556 or section 557 the appellant may apply to the Appellate Court for the re admission of the appeal, and if it be proved that he was prevented by any sufficient cause from attending when the appeal was called on for hearing or from depositing the sum so required the Court may re admit the appeal on such terms as to costs or otherwise as the Court thinks fit to impose upon him

Re admission of appeal dismissed for default

৫৫৮ ধারা। ৫৫৬ কি ৫৫৭ ধারামতে আপীল ডিসমিস করা গেলে পর, আপেলাণ্ট আপীল আদালতে আপীল পুনশ্চ গ্রাহ্য করিবার প্রার্থনা করিতে পারিবেন। ও আপীল যে সময়ে শুনিবার জন্যে তলব করা গেল আপেলাণ্ট বিশিষ্ট কোন কারণে সেই সময়ে উপস্থিত হইতে কিম্বা পূর্ব্বোক্ত আদেশমতে টাকা গচ্ছিত করিতে পারিলেন না এই কথার প্রমাণ হইলে, আদালত আপেলাণ্টের উপর খরচা প্রভৃতির বিষয়ে যে নিয়ম অবধারণ করা উচিত বোধ করেন সেই নিয়মানুসারে আপীল পুনরায় গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

ত্রুটিপ্রযুক্ত আপীল ডিসমিস হইলে পর পুনশ্চ গ্রাহ্য করিবার কথা।

559 If it appear to the Court at the hearing that any person who was a party to the suit in the Court against whose decree the appeal is made but who has not been made a party to the appeal is interested in the result of the appeal, the Court may adjourn the hearing to a future day to be fixed by the Court and direct that such person be made a respondent

Power to adjourn hearing and direct persons appearing interested to be made respondents

৫৫৯ ধারা। যে আদালতের ডিক্রীর উপর আপীল হয়, কোন ব্যক্তি তথায় মোকদ্দমার এক পক্ষ হইলেও তাঁহাকে আপীলের এক পক্ষ করা যায় নাই কিন্তু আপীলের ফলে তাহার স্বার্থ আছে আদালত আপীল শুনিবার সময়ে ইহা দেখিতে পাইলে আপীল শুনিবার জন্যে দিনান্তর নিরূপণ করিয়া ঐ ব্যক্তিকেও রিস্পাণ্ডেণ্ট করিবার আদেশ করিতে পারিবেন ইতি।

শুনিবার দিনান্তর নিরূপণ করিবার ও যাঁহাদিগকে স্বার্থী বলিয়া জ্ঞান হয় তাঁহাদিগকে রিস্পাণ্ডেণ্টের মধ্যে আনিতে আদেশ করিবার ক্ষমতার কথা।

560 When an appeal is heard *ex parte* in the absence of the respondent, and judgment is given against him, he may, within thirty days of the date of the decree, apply to the Appellate Court to re hear the appeal and if it be proved that the respondent was prevented by sufficient cause from attending when the appeal was called on for hearing, the Court may re hear the appeal on such terms as to costs or otherwise as the Court thinks fit to impose upon him

Re hearing on application of respondent against whom *ex parte* decree is made

৫৬০ ধারা। রিস্পাণ্ডেণ্টের অনুপস্থানে কেবল অন্য পক্ষের উপস্থিত হওনকালে আপীল শুনা গিয়া রিস্পাণ্ডেণ্টের বিপক্ষে নিষ্পত্তি হইলে, তিনি ডিক্রীর তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে আপীল আদালতে আপীল পুনরায় শুনিবার প্রার্থনা করিতে পারিবেন। ও আপীল যে সময়ে শুনিবার জন্যে তলব করা যায় রিস্পাণ্ডেণ্ট বিশিষ্ট কোন কারণে সেই সময়ে উপস্থিত হইতে পারিলেন না এই কথা প্রমাণ হইলে, আদালত রিস্পাণ্ডেণ্টের উপর খরচাপ্রভৃতির বিষয়ে যে নিয়ম অবধারণ করা উচিত বোধ করেন সেই নিয়মানুসারে আপীল পুনরায় শুনিতে পারিবেন ইতি।

এক পক্ষমাত্র উপস্থিত থাকিতে রিস্পাণ্ডেণ্টের বিপক্ষে ডিক্রী হইলে তাঁহার প্রার্থনামতে পুনশ্চ শুনিবার কথা।

561 Any respondent, though he may not have appealed against any part of the decree, may upon the hearing take any objection to the decree which he could have taken by way of appeal, provided he has given through the Court to the appellant seven days' notice of such objection

Upon hearing respondent may object to decree as if he had preferred separate appeal

৫৬১ ধারা। রিস্পাণ্ডেণ্ট ডিক্রীর কোন অংশের উপর আপীল না করিলেও, আপীল করিয়া ডিক্রীর বিষয়ে যে আপত্তি করিতে পারিতেন শ্রুত হওনের সময়ে সেই আপত্তি করিতে পারিবেন। কিন্তু এমত স্থলে প্রয়োজন যে সাত দিন থাকিতে তিনি আদালতের দ্বারা আপেলাণ্টকে সেই আপত্তির নোটিস দেন।

শুনিবার সময়ে স্বতন্ত্র আপীল উপস্থিত করণের ন্যায় ডিক্রীর বিষয়ে রিস্পাণ্ডেণ্টের আপত্তি করিতে পারিবার কথা।

Such notice shall be in the form of a memorandum, and the provisions of sections 540, 541 and 542, so far as they relate to the form and contents of the memorandum of appeal, shall apply to such notice

Form of notice and provisions applicable thereto

সেই নোটিস মর্ম্মাত্মকপত্রের পাঠে লেখা যাইবে, এবং আপীলের মর্ম্মাত্মকপত্রের পাঠের ও মর্ম্মের বিষয়ে ৫৪০ ও ৫৪১ ও ৫৪২ ধারার যে২ বিধান বর্ত্তে, ঐ নোটিসেরও প্রতি সেই২ বিধান বর্ত্তিবে।

নোটিস লিখিবার পাঠ ও তাহার প্রতি যে২ বিধান খাটে তাহার কথা।

A respondent cannot by such notice raise questions between himself and any party to the suit, other than the appellant

রিস্পাণ্ডেণ্ট সেই প্রকারের নোটিসে আপনার ও আপেলাণ্টভিন্ন মোকদ্দমার অন্য কোন পক্ষের মধ্যে কোন প্রশ্ন উত্থাপন করিতে পারিবেন না ইতি।

562 If without going into the merits the Court against whose decree the appeal is made has disposed of the suit upon a preliminary point so as to exclude any evidence of fact which appears to the Appellate Court essential to the determination of the rights of the parties and the decree upon such preliminary point is reversed in appeal, the Appellate Court may if it thinks fit, remand the case together with a copy of the decree or order in appeal, to the Court against whose decree the appeal is made, with directions to re admit the suit under its original number in the register, and

Remand of case by Appellate Court

৫৬২ ধারা। যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালত যদি দোষ গুণের বিচার না করিয়া প্রথমস্থলীয় কোন বিষয় ধরিয়া মোকদ্দমার এমন নিষ্পত্তি করিয়া থাকেন যে, আপীল আদালতের বিবেচনায় উভয় পক্ষের স্বত্ব নির্ণয় করণার্থে বৃত্তান্তের যে প্রমাণ অত্যাবশ্যক তাহা ত্যাগ করা গেল, এবং প্রথমস্থলীয় সেই বিষয়ে যে ডিক্রী করিলেন তাহা যদি আপীলক্রমে অসিদ্ধ করা গিয়া থাকে তবে যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায় আপীল আদালত উচিত বোধ করিলে সেই আদালতে আপীলী ডিক্রীর কি আজ্ঞার নকলের সঙ্গে মোকদ্দমা ফিরিয়া পাঠাইয়া, রেজিষ্টরী বহীতে আসল নম্বরমতে ঐ মোকদ্দমা পুনর্ব্বার গ্রাহ্য করিয়া

আপীল আদালতের ঐ মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার কথা।

(*a*) to proceed to investigate the suit on the merits, and pass a decree thereon, or

(ক) দোষগুণ ক্রমে মোকদ্দমার তদন্ত লইয়া তদনুসারে ডিক্রী করিতে, কিম্বা

(*b*) to try a particular issue or

(খ) বিশেষ ইস্যুর বিচার করিতে, কিম্বা

(*c*) to take certain specified evidence

(গ) নির্দ্দিষ্ট কোন প্রমাণ লইতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

563 When a case is remanded with directions to take such evidence the Court to which the case is remanded shall not take any other evidence in the case, except evidence tendered to contradict the evidence so taken

When further evidence barred

৫৬৩ ধারা। উক্ত প্রকারের প্রমাণ লইবার আদেশ সহিত মোকদ্দমা ফিরিয়া পাঠান গেলে, যে আদালতে ঐ মোকদ্দমা ফিরিয়া পাঠান যায় সেই আদালত, পূর্ব্বোক্তমতে গৃহীত প্রমাণ খণ্ডাইবার জন্যে যে প্রমাণ উপস্থিত করা যায় তদ্ভিন্ন, ঐ মোকদ্দমায় অন্য প্রমাণ লইবেন না ইতি।

যে স্থলে আরও প্রমাণ লইবার বাধা হয় তাহার কথা।

564 The Appellate Court shall not remand a case for a second decision, except as provided in section 562

Limit to remand

৫৬৪ ধারা। ৫৬২ ধারার বিধানমতে না হইলে আপীল আদালত দ্বিতীয়বার নিষ্পত্তি করিবার জন্যে মোকদ্দমা ফিরিয়া পাঠাইবেন না ইতি।

যে স্থলে ফিরিয়া পাঠান যাইবে না তাহার কথা।

565 When the evidence upon the record is sufficient to enable the Appellate Court to pronounce judgment, the Appellate Court may if necessary re settle the issues, and shall finally determine the case notwithstanding that the judgment of the Court against whose decree the appeal is made has proceeded wholly upon some ground other than that on which the Appellate Court proceeds.

When evidence on record sufficient Appellate Court shall determine case finally

৫৬৫ ধারা। কাগজপত্রে যে প্রমাণ থাকে আপীল আদালত তাহা দেখিয়া নিষ্পত্তি করিতে সক্ষম হইলে, আপনি প্রয়োজনমতে পুনর্ব্বার ইস্যু নিরূপণ করিবেন ও যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায় সেই আদালত যে হেতু ধরিয়া বিচার করিলেন আপীল আদালত সম্পূর্ণরূপে অন্য হেতু ধরিয়া বিচার করিলেও সেই মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিতে পারিবেন ইতি।

কাগজপত্রে যে প্রমাণ থাকে তাহা প্রচুর হইলে আপীল আদালতের শেষ নিষ্পত্তি করিবার কথা।

566 If the Court against whose decree the appeal is made has omitted to frame or try any issue or to determine any question or fact, which appears to the Appellate Court essential to the right decision of the suit upon the merits, and the evidence upon the record is not sufficient to enable the Appellate Court to determine such issue or question, the Appellate Court may frame issues for trial and may refer the same for trial to the Court against whose decree the appeal is made, and in such case shall direct such Court to take the additional evidence required,

When Appellate Court may frame issues and refer them for trial to Court whose decree is appealed against

and such Court shall proceed to try such issue, and shall return to the Appellate Court its finding thereon together with the evidence

৫৬৬ ধারা। দোষগুণানুসারে মোকদ্দমার ন্যায়মতে নিষ্পত্তি করণার্থে আপীল আদালত যে২ ইস্যু ও বৃত্তান্ত ঘটিত যে২ কথা অত্যাবশ্যক জ্ঞান করেন, যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালত যদি উক্ত কোন ইস্যু ধরিতে কি বিচার করিতে কিম্বা বৃত্তান্তঘটিত সেই কথা নির্ণয় করিতে ত্রুটি করিয়া থাকেন ও কাগজপত্রে যে প্রমাণ থাকে তাহা আপীল আদালতের সেই ইস্যু কি সেই কথা নির্ণয় করণার্থে প্রচুর না হয়, তবে আপীল আদালত বিচার করণার্থে ইস্যু নিরূপণ করিয়া, যে আদালতের ডিক্রীর উপর ঐ আপীল হইল সেই আদালতের বিচারার্থে অর্পণ করিতে পারিবেন, তাহা করিলে আর যে প্রমাণের প্রয়োজন থাকে ঐ আদালতের প্রতি তাহা লইবার আজ্ঞা করিবেন,

যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় আপীল আদালত যে স্থলে ইস্যু নিরূপণ করিয়া সেই আদালতের বিচারার্থে অর্পণ করিতে পারেন তাহার কথা।

ও ঐ আদালত সেই ইস্যুর বিচার করিতে প্রবর্ত্ত হইবেন ও প্রমাণের সহিত তদ্বিষয়ে আপনার নির্ণয়পত্র আপীল আদালতে ফিরিয়া পাঠাইবেন ইতি।

567 Such finding and evidence shall become part of the record in the suit, and either party may, within a time to be fixed by the Appellate Court, present a memorandum of objections to the finding

Finding and evidence to be put on record

Objections to finding

After the expiration of the period fixed for presenting such memorandum, the Appellate Court shall proceed to determine the appeal

Determination of appeal

৫৬৭ ধারা। ঐ নির্ণয়পত্র ও প্রমাণপত্র মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে ও আপীল আদালত যে সময় নিরূপণ করেন কোন পক্ষ সেই সময়ের মধ্যে ঐ নির্ণয়ের উপর আপত্তির মর্ম্মাত্মকপত্র উপস্থিত করিতে পারিবেন।

ঐ নির্ণয়পত্র ও প্রমাণ কাগজপত্রের মধ্যে রাখিবার কথা।

নির্ণয়ের উপর আপত্তির কথা।

ঐ মর্ম্মাত্মকপত্র উপস্থিত করিবার নিরূপিত সময় গত হইলে পর, আপীল আদালত আপীল নির্ণয় করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

আপীল নির্ণয়ের কথা।

568 The parties to an appeal shall not be entitled to produce additional evidence, whether oral or documentary, in the Appellate Court But if

Production of additional evidence in Appellate Court

(*a*) the Court against whose decree the appeal is made refused to admit evidence which ought to have been admitted, or

(*b*) the Appellate Court requires any document to be produced or any witness to be examined to enable it to pronounce judgment or for any other substantial cause,

the Appellate Court may allow such evidence to be produced, or document to be received, or witness to be examined

Whenever additional evidence is admitted by an Appellate Court, the reason for the admission shall be recorded on the proceedings of the Court.

৫৬৮ ধারা। আপীল আদালতে আপীলের কোন পক্ষের বাচনিক কি লিখিত আরও প্রমাণ উপস্থিত করিবার অধিকার নাই। কিন্তু

আপীল আদালতে আরো প্রমাণ উপস্থিত করিবার কথা।

(ক) যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালতের যে প্রমাণ গ্রাহ্য করা উচিত তাহা যদি গ্রাহ্য করিতে অসম্মত হইয়া থাকেন, কিম্বা

(খ) আপীল আদালত নিষ্পত্তি করিতে পারিবার জন্যে কিম্বা অন্য পর্য্যাপ্ত কারণে যদি কোন দলীল আনাইবার কিম্বা কোন সাক্ষির সাক্ষ্য লইবার প্রয়োজন রাখেন,

তবে আপীল আদালত সেই প্রমাণ উপস্থিত করিবার কিম্বা সেই দলীল গ্রাহ্য করিবার কিম্বা সেই সাক্ষির সাক্ষ্য লইবার অনুমতি দিতে পারিবেন।

আপীল আদালত আর প্রমাণ গ্রাহ্য করিলে, আদালতের আনুষ্ঠানিক কার্য্যপত্রে সেই প্রমাণ গ্রাহ্য করিবার কারণ লিপিবদ্ধ হইবে ইতি।

569 Whenever additional evidence is allowed to be received the Appellate Court may either take such evidence or direct the Court against whose decree the appeal is made or any other Subordinate Court to take such evidence and to send it when taken to the Appellate Court

Mode of taking additional evidence

570 In all cases where additional evidence is directed or allowed to be taken the Appellate Court shall specify the points to which the evidence is to be confined and record on its proceedings the points so specified

Points to be defined and recorded

Of the Judgment in Appeal

571 The Appellate Court after hearing the parties or their pleaders and referring to any part of the proceeding whether on appeal or in the Court against whose decree the appeal is made, to which a reference may be considered necessary, shall pronounce judgment in open Court, either at once or on some future day, of which notice shall be given to the parties or their pleaders

Judgment when and where pronounced

572 The judgment shall be written in English, provided that if English is not the mother tongue of the Judge and he is not able to write an intelligible judgment in English, the judgment shall be written in his mother tongue or in the language of the Court

Language of judgment

573 When the language in which the judgment is written is not the language of the Court, the judgment shall, if any party so require, be translated into such language, and the translation, after it has been ascertained to be correct, shall be signed by the Judge or such officer as he appoints in this behalf

Translation of judgment.

574 The judgment of the Appellate Court shall state—

Contents of judgment

(*a*) the points for determination,
(*b*) the decision thereupon,
(*c*) the reasons for the decision, and
(*d*) when the decree appealed against is reversed, the relief to which the appellant is entitled,

and shall at the time that it is pronounced be signed and dated by the Judge or by the Judges concurring therein

Date and signature.

৫৬৯ ধারা। আর প্রমাণ লইবার অনুমতি হইলে আপীল আদালত সেই প্রমাণ লইতে পারিবেন, অথবা যে আদালতের ডিক্রীর উপর আপীল হইল সেই আদালতের কিম্বা অধীন অন্য কোন আদালতের ঐ প্রমাণ লইবার আদেশ করিয়া প্রমাণ লওয়া গেলে আপীল আদালতে পাঠাইবার আদেশ করিতে পারিবেন ইতি।

আর প্রমাণ লইবার নিয়মের কথা।

৫৭০ ধারা। যেং স্থলে আর প্রমাণ লইবার আদেশ বা অনুমতি দেওয়া যায় সেইং স্থলে যেং বিষয়মাত্রের প্রমাণ লওয়া যাইবে আপীল আদালত তাহা নির্দ্দিষ্ট করিয়া আপনার আনুষ্ঠানিক কার্য্যের পত্রের মধ্যে সেইং নির্দ্দিষ্ট বিষয় লিপিবদ্ধ করিবেন ইতি।

যেং বিষয় নির্ণীত হইয়া লিপিবদ্ধ হইবে তাহার কথা।

আপীলে বিচার বিষয়ক বিধি।

৫৭১ ধারা। আপীল আদালত উভয় পক্ষের কি তাঁহাদের উকীলদের কথা শুনিলে পর আপীলক্রমে কিম্বা যে আদালতের ডিক্রীর উপর ঐ আপীল হয় সেই আদালতে যে কার্য্যানুষ্ঠান হইয়াছে তাহার কোন অংশ দৃষ্টি করা আবশ্যক জ্ঞান করিলে তাহা দৃষ্টি করিলে পর হয় তৎকালেই না হয় উভয় পক্ষকে কি তাঁহাদের উকীলদিগকে অন্য দিনের নোটিস দিয়া সেই দিনে, মুক্তদ্বার আদালতে বিচার প্রচার করিবেন ইতি।

যে সময়ে ও স্থানে বিচার প্রচার করা যাইবে তাহার কথা।

৫৭২ ধারা। বিচারপত্র ইঙ্গরেজী ভাষায় লিখিতে হইবে। কিন্তু ইংরেজী ভাষা বিচারপতির মাতৃ ভাষা না হইলে ও ইঙ্গরেজী ভাষায় বোধগম্যরূপে বিচারপত্র লিখিতে না পারিলে, তাঁহার মাতৃ ভাষায় কিম্বা আদালতের চলিত ভাষায় সেই বিচারপত্র লিখিতে হইবে ইতি।

বিচার লিখিবার ভাষার কথা।

৫৭৩ ধারা। বিচারপত্র আদালতের চলিত ভাষায় লেখা না গেলে, ও কোন পক্ষের আদেশ থাকিলে ঐ বিচারপত্র সেই ভাষায় অনুবাদ করিয়া দেওয়া যাইবে, ও সেই অনুবাদ ঠিক হইয়াছে ইহা নিশ্চয়মতে জানা গেলে পর বিচারপতি কিম্বা এই কার্য্যপক্ষে তাঁহার নিযুক্ত অন্য কার্য্যকারক সেই অনুবাদে স্বাক্ষর করিবেন ইতি।

বিচারপত্র অনুবাদ করিবার কথা।

৫৭৪ ধারা। আপীল আদালতের বিচারপত্রে এইং কথা ব্যক্ত থাকিবে,—

বিচারপত্রের মর্ম্মের কথা।

(ক) যেং বিষয় নির্ণয় করিতে হইয়াছিল তাহা।
(খ) তাহার উপর যে নিষ্পত্তি হইল তাহা।
(গ) ঐ নিষ্পত্তির হেতু। ও
(ঘ) যে ডিক্রীর উপর আপীল হইয়াছিল তাহা অসিদ্ধ করা গেলে, আপেলান্ট যে উপকার পাইবার স্বত্ববান্ হন তাহা,

ও তাহাতে যে বা যেং বিচারপতি সম্মত হন, তাঁহারা নিষ্পত্তি প্রচার করিবার সময়ে তাহাতে তারিখ লিখিয়া স্বাক্ষর করিবেন ইতি।

তারিখের ও স্বাক্ষরের কথা।

575 When the appeal is heard by a Bench of two or more Judges, the appeal shall be decided in accordance with the opinion of such Judges or of the majority (if any) of such Judges

Decision when appeal is heard by two or more Judges

If there be no such majority which concurs in a judgment varying or reversing the decree appealed against, such decree shall be affirmed

Provided that, if the Bench hearing the appeal is composed of two Judges belonging to a Court consisting of more than two Judges and the Judges composing the Bench differ in opinion on a point of law, the appeal may be referred to one or more of the other Judges of the same Court, and shall be decided according to the opinion of the majority (if any) of all the Judges who have heard the appeal, including those who first heard it

When there is no such majority which concurs in a judgment varying or reversing the decree appealed against, such decree shall be affirmed

The High Court may from time to time make rules consistent with this Code to regulate references under this section

576 When the appeal is heard by more Judges than one, any Judge dissenting from the judgment of the Court shall state in writing the decision or order which he thinks should be passed on the appeal, and he may state his reasons for the same

Dissent to be recorded

577 The judgment may be for confirming, varying, or reversing the decree of the Court against which the appeal is made, or, if the parties to the appeal agree as to the form which the decree in appeal shall take, or as to the order to be passed in appeal, the Appellate Court may pass a decree or order accordingly

What judgment may direct

578 No decree shall be varied or reversed, nor shall any case be remanded in appeal, on account of any error, defect or irregularity, whether in the decision or in any order passed in the suit, or otherwise, not affecting the merits of the case or the jurisdiction of the Court.

No decree to be reversed or modified for error or irregularity

৫৭৫ ধারা। দুই কি তদধিক জন বিচারপতি একত্র বসিয়া আপীল শুনিলে, সেই বিচারপতিদের, কিম্বা অধিকাংশের এক মত হইলে সেই অধিকাংশের, মতানুসারে আপীল নিষ্পত্তি হইবে।

দুই বা তদধিক জন বিচারপতি আপীল শুনিলে নিষ্পত্তির কথা।

যে ডিক্রীর উপর আপীল হয় অধিকাংশ বিচারপতি একবাক্য হইয়া সেই ডিক্রী মতান্তর কি অসিদ্ধ করিতে সম্মত না হইলে, ঐ ডিক্রী স্থির থাকিবে।

কিন্তু দুইয়ের অধিক জন বিচারপতি লইয়া যে আদালত হয় তাঁহাদের দুই জন বিচারপতি একত্র বসিয়া আপীল শুনিলে, এবং আইনঘটিত কোন বিষয়ে ঐ দুই জনের মতের অনৈক্য হইলে সেই আদালতের অন্য এক কি ততোধিক জন বিচারপতির প্রতি ঐ আপীল অর্পণ করা যাইতে পারিবে ও যে বিচারপতিরা প্রথম আপীল শ্রবণ করিলেন তাঁহাদিগকেও লইয়া যত জন বিচারপতি আপীল শুনিলেন তাঁহাদের অধিকাংশ ব্যক্তির একমত থাকিলে, তদনুসারে আপীল নিষ্পত্তি হইবে।

যে ডিক্রীর উপর আপীল হয় তাহা মতান্তর কি অসিদ্ধ করণের নিষ্পত্তিতে অধিকাংশ বিচারপতির সম্মতি না হইলে ঐ ডিক্রী স্থির থাকিবে।

হাই কোর্ট এই ধারামতে আপীল অর্পণ করণের বিষয়ে সময়ে২ এই আইনের সঙ্গত বিধান করিতে পারিবেন ইতি।

৫৭৬ ধারা। একের অধিক জন বিচারপতি আপীল শুনিলে, আদালতের বিচার বিষয়ে কোন বিচারপতির মতের অনৈক্য হইলে, তাঁহার বিবেচনামতে আপীলের উপর যে নিষ্পত্তি কি আজ্ঞা হওয় উচিত তাহা লিখিবেন ও সেই নিষ্পত্তির কারণও লিখিয়া জানাইতে পারিবেন ইতি।

অসম্মতি লিখিতে হইবার কথা।

৫৭৭ ধারা। আদালতের যে ডিক্রীর উপর আপীল করা যায়, সেই ডিক্রী স্থির রাখিবার, কিম্বা মতান্তর কি অসিদ্ধ করিবার বিচারপত্র হইতে পারিবে। অথবা আপীলক্রমে যে ডিক্রী হয় তাহা যে প্রকারের হইবে কিম্বা আপীলে যে আজ্ঞা করা যাইবে তদ্বিষয়ে আপীলের উভয় পক্ষ একবাক্য হইলে, আপীল আদালত তদনুসারে ডিক্রী কি আজ্ঞা করিতে পারিবেন ইতি।

বিচারপত্রে যেরূপ আজ্ঞা করা যাইতে পারিবে তাহার কথা।

৫৭৮ ধারা। মোকদ্দমায় যে নিষ্পত্তি কিম্বা যে আজ্ঞা করা যায় তন্মধ্যে কি অন্য বিষয়ে ভ্রম কি ত্রুটি কি বেদাঁড়া হইলেও যদি তদ্দ্বারা মোকদ্দমার দোষগুণের কিম্বা আদালতের বিচারাধিপত্যের কোন ব্যাঘাত না ঘটে তবে তৎপ্রযুক্ত ডিক্রী মতান্তর কি অসিদ্ধ করা যাইবে না ও আপীলক্রমে মোকদ্দমা ফিরিয়া পাঠান যাইবে না ইতি।

ভ্রম কি বেদাঁড়াপ্রযুক্ত ডিক্রি অন্যথা কি মতান্তর না করিবার কথা।

Of the Decree in Appeal

579 The decree of the Appellate Court shall bear date the day on which the judgment was pronounced

Contents of decree

The decree shall contain the number of the appeal, and the memorandum of appeal including the names and description of the appellant and respondent and shall specify clearly the relief granted or other determination of the appeal

The decree shall also state the amount of costs incurred in the appeal and by what parties and in what proportions such costs and the costs in the suit are to be paid

The decree shall be signed and dated by the Judge or Judges who passed it

Provided that where there are more Judges than one if there be a difference of opinion among them it shall not be necessary for any Judge dissenting from the judgment of the Court to sign the decree

Judge dissenting from judgment need not sign decree

580 Certified copies of the judgment and decree shall be furnished to the parties on application to the Court and at their expense

Copies of judgment and decree to be furnished to parties

581 A copy of the judgment and of the decree certified by the Appellate Court or such officer as it appoints in this behalf shall be sent to the Court which passed the decree appealed against, and shall be filed with original proceedings in the suit and an entry of the judgment of the Appellate Court shall be made in the register of Civil suits

Certified copy of decree to be sent to Court whose decree is appealed against

582 The Appellate Court shall have the same powers in appeals under this chapter in respect to adjournments granting of time arrest or attachment before judgment issue of injunctions examination of the parties or their pleaders and of witnesses or other persons issue of commissions, award of interest or mesne profits separation of misjoined suits, permission to bring fresh suits, or otherwise as are vested by this Code in Courts of original jurisdiction in respect of suits instituted under chapter V

Appellate Court to have same powers as Courts of original jurisdiction

আপীলে ডিক্রীবিষয়ক বিধি।

৫৭৯ ধারা। বিচার যে দিনে প্রচার করা যায় আপীল আদালতের ডিক্রীতে সেই দিনের তারিখ দিতে হইবে।

ডিক্রীর মর্ম্মের কথা।

ঐ ডিক্রীর মধ্যে আপীলের নম্বর ও আপীলের মর্ম্মা স্মরকপত্র ও আপেলান্টের ও রিস্পাণ্ডেন্টের নাম ও বর্ণনা লেখা থাকিবে ও যে উপকার করা যায় কিম্বা আপীলের জন্য যে নির্ণয় হয় তাহা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট থাকিবে।

আবো আপীলে যত টাকা খরচ লাগে তাহা এবং ঐ খরচ ও মোকদ্দমার খরচা যে২ পক্ষ যে২ অংশমতে দিতে হইবে তাহাও ডিক্রীতে ব্যক্ত থাকিবে।

যে বা যে২ বিচারপতি ডিক্রী করিলেন তাঁহারা তাহাতে স্বাক্ষর করিয়া তারিখ লিখিবেন।

কিন্তু একের অধিক জন বিচারপতি থাকিলে ও তাঁহাদের মতের অনৈক্য হইলে আদালতের বিচারে যে বিচারপতির মতের অনৈক্য হয় ডিক্রীতে তাঁহার স্বাক্ষর করিবার আবশ্যক নাই ইতি।

বিচারে কোন বিচারপতি অসম্মত হইলে তাঁহার স্বাক্ষর করিবার অপ্রয়োজনের কথা।

৫৮০ ধারা। উভয় পক্ষ আদালতে প্রার্থনা করিলে ও খরচ দিলে বিচারপত্রের ও ডিক্রীর সর্টিফিকটযুক্ত নকল তাঁহাদিগকে দেওয়া যাইবে ইতি।

বিচারপত্রের ও ডিক্রীর নকল উভয় পক্ষকে দিবার কথা।

৫৮১ ধারা। বিচারের ও ডিক্রীর নকল আপীল আদালতের কিম্বা এই কার্য্যপক্ষে এ আদালতের নিযুক্ত কার্য্যকারকের সর্টিফিকটযুক্ত হইয়া যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায় সেই আদালতে পাঠান যাইবে, ও তাহা মোকদ্দমার আসল কাকাবীর সঙ্গে নথির শামিল করা যাইবে। ও আপীল আদালতের বিচার দেওয়ানী মোকদ্দমার রেজিস্টরী বহীতে লেখা যাইবে ইতি।

যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালতে ডিক্রীর সর্টিফিকট যুক্ত নকল পাঠাইবার কথা।

৫৮২ ধারা। পঞ্চম অধ্যায়মতে যে২ মোকদ্দমা উপস্থিত করা যায়, তদ্বিষয়ে এই আইনক্রমে মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন আদালতের প্রতি মোকদ্দমা স্থগিত করিয়া শুনিবার দিনান্তর নিরূপণ করণের ও সময় দেওনের ও নিষ্পত্তির পূর্ব্বে ব্যক্তিকে ধৃত কি দ্রব্য ক্রোক করণের ও নিষেধসূচক আজ্ঞা করণের ও উভয় পক্ষের কি তাঁহাদের উকীলদের ও সাক্ষিদের কি অন্য ব্যক্তিদের পরীক্ষা লওনের, ও কমিশ্যন দেওনের, ও সুদ কি ওয়াসিলাতের মীমাংসা করণের ও অনুচিতমতে সংযুক্ত মোকদ্দমা পৃথক করণের, ও নূতন মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি দেওন প্রভৃতির যে২ ক্ষমতা আছে, এই অধ্যায়মতে আপীলী মোকদ্দমায় আপীল আদালতেরও সেই২ বিষয়ে সেই২ ক্ষমতা থাকিবে।

আপীল আদালতের ক্ষমতা আদৌ বিচার করিবার ক্ষমতাপন্ন আদালতের ন্যায় হওয়ার কথা

The provisions of such chapter, unless when otherwise provided, shall apply to appeals under this chapter so far as the same are applicable

ভাবান্তরের বিধান না থাকিলে, ঐ পঞ্চম অধ্যায়ের বিধান এই অধ্যায়মত আপীলের প্রতি যত দূর খাটিতে পারে খাটিবে ইতি।

583 When a party in whose favour a decree is passed in an appeal under this chapter is desirous of obtaining execution of the same, he shall apply to the Court which passed the decree against which the appeal was preferred and such Court shall proceed to execute the decree passed in appeal according to the rules herein before prescribed for the execution of decrees in suits

Execution of decree of Appellate Court

৫৮৩ ধারা। এই অধ্যায়মত আপীলক্রমে যে ব্যক্তির সপক্ষে ডিক্রী করা যায়, তিনি সেই ডিক্রী জারী করাইতে চাহিলে, যে আদালতের ডিক্রীর উপর আপীল উপস্থিত করা যায় সেই আদালতে প্রার্থনা করিবেন। ও পূর্ব্বভাগে মোকদ্দমার ডিক্রী যে বিধিমতে জারী করিবার বিধান আছে, সেই আদালত সেই বিধিমতে আপীলের ঐ ডিক্রী জারী করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

আপীল আদালতের ডিক্রী জারী করিবার কথা।

CHAPTER XLI

Of Appeals from Appellate Decrees

৪১ একচত্বারিংশ অধ্যায়।

আপীলী ডিক্রীর উপর আপীল বিষয়ক বিধি।

584 Unless when otherwise provided in this Code or by any other law, from all decrees passed in appeal by any Court subordinate to a High Court, an appeal shall lie to the High Court on any of the following grounds, (namely)—

Second appeals to High Court

৫৮৪ ধারা। এই আইনে কিম্বা অন্য কোন আইনে ভাবান্তরের বিধান না থাকিলে হাই কোর্টের অধীন কোন আদালতে আপীল হইয়া যে সকল ডিক্রী করা যায় তাহার উপর নিম্ন লিখিত কোন হেতুতে হাই কোর্টে আপীল হইতে পারিবে, বিশেষত,

হাই কোর্টে দ্বিতীয় আপীলের কথা।

(*a*) the decision being contrary to some specified law or usage having the force of law

Grounds of second appeal

(ক) নিষ্পত্তি বিশেষ কোন আইনের বিপরীত কিম্বা আইনের তুল্য বলবৎ আচারের বিপরীত হওয়া হেতু

দ্বিতীয় আপীলের হেতুর কথা।

(*b*) the decision having failed to determine some issue of law or usage having the force of law,

(খ) নিষ্পত্তিতে আইনের কোন ইস্যু কিম্বা আইনের তুল্য বলবৎ কোন আচারের ইস্যু নির্ণয় না হওয়া হেতু,

(*c*) a substantial error or defect in the procedure as prescribed by this Code or any other law, which may have produced error or defect in the decision of the case upon the merits

(গ) এই আইনে কিম্বা অন্য কোন আইনে যে কার্য্যপ্রণালীর বিধান হইয়াছে সেই কার্য্যপ্রণালীতে গুরুতর ভ্রম কিম্বা দোষ হওয়াপ্রযুক্ত দোষগুণানুসারে মোকদ্দমার নিষ্পত্তি করণে ভ্রম কি দোষ হওয়া হেতু ইতি।

585 No second appeal shall lie except on the grounds mentioned in section 584

Second appeal only on grounds mentioned in section 584

৫৮৫ ধারা। ৫৮৪ ধারার উল্লিখিত হেতুভিন্ন দ্বিতীয় আপীল হইতে পারিবে না ইতি।

কেবল ৫৮৪ ধারার লিখিত হেতুতে দ্বিতীয় আপীল হইতে পারিবার কথা।

586 No second appeal shall lie in any suit of the nature cognizable in Courts of Small Causes, when the debt compensation, or demand for which the original suit is instituted, does not exceed the sum of five hundred rupees

No second appeal in certain suits

৫৮৬ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য মোকদ্দমার ভাবাপন্ন আসল মোকদ্দমা পাঁচ শত টাকার অধিক ঋণের কি হানিপুরণের কি দাওয়ার নিমিত্ত উপস্থিত করা না গেলে, সেই মোকদ্দমার দ্বিতীয় আপীল নাই ইতি।

কোন২ মোকদ্দমার দ্বিতীয় আপীল হইতে না পারিবার কথা।

587 Every memorandum of appeal under this chapter shall be accompanied by a copy of the decree appealed against,

and the provisions contained in chapter XLII shall apply as far as may be to appeals under this chapter,

Provisions as to second appeals

৫৮৭ ধারা। যে ডিক্রীর উপর আপীল হয়, এই অধ্যায়মত আপীলের প্রত্যেক দর্খাস্তকপত্রের সঙ্গে সেই ডিক্রীর নকল দিতে হইবে।

দ্বিতীয় আপীল বিষয়ক বিধান।

ও ৪২ অধ্যায়ের বিধান এই অধ্যায়মত আপীলের প্রতি যত দূর খাটিতে পারে খাটিবে।

and the decree made by the Appellate Court shall be executed by the Court which made the decree in the suit in which such appeal was preferred, under the rules hereinbefore provided for the execution of decrees in suits

Execution of decree in second appeal

যে মোকদ্দমায় আপীল উপস্থিত করা যায় সেই মোকদ্দমায় যে আদালত ডিক্রী করিবেন, সেই আদালত, মোকদ্দমার ডিক্রী জারী করিবার পূর্ব্বলিখিত বিধিমতে, আপীল আদালতের ঐ ডিক্রী জারী করিবেন ইতি।

দ্বিতীয় আপীলের ডিক্রী জারী করিবার কথা।

CHAPTER XLII

OF APPEALS FROM ORDERS

Orders appealable

588 An appeal shall lie from the following orders under this Code and from no other such orders —

(a) orders under section 19, staying proceedings in a suit

(b) orders under section 24, determining whether immoveable property is or is not within the local limits of the Court's jurisdiction

(c) orders under section 32 striking out or adding the name of any person as plaintiff or defendant

(d) orders under section 44 adding a cause of action,

(e) orders under section 47, excluding a cause of action

(f) orders rejecting or returning plaints under section 53 clause (d) or section 54, clauses (b) and (d), or section 57, clause (c)

(g) orders rejecting applications under section 102, in cases open to appeal for an order to set aside the dismissal of a suit

(h) orders under section 120, where a party fails to appear,

(i) orders under section 168, for attachment of property

(j) orders under section 176, where a party refuses to give evidence or produce a document called for by the Court,

(k) orders under section 244, as to questions relating to the execution of decrees,

(l) orders under section 261, as to objections to draft conveyances or draft endorsements,

(m) orders under section 312, for setting aside, or under section 314, for confirming, a sale,

(n) orders in insolvency matters, under section 351, 352, 357, or 359,

৪২ দ্বাচত্বারিংশ অধ্যায়।

আজ্ঞার উপর আপীল বিষয়ক বিধি।

যেং আজ্ঞার উপর আপীল হইতে পারে তাহার কথা।

৫৮৮ ধারা। এই আইনমত এইং আজ্ঞার উপর আপীল হইতে পারিবে, তদ্রূপ অন্য আজ্ঞার উপর নয়—

(ক) মোকদ্দমার আনুষ্ঠানিক কার্য্য স্থগিত করণার্থ ১৯ ধারামত আজ্ঞা।

(খ) স্থাবর সম্পত্তি আদালতের এলাকার সীমার মধ্যে থাকা বা না থাকা বিষয়ে ২৪ ধারামত নির্ণয় সূচক আজ্ঞা।

(গ) বাদী কি প্রতিবাদী বলিয়া কোন ব্যক্তির নাম উঠাইয়া দেওন বা সংযোগকরণ বিষয়ক ৩২ ধারামত আজ্ঞা।

(ঘ) নালিশের কারণ সংযোগ করণার্থ ৪৪ ধারামত আজ্ঞা।

(ঙ) নালিশের কারণ উঠাইয়া দেওনার্থ ৪৭ ধারামত আজ্ঞা।

(চ) ৫৩ ধারার (ঘ) প্রকরণ কিম্বা ৫৪ ধারার (খ) ও (ঘ) প্রকরণমতে কিম্বা ৫৭ ধারার (গ) প্রকরণমতে আবেদনপত্র অগ্রাহ্য করণের কি ফিরিয়া দেওনের আজ্ঞা।

(ছ) যে মোকদ্দমায় আপীল হইতে পারে এমত মোকদ্দমা ডিসমিস করিবার আজ্ঞা অসিদ্ধ করণার্থ ১০২ ধারামত প্রার্থনা অগ্রাহ্য করণের আজ্ঞা।

(জ) কোন পক্ষ উপস্থিত হইতে ত্রুটি করিলে ১২০ ধারামত আজ্ঞা।

(ঝ) সম্পত্তি ক্রোক করণার্থে ১৬৮ ধারামত আজ্ঞা।

(ঞ) আদালত সাক্ষ্য দিতে কি দলীল আনিয়া দেখাইতে আজ্ঞা করিলেও কোন পক্ষ সেই সাক্ষ্য দিতে কি সেই দলীল দেখাইতে সম্মত না হইলে ৭৬ ধারামত আজ্ঞা।

(ট) ডিক্রীজারি করণ সম্পর্কীয় প্রশ্ন বিষয়ে ২৪৪ ধারামত আজ্ঞা।

(ঠ) হস্তান্তরকরণপত্রের কি পৃষ্ঠলিপির পাণ্ডুলেখ্য লিখিবার আপত্তি বিষয়ক ২৬১ ধারামত আজ্ঞা।

(ড) নীলাম অসিদ্ধ করণার্থ ৩১২ ধারামত কিম্বা দৃঢ়ী করণার্থ ৩১৪ ধারামত আজ্ঞা।

(ঢ) ঋণ শোধ করণের অক্ষমতার স্থলে ৩৫১ কি ৩৫২ কি ৩৫৭ কি ৩৫৯ ধারামত আজ্ঞা

(*o*) orders rejecting applications under section 370, for dismissal of the suit

(*p*) orders disallowing objections, under section 372

(*q*) orders as to interpleader suits, under section 473, 475, or 476

(*r*) orders under section 479, 480, 481, 485 492, 493, 503 or 513

(*s*) orders under section 518 modifying an award,

(*t*) orders under any of the provisions of this Code, imposin, fines or for the imprisonment of any person, except when such imprisonment is in execution of a decree

The orders passed in appeals under this section shall be final

589 An appeal from any order specified in section 588, clause (*n*) shall lie to the High Court

Court which shall hear appeals

When an appeal from any other order is allowed by this chapter, it shall lie to the Court to which an appeal would lie from the decree in the suit in relation to which such order was made

590 The procedure prescribed in chapter XLII shall so far as may be, apply to appeals from orders under this Code or under any special or local law in which a different procedure is not provided

Procedure in appeals from o de s

591 Except as provided in this chapter, no appeal hall lie from any order passed in the course of a suit and relating thereto, prior to decree but if the decree be appealed against any error, defect or irregularity in such order affecting the merits of the case or the jurisdiction of the Court, may be set forth as a ground of objection in the memorandum of appeal

No app al before dec ee from order pass d i course of suit but if decree ap pealed against e or or de fect therein may be set forth.

CHAPTER XLIII

Of Pauper Appeals.

592. Any person entitled under this Code or any other law to prefer an appeal, who is unable to pay the fee required for the petition of appeal, may, on presenting an application

Who may appeal as pauper

(ণ) ৩৭০ ধারামত মোকদ্দমা ডিসমিস করণার্থ প্রার্থনাপত্র অগ্রাহ্য করণের আজ্ঞা।

(ত) ৩৭২ ধারামত আপত্তি অগ্রাহ্য করণার্থ আজ্ঞা।

(থ) মুজাহেমী মোকদ্দমা বিষয়ক ৪৭৩ ও ৪৭৫ ও ৪৭৬ ধারামত আজ্ঞা।

(দ) ৪৭৯, ৪৮০, ৪৮১, ৪৮৫, ৪৯২ ৪৯৩, ৫০৩ ৫১৩ ধারামত আজ্ঞা।

(ধ) মীমাংসা অন্তান্তর করণবিষয়ক ৫ ৮ ধারামত আজ্ঞা।

(ন) এই আইনের কোন বিধানানুসারে অর্থদণ্ড ধার্য্য করণের কিম্বা ডিক্রী জারীক্রমে কারা বন্ধনছাড়া কোন ব্যক্তিকে কারাবদ্ধ করি বার যে আজ্ঞা হয় তাহা।

এই ধারামতে আপীল হওয়া যে আজ্ঞা করা যায় তাহা চূড়ান্ত হইবে ইতি।

৫৮৯ ধারা। ৫৮৮ ধারার (চ) প্রকরণের নির্দ্দিষ্ট আজ্ঞার উপর হাই কোর্টে আপীল হইতে পারিবে।

যেং আদালত আপীল শুনিবেন তাহার কথা।

এই অধ্যায়ক্রমে অন্য কোন আজ্ঞার উপর আপীল করিবার অনুমতি থাকিলে, যে মোকদ্দমা সম্পর্কে ঐ আজ্ঞা করা যায় সেই মোকদ্দমার ডিক্রীর উপর যে আদালতে আপীল হইতে পাবে সেই আদালত ঐ আপীল শুনিবেন ইতি।

৫৯০ ধারা। এই আইনমত আজ্ঞার উপর, কিম্বা বিশেষ কি স্থানীয় কোন আইনে অন্যরূপ কার্য্য প্রণালীর বিধান না থাকিলে সেইং আইনমত আজ্ঞার উপর যে আপীল হয় তাহার প্রতি ৪২ অধ্যায়ের নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালী যত দূর খাটিতে পারে খাটিবে ইতি।

আজ্ঞার উপর আপীল শুনিবার কার্য্যপ্রণালীর কথা।

৫৯১ ধারা। এই অধ্যায়ে প্রকারান্তরের বিধান না থাকিলে মোকদ্দমা চলনের সময়ে ও ডিক্রী হওয়ার পূর্ব্বে মোকদ্দম স ক্রান্ত যে আজ্ঞা করা যায় তাহার উপর আপীল নাই। কিন্তু ডিক্রীর উপর আপীল হইলে, উক্ত কোন আজ্ঞার অন্তর্গত যে ভ্রম কি দোষ কি বেদাঁড়ার কার্য্যদ্বারা মোকদ্দমার দোষ গুণের কিম্বা আদালতের বিচারাধিপত্যের বিঘ্ন ঘটিতে পারে, আপীলের মর্ম্মাঙ্কপত্রে তাহাও আপত্তির এক হেতু বলিয়া ব্যক্ত হইতে পারিবে ইতি।

মোকদ্দমা চলনের সময়ে যে আজ্ঞা করা যায় ডিক্রীর পূর্ব্বে তাহার উপর আপীল হইতে না পারিবার কিন্তু ডিক্রীর উপর আপীল হইলে তদন্তর্গত ভ্রম কি দোষ প্রকাশ করা যাইতে পারিবার কথা।

৪৩ ত্রয়োচত্বারিংশ অধ্যায়।

পাপরদের আপীল বিষয়ক বিধি।

৫৯২ ধারা। এই কিম্বা অন্য কোন আইনমতে কোন ব্যক্তির আপীল করিবার অধিকার থাকিলে ও আপীলের দরখাস্তের প্রয়োজনমত ফী দিতে অক্ষম হইলে,

পাপরস্বরূপ যাঁহারা আপীল করিতে পারিবেন তাঁহাদের কথা।

accompanied by a memorandum of appeal, be allowed to appeal as a pauper subject to the rules contained in chapters XXVI, XL, XLI, and XLII, in so far as those rules are applicable

Provided that the Court shall reject the application unless upon a perusal thereof and of the judgment and decree against which the appeal is made, it sees reason to think that the decree appealed against is contrary to law or to some usage having the force of law or is otherwise erroneous or unjust

Procedure on application for admission of appeal

তিনি আপীলের মর্ম্মাত্মকপত্রের সহিত প্রার্থনাপত্র অর্পণ করিয়া, ২৬ ও ৪০ ও ৪১ ও ৪২ অধ্যাযের বিধান যত দূর খাটিতে পারে তত দূর সেই বিধানমতে পাপরস্বরূপ আপীল কবিবার অনুমতি পাইতে পারিবেন।

কিন্তু আদালত প্রার্থনাপত্র এ৷~ যে বিচারের ও ডিক্রীব উপর আপীল হয় তাহা পাঠ কাবলে পব যে ডিক্রীব উপব আপীল হয তাহা ৬াইনেব f পবীত কিম্বা আইনের তুল্য বলবৎ কোন আচাবের বিপবীত, কি প্রকারান্তরে ভ্রমাত্মক কি অন্যায বলিযা জ্ঞান কবিবার কাবণ না দেখিলে, সেই প্রার্থনাপত্র অগ্রাহ্য করিবেন ইতি।

আপীল গ্রাহ্য করিবার প্রার্থনা হইলে কার্য্যপ্রণালীর কথা।

593 The inquiry into the pauperism of the applicant may be made either by the Appellate Court or by the Court against whose decision the appeal is made under the orders of the Appellate Court

Enquiry into pauperism

৫৯৩ ধারা। হয আপীল অ৷দালত না হয যে আদালতেব নিষ্পত্তিব উপব আপীল কবা যায, আপীল আদালতেব আদেশানুসারে সেই আদালত প্র৷র্থকেব দৈ ন্যদশাব অনুসন্ধান লইতে পাবিবেন।

দীনতার অনুসন্ধান লওন বিষয়ক কথা।

Provided that, if the applicant was allowed to sue or appeal as a pauper in the Court against whose decree the appeal is made no further enquiry in respect of his pauperism shall be necessary, unless the Appellate Court sees special cause to direct such enquiry

Proviso

কিন্তু যে আদালতেব ডিক্রীব উপব আপীল কবা যায প্রার্থক যদি সেই আদালতে পাপবস্বরূপ মোকদ্দমা কি আপীল করিতে অনুমতি পাইযা থাকেন, তবে আপীল আদালত তাঁহাব দীনতার বিষযে অনুসন্ধান লওযাব বিশেষ কাবণ না জানিলে তদ্বিষযে আব অনুসন্ধান লওয়ার আবশ্যক নাই ইতি।

উপবিধি।

CHAPTER XLIV

Of Appeals to the Queen in Council

৪৪ চতুশ্চত্বারিংশ অধ্যায।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল বিষযক বিধি।

594 In this chapter unless there be some thing repugnant in the subject or context, the expression 'decree' includes also judgment and order

Decree defined

৫৯৪ ধারা। এই অধ্যাযে বিষয বিবেচনায কিম্বা পূর্ব্বাপব কথাদ্বারা ভাবান্তর বোধ না হইলে, 'ডিক্রী শব্দেব মধ্যে বিচার ও আজ্ঞাও ধরিতে হইবে ইতি।

ডিক্রী শব্দের অর্থ নির্ণয়ের কথা।

595 Subject to such rules as may, from time to time be made by Her Majesty in Council regarding appeals from the Courts of British India, and to the provisions hereinafter contained—

an appeal shall lie to Her Majesty in Council

(a) from any final decree passed on appeal by a High Court or other Court of final appellate jurisdiction,

(b) from any final decree passed by a High Court in the exercise of original civil jurisdiction, and

(c) from any decree, when the case, as hereinafter provided, is certified to be a fit one for appeal to Her Majesty in Council

When appeals lie to Queen in Council

৫৯৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহাবাণী সমযে২ ব্রিটনীয ভারতবর্ষেব নানা আদালতহইতে আপীল কবণ বিষয়ক যে২ বিধি প্রণযন করেন সেই২ বিধি ও নিম্নলিখিত বিধান মানিযা,

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহাবাণীর নিকট এই২ ডিক্রীর উপর আপীল হইতে পারিবে,

(ক) হাই কোর্ট কিম্বা শেষ আপালের আধিপত্য বিশিষ্ট অন্য আদালত আপীলক্রমে শেষ যে ডিক্রী করেন তাহার উপর,

(খ) হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার ক্ষমতাক্রমে কার্য্য করিয়া যে শেষ ডিক্রী করেন তাহার উপর,

(গ) পূর্ব্বনির্দ্দিষ্টমতে কোন ডিক্রী মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইবার উপযুক্ত বলিয়া সর্টিফিকট দেওযা গেলে, সেই ডিক্রীর উপর ইতি।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট, যে২ স্থলে আপীল হইতে পারিবে তাহার কথা।

Value of subject matter

596 In each of the cases mentioned in clauses (*a*) and (*b*) of section 595,

the amount or value of the subject matter of the suit in the Court of first instance must be ten thousand rupees or upwards, and the amount or value of the matter in dispute on appeal to Her Majesty in Council must be the same sum or upwards,

or the decree must involve, directly or indirectly, some claim or question to, or respecting property of like amount or value,

and where the decree appealed from affirms the decision of the Court immediately below the Court passing such decree the appeal must involve some substantial question of law

Bar of certain appeals

597 Notwithstanding anything contained in section 595

no appeal shall lie to Her Majesty in Council from the judgment of one Judge of a High Court established under the twenty fourth and twenty fifth of Victoria, chapter 104, or of one Judge of a Division Court, or of two or more Judges of such High Court or of a Division Court constituted by two or more Judges of such High Court whenever such Judges are equally divided in opinion, and do not amount in number to a majority of the whole of the Judges of the High Court at the time being

and no appeal shall lie to Her Majesty in Council from any decree which, under section 586, is final

Application to Court whose decree is complained of

598 Whoever desires to appeal under this chapter to Her Majesty in Council, must apply by petition to the Court whose decree is complained of

Time within which application must be made.

599 Such application must ordinarily be made within six months from the date of such decree

But if that period expires when the Court is closed, the application may be made on the day that the Court re opens

Certificate as to value or fitness

600 Every petition under section 598 must state the grounds of appeal and pray for a certificate, either that, as regards amount or value and nature, the case fulfils the requirements of section 596, or that it is otherwise a fit one for appeal to Her Majesty in Council

যে বিষয় লইয়া বিবাদ হয় তাহার মূল্যের কথা।

৫৯৬ ধারা। ৫৯৫ ধারার (ক) ও (খ) প্রকরণের উল্লিখিত প্রত্যেক স্থলে,

মোকদ্দমা প্রথম যে আদালতে উপস্থিত করা যায় সেই আদালতে বিবাদীয় বিষয়ের মূল্য দশ সহস্র টাকা কি তাহার অধিক হওয়া আবশ্যক, এবং মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট যে আপীল করা যায় তন্মধ্যে বিবাদীয় টাকা কি বিবাদীয় বিষয়ের মূল্য ততই কি তাহার অধিক হওয়া আবশ্যক

কিম্বা ডিক্রীর মধ্যে স্পষ্টরূপে কি চক্রান্তে তত টাকার কিম্বা তত মূল্যের সম্পত্তির উপর দাওয়া কি তৎসম্পর্কীয় বিবাদ থাকা আবশ্যক।

ও তাহা যে আদালতের ডিক্রী হয় সেই আদালত অব্যবহিত নিম্নআদালতের নিষ্পত্তি স্থির করিয়া যে ডিক্রী করেন তাহার উপর আপীল হইলে, আপীলী মোকদ্দমার মধ্যে আইনঘটিত কোন গুরুতর কথা থাকা আবশ্যক ইতি।

কোন২ আপীল হইবার বাধার কথা।

৫৯৭ ধারা। ৫৯৫ ধারায় ভাবান্তরের কথা থাকিলেও

মহারাণী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ১০৪ অধ্যায় ক্রমে স্থাপিত হাই কোর্টের এক জন জজ কিম্বা ডিবিজন কোর্টের এক জজ যে নিষ্পত্তি করেন কিম্বা ঐ হাই কোর্টের দুই কি তদধিক জন জজদের কিম্বা ঐ হাই কোর্টের দুই কি তদধিক জন জজ লইয়া যে ডিবিজন কোর্ট হয় সেই কোর্টের জজদের মধ্যে যত জনের একমত হয় তত জনের বিপক্ষ মত থাকিলে, ও তাঁহারা হাই কোর্টের তৎকালীন সমুদয় জজের অধিকাংশ না হইলে তাঁহারা যে নিষ্পত্তি করেন, সেই নিষ্পত্তির উপর মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইতে পারিবে না।

ও ৫৮৬ ধারামতে যে ডিক্রী চূড়ান্ত হয় তাহার উপর মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল নাই ইতি।

যে আদালতের ডিক্রীর বিষয়ে নালিশ হয় তাহার নিকট প্রার্থনার কথা।

৫৯৮ ধারা। কোন ব্যক্তি এই অধ্যায়মতে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল করিতে চাহিলে, যে আদালতের ডিক্রীর বিষয়ে নালিশ হয় সেই আদালতে তাঁহার প্রার্থনা করিতে হইবে ইতি।

যে সময়ের মধ্যে প্রার্থনা করিতে হইবে তাহার কথা।

৫৯৯ ধারা। সচরাচর ঐ ডিক্রীর তারিখঅবধি ছয় মাসের মধ্যে ঐ প্রার্থনা করিতে হইবে।

কিন্তু আদালতের বন্ধ থাকনের কোন দিনে ঐ মিয়াদ ফুরাইলে যে দিনে পুনরায় খোলা যায় সেই দিনে প্রার্থনা করা যাইতে পারিবে ইতি।

মূল্যের কি যোগ্যতার সর্টিফিকটের কথা।

৬০০ ধারা। ৫৯৮ ধারামত প্রত্যেক দরখাস্তে আপীলের হেতু লিখিতে হইবে, এবং যত টাকার কি যে মূল্যের সম্পত্তি লইয়া বিবাদ হয় তাহা ও মোকদ্দমার ভাব দৃষ্টে মোকদ্দমা ৫৯৬ ধারার বিধান অনুযায়ী, কিম্বা কারণান্তরে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইবার যোগ্য, এই মর্ম্মের সর্টিফিকট প্রার্থনা করিতে হইবে।

Upon receipt of such petition, the Court may direct notice to be served on the opposite party to show cause why the said certificate should not be granted

Effect of refusal of certificate

601 If such certificate be refused the petition shall be dismissed

Provided that if the decree complained of be a final decree passed by a Court other than a High Court the order refusing the certificate shall be appealable within thirty days from the date of the order to the High Court to which the former Court is subordinate

Security and deposit required on grant of certificate

602 If the certificate be granted the applicant shall within six months from the date of the decree complained of or within six weeks from the grant of the certificate whichever is the later date

(a) give security for the costs of the respondent, and

(b) deposit the amount required to defray the expense of translating, transcribing, indexing and transmitting to Her Majesty in Council a correct copy of the whole record of the suit except

(1) formal documents directed to be excluded by any order of Her Majesty in Council in force for the time being,

(2) papers which the parties agree to exclude

(3) accounts or portions of accounts which the officer empowered by the Court for that purpose considers unnecessary and which the parties have not specifically asked to be included and

(4) such other documents as the High Court may direct to be excluded

and when the applicant prefers to print in India the copy of the record, except as aforesaid, he shall also, within the time mentioned in the first clause of this section, deposit the amount required to defray the expense of printing such copy

Admission of appeal and procedure thereon

603. When such security has been completed and deposit made to the satisfaction of the Court, the Court may

(a) declare the appeal admitted, and

আদালত ঐ দরখাস্ত পাইলে, বিপক্ষ ব্যক্তির নামে ঐ সর্টিফিকট না দিবার কারণ দর্শাইতে নোটিস দিবার আদেশ করিতে পারিবেন ইতি।

সর্টিফিকট দিতে সম্মত না হওয়ার ফলের কথা।

৬০১ ধারা। সেই সর্টিফিকট দিবার অসম্মতি হইলে দরখাস্ত ডিসমিস হইবে।

পরন্তু যে ডিক্রীর উপর নালিশ হয় তাহা হাইকোর্টভিন্ন কোন আদালতের শেষ ডিক্রী হইলে ঐ আদালত যে হাইকোর্টের অধীন থাকে ঐ সর্টিফিকট না দিবার আজ্ঞার তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে সেই হাইকোর্টে ঐ আজ্ঞার উপর আপীল হইতে পারিবে ইতি।

সর্টিফিকট দেওয়া গেলে জামীনের ও টাকা আমানতের কথা।

৬০২ ধারা। সর্টিফিকট দেওয়া গেলে যে ডিক্রীর বিষয়ে নালিশ হয় তাহার তারিখ অবধি ছয় মাস কিম্বা সর্টিফিকট দিবার তারিখঅবধি ছয় সপ্তাহ ইহার মধ্যে যেটি শেষে পড়ে প্রার্থক সেই সময়ের মধ্যে

(ক) রিস্পাণ্ডেণ্টের খরচার জামিন দিবেন, ও

(খ) নিম্নলিখিত কএকখানি পত্র ছাড়া মোকদ্দমার সমস্ত কাগজপত্র অনুবাদ করিবার ও তাহার প্রতিলিপি ও সূচীপত্র করিবার ও মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট প্রেরণ করিবার যত টাকা খরচ লাগে তাহা আমানৎ করিবেন—বর্জিত পত্র এই৷

(১) মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর যে আজ্ঞা তৎকালে প্রচলিত থাকে তদনুসারে কেবল দাঁড়ামত যে দলীল ত্যাগ করিবার আদেশ থাকে তাহা।

(২) উভয় পক্ষ একবাক্য হইয়া যেং পত্রাদি ত্যাগ করেন তাহা।

(৩) এতৎকার্য্যাপক্ষে আদালতের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারক যেং হিসাব কি হিসাবের যেং অংশ অনাবশ্যক জ্ঞান করেন ও উভয় পক্ষ যাহা ধরিবার জন্যে বিশেষমতে প্রার্থনা করেন নাই তাহা।

(৪) হাইকোর্ট অন্য যেং দলীল ত্যাগ করিবার আদেশ করেন তাহা।

আরো প্রার্থক পূর্ব্বোক্ত কএকখানি পত্র ভিন্ন অন্য সকল কাগজপত্রের নকল ভারতবর্ষে ছাপাইতে ইচ্ছা করিলে, ঐ নকল ছাপাইবার জন্যে যত টাকা খরচ লাগে, তিনি এই ধারার প্রথম প্রকরণের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই টাকাও গচ্ছিত করিবেন ইতি।

আপীল গ্রাহ্য হওনের ও তৎসম্পর্কীয় কার্য্যপ্রণালীর কথা।

৬০৩ ধারা। আদালতের হৃদ্বোধমতে উক্ত জামীন সম্পূর্ণরূপে দেওয়া গেলে ও টাকা আমানৎ করা গেলে, আদালত

(ক) আপীল গ্রাহ্য বলিয়া প্রকাশ করিতে পারিবেন, ও

(*b*) give notice thereof to the respondent, and shall then

(খ) রিস্পাণ্ডেণ্টকে তাহার নোটিস দিতে পারিবেন, তৎপরে

(*c*) transmit to Her Majesty in Council, under the seal of the Court, a correct copy of the said record, except as aforesaid, and

(গ) পূর্ব্বোক্ত কএকখানি পত্রছাড়া অন্য সকল কাগজপত্রের পরিশুদ্ধ প্রতিলিপি আদালতের মোহরে অঙ্কিত করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট প্রেরণ করিবেন,

(*d*) give to either party one or more authenticated copies of any of the papers in the suit on his applying therefor and paying the reasonable expenses incurred in preparing them

(ঘ) ও কোন পক্ষ মোকদ্দমার অন্তর্গত কোন কাগজ পত্রের এক কি কএকখানি প্রামাণিক প্রতিলিপি প্রার্থনা করিলে ও তাহা প্রস্তুত করিবার সঙ্গত খরচ দিলে, তাঁহাকে দিতে পারিবেন ইতি।

Revocation of acceptance of security

604 At any time before the admission of the appeal, the Court may, upon cause shown, revoke the acceptance of any such security, and make further directions thereon

জামিন গ্রাহ্য হওয়া নিরাকরণ করিবার কথা।

৬০৪ ধারা। আপীল গ্রাহ্য হওয়ার পূর্ব্বে কোন সময়ে, কারণ দর্শান গেলে, আদালত উক্ত কোন জামিন গ্রাহ্য হওয়া নিরাকরণ করিয়া তদ্বিষয়ের অন্য আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Power to order further security or payment

605 If at any time after the admission of the appeal, but before the transmission of the copy of the record, except as aforesaid, to Her Majesty in Council, such security appears inadequate,

or further payment is required for the purpose of translating, transcribing printing, indexing, or transmitting the copy of the record, except as aforesaid,

the Court may order the appellant to furnish, within a time to be fixed by the Court other and sufficient security, or to make, within like time the required payment

আর জামীন কি টাকা দিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

৬০৫ ধারা। আপীল গ্রাহ্য হওয়ার পর ও মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট পূর্ব্বোক্ত কএকখানি পত্রভিন্ন অন্য কাগজপত্রের প্রতিলিপি প্রেরণ করিবার পূর্ব্বে কোন সময়ে উক্ত জামিন প্রভুত নয় বলিয়া বোধ হইলে

কিম্বা পূর্ব্বোক্ত কএকখানি পত্রভিন্ন অন্য কাগজপত্র অনুবাদ করিবার ও তাহার প্রতিলিপি করিবার ও ছাপাইবার ও সূচীপত্র করিবার ও তাহা প্রেরণ করিবার জন্যে আর টাকার প্রয়োজন থাকিলে,

আদালত আপেলাণ্টের প্রতি ঐ আদালতের নিরূপিত সময়ের মধ্যে অন্য ও উপযুক্ত জামিন দিবার কিম্বা সেই সময়ের মধ্যে আদেশমত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Effect of failure to comply with order

606 If the appellant fail to comply with such order the proceedings shall be stayed,

and the appeal shall not proceed without an order in this behalf of Her Majesty in Council

and in the meantime execution of the decree appealed against shall not be stayed

আজ্ঞামতে কর্ম্ম না করিবার ফলের কথা।

৬০৬ ধারা। আপেলাণ্ট সেই আজ্ঞামতে কার্য্য না করিলে আনুষ্ঠানিক কার্য্য স্থগিত হইবে,

ও এতৎপক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞা না হইলে আপীলী কার্য্য চলিবে না,

ইতিমধ্যে যে ডিক্রীর উপর আপীল হইল সেই ডিক্রীজারী স্থগিত হইবে না ইতি।

Refund of balance of deposit

607 When the copy of the record, except as aforesaid, has been transmitted to Her Majesty in Council, the appellant may obtain a refund of the balance, if any, of the amount which he has deposited under section 602

আমানতের উদ্বর্ত্ত টাকা ফিরিয়া দিবার কথা।

৬০৭ ধারা। পূর্ব্বোক্ত কএকখানি পত্রভিন্ন অন্য কাগজপত্রের এক প্রস্থ মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট প্রেরণ করা গেলে পর আপেলাণ্ট ৬০২ ধারামতে যে টাকা আমানৎ করিলেন তাহার মধ্যে কিছু উদ্বর্ত্ত থাকিলে তাহা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

Powers of Court pending appeal

608 Notwithstanding the admission of any appeal under this chapter, the decree appealed against shall be unconditionally enforced, unless the Court admitting the appeal otherwise directs.

আপীল উপস্থিত থাকিতে আদালতের ক্ষমতার কথা।

৬০৮ ধারা। এই অধ্যায়মতে কোন আপীল গ্রাহ্য হইলেও, যে আদালত আপীল গ্রাহ্য করিলেন সেই আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে, যে ডিক্রীর উপর আপীল হইল তাহা নিরপেক্ষরূপে প্রবল করা যাইবে।

But the Court may, if it think fit, on any special cause shown by any party interested in the suit, or otherwise appearing to the Court—

কিন্তু মোকদ্দমায় স্বার্থযুক্ত কোন ব্যক্তি বিশেষ কোন কারণ দেখাইলে, কিম্বা আদালত কোন কারণ জানিয়া উচিত বোধ করিলে,

(*a*) impound any moveable property in dispute, or any part thereof, or

(ক) বিবাদীয় অস্থাবর সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ আটক রাখিতে পারিবেন কিম্বা

(*b*) allow the decree appealed against to be enforced, taking such security from the respondent as the Court thinks fit for the due performance of any order which Her Majesty in Council may make on the appeal or

(খ) মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণী আপীল মুখে যে আজ্ঞা করেন আদালত সেই আজ্ঞা নিয়মমতে সাধন হইবার যে জামিন নিহিত বোধ করেন রিস্প গুেন্টের স্থানে সেই জামিন লইয়া যে ডিক্রীর উপর আপীল করা যায় তাহা প্রবল হইবার অনুমতি দিতে পারিবেন কিম্বা

(*c*) stay the execution of the decree appealed against taking such security from the appellant as the Court thinks fit for the due performance of the decree appealed against or of any order which Her Majesty in Council may make on the appeal or

(গ) যে ডিক্রীর উপর আপীল হইল তদনুসারে, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণী আপীল মুখে যে আজ্ঞা করেন তদনুসারে যথোচিতরূপে কার্য্য হইবার যে জামিন লওয়া উচিত বোধ হয় আদালত আপেলান্টের স্থানে সেই জামিন লইয়া, যে ডিক্রীর উপর আপীল হইল সেই ডিক্রীজারীর কার্য্য স্থগিত রাখিতে পারিবেন কিম্বা

(*d*) place any party seeking the assistance of the Court under such conditions or give such other direction respecting the subject matter of the appeal as it thinks fit

(ঘ) যে পক্ষ আদালতের সাহায্য প্রার্থনা করিলেন আদালত ঐ পক্ষের প্রতি যে২ নিয়ম বর্ত্তান উচিত বোধ করেন তাহা বর্ত্তাইতে পারিবেন কিম্বা যে দ্রব্যাদি লইয়া আপীল হইল তদ্বিষয়ের অন্য যে আদেশ করা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

609 If at any time during the pendency of the appeal the security so furnished by either party appears inadequate the Court may on the application of the other party require further security

Increase of security found inadequate

৬০৯ ধারা। কোন পক্ষ যে জামিন দিলেন, আপীল উপস্থিত থাকনের কোন সময়ে সেই জামিন প্রচুর নয় বোধ হইলে, আদালত অন্য পক্ষের প্রার্থনামতে আরও জামিন দিবার আজ্ঞা করিতে পারিবেন।

জামিন প্রচুর নয় দেখা গেলে তাহা বৃদ্ধি করিবার কথা।

In default of such further security being furnished as required by the Court if the original security was furnished by the appellant the Court may on the application of the respondent issue execution of the decree appealed against as if the appellant had furnished no such security

আদালতের আদেশানুসারে যদি ঐ অধিক জামিন দেওয়া না যায় তবে সেই প্রথম জামিন আপেলান্টের দ্বারা দেওয়া গিয়া থাকিলে যে ডিক্রীর উপর আপীল করা যায় আদালত রিস্পাণ্ডেন্টের প্রার্থনামতে আপেলান্ট যেন সেই জামিন দেন নাই এমতে ঐ ডিক্রীজারী করিবার আজ্ঞা দিবেন।

And if the original security was furnished by the respondent, the Court shall so far as may be practicable stay all further execution of the decree and restore the parties to the position in which they respectively were when the security which appears inadequate was furnished, or give such direction respecting the subject matter of the appeal as it thinks fit

ও রিস্পাণ্ডেন্ট যদি সেই প্রথম জামিন দিয়া থাকেন তবে আদালত তংদূর পারেন ডিক্রী জারী করিবার সকল কার্য্য স্থগিত রাখিয়া যে জামিন অপ্রচুর বলিয়া দৃষ্ট হইল তাহা দেওন সময়ে উভয় পক্ষের যে২ অবস্থা ছিল আদালত তাঁহাদিগকে পুনরায় সেই২ অবস্থায় রাখিবেন কিম্বা আপীলের বিষয় সম্পর্কে যে আদেশ করা উচিত বোধ করেন করিবেন ইতি।

610 Whoever desires to enforce or to obtain execution of any order of Her Majesty in Council, shall apply by petition accompanied by a certified copy of the decree or order made in appeal and sought to be enforced or executed, to the Court from which the appeal to Her Majesty was preferred

Procedure to enforce orders of Queen in Council

৬১০ ধারা। কোন ব্যক্তি মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞা প্রবল কি সাধন করাইতে চাহিলে, যে কোর্টহইতে শ্রীশ্রীমতীর নিকট আপীল করা যায় তিনি সেই কোর্টে দরখাস্ত দিবেন, ও আপীলক্রমে যে ডিক্রী কি আজ্ঞা করা যায় ও যাহা প্রবল কি সাধন করাইতে চেষ্টা করেন, দরখাস্তের সঙ্গে সেই ডিক্রীর কি আজ্ঞার সর্টিফিকটযুক্ত নকলও দিবেন।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞা প্রবল করিবার কার্য্য প্রণালীর কথা।

Such Court shall transmit the order of Her Majesty to the Court which made the first decree appealed from or to such other Court as Her Majesty by her said order may direct and shall (upon the application of either party) give such directions as may be required for the enforcement or execution of the same and the Court to which the said order is so transmitted shall enforce or execute it accordingly, in the manner and according to the rules applicable to the execution of its original decrees

When any monies expressed to be payable in British currency are payable in India under such order, the amount so payable shall be estimated according to the rate of exchange for the time being fixed by the Secretary of State for India in Council with the concurrence of the Lords Commissioners of Her Majesty's Treasury, for the adjustment of financial transactions between the Imperial and the Indian Governments

611 The orders made by the Court which enforces or executes the order of Her Majesty in Council relating to such enforcement or execution, shall be appealable in the same manner and subject to the same rules as the orders of such Court relating to the enforcement or execution of its own decrees

Appeal against order relating to execution

612 The first column of No 169 of the second schedule annexed to the Indian Limitation Act, 1871, shall be read as if the following words were added thereto (that is to say) "or any order of Her Majesty in Council"

Amendment of Act IX of 1871 schedule II No 169

613 The High Court may, from time to time make general rules consistent with this Act to regulate—

Power to make rules

(a) the service of notices under section 600,

(b) the grant or refusal of certificates under sections 601 and 602 by Courts of final appellate jurisdiction subordinate to the High Court,

(c) the amount and nature of the security required under sections 602 605, and 609,

(d) the testing of such security,

(e) the estimate of the cost of transcribing the record,

(f) the preparation, examination and certifying of such transcript,

প্রথম যে ডিক্রীর উপর আপীল করা যায় সেই ডিক্রী যে আদালত করিলেন, ঐ কোর্ট সেই আদালতে, অথবা শ্রীশ্রীমতীর আজ্ঞাপত্রে অন্য আদালতে পাঠাইবার আদেশ থাকিলে সেই আদালতে, শ্রীশ্রীমতীর আজ্ঞা প্রেরণ করিবেন, ও কোন এক পক্ষের প্রার্থনামতে ঐ আজ্ঞা প্রবল কি সাধন করাইবার প্রযোজনমত উপদেশ দিবেন। ও ঐ আজ্ঞা উক্ত প্রকারে যে আদালতে প্রেরণ করা যায়, সেই আদালত ঐ উপদেশ মানিযা, আপনার আসল ডিক্রীজারী করিবার নিয়ম মতে ও তৎপ্রতি যে বিধি খাটে তদনুসারে, সেই আজ্ঞাও প্রবল কি সাধন করাইবেন।

ভারতবর্ষে যে টাকা দিতে হইবে সেই আজ্ঞাপত্রে ব্রিটনদেশের চলিত মুদ্রা উল্লেখ করিযা তাহা ব্যক্ত থাকিলে, রাজকীয ও ভারতবর্ষীয গবর্ণমেণ্টের মধ্যে অর্থসম্পর্কীয ব্যাপার নিষ্পত্তি করণ কার্য্যে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর অর্থ কোষের লার্ড কমিশ্যনর সাহেবদের সম্মতিক্রমে যৎকালে মুদ্রাবিনিমযের যে নিযম ধার্য্য করেন উক্ত টাকা সেই নিযমানুসারে দেওযা যাইবে ইতি।

৬১১ ধারা। যে আদালত মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞা প্রবল কি সাধন করান, সেই আদালত আপনার ডিক্রী প্রবল কি সাধন সম্পর্কীয কোন আজ্ঞা করিলে তাহার উপর যে প্রকারে ও যে২ বিধি মতে আপীল হইতে পারে, শ্রীশ্রীমতীর ঐ আজ্ঞা প্রবল কি সাধন করণ সম্পর্কীয কোন আজ্ঞা করিলে তাহার উপরও সেই প্রকারে ও সেই২ বিধিমতে আপীল হইতে পারিবে ইতি।

ডিক্রী জারী করণসম্পর্কীয় আজ্ঞার উপর আপীলের কথা।

৬১২ ধারা। ভারতবর্ষীয মিযাদ বিষযক ১৮৭১ সালের আইনের দ্বিতীয তফসীলের ১৬৯ প্রকরণের প্রথম ঘরে "কিম্বা মন্ত্রিসধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর কোন আজ্ঞা এই কথাও সংযোগ করিযা ঐ ঘরের কথা পাঠ করিতে হইবে ইতি।

১৮৭১ সালের ৯ আইনের দ্বিতীয় তফসীলের ১৬৯ প্রকরণ সংশোধনের কথা।

৬১৩ ধারা। হাই কোর্ট সমযে২ নিম্নলিখিত কার্য্যে বিধান করণার্থে এই আইনের সঙ্গত সাধারণ বিধি করিতে পারিবেন,—

বিধি করিবার ক্ষমতার কথা।

(ক) ৬০০ ধারামতে নোটিস জারী করিবার বিধান।

(খ) হাই কোর্টের অধীন যে আদালতের শেষ আপীল সংক্রান্ত বিচারাধিপত্য থাকে, ৬০১ ও ৬০২ ধারামতে সেই আদালতের সর্টিফিকট দেওনের বি দিতে অসম্মত হওয়ার বিধান।

(গ) ৬০২ ও ৬০৫ ও ৬০৯ ধারামতে যত টাকার ও যে প্রকারের জামিন দিতে হইবে তাহার বিধান।

(ঘ) ঐ জামিনের পরীক্ষা লওনের বিধান।

(চ) কাগজপত্র নকল করিবার খরচের অনুমান করিবার বিধান।

(ছ) ঐ নকল প্রস্তুত ও পরীক্ষা করণের ও তাহাতে সর্টিফিকট লিখিবার বিধান।

(*g*) the revision and authentication of translations,

(*h*) the preparation of indices to transcripts of records, and of lists of the papers not included therein,

(*i*) the recovery of costs incurred in British India in connection with appeals to Her Majesty in Council

and all other matters connected with the enforcement of this chapter

All such rules shall be published in the local official Gazette, and shall thereupon have the force of law in the High Court, and the Courts of final appellate jurisdiction subordinate thereto

Publication of rules

All rules heretofore made and published by any High Court relating to appeal to Her Majesty in Council and in force immediately before the passing of this Act shall so far as they are consistent with this Act, be deemed to have been made and published hereunder

Legalization of existing rules

614 In sections 595 and 613, the expression High Court shall be deemed to include also the Recorder of Rangoon, but not so as to empower him to make rules binding on Courts other than his own Court

Recorder of Rangoon

615 The rules and restrictions referred to in Bengal Regulation III of 1828, section IV clause *fifth* shall be deemed to be the rules and restrictions applicable to appeals under this Code from the decisions of the High Court of Judicature at Fort William in Bengal

Construction of Bengal Regulation III of 1828 section 4 clause 5

616 Nothing herein contained shall be understood—

Saving of Her Majesty's pleasure

(*a*) to bar the full and unqualified exercise of Her Majesty's pleasure in receiving or rejecting appeals to Her Majesty in Council or otherwise howsoever, or

(*b*) to interfere with any rules made by the Judicial Committee of the Privy Council, and for the time being in force, for the presentation of appeals to Her Majesty in Council, or their conduct before the said Judicial Committee

and of rules for conduct of business before Judicial Committee

(ঝ) অনুবাদ সমালোচনা করিবার ও সত্যাকরণের কথা লিখিবার বিধান।

(ঞ) কাগজপত্রের প্রতিলিপির সূচীপত্র, ও তন্মধ্যে যেং পত্র ধরা যায় নাই তাহার নির্ঘণ্ট প্রস্তুত করিবার বিধান।

(ট) ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল সংক্রান্ত যে খরচ হয় তাহা আদায় করিবার বিধান,

ও এই অধ্যায়ের বিধি প্রচলন করণার্থ অন্যং বিষয়ের বিধান।

উক্ত সকল বিধি স্থানবিশেষের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে। করা গেলে হাই কোর্টে ও তাহার অধীন শেষ আপীলের বিচারাধিপত্যবিশিষ্ট আদালতে আইনের তুল্য বলবৎ হইবে।

বিধি প্রকাশ করিবার কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর নিকট আপীল সম্বন্ধীয় যে সকল বিধি ইতিপূর্ব্বে কোন হাই কোর্ট কর্ত্তৃক প্রণীত ও প্রকাশিত হইয়া এই আইন প্রচলিত হওনের প্রাক্কালে বলবৎ ছিল তাহা এই আইনের সঙ্গে যত দূর সঙ্গত হয়, তত দূর এই আইনমতে প্রণীত ও প্রকাশিত বলিয়া জ্ঞান হইবে ইতি।

এইক্ষণে যে বিধি আছে তাহা আইনসিদ্ধ করিবার কথা।

৬১৪ ধারা। ৫৯৫ ও ৬১৩ ধারার হাই কোর্ট' শব্দের মধ্যে রাঙ্গুনের রিকার্ডর সাহেবও গণ্য এমত জ্ঞান করিতে হইবে, কিন্তু তাঁহার প্রতি আপনার আদালতভিন্ন অন্য আদালতের মাননীয় বিধি করিবার ক্ষমতা প্রদত্ত হইল না ইতি।

রাঙ্গুনের রিকার্ডর সাহেবের কথা।

৬১৫ ধারা। ১৮২৮ সালের ৩ আইনের ৪ ধারার ৫ প্রকরণে যেং বিধির ও নিষেধের উল্লেখ হইল তাহা এই আইনমতে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের নিষ্পত্তির উপর আপীলের প্রতি বর্ত্তনীয় বিধি ও নিষেধ বলিয়া জ্ঞান হইবে ইতি।

বঙ্গদেশীয় ১৮২৮ সালের ৩ আইনের ৪ ধারার ৫ প্রকরণের অর্থের কথা।

৬১৬ ধারা। (ক) মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর স্বেচ্ছামতে আপীল গ্রাহ্য কি অগ্রাহ্য করণের কি অন্য কোন আজ্ঞা করণের যে সম্পূর্ণ ও নিরপেক্ষ ক্ষমতা আছে তাহার যে বাধকতা হইল কিম্বা।

শ্রীশ্রীমতীর অভিমত রক্ষার কথা।

(খ) মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর নিকট আপীল উপস্থিত করণবিষয়ে কিম্বা প্রিবি কৌন্সেলের জুডিশ্যাল কমিটীর সম্মুখে আপালী মোকদ্দমা চালাইবার বিষয়ে ঐ জুডিশ্যাল কমিটীর প্রণীত যে বিধি যে সময়ে প্রচলিত থাকে তৎপ্রতি যে হস্তক্ষেপ করা গেল,

ও জুডিশ্যাল কমিটীর সম্মুখে কার্য্য চলনের বিধি রক্ষার কথা।

এই আইনের কোন কথার এমত ভাব বুঝিতে হইবে না।

And nothing in this chapter applies to any matter of criminal or admiralty or vice admiralty jurisdiction, nor to appeals from orders and decrees of Prize Courts

আরও অপরাধের কিম্বা আডমিরলটির কি বৈস-আডমিরলটির (অর্থাৎ সমুদ্রপথে কৃত কোন অপরাধের) বিচারাধিপত্যের প্রতি কিম্বা প্রাইজ কোর্টের আজ্ঞার ও ডিক্রীর উপর আপীলের প্রতি এই অধ্যায়ের কোন কথা বর্ত্তে না ইতি।

PART VII

CHAPTER XLV

Of Reference to the High Court

সপ্তম ভাগ।

৪৫ পঞ্চচত্বারিংশ অধ্যায়।

হাই কোর্টে প্রশ্ন করণবিষয়ক বিধি।

Reference of question to High Court

617 If before or in the hearing of a suit or appeal in which the decree is final or if in the execution of any such decree any question of law or usage having the force of law, or the construction of a document which construction may affect the merits arises on which the Court trying the suit or appeal entertains reasonable doubt the Court may, either of its own motion or on the application of any of the parties draw up a statement of the point on which doubt is entertained and refer such statement with its own opinion for the decision of the High Court

হাই কোর্টে প্রশ্ন করণবিষয়ক কথা।

৬১৭ ধারা। যে মোকদ্দমার কি আপীলের ডিক্রী চূড়ান্ত হয় তাহা শ্রবণের পূর্ব্বে কি তৎ সময়ে কিম্বা উক্ত কোন ডিক্রী জারী করণসময়ে, আইনঘটিত কিম্বা আইনের তুল্য বলবৎ কোন আচারঘটিত প্রশ্ন, কিম্বা যে দলীলের অর্থানুসারে মোকদ্দমার দোষগুণ সম্পর্কীয় ফল দর্শে সেই দলীলের অর্থঘটিত কোন প্রশ্ন উত্থিত হইলে, ও যে আদালত মোকদ্দমার কি আপীলের বিচার করিতেছেন তদ্বিষয়ে তাঁহার সঙ্গতরূপ সন্দেহ থাকিলে, ঐ আদালত আপনার প্রবর্ত্তনাক্রমে কিম্বা মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনামতে ঐ সন্দিগ্ধ বিষয়ের বর্ণনাপত্র লিখিয়া আপনার অভিমত সহিত হাই কোর্টের নিষ্পত্তির নিমিত্ত অর্পণ করিতে পারিবেন ইতি।

Court may pass decree contingent upon opinion of High Court

618 The Court may either stay the proceedings or proceed in the suit or appeal notwithstanding such reference and may pass a decree contingent upon the opinion of the High Court on the point referred

হাই কোর্টের অভিমতের অপেক্ষায় আদালতের ডিক্রী করিতে পারিবার কথা।

৬১৮ ধারা। আদালত মোকদ্দমার কি আপীলের কার্য্য স্থগিত করিতে কিম্বা হাই কোর্টে প্রশ্ন উপস্থিত করা গেলেও কার্য্য চালাইতে পারিবেন ও জিজ্ঞাসিত বিষয়ে হাই কোর্টের যে অভিমত হয় তাহা অপেক্ষা করিয়া ডিক্রীও করিতে পারিবেন।

but no execution shall be issued in any case in which such reference is made to the High Court until the receipt of the order of that Court

কিন্তু হাই কোর্টে প্রশ্ন উপস্থিত করা গেলে ঐ কোর্টের আজ্ঞা না প্রাপণপর্য্যন্ত কোন স্থলেই ডিক্রী জারী করিতে হইবে না।

If a decree has been made its execution shall be stayed until the receipt of a copy of the judgment of the High Court upon such reference

যদি পূর্ব্বে ডিক্রী হইয়া থাকে তবে সেই প্রশ্নোপলক্ষে হাই কোর্টের নিষ্পত্তির নকল না প্রাপণ পর্য্যন্ত ঐ ডিক্রী জারীর কার্য্য স্থগিত রাখিতে হইবে ইতি।

Judgment of High Court to be transmitted and case disposed of accordingly

619 The High Court shall hear the parties to the suit or appeal in which the reference is made in person or by their respective pleaders and shall determine the point so referred to it and shall transmit a copy of its judgment under the signature of the Registrar, to the Court by which the reference was made, and such Court shall on the receipt thereof, proceed to dispose of the suit or appeal in conformity with the decision of the High Court

হাই কোর্টের বিচারপত্র পাঠাইবার ও তদনুসারে মোকদ্দমা নিষ্পত্তি হইবার কথা।

৬১৯ ধারা। যে মোকদ্দমা কি আপীল সম্পর্কে ঐ প্রশ্ন করা যায়, হাই কোর্ট তাহার উভয়পক্ষের কি তাঁহাদের উকীলদের কথা শ্রবণ করিয়া, উক্ত অর্পিত বিষয় নির্ণয় করিলে পর, আপনার বিচারপত্রের প্রতিলিপিতে রেজিষ্ট্রার স্বাক্ষর করিলে, যে আদালতহইতে প্রশ্ন অর্পণ করা যায় ঐ প্রতিলিপি সেই আদালতে পাঠান যাইবে, তাহা পাইলে সেই আদালত হাই কোর্টের নিষ্পত্তি অনুসারে ঐ মোকদ্দমা কি আপীল নিষ্পত্তি করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

Costs of reference to High Court.

620 Costs, if any, consequent on a reference for the opinion of the High Court, shall be costs in the suit or appeal

হাই কোর্টে অর্পণ করিবার খরচের কথা।

৬২০ ধারা। হাই কোর্টের অভিমত জানিবার জন্যে প্রশ্ন উপস্থিত করিতে খরচ লাগিলে তাহা মোকদ্দমার কি আপীলের খরচা বলিয়া ধরা যাইবে ইতি।

621 When a case is referred to the High Court under this chapter the High Court may return the case for amendment and may alter, cancel or set aside any decree which the Court making the reference has passed in the suit or appeal out of which the reference arose and make such order as it thinks fit

Power to alt & decree of Court making reference

৬২১ ধারা। এই অধ্যায়মতে কোন মোকদ্দমা হাই কোর্টে অর্পণ করা গেলে হাই কোর্ট সেই মোকদ্দমা সংশোধন করিবার জন্যে ফিরিয়া পাঠাইতে পারিবেন ও যে মোকদ্দমায় কি আপীলী মোকদ্দমায় ঐ প্রশ্ন উত্থিত হয় সেই মোকদ্দমায় যে আদালত প্রশ্ন অর্পণ করেন সেই আদালত যে কোন ডিক্রী করিলেন হাই কোর্ট তাহা পরিবর্তন কি বহিত কি অসিদ্ধ করিয়া তদ্বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

যে আদালত প্রশ্ন করেন তাহার ডিক্রী পরিবর্তনাদি করিবার ক্ষমতার কথা।

PART VIII

CHAPTER XLVI

OF REVIEW OF JUDGMENT

অষ্টম ভাগ।

৪৬ ষটচত্বারিংশ অধ্যায়।

ডিক্রীর পুনরালোচনা বিষয়ক বিধি।

622 The High Court may call for the record of any case in which no appeal lies to the High Court if the Court by which the case was decided appears to have exercised a jurisdiction not vested in it by law or to have passed any order contrary to law and may set aside the decision or pass such other order in the case as the High Court thinks fit

Power to call for record of Small Cause & cases in which no appeal lies to High Court (partly illegible)

The District Court may exercise the like powers as to any case decided by any Court subordinate thereto

৬২২ ধারা। যে আদালত যে মোকদ্দমা নিষ্পত্তি করেন তাহার নিষ্পত্তির উপর হাই কোর্টে আপীল হইতে না পারিলেও সেই আদালত আইনমতে আপনার প্রতি অর্পিত ক্ষমতার অতিরিক্ত ক্ষমতাক্রমে কার্য্য করিলেন কিম্বা আইনের বিপরীত কোন আজ্ঞা করিলেন দৃষ্ট হইলে হাই কোর্ট সেই মোকদ্দমার কাগজপত্র আনাইয়া সেই নিষ্পত্তি অসিদ্ধ করিতে কিম্বা মোকদ্দমায় অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ও আপীল হইলে নিম্নতর আদালতের নিষ্পত্তি করা মোকদ্দমার কাগজপত্র আনাইবার ক্ষমতার কথা।

জিলার আদালতের অধীন কোন আদালত যে কোন মোকদ্দমা নিষ্পত্তি করেন তৎসম্পর্কে ঐ জিলার আদালতও সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

623 Any person considering himself aggrieved—

Application for review of judgment

(*a*) by a decree or order from which an appeal is hereby allowed but from which no appeal has been preferred

(*b*) by a decree or order from which no appeal is hereby allowed or

(*c*) by a judgment on a reference from a Court of Small Causes

and who from the discovery of new and important matter or evidence which after the exercise of due diligence was not within his knowledge or could not be adduced by him at the time when the decree was passed or order made or on account of some mistake or error apparent on the face of the record or for any other sufficient reason, desires to obtain a review of the decree passed or order made against him,

may apply for a review of judgment to the Court which passed the decree or made the order or to the Court if any, to which the business of the former Court has been transferred

A party who is not appealing from a decree may apply for a review of judgment notwithstanding

৬২৩ ধারা। (ক) এতৎক্রমে যে ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল হইবার অনুমতি থাকে, কিন্তু আপীল উপস্থিত করা না যায় তদ্দ্বারা কিম্বা

ডিক্রীর পুনরালোচনা হইবার প্রার্থনার কথা।

(খ) এই আইনমতে যে ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল করিবার অনুমতি নাই তদ্দ্বারা কিম্বা

(গ) ক্ষুদ্র মোকদ্দমার আদালতের অর্পিত মোকদ্দমায় যে ডিক্রী করা যায় তদ্দ্বারা কোন ব্যক্তি আপনাকে ক্ষতিগ্রস্ত জ্ঞান করিলে

ও ঐ ডিক্রী করণ কিম্বা ঐ আজ্ঞা হওন সময়ে উপযুক্তমতে যত্ন করিলেও যে বিষয়ের কি প্রমাণের কথা জ্ঞাত ছিলেন না কিম্বা যাহা উপস্থিত করা যাইতে পারে নাই এমত নূতন ও গুরুতর বিষয়ের কি প্রমাণের সন্ধান পাওয়াতে কিম্বা কাগজপত্রের অভিমুখেই যে ভুল কি ভ্রম দৃষ্ট হয় তৎপ্রযুক্ত, কিম্বা বিশিষ্ট অন্য কোন কারণে আপনার বিপক্ষ ডিক্রীর কি আজ্ঞার পুনরালোচনা করাইতে ইচ্ছুক হইলে

যে আদালত ঐ ডিক্রী কি আজ্ঞা করিলেন সেই আদালতে, কিম্বা প্রথমোক্ত আদালতের কার্য্য অন্য আদালতে অর্পণ করা গিয়া থাকিলে সেই আদালতে, নিষ্পত্তির পুনরালোচনা হইবার প্রার্থনা করিতে পারিবেন।

কোন পক্ষীয় ব্যক্তি যদি ডিক্রীর উপর আপীল না করিয়া থাকেন, তবে অন্য কোন ব্যক্তির দ্বারা আপীল

he pendency of an appeal by some other party, except when the ground of such appeal is common to the applicant and the appellant

624 Except on the discovery of such new and important matter or evidence as aforesaid, or of some clerical error apparent on the face of the decree no application for a review of judgment, other than that of a High Court, shall be made to any Judge other than the Judge who delivered it

To whom applications for review may be made

625 The rules hereinbefore contained as to the form of making appeals shall apply *mutatis mutandis* to applications for review

Form of applications for review

626 If it appear to the Court that there is not sufficient ground for a review, it shall reject the application

Application when rejected

If the Court be of opinion that the review shall be granted it shall grant the same and the Judge shall record with his own hand his reasons for such opinion

Application when granted

Proviso

Provided that—

(*a*) no such review shall be granted without previous notice to the opposite party to enable him to appear, and be heard in support of the decree a review of which is applied for and

(*b*) no such review shall be granted on the ground of discovery of new matter or evidence which the applicant alleges was not within his knowledge or could not be adduced by him when the decree or order was passed, without strict proof of such allegation

627 If the Judge or Judges, or any one of the Judges, who passed the decree or order, a review of which is applied for, continue attached to the Court at the time when the application for a review is presented and are not, or is not, precluded by absence or other cause, for a period of six months next after the application, from considering the decree or order to which the application refers, such Judge or Judges or any of them shall hear the application and no other Judge or Judges of the Court shall hear the same

Application for review in Court consisting of two or more Judges

উপস্থিত থাকিলেও তিনি ঐ ডিক্রীর পুনরালোচনা প্রার্থনা করিতে পারিবেন, কিন্তু প্রার্থক ও আপেলান্ট এই উভয়ের পক্ষে ঐ আপীলের হেতু সাধারণ হইলে করিতে পারিবেন না ইতি।

৬২৪ ধারা। যে স্থলে পূর্ব্বোক্ত নূতন ও গুরুতর বিষয়ের কি প্রমাণের সন্ধান পাওয়া যায়, কিম্বা ডিক্রীর অভিমুখেই শব্দাদির কোন ভ্রম স্পষ্ট থাক এমত স্থল ভিন্ন হাই কোর্টের ডিক্রীছাড়া অন্য যে ডিক্রী যে বিচারপতি করেন সেই বিচারপতিভিন্ন অন্যের নিকট সেই ডিক্রীর পুনরালোচনা হইবার প্রার্থনা হইতে পারিবে না ইতি।

যাঁহার নিকট পুনরালোচনা হওয়ার প্রার্থনা করিতে হইবে তদ্বিষয়ের কথা।

৬২৫ ধারা। আপীল করিবার পাঠের যে বিধি পূর্ব্বভাগে লেখা গেল, শব্দাদি প্রয়োজনমতে পরিবর্ত্তন করিয়া সেই বিধি পুনরালোচনা হইবার প্রার্থনাপত্রেরও প্রতি খাটে ইতি।

পুনরালোচনা হইবার প্রার্থনাপত্র লিখিবার পাঠের কথা।

৬২৬ ধারা। পুনরালোচনা করিবার প্রভূত কারণ নাই আদালত এমত বোধ করিলে ঐ প্রার্থনা অগ্রাহ্য করিবেন।

প্রার্থনাপত্র অগ্রাহ্য করণ বিষয়ক কথা।

পুনরালোচনা করিবার প্রার্থনা গ্রাহ্য করিতে হইবে আদালতের এই অভিমত থাকিলে পুনরালোচনা হইবার অনুমতি দিবেন ও বিচারপতি স্বহস্তে সেই অভিমতের কারণ লিপিবদ্ধ করিবেন।

প্রার্থনা গ্রাহ্য হইলে তদ্বিষয়ের কথা।

পরন্তু (ক) যে ডিক্রীর পুনরালোচনা হইবার প্রার্থনা হয়, বিপক্ষ পক্ষ যেন উপস্থিত হইয়া সেই ডিক্রীর পোষকতার্থ কথা কহিতে পারেন এই নিমিত্ত তাঁহাকে নোটিস দেওয়া না গেলে তদ্রূপ পুনরালোচনা হইবার অনুমতি হইবে না। এবং

উপবিধি।

(খ) প্রার্থকের নিজ কথনমতে তিনি যাহা জানিতে পাইলেন না কিম্বা ডিক্রী কি আজ্ঞা হওন সময়ে যাহা উপস্থিত করিতে পারিলেন না এমত নূতন বিষয়ের কি প্রমাণের সন্ধান পাওয়াপ্রযুক্ত পুনরালোচনার প্রার্থনা হইলে, তাঁহার সেই উক্তির অতি দৃঢ় প্রমাণ না হইলে ঐ প্রার্থনা গ্রাহ্য হইবে না ইতি।

৬২৭ ধারা। যে ডিক্রীর কি আজ্ঞার পুনরালোচনা প্রার্থনা হয় তাহা যে বা যেং বিচারপতি করিলেন, তিনি কি তাঁহারা কি তাঁহাদের কোন ব্যক্তি ঐ পুনরালোচনার প্রার্থনাপত্র উপস্থিত করণ সময়ে ঐ আদালতে নিযুক্ত থাকিলে, ও প্রার্থনা হওয়ার অব্যবহিত পর ছয় মাস পর্য্যন্ত অনুপস্থানহেতুক কি অন্য কারণে ঐ প্রার্থনার উল্লিখিত ডিক্রীর কি আজ্ঞার বিবেচনা করিবার কোন বাধা না থাকিলে, ঐ বিচারপতি কি বিচারপতিগণ কি তাঁহাদের কোন ব্যক্তি ঐ প্রার্থনা শুনিবেন, ও ঐ আদালতের অন্য বিচারপতি কি বিচারপতিরা ঐ প্রার্থনা শুনিবেন না ইতি।

আদালতে দুই কি তদধিক জন জজ থাকিলে পুনরালোচনার প্রার্থনাপত্রের কথা।

628 If the application for a review be heard by more than one Judge and the Court be equally divided the application shall be rejected

Application when rejected

If there be a majority the decision shall be according to the opinion of the majority

629 The order of the Court whether for granting the review or rejecting the application shall be final, except where the review has been granted without jurisdiction, in which case an appeal shall lie

Order of Court final

Where the application has been rejected in consequence of the failure of the parties to appear, the applicant may within fifteen days from such rejection apply for an order to have the rejected application restored to the file, and if it be proved to the satisfaction of the Court that he was prevented by any sufficient cause from appearing when such application was called on for hearing, the Court may order it to be restored to the file upon such terms as to costs or otherwise as it thinks fit, and shall appoint a day for hearing the same

No order shall be made under this section unless the applicant has served the opposite party with notice in writing of the latter application

No application to review an order passed on review or on an application for a review shall be entertained

630 When an application for a review is granted a note thereof shall be made in the register, and the Court may at once re hear the case or make such order in regard to the re hearing as it thinks fit

Registry of application granted and order for re hearing

PART IX

CHAPTER XLVII

SPECIAL RULES RELATING TO THE HIGH COURTS

631 This chapter applies only to High Courts which are or may hereafter be established under the twenty fourth and twenty fifth of Victoria chapter 104 (*An Act for establishing High Courts of Judicature in India*)

This part to apply only to certain High Courts

Except as provided in this part, the provisions of this Code apply to such High Courts

Application of Code to High Courts

৬২৮ ধারা। একের অধিক জন বিচারপতি পুনরালোচনার নিমিত্ত প্রার্থনা শ্রবণ করিলে, ও তাঁহাদের যত জনের এক মত হয় তত জনের বিপরীত মত হইলে প্রার্থনা অগ্রাহ্য হইবে।

প্রার্থনা অগ্রাহ্য হইলে তদ্বিষয়ের কথা।

অধিকাংশ ব্যক্তির একমত থাকিলে অধিকাংশের সেই মতানুসারে নিষ্পত্তি হইবে ইতি।

৬২৯ ধারা। আদালত পুনরালোচনার অনুমতি দেওনের কি প্রার্থনা অগ্রাহ্য করণের যে আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবে কিন্তু বিচারাধিপত্যের বহির্ভূতস্থলে পুনরালোচনা হইবার অনুমতি দেওয়া গিয়া থাকিলে আপীল হইতে পারিবে।

আদালতের আজ্ঞা চূড়ান্ত হইবার কথা।

উভয় পক্ষের উপস্থিত না থাকাপ্রযুক্ত প্রার্থনা অগ্রাহ্য হইলে প্রার্থক ঐ প্রার্থনা অগ্রাহ্য হওয়ার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে সেই প্রার্থনাপত্র পুনরায় নথির সামিল করিবার আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন ও সেই প্রার্থনাপত্র যে সময়ে শুনিবার জন্যে তলব করা যায়, প্রার্থক বিশিষ্ট কোন কারণে সেই সময়ে উপস্থিত হইতে পারিলেন না আদালতের হৃদ্বোধমতে ইহার প্রমাণ হইলে আদালত খরচা প্রভৃতির বিষয়ে যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মানুসারে ঐ প্রার্থনাপত্র পুনরায় নথির শামিল করিতে আজ্ঞা করিয়া তাহা শুনিবার দিন ধার্য্য করিবেন।

প্রার্থক বিপক্ষপক্ষকে শেষোক্ত প্রার্থনা হওয়ার নোটিস লিখিয়া না দিলে এই ধারামত কোন আজ্ঞা করা যাইবে না।

পুনরালোচনা করিয়া কিম্বা পুনরালোচনা হইবার প্রার্থনাক্রমে যে আজ্ঞা করা যায় সেই আজ্ঞার পুনরালোচনা হওয়ার প্রার্থনা গ্রাহ্য হইবে না ইতি।

৬৩০ ধারা। পুনরালোচনার প্রার্থনাপত্র গ্রাহ্য হইলে রেজিস্টরী বহীতে সেই কথা সংক্ষেপে লেখা যাইবে, ও আদালত তৎকালেই মোকদ্দমা পুন শ্রবণ করিতে, কিম্বা পুন শ্রবণের বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

প্রার্থনাপত্র গ্রাহ্য হইলে রেজিষ্টরী করিবার ও পুন শ্রবণের আজ্ঞার কথা।

নবম ভাগ।

৪৭ সপ্তচত্বারিংশ অধ্যায়।

হাই কোর্ট সম্পর্কীয় বিশেষ বিধি।

৬৩১ ধারা। ভারতবর্ষের মধ্যে হাই কোর্ট স্থাপন করণার্থ আইন নামে মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়মতে যে২ হাই কোর্ট স্থাপিত হইয়াছে বা পশ্চাৎ হইবে, এই অধ্যায় কেবল সেই২ হাই কোর্টের প্রতি বর্ত্তিবে।

কেবল কোন২ হাই কোর্টের প্রতি এই অধ্যায় খাটিবার কথা।

এই ভাগে ভাবান্তরের বিধান না থাকিলে এই আইনের বিধান পূর্ব্বোক্ত হাই কোর্টের প্রতি খাটিবে ইতি।

হাই কোর্টের প্রতি এই আইন খাটিবার কথা।

632 Suits may be tried and determined by the High Court in the exercise of its ordinary original civil jurisdiction, if

Ordinary original civil jurisdiction of the High Court

(*a*) in the case of suits for immoveable property, the property or any part thereof is situate, or,

(*b*) in all other cases the cause of action or any material part of the cause of action has arisen, or the defendant or any of the defendants at the time of the commencement of the suit dwells or carries on business or personally works for gain, within the local limits of such jurisdiction

Provided that the leave of the Court be first obtained

(*c*) in the case of suits for immoveable property where only part thereof is situate within such limits and

(*d*) in other cases where only part of the cause of action has arisen or only some of the defendants at the commencement of the suit dwell or carry on business, or personally work for gain within such limits

Provided also that no High Court shall, in the exercise of its ordinary original civil jurisdiction try any case in which the debt or compensation, or value of the property sued for does not exceed five hundred rupees, and which falls within the jurisdiction of a Small Cause Court situate within the local limits of such jurisdiction

633 The High Court shall take evidence and record judgments and orders in such manner as it by rule from time to time directs

High Court to record judgments according to its own rules

634 Whenever a High Court considers it necessary that a decree made in the exercise of its ordinary original civil jurisdiction should be enforced before the amount of the costs incurred in the suit can be ascertained by taxation the Court may order that the decree shall be executed forthwith, except as to so much thereof as relates to the costs

Power to order execution of decree before ascertainment of costs and execution for costs subsequently

and, as to so much thereof as relates to the costs, that the decree may be executed as soon as the amount of the costs shall be ascertained by taxation

635 No attorney shall under the provisions of this Code, be entitled to address the Court or examine witnesses

Attornies not to address Court

৬৩২ ধারা। হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমার আদৌ বিচারকরণ পক্ষে সাধারণ ক্ষমতানুসারে কার্য্য করত নিম্নলিখিত স্থলে মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিতে পারিবেন,—

দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচারকরণপক্ষে হাই কোর্টের সাধারণ ক্ষমতার কথা।

(ক) স্থাবর সম্পত্তির নিমিত্ত মোকদ্দমা হইলে ঐ সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ ঐ ক্ষমতাধীন স্থানের সীমার মধ্যে থাকিলে,

(খ) ও অন্য কোন প্রকারের মোকদ্দমা হইলে, ঐ মোকদ্দমার হেতু কিম্বা সেই হেতুর গুরুতর কোন অংশ ঐ সীমার মধ্যে উত্থিত হইলে কিম্বা মোকদ্দমা আরম্ভ হওন সময়ে প্রতিবাদী, কিম্বা প্রতিবাদিদের মধ্য কোন ব্যক্তি, সেই সীমার মধ্যে বাস করিলে, কিম্বা কর্ম্ম চালাইলে কিম্বা লভ্যের আশয়ে নিজে কর্ম্ম করিলে।

কিন্তু নিম্নলিখিত স্থলে কোর্টের অনুমতি প্রথমে লওয়া প্রয়োজন

(গ) স্থাবর সম্পত্তির নিমিত্ত মোকদ্দমায় ঐ সম্পত্তির অংশমাত্র সেই সীমার মধ্যে থাকিলে, ও

(ঘ) অন্যান্য মোকদ্দমায়, মোকদ্দমার হেতুর অংশমাত্র ঐ সীমার মধ্যে উত্থিত হইলে, কিম্বা মোকদ্দমার আরম্ভকালে প্রতিবাদিদের মধ্য কএক জনমাত্র ঐ সীমার মধ্যে বাস করিলে কি কর্ম্ম চালাইলে কিম্বা লভ্যের আশয়ে নিজে কর্ম্ম করিলে।

আরো যে ঋণের কি হানিপূরণস্বরূপ যে টাকার কিম্বা যে সম্পত্তির নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করা যায় তাহা কি তাহার মূল্য পাঁচ শত টাকার অধিক না হও যাতে হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণের সাধারণ ক্ষমতাধীনস্থানের অন্তর্গত কোন ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারাধিপত্যের মধ্যে আইলে হাই কোর্ট সেই ক্ষমতাক্রমে কার্য্য করত সেই মোকদ্দমার বিচার করিবেন না ইতি।

৬৩৩ ধারা। হাই কোর্ট সময়ে২ কোন বিধি করিয়া যেরূপে আদেশ করেন সেইরূপে প্রমাণ লইবেন ও বিচার ও আজ্ঞা লিপিবদ্ধ করিবেন ইতি।

স্বীয় বিধিমতে হাই কোর্টের বিচার লিপিবদ্ধ করিবার কথা।

৬৩৪ ধারা। দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে হাই কোর্টের সাধারণ ক্ষমতাক্রমে যে ডিক্রী করা যায় সেই মোকদ্দমায় যত খরচা লাগে, টাক্স করণের দ্বারা ইহা নির্ণয় করিবার পুর্ব্বে সেই ডিক্রী প্রবল করা উচিত হাই কোর্ট এমত বোধ করিলে ডিক্রীর যে অংশে খরচসম্পর্কীয় কথা আছে তদ্ভিন্ন ঐ ডিক্রীর অন্য অংশ অগৌণেই সাধন করিবার আজ্ঞা করিতে পারিবেন,

খরচ নির্ণয় করিবার পুর্ব্বে ডিক্রী জারীর আজ্ঞা করিবার ও পশ্চাৎ খরচসম্পর্কীয় কার্য্য সাধন করিবার ক্ষমতার কথা।

ও ঐ ডিক্রীর যে অংশে খরচ সম্পর্কীয় কথা আছে যত খরচ লাগিবে টাক্স করণ দ্বারা ইহা নির্ণয় করা গেলেই তাহাও সাধন করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

৬৩৫ ধারা। এই আইনের বিধানমতে কোর্টের প্রতি কোন আটর্ণির বক্তৃতা করিবার কিম্বা সাক্ষিদের সাক্ষ্য লইবার অধিকার নাই ইতি।

হাই কোর্টে আটর্ণিদের বক্তৃতা করিতে না পারিবার কথা।

636 Notices to produce documents, summonses to witnesses, and every other judicial process issued in the exercise of the ordinary or extraordinary original civil jurisdiction of the High Court and of its matrimonial, testamentary and intestate jurisdictions except writs of summons to defendants issued under section 65, writs of execution, and notices under section 553 may be served by the attorneys in the suit, or by persons employed by them or by such other persons as the High Court by any rule or order from time to time directs

Process of High Court may be served by attorneys in suits

637 Any act not of a judicial nature which this Code requires to be done by a Judge may be done by the Registrar of the Court or by such other officer of the Court as the Court may direct to perform such act

Non-judicial act may be done by Registrar

The High Court may from time to time by rule declare what shall be deemed to be acts not of a judicial nature within the meaning of this section

638 The procedure in civil cases brought before the High Court in the exercise of its Admiralty or Vice Admiralty jurisdiction shall be regulated so far as the circumstances of the case will permit, by the rules prescribed in this Code

Procedure in Admiralty cases

In the following cases in the exercise of such jurisdiction (namely)—

(*a*) cases in which a ship or a ship and cargo have been or are to be proceeded against or arrested,

(*b*) cases in which goods only have been or are to be proceeded against or arrested either for the purpose of proceeding against the goods or the freight due thereon

(*c*) cases in which property has been or is arrested and no party has appeared or appears at the return of the warrant and

(*d*) all other cases in the exercise of Admiralty or Vice Admiralty jurisdiction in which the rules contained in this Code are not applicable,

the practice and procedure shall be regulated as nearly as possible by the rules and regulations made and ordained by his late Majesty King William the Fourth in Council in pursuance of the Second of William the Fourth, chapter 51, and touching the practice to be observed in the several Courts of Vice Admiralty in the colonies, except

৬৩৬ ধারা। দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে হাই কোর্টের সাধারণ কিম্বা সাধারণাতীত ক্ষমতামতে এবং বিবাহ ও উইলবিষয়ক ও যাহারা উইল না লিখিয়া মরেন তাঁহাদের বিষয় বিচার করিবার ক্ষমতামতে কার্য্য হওনক্রমে ৬৫ ধারামতে প্রতিবাদিদের নামে যে সমন দেওয়া যায় সেই সমনপত্র ও ডিক্রী জারীর পরওয়ানা ও ৫৫৩ ধারামত নোটিসভিন্ন দলীল আনিয়া দেখাইবার যে নোটিস ও সাক্ষিদের নামে যে সমন, ও আদালত সম্পর্কীয় অন্য যে পরওয়ানা বাহির হয়, তাহা মোকদ্দমার আটর্ণিদেরদ্বারা কিম্বা তাহাদের নিযুক্ত ব্যক্তিদের দ্বারা কিম্বা হাই কোর্ট সময়েং কোন বিধি কি আজ্ঞাক্রমে অন্য যে ব্যক্তিদের প্রতি আদেশ করেন তাঁহাদের দ্বারা জারী করা যাইতে পারিবে ইতি।

মোকদ্দমার আটর্ণির দ্বারা হাই কোর্টের পরওয়ানা জারী হইতে পারিবার কথা।

৬৩৭ ধারা। বিচার কার্য্যের ভাবাপন্ন যে কার্য্য এই আইনমতে বিচারপতিরদ্বারা করা যাইবার আদেশ থাকে তদ্ভিন্ন কোন কার্য্য কোর্টের রেজিষ্ট্রারের দ্বারা কিম্বা কোর্টের অন্য যে কার্য্যকারককে ঐ কোর্ট সেই কর্ম্ম করিতে আদেশ করেন তাঁহার দ্বারা করা যাইতে পারিবে।

যে কার্য্য বিচার সম্পর্কীয় নয় রেজিষ্ট্রারের দ্বারা সেই কার্য্য হইতে পারিবার কথা।

এই ধারার মর্ম্মানুসারে যেং কার্য্য বিচারকার্য্যের ভাবাপন্ন নয় বলিয়া জানা যাইবে হাই কোর্ট সময়েং বিধি করিয়া ইহা নির্দ্দেশ করিতে পারিবেন ইতি।

৬৩৮ ধারা। আডমিরলটী কি বৈস আডমিরলটী মোকদ্দমায় হাই কোর্টের যে বিচারাধিপত্য থাকে তৎক্রমে যে সকল দেওয়ানী মোকদ্দমা হাই কোর্টে উপস্থিত করা যায়, তাবগতিক বিবেচনায় যত দূর হইতে পারে তত দূর এই আইনের নির্দ্দিষ্ট বিধিমতে ঐং মোকদ্দমার কার্য্যানুষ্ঠান হইবে।

আডমিরলটী মোকদ্দমায় কার্য্যপ্রণালীর কথা।

সেই বিচারাধিপত্যক্রমে কার্য্য করত নিম্নলিখিত মোকদ্দমায়, অর্থাৎ

(ক) যে মোকদ্দমায় জাহাজের, কিম্বা জাহাজ ও মালের বিপক্ষ, কার্য্য চলন হইয়াছে কি হইবে কিম্বা জাহাজ কি জাহাজ ও মাল আটক করা গিয়াছে কি করিতে হইবে ও

(খ) যে মোকদ্দমায় মালের বিপক্ষ কিম্বা মালের উপর পাওনা ভাড়ার বিপক্ষ কার্য্য চলন হইবার উদ্দেশে কেবল মালের উপর কার্য্যানুষ্ঠান হইয়াছে কি হইবে কিম্বা মাল আটক রাখা গিয়াছে কি রাখিতে হইবে ও

(গ) যে মোকদ্দমায় সম্পত্তি ধৃত কি আটক করা গিয়াছে ও পরওয়ানার আদেশমতে কোন ব্যক্তি উপস্থিত হয় নাই কি না হয়। ও

(ঘ) আডমিরলটী কি বৈস আডমিরলটী সম্পর্কীয় যে বিচারাধিপত্য থাকে তৎসংক্রান্ত অন্য যে সকল মোকদ্দমায় এই আইনের বিধি না খাটে

মৃত চতুর্থ উলিয়ম রাজার দ্বিতীয় বৎসরের আইনের ৫১ অধ্যায়ানুসারে উক্ত চতুর্থ উলিয়ম রাজা মন্ত্রিসভায় অধিষ্ঠিত হইয়া যেং বিধি ও বিধান করিলেন, এবং উপনিবেশে বৈস আডমিরলটীর আদালতের যে রীতির বিধান করিলেন তাহা যত দূর মহারাণী বিকটরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়ের কিম্বা তদনুযায়ি দত্ত পেটেন্টপত্রের অসঙ্গত না হয়, তত দূর

so far as such rules may be inconsistent with the twenty fourth and twenty fifth of Victoria, chapter 104, or with the Letters Patent granted in pursuance thereof

Joinder of mariners in suit for wages

639 In suits for mariners' wages brought before the High Court in the exercise of Admiralty or Vice-Admiralty jurisdiction, any number of mariners belonging to the same ship or serving under the same owner may proceed jointly in one suit

Sections not applying to High Court in original civil jurisdiction

640 The following portions of this Code shall not apply to the High Court in the exercise of its ordinary or extraordinary original civil jurisdiction, namely, sections 37, 54 clause (a), 119, 160 182 to 185 (both inclusive), 187, 189, 190, 191, 206 261 403 404, 405

and section 579 shall not apply to the High Court in the exercise of its appellate jurisdiction

Code not to affect High Court in exercise of insolvent jurisdiction

Nothing in this Code shall extend or apply to any High Court in the exercise of its jurisdiction as an Insolvent Court

Power to frame forms

641 The High Court shall have power to frame forms for every proceeding in such Court, for which the High Court thinks it necessary that forms should be provided, and for keeping all books, entries and accounts to be kept by its officers

PART X

CHAPTER XLVIII

MISCELLANEOUS

Exemption from Personal Appearance

Exemption of certain women from personal appearance

2 That on the day of the defendant prevented the plaintiff from taking and using the said portion of the said water as aforesaid by obstructing and diverting the said stream

[*Demand of judgment*]

৩। উক্ত ভূমিতে বাদির যেং বৃক্ষ ও বেড়া ছিল ও যে শাকশবজী ও কসল হইতেছিল তাহার হানি হইয়াছে ও তাহার মূল্য কমিয়া গিয়াছে ও উক্ত ভূমিতে বাদির যে গবাদি ও অন্য যে পশ্বাদি ছিল তাহাও বিষবলে অসুস্থ ও রোগাক্রান্ত হইয়াছে ও অনেকটা মরিয়াছে।

৪। বাদী সেই ভূমিতে গবাদি চরাইতেন কিন্তু পূর্ব্বোক্ত কারণে আর চরাইতে পারিলেন না ও গোমেষাদি যত পশু পক্ষি পালিতেন তাহাও তাঁহার স্থানান্তর করিয়া দিতে হইল ও ঐ ভূমির ব্যবহার ও ভোগ করণে যত লাভ হইত তাহাও হইতে পারিল না।

[ডিক্রী প্রার্থনা হইল।]

---

৮০ নম্বর।

পথাবরোধ করণপ্রযুক্ত আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক)

উপরোক্ত বাদী শ্রীআনন্দ এই বর্ণনা করিলেন —

১। [অমুক নগরের অন্তর্গত বাটী] বাদির অধিকারে আছে ও নিম্নলিখিত সময়ে তাঁহার অধিকারে ছিল।

২। তিনি সেই বাটিহইতে [গাড়ি করিয়া কিম্বা হাঁটীয়া] সর্ব্বদাই একাবশেষ পথ দিয়া [রাজপথে] যাইতেন।

৩। প্রতিবাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ঐ পথ এমন করিয়া অবরোধ করিলেন যে বাদী গাড়ীতে কি হাঁটিয়া কিম্বা অন্য প্রকারে] ঐ পথ দিয়া যাইতে পারিলেন না [ও তদবধি সেই পথ অবরুদ্ধ করিয়াছেন।]

৪। ইহাতে বিশেষ হানি হইলে তাহাও লিখিতে হইবে'

ডিক্রী প্রার্থনা হইল।]

অন্য পাঠ।

১। অমুক স্থানহইতে অমুক স্থান পর্য্যন্ত যে রাজপথ যায় প্রতিবাদী অন্যায়মতে সেই পথে গর্ত্ত খুঁড়িয়া মাটির ও পাত্তরের এমন ঢিবি করিয়া রাখিলেন যে পথ অবরুদ্ধ হইল

২। তৎপ্রযুক্ত বাদী বৈধমতে সেই পথ দিয়া গমন কালে ঐ মাটির ও পাতরের ঢিবিতে পড়িয়া [কিম্বা ঐ গর্ত্তে পড়িয়া] বাদির হাত ভাঙ্গিল ও অত্যন্ত বেদনা হওয়াতে অনেক দিন আপন কর্ম্মে যাইতে পারিলেন না ও ডাক্তরের জন্যে তাঁহার টাকাও খরচ হইল।

[ডিক্রী প্রার্থনা হইল।]

---

৮১ নম্বর।

জলপ্রণালী অন্য মুখ করণপ্রযুক্ত আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। অমুক জিলার অমুক পরগনার অমুক মৌজার অন্তর্গত অমুক নামক [জল স্রোতের] ধারে একটি কল বাদির অধিকারে আছে ও নিম্নলিখিত সময়ে তাঁহার অধিকারে ছিল।

২। তদ্রূপ অধিকার থাকাপ্রযুক্ত ঐ কল চালাইবার নিমিত্ত ঐ জলের ব্যবহার করণে বাদির স্বত্ব ছিল।

৩। প্রতিবাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ঐ নদীর পাড় কাটিয়া স্রোত অন্যমুখ করিলেন তাহাতে বাদির কলে পূর্ব্বাপেক্ষা অল্প জল আসিতে লাগিল।

৪। তৎপ্রযুক্ত বাদির যাতায় দিন এত বস্তার অধিক গোম পিষিতে পারিলেন না কিন্তু উক্ত স্রোত অন্য মুখ করিবার পূর্ব্বে দিন এত গোম পষিতে পারিতেন।

[ডিক্রী প্রার্থনা হইল।]

---

৮২ নম্বর।

সেঁচিবার নিমিত্ত জলের ব্যবহার করিবার স্বত্ব অবরোধ হেতুক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। অমুক জিলা প্রভৃতির অন্তর্গত ভূমি বাদির অধিকারে আছে ও নিম্নলিখিত সময়ে তাঁহার অধিকারে ছিল। ও সেই ভূমিতে সেঁচিবার নিমিত্ত তাঁহার বিশেষ কোন জলস্রোতের জলের একাংশ লইয়া ব্যবহার করিবার স্বত্ব ছিল।

২। প্রতিবাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ঐ স্রোতের জল অবরোধ ও অন্য মুখ করিয়া বাদির উক্ত জলের সেই অংশ লইয়া ব্যবহার করিবার বাধ দিলেন।

[ডিক্রী প্রার্থনা হইল।]

No 83

For Waste by a Lessee

(*Title*)

A B the above named plaintiff states as follows —

1 That on the day of 18 the defendant hired from him the [house No , street] for the term of

2 That the defendant occupied the same under such hiring

3 That during the period of such occupation the defendant greatly injured the premises [defaced the walls tore up the floors and broke down the doors *or otherwise specify the injuries as far as possible*]

The plaintiff prays judgment for rupees compensation

No 84

For Assault and Battery

(*Title*)

A B the above named plaintiff states as follows —

That on the day of 18 at the defendant assaulted and beat him

The plaintiff prays judgment for rupees compensation

No 85

For Assault and Battery with Special Damage

(*Title*)

A B the above named plaintiff, states as follow —

1 That on the day of 18 at the defendant assaulted and beat the plaintiff until he became insensible

2 That the plaintiff was thereby disabled from attending to his business for [six weeks thereafter] and was compelled to pay rupees for medical attendance and has been ever since disabled [from using his right arm] [*Or otherwise state the damage as the case may be*]

[*Demand of judgment*]

No 86

For Assault and false Imprisonment

(*Title*)

A B, the above named plaintiff states as follows —

1 That on the day of 18 at , the defendant assaulted the plaintiff and imprisoned him for days [*or* hours], [*state special damage if any, thus* —]

2 That by reason thereof the plaintiff suffered great pain of body and mind and was exposed and injured in his credit and circumstances and was prevented from carrying on his business and from providing for his family by his personal care and attention and incurred expense in obtaining his liberation from the said imprisonment [*or, otherwise, as the case may be*]

[*Demand of judgment*]

৮৩ নম্বর।

পত্তীদারের অপব্যয়প্রযুক্ত আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আমন্দ এই বর্ণনা করিলেন —

১। বাদির স্থানে প্রতিবাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে এত বৎসর মিয়াদে অমুক পথের অমুক নং বাটী ভাড়া করিয়া লইলেন।

২। প্রতিবাদী তদ্রূপ ভাড়া করিয়া ঐ ঘর অধিকার করিলেন।

৩। তদ্রূপ অধিকারকরণ সময়ে প্রতিবাদী ঐ বাটীর অত্যন্ত অপকার করিলেন [ঘরের দেয়াল বিকৃত করিলেন বেড়া ভাঙ্গিয়া ফেলিলেন দ্বার ভাঙ্গিয়া খুলিলেন ইত্যাদি যে২ হানি করিলেন তাহা সাধ্যমতে বিশেষ করিয়া লিখিতে হইবে।]

অতএব বাদী হানিপূরণস্বরূপ এত টাকা ডিক্রী প্রার্থনা করিলেন।

---

৮৪ নম্বর।

আক্রমণ ও প্রহার প্রযুক্ত আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আমন্দ এই বর্ণনা করিলেন —

প্রতিবাদী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদির প্রতি আক্রমণ করিয়া তাঁহাকে মারিলেন।

এই কারণে বাদী হানিপূরণস্বরূপ এত টাকার ডিক্রী প্রার্থনা করিলেন।

---

৮৫ নম্বর।

আক্রমণ করিয়া মারিয়া বিশেষ হানিকরণপ্রযুক্ত আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আমন্দ এই বর্ণনা করিলেন —

১। প্রতিবাদী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদির প্রতি আক্রমণ করিয়া অচেতন না হওন পর্য্যন্ত তাঁহাকে প্রহার করিয়াছিলেন।

২। তৎপ্রযুক্ত বাদী [সেই অবধি ছয় সপ্তাহ পর্য্যন্ত] স্বীয় কর্ম্মে যাইতে পারিলেন না ও ডাক্তারের নিমিত্ত তাঁহার এত টাকা দিতে হইয়াছিল ও সেই কালঅবধি আপন (ডাহিন হাতে) কার্য্য করিতে পারিলেন না। [কিম্বা অন্য যে হানি হইয়াছে তাহা লিখিতে হইবে।]

[ডিক্রী প্রার্থনা হইল।]

---

৮৬ নম্বর।

আক্রমণ ও অন্যায়মতে কয়েদ করণ প্রযুক্ত আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআমন্দ এই বর্ণনা করিলেন —

১। প্রতিবাদী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদির প্রতি আক্রমণ করিয়া তাঁহাকে এত দিন (বা এত ঘণ্টা) কয়েদ করিয়া রাখিলেন। বিশেষ হানি হইলে এইরূপে লিখিতে হইবে—

২। তদ্ধেতুক বাদির শারীরিক ও মানসিক অত্যন্ত বেদনা হইয়াছিল ও তাঁহার মানের ও অবস্থার অত্যন্ত লজ্জা ও হানি হইয়াছিল, ও নিজ মনোযোগে ও অবধানতাপূর্ব্বক আপনার কার্য্য চালাইতে পারিলেন না ও আপন পরিবারের ভরণপোষণের উদ্যোগ করিতে পারিলেন না ও ঐ কয়েদহইতে মুক্তি পাইবার জন্য তাঁহার কতক টাকাও খরচ হইল। [ইত্যাদি যে হানি হইল তাহা লিখিতে হইবে।]

[ডিক্রী প্রার্থনা হইল।]

No 87

For Injuries caused by Negligence on a Railroad

(*Title*)

A B, the above named plaintiff states as follows —

1 That on the day of 18 , the defendants were common carriers of passengers by railway between and

2 That on that day the plaintiff was a passenger in one of the carriages of the defendants on the said road

3 That while he was such passenger, at [*or*, near the station of , *or*, between the stations of and], a collision occurred on the said railway caused by the negligence and unskilfulness of the defendants servants, whereby the plaintiff was much injured [having his leg broken his head cut, &c , *and state the special damage if any, as*] and incurred expense for medical attendance, and is permanently disabled from carrying on his former business as a salesman

[*Demand of judgment*]

[*Or thus* —2 That on that day the defendants by their servants so negligently and unskilfully drove and managed an engine and a train of carriages attached thereto upon and along the defendants' railway which the plaintiff was then lawfully crossing that the said engine and train were driven and struck against the plaintiff whereby *&c as in* § 3]

No 88

For Injuries caused by Negligent Driving

(*Title*)

A B, the above named plaintiff states as follows —

1 The plaintiff is a shoe maker carrying on business at The defendant is a merchant of

2 On the [23rd May 1875], the plaintiff was walking eastward along Chowringhee in the city of Calcutta at about three o'clock in the afternoon He was obliged to cross Harington street which is a street running into Chowringhee at right angles While he was crossing this street and just before he could reach the foot pavement on the further side thereof a carriage of the defendant's drawn by two horses, under the charge and control of the defendant s servants, was negligently suddenly and without any warning turned at a rapid and dangerous pace out of Harington Street into Chowringhee The pole of the carriage struck the plaintiff, and knocked him down, and he was much trampled by the horses

3 By the blow and fall and trampling the plaintiff s left arm was broken and he was bruised and injured on the side and back as well as internally, and in consequence thereof the plaintiff was for four months ill and in suffering, and unable to attend to his business and incurred heavy medical and other expenses and sustained great loss of business and profits

The plaintiff claims rupees damages

(*Title*)

Written Statement of Defendant

1 The defendant denies that the carriage mentioned in the plaint was the defendant s carriage or that it was under the charge or control of the defendant's servants The carriage belonged to [Messrs *E F* and *G H*] of Street, Calcutta, livery stable keepers employed by the defendant to supply him with carriages and horses and the person under whose charge and control the said carriage was, was the servant of the said Messrs *E F* and *G H*

2 The defendant does not admit that the said carriage was turned out of Harington Street either negligently suddenly or without warning, or at a rapid or dangerous pace

3 The defendant says, that the plaintiff might and could by the exercise of reasonable care and diligence, have seen the said carriage approaching him, and avoided any collision with it

4 The defendant does not admit the statements of the third paragraph of the plaint

৮৭ নম্বর।

অনবধানতা হেতুক রেলপথে যাওনসময়ে অপকার হওয়াতে ক্ষতিবষের আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআনন্দ এই বর্ণনা করিলেন —

১। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে প্রতিবাদিগণ চড়নদারদিগকে রেলপথে অমুক স্থানহইতে অমুক স্থানে লইয়া যাইবার নিমিত্ত সাধারণ বাহকস্বরূপ ছিলেন।

সেই দিনে বাদী ঐ রেলপথেপ্রতিবাদিদের একখানি গাড়ীতে চড়নদার ছিলেন।

৩। তিনি চড়নদার হইয়া যাইতেছিলেন এমত সময়ে অমুক স্থানে [কিম্বা অমুক ষ্টেসনের নিকট কিম্বা অমুক ষ্টেসনের ও অমুক ষ্টেসনের মধ্য কোন স্থানে] প্রতিবাদিগণের কর্ম্মচারিদের অনবধানতা ও কর্ম্মে অপটুতা হেতুক ঐ রেলপথে ট্রেনেং পরস্পর আঘাত হওয়াতে বাদির অনেক প্রকারের অপকার হইয়াছিল [তাঁহার পা ভাঙ্গিল মাথায় আঘাত লাগিল ইত্যাদি বিশেষ যে হানি হইয়াছিল তাহা লিখিতে হইবে] তৎপ্রযুক্ত তাঁহার ডাক্তরের খরচ দিতে হইল ও বিক্রেতাস্বরূপ তাঁহার যে কর্ম্ম ছিল তাহা করিতে একেবারে অক্ষম হইলেন।

[ডিক্রী প্রার্থনা হইল।]

[অথবা এইরূপে —২। সেই দিনে বাদী বৈধমতে প্রতিবাদিগণের রেলপথ পার হইতেছিলেন এমত সময়ে প্রতিবাদিগণ আপনাদের কর্ম্মচারিদের দ্বারা ঐ রেলপথের উপর ও তাহা দিয়া কলের গাড়ী ও তৎসংযুক্ত ট্রেন এমন অনবধানতায় ও অপটুভাবে চালাইলেন যে সেই কলের গাড়ী ও ট্রেন আসিয়া বাদির গায়ে লাগিলে বাদির [ইত্যাদি পূর্ব্বোক্ত ৩ দফার ন্যায় লিখিতে হইবে।

---

৮৮ নম্বর।

অমনোযোগে গাড়ী চালাওন দ্বারা হানিহেতুক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। বাদী চাষার অমুক স্থানে কর্ম্ম চালাইতেছে। প্রতিবাদী অমুক স্থানের সওদাগর।

২। (১৮৭৫ সালের মে মাসের ২৩ তারিখ) অপরাহ্ণ ন্যূনাধিক ৩টার সময়ে বাদী কলিকতা নগরের চৌরঙ্গী রাস্তা দিয়া পূর্ব্বমুখে যাইতেং ঐ চৌরঙ্গী রাস্তার সঙ্গে হারিংটন ষ্ট্রীট নামক যে রাস্তা মিলিয়া যায় বাদির সেই হারিংটন ষ্ট্রীট পার হইয়া যাইতে হইল ঐ রাস্তা পার হইতেং অন্য পার্শ্বে মনুষ্যদের হাঁটিয়া যাইবার যে পথ আছে সেই পার্শ্বে পঁহুছিতে পারে নাই এমন সময়ে প্রতিবাদির চাকরদের জিম্মায় ও তাহাদের তত্ত্বাধীন দুই ঘোড়ার গাড়ী তাহাদের অমনোযোগে হঠাৎ ও সতর্ক করিবার কোন কথা বিনা অত্যন্ত বেগে ও সঙ্কটজনকরূপে হারিংটন ষ্ট্রীটহইতে ঐ চৌরঙ্গী রাস্তায় ঘুরিয়া আইল। তাহাতে বাদির গায়ে গাড়ীর বম লাগিলে সে পড়িয়া গেল ও দুই ঘোড়া তাহার গায়ের অনেক স্থানে চাপিল।

৩। ঐ আঘাতে ও পতনে ও ঘোড়ার পায়ের চাপে বাদির বাম হস্ত ভাঙ্গিয়া গেল ও পার্শ্বেও পিঠে এবং শরীরের অন্তর্ভাগেও ক্ষত বিক্ষত ও হানি হইল তৎপ্রযুক্ত বাদী বেদনাযুক্ত হইয়া চারি মাস পীড়িত ছিল ও আপন কর্ম্মে যাইতে পারিল না ও ঔষধের ও চিকিৎসার জন্যে তাঁহার অনেক টাকা খরচ ও ব্যবসায়ের ও লভ্যের অনেক হানি হইয়াছে।

বাদী হানিপূরণস্বরূপ এত টাকার দাওয়া করে

(শীর্ষক।)

প্রতিবাদির বর্ণনাপত্র।

১। প্রতিবাদী কহেন যে আবেদনপত্রের উল্লিখিত গাড়ী তাহার নিজের নয় ও প্রতিবাদির চাকরদের জিম্মায় কি তত্ত্বাধীনে ছিল না। ঐ গাড়ী কলিকাতার অমুক রাস্তার আড়গড়াওয়ালা শ্রী অমুকের গাড়ী প্রতিবাদী তাঁহার স্থানে গাড়ী ও ঘোড়া ভাড়া করিয়া লইতেন। ঐ গাড়ী যাহার জিম্মায় ও তত্ত্বাধীনে ছিল সেই উক্ত শ্রী অমুকের চাকর।

২। প্রতিবাদী আরো কহেন যে হারিংটন ষ্ট্রীটহইতে বাহির হওন সময়ে ঐ গাড়ী অমনোযোগে চালান হয় নাই ও হঠাৎ কি সতর্ক হওয়ার কথা বিনা কি অতিবেগে কি সঙ্কটজনকরূপে চালান যায় নাই।

৩। প্রতিবাদী আরো কহেন যে বাদী সঙ্গতমতে সতর্ক থাকিয়া মনোযোগ করিলে অবশ্যই ঐ গাড়ী আসিতে দেখিত তাহা হইলে গাড়ী চাপা পড়িত না।

৪। প্রতিবাদী আবেদনপত্রের তৃতীয় দফার উল্লিখিত কথা স্বীকার করেন না

No 89.

FOR LIBEL, THE WORDS BEING LIBELLOUS IN THEMSELVES

(*Title*)

A B the above named plaintiff states as follows —

1 That on the day of 18 , at the defendant published in a newspaper, called the [*or* in a letter addressed to *E F*] the following words concerning the plaintiff —

[*Set forth the words used*]

2 That the said publication was false and malicious

[*Demand of judgment*]

NOTE—If the libel was in a language not the language of the Court set out the libel *verbatim* in the foreign language in which it was published, and then proceed thus — Which said words being translated into the language have the meaning and effect following and were so understood by the persons to whom they were so published that is to say [*here set out a literal translation of the libel in the language of the Court*]

No 90

FOR LIBEL, THE WORDS NOT BEING LIBELLOUS IN THEMSELVES

(*Title*)

A B, the above named plaintiff states as follows —

1 That the plaintiff [is and] was on and before the day of 18 a merchant doing business in the city of

2 That on the day of 18 at the defendant published in a newspaper called the [*or* in a letter addressed to *E F* *or otherwise show how published*], the following words concerning the plaintiff —

[" *A B*, of this city has modestly retired to foreign lands It is said that creditors to the amount of rupees are anxiously seeking his address "]

3 That the defendant meant thereby that [the plaintiff had absconded to avoid his creditors, and with intent to defraud them]

4 That the said publication was false and malicious

[*Demand of judgment*]

No 91

FOR SLANDER THE WORDS BEING ACTIONABLE IN THEMSELVES

(*Title*)

A B the above named plaintiff states as follows —

1 That on the day of 18 at , the defendant falsely and maliciously spoke in the hearing of *E F* [*or* sundry person] the following words concerning the plaintiff [" He is a thief "]

2 That in consequence of the said words, the plaintiff lost his situation as in the employ of

[*Demand of judgment*]

No 92

FOR SLANDER THE WORDS NOT BEING ACTIONABLE IN THEMSELVES

(*Title*)

A B, the above-named plaintiff, states as follows —

1 That on the day of 18 , at , the defendant falsely and maliciously said to one *E F*, concerning the plaintiff [" He is a young man of remarkably easy conscience"]

2 That the plaintiff was then seeking employment as a clerk, and the defendant meant, by the said words, that the plaintiff was not trustworthy as a clerk.

3 That, in consequence of the said words, [the said *E F* refused to employ the plaintiff as a clerk]

[*Demand of judgment*]

৮৯ নম্বর।

কথাই অপবাদজনক হওয়াতে অপবাদ প্রযুক্ত আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীঅ মন্দ এই বর্ণনা করিলেন —

১। প্রতিবাদী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক নামক সম্বাদপত্রে [কিম্বা শ্রীঈশানের নামে পত্র লিখিয়া] বাদির বিষয়ে এই২ কথা প্রচার করিলেন

[ঐ সকল কথা ঠিক করিয়া লিখিতে হইবে।]

২। উক্ত প্রচারিত কথা মিথ্যা ও দ্বেষজনিত।

[ডিক্রী প্রার্থনা হইল।]

মন্তব্য।—আদালতে যে ভাষা চলন থাকে অপবাদ তদ্ভিন্ন ভাষায় প্রচারিত হইলে যে ভাষায় প্রচার করা গেল সেই ভাষায় ঐ অপবাদজনক প্রত্যেক কথা লিখিয়া তাহার পর এই কথা লিখিতে হইবে উক্ত সকল কথা অমুক ভাষায় অনুবাদিত হইলে তাহার এই ভাব ও মর্ম্ম হয় ও যাঁহাদের নিকট প্রচার করা গিয়াছিল তাঁহারাও সেই ভাব ও মর্ম্ম বুঝিলেন বিশেষত [এই স্থলে আদালতের চলন ভাষায় ঐ অপবাদজনক প্রত্যেক কথার অনুবাদ করিয়া লিখিতে হইবে।

— —

৯০ নম্বর।

কথাই অপবাদজনক না হইলে অপবাদপ্রযুক্ত আবেদনপত্র।

[পূর্ব্ববৎ শীর্ষক।]

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ও তৎপূর্ব্বে অমুক নগরের মধ্যে সওদাগর [আছেন ও] ছিলেন।

২। প্রতিবাদী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক নামক সম্বাদপত্রে [কিম্বা শ্রী ঈশানের নামে পত্র লিখিয়া কিম্বা অন্য যে প্রকারে প্রচার করা গেল তাহা লিখিতে হইবে] বাদির বিষয়ে নিম্নলিখিত কথা প্রচার করিলেন —

এই নগরনিবাসি শ্রী আনন্দ লক্ষ্মীছাড়াভাবে ভিন্নদেশে গমন করিয়াছেন কথিত আছে যে তাঁহার এত টাকা পর্য্যন্তের উত্তমর্ণেরা উদ্বিগ্ন হইয়া তাঁহার পলায়ন নিবারিতে চেষ্টা করিতেছেন।

৩। এই প্রতিবাদির কথার তাৎপর্য্য এই যে [বাদী আপন উত্তমর্ণদের নিকটহইতে গুপ্ত না থাকার ও প্রতারণাপূর্ব্বক তাঁহাদের প্রাপ্য না দিবার অভিপ্রায়ে পলায়ন করিয়াছেন]

৪। উক্ত প্রচারিত কথা মিথ্যা ও দ্বেষজনিত।

[ডিক্রী প্রার্থনা হইল।]

— — —

৯১ নম্বর।

কথাই নালিশের যোগ্য হইলে অপবাদ করা প্রযুক্ত আবেদনপত্র।

[পূর্ব্ববৎ শীর্ষক।]

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। প্রতিবাদী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদির বিষয়ে শ্রী ঈশানের [কিম্বা নানা লোকের] শ্রুতিগোচরে মিথ্যা ও দ্বেষজনিত এই কথা কহিলেন [সে চোর।]

২। উক্ত কথা প্রযুক্ত শ্রী অমুকের নিকট আমার অমুক যে কর্ম্ম ছিল সেই কর্ম্ম চ্যুত হইলাম।

[ডিক্রী প্রার্থনা হইল।]

——— ———

৯২ নম্বর।

কথা নালিশের যোগ্য না হইলে অপবাদপ্রযুক্ত আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। প্রতিবাদী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদির বিষয়ে শ্রী ঈশানকে মিথ্যা ও দ্বেষযুক্ত এই কথা কহিয়াছিল, সেই যুবার দোষাদোষ বিবেক যৎসামান্য।

২। বাদী তৎকালে কেরাণীস্বরূপ কর্ম্ম পাইতে চেষ্টা করিতেছিলেন এবং প্রতিবাদির সেই কথার তাৎপর্য্য এই যে বাদী কেরাণীস্বরূপ বিশ্বাস যোগ্য নয়।

৩। ঐ কথাপ্রযুক্ত [উক্ত শ্রীঈশান বাদিকে কেরাণীর কর্ম্ম দিতে সম্মত হইলেন না।]

[ডিক্রী প্রার্থনা হইল।]

No 93

For Malicious Prosecution

(*Title*)

A B the above named plaintiff states as follows —

1 That on the day of 18 at the defendant obtained a warrant of arrest from [a police magistrate of the said city, *or, as the case may be,*] on a charge of and the plaintiff was arrested thereon and imprisoned for [days, *or*, hours, and gave bail in the sum of rupees to obtain his release]

2 That in so doing the defendant acted maliciously and without reasonable or probable cause

3 That on the day of 18 the said magistrate dismissed the complaint of the defendant and acquitted the plaintiff

4 That many persons whose names are unknown to the plaintiff hearing of the said arrest and supposing the plaintiff to be a criminal have ceased to do business with him, *or*, that in consequence of the said arrest, the plaintiff lost his situation as clerk to one *E F or* that by reason of the premises the plaintiff suffered pain of body and mind and was prevented from transacting his business and was injured in his credit, and incurred expense in obtaining his release from the said imprisonment and in defending himself against the said complaint

[*Demand of judgment*]

D—PLAINTS IN SUITS FOR SPECIFIC PROPERTY

No 94

By the Absolute Owner for the Possession of immoveable Property

(*Title*)

A B the above named plaintiff, states as follows —

1 That he is the absolute owner of the [estate *or* the share of the estate called situate in the District of , the Government revenue of which is rupees and the estimated value rupees *or*, of the house No , street, in the town of Calcutta the estimated value of which is rupees]

2 That the defendant withholds the possession thereof from the plaintiff

The plaintiff prays judgment

(1) For the possession of the said premises

(2) For rupees compensation for withholding the same

Another Form

A B, the above named plaintiff, states as follows —

1 On the day of , the plaintiff by deed let to the defendant a house and premises No 52 Russell Street, in the for a term of five years from the day of , at the monthly rent of rupees 300

2 By the said deed the defendant covenanted to keep the said house and premises in good and tenantable repair

3 The said deed also contained a clause of re entry, entitling the plaintiff to re enter upon the said house and premises, in case the rent thereby reserved, whether demanded or not should be in arrear for twenty one days, or in case the defendant should make default in the performance of any covenant upon his part to be performed

4 On the day of 187 a month's rent became due, and on the day of 187 another month's rent became due, on the day of 187 both had been in arrear for twenty one days, and both are still due

5 On the same day of 187 the house and premises were not and are not now in good or tenantable repair, and it would require the expenditure of a large sum of

৯৩ নম্বর।

দ্বেষপূর্ব্বক অভিযোগহেতুক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। প্রতিবাদী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক অপরাধের অভিযোগ করিয়া সেই শহরের পোলীস মাজিষ্ট্রেট (কিম্বা অন্য কর্তৃপক্ষ) শ্রীঅমুক সাহেবের স্থানে গ্রেপ্তারী পরওয়ানা বাহির করাতে বাদিকে তদ্দ্বারা গ্রেপ্তার করা গেল ও (এত দিন বা এত ঘণ্টা) কারাবদ্ধ করা গিয়াছিল ও বাদী মুক্তি পাইবার জন্যে এত টাকা হাজিরজামিন দিলেন।

২। প্রতিবাদী দ্বেষপূর্ব্বক ও সঙ্গত কি সম্ভব কারণ না থাকিতেও ঐ কার্য্য করিলেন।

৩। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে উক্ত মাজিষ্ট্রেট প্রতিবাদির নালিশ ডিসমিস করিয়া বাদিকে নির্দ্দোষ করিলেন।

৪ বাদী যাঁহাদের নাম জানেন না এমত অনেক ব্যক্তি তাঁহার উক্ত প্রকারে গ্রেপ্তার হওয়ার কথা শুনিয়া ও বাদিকে অপরাধি জ্ঞান করিয়া তাঁহার সঙ্গে আর কারবার করেন না। কিম্বা উক্ত প্রকারে গ্রেপ্তার হওয়া প্রযুক্ত শ্রী ঈশানের নিকট বাদির কেরাণীগিরি কর্ম্ম গিয়াছে। কিম্বা পূর্ব্বোক্ত কার্য্যহেতুক বাদির শারীরিক ও মানসিক অত্যন্ত কষ্ট হইয়াছিল ও স্বীয় কর্ম চালাইতে পারিলেন না ও তাঁহার মানের হানি হইয়াছে এবং কারাবন্ধনহইতে মুক্তি পাইবার ও ঐ অভিযোগের উত্তর দিবার জন্যে তাহার টাকা খরচ হইয়াছে।

[ডিক্রী প্রার্থনা হইল]

ঘ। -বিশেষ সম্পত্তির নিমিত্ত মোকদ্দমার আবেদনপত্র।

৯৪ নম্বর।

স্থাবর সম্পত্তির অধিকার প্রাপণার্থ একক স্বামির আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। বাদী (অমুক জিলার অন্তর্গত অমুক নামক মহালের কিম্বা মহালের একাংশের) একক স্বামী (ঐ মহালের বর্ণমেণ্টের রাজস্ব এত টাকা ও মূল্য অনুমান এত টাকা। কিম্বা কলিকাতা নগরের অমুক রাস্তার অমুক নং বাটীর) একক স্বামী (ঐ বাটীর মূল্য অনুমান এত টাকা।)

২। প্রতিবাদী বাদিকে সেই সম্পত্তি অধিকার করিতে দেন না।

অতএব বাদী

(১) ঐ বাটীর অধিকার পাইবার

(২) অধিকার করিতে না দেওনপ্রযুক্ত হানিপূরণস্বরূপ এত টাকা পাইবার ডিক্রী প্রার্থনা করেন।

অন্য পাঠ।

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে পাট্টা করিয়া অমুক সালের অমুক মাসের অমুক তারিখঅবধি মাসে ৩০০৲ টাকা ভাড়া পাইবার নিয়মে পাঁচ বৎসর মিয়াদে প্রতিবাদিকে অমুক স্থানের রসেলষ্ট্রীটের ৫২ নম্বরে বাটী ভূমি ভাড়া দিলেন।

২। উক্ত পাট্টাক্রমে প্রতিবাদী ঐ ঘর ও বাড়ী উত্তম অবস্থায় ও যাহাতে প্রজা থাকিতে পারে এমন অবস্থায় রাখিবার নিয়ম করিলেন।

৩। উক্ত পাট্টায় ঐ ঘর ফিরিয়া লইবার এই মর্ম্মের এক প্রকরণ ছিল যে ঐ পাট্টাক্রমে যত টাকা ভাড়া দিবার নিয়ম হইয়াছে সেই টাকার দাওয়া হইলে বা না হইলেও একুশ দিন পর্য্যন্ত বাকী থাকিলে কিম্বা প্রতিবাদী যে কর্ম্ম করিবার নিয়ম করেন তাহার কোন অংশে ত্রুটি করিলে বাদির ঐ ঘর ও বাড়ী ফিরিয়া লইবার স্বত্ব থাকিবে।

৪। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে এক মাসের ভাড়া বাকী ছিল ও অমুক সালের অমুক মাসের অমুক তারিখে আর এক মাসের ভাড়া বাকী ছিল ও অমুক সালে অমুক মাসের অমুক তারিখে ঐ দুই মাসের ভাড়া একুশ দিন পাওনা ছিল এখনও বাকী আছে।

৫। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে উক্ত ঘর ও বাড়ী সদবস্থায় ছিল না ও প্রজা যাহাতে বাস করিতে পারে এমতে মেরামত করিয়া রাখা যায় নাই ও যাহাতে সেই সদবস্থা ও প্রজার থাকিবার উপযুক্ত করা যায়

money to re instate the same in good and tenantable repair, and the plaintiff's reversion is much depreciated in value The plaintiff claims

(1) Possession of the said house and premises
(2) Rupees for arrears of rent,
(3) Rupees damages for the defendant's breach of his covenant to repair
(4) Rupees for the occupation of the house and premises from the day of 187 to the day of recovering possession

---

No 95

By the Tenant

(*Title*)

A B, the above named plaintiff, states as follows —

1 That one *E F* is the absolute owner of [a piece of land in the town of Calcutta , bounded as follows], the estimated value of which is rupees

2 That on the day of 18 , the said *E F* let the said premises to the plaintiff for years, from

3 That the defendant withholds the possession thereof from the plaintiff

[*Demand of judgment*]

No 96

For Moveable Property wrongfully taken

(*Title*)

A B, the above named plaintiff, states as follows —

1 That on the day of 18 , plaintiff owned [*or* was possessed of] one hundred barrels of flour the estimated value of which is rupees

2 That on that day, at , the defendant took the same

The plaintiff prays judgment

(1) For the possession of the said goods or for rupees in case such possession cannot be had

(2) For rupees compensation for the detention thereof

No 97

For Moveables wrongfully detained

(*Title*)

A B, the above-named plaintiff, states as follows —

1 That on the day of 18 , plaintiff owned [*or, state facts showing a right to the possession*] the goods mentioned in the schedule hereto annexed [*or describe the goods*], the estimated value of which is rupees

2 That from that day until the commencement of this suit the defendant has detained the same from the plaintiff

3 That before the commencement of this suit, to wit, on the day of 18 , the plaintiff demanded the same from the defendant, but he refused to deliver them

এমতে মেরামত করিতে অনেক খরচ লাগিবে ও তাহা ফিরিয়া লইবার স্বত্বপক্ষে ঘরের মূল্য অতিশয় কমিয়া গিয়াছে। অতএব বাদীর এই২ দাওয়া

১। ঐ ঘর ও বাড়ির অধিকার ফিরিয়া পান।

২। বাকী ভাড়া এত টাকা পান।

৩। প্রতিবাদী মেরামত না করাতে তাঁহার নিয়মভঙ্গের হানিপূরণস্বরূপ এত টাকা পান।

৪। অমুক সালের অমুক মাসের অমুক তারিখ অবধি ঐ ঘরের অধিকার ফিরিয়া পাইবার তারিখ পর্য্যন্ত ঐ ঘর ও বাড়ী দখল করা প্রযুক্ত এত টাকা পান।

৯৫ নম্বর।

প্রজার আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করলেন —

১। শ্রী ঈশান নামক এক ব্যক্তি (কলিকাতা নগরের অমুক স্থানবর্ত্তি এক খণ্ড ভূমির একক স্বামী আছেন ঐ ভূমির চতুঃসীমা এই২ তাহার মূল্য অনুমান এত টাকা।]

২। উক্ত শ্রী ঈশান অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদিকে অমুক সালের অমুক মাসের অমুক তারিখঅবধি এত বৎসর মিয়াদে উক্ত ভূমি পাট্টা করিয়া দিলেন।

৩। প্রতিবাদী বাদিকে সেই ভূমি অধিকার করিতে দিলেন না।

[ডিক্রী প্রার্থনা হইল।]

---

৯৬ নম্বর।

অস্থাবর সম্পত্তি অন্যায়মতে হরণহেতুক আবেদনপত্র।

(শীর্ষক)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করলেন —

১। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদির একশত [illegible] (কিম্বা তাহার অধিকার ছিল) তাহার মূল্য অনুমান এত টাকা।

২। প্রতিবাদী সেই [illegible] অমুক স্থানে সেই দ্রব্য হরণ করিয়া লইলেন।

অতএব বাদির প্রার্থনা এই যে —

(১) উক্ত মালের অধিকার পান কিম্বা অধিকার পাইতে না পারিলে এত টাকা পান

(২) ও তাহা আটক রাখনপ্রযুক্ত হানিপূরণস্বরূপ এত টাকার ডিক্রী পান

৯৭ নম্বর।

অস্থাবর সম্পত্তি অন্যায়মতে আটক রাখনহেতুক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদী নিম্ন লিখিত তফসীলের উল্লিখিত মালের [কিম্বা অমুক২ দ্রব্যের] স্বামী ছিলেন [কিম্বা অধিকারিত্ব স্বত্বের প্রমাণসূচক অন্য বৃত্তান্ত লিখিতে হইবে।) তাহার মূল্য অনুমান এত টাকা

২। সেই তারিখঅবধি এই যে বাদী উপস্থিত না করিবার সময়পর্য্যন্ত প্রতিবাদী বাদির ঐ দ্রব্য আটক করিয়া রাখিলেন।

৩। এই যে কদম উপস্থিত করিবার পূর্ব্বে অর্থাৎ অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদী প্রতিবাদির নিকট সেই দ্রব্য চাহিলেন কিন্তু তিনি দিতে সম্মত হইলেন না।

The plaintiff prays judgment

(1) For the possession of the said goods or for rupees in case such possession cannot be had,

(2) For rupees compensation for the detention thereof

The schedule

No 98

AGAINST A FRAUDULENT PURCHASER AND HIS TRANSFEREE

(*Title*)

A B the above named plaintiff states as follows —

1 That on the day of 18 , at the defendant [*C D*] for the purpose of inducing the plaintiff to sell him certain goods, represented to the plaintiff that [he was solvent and worth rupees over all his liabilities]

2 That the plaintiff was thereby induced to sell and deliver to the said *C D* [one hundred boxes of tea] the estimated value of which is rupees

3 That the said representations were false, and were then known by the said *C D* to be so [*Or* that at the time of making the said representations the said *C D* was insolvent and knew himself to be so]

4 That the said *C D* afterwards transferred the said goods to the defendant *E F*

The plaintiff prays judgment

(1) For the possession of the said goods or for rupees in case such possession cannot be had

(2) For rupees compensation for the detention thereof

F—PLAINTS IN SUITS FOR SPECIAL RELIEF

No 99

FOR RESCISSION OF A CONTRACT ON THE GROUND OF MISTAKE

(*Title*)

A B, the above-named plaintiff states as follows —

1 That on the day of 18 the defendant represented to the plaintiff that a certain piece of ground belonging to the defendant situated at , contained [ten bighas]

2 That the plaintiff was thereby induced to purchase the same at the price of rupees in the belief that the said representation was true and signed an agreement of which a copy is hereto annexed But no conveyance of the same has been executed to him

3 That on the day of 18 the plaintiff paid the defendant rupees as part of such purchase money

4 That the said piece of ground contained in fact only [five bighas]

The plaintiff prays judgment

(1) For rupees with interest from the day of 18

(2) That the said agreement of purchase be delivered up and cancelled

অতএব বাদির প্রার্থনা এই যে

(১) উক্ত দ্রব্যের অধিকার পাইবার কিম্বা অধিকার পাইতে না পারিলে এত টাকা পাইবার

(২) ও ঐ দ্রব্য আটক রাখা প্রযুক্ত হানিপূরণস্বরূপ এত টাকার ডিক্রী পান।

তফশীল।

---

৯৮ নম্বর।

কোন ব্যক্তি প্রতারণা পূর্ব্বক দ্রব্য ক্রয় করিয়া অন্য ব্যক্তির হস্তে অর্পণ করিলে তাঁহাদের নামে আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী আষম এই বর্ণনা করিলেন —

১। বাদী চন্দ্রনামক প্রতিবাদির নিকট কোনং দ্রব্য বিক্রয় করিতে প্রবৃত্তি পান এই কারণে প্রতিবাদী যে স্বীয় ঋণ শোধ করিতে সক্ষম ও সকল দায় শোধ হইলে পর যে তাঁহার এত টাকা থাকিবে অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদিকে এই কথা জানাইলেন।

২। তৎপ্রযুক্ত বাদী উক্ত চন্দ্রের নিকট (এক শত বাক্স চা) বিক্রয় করিয়া দিতে প্রবৃত্ত পাইলেন। ঐ দ্রব্যের মূল্য অনুমান এত টাকা।

৩। উক্ত কথা মিথ্যা ও উক্ত চন্দ্র তৎকালে তাহা মিথ্যা বলিয়া জানিতেন। [কিম্বা উক্ত কথা কহন সময়ে উক্ত চন্দ্র ঋণ শোধ করিতে অক্ষম ছিলেন ও আপনাকে অক্ষম বলিয়া জানিতেন।]

৪। পশ্চাৎ উক্ত চন্দ্র ঐ দ্রব্য ঈশান নামক প্রতিবাদির হস্তগত করিয়া দিলেন।

অতএব বাদির প্রার্থনা এই যে

(১) উক্ত দ্রব্যের অধিকার পাইবার কিম্বা অধিকার পাইতে না পারিলে এত টাকার,

(২) ও উক্ত দ্রব্য আটক রাখা প্রযুক্ত হানিপূরণস্বরূপ এত টাকার ডিক্রী পান।

৬।—বিশেষ উপকার প্রাপণার্থ মোকদ্দমার আবেদনপত্র।

৯৯ নম্বর।

ভুল প্রযুক্ত চুক্তি অসিদ্ধ করিবার আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

ভুল প্রযুক্ত চুক্তি অসিদ্ধ করিবার আবেদনপত্র।

উপরোক্ত বাদী শ্রী আষম এই বর্ণনা করিলেন —

১। প্রতিবাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদিকে কহিলেন যে প্রতিবাদির অমুক স্থানে [দশ বিঘা] পরিমাণ এক খণ্ড ভূমি আছে।

২। বাদী সেই কথা সত্য বোধ করিয়া এত টাকা মূল্যে সেই ভূমি ক্রয় করিতে প্রবৃত্তি পাইয়া এক খানি চুক্তিপত্রে স্বাক্ষর করিলেন। তাহার নকল ইহার সঙ্গে দেওয়া গেল। কিন্তু ঐ ভূমির হস্ত স্তরকরণপত্র করিয়া দেওয়া যায় নাই।

৩। বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে প্রতিবাদিকে ঐ ক্রয়ের টাকার একাংশ এত টাকা দিলেন।

৪। বস্তুত উক্ত ভূমির পাঁচ বিঘা মাত্র পরিমাণ।

অতএব বাদী এই মর্ম্মের ডিক্রী প্রার্থনা করেন যে

(১)। অমুক সালের অমুক মাসের অমুক তারিখ অবধি সুদ সুদ্ধ এত টাকা পান

(২)। ও ক্রয় করিবার উক্ত নিয়মপত্র ফিরিয়া দেওয়া ও অসিদ্ধ করা যায়।

No 100

FOR AN INJUNCTION RESTRAINING WASTE

(*Title*)

A B the above named plaintiff states as follows —

1 That plaintiff is the absolute owner of [*describe the property*]

2 That the defendant is in possession of the same under a lease from the plaintiff

3 That the defendant has [cut down a number of valuable trees and threatens to cut down many more for the purpose of sale] without the consent of the plaintiff

The plaintiff prays judgment that the defendant be restrained by injunction from committing or permitting any further waste on the said premises

[*Pecuniary compensation might also be prayed*]

No 101

FOR ABATEMENT OF A NUISANCE

(*Title*)

A B the above named plaintiff, states as follows —

1 That plaintiff is and at all the times hereinafter mentioned was the absolute owner of [the house No street Calcutta]

2 That the defendant is and at all the said times was the absolute owner of [a plot of ground in the same street]

3 That on the day of 18 the defendant erected upon his said lot a slaughter house and still maintains the same and from that day until the present time has continually caused cattle to be brought and killed there [and has caused the blood and offal to be thrown into the street opposite the said house of the plaintiff]

4 That [the plaintiff has been compelled, by reason of the premises to abandon the said house and has been unable to rent the same]

The plaintiff prays judgment that the said nuisance be abated

No 102

FOR AN INJUNCTION AGAINST THE DIVERSION OF A WATER COURSE

(*Title*)

A B, the above named plaintiff, states as follows —

[*As in No* 81]

The plaintiff prays judgment, that the defendant be restrained by injunction from diverting the water as aforesaid

১০০ নম্বর।

অপচয় নিবারণার্থ আজ্ঞা পাইবার আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআনন্দ এই বর্ণনা করিলেন —

১। বাদী অমুক সম্পত্তির (সম্পত্তি নির্দ্দেশ করিয়া লিখিতে হইবে) একক স্বামী।

২। প্রতিবাদী বাদির স্থানে পাট্টা পাইয়া ঐ সম্পত্তি ভোগ দখল করিতেছেন।

৩। প্রতিবাদী বাদির অনুমতি বিনা [অনেক বহুমূল্য বৃক্ষ ছেদন করিয়াছেন ও বিক্রয় করিবার জন্যে আর কএকটা বৃক্ষ ছেদন করিবার ভয় দেখাইতেছেন।]

অতএব বাদী এই মর্ম্মের ডিক্রী প্রার্থনা করেন যে উক্ত বাড়ীর মধ্যে আর কোন অপচয় না করেন কি অন্যকে করিতে না দেন প্রতিবাদির প্রতি এমত নিষেধসূচক আজ্ঞা করা যায়।

[হানিপূরণস্বরূপ টাকার প্রার্থনাও হইতে পারিবে।]

---

১০১ নম্বর।

অনিষ্টজনক বিষয় নিবারণার্থ আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআনন্দ এই বর্ণনা করিলেন —

১। বাদী (কলিকাতা নগরের অমুক রাস্তার অমুক নং বাটীর) একক স্বামী আছেন ও নিম্নলিখিত সকল সময়ে একক স্বামী ছিলেন।

২। প্রতিবাদী (সেই রাস্তার ধারে একখণ্ড ভূমির) একক স্বামী আছেন ও পূর্ব্বোক্ত সকল সময়ে ছিলেন।

৩। প্রতিবাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে আপনার উক্ত ভূমিখণ্ডে গবাদি জবাই করিবার স্থান স্থাপন করিয়া অদ্যাপি তাহা রাখিতেছেন। ও সেই দিনাবধি অদ্যপর্য্যন্ত সর্ব্বদাই গবাদি আনাইয়া তথায় জবাই করিতেছেন। [এবং বাদির উক্ত ঘরের সম্মুখপথে রক্ত ও নাড়ীভুঁড়ী ফেলাইতেছেন।]

৪। পূর্ব্বোক্ত কারণে বাদির সেই ঘর হইতে উঠিয়া যাইতে হইল ও তাহা ভাড়া দিতে পারিলেন না।]

অতএব সেই অনিষ্টজনক কার্য্য নিবারণ করা যায় বাদী এই মর্ম্মের ডিক্রী প্রার্থনা করেন।

---

১০২ নম্বর।

জলপ্রণালী অন্যমুখ করিবার নিষেধার্থ আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআনন্দ এই বর্ণনা করিলেন,—

[৮১ নং পাঠের ন্যায়।]

অতএব প্রতিবাদির প্রতি পূর্ব্বোক্তমতে জল অন্যমুখ করিবার নিষেধসূচক আজ্ঞা করা যায় বাদী এই মর্ম্মের ডিক্রী প্রার্থনা করেন।

No. 103

For Restoration of moveable Property, threatened with Destruction, and for an Injunction

(*Title*)

A B, the above named plaintiff states as follows —

1 That plaintiff is, and at all times hereinafter mentioned was, the owner of [a portrait of his grandfather which was executed by an eminent painter] and of which no duplicate exists [*or state any facts showing that the property is of a kind that cannot be replaced by money*]

2 That on the day of 18 he deposited the same for safe keeping with the defendant

3 That on the day of 18 he demanded the same from he defendant, and offered to pay all reasonable charges for the storage of the same

4 That the defendant refuses to deliver the same to the plaintiff and threatens to conceal, dispose of, cut or injure the same if required to deliver it up

5 That no pecuniary compensation would be an adequate compensation to the plaintiff for the loss of the said [painting]

The plaintiff prays judgment

(1) That the defendant be restrained by injunction from disposing of injuring, or concealing the said [painting]

(2) That he return the same to the plaintiff

[Note —See *W od* versus *Row l ff* 3 Hare 309 And see 2 Giff 64]

No 104

Interpleader

(*Title*)

A B, the above named plaintiff, states as follows —

1 That before the date of the claims hereinafter mentioned, one *G H* deposited with the plaintiff [*describe the property*] for [safe keeping

2 That the defendant, *C D* claims the same [under an alleged assignment thereof to him from the said *G H*]

3 That the defendant, *E F* also claims the same [under an order of the said *G H* transferring the same to him]

4 That the plaintiff is ignorant of the respective rights of the defendants

5 That he has no claim upon the said property, and is ready and willing to deliver it to such persons as the Court shall direct

6 That this suit is not brought by collusion with either of the defendants

The plaintiff prays judgment

(1) That the defendants be restrained by injunction from taking any proceedings against the plaintiff in relation thereto

১০৩ নম্বর।

অস্থাবর সম্পত্তি নষ্ট হইবার ভয় দেখান যাওয়াতে তাহা ফিরিয়া পাইবার ও অপকার নিষেধ করিবার জন্যে আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআনন্দ এই বর্ণনা করিলেন —

১। বাদী (স্বীয় পিতামহের প্রতিমূর্ত্তির) স্বামী আছেন নিম্নলিখিত সকল সময়েই ছিলেন (সেই প্রতিমূর্ত্তি অতি প্রসিদ্ধ চিত্রকর কর্ত্তৃক সম্পাদিত হইয়াছিল) ও তাহার দ্বিতীয় প্রতিমূর্ত্তি আর নাই (কিম্বা অর্থ দ্বারা তদ্রূপ দ্রব্য আর ক্রয় করা যাইতে পারে না এই মর্ম্মাত্মক কোন বৃত্তান্ত লিখিতে হইবে।)

২। বাদী নিরাপদে রক্ষা করিবার জন্যে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে প্রতিবাদির নিকট তাহা রাখিলেন।

৩। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে প্রতিবাদির স্থানে তাহা ফিরিয়া চাহিলেন ও তাহা রক্ষা করণের সকল খরচ দিতে প্রস্তাব করিলেন।

৪। প্রতিবাদী বাদিকে তাহা ফিরিয়া দিতে সম্মত নহেন ও তাঁহার প্রতি ফিরিয়া দিবার আদেশ করা গেলে তাহা লুকাইয়া রাখিবেন কি স্থানান্তর করিবেন কি কাটিবেন কি অপকার করিবেন বলিয়া ভয় দেখাইতেছেন।

৫। উক্ত (প্রতিমূর্ত্তির) হানি হইলে যত টাকা হউক তদ্দ্বারা বাদির উপযুক্ত ক্ষতিপূরণ হইতে পারে না

অতএব বাদী এই প্রার্থনা করেন যে

(১) নিষেধ আজ্ঞা দ্বারা প্রতিবাদিকে ঐ (প্রতিমূর্ত্তি) স্থানান্তর করিতে কি তাহার অপকার করিতে কি তাহা লুকাইয়া রাখিতে নিবারণ করা যায়

(২) ও তিনি বাদিকে তাহা ফিরিয়া দেন।

[মন্তব্য।—যে মোকদ্দমায় উড সাহেব বাদী ও রৌক্লিফ সাহেব প্রতিবাদী ছিলেন ড্যার সাহেবের পুস্তকের ৩ বালমের ৩ ৯ পৃষ্ঠায় তাহা দেখ ও গিফর্ড সাহেবের পুস্তকের ২ বালমের ৬৪ পৃষ্ঠা দেখ।

—

১০৪ নম্বর।

মুজাহিমী আবেদনপত্র।

[পূর্ব্ববৎ শীর্ষক]

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। নিম্নলিখিত দাওয়ার তারিখের পূর্ব্বে গগন নামক এক ব্যক্তি নিরাপদে রক্ষা করিবার জন্যে বাদির নিকট [অমুক সম্পত্তির বর্ণনা করিতে হইবে] গচ্ছিত করিলেন।

২। (উক্ত গগন প্রতিবাদি চন্দ্রের নামে নিরূপণপত্র করিয়া তাঁহার প্রতি ঐ সম্পত্তি অর্পণ করিয়াছেন বলিয়া) উক্ত প্রতিবাদী দাওয়া করিতেছেন।

(৩) (উক্ত গগন ঐ সম্পত্তি হস্তান্তর করিয়া আমাকে দিবার আজ্ঞা করিলেন বলিয়া) প্রতিবাদী শ্রীঈশানও তাহা দাওয়া করিতেছেন।

৪। বাদী ঐ২ প্রতিবাদির স্বত্বের বিষয়ে অবগত নহেন।

৫। ঐ সম্পত্তির উপর বাদির কোন দাওয়া নাই ও আদালত যাঁহাকে আজ্ঞা করেন তাঁহাকে দিতে প্রস্তুত ও ইচ্ছুক আছেন।

৬। বাদিদের কোন ব্যক্তির সঙ্গে গণতা করিয়া এই মোকদ্দমা উপস্থিত করা যায় নাই।

*

অতএব বাদী এই মর্ম্মের ডিক্রী প্রার্থনা করেন যে

(১) প্রতিবাদিগানের প্রতি নিষেধ আজ্ঞা করণদ্বারা ঐ সম্পত্তি সম্পর্কে বাদির নামে মোকদ্দমাঘটিত কোন কার্য্য চালাইতে নিবারণ করা যায়।

That they be required to interplead together concerning their claims to the said property ,

(3) That some person be authorized to receive the said property pending such litigation]

(4) That upon delivering the same to such [person], the plaintiff be discharged from all liability to either of the defendants in relation thereto

---

No 105

ADMINISTRATION BY CREDITOR

(*Title*)

A B the above named plaintiff, states as follows —

1 *E F* late of , was at the time of his death and his estate still is indebted to the plaintiff in the sum of [*here insert nature of debt and security if any*]

2 The said *E F* made his will dated the day of and thereof appointed *C D* executor [*or* devised his estate in trust &c *or* died intestate *as the case may be*]

3 The said Will was proved by the said *C D* [*or* letters of administration were granted &c]

4 The defendant has possessed himself of the moveable [and immoveable *or* the proceeds of the immoveable] property of the said *E F* and has not paid the plaintiff his said debt

5 The said *E F* died on or about the day of

6 The plaintiff prays that an account may be taken of the moveable [and immoveable] property of the said *E F* deceased and that the same may be administered under a decree of the Court

---

No 106

ADMINISTRATION BY SPECIFIC LEGATEES

(*Title*)

[*Alter Form* 105 *thus* —]

[*Omit paragraph* 1 *and commence paragraph* 2] *E F* late of , duly made his last Will dated the day of , and thereof appointed *C D*, executor and by such Will bequeathed to the plaintiff [*here state the specific legacy*]

For paragraph 4 *substitute*—

The defendant is in possession of the moveable property of the said *E F*, and amongst other things of the said [*here name the subject of the specific bequest*]

For the commencement of paragraph 6 *substitute*—

The plaintiff prays that the defendant may be ordered to deliver to him the said [*here name the subject of the specific bequest*], or that, &c

(২) ঐ সম্পত্তির উপর তাঁহাদের দাওয়া বিষয়ে তাঁহাদের প্রতি পরস্পর বাদিপ্রতিবাদি করিবার আদেশ করা যায়।

[(৩) তাঁহাদের সেই মোকদ্দমা উপস্থিত থাকন সময়ে কোন ব্যক্তির প্রতি সেই সম্পত্তি গ্রহণ করিবার ক্ষমতা দেওয়া যায়।]

(৪) সেই [ব্যক্তির] প্রতি ঐ সম্পত্তি দেওয়া গেলে পর তৎসম্পর্কে উক্ত কোন প্রতিবাদির নিকট বাদিকে দায়হইতে মুক্ত করা যায়।

১০৫ নম্বর।

উত্তমর্ণ দ্বারা দ্রব্যনিরূপণাধিকার বিষয়ক আবেদনপত্র।

[পূর্ব্ববৎ শীর্ষক।]

উপরোক্ত বাদী শ্রীআমন্দ এই বর্ণনা করিলেন —

১। অমুক স্থানবাসি মৃত ঈশান মরণকালে বাদির নিকট এত টাকা ঋণী ছিলেন ও তাঁহার সম্পত্তি এখনও তত টাকা ঋণী আছেন (ঋণের ভাব ও নিদর্শনপত্র থাকিলে তাহারও বর্ণনা করিতে হইবে।)

২। ঈশান অমুক সালের অমুক মাসের অমুক তারিখে উইল লিখিয়া চন্দ্রকে আপন উইল অনুযায়ি কার্য্য সম্পাদকের পদে নিরূপণ করিয়া গেলেন [কিম্বা আপনার সম্পত্তি অমুকের প্রতি ন্যস্ত করিয়া গেলেন কিম্বা বিষয়বিশেষে উইল না লিখিয়া মরিলেন।]

৩। উক্ত চন্দ্র ঐ উইল প্রমাণীকৃত করিলেন [কিম্বা মৃত ব্যক্তির দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র চন্দ্রকে দেওয়া গেল।]

৪। প্রতিবাদী উক্ত ঈশানের স্থাবর [ও অস্থাবর সম্পত্তি কিম্বা স্থাবর সম্পত্তির উৎপন্ন টাকা] অধিকার করিয়া লইয়াছেন কিন্তু বাদির উক্ত ঋণ শোধ করিলেন না।

৫। উক্ত ঈশান অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে বা পরে মরিলেন

৬। বাদির প্রার্থনা এই যে উক্ত মৃত ঈশানের স্থাবর [ও অস্থাবর] সম্পত্তির হিসাব লওয়া যায় ও আদালতের ডিক্রী অনুসারে তাঁহার দ্রব্য নিরূপণ করা যায়।

১০৬ নম্বর।

উইলক্রমে নির্দ্দিষ্ট সম্পত্তি প্রাপণীয় ব্যক্তিদের দ্বারা নিরূপণাধিকারবিষয়ক আবেদনপত্র।

[পূর্ব্ববৎ শীর্ষক]

[১০৫ নং পাঠ এই প্রকারে পরিবর্ত্তন করিতে হইবে।]

[১ দফা ত্যাগ করিয়া ২ দফা এইরূপে আরম্ভ করিতে হইবে।] অমুক স্থানবাসি মৃত ঈশান অমুক সালের অমুক মাসের অমুক তারিখে নিয়মমতে আপনার উইল লিখিয়া শ্রীচন্দ্রকে ঐ উইল অনুযায় কার্য্যের সম্পাদক তাপদে নিযুক্ত করিলেন ও সেই উইলক্রমে বাদিকে [যাহা প্রদান করা গেল তাহা বিশেষ করিয়া লিখিতে হইবে দিয়া গেলেন।

[৪ দফার পরিবর্ত্তে এই কথা]

উক্ত ঈশানের অস্থাবর সম্পত্তি প্রতিবাদির অধিকারে আছে ও অন্যান্য বিষয়ের মধ্যে উক্ত [যাহা প্রদান করা গেল তাহা বিশেষ করিয়া লিখিতে হইবে] তাঁহার অধিকারে আছে।

৬ দফার প্রথম কথার পরিবর্ত্তে এই মর্ম্মের কথা লিখিতে হইবে —

বাদীর প্রার্থনা এই যে প্রতিবাদীর প্রতি উক্ত [যাহা প্রদান করা গেল তাহা বিশেষ করিয়া লিখিতে হইবে] বাদিকে দিতে আজ্ঞা করা যায় অথবা যে, প্রভৃতি—

No 107

Administration by Pecuniary Legatees

(Title)

[*Alter Form* 106 *thus* —]

[*Omit paragraph* 1 *and substitute for paragraph* 2] *E F* late of duly made his last Will dated the day of , and thereof appointed *C D* executor and by such Will bequeathed to the plaintiff a legacy of rupees

In paragraph 4 *substitute* 'legacy' *for* 'debt'

Another Form

Between *E F* *Plaintiff*

and

G H *Defendant*

A B the above named plaintiff, states as follows —

1 *A B* of *K* in the duly made his last Will, dated the [first day of March 1873] whereby he appointed the defendant and *M N* [who died in the testator's life time] executors thereof, and bequeathed his property whether moveable or immoveable to his executors in trust to pay the rents and income thereof to the plaintiff for his life and after his decease and in default of his having a son who should attain twenty one or a daughter who should attain that age or marry upon trust as to his immoveable property for the person who would be the testator's heir at law and as to his moveable property for the persons who would be the testator's next of kin if he had died intestate at the time of the death of the plaintiff and such failure of his issue as aforesaid

2 The testator died on the [first day of July 1873] and his Will was proved by the defendant on the [fourth of October 1873] The plaintiff has not been married

3 The testator was at his death entitled to to moveable and immoveable property the defendant entered into the receipt of the rents of the immoveable property and got in the moveable property he has sold some part of the immoveable property

The plaintiff claims—

(1) To have the moveable and immoveable property of *A B* administered in this Court and for that purpose to have all proper directions given and accounts taken

(2) Such further or other relief as the nature of the case may require

Between *E F* *Plaintiff,*

and

G H *Defendant*

Written Statement of Defendant

1 *A B's* Will contained a charge of debts, he died insolvent, he was entitled at his death to some immoveable property which the defendant sold, and which produced the nett sum of rupees and the testator had some moveable property which the defendant got in, and which produced the nett sum of rupees

2 The defendant applied the whole of the said sums and the sum of rupees which the defendant received from rents of the immoveable property in the payment of the funeral and testamentary expenses and some of the debts of the testator

3 The defendant made up his accounts and sent a copy thereof to the plaintiff on the [tenth of January 1875] and offered the plaintiff free access to the vouchers to verify such accounts, but he declined to avail himself of the defendant's offer

4 The defendant submits that the plaintiff ought to pay the costs of this suit

১০৭ নম্বর।

উইলক্রমে ধনপ্রাপণীয় ব্যক্তিদের দ্বারা দ্রব্যনিরূপণাধিকার বিষয়ক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

[১ ৫ নং পাঠ এই প্রকারে পরিবর্ত্তন করিতে হইবে।

[১ দফা ত্যাগ করিয়া ২ দফার পরিবর্ত্তে এই দফা লিখিতে হইবে] অমুক স্থানবাসি মৃত ঈশান অমুক সালের অমুক মাসের অমুক তারিখে নিয়মমতে আপনার শেষ উইল লিখিয়া শ্রী চন্দ্রকে ঐ উইল অনুযায়ি কার্য্যের সম্পাদকতা পদে নিযুক্ত করিলেন। ও সেই উইলক্রমে বা দকে এত টাকা দিয়া গেলেন।

৪ দফার ঋণ শব্দের পরিবর্ত্তে প্রাপ্য ধন শব্দ প্রযোগ করিতে হইবে।

অন্য পাঠ।

শ্রীঈশান	বাদী।
শ্রীগগণ	প্রতিবাদী।

পূর্ব্বোক্ত বাদী শ্রীঈশান এই বর্ণনা করেন

১। কৃষ্ণনগর নিবাসি শ্রীআনন্দ [১৮৭৩ সালের মার্চ মাসের প্রথম দিনে] নিয়মমতে আপন র উইল লি খয়া প্রতি বাদিকে ও শ্রী মনমোহনকে কার্য্য সম্পাদকের পদে নিযুক্ত করিয়া তাঁহাদের নিকট আপন স্থাবর ও অস্থাবর সম্পত্তি এই নিয়মে ন্যাস্তস্বরূপ রাখিয়া যান যে বাদির যাবজ্জীবন ঐ সম্পত্তির ভাড়া ও আয় ত াহাকেই দেওয়া যাইবে বাদির মরণকালে যদি তাহার একুশ ব সর বয়স্ক সন্তান না থাকেন কিম্বা একুশ বৎসর বয়স্কা কি বিবাহিতা কন্যা না থাকেন তবে বাদির মরণকালে ও তাঁহার উক্ত প্রকারের সন্তান সন্ততি অভাবে উক্ত আনন্দ উইল না লিখিয় মরিলে যিনি আই নমতে তাঁহার উত্তরাধিকারী হইতেন তাঁহারই নিমিত্ত আপনার স্থাবর সম্পত্তি ও যাহারা আনন্দ বন্ধু হইতেন তাঁহাদের নিমিত্ত আপনার অস্থাবর সম্পত্তি ন্যাস্তস্বরূপ রাখিবেন। [উক্ত মনমোহন উইলকারের বর্ত্তমানে মরিলেন।]

২। উইলকারক [১৮৭৩ সালের জুলাই মাসের প্রথম দিবসে] ম রলে প্রতিবাদ ী ৮৭ সালের অক্টোবর মাসের চতুর্থ দিবসে] ঐ উইল সপ্রমাণ করিয়া লন। বাদির বিবাহ হয় নাই।

৩। উইলকারকের মরণ সময়ে তাঁহার স্থাবর ও অস্থাবর সম্পত্তিতে স্বত্ব ছি প্রতিবাদী স্থাবর সম্পত্তির খাজানা ও ভাড়া আদায় করিতে লাগলেন ও অস্থাবর সম্পত্তি হস্তগত করিলেন ও স্থাবর সম্পত্তির এক অংশ বিক্রয় করিলেন।

বাদির প্রার্থনা এই যে

(১) এই আদালতে উক্ত আনন্দের স্থাবর ও অস্থাবর সম্পত্তির নিরূপণাধিকারিত কার্য্য করা যায় ও তদ্বেতুক যে আদেশ করা ও যে হিসাব লওয়া উচিত তাহা করা ও লওয়া যায়।

(২) মোকদ্দমার ভাব বিবেচনায় আর কি অন্য যে উপকার প্রয়োজন তাহা করা যায়।

শ্রী ঈশান	বাদী।
শ্রী গগণ	প্রতিবাদী।

প্রতিবাদির বর্ণনাপত্র।

১। আনন্দের উইলে তাঁহার ঋণ শোধ করিবার আদেশ ছিল ও তিনি ঋণশোধ করিতে অক্ষম হইয়া মরিলেন। মরণকালে কোন স্থাবর সম্পত্তিতে তাঁহার স্বত্ব ছিল প্রতিবাদী তাহা বিক্রয় করিলে তদ্দ্বারা খরচবাদে নিট এত টাকা উৎপন্ন হইল উইলকারকের অস্থাবর কতক দ্রব্যও ছিল প্রতিবাদী তাহা আদায় করিলেন ও তদ্দ্বারা নিট এত টাকা উৎপন্ন হইল।

২। প্রতিবাদী স্থাবর দ্রব্যের খাজানা ও ভাড়া বলিয়া এত টাকা পাইলেন ও উইলকারকের সমাধিকার্য্যে ও উইল সংক্রান্ত খরচে ও উইলকারকের কোন২ ঋণ শোধে সেই সমস্ত টাকা ব্যয় করেন।

৩। প্রতিবাদী সকল হিসাব লিখিয়া [১৮৭৫ সালের জানুয়ারি মাসের দশম দিবসে] বাদির নিকট তাহার এক কেতা নকল পাঠাইয়া ঐ হিসাব সপ্রমাণ করণার্থে বাদিকে স্বচ্ছন্দে সকল ভৌচর দেখাইতে ইচ্ছুক ছিলেন কিন্তু বাদী তাহা দেখিলেন না।

৪। প্রতিবাদির নিবেদন এই যে এই মোকদ্দমার সকল খরচ বাদির দেওয়া উচিত।

No 108

Execution of Trusts

In the Court of at

Civil Regular No

A B of *Plaintiff,*

against

C D of the beneficiary [*or* one of the beneficiaries], *Defendant*

A B the above named plaintiff states as follows —

1 That he is one of the trustees under an instrument of settlement bearing date on or about the day of made upon the marriage of the said *E F* and *G H* the father and mother of the defendant [*or* an instrument of assignment of the estate and effects of *E F* for the benefit of *C D* the defendant and other the creditors of *E F*]

2 The said *A B* has taken upon himself the burden of the said trust, and is in possession of [*or* of the proceeds of] the moveable and immoveable property conveyed [*or* assigned] by the before mentioned deed

3 The said *C D* claims to be entitled to a beneficial interest under the before mentioned deed

4 The plaintiff is desirous to account for all the rents and profits of the said immoveable property [and the proceeds of the sale of the said *or* of part of the said immoveable property *or* moveable *or* the proceeds of the sale of *or* of part of the said moveable property *or* the profits accruing to the plaintiff as such trustee in the execution of the said trust] and he prays that the Court will take the accounts of the said trust and also that the whole of said trust estate may be administered in the Court for the benefit of the said *C D* the defendant, and all other persons who may be interested in such administration in the presence of the said *C D* and such other persons so interested as the Court may direct or that the said *C D* may show good cause to the contrary

[*N B—Where the suit is by a beneficiary, the plaint may be modelled* mutatis mutandis *on the plaint by a legatee*]

No 109

Foreclosure or Sale

(Title)

A B the above named plaintiff, states as follows —

1 By an instrument of mortgage bearing date on or about the day of 18 , a house with the garden and appurtenances situated within the jurisdiction of this Court, were conveyed [*or* assigned] by the defendant to him the plaintiff, his heirs [*or* executors, administrators] and assigns for securing the principal sum of Rs together with interest thereon after the rate of Rs per centum per annum subject to redemption upon payment by the said defendant of the said principal and interest at a day long since past

2 There is now due from the defendant to the plaintiff the sum of rupees for principal and interest on the said mortgage

3 The plaintiff prays (*a*) that the Court will order the defendant to pay him the said sum of Rs with such further interest as may accrue between the filing of the plaint and the day of payment, and also the costs of this suit, on some day to be named by the Court, and in default that the equity of redemption of the said mortgaged premises may be foreclosed and the plaintiff placed in possession of the same premises, or (*b*) that the said premises may be sold and the proceeds applied in and towards the payment of the amount of the said principal interest, and costs and (*c*) that if such proceeds shall not be sufficient for the payment in full of such amount the defendant do pay to the plaintiff the amount of the deficiency with interest thereon at the rate of six per cent per annum until realization and (*d*) that for that purpose all proper directions may be given and accounts taken by the Court

---

No 110

Redemption

(Title)

[*Alter Form* 109 *thus* —]

Transpose parties and also the facts in paragraph 1

For paragraph 2 *substitute—*

2 There is now due from the plaintiff to the defendant, for principal and interest on the said mortgage, the sum of Rs which the plaintiff is ready and willing to pay to the defendant, of which the defendant, before filing this plaint, had notice

১৮ নম্বর।

ন্যাসস ক্রান্ত কার্য্য সম্পাদনবিষয়ক আবেদনপত্র।

অমুক স্থানের অমুক আদালতে।

দেওয়ানী কাবেতামত ন মোকদ্দমা
অমুক স্থানবাসি শ্রীআনন্দ বাদী।
অমুক স্থানবাসি শ্রীচন্দ্র কিম্বা
উপকার প্রাপণীয় বা উপকর
প্রাপণীয়দের মধ্য এক জন প্রতিবাদী

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। প্রতিবাদির পিতা ও মাতা শ্রী ঈশানের ও শ্রীমতী হরমণীর বিবাহ কালে বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখের বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে বা পশ্চাৎ তারিখের যৌতুক ধন নিরূপণ পত্রের [অথবা শ্রীচন্দ্র নামক প্রতিবাদির এবং ঈশানের অন্যান্য উত্তমর্ণদের উপকারার্থে ঈশানের সম্পত্তি ও বিষয় নিরূপণপত্রে] ন্যাসধারিদের মধ্যে এক জন ছিলেন।

২। উক্ত শ্রী আনন্দ আপনার উপর উক্ত ন্যাসের ভার গ্রহণ করিলেন ও উপরোক্ত নিরূপণপত্রক্রমে স্থাবর ও অস্থাবর যে সম্পত্তি হস্তান্তর [বা নিরূপণ] করা গেল তাহা [কিম্বা তাহার উৎপন্ন টাকা] ঐ বাদির অধিকারে আছে।

৩। উক্ত চন্দ্র পূর্ব্বোক্ত পত্রক্রমে উপকারজনক স্বার্থের অধিকারী বলিয়া দাওয়া করিতেছেন।

৪। বাদী উক্ত ন্যাসধারীস্বরূপ ঐ ন্যাস ক্রান্ত কার্য্য সম্পাদনে উক্ত স্থাবর সম্পত্তির যে সকল খাজানা ও লভ্য প্রাপ্ত হইলেন [ও উক্ত স্থাবর সম্পত্তি কিম্বা স্থাবর সম্পত্তির একাংশ বিক্রয় করিয়া যে টাকা প্রাপ্ত হইলেন কিম্বা অস্থাবর সম্পত্তির কি অস্থাবর সম্পত্তি কি তাহার একাংশ বিক্রয় করিয়া যে টাকা কিম্বা তাহাহইতে যে লভ্য প্রাপ্ত হইলেন] তাহার হিসাব দিতে ইচ্ছুক আছেন এবং তাঁহার প্রার্থনা এই যে আদালত উক্ত ন্যাসসংক্রান্ত কার্য্যের হিসাব লন ও উক্ত শ্রী চন্দ্র নামক প্রতিবাদির ও সেই দ্রব্য নিরূপণে অন্য যে ব্যক্তিদের স্বার্থ থাকে তাঁহাদের উপকারার্থে উক্ত শ্রী চন্দ্রের সাক্ষাৎ ও আদালত উক্ত স্বার্থযুক্ত অন্য যে ব্যক্তিদিগকে আজ্ঞা করেন তাঁহাদের সাক্ষাৎ আদালতের উক্ত সম্পত্তির ন্যাসসংক্রান্ত সমুদয় কার্য্য নিরূপণ করা যায় অথবা উক্ত শ্রীচন্দ্র তদ্বিপরীত উপযুক্ত কারণ দর্শান।

[মন্তব্য।—উপকার প্রাপণীয় ব্যক্তির দ্বারা মোকদ্দমা উপস্থিত করা গেলে উচিতক্রমে সম্পত্তি প্রাপণীয় ব্যক্তির আবেদনপত্রের কএকটি শব্দ প্রয়োজনমতে পরিবর্ত্তন করিয়া সেই পাঠের ন্যায় এই আবেদনপত্র লেখা যাইতে পারিবে।]

---

১৯ নম্বর।

বন্ধকী দ্রব্য বিক্রয় করণবিষয়ক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। প্রতিবাদী এত টাকা ঋণ লইয়া বৎসর শতকরা এত টাকার হিসাবে সুদ দিবার নয়মে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে বা পরে বন্ধকীপত্র লিখিয়া বাদির ও তাঁহার উত্তরাধিকারিদের [কিম্বা উইলক্রমে কার্য্যসম্পাদকদের কি দ্রব্যনিরূপণাধিকারিদের] ও আসেনদের প্রতি এই আদালতের এলাকার অন্তর্গত স্থানের বাগান ও বাহির ঘর প্রভৃতি সহিত এক বাটী হস্তান্তর [কি নিরূপণ] করিয়া দিলেন ও উক্ত প্রতিবাদী উক্ত আসল টাকা ও সুদ দিয়া যে দিনে ঐ সম্পত্তি উদ্ধার করিবার নিয়ম করেন সেই দিন বহুকাল গত হইল।

২। উক্ত বন্ধকের উপর উক্ত প্রতিবাদির নিকট বাদির আসল ও সুদ এত টাকা এখন প্রাপ্য আছে।

৩। বাদির প্রার্থনা এই২ (ক) যে আদালত প্রতিবাদির প্রতি আদালতের নির্দ্ধারিত কোন দিনে উক্ত এত টাকা ও এই আবেদনপত্র উপস্থিত করিবার তারিখঅবধি ঐ টাকা না দেওন পর্য্যন্ত প্রাপ্য সুদ দেওয়া হইবে তাহা ও এই মোকদ্দমার খরচা দিতে আজ্ঞা করেন আর তিনি ঐ টাকা না দিলে উক্ত বন্ধকি বাড়ী উদ্ধার করিবার স্বত্ব রহিত করা যায় ও সেই বাড়ী বাদির অধিকার করিয়া দেওয়া যায়। অথবা (খ) ঐ বাড়ী বিক্রীত হইয়া তদুৎপন্ন টাকাহইতে উক্ত আসল টাকা ও সুদ ও খরচা দেওয়া যায় (গ) সেই উৎপন্ন টাকাতে ঐ সমুদয় টাকা শোধ করিতে না কুলাইলে অবশিষ্ট টাকা শোধ না করণপর্য্যন্ত প্রতিবাদী বৎসর শতকরা ছয় টাকার হিসাবে সুদসমেত বাদিকে ঐ টাকা দেন। ও (ঘ) তদর্থে আদালত প্রয়োজনীয় সকল আজ্ঞা করেন ও হিসাব লন।

---

১১০ নম্বর।

বন্ধকী সম্পত্তি উদ্ধার করণবিষয়ক আবেদনপত্র।

(পূর্ব্বব শীর্ষক।)

[১০৯ নং পাঠ এই রূপে পরিবর্ত্তন করিতে হইবে।]

১ দফার উল্লিখিত বৃত্তান্ত এবং ব্যক্তিদের নাম একের স্থানে অন্যটি পরিবর্ত্তন করিয়া লিখিতে হইবে —

২ দফার পরিবর্ত্তে এই দফা লিখিতে হইবে।—

২। এইক্ষণে ঐ বন্ধকের উপর বাদির স্থানে প্রতিবাদির আসল ও সুদসমেত এত টাকা পাওনা আছে, বাদী প্রতিবাদিকে সেই টাকা দিতে প্রস্তুত ও ইচ্ছুক আছেন এবং এই আবেদনপত্র উপস্থিত করিবার পূর্ব্বে প্রতিবাদী ইহার নোটিস পাইলেন।

For paragraph 3 substitute—

The plaintiff prays that he may redeem the said premises and that the defendant may be ordered to re-convey [*or* re assign] the same to him upon payment of the said sum of rupees and interest, with such costs (if any) as the Court may order upon a day to be named by the Court, and that the Court will give all proper directions for the preparation and execution of such re conveyance [*or* assignment], and doing such other acts as may be necessary to put him into possession of the said premises, freed from the said mortgage

---

No 111

SPECIFIC PERFORMANCE (No 1)

(*Title*)

A B, the above named plaintiff states as follows —

1 By an agreement dated the day of and signed by the above named defendant *C D* he, the said *C D* contracted to buy of [*or* sell to] him certain immoveable property, therein described and referred to, for the sum of rupees

2 He has applied to the said *C D* specifically to perform the said agreement on his part but that he has not done so

3 The said *A B* has been and still is ready and willing specifically to perform the agreement on his part of which the said *C D* has had notice

4 The plaintiff prays that the Court will order the said *A B* specifically to perform the said agreement and to do all acts necessary to put the said *A B* in full possession of the said property [*or* to accept a conveyance and possession of the said property] and to pay the costs of the suit

[*N B —In suit for delivery up to be cancelled of any agreement omit paragraphs* 2 *and* 3 *and substitute a paragraph stating generally the grounds for requiring the agreement to be delivered up to be cancelled such as that the plaintiff signed it by mistake under distress or by the fraud of the defendant and alter the prayer according to the relief sought*]

No 112

SPECIFIC PERFORMANCE (No 2)

(*Title*)

A B the above named plaintiff states as follows —

1 That on the day of 18 the defendant was absolutely entitled to certain immoveable property described in the agreement hereto annexed

2 That on the same day the plaintiff and defendant entered into an agreement under their hands a copy of which is hereto annexed

3 That on the day of 18 , the plaintiff tendered rupees to the defendant and demanded a conveyance of the said property

4 That on the day of 18 the plaintiff again demanded such conveyance [*Or* that the defendant refused to convey the same to the plaintiff]

5 That the defendant has not executed such conveyance

6 That the plaintiff is still ready and willing to pay the purchase money of the said property to the defendant

The plaintiff prays judgment

(1) That the defendant execute to the plaintiff a sufficient conveyance of the said property [*following the terms of the agreement*]

(2) For rupees compensation for withholding the same

No 113

PARTNERSHIP

(*Title*)

A B the above-named plaintiff, states as follows —

1 He and the said *C D* the defendant have been for the space of years [*or* months] last past carrying on business together at within the jurisdiction of this Court under certain articles of partnership in writing signed by them respectively, [*or* under a certain deed sealed and executed by them respectively, *or* under a verbal agreement between them the said plaintiff and defendant]

2 Divers disputes and differences have arisen between the plaintiff and defendant as such partners, whereby it has become impossible to carry on the said business in partnership with advantage to the partners

3 The plaintiff desires to have the said partnership dissolved and he is ready and willing to bear his share of the debts and obligations of the partnership according to the terms of the said articles [*or* deed, *or* agreement]

৩ দফার পরিবর্ত্তে এই দফা লিখিতে হইবে —

বাদীর প্রার্থনা এই যে তিনি উক্ত বাড়ী বন্ধকহইতে উদ্ধার করিতে পান এবং আদালত যে দিন নিরূপণ করেন সেই দিনে উক্ত এত টাকা ও সুদ ও আদালত খরচের আজ্ঞা করিলে যত টাকা আজ্ঞা করেন তত টাকা দেওয়া গেলে আদালত প্রতিবাদির প্রতি সেই সম্পত্তি হস্তান্তর করিয়া বাদিকে ফিরিয়া দিতে [বা পুনঃ নিরূপণ করিতে] আদেশ করেন এবং সেই হস্তান্তরকরণ [বা নিরূপণ] পত্র প্রস্তুত করিয়া সম্পাদন করণার্থে এবং অন্য যে কিয়া করা গেলে বাদী বন্ধকহইতে মুক্তভাবে সেই সম্পত্তির অধিকার পাইতে পারেন আদালত সেই সকল কার্য্য করণার্থে উপযুক্ত সকল আদেশ করেন।

---

১১১ নম্বর।

নির্দ্দিষ্ট কার্য্য সাধনার্থ আবেদনপত্র। (১ ন)

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করেন —

১। উপরোক্ত প্রতিবাদী শ্রী চন্দ্রের স্বাক্ষরিত অমুক সালের অমুক মাসের অমুক তারিখের নিয়মপত্রক্রমে উক্ত শ্রী চন্দ্র এত টাকা দিয়া বাদির স্থানে ঐ নিয়মপত্রের উল্লিখিত কোন স্থাবর সম্পত্তি ক্রয় করিতে [বা এত টাকা লইয়া বাদির নিকট বিক্রয় করিতে] চুক্তি করিলেন।

২। উক্ত নিয়মপত্রমতে উক্ত চন্দ্রের যেং কার্য্য কর্ত্তব্য বাদী তাঁহাকে সেইং কর্ম নির্দ্দেশমতে সম্পাদন করিতে কহিয়াছেন কিন্তু প্রতিবাদী তাহা করেন নাই।

৩। ঐ নিয়মানুসারে বাদী শ্রীআনন্দের পক্ষে যাহাং কর্ত্তব্য তিনি তাহা নির্দ্দেশমতে সম্পাদন করিতে প্রস্তুত ও ইচ্ছুক ছিলেন ও আছেন ও উক্ত শ্রী চন্দ্র ইহার নোটিস পাইয়াছেন।

৪। অতএব বাদী এই প্রার্থনা করেন যে উক্ত নিয়মপত্রমতে শ্রীচন্দ্রের যাহাং কর্ত্তব্য হয় আদালত তাঁহার প্রতি সেইং কর্ম নির্দ্দেশমতে সম্পাদন করিতে এবং উক্ত শ্রী আনন্দ যাহাতে ঐ সম্পত্তির সম্পূর্ণ অধিকার প্রাপ্ত হন এমত সকল কার্য্য করিতে [কিম্বা উক্ত সম্পত্তির হস্তান্তরকরণপত্র ও অধিকার গ্রহণ করিতে] ও মোকদ্দমার খরচা দিতে আজ্ঞা করেন।

[মন্তব্য।—কোন নিয়মপত্র ব্যর্থ করিবার জন্যে সমর্পণ করণার্থে মোকদ্দমা হইলে ২ ও ৩ দফা ত্যাগ করিয়া ঐ নিয়মপত্র ব্যর্থ করিবার জন্যে সমর্পণ করিবার প্রার্থনার যেং কারণে করা যায় অর্থাৎ বাদী ভুলক্রমে কিম্বা তাড়িত হইয়া কিম্বা প্রতিবাদির প্রতারণাক্রমে তাহাতে স্বাক্ষর করিলেন ইত্যাদি কথার বর্ণনাসূচক এক দফা লিখিয়া যে উপকার পাইবার প্রার্থনা হয় তদনুসারে প্রার্থনা মতান্তর করিতে হইবে।]

১১২ নম্বর।

নির্দ্দিষ্ট কার্য্য সাধনার্থ আবেদনপত্র (২ ন)

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআনন্দ এই বর্ণনা করেন —

১। ইহার সঙ্গে যে নিয়মপত্র দেওয়া গেল অমুক সালের অমুক মাসের অমুক তারিখে সেই নিয়মপত্রের নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তিতে প্রতিবাদির সম্যক্প্রকারে অধিকার ছিল।

২। বাদী ও প্রতিবাদী সেই দিনে নিয়মপত্র লিখিয়া তাহাতে স্বাক্ষর করিলেন তাহার নকল ইহার সঙ্গে দেওয়া গেল।

৩। বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে প্রতিবাদিকে এত টাকা দিতে উদ্যত হইয়া ঐ সম্পত্তির হস্তান্তর করণপত্র চাহিলেন।

৪। বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে পুনরায় সেই হস্তান্তর করণপত্র চাহিলেন। [কিম্বা প্রতিবাদী বাদিকে সেই সম্পত্তি হস্তান্তর করিয়া দিতে সম্মত হইলেন না।]

৫। প্রতিবাদী সেই হস্তান্তরকরণপত্র করিয়া দিলেন না।

৬। বাদী এখনও প্রতিবাদিকে সেই সম্পত্তির ক্রয়ের টাকা দিতে প্রস্তুত ও ইচ্ছুক আছেন

অতএব বাদী এই মর্ম্মের ডিক্রী প্রার্থনা করেন যে

(১) প্রতিবাদী (সেই নিয়মপত্রের নিয়মানুসারে) বাদিকে ঐ সম্পত্তির উপযুক্ত হস্তান্তরকরণপত্র করিয়া দেন।

(২) ও এত দিন তাহা না দেওনপ্রযুক্ত হানিপূরণ স্বরূপ এত টাকা দেন।

---

১১৩ নম্বর।

অংশিত্ব বিষয়ক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন —

১। তিনি ও উক্ত প্রতিবাদী চন্দ্র আপনাদের লিখিত ও স্বাক্ষরিত অংশপত্রক্রমে [কিম্বা আপনাদের মোহরাঙ্কিত ও সম্পাদিত কোন দলীলক্রমে কিম্বা উক্ত বাদির ও প্রতিবাদির মধ্যে বাচনিক নিয়মক্রমে] গত এত বৎসর [কি মাস] অবধি এই আদালতের এলাকার অন্তর্গত অমুক স্থানে একত্র ব্যবসায় করিতেছেন।

২। পূর্ব্বোক্ত অংশিস্বরূপ ঐ বাদির ও প্রতিবাদির মধ্যে নানা প্রকারের বিবাদ ও অনৈক্য উপস্থিত হইয়াছে তৎপ্রযুক্ত অংশিদের লভ্যজনকরূপে অংশিভাবে উক্ত ব্যবসায় চালান অসাধ্য।

৩। বাদী উক্ত অংশিত্ব লোপ করিতে ইচ্ছুক আছেন ও উক্ত অংশিত্বপত্রের [কিম্বা দলীলের কি নিয়মের] নিয়মানুসারে ঐ অংশিদের ঋণের কি দায়ের যে অংশ তাঁহার প্রতি বর্ত্তে তাহা স্বীকার করিতে প্রস্তুত ও ইচ্ছুক আছেন।

4 The plaintiff prays the Court to decree a dissolution of the said partnership and that the accounts of the said partnership trading may be taken by the Court, and the assets thereof realized, and that each party may be ordered to pay into Court any balance due from him upon such partnership account and that the debts and liabilities of the said partnership may be paid and discharged, and that the costs of the suit may be paid out of the partnership assets, and that any balance remaining of such assets after such payment and discharge and the payment of the said costs may be divided between the plaintiff and defendant according to the terms of the said articles [*or* deed, *or* agreement] or that if the said assets shall prove insufficient he the plaintiff and the said defendant may be ordered to contribute in such proportions as shall be just to a fund to be raised for the payment and discharge of such debts liabilities and costs And to give such other relief as the Court shall think fit

This plaint was filed by of

Pleader for the plaintiff or by

[*N B —In suits for winding up of any partnership omit the prayer for dissolution but instead thereof insert a paragraph stating the fact of the partnership having been dissolved*]

No 114

FORMS OF CONCISE STATEMENTS

Money lent	The plaintiff's claim is rs for money lent [and interest]
Several demands	The plaintiff's claim is rs, whereof rs is for the price of goods sold and rs for money lent and rs for interest
Rent	The plaintiff's claim is rs for arrears of rent
Salary &c	The plaintiff's claim is rs for arrears of salary as a clerk [*or, as the case may be*]
Interest	The plaintiff's claim is rs for interest upon money lent
General average	The plaintiff's claim is rs for a general average contribution
Freight &c	The plaintiff's claim is rs for freight and demurrage
Bankers balance	The plaintiff's claim is rs for money deposited with the defendant as a banker
Fees &c solicitors	The plaintiff's claim is rs for fees for work done [and rs money expended] as a pleader
Commission	The plaintiff's claim is rs for commission earned as [*state character as* auctioneer cotton broker *&c*]
Medical attendance &c	The plaintiff's claim is rs for medical attendances
Return of premiums	The plaintiff's claim is rs for a return of premiums paid upon policies of insurance
Warehouse rent	The plaintiff's claim is rs for the warehousing of goods
Carriage of goods	The plaintiff's claim is rs for the carriage of goods by railway
Use and occupation of house	The plaintiff's claim is rs for the use and occupation of a house
Hire of goods	The plaintiff's claim is rs for the hire of [furniture
Work done	The plaintiff's claim is rs for work done as a [surveyor]
Board and lodging	The plaintiff's claim is rs for board and lodging
Schooling	The plaintiff's claim is rs for the [board lodging and] tuition of *X Y*
Money received	The plaintiff's claim is rs for money received by the defendant as pleader [*or* factor *or* collector, *or, &c*] of the plaintiff
Fees of office	The plaintiff's claim is rs for fees received by the defendant under colour of the office of
Money overpaid	The plaintiff's claim is rs for a return of money overcharged for the carriage of goods by railway
	The plaintiff's claim is rs for a return of fees overcharged by the defendant as

৪। বাদী এই প্রার্থনা করিতেছেন যে আদালত ঐ অংশিত্ব লোপ হওয়ার ডিক্রী করেন ও অংশিত্বভাবে উক্ত ব্যবসায়ের হিসাব আদালতের দ্বারা লওয়া যায় ও তাহার স্থিত আদায় করা যায় ও সেই অংশিত্বের হিসাবমতে যে পক্ষের যত টাকা বাকী দেয় হয় তাহা আদালতে দিতে আজ্ঞা হয় ও ঐ অংশিত্বের ঋণ ও দায় শোধ করিয়া দেওয়া যায় ও অংশিত্বের স্থিতহইতে মোকদ্দমার খরচ দেওয়া যায় ও সেই ঋণ ও দায় শোধ করা ও ঐ খরচা দেওয়া গেলে পর ঐ স্থিতের উদ্বর্ত্ত থাকিলে তাহা উক্ত অংশিত্বপত্রের [কি দলীলের কি বিষয়ের] নিয়মানুসারে বাদির ও প্রতিবাদির মধ্যে ভাগ করিয়া দেওয়া যায় কিম্বা উক্ত স্থিতে না কুলাইলে উক্ত ঋণ ও দায় ও খরচা শোধ করিবার তহবীল করিয়া উক্ত বাদির ও প্রতিবাদির যাহার যত টাকা ঐ তহবীলে দেওয়া ন্যায্য তাঁহার তত টাকা দিবার আজ্ঞা হয় ও আদালত অন্য যে উপকার কর বিহিত জ্ঞান করেন তাহাই করেন।

অমুক স্থানবাসি বাদির অমুক উকীল দ্বারা কিম্বা অমুকের দ্বারা এই আবেদনপত্র অর্পণ করা গেল।

[মন্তব্য।—কোন অংশিত্বের কার্য্য নিষ্পত্তি করণার্থ মোকদ্দমায় অংশিত্ব লোপ করিবার প্রার্থনা ত্যাগ করিতে হইবে তৎপরিবর্ত্তে অংশিত্ব যে লোপ হইয়াছে এই বৃত্তান্তসূচক দফা লিখিতে হইবে।]

১১৪ নম্বর।

বর্ণনাপত্র সংক্ষেপে লিখিবার পাঠ।

কর্জের টাকা।	বাদী কর্জের টাকা ও সুদ বলিয়া এত টাকার দাওয়া করেন।
বিবিধ প্রকারের দাওয়া।	বাদির এত টাকা দাওয়া। ইহার মধ্যে বিক্রীত দ্রব্যের মূল্য এত টাকা ও কর্জের এত টাকা ও সুদ এত টাকা।
ভাড়ার (কি খাজানার) দাওয়া।	বাদী বাকী ভাড়া (কি খাজানা) বলিয়া এত টাকার দাওয়া করেন।
বেতনাদির দাওয়া।	বাদী কেরাণীর (বা অন্য কর্ম্ম করিয়া) বাকী বেতন এত টাকার দাওয়া করেন।
সুদের দাওয়া।	বাদী যে টাকা ঋণ দিলেন তাহার উপর সুদ বলিয়া এত টাকার দাওয়া করেন।
জাহাজদ্বারা হানিপূরণার্থ টাকার দাওয়া	জাহাজদ্বারা হানিপূরণার্থে অংশানুসারে যে টাকা পাওয়া যাইতে পারে তাহা বলিয়া বাদির এত টাকা দাওয়া।
মালের ভাড়ার দাওয়া।	বাদী মালের ভাড়া ও গহেরী বলিয়া এত টাকার দাওয়া করেন।
বণিকের হাতেগচ্ছিত টাকার দাওয়া।	বণিকস্বরূপ প্রতিবাদির নিকট বাদী এত টাকা গচ্ছিত করিলেন বলিয়া তাহা পাইবার দাওয়া।
মোক্তারস্বরূপ রসুমের দাওয়া।	বাদী উকীলস্বরূপ কর্ম্ম করিয়া রসুম বলিয়া এত টাকার ও অন্যান্য খরচ বলিয়া এত টাকার দাওয়া করেন।
কমিশ্যনের দাওয়া।	(বাদী নীলামদার কি তুলার দালাল প্রভৃতি যে কর্ম্ম করিলেন তদ্দ্বারা) প্রাপ্য কমিশ্যন বলিয়া এত টাকার দাওয়া করেন।
চিকিৎসা প্রভৃতির নিমিত্ত দাওয়া।	চিকিৎসাস্বরূপ কর্ম্ম করিয়া বাদির এত টাকার দাওয়া।
বিমাপত্রের নিমিত্ত দেওয়া টাকা ফিরিয়া পাইবার দাওয়া।	বাদী বিমাপত্রের নিমিত্ত এত টাকা দিলে তাহা ফিরিয়া পাইবার দাওয়া।
গুদামের ভাড়ার দাওয়া।	মাল গুদামজাৎ করাতে বাদির এত টাকা দাওয়া।
মালবহনের ভাড়ার দাওয়া।	রেলওয়েদ্বারা মাল বহন প্রযুক্ত বাদির এত টাকা দাওয়া।
ঘরের ব্যবহার ও দখল করা প্রযুক্ত দাওয়া।	ঘরের ব্যবহার ও দখল করা হেতুক বাদির এত টাকা দাওয়া।
মালের ভাড়ার দাওয়া।	(লওয়াজিমার) ভাড়া দেওয়াতে বাদির এত টাকা দাওয়া।
কর্ম্মের নিমিত্ত দাওয়া।	(সরবরাহ প্রভৃতিস্বরূপ) কর্ম্ম করাতে বাদির এত টাকা দাওয়া।
আহারের ও বাসের নিমিত্ত দাওয়া।	আহারাদি ও বাসস্থান দেওনহেতুক বাদির এত টাকা দাওয়া।
স্কুলের ফীর দাওয়া।	অমুক নামক বালককে (আহারাদি ও বাসস্থান) ও শিক্ষা দেওনহেতুক বাদির এত টাকা দাওয়া।
যে টাকা পাওয়া গেল তাহার দাওয়া।	প্রতিবাদী বাদির উকীল (বা গোমাশতা বা খাজাঞ্চী প্রভৃতি) স্বরূপ বাদির নিমিত্ত যে টাকা পাইলেন বাদির সেই এত টাকার দাওয়া।
পদের ফী পাইবার দাওয়া।	প্রতিবাদী অমুক পদের কর্ম্ম করার স্থলে যে ফী পাইলেন ঐ ফী বলিয়া বাদির এত টাকার দাওয়া।
অতিরিক্ত টাকা দেওয়াতে ঐ অতিরিক্ত পাইবার দাওয়া।	বাদী রেলওয়েদ্বারা মাল চালান করিলে ভাড়া বলিয়া তাঁহার স্থানে অতিরিক্ত টাকা লওয়া গেল ইহাতে বাদির এত টাকা পাইবার দাওয়া।
	প্রতিবাদী অমুক কর্ম্ম করিয়া অতিরিক্ত ফী লওয়াতে বাদির এত টাকা ফিরিয়া পাইবার দাওয়া।

Return of money by stake holder — The plaintiff's claim is rs for a return of money deposited with the defendant as stake holder

M n y won fro stake h ll r — The plaintiff's claim is rs for money entrusted to the defendant as stake holder and become payable to plaintiff

Money entrusted to ag nt — The plaintiff's claim is rs for a return of money entrusted to the defendant as agent of the plaintiff

Money obtained by fraud — The plaintiff's claim is rs for a return of money obtained from the plaintiff by fraud

Money paid by mistak — The plaintiff's claim is rs for a return of money paid to the defendant by mistake

M ey pa d f co s d atio which l as failed — The plaintiff's claim is rs for a return of money paid to the defendant for [work to be done, *or* work left undone *or* a bill to be taken up, *or* a bill not taken up *or* &c]

The plaintiff's claim is rs for a return of money paid as a deposit upon shares to be allotted

Mon y paid by surety for defend a t — The plaintiff's claim is rs for money paid for the defendant as his surety

R nt paid — The plaintiff's claim is rs for money paid for rent due by the defendant

Money paid on acc mmodation bill — The plaintiff's claim is rs upon a bill of exchange accepted [*or* indorsed] for the defendant's accommodation

Contribution by surety — The plaintiff's claim is rs for a contribution in respect of money paid by the plaintiff as surety

By co debtor — The plaintiff's claim is rs for a contribution in respect of a joint debt of the plaintiff and the defendant, paid by the plaintiff

Mo ey pa d f c ll — The plaintiff's claim is rs for money paid for calls upon shares, against which the defendant was bound to indemnify the plaintiff

Money p yable der awa d — The plaintiff's claim is rs for money payable under an award

L fe pol cy — The plaintiff's claim is rs upon a policy of insurance upon the life of *X Y* deceased

Money bo d — The plaintiff's claim is rs upon a bond to secure payment of rs and interest

Fore gn judgme t — The plaintiff's claim is rs upon a judgment of the Court in [the Empire of Russia]

Bills of excha ge &c — The plaintiff's claim is rs upon a cheque drawn by the defendant

The plaintiff's claim is rs upon a bill of exchange accepted [*or* drawn, *or* indorsed] by the defendant

The plaintiff's claim is rs upon a promissory note made [*or* indorsed] by the defendant

The plaintiff's claim is rs against the defendant *A B* as acceptor, and against the defendant *C D*, as drawer [*or* indorser] of a bill of exchange

Survey — The plaintiff's claim is rs against the defendant, as surety for the price of goods sold

The plaintiff's claim is rs against the defendant, *A B*, as principal, and against the defendant, *C D*, as surety, for the price of goods sold [*or* for arrears of rent, *or* for money lent, *or* for money received by the defendant, *A B*, as traveller for the plaintiff, *or*, &c]

Calls — The plaintiff's claim is rs for calls upon shares

পণধারির স্থানে টাকা ফিরিয়া পাইবার দাওয়া।

পণধারিস্বরূপ প্রতিবাদির নিকট এত টাকা গচ্ছিত থাকাতে বাদির সেই টাকা পাইবার দাওয়া।

পণধারির স্থানে টাকা পাইবার দাওয়া।

পণধারীস্বরূপ প্রতিবাদির নিকট এত টাকা গচ্ছিত হওয়াতে ও সেই টাকা বাদির প্রাপ্য হওয়াতে বাদির তাহা পাইবার দাওয়া।

কর্ম্মকারকের হাতে গচ্ছিত টাকার দাওয়া।

বাদির কর্ম্মকারকস্বরূপ প্রতিবাদির হাতে এত টাকা গচ্ছিত থাকাতে বাদির ঐ টাকা ফিরিয়া পাইবার দাওয়া।

প্রতারণাদ্বারা প্রাপ্ত টাকার দাওয়া।

বাদির স্থানে প্রতারণাদ্বারা এত টাকা হরণ করা যাওয়াতে বাদির সেই টাকা পাইবার দাওয়া।

ভুলক্রমে দেওয়া টাকার দাওয়া।

বাদী ভুলক্রমে প্রতিবাদীকে এত টাকা দেওয়াতে বাদির সেই টাকা ফিরিয়া পাইবার দাওয়া।

কোন কার্য্য হেতুক টাকা দেওয়া গেলে সেই কার্য্য সাধন না হওয়া প্রযুক্ত ঐ টাকার দাওয়া।

(কোন কার্য্য করিবার নিমিত্ত কিম্বা না করা প্রযুক্ত কিম্বা হুণ্ডীর টাকা দেওনার্থে কি হুণ্ডীর টাকা না দেওয়া প্রযুক্ত) প্রতিবাদিকে এত টাকা দেওয়া গিয়াছিল বাদির সেই টাকা ফিরিয়া পাইবার দাওয়া।

কএকখানি শ্যার নিরূপণ করিবার কথা হওয়াতে বাদী এত টাকা গচ্ছিত করিলে তাহা ফিরিয়া পাইবার দাওয়া হইল।

প্রতিবাদির নিমিত্ত প্রতিভূর দত্ত টাকা ফিরিয়া পাইবার দাওয়া।

বাদী প্রতিবাদির প্রতিভূস্বরূপ এত টাকা দেওয়াতে তাহা ফিরিয়া পাইবার দাওয়া করেন।

খাজানা দেওয়া গেলে তাহার দাওয়া।

প্রতিবাদির স্থানে এত টাকা খাজানা পাওনা থাকাতে বাদী তাহা দিলে ঐ টাকা ফিরিয়া পাইবার দাওয়া করেন।

উপকারার্থ হুণ্ডীর উপর দত্ত টাকা পাইবার দাওয়া।

প্রতিবাদির উপকারার্থে যে হুণ্ডী স্বীকার করা গেল (কি যাহার পৃষ্ঠলিপি লেখা গেল) তাহার উপর বাদির এত টাকা দাওয়া।

জামিনের দত্ত টাকার দাওয়া।

বাদী প্রতিভূস্বরূপ টাকার একাংশ দেওয়াতে তাঁহার এত টাকা পাইবার দাওয়া।

সহখাতকের দত্ত টাকার দাওয়া।

বাদী ও প্রতিবাদির একত্র যে ঋণ ছিল বাদী তাহা শোধ করাতে প্রতিবাদির স্থানে তাঁহার একাংশ এত টাকার দাওয়া।

শ্যারের উপর যে টাকার দাওয়া হয় তাহা দেওয়াতে ফিরিয়া পাইবার দাওয়া।

প্রতিবাদির শ্যারের উপর টাকার দাওয়া হওয়াতে বাদী তাহা দিলে প্রতিবাদী তাঁহার ক্ষতিহইতে নিষ্কৃতি দিতে আবদ্ধ হওয়াতে বাদির এত টাকা দাওয়া।

সীমাংসাক্রমে দেয় টাকার দাওয়া।

সীমাংসাক্রমে দেয় বাদির এত টাকার দাওয়া।

জীবনের নিমিত্ত বিমাপত্র হেতুক দাওয়া।

মৃত স্ত্রীর জীবনের উপর এত টাকার যে বিমাপত্র ছিল বাদির সেই টাকা পাইবার দাওয়া।

খতের টাকার দাওয়া।

আসল ও সুদ এত টাকার খতের উপর বাদির এত টাকার দাওয়া।

ভিন্নদেশীয় নিষ্পত্তির উপর দাওয়া।

রুশিয়া রাজ্যের অন্তর্গত অমুক আদালতের নিষ্পত্তির উপর বাদির এত টাকা দাওয়া।

হুণ্ডীপ্রভৃতির উপর।

প্রতিবাদী যে চ্যাক দিলেন তাহার উপর বাদির এত টাকা দাওয়া।

প্রতিবাদী যে হুণ্ডী স্বীকার করিলেন (বা যাহা লিখিলেন বা যাহার পৃষ্ঠলিপি লিখিলেন) তাহার উপর বাদির এত টাকা দাওয়া।

প্রতিবাদি যে খৎ লিখিলেন (বা যাহার পৃষ্ঠলিপি লিখিলেন) তাহার উপর বাদির এত টাকা দাওয়া।

প্রতিবাদী শ্রীআনন্দ হুণ্ডী স্বীকার করিলে ও প্রতিবাদী শ্রীচন্দ্র ঐ হুণ্ডী লিখিলে (কি তাহার পৃষ্ঠলিপি লিখিলে) তাঁহাদের নামে বাদির এত টাকা দাওয়া।

প্রতিভূর উপর দাওয়া।

প্রতিবাদী বিক্রীত কোন দ্রব্যের জামীন হওয়াতে তাঁহার উপর বাদির এত টাকা দাওয়া।

বিক্রীত কোন দ্রব্যের মূল্যের লিখিত [কিম্বা বাদী খাজানার নিমিত্ত কিম্বা ঋণের নিমিত্ত কিম্বা বাদির নিমিত্ত কর্ম্মকারকস্বরূপ প্রতিবাদী শ্রী আনন্দ যে টাকা পাইলেন তন্নিমিত্ত কিম্বা অন্য প্রকারে] প্রতিবাদী শ্রী আনন্দ দায়ী ও প্রতিবাদী শ্রীচন্দ্র প্রতিভূ হওয়াতে তাঁহাদের উপর বাদির এত টাকা দাওয়া।

শ্যারের উপর দাওয়া।

শ্যারের উপর দাওয়াস্বরূপ বাদির এত টাকা দাওয়া।

Indorsement for costs, &c

[*Add to the above Forms*] and rs for costs and if the amount claimed be paid to the plaintiff or his pleader within days [*or, if the writ is to be served out of the jurisdiction or notice in lieu of service is allowed insert the time for appearance limited by the order*] from the service hereof further proceedings will be stayed

Damages and other claims

Agent &c — The plaintiff's claim is for damages for breach of a contract to employ the plaintiff as traveller

The plaintiff's claim is for damages for wrongful dismissal from the defendant's employment as traveller [and rs for arrears of wages]

The plaintiff's claim is for damages for the defendant's wrongfully quitting the plaintiff's employment as manager

The plaintiff's claim is for damages for breach of duty as factor [*or &c*] of the plaintiff [and rs for money received as factor *or &c*]

Apprentices — The plaintiff's claim is for damages for breach of the terms of a deed of apprenticeship of *X Y* to the defendant [*or* plaintiff]

Arbitration — The plaintiff's claim is for damages for non compliance with the award of *X Y*

Assault &c — The plaintiff's claim is for damages for assault [and false imprisonment and for malicious prosecution]

By husband and wife — The plaintiff's claim is for damages for assault and false imprisonment of the plaintiff *C D*

Against husband and wife — The plaintiff's claim is for damages for assault by the defendant *C D*

Pleader — The plaintiff's claim is for damages for injury by the defendant's negligence as pleader of the plaintiff

Bailment — The plaintiff's claim is for damages for negligence in the custody of goods [and for wrongfully detaining the same]

Pledge — The plaintiff's claim is for damages for negligence in the keeping of goods pawned [and for wrongfully detaining the same]

Hire — The plaintiff's claim is for damages for negligence in the custody of furniture [*or* a carriage] lent on hire, [and for wrongfully &c]

Banker — The plaintiff's claim is for damages for wrongfully neglecting [*or* refusing] to pay the plaintiff's cheque

Bill — The plaintiff's claim is for damages for breach of a contract to accept the plaintiff's drafts

Bond — The plaintiff's claim is upon a bond conditioned not to carry on the trade of a

Carrier — The plaintiff's claim is for damages for refusing to carry the plaintiff's goods by railway

The plaintiff's claim is for damages for refusing to carry the plaintiff by railway

The plaintiff's claim is for damages for breach of duty in and about the carriage and delivery of coals by railway

The plaintiff's claim is for damages for breach of duty in and about the carriage and delivery of machinery by sea

Charter party — The plaintiff's claim is for damages for breach of charter party of ship [*Mary*]

খরচাপ্রভৃতি বিষয়ক পৃষ্ঠলিপি।

(উপরোক্ত পাঠের কথার সঙ্গে২ এই২ কথাও লিখিতে হইবে) ও খরচার নিমিত্ত এত টাকা। এবং বাদী কি তাঁহার উকীল যত টাকার দাওয়া করেন তাহা এই পরওয়ানা জারী হইবার তারিখ অবধি এত দিনের মধ্যে দেওয়া গেলে [কিম্বা আদালতের এলাকার সীমার বহির্ভূত স্থানে পরওয়ানা জারী করিতে হইলে কিম্বা পরওয়ানা জারীর পরিবর্ত্তে নোটিস দিবার অনুমতি থাকিলে আজ্ঞাপত্রে উপস্থিত হইবার যে মিয়াদ থাকে সেই মিয়াদ উল্লেখ করিয়া এত দিনের মধ্যে দেওয়া গেলে] এই মোকদ্দমা স্থগিত আর কার্য্য স্থগিত থাকিবে।

হানিপূরণস্বরূপ ও অন্য২ দাওয়ার কথা।

কর্ম্মকারকপ্রভৃতি স্বরূপ।

বাদিকে নিযোগীস্বরূপ কর্ম্ম দিবার চুক্তি ভঙ্গ হেতুক বাদির হানি পূরণের দাওয়া।

বাদী নিযোগীস্বরূপ প্রতিবাদির নিকট কর্ম্ম করিতেছিলেন এমত সময়ে তাঁহাকে অন্যায়মতে কর্ম্ম হইতে ছাড়াইয়া দেওয় গেলে বাদির হানি পূরণের ও [বাকী বেতন বলিয়া এত টাকার] দাওয়া।

প্রতিবাদী বাদির কার্য্যাধ্যক্ষ হইয়া অন্যায়মতে কার্য্য ত্যাগ করিয়া যাওয়াতে বাদির হানিপূরণস্বরূপ এত টাকার দাওয়া।

বাদির নিকট প্রতিবাদী কর্ম্মকারক [প্রভৃতি] হইয়া কর্ত্তব্য কর্ম্ম না করাতে বাদির হানিপূরণ পাইবার (ও প্রতিবাদী কর্ম্মকারকপ্রভৃতি স্বরূপ এত টাকা পাইলেন বলিয়া সেই টাকা পাইবার) দাওয়া।

আপ্রেণ্টিসের দাওয়া।

প্রতিবাদির (কি বাদির) নিকট শ্রী অমুকের আপ্রেন্টিস হওযার নিদর্শনপত্রের নিয়ম ভঙ্গ হেতুক বাদির হানিপূরণ পাইবার দাওয়া।

সালীসীতে অর্পণ বিষয়ক।

শ্রী অমুকের মীমাংসা অনুসারে কার্য্য না হওয়াতে বাদির হানি পূরণের দাওয়া।

আক্রমণপ্রভৃতি বিষয়ক।

আক্রমণ করণ (ও অন্যায়মতে আটক রাখন ও ঈর্ষাপূর্ব্বক অভিযোগ করণ হেতুক) বাদির হানিপূরণের দাওয়া।

স্বামির ও স্ত্রীর দাওয়া।

বাদির প্রতি আক্রমণ (ও তাহাকে আটক রাখণ হেতুক বাদির হানি পূরণের দাওয়া।

স্বামির ও স্ত্রীর বিপরীত।

প্রতিবাদী শ্রী অমুক আক্রমণ করাতে বাদির হানিপূরণের দাওয়া।

উকীল বিষয়ক।

প্রতিবাদী বাদির পক্ষ উকীল হইয়া তাচ্ছল্য দ্বারা যে হানি জন্মাইলেন বাদির সেই হানিপূরণের দাওয়া।

নিক্ষেপণ বিষয়ক।

মাল রক্ষা করিবার তাচ্ছল্য হেতুক (ও অন্যায়মতে আটক রাখণ হেতুক) বাদির হানিপূরণের দাওয়া।

পণ দেওন বিষয়ক।

পণ দেওয়া দ্রব্য রাখিবার তাচ্ছল্য হেতু (ও অন্যায়মতে আটক রাখণ হেতুক) বাদির হানিপূরণের দাওয়া।

ভাড়ার নিমিত্ত।

লওয়াজিমা (কি গাড়ী) ভাড়া দওয়াতে তাহা রক্ষা করিবার তাচ্ছল্য হেতুক [ও অন্যায়মতে প্রভৃতি] বাদির হানিপূরণের দাওয়া।

বণিকের উপর।

বাদির চ্যাকের টাকা দিতে অন্যায়মতে তাচ্ছল্য করণ হেতুক (কি না দেওন হেতুক) বাদির হানিপূরণের দাওয়া।

হুণ্ডীবিষয়ক।

বাদির হুণ্ডী স্বীকার করিবার চুক্তিভঙ্গ হেতুক বাদির হানিপূরণের দাওয়া।

নিবন্ধনপত্রহেতুক।

অমুক ব্যবসায় না করিবার নিয়মে যে নিবন্ধপত্র লেখা যায় তাহার উপর বাদির দাওয়া।

বাহকস্বরূপ।

রেলওয়ের দ্বারা বাদির মাল চালান করিবার অসম্মতি হেতুক বাদির হানিপূরণের দাওয়া।

রেলওয়ের দ্বারা বাদিকে লইয়া যাইবার অসম্মতি হেতুক বাদির হানিপূরণের দাওয়া।

রেলওয়ের দ্বারা কয়লা চালান করিয়া পঁহুছাইয়া দেওন সম্পর্কে যাহা কর্ত্তব্য ছিল সেই কর্ত্তব্য কার্য্য লঙ্ঘন হেতুক বাদি হানিপূরণের দাওয়া করেন।

সমুদ্রপথে কল চালান করিয়া পঁহুছাইয়া দেওনসম্পর্কে যাহা কর্ত্তব্য ছিল সেই কর্ত্তব্যকার্য্য লঙ্ঘন হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

চার্টর পার্টি বিষয়ক।

(মেরি) নামক জাহাজের ভাড়া দিবার নিয়ম লঙ্ঘনহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

Claim f r return of goods ... damages

The plaintiff's claim is for return of household furniture, [*or &c*] or their value, and for damages for detaining the same

Dama s for depriving of goods

The plaintiff's claim is for wrongfully depriving plaintiff of goods household furniture &c

Defamati n

The plaintiff's claim is for damages for libel

The plaintiff's claim is for damages for slander

I ple in wrongful distress

The plaintiff s claim is for damages for improperly distrainin

[*This Form shall be sufficient whether the distress complained of be wrongful or excessive or irregular, and whether the claim be for damages only, or for double value*]

Ej ct ent

The plaintiff s claim is to recover possession of a house No in Street, or of a farm called Blackacre situate in the of in the of

To tabl h title and recover re t

The plaintiff's claim is to establish his title to [*here describe property*] and to recover the rents thereof

[*The two previous Forms may be combined*]

F hery

The plaintiff's claim is for damages for infringement of the plaintiff's right of fishing

F aud

The plaintiff's claim is for damages for fraudulent misrepresentation on the sale of a horse [*or* a business, *or* shares, *or* *&c*]

The plaintiff's claim is for damages for fraudulent misrepresentation of the credit of *A B*

G arantee

The plaintiff's claim is for damages for breach of a contract of guarantee for *A B*

The plaintiff's claim is for damages for breach of a contract to indemnify the plaintiff as the defendant s agent to distrain

I surance

The plaintiff's claim is for a loss under a policy upon the ship [*Royal Charter*], and freight of cargo [*or* for return of premiums]

[*This Form shall be sufficient whether the loss claimed be total or partial*]

F e nsurance

The plaintiff's claim is for a loss under a policy of fire insurance upon house and furniture

The plaintiff's claim is for damages for breach of a contract to insure a house

Lan ll d a d t t

The plaintiff's claim is for damages for breach of a contract to keep a house in repair

The plaintiff's claim is for damages for breaches of covenants contained in a lease of a farm

Medic l m

The plaintiff's claim is for damages for injury to the plaintiff from the defendant's negligence as a medical man

Mis hievous animal

The plaintiff's claim is for damages for injury by the defendant s dog

Negl genc

The plaintiff's claim is for damages for injury to the plaintiff by the negligent driving of the defendant or his servants

The plaintiff's claim is for damages for injury to the plaintiff while a passenger on the defendant's railway by the negligence of the defendant's servants

The plaintiff's claim is for damages for injury to the plaintiff at the defendant's railway station from the defective condition of the station

Lord Campbell s Act

The plaintiff's claim is, as executor of *A B*, deceased, for damages for the death of the said *A B* from injuries received while a passenger on the defendant's railway by the negligence of the defendant's servants

মাল ফিরিয়া পাইবার ও হানিপূরণের দাওয়া।

বাদী ঘরের লওয়াজিমা (প্রভৃতি) ফিরিয়া পাইবার কি তাহার মূল্য পাইবার নিমিত্ত ও তাহা আটক রাখা হেতুক হানিপূরণ পাইবার দাওয়া করেন।

বঞ্চিত করা প্রযুক্ত হানিপূরণের দাওয়া।

মাল ও ঘরের লওয়াজিমা প্রভৃতি হইতে বাদিকে অন্যায়মতে বঞ্চিত করণপ্রযুক্ত বাদির দাওয়া।

অপবাদ।

অপবাদ লেখা হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

অপবাদ কথা হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

অন্যায়মতে ক্রোক করণবিষয়ক।

অন্যায়মতে ক্রোক করণপ্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

[যে ক্রোকের বিষয়ে নালিশ হয় তাহা অন্যায়, কি অতিরিক্ত ভাবের কি অনিয়মিত হইলে এবং কেবল হানিপূরণের কিম্বা দ্বিগুণ মূল্য পাইবারও দাওয়া থাকিলে এই পাঠ চলিতে পারিবে।]

বেদখল করণ বিষয়ক।

বাদী অমুক রাস্তার অমুক নম্বরের ঘরের কিম্বা অমুক জিলার অমুক পরগণার অন্তর্গত অমুক মৌজার দখল ফিরিয়া পাইবার দাওয়া করেন।

স্বত্ব স্থাপন ও খাজানা আদায় করণার্থ।

বাদী অমুক সম্পত্তিতে আপনার দাওয়া স্থাপন ও তাহার খাজানা আদায় করিবার দাওয়া রাখেন।

[উক্ত দুই পাঠ একত্রভাবে লেখা যাইতে পারিবে।]

জলকর বিষয়ক।

বাদির মৎস্য ধরিবার স্বত্ব লঙ্ঘন হওয়াতে তিনি হানিপূরণের দাওয়া করেন।

প্রতারণাবিষয়ক।

ঘোড়া (কি ব্যবসায় কি শ্যারপ্রভৃতি) বিক্রয় করণসময়ে প্রতারণাপূর্ব্বক মিথ্যা কথা বর্ণিত হওয়াতে বাদী হানিপূরণের দাওয়া করেন।

শ্রীঅমুকের বিশ্বাসযোগ্যতাবিষয়ে প্রতারণাপূর্ব্বক মিথ্যা কথা বর্ণিত হওয়াতে বাদী হানিপূরণের দাওয়া করেন।

প্রাতিভাব্য।

শ্রীঅমুকের নিমিত্ত প্রাতিভাব্যের চুক্তিভঙ্গ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

বাদী দ্রব্য ক্রোক করণার্থে প্রতিবাদির স্বপক্ষ কর্ম্মকারক হওয়াতে বাদিকে ক্ষতিহইতে নিষ্কৃতি দিবার চুক্তিভঙ্গ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

বিমাপত্র বিষয়ক।

বয়াল চার্টর নামক জাহাজের উপর যে বিমাপত্র দেওয়া যায় তৎসম্পর্কীয় হানিহেতুক ও তদগত মালের ভাড়ার উপর (কিম্বা বিমাপত্রের নিমিত্ত দত্ত টাকা ফিরিয়া পাইবার নিমিত্ত) বাদির দাওয়া।

[যে হানি হেতুক দাওয়া হয় তাহা সম্পূর্ণ কি অংশমাত্র হানিহইলেও এই পাঠ চলিতে পারিবে।]

অগ্নিজন্য ক্ষতিহইতে নিষ্কৃতি পত্র।

ঘরের ও লওয়াজিমার হানি হেতুক অগ্নিজন্য ক্ষতিহইতে নিষ্কৃতি সূচক বিমাপত্রের উপর বাদী দাওয়া করেন।

ঘরের উপর বিমাপত্র দিবার চুক্তিভঙ্গ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

ভূম্যধিকারী ও প্রজা বিষয়ক।

ঘর মেরামত করিয়া রাখিবার চুক্তিভঙ্গ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

ইজারার পাট্টার উল্লিখিত নিয়মভঙ্গ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

চিকিৎসাবিষয়ক।

প্রতিবাদী চিকিৎসক হইয়া তাঁহার তাচ্ছল্যহেতুক বাদির যে হানি হয় তৎপ্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

হানিজনক পশ্বাদি বিষয়ক।

প্রতিবাদির কুক্কুরদ্বারা হানি হওয়াতে বাদী হানিপূরণের দাওয়া করেন।

তাচ্ছল্যবিষয়ক।

প্রতিবাদী কি তাঁহার চাকরেরা অমনোযোগে গাড়ী চালাইবাতে বাদির হানি হওয়াপ্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

প্রতিবাদির রেলওয়ে গাড়ীতে বাদী চড়নদার হইয়া যাইতেছেন এমন সময়ে প্রতিবাদির চাকরদের তাচ্ছিল্যহেতুক বাদির হানি হওয়াতে তিনি সেই হানিপূরণের দাওয়া করেন।

বাদী প্রতিবাদির রেলওয়ে ষ্টেশনে ছিলেন এমন সময়ে ঐ ষ্টেশনের অসদবস্থা হেতুক বাদির হানি হওয়াতে তিনি সেই হানিপূরণের দাওয়া করেন।

লার্ড কাম্বেলের আইন বিষয়ক।

শ্রীঅমুক চড়নদার হইয়া প্রতিবাদির রেলওয়ের গাড়ীতে যাইতেছিলেন এমন সময়ে প্রতিবাদির চাকরদের তাচ্ছল্যহেতুক উক্ত শ্রীঅমুকের অত্যন্ত আঘাত হইয়া তাঁহার মৃত্যু হইল, বাদী তাঁহার উইলক্রমে নিরূপিত কার্য্য সম্পাদকস্বরূপ তাহার মৃত্যুজন্য হানিপূরণের দাওয়া করেন।

Promise of marriage.

The plaintiff's claim is for damages for breach of promise of marriage

Sale of goods

The plaintiff's claim is for damages for breach of contract to accept and pay for goods

The plaintiff's claim is for damages for non delivery [*or* short delivery, *or* defective quality, *or other breach of contract of sale*] of cotton [*or, &c*]

Sale of goods

The plaintiff's claim is for damages for breach of warranty of a horse

Sale of land

The plaintiff's claim is for damages for breach of a contract to sell [*or* purchase] land

The plaintiff's claim is for damages for breach of a contract to let [*or* take] a house

The plaintiff's claim is for damages for breach of a contract to sell [*or* purchase] the lease with good will, fixtures, and stock in trade of a public house

The plaintiff's claim is for damages for breach of covenant for title [*or* for quiet enjoyment, *or, &c*] in a conveyance of land

[illegible] land

The plaintiff's claim is for damages for wrongfully entering the plaintiff's land and drawing water from his well [*or* cutting his grass, *or* pulling down his timber, *or* pulling down his fences *or* removing his gate, *or* using his road or path *or* crossing his field, *or* depositing sand there, *or* carrying away gravel from thence, *or* carrying away stones from his river]

Support

The plaintiff's claim is for damages for wrongfully taking away the support of plaintiff's land [*or* house, *or* mine]

Way

The plaintiff's claim is for damages for wrongfully obstructing a way [public highway *or* private way]

Watercourse &c

The plaintiff's claim is for damages for wrongfully diverting [*or* obstructing, *or* polluting, *or* diverting water from] a water course

The plaintiff's claim is for damages for wrongfully discharging water upon the plaintiff's land [*or* into the plaintiff's mine]

The plaintiff's claim is for damages for wrongfully obstructing the plaintiff's use of a well

Pasture

The plaintiff's claim is for damages for the infringement of the plaintiff's right of pasture

[*This Form shall be sufficient whatever the nature of the right to pasture be*]

Light

The plaintiff's claim is for damages for obstructing the access of light to plaintiff's house

Sporting

The plaintiff's claim is for damages for the infringement of the plaintiff's right of sporting

Patent

The plaintiff's claim is for damages for the infringement of the plaintiff's patent

Copyright

The plaintiff's claim is for damages for the infringement of the plaintiff's copyright

Trade mark

The plaintiff's claim is for damages for wrongfully using [*or* imitating] the plaintiff's trade mark

Work

The plaintiff's claim is for damages for breach of a contract to build a ship [*or* to repair a house, &c]

The plaintiff's claim is for damages for breach of a contract to employ the plaintiff to build a ship, &c

বাগদান বিষয়ক।

বিবাহ করিবার প্রতিজ্ঞা লঙ্ঘনহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

মাল বিক্রয় করণ বিষয়ক।

কোন দ্রব্য গ্রহণ করিয়া তাহার মূল্য দেওনের চুক্তিভঙ্গহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

তুলা (প্রভৃতি) না দেওয়াপ্রযুক্ত, (কিম্বা অপেক্ষাকৃত অল্প দিয়া কিম্বা অল্পগুণের তুলা প্রভৃতি দিয়া বিক্রয়ের চুক্তিভঙ্গের অন্য কারণে) বাদী হানিপূরণের দাওয়া করেন।

মাল বিক্রয় করণ বিষয়ক।

ঘোড়ার যে প্রাতিভাব্য দেওয়া যায় তাহার লঙ্ঘনহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

ভূমি বিক্রয় বিষয়ক।

ভূমি ক্রয় (কি বিক্রয়) করিবার চুক্তিভঙ্গহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

ঘরভাড়া দিবার (কি ভাড়া করিয়া লইবার) চুক্তিভঙ্গহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

সাধারণের অনুগ্রহ কার্য্য ও ঘরের সমস্ত দ্রব্য ও ব্যবসায়ের স্থিত সহিত সাধারণের আমোদার্থ গৃহের পাট্টা বিক্রয় (কি ক্রয়) করিবার চুক্তিভঙ্গহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

ভূমির হস্তান্তর করণপত্রে স্বত্বের (কিম্বা নিষ্কণ্টকে ভোগ করণ প্রভৃতির) যে নিয়ম থাকে সেই নিয়মভঙ্গহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

ভূমিতে অন ধিকার প্রবেশ করণ বিষয়ক।

প্রতিবাদি বাদির ভূমিতে অন্যায়মতে প্রবেশ করিয়া তাঁহার কূপ হইতে জল তোলন প্রযুক্ত (কিম্বা ঘাসবাটা কিম্বা বড়২ বৃক্ষ ছেদন কি বেড়া ভাঙ্গন কি দ্বার উঠাইয়া লওন কি পথ ব্যবহার করণ কি ক্ষেত দিয়া যাওন, কি তথায় বালি ফেলন কি তথাহইতে কাঁকর তুলিয়া লওন কিম্বা নদীহইতে পাতর তুলিয়া লওনপ্রযুক্ত) বাদী হানিপূরণের দাওয়া করেন।

রক্ষাকরণার্থ উপায় বিষয়ক।

বাদির ভূমি (কি ঘর, কি খনি) রক্ষা করণার্থ উপায় অন্যায়মতে হরণ হওয়াতে বাদী হানিপূরণের দাওয়া করেন।

পথ বিষয়ক।

পথ (কি রাজপথ কি মফস্সল পথ) অন্যায়মতে অবরুদ্ধ হওয়াপ্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

জলপ্রণালী প্রভৃতি বিষয়ক।

জলপ্রণালী অন্যায়মতে অন্য মুখ করা প্রযুক্ত (বা অবরোধ বা মলিন করা বা জল বহন নিবারণ করাপ্রযুক্ত) বাদী হানিপূরণের দাওয়া করেন।

বাদীর ভূমির উপর (বা বাদির খনির মধ্যে) অন্যায়মতে জল পড়িতে দেওনহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

বাদির কূপের জল ব্যবহার করিতে অন্যায়মতে বাধা দেওয়াপ্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

চরাণিভূমি বিষয়ক।

বাদির গো মেষাদি চরাইবার স্বত্ব লঙ্ঘনহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

(পশু চরাইবার যে প্রকারের স্বত্ব হউক এই পাঠ চলিতে পারিবে।

আলো বিষয়ক।

বাদির ঘরে আলো প্রবেশের বাধা দেওনপ্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

ক্রীড়া করণ বিষয়ক।

বাদির ক্রীড়া করণের স্বত্ব লঙ্ঘনহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

পেটন্ট বিষয়ক।

বাদী যে পেটন্ট পাইলেন তাহার লঙ্ঘন করা প্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

গ্রন্থস্বত্ব বিষয়ক।

বাদির গ্রন্থস্বত্বের অপলাপ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

ব্যবসায়ির চিহ্ন।

বাদির ব্যবসায়ির চিহ্ন অন্যায়মতে ব্যবহার হওয়া (বা, তদনুরূপ চিহ্ন করা) প্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

কর্ম্মবিষয়ক।

জাহাজ নির্ম্মাণ (কি গৃহাদি মেরামৎ প্রভৃতি) করিবার চুক্তি ভঙ্গ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

জাহাজ নির্ম্মাণাদি করিবার জন্যে বাদিকে কর্ম্ম দিবার চুক্তি ভঙ্গহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

Nuisance

The plaintiff's claim is for damages to his house, trees, crops, &c caused by noxious vapours from the defendant's factory [*or, &c*]

The plaintiff's claim is for damages from nuisance by noise from the defendant's works [*or* stables, *or, &c*]

Injunction

[*Add to indorsement*] —and for an injunction

[*Add to indorsement where claim is to land, or to establish title, or both*] —

Mesne profits

and for mesne profits

Arrears of rent

and for an account of rents or arrears of rent

Breach of covenant

and for breach of covenant for [repairs]

1 *Creditor to administer Estate*

The plaintiff's claim is as a creditor of *X Y* of deceased to have the movable and immovable property of the said *X Y* administered The defendant *C D* is sued as the administrator of the said *X Y*, [and the defendants, *E F*, and *G H* as his coheirs at law]

2 *Legatee to administer Estate*

The plaintiff's claim is as a legatee under the will dated the day of 18 of *X Y* deceased, to have the movable and immovable property of the said *X Y* administered The defendant, *C D*, is sued as the executor of the said *X Y* [and the defendants *E F* and *G H*, as his devisees]

3 *Partnership*

The plaintiff's claim is to have an account taken of the partnership dealings between the plaintiff and defendant [under articles of partnership dated the day of], and to have the affairs of the partnership wound up

4 *By mortgagee*

The plaintiff's claim is to have an account taken of what is due to him for principal, interest and costs on a mortgage dated the day of , made between [*parties*] [*or*, by deposit of title-deeds] and that the mortgage may be enforced by foreclosure or sale

5 *By mortgagor*

The plaintiff's claim is to have an account taken of what, if any thing is due on a mortgage, dated and made between [*parties*], and to redeem the property comprised therein

অনিষ্টজনক কর্ম্ম বিষয়ক।

প্রতিবাদির কুঠিপ্রভৃতি হইতে হানিজনক বাষ্প উঠিয়া বাদির ঘরের ও বৃক্ষের ও ফসলাদির হানি হওয়াতে বাদী হানিপূরণের দাওয়া করেন।

প্রতিবাদির কারখানাহইতে (কি ইস্তাবল প্রভৃতিতে) অনেক গোল হওয়াতে অনিষ্টজনক প্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

নিষেধসূচক আজ্ঞা।

পৃষ্ঠলিপিতে এই কথা সংযোগ করিতে হইবে "ও নিষেধসূচক আজ্ঞা হওয়ার

ভূমি পাইবার কিম্বা ভূমিতে স্বত্ব স্থাপন করিবার কি উভয়ের দাওয়া হইলে পৃষ্ঠলিপিতে এইং কথা সংযোগ করিতে হইবে।

ওয়াসিলাৎ।

ও ওযাসিলাতের।

বাকী খাজানা।

ও খাজানার হিসাব পাইবার কিম্বা বাকী খাজানার।

নিয়মভঙ্গ হওন।

ও (মেরামত প্রভৃতি) করিবার নিয়মভঙ্গ প্রযুক্ত।

১। মৃতব্যক্তির দ্রব্য নিরূপণ করিবার অধিকারিত্ব প্রাপণার্থে মহাজনের দাওয়া।

অমুক স্থানবাসি মৃত অমুকের মহাজনস্বরূপ বাদী উক্ত অমুকের স্থাবর ও অস্থাবর সম্পত্তি নিরূপণ করিবার অধিকারিত্বপত্রের দাওয়া করেন। উক্ত অমুকের দ্রব্য নিরূপণাধিকারিস্বরূপ প্রতিবাদী শ্রীচন্দ্রের নামে (ও আইনমতে তাহার সহঅধিকারিস্বরূপ প্রতিবাদী শ্রী ঈশানের ও শ্রী গগনের নামে) মোকদ্দমা উপস্থিত করা গেল।

২। মৃত ব্যক্তির দ্রব্য নিরূপণাধিকারিত্ব পত্র প্রাপণার্থ তাঁহার উইলক্রমে ধনপ্রাপণীয ব্যক্তির দাওয়া।

মৃত অমুক ব্যক্তির অমুক সালের অমুক মাসের অমুক তারিখের উইলক্রমে, বাদী ধনপ্রাপণীযস্বরূপ উক্ত অমুকের স্থাবর ও অস্থাবর সম্পত্তি নিরূপণাধিকারিত্বপত্র পাইবার দাওয়া করেন। উক্ত অমুকের উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদকস্বরূপ প্রতিবাদী শ্রী চন্দ্রের নামে ও উইলক্রমে স্থাবর সম্পত্তি প্রাপণীয় ব্যক্তিস্বরূপ প্রতিবাদী শ্রী ঈশানের ও শ্রী গগনের নামে মোকদ্দমা উপস্থিত করা গেল।

৩। অংশিত্ব বিষয়ক।

(অমুক সালের অমুক মাসের অমুক তারিখের অংশিত্বপত্রক্রমে) বাদির প্রতিবাদির যে অংশিত্ব ব্যবসায় আছে বাদী সেই ব্যবসায়ের হিসাব লইয়া ও ঐ অংশিত্ব সম্পর্কীয় ব্যাপার বন্দ করাইবার দাওয়া করেন।

৪। বন্ধকগ্রহীতার আবেদনপত্র।

(উভয়পক্ষের মধ্যে) (কিম্বা অধিকারসূচকপত্র গচ্ছিত করিয়া) অমুক সালের অমুক মাসের অমুক তারিখের বন্ধকীপত্র ক্রমে বাদির আসল ও সুদ ও খরচা সুদ্ধ যত টাকা পাওনা আছে, বাদী ইহার হিসাব লইবার ও বন্ধকী সম্পত্তি উদ্ধার কি বিক্রয় করিবার দাওয়া করেন।

৫। বন্ধকদাতার আবেদনপত্র।

অমুক তারিখের যে বন্ধকীপত্র অমুকং (পক্ষের) মধ্যে করা যায় বাদীর কিছু পাওনা থাকিলে কত টাকা পাওনা আছে বাদী ইহার হিসাব লইবার ও ঐ পত্রলিখিত সম্পত্তি উদ্ধার করিবার দাওয়া করেন।

6 *Raising Portions*

The plaintiff's claim is that the sum of re, which by an indenture of settlement, dated was provided for the portions of the younger children of may be raised

7 *Execution of Trusts*

The plaintiff's claim is to have the trusts of an indenture dated and made between [*parties*] carried into execution

8 *Cancellation, or Rectification*

The plaintiff's claim is to have a deed dated and made between [*parties*] set aside or rectified

9 *Specific Performance*

The plaintiff's claim is for specific performance of an agreement dated the day of for the sale by the plaintiff to the defendant of certain [freehold] hereditaments at

---

No 115

PROBATE

1 *By an executor or legatee propounding a will in solemn form*

The plaintiff claims to be executor of the last will dated the day of of *C W* late of deceased who died on the day of and to have the said will established This summons is issued against you as one of the next of kin of the said deceased [*or, as the case may be*]

2 *By an executor or legatee of a former will, or a next of kin, &c, of the deceased seeking to obtain the revocation of a probate granted in common form*

